(খ) ইহা কি সত্য যে, বরাদ্দকৃত সিমেণ্ট অপেক্ষা কম পরিমাণে সিমেণ্ট সরবরাহ করা হয় ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কম পরিমাণে সিমেণ্ট সরবরাহের কারণ কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** (ক) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে ত্রৈমাসিক ভিত্তিতে লেভী সিমেণ্ট বরাদ্দ করেন। মধ্যপ্রদেশে অবস্থিত আকালতারা এবং সেঞ্চুরী সিমেণ্ট কারখানা থেকে পশ্চিমবঙ্গের জন্য তিনি কোয়ার্টারের লেভী সিমেণ্টের বরাদ্দের পরিমাণ এইরকম ঃ

| | ১ম কোয়ার্টার '৮৩ (জানুঃ—মার্চ '৮৩) | ২য় কোয়ার্টার '৮৩ (এপ্রিল—জুন '৮৩) | ৩য় কোয়ার্টার '৮৩ (জুলাই—সেপ্টেঃ '৮৩) |
|---|---|---|---|
| আকালতারা— | ১৬০০০ মেঃ টন | ১০০০০ মেঃ টন | — |
| সেঞ্চুরী — | ৩০০০০ মেঃ টন | ২৪০:০ মেঃ টন | ২৮০০০ মেঃ টন |

অর্থাৎ জানুয়ারী '৮৩ থেকে আগামী সেপ্টেম্বর '৮৩ পর্যন্ত গড় মাসিক লেভী সিমেণ্টের বরাদ্দ আকালতারার ক্ষেত্রে ৩৬৬৬ মেঃ টন এবং সেঞ্চুরী সিমেণ্ট কারখানার ক্ষেত্রে ৯.১:১ মেঃ টন।

(খ) হ্যাঁ, খুবই কম সরবরাহ করা হয়। গত জানুয়ারী থেকে বর্তমান মাস পর্যন্ত লেভী সিমেণ্টের মাসিক গড় সরবরাহের পরিমাণ আকালতারা থেকে ১২১০ মেঃ টন এবং সেঞ্চুরী সিমেণ্ট কারখানা থেকে ২৩০০ মেঃ টন।

(গ) বিভিন্ন সিমেণ্ট কারখানা থেকে পশ্চিমবঙ্গের জন্য লেভী সিমেণ্ট বরাদ্দ করেন কেন্দ্রীয় সরকার। সুতরাং কারখানাগুলি যাতে বরাদ্দকৃত লেভী সিমেণ্ট সরবরাহ করেন তা দেখার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এদের ওপর পশ্চিমবঙ্গ সরকারের কোন নিয়ন্ত্রণ নেই। এই বিষয়ে সিমেণ্ট কারখানাগুলির উপর যাবতীয় নিয়ন্ত্রণ কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে তাছাড়া এই কারখানা দুইটি পশ্চিমবঙ্গের বাইরে অবস্থিত। কেন কম সরবরাহ করা হয় এর সঠিক উত্তর কেন্দ্রীয় সরকারই দিতে পারেন। সন্দেহ যে লেভী সিমেণ্ট সরবরাহের চেয়ে নন্-লেভী সিমেণ্ট বাজারে বিক্রয় করার দিকে ঝোঁক বেশী বলেই কারখানাগুলি উপযুক্ত পরিমাণে লেভী সিমেণ্ট সরবরাহ করে না।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সিমেণ্ট কেন্দ্রীয় সরকার বণ্টন করছেন, তারা ইচ্ছা করে দিচ্ছেন না। আমার প্রশ্ন হচ্ছে, লেভী সিমেণ্ট ৪০ টাকা ব্যাগ, আর নন-লেভী সিমেণ্ট ৭০ টাকা ব্যাগ বিক্রয় করে। এর ফলে দেখা যাচ্ছে যে লেভী সিমেণ্টের থেকে যে ট্যাক্স আদায় হয়, নন্-লেভী সিমেণ্ট থেকে বেশী ট্যাক্স আদায়। যেহেতু নন্-লেভী সিমেণ্ট থেকে পশ্চিমবঙ্গ সরকার বেশী ট্যাক্স পান সে জন্য কি তারা সেটা আনতে আগ্রহ করেন না?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** এই প্রশ্নের সঙ্গে কোন সম্পর্ক নেই।

## গোঘাট এ জি হাসপাতাল সংস্কার

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৩।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার গোঘাটের এ জি হাসপাতালটি সংস্কারের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহার সংস্কারসাধন হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীরামনারায়ন গোস্বামী ঃ** (ক) হ্যাঁ।

(খ) আশা করা যায় শীঘ্রই সংস্কার সাধন করা যাবে।

## বিভিন্ন মেডিকেল কলেজ ডাক্তারদের আন্দোলন

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৩।) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবাংলায় বিভিন্ন মেডিকেল কলেজে জুনিয়র ডাক্তারগণ বিভিন্ন দবিদাওয়া নিয়ে আন্দোলন করার ফলে হাসপাতালগুলির স্বাভাবিক কাজকর্ম বিপর্যস্ত হচ্ছে ; এবং

(খ) সত্য হইলে উক্ত দাবিদাওয়া সম্পর্কে সরকার কিরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## জুনিয়র ডাক্তারদের আন্দোলন

*২৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৪০৬। ) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সম্প্রতি রাজ্যের মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে জুনিয়র ডাক্তারদের বিভিন্ন আন্দোলনের ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীঅশোক ঘোষ ঃ** সরকারের সাধ্যানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

[1-30—1-40 p. m.]

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি আমার প্রশ্নের উত্তরে বললেন যে না। আমার প্রশ্ন হচ্ছে, আমরা পত্র-পত্রিকায় দেখেছি কয়েকদিন আগে হাসপাতালের হাউস স্টাফ এবং জুনিয়র ডাক্তারদের ধর্মঘটের ফলে রুগী ভর্তি রেষ্ট্রিকসান এবং অপারেশান রেষ্ট্রিকশান হয়েছিল। এটা কেন হয়েছিল জানাবেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** না, এ রকম কিছু করা হয়নি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, জুনিয়র ডাক্তারদের আন্দোলনের সময়ে সরকার পক্ষ থেকে, বিশেষ করে স্বাস্থ্য বিভাগ থেকে একজন মন্ত্রী মহাশয় একটা বিবৃতি দিয়ে বলেছিলেন যে, "আমি সি পি এম'-এর বাচ্চা, ডাক্তারদের আন্দোলন করার সাধ ঘুঁচিয়ে দেব", তাঁর এই যে বক্তব্য, এটাই কি সরকারের দৃষ্টিভঙ্গী ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমি এবং সি. এম. এব্যাপারে প্রেশ রিলিজ্ দিয়েছি। আমাদের এ্যাটিচুড পরিষ্কারভাবে সমস্ত সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। কাজেই এখন এই প্রশ্ন আর প্রাসঙ্গিক বলে মনে করি না।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** বামফ্রন্ট সরকারের একজন দায়িত্বশীল মন্ত্রীর বক্তব্য হিসাবে ঐ কথাগুলি সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল, সুতরাং আমি বিধানসভার একজন সদস্য হিসাবে জানতে চাইছি যে, এই ধরণের উক্তি মাননীয় মন্ত্রী মহাশয়ের কোন সহকর্মী করেছিলেন কি ?

**মিঃ স্পীকার ঃ** ডাঃ মানস ভুঁইয়া, হোয়াট ইজ্ ইয়োর কোশ্চেন ? আপনি আপনার মূল প্রশ্নটি দয়া করে একটু পড়ুন। আপনি কৃষ্ণনগর হাসপাতালের ব্যাপারে জিজ্ঞাসা করেছেন, কিন্তু এখন আপনি অন্য রকম সাপ্লিমেন্টারী করছেন, ইট ক্যান নট্ বি এ্যালাউড্।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আপনি ভুল করছেন, আপনি দুটো প্রশ্ন এক সঙ্গে এখানে ডেকেছেন, সুতরাং আপনি অনুমোদিত প্রশ্ন নং ৪০৬'টি একটু দেখুন। সেখানে

জানতে চাওয়া হয়েছে, "সম্প্রতি রাজ্যের মেডিকেল কলেজ ও হাসপাতাল গুলিতে জুনিয়র ডাক্তারদের বিভিন্ন আন্দোলনের ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?" সুতরাং এটি একটি নির্দিষ্ট প্রশ্ন এবং এটার ওপরই ডাঃ ভুঁইয়া সাপ্লিমেন্টারি করেছেন।

**মিঃ স্পীকার ঃ** মিঃ মুখার্জী, আপনি বসুন, আমি দেখছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অম্বরীশ বাবু, আপনি যে, জুনিয়র ডাক্তারদের আন্দোলন প্রায় একটা স্থায়ীরূপ নিয়েছে। আমরা দেখছি যে, আপনি যা বলছেন, সি. এম'ও যা বলছেন এবং আপনার সহকর্মী রামনারায়ণ বাবু প্রেসের কাছে যে বিবৃতি দিয়েছেন তা পরস্পর বিরোধী। সে সব কথা ছেড়ে দিয়েও আমি বলছি যে, এতগুলি জুনিয়র ডাক্তার এবং ইন্টার্নির স্ট্রাইক করা সত্ত্বেও আপনি বলছেন কাজকর্ম বিপর্যস্ত হয়নি। আপনি এ বিষয়ে সোজা 'না' বলছেন, আমি আপনাকে রেফারেন্স দেখিয়ে বলতে অনুরোধ করছি। আমরা জানি জুনিয়র ডাক্তাররা কোম্পানীগুলির স্যামপেল নিয়ে নিজেরাই আউট ডোর ক্লিনিক করেছে। অথচ আজকে আপনি তাদের দোষারোপ করার চেষ্টা করছেন। ডাক্তাররা তাঁদের আন্দোলনের মধ্যে দিয়ে জনসাধারণের দাবী তুলে ধরেছেন। আমরা দ্ব্যর্থহীন কণ্ঠে জনসাধারণের দাবী সমর্থন করি। তাদের দাবী-গুলির মধে শুধু মাত্র সার্ভিস কণ্ডিসনের দাবীই নেই, তাঁরা জনসাধারণের জন্য জীবন-দায়ী ওষুধ দাবী করেছে। উই প্রাউড্‌লি সাপোর্ট ইট। আমরা জানি এই আন্দোলনের ফলে কাজ কর্ম বিপর্যস্ত হয়েছিল এবং ভবিষ্যতে এর রিকারেন্স যাতে না হয় তার জন্য কি ভাবছেন তা জানাবেন কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমাকে প্রশ্ন করা হয়েছিল, সাম্প্রতিক যে আন্দোলন হয়েছিল তাতে ক্ষতিগ্রস্থ হয়েছিল কিনা, বিপর্যস্ত হয়েছিল কিনা—আমি বলছি, না, বিপর্যস্থ হয়নি, কারণ, হাউস স্টাফের একাংশ তাঁরা কাজ করছেন। আমাদের সার্ভিস ডাক্তাররা স্ট্রেন করে কাজ করছেন। খবর যা ছিল, এক উইকের যে আন্দোলন তাতে আমাদের নরম্যাল সার্ভিস ডিসরাপটেড হয়নি। আর. জি. কর কলেজ-এর একটা ইনফরমেসান হল, একটা দুটো কোল্ড অপারেশান—এগুলি ডেফার করা হয়েছে। ডাঃ জয়নাল আবেদিন একজন চিকিৎসক হিসাবে নিশ্চই জানেন, সিরিয়াস অপারেশান থেকে কোল্ড অপারেশান ডেফার করা হয়। সেদিন দুটো বড় অপারেশান হয়েছিল, একটা গ্যাসট্রো-এনট্রাইটিস আর একটা ইনটেসটাইন থেকে বাদ দেওয়া। নরম্যাল সার্ভিস মেইনটেণ্ড হয়েছে। আপনারা সংবাদপত্র পড়লেই বুঝতে পারতেন। নিয়ার নরম্যাল সার্ভিস ওয়াজ মেইনটেণ্ড। আপনার প্রশ্ন হচ্ছে বিপর্যস্ত হয়েছে কিনা? আমি বলছি, না বিপর্যস্ত হয়নি, কাজ হয়েছে। কোথাও একটু অসুবিধা হয়েছে ঠিকই কিন্তু বাংলায় যাকে বিপর্যস্ত বলা হয় সেটা হয়নি। তৃতীয় নম্বর হলো, যেগুলি বেসিক ডিমাণ্ড আছে সে ব্যাপারে। এইসব ডিমাণ্ডগুলো নতুন কিছু নয়, অনেকদিনের ডিমাণ্ড। আই. এম. এ এবং অন্যান্য ফোরাম থেকে নিরন্তর প্রচেষ্টা এ ব্যাপারে করে যাচ্ছে। তারপর স্পেসিফিক্যাল জীবন-দায়ী ওষুধের কথা যেগুলো আপনি বললেন সে ব্যাপোরে আমি বলতে চাই, ডব্লু. এইচ. ও, ইউনিসেফ গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়া এবং হাতি কমিশন ড্রাগ র‍্যাশনালাইজ করতে চায়। উই হ্যাভ সেট ফর "হেল্‌থ ফর অল" যতগুলি ওষুধ দিতে পারবো সেগুলি অলরেডি র‍্যাশনালাইজ করা হয়েছে,

ওষুধ সরবরাহ করা হয়েছে। Hou you can claim that every medieine should be given to everybody ? এটা হয়না। সবাইকে সাটিসফায়েড করা যাবে না। আমরা যতটা পারি, ড্রাগ র‍্যাশনালাইজ করছি এবং এ ব্যাপারে মিঃ বসন্ত শাঠে এবং মিঃ শঙ্করানন্দ এ্যাপ্রিসিয়েট করেছেন। সুতরাং নতুন কিছু ব্যাপার নয়।

**মিঃ স্পীকার :** আমার একটা ভুল হয়েছে। আমি কোশ্চেন ১৯ নম্বরের কথা বলেছি। সুতরাং ডাঃ মানস ভুঁইয়া আপনি আপনার প্রশ্ন করতে পারেন।

**ডাঃ মানস ভুঁইয়া :** আমি প্রশ্ন করেছিলাম, মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন—ইদানিং ডাক্তারদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে একটা বহুল প্রচলিত সংবাদপত্র "আজকাল পত্রিকার" প্রথম পাতায় বেরিয়েছিল, আপনার সহকর্মীর বক্তৃতা, দায়িত্বশীল একজন মন্ত্রী বলছেন "আমি সি. পি. এমের বাচ্চা, ডাক্তারদের আন্দোলনের সাধ মিটিয়ে দেবো"—এটা কি সরকারের মন্তব্য, এটা কি সরকারের দৃষ্টি-ভঙ্গী, এটা কি ঘটনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** আমার সহকর্মী কি বলছেন না বলছেন আপনি তাঁকেই প্রশ্ন করলে পারতেন, আমাকে কেন প্রশ্ন করছেন। আমি শুধু এইটুকু বলতে চাই, এটা সরকারের দৃষ্টি-ভঙ্গী নয়, সরকার এই ধরনের আন্দোলনের সাধ মেটানোর কথা ভাবছেন না। সরকার গণতান্ত্রিক আন্দোলনকে সমর্থন করে এসেছেন।

[1-40—1-50 p. m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুবই বিতর্কিত প্রশ্ন, ডাঃ মানস ভুইঁয়া যেটা করেছেন। সেই মন্ত্রী মহাশয় এখানে আছেন, উনি স্বীকার, অস্বীকার দুই-ই করতে পারেন। বলে থাকলে, উনি বলুন যে উনি কমিউনিষ্টের বাচ্ছা। আমি জানিনা ওঁর বাবা কমিউনিষ্ট ছিলেন কিনা ? লেট হিম মেক এ ষ্টেটমেণ্ট অন দি পয়েণ্ট।

## রায়দীঘি গ্রামীণ হাসপাতালে এক্স-রে মেশিন

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৭।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়দীঘি গ্রামীণ হাসপাতালে এক্স-রে মেশিন আছে কি; এবং

(খ) থাকিলে,—

(১) উক্ত মেশিন ব্যবহার হইতেছে কিনা, ও

(২) উক্ত মেশিন চালানোর জন্য কোন কর্মচারী আছে কিনা ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** আপনি বললেন যে প্রতিটি হাসপাতালে মেশিন পাঠিয়েছেন, মেশিন পাঠিয়েছেন কিন্তু সেখানে কোন লোক পাঠান নি, মেশিন অপারেট করবে কে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** ১৯-৪-৮২ তারিখে মেশিন পাঠান হয়েছিল। ওখানে মেশিন চালু করতে গেলে যেমন এক্সরে টেকনিশিয়ান দরকার, তেমনি ডার্করুম দরকার, ৪৪০ ভোল্টের কারেণ্ট দরকার। সেজন্য আমরা কনসার্নড ডিপার্টমেণ্টের সঙ্গে যোগাযোগ করছি যাতে ঐ ভোল্টেজ পাই। কারেণ্ট পেলেই আমাদের ডার্করুম হয়ে যাবে, তখন আমরা ওখানে এক্সরে টেকনিশিয়ান পাঠিয়ে আগামী জুলাই মাসেই চালু করে দেব।

## কৃষ্ণনগর সদর হাসপাতালকে পূর্ণাঙ্গ হাসপাতালে রূপান্তরকরণ

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত কৃষ্ণনগর সহ নদীয়া জেলার কোন্ কোন্ হাসপাতালে কতগুলি শয্যা আছে;

(খ) ১৯৭৭ সালের ৩১শে মার্চ পর্যন্ত ঐ সংখ্যা কত ছিল; এবং

(গ) কৃষ্ণনগর সদর হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধি ও উহাকে একটি পূর্ণাঙ্গ হাসপাতালে রূপান্তরের কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীরামনায়ণ গোস্বামী :**

| | | | |
|---|---|---|---|
| (ক) | কৃষ্ণনগর সদর হাসপাতাল | ... | ৪৮১টি শয্যা। |
| | রাণাঘাট মহকুমা হাসপাতাল | ... | ১৩১টি " |
| | জে, এন, এম, হাসপাতাল কল্যাণী | ... | ৫৫০টি " |
| | গান্ধী মেমোরিয়াল হাসপাতাল, কল্যাণী | ... | ৩৫০টি " |
| | ডাঃ বি, সি, রায় টেস্ট স্যানাটোরিয়াম, ধুবুলিয়া | ... | ১০০০টি " |
| | নেতাজী সুভাষ স্যানাটোরিয়াম, কাঁচরাপাড়া | ... | ৯২৫টি " |
| | নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতাল | ... | ১২৫টি " |
| | শান্তিপুর গ্রামীণ হাসপাতাল | ... | ৫০টি " |
| | করিমপুর গ্রামীণ হাসপাতাল | ... | ৫০টি " |
| (খ) | কৃষ্ণনগর সদর হাসপাতাল | ... | ৪৫০টি " |
| | রাণাঘাট মহকুমা হাসপাতাল | ... | ১৩১টি " |
| | জে, এন, এস, হাসপাতাল কল্যাণী | ... | ৫০০টি " |
| | গান্ধী মেমোরিয়াল হাসপাতাল, কল্যাণী | ... | ২০০টি " |
| | ডাঃ বি, সি, রায় চেস্ট স্যানাটোরিয়াম, ধুবুলিয়া | ... | ১০০০টি " |
| | নেতাজী সুভাষ স্যানাটোরিয়াম, কাঁচরাপাড়া | ... | ৯২৫টি " |
| | নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতাল | ... | ১২৫টি " |
| | শান্তিপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | ... | ২৫টি " |
| | করিমপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | ... | ২৫টি " |

(গ) কৃষ্ণনগর সদর হাসপাতালে শয্যা সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা আছে।

নদীয়া জেলার সদর হাসপাতাল হিসাবে কৃষ্ণনগর সদর হাসপাতাল একটি পূর্ণাঙ্গ হাসপাতাল রূপে চালু আছে।

**শ্রীসতীশচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বগুলা হাসপাতালে কয়টি সিট আছে দয়া করে জানাবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** স্যার, উনি গোলমাল করে ফেলেছেন, হেল্‌থ সেণ্টার আর হাসপাতাল এক নয়।

## আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য নিবাস

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮।) **শ্রীঅমলেন্দু রায় ঃ** তফসিলী জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের আদিবাসী ও তফসিলী জাতি ছাত্রছাত্রীদের জন্য কলকাতায় ছাত্রছাত্রী নিবাস স্থাপনের কাজ কতদূর অগ্রসর হয়েছে ?

**শ্রীশম্ভুনাথ মাণ্ডি ঃ** ছাত্রদের জন্য নির্মিত কলিকাতাস্থিত সিধুকানু ছাত্রনিবাসটির নির্মাণকার্য সম্পূর্ণ হইলেও জল, আলো, ইত্যাদির ব্যবস্থা এখনও সম্পূর্ণ হয় নাই। তবে যথাশীঘ্র সম্ভব ঐটি সম্পূর্ণ করিবার জন্য এই বিভাগ তৎপর আছে।

কলিকাতা আলিপুরস্থ হেস্টিংস হাউস কম্পাউণ্ডে তপসিলী ও আদিবাসী ছাত্রদের জন্য ছাত্রীনিবাস স্থাপনের উদ্দেশ্যে প্রয়োজনীয় জমি এই বিভাগের হাতে আসিয়াছে। ছাত্রী নিবাসের নির্মাণকার্য শুরু করিবার জন্য প্রস্তুতি নেওয়া হইতেছে।

**শ্রীঅমলেন্দু রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—উনি বললেন ছাত্রদের আবাসে জল, আলো ইত্যাদির ব্যবস্থা যথা সম্ভব শীঘ্র চালু করা হবে আর একটু পরিষ্কার করে বলুন যত শীঘ্র বলতে কত শীঘ্র করবেন ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** আমাদের জল, আলো হয়ে গেলেই আমরা ওপন করে দেব।

**শ্রীঅমলেন্দু রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ছাত্রী নিবাসের সম্পর্কে যে জবাব দিলেন এখানে, সেটা এখন কোন পর্য্যায়ে আছে, টাকা পয়সা হাতে আছে, এস্টাবলিষ-মেণ্ট তৈরী আছে ?

**ডঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** আমাদের স্কীম সবই তৈরী হয়ে গিয়েছে, আমরা কনষ্ট্রাকসান বোর্ডকে দায়িত্ব দিয়েছি, তারা শেষ করলেই আমরা চালু করে দেব।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—বিল্ডিং তৈরী হয়ে কত দিন পড়ে আছে এবং তা কি আলো এবং জলের ব্যবস্থা করতে না পারার জন্য ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** বেশী দিন নয়, এই সেই দিন থেকে আজ পর্যন্ত।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** এটা আপনি এড়িয়ে যাচ্ছেন। বিল্ডিং কমপ্লিট হয়েছে কি ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** এখানে উত্তর যদি দিতে হয় তাহলে বলতে হয় যে দিন থেকে বিল্ডিং সুরু হয়েছে, সেদিন থেকে আজ পর্যন্ত সেটা পড়ে আছে। কিন্তু আমি বলছি—কমপ্লিট বলতে বিল্ডিং তৈরী হলেই হবে না, আলো, জল এবং অন্যান্য সব আনুষঙ্গিক ব্যবস্থাও আছে এবং এ সমস্ত ব্যবস্থা হলেই কমপ্লিট বলা যেতে পারে। সমস্ত দিকটা শেষ হয়নি বলেই পড়ে আছে।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** আলো এবং জলের কারণেই বিল্ডিং কমপ্লিট হবার পর চার বছর ধরে পড়ে আছে কিনা—এটা আমি স্পেসিফিক্যালি জানতে চাই।

**মিঃ স্পীকার ঃ** আপনি স্পেসিফিক প্রশ্ন দেবেন, উনি উত্তর দেবেন।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে জানালেন যে ছাত্রছাত্রী নিবাসের কাজ আরম্ভ হয়ে গেছে। আমি জানতে চাইছি ছাত্র এবং ছাত্রীদের জন্য আলাদা ছাত্রাবাস তৈরী করা হচ্ছে না একই নিবাসে থাকবার ব্যবস্থা হচ্ছে?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** কোনটা হলে আপনার পছন্দ হবে?

**শ্রীবিমলকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ছাত্রাবাস হতে যাচ্ছে—এ ছাড়া পশ্চিমবাংলায় তপশীল ছাত্রদের জন্য অন্য কোন হোস্টেল আছে কিনা?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** আছে। অনেক জেলার স্কুল কলেজেই ছাত্রাবাস আছে।

**শ্রীবিমল বসু ঃ** আমি বিশ্ববিদ্যালয়ের কথা বলছি এবং জিজ্ঞাসা করছি সেক্ষেত্রে অন্য কোন হোস্টেল তৈরী হয়েছে কিনা। হয়ে থাকলে কোথায়?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** নোটিশ চাই।

## পল্লভী রিফাইনারিজকে রেপসিড ক্রয়ে বাধাদান

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫।) **শ্রীসরল দেব ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পল্লভী রিফাইনারিজকে রেপসিড ক্রয় করিতে দেওয়া হইতেছে না; এবং

(খ) সত্য হইলে উক্ত ক্রয় বন্ধ করিবার কারণ কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** (ক) কোন রিফাইনারিকে রেপসিড ক্রয় করার অনুমতি দেওয়া হয় না।

(খ) প্রশ্নই ওঠে না।

**শ্রীসরল দেব ঃ** এটা আমি 'ক্রাশ'-এর কথা বলেছিলাম, কিন্তু এখানে দেখছি 'ক্রয়' ছাপা হয়েছে। এটা একটা স্পেলিং মিস্টেক হয়েছে।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** ওঁরা এ ব্যাপারে প্রশ্ন কর্তার সঙ্গে বসে ত্রুটিটা শুধরে দেবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। ত্রুটি শুধরে দিলে পর উত্তর দেবো।

## হাসপাতালে ভেজাল ঔষধ সরবরাহের অভিযোগ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারি মাস থেকে ১৯৮৩ সালের জুন মাস পর্যন্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে বিভিন্ন হাসপাতালে "ভেজাল" ঔষধ দেবার কতগুলি অভিযোগ সরকারের নিকট আসিয়াছে; এবং

(খ) এ সম্পর্কে কতগুলি ক্ষেত্রে অভিযোগ সত্য বলিয়া প্রমাণিত হইয়াছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) চারটি অভিযোগ আসিয়াছে।

(খ) একটি মাত্র ক্ষেত্রে অভিযোগ সত্য বলিয়া প্রমাণিত হইয়াছে। অপর একটি ক্ষেত্রে তদন্ত চলিতেছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—যে ক্ষেত্রে অভিযোগ প্রমাণিত হয়েছে, সেক্ষেত্রে আপনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** আমরা ড্রাগ লাইসেন্স বাতিল করে দিয়েছি।

**শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** কোন কোন হাসপাতাল থেকে এই অভিযোগ এসেছে ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** নোটিশ দেবেন, উত্তর দেবো।

*23. Held over.

## মুর্শিদাবাদ জেলায় চালকল ও ময়দাকলের লাইসেন্স

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮।) **শ্রীশীশ মহম্মদ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বর্তমান আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলায় কতগুলি চালকল ও ময়দা পেষাই কলের লাইসেন্স দেওয়া হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** বর্তমান আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলায় চালকল এবং ময়দা কলের (ফ্লাওয়ার মিল) কোন লাইসেন্স দেওয়া হয় নাই। তবে এই জেলায় বর্তমান আর্থিক বৎসরে (১৯৮৩-৮৪) এ পর্যন্ত ২৩টি হাসকিং মিলের (যেগুলি রাইস মিলিং রেগুলেশন এ্যাক্ট ১৯৫৮ অনুযায়ী চাল কলের পর্যায়ে পড়ে) দেওয়া হয়েছে। খাদ্য দপ্তর হতে গম পেশাই কলের জন্য কোন লাইসেন্স দেওয়া হয় না।

[1-50—2-00 p m.]

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এখন পর্যন্ত এই চালকল লাইসেন্সের ব্যাপারে রাজ্য সরকার যে নীতি গ্রহণ করেছেন তা হলো প্রতি মৌজায় একটি করে চালকল হতে পারবে। এতে গ্রামাঞ্চলে যে সব জায়গা আছে সেখানে একটি করে মাত্র চালকল হতে পারছে। সেই জন্য গ্রামাঞ্চলে লোকের খুব অসুবিধা হচ্ছে। আমি জানতে চাই যে এই নীতি পরিবর্তনের কথা রাজ্য সরকার চিন্তা করছেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** যে সিদ্ধান্ত ঠিক আছে সেই অনুযায়ীই তাদের লাইসেন্স দেওয়া হচ্ছে। সরকারী দপ্তরে আপনি খোঁজ নিলেই জানতে পারবেন কিভাবে লাইসেন্স দেওয়া হচ্ছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** সেই সিদ্ধান্তটা কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** যারা দরখাস্ত করবে তারা লাইসেন্স পাওয়ার যোগ্য কি না সেটা দেখে তাদের লাইসেন্স দেওয়া হয়ে থাকে। সমস্ত দিক বিবেচনা করে তাদের লাইসেন্স দেওয়া হয়।

**শ্রীঅতিশচন্দ্র সিনহা ঃ** মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস মহাশয় যে প্রশ্নটি করেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি তাঁর সঙ্গে একমত যে প্রতি মৌজায় একটি করে লাইসেন্স

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** আলো এবং জলের কারণেই বিল্ডিং কমপ্লিট হবার পর চার বছর ধরে পড়ে আছে কিনা—এটা আমি স্পেসিফিক্যালি জানতে চাই।

**মিঃ স্পীকার ঃ** আপনি স্পেসিফিক প্রশ্ন দেবেন, উনি উত্তর দেবেন।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে জানালেন যে ছাত্রছাত্রী নিবাসের কাজ আরম্ভ হয়ে গেছে। আমি জানতে চাইছি ছাত্র এবং ছাত্রীদের জন্য আলাদা ছাত্রাবাস তৈরী করা হচ্ছে না একই নিবাসে থাকবার ব্যবস্থা হচ্ছে?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** কোনটা হলে আপনার পছন্দ হবে?

**শ্রীবিমলকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ছাত্রাবাস হতে যাচ্ছে—এ ছাড়া পশ্চিমবাংলায় তপশীল ছাত্রদের জন্য অন্য কোন হোস্টেল আছে কিনা?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** আছে। অনেক জেলার স্কুল কলেজেই ছাত্রাবাস আছে।

**শ্রীবিমল বসু ঃ** আমি বিশ্ববিদ্যালয়ের কথা বলছি এবং জিজ্ঞাসা করছি সেক্ষেত্রে অন্য কোন হোস্টেল তৈরী হয়েছে কিনা। হয়ে থাকলে কোথায়?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** নোটিশ চাই।

## পল্লভী রিফাইনারিজকে রেপসিড ক্রয়ে বাধাদান

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫।) **শ্রীসরল দেব ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পল্লভী রিফাইনারিজকে রেপসিড ক্রয় করিতে দেওয়া হইতেছে না; এবং

(খ) সত্য হইলে উক্ত ক্রয় বন্ধ করিবার কারণ কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** (ক) কোন রিফাইনারিকে রেপসিড ক্রয় করার অনুমতি দেওয়া হয় না।

(খ) প্রশ্নই ওঠে না।

**শ্রীসরল দেব ঃ** এটা আমি 'ক্রাশ'-এর কথা বলেছিলাম, কিন্তু এখানে দেখছি 'ক্রয়' ছাপা হয়েছে। এটা একটা স্পেলিং মিস্টেক হয়েছে।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** ওঁরা এ ব্যাপারে প্রশ্ন কর্তার সঙ্গে বসে ত্রুটিটা শুধরে দেবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। ত্রুটি শুধরে দিলে পর উত্তর দেবো।

## হাসপাতালে ভেজাল ঔষধ সরবরাহের অভিযোগ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারি মাস থেকে ১৯৮৩ সালের জুন মাস পর্যন্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে বিভিন্ন হাসপাতালে "ভেজাল" ঔষধ দেবার কতগুলি অভিযোগ সরকারের নিকট আসিয়াছে; এবং

(খ) এ সম্পর্কে কতগুলি ক্ষেত্রে অভিযোগ সত্য বলিয়া প্রমাণিত হইয়াছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) চারটি অভিযোগ আসিয়াছে।

**Shri Kiranmay Nanda :** This Department is not aware to the matter. The question is being transferred to the Land and Land Revenue Deptt., who are concerned for necessary reply in the matter.

(No supplementary)

*27. Held over.

**Dearness Allowance of employees of State Fisheries Development Corporation**

*28. (Addmitted question No. *367.) **Shri Abdur Rauf Ansari :** Will the Minister-in- charge of the Fisheries Department be pleased to state—

(a) whether it is a fact that payment of some instalments of Dearness Allowance to employees of State Fisheries Development Corporation has become overdue ; and

(b) if so—

(i) the reasons thereof, and

(ii) when the instalments of arrear Dearness Allowance is likely to be paid to the employees ?

**Shri Kiranmay Nanda :** (a) Yes.

(b) (i) The Corporation considered the matter vis-a-vis its financial resources for some time.

(ii) The State Govt. has since approved the proposal of the SFDC Ltd. for payment of Addl. Dearness Allowance with effect from 1/4/83 as sanctioned by the Government to its own employees from 1.8 81, 1.7.82 and 1.11.83. The SFDC Ltd. is expected to make the payment very shortly.

**রেশনের মাধ্যমে সরবরাহকৃত চাল ও গমের মূল্য**

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রেশনের মাধ্যমে গম এবং চাল সরবরাহ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার কি দরে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঐ গম এবং চাল ক্রয় ক'রে থাকেন ; এবং

(খ) এই রাজ্যে রেশনের দোকান থেকে সাধারণ গ্রাহকদের কি দরে গম এবং চাল ক্রয় করতে হয় ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** (ক) রেশনে দেওয়ার জন্য এফ. সি. আই-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকার যে গম ও চাল সরবরাহ করেন, তা রাজ্য সরকার কর্তৃক নিযুক্ত হোলসেলাররা ও রিটেলাররা এফ. সি. আই গুদাম হতে যে দরে (এক্স গোডাউন বিক্রয় মূল্য) ক্রয় করে থাকেন তার বিবরণ এই রকম :

তালিকা—১

কলিকাতা শিল্পাঞ্চল এবং বর্ধমান জেলার আসানসোল সাবকণ্ট্রোলার অধীন (দুর্গাপুর সাব এরিয়া বাদে) বিধিবদ্ধ রেশন এলাকা

| কুইণ্ট্যাল প্রতি | এক্সগোডাউন | হোলসেল বিক্রয়মূল্য |
|---|---|---|
| গম | ১৯১.১৫ টাকা | |
| চাল সাধারণ | ২৬৬.২৫ | |
| মিহি | ২১৯.২৫ | |
| অতিমিহি | ২৩৪.১৫ | |

তালিকা—২

১ নং টেবলে বর্ণিত এলাকাগুলি বাদে সকল বিধিবদ্ধ এলাকা

| কুইণ্ট্যাল প্রতি | এক্সগোডাউন | হোলসেল বিক্রয়মূল্য |
|---|---|---|
| গম | ১৯০.৬৫ টাকা | |
| চাল সাধারণ | ২০৫.৭৫ | |
| মিহি | ২১৮.৭৫ | |
| অতিমিহি | ২৩৩.৭৫ | |

তালিকা—৩

১ ও ২ নং টেবলে বর্ণিত বিধিবদ্ধ রেশন এলাকার বাইরে জেলা এলাকা

| | ডিস্ট্রিবিউটারদের ক্ষেত্রে কুইণ্ট্যাল প্রতি এক্স গোডাউন হোলসেল দর | যে সব রিটেলার সরাসরি এফ. সি. আই থেকে ডেলিভারী নেন তাদের ক্ষেত্রে প্রতি কুইণ্ট্যাল এক্স গোডাউন হোলসেল দর |
|---|---|---|
| গম | ১৯০.৮৫ | ১৯২.৩৮ |
| চাল সাধারণ | ২০৫.৯৫ | ২৩৮.১০ |
| মিহি | ২১৮.৯৫ | ২২১.১০ |
| অতিমিহি | ২৩৩.৯৫ | ২৩৬.১০ |

(খ) এই রাজ্যে রেশনের দোকান থেকে সাধারণ গ্রাহকদের কি দরে গম ও চাল ক্রয় করিতে হয়।

(খ) রেশনে গম ও চালের দর নিম্নরূপ ঃ

| কেন্দ্রীয় ভাণ্ডারের চাল | রেশন দোকানে খুচরা দর |
|---|---|
| ১। সাধারণ (কমন) | ২.১৩ |
| ২। মিহি (ফাইন) | ২.২৬ |
| ৩। অতিমিহি (সুপারফাইন) | ২.৪১ |
| গম | ১.৯৬ |

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, বর্তমানে রাজ্য-সরকার যে দরে কেন্দ্রের কাছ থেকে খাদ্যশষ্য সংগ্রহ করছেন তা থেকে কে. জি. প্রতি ৭ পয়সা বর্দ্ধিত দরে কনজুমার্সদের কাছে বিক্রি করছেন ? কনজুমার্সদের কাছ থেকে কিসের জন্য এই বাড়তি দর নেওয়া হচ্ছে বলবেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** আপনি যা বললেন তা সঠিক নয়। কেন্দ্রীয় ভাণ্ডার থেকে যেটা আমরা পাচ্ছি সেটা ১৭২ টাকা এবং আমরা সেটা ১৯৬ টাকায় বিক্রি করছি। তারমধ্যে আবার ফুড করপোরেশানের বিভিন্ন খরচ আছে এবং এ্যাডমিনিস্ট্রেটিভ খরচ আছে ১০.৭১ পয়সা. এবং শতকরা একভাগ বিক্রয় কর আছে। রাজ্যের এ্যাড-মিনিস্ট্রেটিভ বাবদ ৪.১৪ পয়সা এবং রেশন ব্যবস্থা ইত্যাদি সর্বসমেত মিলিয়ে ২৪ টাকায় দাঁড়ায়। সুতরাং কেন্দ্রের কাজ থেকে দামে সাপ্লাই অর্থাৎ ১.৭২ পয়সা সেটা এফ. সি. আইয়ের মাধ্যমে আসে এবং রেল ইত্যাদি সমস্ত খরচ-খরচা দিয়ে ২৪ টাকা খরচা পড়ে। সাধারণ মানুষের কাছে যখন পৌঁছায় তখন সেটা ২৪ টাকায় দাঁড়ায়।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আপনার উত্তরটা ঠিক হোল না। এক্স-গো-ডাউন যে প্রাইস নিচ্ছে তাতে দেখা যাচ্ছে কে. জি. প্রতি ৭ পয়সা ফারাক ফলে কুইন্টাল প্রতিও ডিফারেন্স হচ্ছে। সুতরাং এই এক্স-গো-ডাউন প্রাইসের ডিফারেন্স কেন হচ্ছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** আমরা ১ কে. জি. ২৪ পয়সায় অর্থাৎ ১.৭২ পয়সায় বিক্রি করছি।

**মিঃ স্পীকার ঃ** The question hour is over. Now Shri Amalendra Roy.

## MENTION CASES

[2-00—2-10 p.m. ]

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ বিষয় নিয়ে উল্লেখ করবো বলে আপনার অনুমতি প্রার্থনা করছি। আমরা সকলেই জানি এবং আপনিও জানেন যে সীমান্ত গান্ধী বর্তমানে আবার পাকিস্তানে কারারুদ্ধ হয়েছেন। এবং সরকারী জেলে আটকে। তাঁর স্বাস্থের যে অবস্থা এবং তাঁর যা বয়স তাতে এই ক্ষেত্রে সকলেরই এই ব্যাপারে যথেষ্ট উৎকণ্ঠা, উদ্বিগ্ন এবং আতঙ্কিত হওয়ার কথা। আমরা সকলেই জানি সীমান্ত গান্ধী আমাদের এই উপমহাদেশের স্বাধীনতা সংগ্রামের স্বদেশী আন্দোলনের পুরধা ছিলেন যারা তাঁদের মধ্যে শ্রেষ্ঠতম হয়ে এখনো দাঁড়িয়ে আছেন। সুতরাং তার এই কারারুদ্ধের খবরে আমাদের সকলেরই উৎকণ্ঠিত হওয়ার কথা। আমি সেইজন্য আপনাকে অনুরোধ করছি আপনি এই ব্যাপারে মুখ্যমন্ত্রীকে জানান এবং মুখ্যমন্ত্রী এই ব্যাপার শ্রীমতী গান্ধীর কাছে চিঠি লিখুন এবং শ্রীমতী গান্ধীর যা কিছু করণীয় যেন তিনি করেন এই ব্যাপারে। তাহলে আমরা সকলেই উপকৃত হব। এই নিবেদন আমি আপনার কাছে রাখছি।

**Shri Zainal Abedin :** Sir, the proposal initiated by my learned friend, Shri Amalendra Roy, may please be brought to the House under rule 169 and the proposal may be initiated by the Leader of the House, Shri Jyoti Basu. Sir, we, the Lok Sabha and possibly and whole of the sober world, are all

*concerned about this.* We welcome such gesture and I think the government will not lag behind in such noble cause.

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আপনার মন্ত্রী শ্রীপতিত পাবন পাঠক মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করি তিনি সদোত্তর দেবেন। আজকে সব সংবাদপত্রে এমন কি আপনাদের কাগজ বসুমতিতে প্রকাশিত হয়েছে পাঠক বাবুর নাম করে। তিনি বলেছেন কংগ্রেস আমলের বিরোধীদলের নেতাদের পদমর্য্যাদা সম্বন্ধে একটা বিল আনা হচ্ছে। ওই বিলে নাকি বিরোধীদলের নেতাদের রাষ্ট্রমন্ত্রীর পদে মর্য্যাদা দেওয়া হবে। আমি ওই বিলের বিরুদ্ধে প্রতিবাদ জানালাম। আনন্দবাজার এবং যুগান্তর কাগজে লেখা হয়েছে বিরোধী নেতাদের এমন ডেপুটি মিনিষ্টারের পদমর্য্যাদা দেওয়া হবে। বিরোধীদের স্ট্যাটাস এবং আদার এ্যালাউনসেস ইত্যাদি বাড়াবার কথাও বললেন। আমি তাঁকে অনুরোধ করছি তিনি যদি দয়া করে হ্যাণ্ড বুক ফর মেম্বারস্ বইটির ৮৯ পাতা দেখেন তাহলে দেখবেন ১৯৩৭ সালে এই ব্যাপারে একটা এ্যাক্ট হয়েছিল এবং তারপরে ১৯৫৭ সালে একটা এ্যামেণ্ডমেণ্ট করা হয়েছে এবং সেখানে একটি ক্লজে বলা হয়েছে Provided further that there shall be paid to the member, who is the Leader of the Opposition, salaries and allowances as specified below :

Salary Rs. 750 per month.

House allowance Rs. 250 per month.

Conveyance allowance Rs. 200 per month.

এই বইতে কোথাও দেখাতে পারবেন না ষ্ট্যাটাসের কথা বলা হয়েছে। দায়িত্বশীল মন্ত্রী হিসেবে তিনি বলেছেন ষ্ট্যাটাস দেয়া হয়েছে এবং সেটা এখন ইমপ্লিমেনটেড আছে। ডেপুটি মিনিষ্টারের ষ্ট্যাটাস কোন সময়ে দেয়া হয়নি। তাই আমি মনে করি তিনি এটা উইথড্র করবেন এবং সত্য কথা বলবেন। হ্যাণ্ডবুক না দেখে পার্লামেণ্টারী মিনিষ্টার কিভাবে এইরকম ষ্টেটমেণ্ট করেন জানি না।

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** স্যার, ৭৫০ টাকা মাইনে মন্ত্রী পর্য্যায়ে একমাত্র ডেপুটি মিনিষ্টারদের আছে। আমি আবার বলছি আমি যা বলেছি তা ঠিক আছে। তিনি একটা বই দেখালেন। আমি বই দেখে পরের দিন যখন আলোচনা হবে তখন সব বলবো।

**ডাঃ জয়নাল আবেদীন ঃ** স্যার, আমরা আপনার কাছে আণ্ডার ২২৬ নোটিশ দিয়েছিলাম আমাদের অধিকার ও স্বার্থ রক্ষা করার জন্য। গুড সেন্স প্রিভেল ইন দি গভর্ণমেণ্ট—আমরা কালকে চীফ মিনিষ্টারের কাছে রিপ্রেজেণ্টেশান দিয়েছিলাম। এখন দেখছি তাঁদের একটা শুভবুদ্ধির উদয় হয়েছে, আমাদের সাজেশানস তাঁরা গ্রহণ করেছেন। পশ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের ইলেকশান চলছে এবং একই সময়ে আমরা দাবী করেছিলাম এই হাউস জুন-জুলাই মাসে ডাকা হোক। কিন্তু তাঁরা তা না করে যখন পশ্চায়েত ইলেকসান চলছে অফিস বিয়ারারদের তখন এখানে বিধান-সভা ডাকা হল। আমরা তাহলে কিভাবে ফাংসান করবো? আমরা এ বিষয়ে

রিপ্রেজেণ্টেশান দিয়েছিলাম চীফ মিনিস্টারের কাছে এবং গুড সেন্স প্রিভেল সো দে হ্যাব য়্যাকসেপ্টেড আওয়ার সাজেশান। ওঁদের শুভবুদ্ধি উদয় হয়েছে বলে চীফ মিনিস্টার এবং সরকারপক্ষকে শুধু ধন্যবাদ জানাই কিন্তু ভবিষ্যতে যেন এইরকম জাতীয় করুনা ওঁদের প্রদর্শন করতে না হয়। সেজন্য আমি বিষয়টা আর উত্থাপন করতে চাই না কারণ, You have accepted our claim to defer the House till 8th of September, 1983 enabling us to participate in the Panchayat Body elections.

**Mr. Speaker** : Dr. Zainal Abedin, I will take the decision and I have not yeat announced the date. Now Shri Deba Prasad Sarkar.

**শ্রীদেবপ্রসাদ সরকার :** স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করছি। গত ১৯শে আগস্ট পুরুলিয়া জেলার রঘুনাথপুর থানায় বাসভাড়া বৃদ্ধির প্রতিরোধে সেখানে প্রতিবাদ করতে গেলে সেই শান্তিপূর্ণ প্রতিরোধের উপর পুলিশ শুধু লাঠি, টিয়ার গ্যাস চালায়নি নির্বিচারে গুলিও চালায়। এই গুলিতে হাবুল রজক ঘটনাস্থলে মারা যায় এবং হাসপাতালে শোভারাম মোদক ২২ তারিখে মারা যায়। এস. ইউ. সি. পার্টি অফিসে ইনডিসক্রিমিনেটলি ফায়ারিং করে। আজও পার্টি অফিসে ফায়ারিং এর চিহ্ন আছে। গত ২৫ তারিখে বহরমপুরে পুলিশ নির্বিচারে লাঠি চালায়। দিলখোসা বেগমকে এমনভাবে পুলিশ গলা টিপে ধরে যে তাকে অজ্ঞান অবস্থায় হাসপাতালে ভর্তি করতে হয়েছে।

[2-10—2-20 p.m.]

তাঁর জীবনের আশঙ্কা রয়েছে। একশো জন সেখানে ইনজিওর্ড হয়েছে মহিলা সহ এবং ৫৩ জন এ্যারেস্টেড হয়েছে। গত ২৩শে এপ্রিল কলকাতায় আন্দোলনের পর গত মে এবং জুন মাসে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বাস ভাড়া বৃদ্ধির প্রতিরোধে আন্দোলনকারীদের উপর পুলিশ গুলি চালিয়েছে, নদীয়াতে বালুরঘাটে পুলিশ গুলি চালিয়েছে, মেদিনীপুর, কুচবিহার, জলপাইগুড়িতে পুলিশ নির্বিচারে টি. আর. গ্যাস গুলি চালিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ন্যায় সঙ্গত আন্দোলন যেভাবে পুলিশ দমন করার চেষ্টা করছে আমি এর তীব্র নিন্দা করছি এবং অবিলম্বে এরজন্য জুডিসিয়াল এনকোয়ারির দাবি করছি। আমি দাবি করছি যাঁরা আহত এবং নিহত হয়েছেন তাঁদের ক্ষতিপূরণ দেবার এবং যাঁদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে সেই মামলা প্রত্যাহার করা হোক এবং এই মর্মে চীফ মিনিস্টারকে একটা বিবৃতি দেবার জন্য দাবি করছি।

**শ্রীযামিনী ভূষণ সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেঙ্গল এনামেল কোম্পানী গত ১৬ মাস যাবত বন্ধ ছিল, কিছুদিন আগে সেটা খোলা হয়। আবার সেটা বন্ধ হয়েছে, প্রায় ২ হাজার শ্রমিক আজকে বিধান সভায় এসেছেন। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন করছি অবিলম্বে এই কারখানাটি খোলার জন্য। শ্রমিকরা ৩ মাস মাইনে পায়নি, পূজার আগে কারখানাটি আবার বন্ধ হয়ে গেছে। অবিলম্বে যাতে

এই কারখানাটি খোলার ব্যবস্থা করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রীনটবর বাগদি ঃ** মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে ঘটনার কথা বললেন সে সম্বন্ধে আমি বলতে চাই। ১৯শে আগস্ট পঞ্চায়েত সমিতির নির্বাচন ছিল, আমি যখন আমার ভোট দিতে যাচ্ছিলাম তখন সেখানে যেটা ঘটেছিল সেটা এইরূপ — ৩০/৩১ জন এস. ইউ. সি'র স্বেচ্ছাসেবক রাস্তায় দাঁড়িয়ে আছে, পুলিশ তাদের সরিয়ে দেবার জন্য চেষ্টা করছে কিন্তু তারা সরেনি। তারপর আমরা যখন পার্টি অফিস থেকে ভোট দিতে যাচ্ছিলাম সেই সময় আমাদের উপর ঢিল ছোঁড়া হয়েছিল এবং পরবর্তীকালে আমি দেখলাম মহিলা পুলিশ যাঁরা ছিলেন............

( বক্তা তাঁর বক্তব্য অসমাপ্ত রাখিতে বাধ্য হইলেন )

## Starred Questions
(to which answers were laid on the table)

### স্বাস্থ্য স্বেচ্ছাসেবী কর্মী

*৩১। ( অনুমোদিত প্রশ্ন নং ৫০৩। ) **শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কতজন স্বাস্থ্য স্বেচ্ছাসেবী কর্মী ( সি এইচ ডি ) সেবাকর্মে নিযুক্ত রয়েছে ;

(খ) তার মধ্যে পুরুষ ও নারী স্বেচ্ছাসেবীর পৃথকভাবে সংখ্যা কত ?

(গ) তাঁরা বিনামূল্যে ওষুধপত্র পেয়ে থাকেন কি ; এবং

(ঘ) তাঁদের মাসিক ভাতা বাড়াবার কোন সিদ্ধান্ত সরকার নিয়েছেন কিনা ?

Minister-in-charge of Health and Family Welfare Department

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ২৭৮৫৪ জন স্বাস্থ্য স্বেচ্ছাসেবী কর্মী ( সি. এইচ. ডি. ) সেবা কর্মে নিযুক্ত রয়েছেন।

(খ) উক্ত স্বেচ্ছাসেবীদের মধ্যে কতজন পুরুষ ও কতজন নারী তার সঠিক সংখ্যা এই মুহূর্তে বলা শক্ত। তবে জেলাওয়ারী যে রিপোর্ট এখন পর্যন্ত পাওয়া গেছে তা থেকে বলা যায় যে মোট স্বেচ্ছাসেবীদের প্রায় দুই-তৃতীয়াংশ পুরুষ এবং এক-তৃতীয়াংশ নারী।

(গ) হ্যাঁ।

(ঘ) স্বেচ্ছাসেবীদের মাসিক ভাতা বাড়াবার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পেশ করেছেন। যেহেতু উক্ত প্রকল্পটি সম্পূর্ণ হারে কেন্দ্রীয় সরকারের আর্থিক আনুকূল্যে পরিচালিত হইতেছে সেইহেতু ভাতা বাড়ানোর প্রশ্নটি সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের উপর নির্ভর করছে।

### কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তকরণ

*৩২। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৫৭। ) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করিবার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Health and Family Welfare Department

(ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## হাসপাতাল পরিচালনে পরামর্শদাতা কমিটি

*৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং *২৪০। ) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার রাজ্যের বিভিন্ন হাসপাতালের সুষ্ঠু পরিচালনার স্বার্থে পরামর্শদাতা কমিটি/ভিজিটিং কমিটি গঠন করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, কতগুলি হাসপাতালে এই ধরণের কমিটি গঠিত হইয়াছে ?

Minister-in-charge of Health and Family Welfare Department

(ক) হ্যাঁ।

(খ) ৭টি মেডিক্যাল কলেজ হাসপাতাল, এস. এস. কে. এম. হাসপাতাল ও এস. টি. এসে ম্যানেজমেণ্ট বোর্ড ও জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল, অন্যান্য হাসপাতাল ও প্রাথমিক সহায়ক স্বাস্থ্য কেন্দ্রে ভিজিটিং কমিটি গঠনের আদেশ দেওয়া হইয়াছে। উপরোক্ত হাসপাতালগুলিতে এরূপ কমিটি গঠন করা হইয়াছে।

### Selection of Candidates for Joint Entrance Examination (Medical)

*35, (Admitted question No. *401.) **Shri Somen Mitra :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of candidates selected, (i) in the Joint Entrance Examination (Medical) and (ii) on the recommendation of the Chief Minister against quota reserved for candidates recommended by the Chief Minister, for admission in the Medical Colleges in West Bengal during the past three years ; and

(b) the number of such candidates coming from rural areas of West Bengal ?

Minister-in-charge of Health Department.

(i) The number of candidates selected on the basis of the results of the Joint Entrance Examination :

| | | |
|---|---|---|
| 1980-81 Session | ... | 708 |
| 1981-82 Session | ... | 708 |
| 1982-83 Session | ... | 678 |

*(ii) The number of students nominated by the State Govt.* for admissi to the seats reserved for nominees of the Govt. of West Bengal:

| | | | |
|---|---|---|---|
| | 1980-81 | Session ... | 10 |
| | 1981-82 | Session ... | 10 |
| | 1982-83 | Session ... | 10 |
| (b) | 1980-81 | Session ... | 209 |
| | 1981-82 | Session ... | 216 |
| | 1982-83 | Session ... | 203 |

## আকালতারা ও সেঞ্চুরী কোং থেকে সরবরাহকৃত সিমেণ্টের ওজনে হ্রস্বতা

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২।) শ্রীশুভেন্দু মণ্ডল ঃ খাদ্য ও সরবরা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, আকালতারা ও সেঞ্চুরী সিমেণ্ট কোম্পানী থেকে পশ্চিম বঙ্গের জন্য যে সিমেণ্ট সরবরাহ করা হয় তাহার প্রতি বস্তায় ৫০ কেজির চেয়ে ক সিমেণ্ট থাকে ;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কত কেজি কম থাকে ; এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

Minister-in-charge of Food and Supplies Department.

(ক) সেঞ্চুরী সিমেণ্টের ক্ষেত্রে এ ধরণের কম ওজনের বস্তার অভিযোগ ন থাকলেও আকালতারার ক্ষেত্রে মাঝে মাঝে ঐ অভিযোগ পাওয়া গিয়েছে।

(খ) কোন কোন সময়ে আকালতারা সিমেণ্টের কারখানা থেকে বস্তা প্রতি ৫০ কেজির জায়গায় ৪০ থেকে ৪৫ কেজি পাওয়া গিয়েছে।

(গ) মধ্যপ্রদেশে অবস্থিত আকালতারা সিমেণ্ট কারখানা কেন্দ্রীয় সরকারে পরিচালনাধীন একটি সংস্থা। যখনই এ ধরণের কম ওজনের বস্তার ঘটনা ঘটে তখনই পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ সংস্থা উক্ত কারখানার জেনারেল ম্যানেজারে কাছে অভিযোগ দায়ের করে ক্ষতিপূরণ দাবী করেন। এবং ঐ ধরণের কম ওজনে বস্তা পাওয়া গেলে ক্রেতাসাধারণ যাতে ক্ষতিগ্রস্ত না হন তারজন্যে বস্তাগুলি পশ্চিমব অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ সংস্থা ওজন করে বিক্রি করার ব্যবস্থা করেন।

### Adjournment Motion

**Mr. Speaker**: I have received three notices of Adjournment Motio to-day. The first is from Dr. Sukumar Roy, which deals with alleged deat of two persons from police firing at Raghunathpur, Purulia on 10t August, 1983.

The Second is from Shri Kahinath Misra, which deals with power crisi in West Bengal.

The third is from Shri Abdul Mannan, which deals with alleged attac on Shri Santosh Roy, Secretary of West Bengal Pradesh Congress by th supporters of a major political party on 17.8.83.

The first and the third motions relate to day-to-day administration. The second motion raises a matter which is continuing for some time.

I, therefore withhold my consent to all the above motions.

One Member of the party may, however, read out the text of the motion as amended.

**শ্রীআবদুল মান্নান ঃ** মিঃ স্পীকার, স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল ঃ

গত ১৭ই আগস্ট, ১৯৮৩ কোচবিহার জেলার তুফানগঞ্জে একটি দলীয় সভা সেরে যখন পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের সম্পাদক ও প্রাক্তন মন্ত্রী শ্রীসন্তোষ রায় ফিরছিলেন, তখন শাসকগোষ্ঠীভুক্ত একটি রাজনৈতিক দলের কয়েক শ সমর্থক মারাত্মক অস্ত্র-শস্ত্র নিয়ে শ্রীরায়ের উপর আক্রমণ করে। শ্রী রায় ও তাঁর কয়েকজন সঙ্গী গুরুতররূপে আহত হয়ে আজও হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। কংগ্রেস নেতা শ্রী রায়ের উপর এই আক্রমণ পূর্ব পরিকল্পিত। এবং পুলিশ এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নিতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker** : I have received four notices of Calling Attention on the following subjects namely :-

1. Deplorable condition of Kuchiamari bridge on National Highway (No. 34) near Malda West Dinajpur border from Dr. Zainal Abedin.

2. Situation arising out of indefinite strike in factories of Metal Box ( India ) Ltd. from Shri Gyan Singh Sohanpal.

3. Cancellation of M. D. Examination (Obstetrics and Gynaecology) of Calcutta University held on 7.8.1983 from Shri Abdul Mannan.

4. Out break of diseases in the industrial areas due to pollution of water of the rivers Ganga, Bhagirathi and Damodar from Shri Kashinath Misra.

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of situation arising out of indefinite strike in factories of Metal Box (India) Ltd.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak :** On the 8th September, 1983.

## Mention Cases

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অধিকার ভঙ্গের প্রশ্ন আনছি। খবরের কাগজে দেখলাম এই সভার মাননীয় সদস্য শ্রীমোতাহার হোসেন বীরভূমজেলার মুরারইর একটি পঞ্চায়েত নির্বাচন সম্পর্কে মন্তব্য করেছেন যে, ফরওয়ার্ড ব্লকের এম. এল. এ কংগ্রেসের হয়ে ভোট দিয়েছেন। আমি

*বলছি এটা সর্বৈব মিথ্যা এবং অসৎ উদ্দেশ্য প্রণোদিত। এই ভোট হয় সিক্রেট ব্যালটের* মাধ্যমে এবং আইন অনুসারে যিনি ভোট দেন তিনি কখনও বলতে পারেন না কোথায় তিনি ভোট দিয়েছেন। অথচ মাননীয় সদস্য মোতাহার হোসেন এইসব মন্তব্য করেছেন। আমি তাঁর বিরুদ্ধে অধিকার ভঙ্গের প্রশ্ন আনছি এবং আশাকরি আপনি এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করবেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পর এই ৬ বছর ধরে পশ্চিমবাংলায় খুনোখুনির রাজনীতি সুরু হয়েছে। আমি লক্ষ্য করেছি বামফ্রণ্ট ক্ষমতায় আসার পর আমাদের দলের এম. এল. এ. সুভাষ মাহাতো মার খেয়েছেন এবং ডাঃ জয়নাল আবেদিনের উপরেও অত্যাচার হয়েছে। আরও দুঃখের কথা, আমাদের প্রদেশ কংগ্রেসের নেতা এবং প্রাক্তন মন্ত্রী সন্তোষ রায় যখন মিটিং করে ফিরছিলেন তখন সি পি এম গুণ্ডারা পরিকল্পিতভাবে তাঁকে আক্রমন করে প্রচণ্ডভাবে মারধোর করে এবং তাঁর সঙ্গে আরও যে ৩ জন লোক ছিল তাঁদেরও মারধোর করে। বর্তমানে তাঁরা হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। মুখ্যমন্ত্রী এই ব্যাপারে উস্কানি দিয়ে মনে করছেন খুনোখুনির রাজনীতির মাধ্যমে তিনি ফয়দা লুটবেন। এঁরা অন্যান্য দলের লোকদের এবং এম এল এ—দের উপর আক্রমণ সুরু করেছেন অথচ মুখে বলছেন গণতন্ত্রের কথা। আমি জিজ্ঞেস করি, মিটিং করে ফেরার সময় কোন সি পি এম মন্ত্রীর বা এম এল এ-র গায়ে হাত পড়েছে কি? আমি বলতে পারি ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এরকম কোন ঘটনা ঘটেনি এবং এরকম কোন নজীরও নেই। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বর্তমান মুখ্যমন্ত্রী খুনের রাজনীতিতে নেমেছেন। বর্তমান মুখ্যমন্ত্রী বিশ্বাস করেন এইভাবে মারধোর করে কংগ্রেসকে দাবিয়ে রাখা যাবে। আমি দাবী করছি এই ব্যাপারে কোলকাতা হাই-কোর্টের একজন বিচারপতির মাধ্যমে জুডিসিয়াল এনকোয়ারী হওয়া দরকার। আমি মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি এই অবস্থা চললে গণতন্ত্র রেহাই পাবে না এবং তাঁরাও কিন্তু রেহাই পাবেন না।

( নয়েজ )

( Several members from Congress (I) benches rose in their seats )

[2-20—2-30 p.m.]

( গোলমাল )

**শ্রীনিরোদ রায় চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বাজারে এখন কাঁচা পাট আমদানি হচ্ছে। চাষীরা সেই পাট বিক্রি করার জন্য খুবই ব্যস্ত হয়ে পড়েছে। এবং বাজারে পাট আসতে সুরুও করেছে। সরকার জে. সি. আই-কে নির্দেশ দেওয়া সত্বেও জে. সি. আই কৃষকদের কাছ থেকে পাট কিনছে না। তারা পাট কিনছে ফড়েদের কাছ থেকে। চাষীদের কাছ থেকে জে. সি. আই খুব সামান্যই পাট কিনছে। সরকার মিনিমাম সাপোর্ট প্রাইস ঘোষণা করেছেন। আজ ২৬'৮'৮৩ তারিখ পর্যন্ত কমারসিয়াল রেট

ধার্য থাকা সত্বেও জে. সি. আই বা তার সহযোগীরা পাট কিনছে না। এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সরকারকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসুব্রত মুখার্জী :** এই বিষয়ে মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিন। মুখ্যমন্ত্রী এবং তাঁর মন্ত্রীসভা বেয়াদবীর মত কাজ করছেন···

( গোলমাল )

**মিঃ স্পীকার :** সুব্রতবাবু আপনি বসুন।

**শ্রীনিরোদ রায় চৌধুরী :** আমি আশা করবো সরকার জে. সি. আই-কে বাধ্য করাবেন এই পাট কেনার জন্য।

( গোলমাল )

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আসানসোলের জি. আর. পি অফিসের এস আই এবং ও সি হকারদের কাছ থেকে নিয়মিতভাবে দু টাকা করে ঘুষ নিচ্ছে এবং যারা না দিচ্ছে তাদের ধরে নিয়ে গিয়ে মারধোর করছে, লাঠিপেটা করছে। আবার ঐ অফিসাররাই তাদের পেটোয়া হকারদের আইডেন্টিটি কার্ড দিচ্ছে এবং দু টাকা করে নিচ্ছে। আমাদের ইউনিয়নের কর্মীদের মধ্যে তিনজন কর্মীর বিরুদ্ধে ফল্স্ কেস রুজু করা হয়েছে। এই অবস্থা যদি চলতে থাকে এবং এর প্রতিকার যদি না হয়, আমাদের পার্টির লোকজনদের প্রতি যদি এই রকম অত্যাচার হয় তাহলে আমরা বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবো—এমন কি রেল অবরোধ করতে বাধ্য হবো।

(Shri Subrata Mukherjee, Dr. Manas Bhunia and other members from the Congress benches rose in their seats)

**Mr. Speaker :** Please take your seats.

Mr. Mukherjee, Dr. Bhunia, please take your seats. This is mention hour. I have time and again requested you take your seats, because it is mention hour. This House has introduced this mention hour and every member has got the right to mention as you have also this right. I have got the responsibility to see that the right of the members is not hampered. You cannot take away this right. It cannot go on indefinitely. There must be reasonableness. There is no question of threatening anybody. When the speaker is on his legs you must take your seats. I now request Dr. Zainal Abedin to speak.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টার উপর আমরা গুরুত্ব আরোপ করেছি এবং আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সঙ্গে সঙ্গে চীফ মিনিস্টার, হোম মিনিস্টার, ইভিন দি কাউন্সিল অব মিনিস্টার্স-এর দৃষ্টি আকর্ষণ করছি, যে এই রাজ্যে স্থায়ী ভাবে জঙ্গলের আইন চালু হয়েছে। এই রাজ্যে মন্ত্রীসভার সকলে এবং আমরাও এই হাউসে ঢোকবার আগে শপথ নিয়েছি সংবিধানকে মেনে চলবো। আজকে এই সংবিধান মেনে চলার শপথ নেবার পরেও আমরা স্পষ্ট ভাবে জানতে চাই যে এটা আর কম্যুনিস্ট স্টেট নয়, এখানে মালটি পার্টি থাকবে, এখানে রাজনৈতিক প্রতিপক্ষ থাকবে কি না ? আজকে আমি জিজ্ঞাসা করতে চাই, সন্তোষ রায়, প্রদেশ কংগ্রেসের

অন্যতম সম্পাদক, এক্স মিনিষ্টার, হি ওয়াজ এ মেম্বার অব দিস হাউস — আজকে নির্বাচনের উত্তেজনা নেই, আমরা জানি এই মন্ত্রীসভায় দায়িত্বশীল প্রবীন মন্ত্রী গৃহ যুদ্ধের হুমকি দিয়েছেন, এঁরা কি গৃহ যুদ্ধের হুমকির সূচনা করেছেন, কংগ্রেস নেতৃবৃন্দকে খুন করে ? আমরা জানতে চাই, সন্তোষ রায়ের উপর যে আক্রমন হলো, তার জন্য কি তদন্ত হয়েছে, মুখ্যমন্ত্রী কি তদন্ত করেছেন ? আমরা বলেছি, সি. পি. এম. এই আক্রমণ করেছে, কিন্তু আজও কোনও প্রতিকার হয়নি। আমরা চাই, এবং উনাদের যদি হিম্মত থাকে তাহলে গভর্ণমেণ্ট এই ব্যাপারে এখুনি জুডিশিয়ারী এনকোয়ারী করুন। We demand Judicial enquiry over the assaults on the functionary of the Pradesh Congress Committee. কারণ He is an Ex Minister of this State. মিঃ স্পীকার স্যার, আপনি এই জিনিষটাকে লঘু করে দেখবেন না, আপনি ঐ চেয়ার থেকে যা হুকুম করবেন, আমরা তা মানতে বাধ্য। আজকে সন্তোষ রায়ের উপর বর্বরোচিত আক্রমন হয়েছে, আমি দাবি করি, মুখ্যমন্ত্রী এসে বলুন, কি প্রতিকার তিনি করেছেন, কতজনকে ধরা হয়েছে কি ব্যবস্থা হয়েছে। তা যদি না হয় — আমাদের সহকর্মী, আমাদের লক্ষ লক্ষ কর্মীদের উপর আক্রমন হচ্ছে, শয়ে শয়ে কর্মীকে নির্যাতিত করা হচ্ছে, খুন করা হচ্ছে।

**মিঃ স্পীকার :** ডাঃ জয়নাল আবেদিন, আপনি একজন সিনিয়ার মেম্বার, আপনি যদি······

**ডাঃ জয়নাল আবেদিন :** এর প্রতিকার যদি না হয়, আমাদের ওয়াক আউট করা ছাড়া অন্য কোন পথ নেই।

[2-30—2-40 p.m.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহোদয়, পঞ্চায়েতের কর্মকর্তা নির্বাচন উপলক্ষে গ্রামাঞ্চলে কংগ্রেস সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে। স্যার, আপনি জানেন বহু বামপন্থী সদস্য অপহৃত হয়েছে এবং বহু বামপন্থী সদস্যকে খুন করা হয়েছে এবং পরিকল্পিতভাবে কংগ্রেস ( ই )-র তরফ থেকে সন্ত্রাস সৃষ্টি করা হচ্ছে। স্যার, আমাদের ধারণা হচ্ছে মালদার মালোপাড়ার ঘটনার পুনরাবৃত্তি ঘটতে পারে। কয়েকদিন আগে আমার নির্বাচন কেন্দ্র নওদা থানায় যখন পঞ্চায়েত সমিতির নির্বাচন চলছিল সেই সময় দেখা গেল নির্বাচনে পরাস্ত হবার পরে অতর্কিতে আক্রমন শুরু করে দিল। আমাদের জেলা পরিষদের সদস্য আকসার আলি আহত হলেন, ছাত্র যুব কর্মীরা ব্যাপকভাবে আহত হলেন এবং সেখানকার সাধারণ মানুষ খুব অবাক হয়ে লক্ষ্য করলেন যে সমাজবিরোধীদের যুক্ত করে পরিকল্পিতভাবে আক্রমন করা হল। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, আগামী দিনে যে সমস্ত স্থায়ী কমিটির নির্বাচন হবে সেই নির্বাচন শান্তিপূর্ণভাবে সমাধা করার জন্য স্বরাষ্ট্র দপ্তরের তরফ থেকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার। কারণ, আমরা ভোটের সময় দেখেছি পুলিশ বাহিনী চূড়ান্তভাবে নিষ্ক্রিয় হয়ে পড়েছিল। পুলিশের এক অংশ প্রকাশ্যে কংগ্রেসের তরফে সমাজবিরোধীদের তরফে কাজ করে যাচ্ছে। উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানিয়েও কিছু ফল হয়নি। আমরা দায়িত্বশীল মানুষ

হিসাবে কখনই এই কথা আমাদের কর্মীদের বলতে পারি না যে তোমরা পাল্টা আক্রমন করো। কিন্তু পরিস্থিতি এমন এক জায়গায় এসে দাঁড়িয়েছে যে, পুলিশ যদি নিষ্ক্রিয় হয়ে থাকে তাহলে মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত স্থায়ী কমিটির নির্বাচন হতে চলেছে সেখানে একটা ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হবে। তাই সমস্ত নির্বাচনী এলাকায় পুলিশী ব্যবস্থা জোরদার করার দিকে দৃষ্টি দিতে হবে, তা নাহলে গ্রামাঞ্চলে একটা ভয়াবহ ঘটনা যে কোন মুহূর্তে ঘটে যেতে পারে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ৬ বৎসর ধরে এই বাম ফ্রন্ট সরকার যে ধরণের খুনের রাজত্ব কায়েম করেছে তার বলি হয়েছে আমাদেরই বিধানসভার সদস্য সুভাষ মাহাতো। স্যার, আমরা লক্ষ্য করে আসছি যখনই কোন কংগ্রেস কর্মী আক্রান্ত হচ্ছেন, নিগৃহীত হচ্ছেন তখনই মাননীয় মুখ্যমন্ত্রী অপদার্থ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে বলছেন — ডাকাত হিসাবে ধরা হয়েছে। কিংবা সমাজবিরোধী হিসাবে ধরা হয়েছে।

স্যার, অত্যন্ত আশ্চর্য্যের কথা হল এই, গত ২০শে মে তারিখে রাত্রিবেলায় সুব্রত মুখার্জির একটি মিটিং ছিল এবং সুব্রত মুখার্জি, কাশীনাথ মিশ্র, সুভাষ মাহাতো মিটিং করে কাশীবাবুর বাড়ীতে আসেন। সুব্রত মুখার্জির পুরুলিয়া যাবার কথা ছিল। কিন্তু সুব্রত মুখার্জির যাত্রা পোষ্টপোন হওয়ায় সুভাষ মাহাতো একা ফিরে যাচ্ছিলেন। ছাতনা পুরুলিয়া মেন রোড যেটা পূর্তমন্ত্রী সম্প্রতি উদ্বোধন করে এলেন, সেই রাস্তা দিয়ে রাত্রি ১১।।/১২ টার সময় সুভাষ মাহাতো যাচ্ছিলেন। ঐ রাস্তা দিয়ে যাবার সময় খরবোনা গ্রামের কাছে ৩০০/৪০০ লোক লাঠি, বল্লম ইত্যাদি নিয়ে রোড বুক করে সুভাষ মাহাতোকে আক্রমণ করে। তার সিকিউরিটিকে রিভলবার দিয়ে হত্যা করা হল, সুভাষ মাহাতোকে গাছে বেঁধে রড দিয়ে মারা হল এবং তাকে হসপিটালাইজড করতে হয়েছে। ওর সঙ্গে লিপিকা চ্যাটার্জি বলে একজন বয়স্কা মহিলা ছিলেন, তাকেও নিগৃহীত হতে হয়েছে ঐ ৩০০/৪০০ লোকের হাতে। তারা সি. পি. এম. না আর. এস. পি.-র সমর্থক জানি না। উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি দাবী জানাচ্ছি।

( Noise and interruptions )

**Mr. Speaker :** Mr. Ghosh, please take your seat.

**শ্রীরাজকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত পঞ্চায়েত নির্বাচনের আগে থেকে এখনও পর্য্যন্ত কংগ্রেস ( ই )-র নেতা, কর্মী, সমর্থকরা গ্রামাঞ্চলে সন্ত্রাসের সৃষ্টি করে চলেছে। তারা আমাদের বামফ্রণ্টের নেতা, কর্মী এবং গণতন্ত্রপ্রিয় মানুষদের উপর সুপরিকল্পিতভাবে অত্যাচার চালিয়ে যাচ্ছে। এমন কি মহিলারা পর্য্যন্ত তাদের এই আক্রমনের হাত থেকে রক্ষা পাচ্ছেন না। স্যার, এই ধরনেরই একটি ঘটনার কথা আমি আপনার মাধ্যমে হাউসের সামনে রাখছি এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। কংগ্রেস ( ই ) কর্মী বাবলু শাসমলের নেতৃত্বে ৩/৪ জন কংগ্রেস কর্মী ধুলাগড়ি মোড়ের কাছে বিকেলবেলায় কল্পনা সামন্ত নামে

এক মহিলাকে বাস থেকে নামিয়ে নিয়ে আসে এবং তাকে মারধোর করে ও তার শ্লীলতাহানি করে। এই খবর পাঁচলা থানার ও. সিকে জানালে তারা ঘটনাস্থলে আসেন এবং কল্পনা সামন্তকে গাববেড়িয়া স্টেট জেনারেল হসপিট্যালে ভর্তি করেন। এর পরও কল্পনা সামন্ত রেহাই পান নি। পরে তার বাড়ীও আক্রান্ত হয়। অবস্থা বুঝে পাঁচলা থানার ও. সি সেখানে পুলিশ পোস্টিং করেন। অপরাধীরা সকলেই পাঁচলা থানার অন্তর্গত শুভরস্তাড়া গ্রামের অধিবাসী। আজ পর্য্যন্ত কোন অপরাধীকেই গ্রেপ্তার করা হয়নি। স্যার, এই বিষয়টির প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ ও দোষীদের গ্রেপ্তারের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীহারান হাজরা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কংগ্রেস ( ই ) গুণ্ডাদের দ্বারা সি. পি. এম কর্মীদের খুন করার প্রতিবাদ জানিয়ে এবং এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি ঘটনার কথা এই হাউসে রাখছি। স্যার, হাওড়া জেলার সাঁকরাইল থানার হীরাপুরের কর্মকার পাড়ায় গত ৯ই আগস্ট কংগ্রেস ( ই ) গুণ্ডারা সি. পি. এম কর্মী কমরেড বিশ্বনাথ কর্মকারকে তলোয়ার, ভোজালি ইত্যাদি দিয়ে কুপিয়ে কুপিয়ে হত্যা করে। কমরেড বিশ্বনাথ কর্মকার সিউড়ির টেক-নিক্যাল কলেজের অধ্যাপক ছিলেন। শ্রী কর্মকার যখন কলেজে যাবার জন্য ভোর ৪॥ টে নাগাদ বাড়ী থেকে বের হন সেই সময় কংগ্রেসী গুণ্ডারা তাকে তলোয়ার, ভোজালি ইত্যাদি দিয়ে খুন করে। স্যার, কংগ্রেসীরা এই অপরাধকে চাপা দেবার জন্য নানান রকমের অপপ্রচার শুরু করেছেন। গত ১৪ই আগস্ট আনন্দবাজার পত্রিকায় কংগ্রেস ( ই )-র হাওড়া জেলা কমিটির পক্ষ থেকে বলা হয়েছে সি. পি. এম নারী ধর্ষণ, লুট, খুন, ঘর জ্বালানো ইত্যাদি কাজ করছে। এর সঙ্গে সঙ্গে ১৪ কিম্বা ১৫ই আগস্ট কোলকাতার 'আকাশবাণী' থেকে গ্রামীণ সংবাদে বলা হয়েছে যে সি. পি. এম নারী ধর্ষণ, লুঠ, খুন, ঘর পোড়ানো ইত্যাদি করছে। স্যার, এই অপপ্রচার আমরা মনে করি সম্পূর্ণভাবে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। স্যার, আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং যে সমস্ত অপরাধী এখনও ঘুরে বেড়াচ্ছে তাদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তি বিধানের দাবী জানাচ্ছি।

[2-40—2-50 p.m.]

**শ্রীসুভাষ বসু** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং আমাদের শিল্পমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। বিষয়টি হচ্ছে, রামনগর চিনিকল সম্পর্কে। ৩৩ হাজার বিঘা জমি নিয়ে মালিকরা ওখানে চিনি কল চালাতেন। বর্তমানে মাত্র ৫ হাজার বিঘা জমিতে আখ চাষ করছেন। শ্রমিকদের ৩ মাসের বেতন দিচ্ছেন না। আমাদের রাজ্য চিনির দিক থেকে ঘাটতি। রামনগর চিনিকল চললে অনেক চিনির ঘাটতি পূরণ হতে পারতো। কিন্তু মালিকরা সেখানে ২৮ হাজার বিঘা জমিতে ধান এবং পাট চাষ করছেন এবং এই জমিগুলি বিক্রয় করার চক্রান্ত করছেন। শ্রমিকদের ৩ মাসের বেতন দিচ্ছেন না, তাদের প্রভিডেণ্ট ফাণ্ডে টাকা জমা দিচ্ছেন না, কৃষকদের লক্ষ লক্ষ টাকার আখ

নিয়েছেন কিন্তু তাদের টাকা দিচ্ছে না। এই রকম একটা জালিয়াতি চক্রান্ত সেখানে চলছে। রামনগর চিনি কলের মালিক হচ্ছেন এ্যাণ্ডারসন রাইট। আমি মাননীয় শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই বিষয়টি হস্তক্ষেপ করে কৃষকদের লক্ষ লক্ষ টাকা আখের দাম, শ্রমিকদের ৩ মাসের বেতন, তাদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা এবং জমি বিক্রয় করার যে চক্রান্ত চলছে, সেগুলি বন্ধ করে এরা যাতে এদের টাকা পায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীনিতাই আদক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, গত পঞ্চায়েত নির্বাচনের পরে বাগনান থানায় কংগ্রেস থেকে বিভিন্ন জায়গায় সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছে। গত কয়েকদিন আগে বাগনান থানার অন্তর্গত পিপুলান গ্রামে কংগ্রেস বাড়ীতে বাড়ীতে গিয়ে হামলা করে এবং সেখানে বাড়ীর মেয়েদের উপর অত্যাচার করে এবং বাচ্চা ছেলে-মেয়েদের মারধর করে। এই ব্যাপারে একজন পুলিশ কর্মীও তাদের সঙ্গে অংশ গ্রহণ করে। এই কথা বার বার জানানো সত্বেও কোন প্রতিকার হচ্ছে না। এখানে পুলিশ থেকে এদের সহযোগিতা করছে। সেজন্য ঐ গ্রামে যাতে শান্তি ফিরে আসে তার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

**শ্রীননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব-পূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রে একজন কংগ্রেস ( আই ) -এর কর্মী তাকে নৃশংসভাবে খুন করা হয়েছে। গত ২২।৮।৮৩ তারিখে সকাল ১০টার সময়ে কংগ্রেস ( আই )-এর যুব নেতা, নারায়ণ প্রসাদ ঘোষ, তার ডাক নাম হচ্ছে কুশ, এককালে গোবরডাংগা কলেজের ছাত্র ইউনিয়নের সম্পাদক ছিলেন। তাকে সকাল ১০টার সময়ে তার মা এবং বোনের সামনে কুপিয়ে কুপিয়ে খুন করা হয়। তারপরে তার মা গিয়ে থানায় ডায়েরী করেন এবং তাতে ২ জনকে গ্রেপ্তার করা হয়। তাদের একজনের নাম হচ্ছে গোবিন্দ সাহা। ঘটনাটা হচ্ছে, নারায়ণ প্রসাদ ঘোষ, তিনি কংগ্রেস ( আই )-এর নেতা, এবং গোবিন্দ সাহা, এ্যাডভোকেট, কংগ্রেস ( আই )-এর একজন নেতা।

কংগ্রেস ( ই )-র দু'দলের মধ্যে খুনোখুনি চলছে। এখানে ওঁদের মধ্যে কে কোন্ দলে আছেন, তা আমরা জানি না। আজকে এক দলের কংগ্রেস কর্মীকে আর এক দলের কংগ্রেস কর্মী নৃশংসভাবে খুন করছে, প্রকাশ্য দিবালোকে খুন করছে। এ বিষয়ে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবী করছি যে, যে-সমস্ত কংগ্রেস কর্মীরা খুন করছে এবং তাদের পেছনে যে-সমস্ত কংগ্রেস নেতারা আছে অবিলম্বে তাদের গ্রেপ্তার করুন। আজকে কংগ্রেস নেতারা এখানে বসে আছেন এবং সন্তোষ রায়ের বিষয় নিয়ে এখানে চিৎকার করছেন। আমি তাঁদের কাছে দাবী করছি যে, তাঁদের একজন কর্মী আমার এলাকায় খুন হয়েছে, তাঁদের যদি সাহস থাকে তো তাহলে তাঁরা সেই নিহত কংগ্রেস কর্মীর মায়ের সাথে গিয়ে দেখা করুন। এক দল কংগ্রেস কর্মী একজন কংগ্রেস কর্মীকে তার মায়ের সামনে খুন করেছে। তেরঙ্গা ঝাণ্ডা নিয়ে গিয়ে কংগ্রেস কর্মী কুশ'কে তার মায়ের সামনে খুন করার ফলে আজকে আর

রেডিও'র খবরে বলা হচ্ছে না বা কংগ্রেসের পোষা সংবাদপত্রগুলিতে ছাপা হচ্ছে না যে, সি পি এম কর্মীরা এই কাজ করেছে। এ ক্ষেত্রে সংবাদপত্রের বা রেডিও'র আজকে আর সেই সাহস হচ্ছে না। কাজেই আমার দাবী হচ্ছে, কুশকে যারা খুন করেছে এবং তাদের পেছনে যারা আছে তাদের সকলকে গ্রেপ্তার করা হোক।

স্যার, কংগ্রেসী গুণ্ডারা শুধু মাত্র কংগ্রেস কর্মী খুন করেই চুপ করে থাকছে না, গত ৫ই জুলাই কংগ্রেসী গুণ্ডারা ডাকাতির নাম করে ভুরভণ্ডা-হাট গ্রামের ক্ষেতমজুর সিন্ধু বৈরাগীর বাড়িতে ঢুকে তাকে খুন করেছে। স্যার, আমরা লক্ষ্য করছি অনেক ক্ষেত্রে তারা শুধু মাত্র সন্ত্রাস সৃষ্টি করার জন্য খুন করছে। আজকে কংগ্রেসীরা যখন অন্য কোন রাস্তা খুঁজে পাচ্ছে না তখন তারা নিজেরা নিজেদের কর্মীকে খুন করছে, অসহায় মানুষকে খুন করছে। আজকে ওঁরা সন্তোষ রায়কে কেন্দ্র করে এখানে চিৎকার করছেন। অথচ আমরা জানি ঐ ঘটনায় ওঁদের নিজেদের লোকই গ্রেপ্তার হয়েছে। যে-সমস্ত কংগ্রেস কর্মী সন্তোষ রায়কে মেরেছে, আজকে তারা গ্রেপ্তার হয়েছে। সুতরাং কংগ্রেস ( ই ) সদস্যরা আজকে এখানে অকারণে চিৎকার করছেন। ওঁদের চিৎকার বন্ধ হোক।

**শ্রীসাত্ত্বিককুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, বীরভূম জেলার রাজনগর থানার চন্দ্রপুর অঞ্চলে যে ময়ূরাক্ষী গ্রামীণ ব্যাঙ্ক আছে সেই ব্যাঙ্ক থেকে সরকারী নিয়ম অনুযায়ী গরীব বর্গাদারদের এবং পাট্টাদারদের স্পেসাল কমপোনেণ্ট প্ল্যানে সাহায্য দেওয়ার কথা। অথচ ময়ূরাক্ষী গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান এবং ম্যানেজারের মধ্যে ঝগড়া চলার জন্য এ বছরে আজ পর্যন্ত গরীব বর্গাদারদের এবং প্রান্তিক চাষীদের কোন রকম সাহায্য দেওয়া হয়নি, টাকা বিলি করা হয়নি। এ বিষয়ে অতি-সত্বর ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি সভার এবং বিশেষ করে সমবায়মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণের জন্য বিষয়টি সভায় উত্থাপন করছি।

ঋণের দায়ে গরীব কৃষকের জমি নীলাম বামফ্রণ্ট সরকারের নীতি সম্মত নয়, তা সত্বেও আমলাতান্ত্রিক ব্যবস্থায় আজও গ্রামাঞ্চলে তা ঘটছে। অবিলম্বে উহা রদ করা অত্যন্ত জরুরী। প্রচণ্ড খরার পর গ্রামাঞ্চলে অসমান বৃষ্টিপাতের মধ্যেও কৃষকেরা যখন সর্বস্ব পণ করে চাষের কাজে ব্যস্ত, ঠিক সেই সময়ে বাকি বকেয়া ঋণ আদায়ের নামে গরীব কৃষকদের বাঁচবার সম্বল চাষের জমিটুকু সমবায় আমলাবর্গ কোর্ট নীলাম করিয়ে ছিনিয়ে নিতে সাহায্য করায় অতি তৎপর। গরীব কৃষকদের উপর এ ধরণের আক্রমণ দ্রুত বন্ধ করা অত্যন্ত জরুরী। স্যার, আমি মনে করি এই ধরণের কাজ দ্রুত বন্ধ না করলে গ্রামাঞ্চলে বিরূপ প্রতিক্রিয়া দেখা দেবে। আমি উদাহরণ হিসাবে এখানে তিনটি ঘটনা উল্লেখ করছি। (১) মেদিনীপুর এ. আর. সি, এস, গত ১৯।৮।৮৩ তারিখ এগরা থানার আলিপুর গ্রামের গণেশ সিং-এর ১০২ ডেসিম্যাল জমি নীলাম করিয়েছেন বিদ্যাসাগর কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের অনুকূলে।

[2-50—3-00 p.m.]

দ্বিতীয় ঘটনা হলো, তমলুকের উত্তররাউ তোড়ী গ্রামের রবীন্দ্র সামন্তের ১ একরেরও কম জমি আগামী ১৭-৯-৮৩ তারিখে ঐ জমি ক্রোকী নীলামের দিন ধার্য্য হয়েছে। তৃতীয় ঘটনা হলো, কাঁথি এ. আর. সি. এস এগরার আলিপুর গ্রামের কালীকিংকর বেরার (বাড়ীর মালিক) অনুপস্থিতিতে বাড়ীতে মাল ক্রোক করতে গেলে বাড়ীর মেয়েরা ক্রোক করার ব্যাপারে আপত্তি জানালে ৫ জন মহিলা সহ ১২ জনের বিরুদ্ধে কোর্টে ক্রিমিন্যাল প্রসিডিওর কেস দায়ের করেছেন। এইভাবে বামফ্রন্ট সরকারের আমলে এই প্রকার অন্যায় যদি চলতে থাকে তাহলে গ্রামাঞ্চলের মানুষের সামনে বামফ্রন্ট সরকারের ভাবমূর্তি ম্লান হবে। তাই আমি আপনার মাধ্যমে সমবায়-মন্ত্রী এবং এই বিধানসভার সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। যাতে গরীব মানুষের জমি নীলাম অবিলম্বে বন্ধ করা হয়। আপনারা নিশ্চয়ই জানেন, গ্রামের গরীব মানুষের জন্য সরকারী ঋণ মকুব করা হয়েছে, সরকারী ব্যাঙ্ক থেকে দরিদ্র চাষী, বর্গাদারদের টাকা ঋণ দেওয়ার কথা যেখানে বলা হয়েছে, চাষের মুখে এবং এত বড় যেখানে খরা গেল—সেই সময়ে জমি নীলামের পরোয়ানা জারী করা অন্যায় এবং এটা বন্ধ করা দরকার। এটা যদি অবিলম্বে বন্ধ করা না হয় তাহলে গ্রামাঞ্চলের মানুষের মধ্যে তীব্র বিক্ষোভ দেখা দেবে।

শ্রীশচীন সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি নৃশংস গণহত্যার ঘটনা আপনার সামনে উপস্থিত করতে চাই। আমি এতক্ষণধরে কংগ্রেস-আইয়ের কথা শুনছিলাম। কংগ্রেস-আইয়ের গুণ্ডারা কত নৃশংস হতে পারে তার নমুনা আমি দিচ্ছি। বিগত ৫ জুলাই, মালদা জেলার রতুয়া থানার মালোপাড়া গ্রামে ১৩ জন সি. পি. এম কর্মীকে যেভাবে কংগ্রেসী গুণ্ডারা নৃশংসভাবে হত্যা করেছে তার তুলনা নেই। রাত্রি-বেলায় শতশত সশস্ত্র গুণ্ডাকে ওরা জড়ো করেছিল এবং ভোরবেলা সেইসব গুণ্ডারা গ্রাম আক্রমণ করে। ভোর যখন হচ্ছিল, গ্রামের মানুষেরা যখন নিদ্রায় ছিলেন তখন ওরা গ্রামে আগুন লাগিয়ে দেয়। প্রাণ বাঁচাবার জন্য যখন ঐ গ্রামের মানুষেরা এক রাস্তা দিয়ে অন্য রাস্তায় বেরিয়ে আসার চেষ্টা করছিলো তখন ওরা এক-একজনকে নৃশংস-ভাবে আঘাত করে এবং গুলি করে ১৩ জনকে হত্যা করে। এটা একটা সুপরিকল্পিত হত্যা। আমি এই জন্য বলছি, এই ব্যাপারে নিন্দা করার পরিবর্তে একজন কেন্দ্রীয় মন্ত্রী [ * * * ] দম্ভ ভরে ঘোষণা করে এটাকে সমর্থন জানিয়েছেন। এই ধরনের হত্যাকাণ্ড তাঁরা করেছেন সুপরিকল্পিতভাবে। পশ্চিমবাংলায় সন্ত্রাস সৃষ্টি করার এই যে প্রচেষ্টা, যেভাবে তারা হত্যাকাণ্ড ঘটিয়েছে সেটা কোন সংবাদপত্রই চেপে রাখতে পারেনি, সমস্ত সংবাদপত্রেই এই ঘটনা বেরিয়েছে। [ * * * ] তিনি যে বিবৃতি দিয়েছেন তাতে এইকথাই প্রমাণিত হচ্ছে যে, কংগ্রেস-আই চাইছে, তার গুণ্ডাবাহিনী দ্বারা সমগ্র পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বিঘ্নিত করা এবং সন্ত্রাস সৃষ্টি করা। সুতরাং একে নিন্দা করার ভাষা নেই। তাই আমি আপনার মাধ্যমে এই দাবী রাখছি, অবিলম্বে কংগ্রেস-আই গুণ্ডাদের এইসব গুণ্ডামি বন্ধ করতে হবে।

---

Expunged as ordered by the chair.

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমি একটি নৃশংস হত্যার, একটি খুনের কাহিনী আপনার মাধ্যমে এই সভায় মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫.৮.৮৩ তারিখে, রাজারহাট কেন্দ্রের কালিকাপুর গ্রামের বনমালী মণ্ডল আমাদের একজন পার্টির সমর্থক, সেই পার্টির সমর্থককে সারা-রাত্রি ধরে পিটিয়ে পিটিয়ে খুন করা হয়েছে। সেই খুনীরা হল শহীদুল ঢালী এবং সহবত মোল্লা, এরা প্রত্যেকে কংগ্রেসের নেতা। এরা জোতদার, এদের ৭০০ বিঘা জমি আছে। এরা এইভাবে খুন করে ঐ সমস্ত এলাকায় একটা সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। আমি অবিলম্বে এদের ধরার জন্য বলছি।

গত কিছুদিন আগে আপনি দেখেছেন ভি. আই. পি. রোডের ধারে তপন ঘোষকে খুন করা হয়েছিল, দমদমের কংগ্রেসী মস্তান যার নামে এফ. আই. আর আছে সেই গোড়া রায়, একেবারে শত ঘোষ মহাশয়ের ভাইটি। আমি আগেই বলেছিলাম যে পঞ্চায়েত নির্বাচনের সময় এরা এইরকম করবে। এইভাবে খুন করে করে সন্ত্রাসের সৃষ্টি করার চেষ্টা করছে। এই যে পশ্চিমবঙ্গের শান্তিপূর্ণ পরিবেশ ধ্বংস করার চেষ্টা করছে সেটা পশ্চিমবঙ্গের জনগণ মুখ বুজে সহ্য করবে না। আমি তাই এই সভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এদের ধরে কঠোরভাবে সাজা দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ড ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, কলকাতা এবং মফঃস্বল জেলাগুলিতে বহু সিনেমা হল বন্ধ হয়ে পড়ে আছে। সিনেমা হলের মালিকরা আজ ৫/৬ মাস ধরে বন্ধ করে রেখে দিয়েছেন। এর জন্য সরকারের রেভিনিউ লস হচ্ছে এবং হাজার হাজার শ্রমিক কর্মচারী বেকার হয়ে পড়ে আছে। তারা বেকার হয়ে থাকায় তাদের পরিবারবর্গ অত্যন্ত কষ্টের মধ্যে দিয়ে দিন কাটাচ্ছেন। মালিকরা তাদের সর্বনিম্ন মজুরীও দিতে চাইছেন না। এই হলগুলো যাতে খোলার ব্যবস্থা করা যায় সেজন্য একটা ব্যবস্থা নেওয়ার দরকার। সেজন্য আমি এই বিষয়টির প্রতি সংশিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় শচীন সেন মহাশয় এখানে তাঁর অভিযোগ রাখতে গিয়ে মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী শ্রীগণিখান চৌধুরী মহাশয়ের সম্পর্কে অভিযোগ করেছেন।

Sir, the propriety of the House, the Rules of Procedure and conventions of the House demand that whosoever is not present here who cannot defend himself — his name cannot be brought here. As such, I appeal to your good-self either to expunge the remarks relating to the Central Minister or let the honourable member has the sober sense to withdraw the statement made by him in wilderness and in violation of the convention of the House.

[3-00—3-10 p.m.]

**Mr. Speaker :** Dr. Abedin, I agree with you that the rules do not allow to refer the name of any person who is not within the hall of the Assembly. But I find that the hon'ble members of both sides of the House are doing the

same. It is a matter of discipline. During mention hours more than 50 or 60 mention cases are tabled by the members from both sides of the House. Every member has the right to mention his case which should not be disturbed by the other members. There should be some principle and procedure. Nobody can violate the procedure of the House. If it is done, the respect and dignity of the House cannot be maintained. So I would appeal to the good sense of all hon'ble members of this House that let us control ourselves. The rules are here. Let us be more respectful to the rules so that the dignity of the House can be enhanced. Now I direct that the name of the Central Minister which has been mentioned here should be expunged,

**Dr. Zainal Abedin :** Sir, I went to draw the attention of the Hon'ble P.W.D. Minister about a very important matter.

The Kuchiamari Bridge situated on the N. H. 34 has become badly damaged and is not at all negotiable for the last 10 years as a result of which the traffics are diverted through Malda-Balurghat Road. We have no railway links. We have to walk for 40 miles to catch the train. It needs special mention that since it is on the border area we do not know what emergency would come all on a sudden. So I would request the concerned minister to repair the said Kuchiamari Bridge on an war footing.

**শ্রীযতীন চক্রবর্তী :** আমি যত তাড়াতাড়ি সম্ভব এই কাজটি করে দিতে চাই। আমি মাননীয় জয়নাল আবেদিন সাহেবকে বলেছিলাম তিনি যাবার আগে একবার আমাদের রাইটার্স বিল্ডিংয়ের দপ্তরে যদি আসেন তাহলে ওঁর সামনেই ইঞ্জিনিয়ারিং চিফকে নির্দেশ দিতে পারব ওঁর কাছ থেকে সব কিছু জেনে যাতে যত তাড়াতাড়ি সম্ভব এই অবস্থার অবসান ঘটানো যায়। উনি যাবার আগে বিস্তারিত লিখে আমায় দিয়ে দিন, আমি এ বিষয়ে নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করব।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মিঃ স্পীকার স্যার, আপনি এটা ঠিকই বলেছেন। কিন্তু আমি আপনাকে বলি এখানে কেন্দ্রীয় মন্ত্রীর নাম করে বলা হয়েছে। আমরা কোড অফ অণ্ডাক্ট নাও মানতে পারি কিন্তু আপনি স্পীকার, ইউ হ্যাভ দি অথারিটি টু এক্সপাঞ্জ……

**মিঃ স্পীকার :** মিঃ বাপুলী, এ বিষয়ে আর কোন আলোচনা নয়। আমি অলরেডি এক্সপাঞ্জ করে দিয়েছি।

**শ্রীতারাপদ সাধুখাঁ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত তিরিশ বছরের ইতিহাস দেখলে দেখা যাবে যে হুগলী জেলার সিঙ্গুর গ্রামটি চিরকাল শান্তিপূর্ণ গ্রাম ছিল। কিন্তু গত পঞ্চায়েত নির্বাচনে আমরা দেখেছি সেখানে সি. পি. এম.-এর কর্মীরা কংগ্রেস কর্মীর উপর হামলাবাজী চালিয়ে যাচ্ছে। জেলা কংগ্রেসের চারজন সম্পাদককে তারা মার দিয়েছে এবং তাদের জামা-কাপড় ছিঁড়ে দিয়েছে। সেখানে যখন পুলিশের সাহায্য চাওয়া হয়েছিল তখন তাদের পুলিশ সাহায্য করতে এগিয়ে আসেনি। সি.পি.এম.-এর কর্মীরা চারিদিকে এই ভাবে জোর জবরদস্তী চালিয়ে যাচ্ছে এবং কোল্ড ব্লাডেড মার্ডার করে

যাচ্ছে, কিন্তু পুলিশ তাদের ধরছে না। গ্রামের মানুষ ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছে। পুলিশ বেছে বেছে কংগ্রেসের লোককে ধরছে এবং সি. পি. এম.-কর্মীরা অপরাধী হওয়া সত্বেও তাদের ছেড়ে দিচ্ছে। যখন তাদের ধরতে যাওয়া হচ্ছে তখন তারা আওতার বাইরে চলে যাচ্ছে। হরিপাল থানার প্যাটরা গ্রামে কংগ্রেস কর্মীরা এক সপ্তাহ ধরে বাড়ী ছাড়া হয়ে আছে। সেখানকার কংগ্রেস কর্মীদের উপর যেভাবে অত্যাচার চালানো হচ্ছে তাতে তারা বাড়ি থাকতে পারছে না। এই অত্যাচারের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীহাবিবুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত পঞ্চায়েত নির্বাচনে এই বামফ্রণ্ট পূর্ণ জনসমর্থন হারাবার পর অবৈধভাবে সেই ক্ষমতাকে আটকে রাখবার জন্য কিভাবে সন্ত্রাস সৃষ্টি করছে তার একটা নজীর আমি এখানে তুলে ধরছি। মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ এক নং পঞ্চায়েত সমিতির সদস্যদের পয়লা সেপ্টেম্বরে নির্বাচন হবার কথা। সেই পঞ্চায়েত সমিতির সদস্য বসিরুদ্দিন কলেজে পড়ে। গত ২২ তারিখে সে জঙ্গীপুর কলেজে গিয়েছিল। যখন তার ক্লাস ছিল না তখন সে কলেজের ক্যাণ্টিনে বসেছিল। সেই সময় কিছু এস. এফ. আই-এর মস্তান ছেলে এসে তাকে মারধোর করে। সেখান থেকে তাকে কিল, চর, ঘুষি মারতে মারতে স্থানীয় নেতার বাড়ীতে নিয়ে যায়। সেখানে তাকে বলা হয় যে যদি সে তাদের অনুকূলে ভোট না দেয় তাহলে মেরে ফেলা হবে। তারপর তাকে আরো প্রহার করা হয়। এই ধরণের সন্ত্রাসের ভয়ে বসিরুদ্দিন কলেজে যেতে পারছে না এবং আগামী পয়লা তারিখের নির্বাচন কেন্দ্র বি. ডি. ও.-তে যেতে ভয় পাচ্ছে। এর ফলে আরো যে সমস্ত পঞ্চায়েত সমিতির সদস্য আছে তারাও ভয় পেয়ে গেছে। তাই আমি কর্তৃপক্ষকে আবেদন করছি যাতে পঞ্চায়েত সমিতির সদস্যরা আগামী নির্বাচনে অংশ গ্রহণ করতে পারে তার জন্য তাদের নিরাপত্তার যথাযথ ব্যবস্থা করা হয়। বসিরুদ্দিন যাতে আবার কলেজে যেতে পারে এবং তার জন্য যেন নিরাপত্তার ব্যবস্থা করা হয় এই অনুরোধ আপনাদের কাছে করছি।

**ডাঃ সুকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৯শে আগষ্ট পুরুলিয়ার রঘুনাথপুর গ্রামে পুলিশ নিরীহ পথচারীর উপর গুলি চালিয়েছে — এই কথা মাননীয় সদস্য দেবব্রতবাবু বলেছেন। কিন্তু আমি যে ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হলো যে, এই যে নিরীহ মানুষগুলি মরেছে তাদের কিন্তু এস. ইউ. সি. সেই এ্যাজিটেসানের সঙ্গে কোন সম্পর্ক নেই। যে পুলিশ কনটিজেণ্ট বা আর্মড ফোর্স পাঠানো হয়েছিল তারা কেন ঐ টাউনের গলিতে গিয়েছিল তার একটা তদন্ত হওয়া দরকার। এই ব্যাপারে একটা বিচার বিভাগীয় তদন্ত হওয়া দরকার। সেখানে নিরীহ পথচারীর উপর গুলি চালানো হয় এবং সেখানে ১৬ বছরের একটি ছেলে যার নাম শোভারাম মোদক, সে ঘটনাস্থলেই মারা যায় এবং হাবলু রজক হাসপাতালে মারা যায়। এরা কিন্তু সি. পি. এম. বা এস. ইউ. সি.-র কোন লোক নয়। এখানে পুলিশকে বাধ্য করা হয়েছিল যেতে। পুলিশকে বলা হয়েছিল যে সি. পি. এম-এর অফিস তছনছ করা হচ্ছে এবং অফিসে আগুন লাগিয়ে দেবার চেষ্টা করা হচ্ছিল।

[3-10—3-20 p.m.]

কিন্তু আমরা জানি, পুলিশ আগে ঘটনাস্থলে গিয়ে তদন্ত করবেন এবং সেইমত তাঁরা ব্যবস্থা নেবেন। কিন্তু সেখানে রেসিডেনশিয়াল ম্যাজিস্ট্রেট উপস্থিত হয়ে কোন রকম তদন্তের পূর্বেই গুলি চালাবার নির্দেশ দিয়েছেন। তিনি সেখানে একবারও তদন্ত করবার প্রয়োজন বোধ করলেন না যে অফিসে প্রকৃতপক্ষে আগুন লেগেছিল কিনা বা কারা আগুন লাগিয়েছিল। একটা গলির মধ্যে অফিস, যেখানে ৫০।৬০ জনের বেশী লোক দাঁড়াতে পারে না, সেখানে ৫০০—৭০০ লোকের উপস্থিতিতে ঘটনাটি ঘটেছে অনুমান করে কিসের স্বার্থে তিনি ওখানে গুলি চালাবার নির্দেশ দিয়েছিলেন তা জানার দরকার আছে। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ও গুলির ফলে যাঁরা মারা গেছেন তাঁদের পরিবারবর্গকে আর্থিক খেসারত দেবারও দাবী রাখছি।

**শ্রীকাশীকান্ত মিশ্র :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান সময়ে যে হারে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ছাত্র-ছাত্রীগণ পরীক্ষায় পাশ করেছেন ও তদ্‌পরিপ্রেক্ষিতে বিভিন্ন কলেজগুলিতে তাদের ভর্তির যে সমস্যা দেখা দিয়েছে সে ব্যাপারে আশাকরি, মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী অন্যান্য সকল অভিভাবকগণের সঙ্গে সমানভাবে উপলব্ধি করছেন। যে অনুপাতে ছাত্র-ছাত্রীরা পরীক্ষায় পাশ করেছেন, সেই অনুপাতে কলেজগুলিতে ভর্তির জন্য সীট্ আছে কিনা তা মাননীয় মন্ত্রীমহাশয় একবারও তদন্ত করে দেখেছেন কিনা তাও জানা দরকার। এ ব্যাপারে তিনি কেন কোন চিন্তা-ভাবনা করছেন না, তা আমরা বুঝতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের দিনে এটা বাস্তব সত্য যে ক্লাস ফাইভ্ থেকে ক্লাস টেন পর্যন্ত যে কোন ক্লাসের ছাত্র-ছাত্রীকে ভর্তির ব্যাপারে একটা সমস্যা রয়ে গিয়েছে। এই সমস্যাকে উপলব্ধি করে মাধ্যমিক দপ্তরের শিক্ষামন্ত্রী বিভিন্ন জেলার পরিদর্শকদের সঙ্গে মিলিত হয়ে এই সমস্যার কোন সুরাহা করা কি ভাবে সম্ভব হবে তা নিয়ে আলোচনাও করেছিলেন। ভর্তির সমস্যা নিয়ে বা শিক্ষা-ব্যবস্থার এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি মাননীয় নির্মল বসু মহাশয়কে দায়ী করতে পারছি না। কারণ শিক্ষা দপ্তর পরিচালনার ভার তিনি সাময়িকভাবেই পান—যখন কেবলমাত্র মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী অসুস্থ হয়ে পড়েন তখন। তিনি সুস্থ হয়ে গেলে শিক্ষা দপ্তর তাঁর হাতছাড়া হয়ে যায়। শিক্ষা দপ্তরের এই অবস্থায় প্রত্যেকটি অভিভাবক তথা দেশের মানুষ এক দারুণ বিপদের মধ্যে পড়েছেন। আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করি, তিনি যেন এই অচলাবস্থা নিয়ে একটু চিন্তা ভাবনা করেন ও সুরাহার ব্যবস্থা করেন। এই সরকার চান শিক্ষা ব্যবস্থার প্রসার ঘটুক। কিন্তু যেখানে লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী পাশ করার পর কলেজগুলিতে ভর্তি হতে পারছে না। শিক্ষা দপ্তর কিন্তু ভর্তি সমস্যার সমাধানের কোন সুরাহা করতে পারছেন না। আমি উচ্চশিক্ষা মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করি, বর্তমানে কলেজগুলিতে কি অবস্থা চলছে এবং যে সংখ্যক কলেজ আছে, সেখানে বাড়তি আরও সেকসান খুলে, নাইটে ক্লাস চালু করে কোন ভাবে ভর্তি সমস্যার সুরাহা করা যায় কিনা তা ভেবে দেখতে অনুরোধ জানাই। আমি মনে করি এই ব্যবস্থা গৃহীত হলে সমস্যাটির সমাধান সম্ভব হতে পারতো। পাশকরা ছাত্র-ছাত্রীরা

অনার্স নিয়ে পড়ার জন্য বিভিন্ন কলেজে দরখাস্ত করেছেন, কিন্তু তারা ভর্তি হতে পারছে না। ইউনিভার্সিটি থেকে বিভিন্ন কলেজে যেখানে অনার্স কোর্স চালু নেই, সেখানে অনার্স ক্লাস চালু করার নির্দেশ দিয়েছেন। কিন্তু সেই সমস্ত নির্দেশ কার্য্যতঃ ফাইল বন্দী অবস্থায় পড়ে আছে—ফিনান্স ডিপার্টমেন্ট থেকে অনুমোদনের অপেক্ষায় বন্দী অবস্থায় পড়ে আছে। কিন্তু কিছু বাড়তি খরচের দায়ীত্ব গ্রহণ করলে অনেক ছাত্র-ছাত্রী অনার্স নিয়ে পড়ার সুযোগ পেত। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীমহাশয় এই ব্যাপারে উদাসীন কেন—এই প্রশ্ন এখন সকলের মনে। এই প্রশ্ন খুবই সঙ্গতঃ। কেননা, সকলেই এই সমস্যায় জর্জরিত হচ্ছেন—রাজ্যের প্রায় প্রত্যেকটি কনষ্টিটিউয়েন্সীতেই এই অবস্থা বর্তমান। এই সমস্যার বাস্তবানুগ একটা সুরাহা হওয়া খুবই দরকার। আমি অনুরোধ করব, সরকার এই বিষয়ে একটু চিন্তা-ভাবনা করুন। তাঁরা চিন্তা করুন যে অনুপাতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ছাত্র-ছাত্রীরা পরীক্ষাতে পাশ করেছেন, সেই অনুপাতে কলেজগুলিতে ভর্তির যদি কোন ব্যবস্থা না থাকে, সেখানে কোনরকমভাবে কলেজের সংখ্যা বা সংশ্লিষ্ট কলেজেই বাড়তি সেকসান করে তাদের ভর্তির ব্যবস্থা করা যায় কিনা। আমরা জানি, এর ফলে বাড়তি ব্যয়ের প্রশ্ন জড়িত। কিন্তু এই রকম একটা গুরুতর সমস্যা সমাধানের ক্ষেত্রে কোন রকম ভাবেই ব্যয় সংকোচের নীতি অনুসরণ করা ঠিক হবে না। আর্থিক অক্ষমতা থাকলে অর্থ দপ্তরকে তথা মন্ত্রীসভাকে এ ব্যাপারে এগিয়ে আসতে হবে। ভর্তি সমস্যার মত গুরুতর সমস্যার সমাধানকল্পে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীকে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনির্মল কুমার বসু ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার অনুমতি নিয়ে সংক্ষেপে বিষয়টি কাশীনাথ মিশ্র মহাশয় এবং অন্যান্যদের বলছি। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় যে বিষয়টি উত্থাপন করেছেন সেটি কিছু উদ্বিগ্নের করণ এবং এ নিয়ে বাইরে কিছু উদ্বিগ্ন দেখা যাচ্ছে বলে আমি মনে করি। সেইজন্য আমি বিষয়টি ভালো করে বুঝিয়ে দিচ্ছি। কলেজে এই সময়ে ভর্তির সময় চলছে তাতে আমরা লক্ষ করেছি কিছু কিছু কলেজে যে পরিমাণ ছাত্র-ছাত্রীর আসন তার চেয়ে বেশী পরিমাণ আবেদনপত্র জমা পড়েছে তবে সর্বত্র এক রকম অবস্থা নয়। বিশেষ কয়েকটি কলেজে অর্থাৎ যে সব কলেজে ছাত্র-ছাত্রীরা বেশী পড়তে চায়। কিন্তু আমরা লক্ষ্য করেছি সারা পশ্চিম-বঙ্গের অন্য যে সব কলেজ আছে তাতে অনেক কলেজগুলিতে আসন সংখ্যা রয়েছে কিন্তু ছাত্র-ছাত্রিরা সেখানে যাচ্ছে না। আমরা এই ব্যাপারে অধ্যাপক ভবতোষ দত্তকে দিয়ে সরকারী পক্ষ থেকে একটি কমিটি করা হয়েছে, সারা পশ্চিমবঙ্গে কোন কলেজ কোথায় করা দরকার। সেই রিপোর্ট পাওয়ার পর আমরা সেখানে ভর্তির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য এবং বিধানসভার অন্য সদস্যদের এবং বাইরের জনসাধারণের ক্ষেত্রে অবগতরি জন্য জানিয়ে রাখি যে উচ্চশিক্ষার ক্ষেত্রে তথ্যাদি সংগ্রহের ব্যাপারে আমরা যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করেছি। যেখানে যেখানে কলেজ করা প্রয়োজন সেখানে সেখানে আমরা কলেজ করার পরিকল্পনা নিয়েছি, যেখানে মর্নিং সেকসান করতে হবে সেখানে মর্নিং সেকসান করবার চেষ্টা করছি, যেখানে যে বিষয় দরকার এবং যেখানে অনার্সের ব্যবস্থা করতে হবে সেখানে সেইরকম ব্যবস্থা গ্রহণ করেছি। আরো যা কিছু প্রস্তাব পেয়েছি সেগুলি বিবেচনা

হচ্ছে ভক্তির ব্যাপারে। সুতরাং সরকার পক্ষ থেকে এই বিষয়টি নিয়ে চিন্তা-ভাবনা করছে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮শে মে একটি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে গেছে। It is reported that somebody attacked Dr. Zainal Abedin, senior member গত ২৮শে মে এই পঞ্চায়েত ইলেকশানের জন্য যখন ডাঃ জয়নাল আবেদিন বিভিন্ন জেলায় পরিদর্শন করেছিলেন সেই সময়ে তিনি যেখানেই যেতেন সাধারণতঃ পুলিশ স্টেশানে বলে পুলিশ এসকর্ট নিয়ে যেতেন। পুলিশ এসকর্ট নিয়ে ওয়েস্ট দিনাজপুরের বংশীহারী গ্রামে ঢোকার সঙ্গে সঙ্গে এণ্টি সোস্যাল বলে পরিচিত কিছু সি. পি. এমের গুণ্ডা অত্যন্ত মারাত্মক অস্ত্র-সস্ত্র নিয়ে তাঁর উপর আক্রমণ চালায় এবং তাতে সিচুয়েশান আরো ডিটোরিয়েট হয়ে দাঁড়িয়েছিল। তখন পুলিশ ৭ রাউণ্ড গুলি চালিয়েছিল এবং তাতে কেউ ইনজোর্ড হয় নি। তারপরে ডাঃ অবেদিনকে ৪ ঘণ্টা আটক করে রাখা হয়েছিল থানাতে। অবশ্য তিনি সেই স্থানের ৩৯ জন লোকের বিরুদ্ধে এফ আই আর করলেন। কিন্তু ওদের তো কিছু হোলই না উল্টে তার উপর হামলা আরম্ভ করা হল। তার বিরুদ্ধে নানা রকম কমপ্লেন এনে তাকে আটক রাখা হোল। শেষে তাঁরমত একজন সিনিয়ার মেম্বারকে বেল নিতে হোল। সুতরাং তাঁরমত সিনিয়ার মেম্বারের যদি এই অবস্থা হয় তাহলে সারা পশ্চিমবঙ্গের কি অবস্থা দাঁড়িয়েছে। সাধারণ মানুষ তাহলে কিভাবে চলবে এবং তাদের পরিণতিই বা কি হবে এই ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছি।

**শ্রীআবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যেখানে বিধানসভার বিশিষ্ট সদস্য ডাঃ জয়নাল আবেদিন, সুভাষ মাহাতোর মত লোকেদের নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হচ্ছেন সেখানে রাজহাটি এক নম্বর বুকের গ্রামপঞ্চায়েত নিরঞ্জন অধিকারীর মত লোকের কতটুকু নিরাপত্তার ব্যবস্থা করতে পারবেন সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। রাজহাটি এক নম্বর বুকের গ্রামপঞ্চায়েত নিরঞ্জন অধিকারী যেহেতু কংগ্রেস প্রধান সেহেতু তার উপর নানারকম অত্যাচার চালান হচ্ছে। তার নিরাপত্তার কোন ব্যবস্থা নেই। আরেকজন কংগ্রেসের লোক শ্রী শ্যাম সুন্দর সামন্তকে বলা হয়েছে তিনি যদি পঞ্চায়েতের মেম্বারশিপ ছিঁড়ে না ফেলেন তাহলে আগামী ১ মাসের মধ্যে তার লাস ফেলে দেওয়া হবে। তার নিজের ৩ বিঘা জমি আছে তাতে তাকে কিছুতেই চাষ করতে দেওয়া হচ্ছে না সেটা সি. পি. এমেরা দখল করে রেখেছে।

[3-30—4-40 p.m. (including adjournment)]

সি পি এম-এর লোকেরা সেখানে গিয়ে লাঙ্গল দিয়েছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ঐ এলাকার প্রধান এবং নির্বাচিত সদস্য শ্যাম সুন্দর সামন্ত ও কংগ্রেস সদস্য গৌর সামুইয়ের নিরাপত্তার জন্য অনুরোধ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, আপনার মাধ্যমে আছি উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি কথা বলতে চাই। এ বৎসর এম. বি. বি. এস পরীক্ষার পর যাঁরা জি. এন. ও-তে ভর্তি হতে চেয়েছিলেন তাঁদের এডমিশনপরীক্ষা হচ্ছিল এম. ডির জন্য। তার আগে ডি. জি. ও. পরীক্ষা হয়। কোলকাতা বিশ্ববিদ্যালয়ে এই প্রথম ডি. জি. ও. পরীক্ষার দিন সেন্ট্রারের মধ্যে সব চেয়ে গুরুত্বপূর্ণ পরীক্ষার জি. এণ্ড ও-র এম. ডির প্রশ্নপত্র ফাঁস হয়ে গেল। কোলকাতা বিশ্ববিদ্যালয়ের যেসব কর্মকর্তাদের উপর এর দায়িত্ব দেওয়া আছে, বিশেষকরে ডাঃ ভাস্কর রায় চৌধুরী, যিনি মেডিকেল ফ্যাকাল্টির ডিন এবং চিত্তরঞ্জন সেবাসদনে ডাঃ গৌরী দত্ত, তাঁরা মেডিকেল শিক্ষা ব্যবস্থার উপর পচন ধরাচ্ছে। আমি আপনার মাধ্যমে নির্মলবাবুকে অনুরোধ করব বর্তমানে যিনি এর দায়িত্বে আছেন তিনি খোঁজ করে দেখুন কেন এই প্রশ্নপত্র ফাঁস হল, ১৫ দিন বাদে কেন এই পরীক্ষা বাতিল করতে হল এবং কারা কারা এর সঙ্গে জড়িত ? এই সব অভি-যুক্তদের বার করে তাদের শাস্তি দেবার জন্য অনুরোধ করছি।

**Twenty-Sixth Report of the Business Advisory Committee**

**Mr. Speaker :** I now present the Twenty-Sixth Report of the Business Advisory Committee, as follows :

Friday—26.8.83 : (i) Laying of Ordinances Rules, Reports.

(ii) The West Bengal Crjminal Law Amendment (Special Courts) Amending Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) The Calcutta Improvement (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iv) The Howrah Improvement (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

Monday—29.8.83 ; (i) Business remaining from 26.8.83, if any.

(ii) The West Bengal Land (Requisition and Acquisition) Amendment Bill, 1983. (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) The Bengal Municipal ( Amendment ) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iv) The Bengal Exeise (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the Twenty-Sixth Report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House.

The motion was then put and agreed to.

**Laying of Ordinances**

**The Calcutta University (Amendment) Ordinance, 1983.**

**Shri Nirmal Bose** : Sir, I beg to lay the Calcutta University ( Amendment ) Ordinance, 1983 (West Bengal Ordinance No. V. of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 1983.

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to lay the West Bengal Panchayat (Second Amendment) Ordiance, 1983 (West Bengal Ordiance, No. VI of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

## A The West Bengal National Volunteer Force (Amendment) Ordinance, 1983

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, with your permission, I beg to lay the West Bengal National Volunteer Force (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. VII of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

## B The Bengal Municipal (Amendment) Ordinance, 1983

**Shri Prasanta Kumar Sur** : To lay the Bengal Municipal (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. VIII of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

## C The Burdwan University (Amendment) Ordinance, 1983

**Shri Nirmal Bose** : To lay the Burdwan University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordiance No. IX of 1983), unddr article 213 (2) (a) of the Constitution of India.

## D The Rabindra Bharati (Second Amendment) Ordinance, 1983

**Shri Nirmal Bose** : To lay the Rabindra Bharati (Second Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. X of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

## E The North Bengal University (Amendment) Ordinance, 1983

**Shri Nirmal Bose** : To lay the North Bengai University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XI of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

## F The Jadavpur University (Second Amendment) Ordinance, 1983

**Shri Nirmal Bose** : To lay the Jadvpur University (Second Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XII of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

### G The Kalyani University (Amendment) Ordinance, 1983

**Shri Nirmal Bose :** To lay the Kalyani University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XIII of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

### H The Calcutta University (Second Amendment) Ordinance, 1983

**Shri Nirmal Bose :** To lay the Calcutta University (Second Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XIV of 1983), under article 213 (2) (a) of the Constitution of India.

## LAYING OF REPORTS

### I Eighth Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. for 1981-82.

**Shri Radhika Ranjan Banerjee :** To lay the Eighth Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. for the year 1981-82.

### J. Annual Reports of the West Bengal Khadi and Village Industries Board, for 1977-78, 1978-79 and 1979-80

**Shri Patit Paban Pathak :** Sir, with your permision, I beg to lay the Annual Reports of the West Bengal Khadi and Village Industries Board for the years 1977-78, 1978-79 and 1979-80.

## NEW BUSINESS

## LAYING OF REPORST

### V Report of the Bhattacharyya Commission of Inquiry

**Shri Kamal Guha :** To lay the Report of the Bhattacharyya Commission of Inquiry on the administration and functioning of the Bidhan Chandra Krishi Viswavidyalaya together with action taken proposed to be taken thereon.

At this stage, the House was adjourned till 4-30 p.m.

(After Adjournment)

[4-30—4-40 p.m.]

**শ্রীশচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েণ্ট অব অর্ডার আছে। স্যার, আপনি হাউসের কাস্টোডিয়ান কাজেই আমরা সকলেই আপনার নির্দেশ মেনে নেই এবং আপনিও সকল সদস্যকে তাঁদের অধিকার প্রয়োগ করার অধিকার দেন। আজকে আমি বক্তৃতা প্রসঙ্গে পার্লামেণ্টের মন্ত্রী গনিখান চৌধুরী সম্পর্কে যে মন্তব্য করেছিলাম সেটা আপনি এক্সপাঞ্জ করে সঠিক কাজই করেছেন কারণ এটা রুলে এ্যালাউ করেনা। তবে এই প্রসঙ্গে বলতে চাই, গনিখান চৌধুরী পার্লামেণ্টের মেম্বার এবং

সেদিক থেকে তাঁর বলার একটা সুযোগ রয়েছে। কিন্তু বামফ্রণ্টের চেয়ারম্যান কমরেড সরোজ মুখার্জী' যাঁর এখানে বলার কোন কোন সুযোগ নেই তাঁর নাম সত্য বাপুলি মহাশয় বার বার যা উল্লেখ করেছেন সেটা কেন এক্সপাঞ্জ হবে না ? আমি মনে করি গণি খান সম্বন্ধে যা উক্তি করা হয়েছে সেটা যদি এক্সপাঞ্জ করা হয় তাহলে কমরেড সরোজ মুখার্জীর সম্বন্ধে যা বলা হয়েছে সেটাও এক্সপাঞ্জড হওয়া উচিত।

**মিঃ স্পীকার :** সরোজ মুখার্জীর নাম থাকলে সেটা এক্সপাঞ্জ করা হবে। তবে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তাঁরা ভবিষ্যতে যেন এই জিনিসটি মনে রেখে উক্তি করেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** Members of Parliament are covered by some rules but persons who are not members of the House are not covered by rules.

**মিঃ স্পীকার :** Dr. Zainal Abedin, what is your opinion in this matter ? Is there any rule for persons who are not members of the House ?

**ডাঃ জয়নাল আবেদিন :** The Convention is these who cannot defend themselves here, it is in the propriety of things that we should not refer except on necessary reference.

**মিঃ স্পীকার :** That means the names of the persons who are not members of the House should not be mentioned.

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** স্যার, আজকে বিধানসভায় এসে দেখলাম বিধানসভায় ঢোকার মুখে ডাঃ রায়ের একখানা বড় প্রতিকৃতি বসান হয়েছে। ছবিটি সুন্দর হয়েছে, তবে লক্ষ্য করলাম ফটোর আকারের তুলনায় জায়গাটা খুবই ছোট। আমি অনুরোধ করছি একটি উপযুক্ত জায়গায় ছবিটি বসাবার ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই, ডাঃ রায়ের ছবিটি যেখানে বসান হয়েছে সেখানে শরৎ বসুর যে ছবি ছিল সেটা কিন্তু নেই।

**মিঃ স্পীকার :** ছবিটি আছে, রিপেয়ারের জন্য গেছে। রিপেয়ার হয়ে এলে উপযুক্ত জায়গায় বসান হবে। এই ব্যাপারে আমি নিজে সুপারভিসন করি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** উপযুক্ত জায়গায় ডাঃ রায়ের ছবি বসাবার ব্যবস্থা করুন এই অনুরোধ আবার রাখছি।

**শ্রীঅতিশচন্দ্র সিংহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মাত্র খবর পেলাম এবং খুবই দুঃখের কথা যে ৫নং তিলক রোডে বিশ্বামিত্র পত্রিকার মালিকের বাড়ীতে বেলা ৩টার সময় ভয়ঙ্কর ডাকাতি হয়ে গেছে। সেখানে বাড়ীর মেয়েরাও পর্যন্ত নির্যাতিত হয়েছে। আমি অনুরোধ করছি সেখানে যাতে যথাযথ ব্যবস্থা নেওয়া হয় তার ব্যবস্থা করার জন্য।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মুখ্যমন্ত্রীর ছেলের গাড়ী চুরি হয়ে গেছে, পাওয়া যায় নি। ডাকাতি ধরবার ক্ষমতা এদের নাই।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সত্য বাপুলী মহাশ ডাঃ বিধানচন্দ্র রায়ের ছবির কথা বললেন এবং ধন্যবাদ দিলেন। কিন্তু ওঁদের এতকাল রাজত্ব গেল—এটা ওঁদের করা উচিত ছিল না কি ?

## LEGISLATION

### The West Bengal Criminal Law Amendment ( Special Courts ) Amending Bill, 1983

**Shri Syed Abul Mansur Habibullah :** Mr. Speaker, Sir, I beg tc introduce the West Bengal Criminal Law Amendment (Special Courts ) Amending Bill, 1983.

Secretary then read the Title of the Bill )

**Shri Syed Abul Mansur Habibullah :** Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1983, be taken into consideration.

**Mr. Speaker :** There is motion for circulation of the Bill from Shri Kashinath Misra. Shri Misra may move his motion,

**Shri Kashinath Misra :** Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion there on by the 10th September, 1983.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিচারমন্ত্রী The West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1983 যেটা নিয়ে এসেছেন, আমি সেটা সারকুলেসনের জন্য আপনার মাধ্যমে অনুরোধ করেছি, যাতে এটা জনস্বার্থে এটা আরও ভালভাবে কাজ হয়। উনি যেটা করেছেন সেটার আজকে প্রয়োজন আছে এবং স্পেশ্যাল কোর্টের যে প্রভিসন নিয়ে এসেছেন, বিশেষত এসেনসিয়াল কমডিটির ক্ষেত্রে সেটা খুবই ভাল। আজকে যাতে তার সঙ্গে বিভিন্ন বস্তু যুক্ত থাকবে—এর আওতার মধ্যে পড়বে। মাননীয় বিচার মন্ত্রীর ১৯৮২—৮৩ সালে যে বাজেট বক্তৃতা দিয়েছিলেন তাতে তিনি সেকথা বলেছিলেন —এবং সেখানে তিনি পরিষ্কার ভাবে বলেছিলেন ২৪টি স্পেশ্যাল কোর্ট এবং ২৪ জন অতিরিক্ত জর্জ এতে নিযুক্তিকরণ হবে। এবং তার মাধ্যমে এটা আরও বেশী করে জনস্বার্থে এনফোর্স করা হবে—অন্তত কার্যকরী হবে। এই যে স্পেশ্যাল প্রভিসন এসেনসিয়্যাল কমডিটিজ ক্ষেত্রে যেটা ১৯৮১ সালে হয়েছিল। এবং এটা এনফোরসড হয়েছিল ১।৯।৮২ তারিখে। এই আইনের ক্ষেত্রে আপনারা দেখবেন মাননীয় বিচার-মন্ত্রী ২৬টি নিয়ম তৈরী করেছিলেন এই বিচার ব্যবস্থাকে সুব্যবস্থার মধ্যে আনবার জন্য—কিন্তু কার্যকরী করার ক্ষেত্রে কতখানি কার্যকরী হচ্ছে ? ২৪টি স্পেশ্যাল কোর্ট বিভিন্ন জেলায় হবে। এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট জাজ সেখানকার বিচারক হবেন—তাঁরা বিচার করবেন। কিন্তু তা কার্যকরী ঠিকমত হচ্ছে না। সেগুলি বাস্তবমুখী করার ব্যাপারে এবারেও মাননীয় বিচারমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার মধ্যে বলেছিলেন। মহামান্য হাইকোর্টেও বহু কেস এখনও বিচারাধীন আছে এবং বহু আদালতেও।

[4-40—4-50 p.m.]

তার সুব্যবস্থা হচ্ছে না। আজকে এই যে স্পেশাল কোর্টের প্রভিশন আছে সেটাকে যদি ঠিক মত কার্যকরী করতে পারেন তাহলে তার মাধ্যমে-এর সঙ্গে যুক্ত, এসেনসিয়্যাল কমোডিটিজ নিয়ে যারা জনসাধারণকে বিভিন্ন ভাবে ক্ষতিগ্রস্ত করছে, জনসাধারণকে বিভিন্ন ভাবে একটা কালো ছায়ার মধ্যে ফেলছে, সেটা সুরক্ষিত হবে বলে আমার বিশ্বাস। বিচারমন্ত্রী মহাশয়, ১৯৮২-৮৩ সালের বাজেটে বিভিন্ন জেলায় ২৬টি নূতন কোর্ট করার কথা বলেছিলেন, সেইগুলোকে তিনি কতটুকু কার্য্যকরী করতে পেরেছেন, সেটা তলিয়ে দেখেছেন কি? সেই কোর্টগুলো ঠিক মত কার্যকরী হচ্ছে কি না, সেখানে বিচার হচ্ছে কি না, সেটা দেখেছেন কি? এই যে ত্রুটি বিচ্যুতিগুলো আসবে, যদি আপনারা সেখানে ঠিক মত কার্য্যকরী না করতে পারেন, আজকে এখানে কম্পানিজ এ্যাক্ট অনুযায়ী, এর সঙ্গে যারা যুক্ত আছেন, যারা ধরুনসিমেণ্টের কারবার করেন, যারা সারের কারবার করেন — শুধু ডি. পি. এজেণ্ট, এম. আর. ডিলারের সঙ্গে যুক্ত হবে না, এই সঙ্গে যুক্ত হয়ে পড়বেন সেই সব কম্পানিজ এবং তার মাধ্যমে তিনি জনসাধারণের স্বার্থে বিচারব্যবস্থাকে আরও ত্রুটি-মুক্ত এবং আরও ত্বরান্বিত করার জন্য যে চেণ্টা নিচ্ছেন, সেটা সত্যই প্রশংসনীয়। কিন্তু প্রত্যেকটি জায়গায় বিচারকের অভাব, বাড়ি ঘরের অভাব, বিভিন্ন কর্মচারীর অভাব, সেই অভাবগুলোর প্রতিকার কতটুকু করতে পারবেন, তাঁর বাজেটের ধার্য্য টাকার মধ্যে দিয়ে সেইগুলো সম্ভব কি না, কোথা থেকে সেই টাকা পাবেন, সেটা ঠিক মত চালানোর যদি পথ থাকে তাহলে চালান, কিন্তু সেখানে যাতে প্রত্যেকে এই ভাবে যুক্ত হতে পারে, এবং সবচেয়ে বেশী অসুবিধা যেটা হবে, এর মেন যারা কার্য্যকরী করবে, তারা হচ্ছেন পুলিশ বিভাগ, এনফোর্সমেণ্ট বিভাগ। এনফোর্স-মেণ্ট বিভাগ কতটা তত্পর হবেন, সেখানে কেসটাকে কত তাড়াতাড়ি রেডি করতে পারবেন, চার্জশিট দিতে পারবেন, তারই উপর বিচার নির্ভর করছে। সেই বিচারটা ঠিকমত হবে না, সেটা মাননীয় বিচারমন্ত্রীকে আপনার মাধ্যমে বলি, সেটা কিন্তু দেখতে হবে। আজকে পুলিশের সেখানে যদি তৎপরতা থাকে, একটা কেস ফাইণ্ডিং করতে বেশী সময় লাগে না। কিন্তু কেস ফাইণ্ডিং-এর ব্যাপারে দেখতে পাই তিন, চার, পাঁচ বছর লেগে যাচ্ছে। সুতরাং জেলা কোর্টগুলোতে সেইগুলোকে কতটুকু তরান্বিত করতে পারবেন, সেখানে কতটুকু পুলিশ দপ্তরের সঙ্গে যুক্ত হতে পারবেন, বিচারকের সঙ্গে যুক্ত হতে পারবেন — তার সঙ্গে যারা রাজ সাক্ষী থাকেন, সেই সাক্ষী যারা দিতে আসেন, তাদের সহযোগিতা কতটুকু করবেন, তারা সরকারকে কতটুকু সাহায্য করবে যে উইটনেসের সিসটেম আছে সেই সিসটেমের মধ্যে ত্রুটি বিচ্যুতি আছে, যার জন্য সাক্ষীরা উপস্থিত হন না।

৫০ মাইল দূর থেকে কেউ সাক্ষী দিতে এলে বর্তমানে তাকে যে এ্যালাওয়েন্স দেওয়া হয় তাতে তার চলে কিনা সেটা একটু ভেবে দেখা উচিত। এই ব্যাপারে একটা সুস্পণ্ট চিন্তাধারা থাকা উচিত। কেসের সাথে যুক্ত যারা সাক্ষ্য দিতে আসছেন তাদের অহেতুক অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে কিনা এবং কোর্টের যে সমস্ত প্রভিসন আছে সেই অনুযায়ী সমন ঠিক মত পেয়েছে কিনা সেগুলি দেখা উচিত। এইগুলি ঠিকমত না হলে

আপনি যতই স্পেশাল কোর্ট করুন না কেন, যতই প্রগতিশীল দৃষ্টিভঙ্গী নিন না কেন ন্যায় বিচার, তরান্বিত বিচার পাবেন না এবং সমস্ত স্তুপাকৃত হয়ে আবার জমে উঠবে এবং মহামান্য হাইকোর্ট থেকে আরম্ভ করে জেলা কোর্টগুলিতে কেসের বাণ্ডিল জমে উঠবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় লিগ্যাল এডের কথা উল্লেখ করেছেন। কিন্তু আমরা বাস্তবে দেখতে পাচ্ছি মন্ত্রী মহাশয়ের প্রগতিশীল দৃষ্টিভঙ্গী এখন পর্যন্ত কার্যকরী হয়নি। কতজন দুস্থ, অসহায় মানুষ এই লিগ্যাল এডের সাহায্য পাচ্ছেন প্রত্যক্ষভাবে সেটা ভেবে দেখা উচিত। কাজেই আপনাদের দৃষ্টিভঙ্গী যদি না থাকে তাহলে এই এসেনসিয়্যাল কমোডিটিজ নিয়ে যে আইনের অবতারণা করেছেন তা কখনই বাস্তবে রূপায়িত হবে না। সেখানে আবার বেশী করে প্রতিবন্ধকতার সৃষ্টি হবে এবং কোর্টগুলির অবস্থা আরো জীর্ণ শীর্ণ হয়ে পড়বে, কোর্টগুলিতে ঠিকমত ভাবে কাজ হবে না। তাই স্পেশাল কোর্টে বিচারক নিযুক্তিকরণ থেকে আরম্ভ করে আসবাবপত্র, অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া থেকে আরম্ভ করে সবকিছু বাস্তবমুখী দৃষ্টিভঙ্গীতে কার্যকরী করা দরকার। আমরা যে সময়ের মধ্যে বিলটি পেয়েছি তাতে করে সব জিনিস ভালভাবে দেখা সম্ভব হয়নি। সেই জন্যই আমি জনস্বার্থে সারকুলেসানে দেবার প্রস্তাব করেছি এবং বিধানসভা যখন খোলা আছে তখন কয়েকদিন পরেই বিধানসভার সকল সদস্যের সুচিন্তিত আলোচনার পরেই পাশ হতে পারবে। এর ত্রুটি বিচ্যুতিগুলি মাননীয় সদস্যরা দেখাতে পারবেন এবং সেটা হওয়াই কাম্য। এই কম সময়ের মধ্যে আমরা ত্রুটি বিচ্যুতিগুলি ঠিকমত ভাবে তুলে ধরতে পারিনি। সেই কারণেই বিলটি সারকুলেসনে দেওয়া প্রয়োজন এবং এটা না হলে সরকার যে উদ্দেশ্যে এই বিলটির অবতারণা করেছেন সেটা কখনই পূর্ণ স্বার্থকতা লাভ করবে না।

[4-50—5-00 p m.]

**শ্রীদেবরঞ্জন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন ও বিচারবিভাগের মন্ত্রীমহাশয় আজ যে 'দি ওয়েষ্ট বেঙ্গল ক্রিমিন্যাল ল এ্যামেণ্ডমেণ্ট বিল স্পেশ্যাল কোর্টস এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। সরকারী যন্ত্রের মাধ্যমে যেখানে নিত্য প্রয়োজনীয় জিনিষ গুদামজাত করা হয় বা যারা হ্যাণ্ডেল করেন তাদের মধ্যে কিছু অংশের লোক বাদ পড়েছিলেন এই আইনের আওতা থেকে যেমন ষ্টোরিং এজেণ্ট, গো-ডাউনের দায়িত্বে যারা আছেন — তাদের ধরবার ব্যবস্থা এই সংশোধনী বিলের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় করতে চেয়েছেন। স্যার, এই কাজটি খুবই সময়োপযোগী হয়েছে, এরজন্য মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয় ধন্যবাদ পাবার যোগ্য। আমরা দেখছি যখন নিত্য-প্রয়োজনীয় জিনিষের অত্যন্ত প্রয়োজন তখন কিছু মুনাফাবাজ লোক এই নিত্য প্রয়োজনীয় জিনিষপত্র নিয়ে বহু অকাজ কুকাজ করছেন। কিছুদিন আগে কাশীপুরে একটি গুদামে সিমেণ্টে গঙ্গা মাটি মেশানোর কাজ ধরা পড়েছে। সেখানে ব্যাগ থেকে সিমেণ্ট বার করে নিয়ে তাতে মাটি মেশানো হচ্ছিল এবং সেই সিমেণ্ট কালোবাজারে বেশী দামে বিক্রি করা হচ্ছিল। সেটা ধরা পড়ার পর সরকারের সেখানে বিশেষ কিছু করার ছিল না কারণ আইনে সে ব্যবস্থা ছিল না ফলে সরকারকে একটা অসহায়

অবস্থার মধ্যে পড়তে হয়েছিল। এখন যে সংশোধনী আনা হচ্ছে এতে ঐ সমস্ত জিনিষকেও ঐ আইনের আওতায় আনা হচ্ছে। এরপর আমি বিচার ব্যবস্থা সম্পর্কে কয়েকটি কথা বলব। বিচার ব্যবস্থার জন্য স্পেশ্যাল কোর্ট নিয়োগের কথা বলা হয়েছে। স্পেশ্যাল কোর্টের বিধান পশ্চিমবঙ্গে যেটা চালু হয়েছে তাতে আমরা আমাদের বর্ধমান জেলাতে দেখছি ৫টা মহকুমাতে কোন স্পেশাল কোর্ট নেই। এই রকম অবস্থা বোধহয় সব জেলাতেই আছে। এই বিচার ব্যবস্থার কথাটিও যদি মাননীয় মন্ত্রী মহাশয় তার চিন্তাভাবনার মধ্যে রাখেন তাহলে আমার মনে হয় ভালো হবে। কোন ব্যক্তিকে যদি ধরা হয় তাহলে তার বিচার হবে স্পেশ্যাল কোর্টে। স্পেশাল কোর্ট রয়েছে বর্ধমানে, কালনাতে যদি এই অপরাধে কোন ব্যক্তিকে ধরা হয় তাহলে কালনার এস. ডি. জে. এম. বা কোন হাকিমের ক্ষমতা নেই তার বিচার করার। তাকে নিয়ে আসতে হবে বর্ধমানে। সরকারকে নোটিশ দিতে হবে তারপর তার জামিনের ব্যবস্থা হবে। এরপর পুলিশ চার্জসিট দিলে তার এজাহার হবে, তারপর চার্জ ফ্রেম হবে, জেরা হবে তারপর আর্গুমেণ্ট ও রায়। ডেটারেণ্ট পানিশমেণ্ট দেবার জন্য এবং দ্রুত বিচারের জন্য যে বিল এনেছেন মাননীয় মন্ত্রীমহাশয় এতে আমার মনে হয় শাস্তি বিধান হবে কিন্তু দ্রুত করতে পারবেন না। কাজেই এই বিষয়টি আপনার চিন্তা করা দরকার। সমস্ত আইন-ই কেন্দ্রীয় আইন কিন্তু রাজ্য ভিত্তিক যে ক্ষমতা আছে তার মধ্যে যদি দ্রুত বিচারের ব্যবস্থা করতে পারেন তাহলে নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের ব্যাপারে যে সমস্ত অপরাধ সংগঠিত হচ্ছে বা হবে সে ব্যাপারে পশ্চিমবাংলা একটা উদাহরণ সৃষ্টি করতে পারবে। তা ছাড়া তদন্তকালীন সময়ে যে প্যারাফারনেলিয়া আছে সেগুলিরও আরো শর্টকাট হওয়া দরকার। এটা যদি করতে পারেন তাহলে এ সম্বন্ধে ভাল ফল পেতে পারেন। আপনি আপনার প্রগতিশীল চিন্তাভাবনা নিয়ে যদি বিষয়টি চিন্তা ভাবনা করে দেখেন তা হলে আমার মনে হয় আমরা দ্রুত বিচার ব্যবস্থা করতে পারবো এবং ভালো ভাবে সাজা দেবার ব্যবস্থা করতে পারবো।

মাননীয় কংগ্রেস সদস্য, শ্রীকাশীনাথ মিশ্র এই ব্যাপারে যে কথা বললেন, এটা মহামান্য হাই কোর্টের বিচার ব্যবস্থার ব্যাপারে। এগুলি সম্পর্কে আমাদের আইনমন্ত্রীর কিছু করার নেই। উনি বহুবার হাই কোর্টের কাছে নোট দিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকার তাদের বক্তব্য রেখেছেন। কিন্তু হাই কোর্টের মাননীয় বিচারপতিদের যারা এ্যাপোয়েণ্ট-মেণ্ট দেন, যারা এই ব্যাপারে দায়িত্বে আছেন, তারা যদি এগিয়ে এসে ব্যবস্থা না করেন তাহলে পশ্চিমবঙ্গ সরকারের আইন বিভাগের কিছু করণীয় নেই। সেজন্য মাননীয় বিচারমন্ত্রীর কাছে আবেদন জানাবো, আপনি এই স্পেশাল কোর্টের জাজ যারা বর্তমানে নিযুক্ত আছেন, তাদের সঙ্গে আরো কিছু জাজ যদি নিযুক্ত করতে পারেন এবং সেই সব জাজদের কাছে যদি মামলাগুলি ডিষ্ট্রিবউট করতে পারেন তাহলে বিচার ব্যবস্থা তরান্বিত হবে। এক একটা জেলায় এই ভাবে প্রচুর মামলা জমে গেলে সেগুলি ডিসপোজ করা অসুবিধা হয়ে যাবে এবং তার জন্য যদি দেরী হয়ে যায় তাহলে বিচারের ফল যা হয় তাই হয়ে পড়বে। মাননীয় বিচারমন্ত্রী মহাশয় যে সংশোধনী এনেছেন, আমি সেটা সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই সংশোধনী সকলে সমর্থন করেছেন। কাজেই আমার আর বিশেষ কিছু বলার নেই। আমার এই সংশোধনী মূলতঃ আমাদের খাদ্য বিভাগের সংশোধনী। কারণ খাদ্য বিভাগই এসেনসিয়াল কমোডিটিস এ্যাক্টের যে ধারাগুলি আছে সেটা তারাই দেখেন। আমরা দেখেছি আগে যে ভাবে সংজ্ঞা দেওয়া ছিল পারসনের সঙ্গে, সেখানে কম্পানীর এজেণ্ট, যারা খাদ্য বিভাগের নানা রকম কাজ করে বা অন্যান্য কাজে লিপ্ত থাকেন তাদের ধরা যাচ্ছিল না। সেজন্য এই সংশোধনী আনা হয়েছে। এটা সকলেই সমর্থন করেছেন, কাজেই এই বিষয়ে আমার আর বিশেষ কিছু বলার নেই। অন্যান্য বিষয়ে মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র মহাশয় যে কথা বলেছেন, সেটা সাধারণ বিচার ব্যবস্থা সম্পর্কে। সে বিষয়ে বাজেটে আলোচনা হয়েছে এবং অন্য সময়ে আলোচনা হলে বলতে পারি। তিনি অনেক কথা বলেছেন যেগুলি ঠিকই, অবস্থা সেই রকম। কিন্তু এই অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। আর মিঃ সেন সামন্স-এর প্রসিডিওর সম্পর্কে যে কথা বলেছেন, সেটা করতে গেলে এই ক্রিমিন্যাল ল'এর এ্যামেণ্ডমেণ্ট না করে, তার ধারাকে চেঞ্জ না করে, গঠন করা যাবে না। এটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে আছে। কাজেই সেখানে আমাদের সীমাবদ্ধতা আছে। কারণ ক্রিমিন্যাল ল এ্যামেণ্ডমেণ্টের সামগ্রীক ভাবে যে ব্যবস্থা আছে সেটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে মধ্যে আছে। এখানে আমাদের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যেটুকু করা যায় সেটাই আমরা এনেছি। ধন্যবাদ।

The motion that the Bill be circulated for purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Abul Mansur Habibullah that the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1983, be taken into Consiternation was then put and agreed to.

**Clauses 1, 2 & Preamble.**

The question that Clauses 1, 2 and preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Syed Abul Mansur Habibullah** : Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1983, as settled in the Assembly, be passed.

[5-00—5-10 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি পাশ করার বিষয়ে আমার আপত্তি করার কোন কারণ নেই। আমি শুধু মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করতে চাই যে, তাঁর পার্টি'র সঙ্গে তিনি কি এবিসয়ে কনসাল্ট করেছেন ? কারণ এর পরে ঐ চোরাকারবারীরা, স্টোরিং এজেণ্টরা, যারা তাঁর পার্টি'তে মোটা চাঁদা দিয়ে মুনাফা করে তারা বিক্ষুব্ধ হবে এবং পার্টি'র কি তা সহ্য হবে ? যেহেতু ইট ইজ্ এ পার্টি' লাইক্ দিস তাই এই হেচ্ছ আমার প্রথম কথা।

আমার দ্বিতীয় কথা হচ্ছে, এই সরকার সাড়ে ছয় বছর ধরে ক্ষমতায় আছে। অথচ আমরা এই সময়ের মধ্যে কখনও দেখিনি যে, এঁরা চোরাকারবারী বা স্টোরিং এজেণ্ট বা অফেণ্ডিং স্টোরিং এজেণ্টদের বিরুদ্ধে কোন এ্যাকসান নিয়েছেন। বরংচ আমরা দেখেছি খাদ্য গুদামজাত করার জন্য, ভেজাল দেওয়ার জন্য পূর্বতন কংগ্রেস সরকার যাদের শাস্তি দেবার চেষ্টা করেছিলেন, এঁরা তাদের সম্মানিত পদে নিয়োগ করেছেন। সুতরাং এঁদের নীতি এবং সততার প্রতি আমাদের সন্দেহ আছে। তবে মাননীয় মন্ত্রীমহোদয় ভদ্রলোক এবং তাঁর প্রতি আমাদের আস্থা আছে। কিন্তু তিনি তাঁর দলকে তাঁর দিকে টানতে পারবেন কিনা, সেবিষয়ে আমাদের সন্দেহ আছে।

এখন আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি কি 'জাস্টিটস ডিলেড্, জাস্টিটস ডিনায়েড্' কথাটি ভুলে গেছেন ? আমাদের কাছে যে হিসাব আছে তাতে দেখছি ১২ লক্ষ মোকদ্দমা লোয়ার কোর্টে পেণ্ডিং আছে, ২ লক্ষ ৬৫ হাজর মোকদ্দমা হাই কোর্টে পেণ্ডিং আছে এবং এই উদ্যোগ নিলে আরো কিছু মোকদ্দমা পেণ্ডিং থাকবে। অর্থাৎ বিচার প্রার্থীর বিচার বিলম্বিত হবে, বিচার অস্বীকার করা হবে। এ বিষয়ে তিনি কি করবেন, তা যদি তাঁর জবাবী ভাষণে তিনি জানান, তাহলে আমরা উপকৃত হব।

আমি এই বিলের বিরোধিতা করছি না। বরংচ আমি নিষ্ঠার সঙ্গে এই বিলকে ব্যাপকভাবে প্রয়োগ করার জন্য অনুরোধ করছি। এখানে মাননীয় অর্থমন্ত্রী আছেন প্রবীন মন্ত্রী, গৃহযুদ্ধের স্বপ্ন দেখছেন, ভাল কথা। কিন্তু মাননীয় মন্ত্রী মহোদয়ের পার্টির কাজ-কর্মর সঙ্গে তাঁর এই বিলকে আমাদের কন্ট্রাডিকসন মনে হয়, দি এলিমেণ্ট অফ্ হিপোক্রেসি ইজ হিয়ার। এইটুকু আমার বক্তব্য। সততা এবং নিষ্ঠার সঙ্গে বিলটিকে প্রয়োগ করার জন্য আমি অনুরোধ করছি। তার বেশী কিছু আমার বলার নেই।

**শ্রীঅচিন্ত কৃষ্ণ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সংশোধনী প্রস্তাবটি আমি সমর্থন করছি ১৯৪৯ সালের ক্রিমিনাল 'ল এ্যামেণ্ডমেণ্ট য়্যাক্টের সিডিউলের সামান্য একটু সংশোধন করা হচ্ছে। এটা সংশোধন করার প্রথম উদ্দেশ্য হচ্ছে আইনের ফাঁক দিয়ে চোরাকারবারীরা যাতে বেরিয়ে যেতে না পারে। সুতরাং আইনের ফাঁক পূরণ করার জন্যই আইনটিকে সংশোধন করা হচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে, আমরা বিনা-বিচারে আটক আইন প্রয়োগ করতে চাই না। সুতরাং বর্তমান আইনের ফাঁক দিয়ে চোরা-কারবারীরা যাতে বেরিয়ে যেতে না পারে তার জন্যই এটা করা হচ্ছে। কাজেই জয়নাল আবেদিন সাহেব যে ধরণের আশংকা বোধ করছেন সে ধরণের আশংকার কোন কারণ নেই। বিগত বাজেট অধিবেশনের ছাপান বাজেট বক্তৃতার বইটি উনি দেখলে দেখতে পাবেন যে, তাতে হিসাব দেওয়া আছে যে, আইনের মধ্যে দিয়েই কত চোরা-কারবারী, কত ক্রিমিনালকে ধরা হয়েছে এবং কত চোরাই মাল বাজেয়প্ত করা হয়েছে। সুতরাং তাঁর আশঙ্কা সত্য নয়। আইনের মাধ্যমেই এই সমস্ত কাজ করার জন্য আইনের ফাঁক গুলি বন্ধ করা হচ্ছে এবং সে কারণে আইনটি সংশোধন করা হচ্ছে।

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেহেতু বিলটিকে সকলে সমর্থন করেছেন সেহেতু এই বিলের উপরে আলোচনার জবাবী ভাষণে আমার বিশেষ কিছু বলার নেই। তবে ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে কথাগুলি বললেন

সে গুলি সম্বন্ধে আমার ধারণা উনি ওঁর বক্তিগত অভিজ্ঞতা থেকেই কথা গুলি বললেন। আমার ঐ অভিজ্ঞতা গুলি হয়নি।

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**The Calcutta Improvement ( Amendment ) Bill, 1983.**

**Shri Prasanta Kumar Sur** : Sir, I beg to introduce the Calcutta Improvement ( Amendment ) Bill, 1983.

Mr. Secretary then read the Title of the Bill.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the Calcutta Improvement (Amendment) Bill, 1983, be taken into consideration.

আমার খুব বেশী বলার কিছু নেই, এটা একটা মামুলি বিল। আপনারা জানেন, টাউন এ্যাণ্ড কানট্রি প্ল্যানিং য়্যাকট হবার পর সি. এম. ডি এ হচ্ছে প্ল্যানিং ডেভেলপমেণ্ট অথরিটি so far as the Calcutta Metropoliton District is concerned. সুতরাং ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট বলে যে বিল আনছি এবং হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট এই দুটোই ঐ এরিয়ার মধ্যে পড়ছে। সুতরাং যেখানে সি. এম. ডি. এ উন্নয়নমূলক কাজ করবে, পরিকল্পনা করবে—এই ধরনের যেসব উন্নয়নমূলক সংস্থা তার সাথে সি. এম. ডি. এ সংস্থাকে যুক্ত করা দরকার। সেইজন্য সি. এম. ডি. এর মেম্বার রাখতে চাইছি। তারপর আর যেটা আছে সেটা হচ্ছে, আপনারা জানেন, ফিনানসিয়াল পাওয়ার। এখন টাকার দাম কমে গেছে। সুতরাং কাজ করতে হলে কিছু ক্ষমতা বেশী দেওয়া দরকার। যেমন, আগে কমিটির মেম্বাররা ১০ টাকা করে পেত, আমি বলেছি, ২৫ টাকা পাবে। আগে বোর্ডের মেম্বাররা ২৫ টাকা পেত, এখন সেটা ৫০ টাকা পাবে। এ ছাড়া কিছু কিছু প্রভিসন—আমি বলেছি যেমন, সি. আই. টি য়্যাকটে ছিল কেউ যদি কোন অন্যায় করতো তাহলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হলে তার সমস্ত অভিযোগটি পুঙ্খানুপঙ্খভাবে অনুসন্ধান করে তারপর সিদ্ধান্ত নেওয়ার পর তাকে সাসপেণ্ড করা হতো—এটা ঠিক নয়। কোন কর্মী বা কোন অফিসার যদি অন্যায় করে থাকে তাহলে তাকে সাসপেণ্ড করা প্রয়োজন হতে পারে। এই ধরণের কতকগুলি ছোটখাট ক্ষমতা রাখছি। আপনারা এই বিধানসভায় এসে সি. আই. টি সম্পর্কে বলেন, কি হয়েছে না হয়েছে প্রভৃতি নানা রকম প্রশ্ন করেন এবং তার জবাব-দিহি ষ্টেট গর্ভনমেণ্টকে করতে হয়। কিন্তু আইনে যা ছিল তাতে সরকার পক্ষের খবরদারীর কোন ব্যবস্থা নেই, কোন ডায়েরেকসান দেওয়ার ক্ষমতা নেই। এখন সেখানে এই ধরণের ডায়েরেকসান দিতে পারবে। এছাড়া আপনারা জানেন, এই আইনে প্রভিসান আছে—কালকাটা করপোরেশনের যে য়্যানুয়াল ভ্যালুয়েসান তার হাফ পারসেণ্ট ভ্যালুয়েসানের যে ট্যাক্স হয় সেটা ধরে একটা টাকা সি. আই. টিকে দিতে হয়। কিন্তু দীর্ঘদিন আপনারা জানেন—আমি কোন সময়ের কথা বলছি না—দীর্ঘদিন ধরে ক্যালকাটা করপোরেশান অর্থ সংকটে ভুগছে। তার যে দেয় টাকা সেই টাকা দিতে পারে না সি. আই. টিকে। আমাদের ফিনানসিয়াল কমিশন যেটা হয়েছিল তারা বলেছে এই ধরণের প্রভিসন না থাকাই ভাল, তুলে দেওয়াই ভাল। সুতরাং সেই

ধরণের প্রভিসন তুলে দিয়েছি। অন্যদিক থেকে আমরা চেষ্টা করছি, সি. আই. টিকে রাজ্যসরকার কিভাবে সাহায্য করতে পারে। এই ধরণের ছোট-খাট সংশোধন এনেছি, আমি আশা করি মাননীয় সদস্যরা এটাকে সমর্থন করবেন।

**Mr. Speaker :** Theie is a motion of Abdul Mannan for reference of the the Bill to the Selet Committee. But the Motion is out of order as he has not submitted the consent forms of the members.

There are also circulation motions given by Dr. Zainal Abedin and Shri Shaikh Imajuddin. They may now move their motions.

[5-10—5-20 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উল্টো পৃষ্ঠায় সিলেক্ট কমিটির মেম্বারদের নাম দেওয়া আছে।

**মিঃ স্পীকার ঃ** মেম্বারদের নাম দিলে কি হবে? কনসেণ্ট অবটেন করতে হবে। আপনি তো নাম দিলেন, মেম্বাররা কনসেণ্ট দিলেন না, তখন কি হবে?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, গভর্ণমেণ্ট সাইড থেকে যখন মুভ করা হয় তখন আমাদের কনসেণ্ট না নিয়েই করা হয়। ওঁরা প্রপোজ করলে আমরা এগ্রি করি। It is implied that they will reciprocate their feelings and our co-operation.

**মিঃ স্পীকার ঃ** তা হয় না। আপনার যদি কোন সার্কুলেশন মোশন থাকে তাহলে মুভ করুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1984. আপনারা ওটা পিসমিল করছেন। আপনারা কমপ্রিহেনসিভ কিছু নিয়ে আসুন। যাঁরা মেম্বার তাঁদের সঙ্গে বসে, বুঝে এটা করুন। কারণ দে আর ইন এ বেটার পজিসন এই ব্যাপারে। সকলের সঙ্গে বসেএটা করুন। Not only members of the House, if you can bring forward a more comprehensive, logical and reasonable legislation everybody will accept it and possibly there will be no bar. এটা আপনাদের কাছে বলছি। আপনি করিতকর্মা লোক। মাটিকাটা, মাটি ভরা বাদ দিয়ে এ দিকে একটু দেখুন। আমাদের কো-অপারেশন পাবেন।

**মিঃ স্পীকার ঃ** শ্রী সেখ ইমাজুদ্দিন, আপনার যদি কোন সার্কুলেসন মোশন থাকে তাহলে মুভ করুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, ইমাজুদ্দিন সাহেব মুভ করছেন না, তাঁর বদলে শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ মহাশয় এ সম্পর্কে বলবেন।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি. আই. টি. বিভাগের ভার-প্রাপ্ত মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে এ্যামেনডিং বিল আনলেন আমি তাকে সমর্থন করতে পারছি না। উনি যে কথা বললেন, তার চেয়ে অনেক বেশী এবং বিস্তারিত-ভাবে লেখা আছে যেটা আমি পড়েছি। পড়ার ফলে আমাদের দিক থেকে প্রথম

রিঅ্যাকসন হল যে এই সরকারের এর ভিতরেই কি সম্পূর্ণ অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যাংক্রাপ্সি দেখা দিচ্ছে ? ওঁরা গোড়া থেকে শেষ পর্য্যন্ত একটা কথা খালি বলবার চেষ্টা করছেন যে পয়সার অভাব। ফাঁকে ফাঁকে পার্টির কথা ভাবছেন। আজকে যিনি সি. আই. টি-র চেয়ারম্যান আছেন, তিনি একজন খুব পুরনো আই. এ. এস.। তিনি আগে ছিলেন হোম সেক্রেটারী। তারপর হয়েছিলেন এফ. সি. আইয়ের জোনাল ম্যানেজার, আজকে হয়েছেন সি. আই. টি-র চেয়ারম্যান। আজকে আমাদের যদি কোন সুদক্ষ চেয়ারম্যান আনতে হয় তাহলে আপনারা যে মাইনে দিচ্ছেন তাতে চলবে না। উনি আজকে বলেছেন যে আজকে ৩৫০০ টাকা মাইনে, বাড়ীভাড়া ৫০০ টাকা এবং মুভমেণ্ট অ্যালাওয়েনস দিলে চলবে না। এ সমস্ত জিনিষ ক্যাবিনেট অবশ্যই ঠিক করবেন যে এদের কতটা দায়িত্ব দিতে হবে। তিনি আমাদের জানালেন যে আজকে কোন সুদক্ষ লোককে যদি চেয়ারে বসাতে হয় সে কাজ করবে না। তার মুখ যদি স্তব্ধ করতে হয় তাকে ঘুষ দিতে হবে। সুতরাং অর্থ নামক একটা শব্দ আছে, সেই শব্দটা যথাযথভাবে যদি প্রয়োগ করা যায়, অনেক জায়গায় তার রূপকে বন্ধ করা যায়।

তাই আজ হয়তো ভাবছেন যে সেই অর্থ দিয়ে তাঁদের মুখ বন্ধ করা যাবে। অদ্ভুত লাগলো, ২১ এবং ১৮ ধারা সংশোধন করবার কথা উনি বলছেন। ১৮ ধারা সংশোধন করে বলছেন যে এক-তৃতীয়াংশ যদি মেম্বার্স এসে পেঁছান তাহলে মিটিং হবে। যদি মিটিং মুলতুবি হয় তাহলে পরের বার এক-তৃতীয়াংশ কি পাঁচের তিন শতাংশ মেম্বার্সের উপস্থিতির প্রয়োজন নেই, কোন রকম কোরামের প্রয়োজন নেই। তিনি সেখানেই ক্ষান্ত হলেন না, যদি সরকারের কার্যকলাপ বানচাল হয়ে যায় সেই কারণেই এ যাবৎ বোর্ড এ্যালাউন্স যেখানে ছিল একটি মিটিং করলে মেম্বাররা এ্যালাউন্স পেতো ২০ টাকা এবং ট্রান্সপোর্ট এ্যালাউন্স পেতো ১০ টাকা সেটাকে বাড়িয়ে করলেন যথাক্রমে ৫০ টাকা এবং ২৫ টাকা ট্যাক্সি বাবদ। তিনি একবারও ভাবলেন না যাঁরা ট্রাস্টি হিসাবে আসছেন তাঁদেরও এটা দরকার আছে। তিনি একবারও এ্যামেণ্ডমেণ্টের মধ্যে আনলেন না, যাঁরা বার বার দুইবার আসলেন না, তাঁরা তৃতীয় মিটিংয়ে জয়েন করতে পারবেন না। সি. আই. টি একটি হাস্য পরিহাসের জায়গা নয়। যাঁরা ট্রাস্টি বোর্ডে আসছেন তারা যদি বার বার মিটিংয়ে না আসেন তাহলে তাদের বাধ্য করতে হবে। এসব চিন্তা না করে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় বললেন ২০ টাকার জায়গায় ৫০ টাকা দেবো, ১০ টাকার জায়গায় ২৫ টাকা দেবো, প্রথমবার মিটিংয়ে এক তৃতীয়াংশ সদস্য এলেই মিটিং হবে, তারপর দিন মিটিং হলে কোরামের প্রয়োজন নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পর পর লিষ্ট পড়ে দিতে পারি যা থেকে তিনি কি টাইপ অফ্ এ্যামেণ্ডমেণ্ট বিলের মধ্যে এনেছেন দেখতে পাবেন। অবশ্য একটি জায়গায় মন্ত্রীমহাশয় সত্যি কথা বলবার চেষ্টা করেছেন। তিনি বলেছেন যে বুঝতে পারছি আমাদের টাকা দিতে হবে। সেইমত তিনি ৫ হাজারের জায়গায় ৫০ হাজার, ৫ লক্ষের জায়গায় ৫০ লক্ষ করেছেন। একটি হেড়ে তিনি ব্যাখ্যা করে বলেছেন যে ৫ লক্ষ টাকায় চলছে না, ২৫ লক্ষ দরকার। একটু আগে বলছিলেন কর্পোরেশনকে ১৷৷. পারসেণ্ট করে টাকা দিতে হয়, এতে সি. আই. টি.-র চলছে না। সঙ্গে সঙ্গে তিনি পার্টির কথাও ভুলে যাননি.। সে কারণে তিনি বলেছেন সি. এম. ডি. এ-ও কলকাতার

পরিকল্পনা করছে, সি.আই.টি'ও কলকাতার পরিকল্পনা করেন — তাই সি.এম.ডি.এর একজন এতে আসা দরকার। তাহলে পার্টির একজন লোককে ট্রাষ্টি বোর্ডে নেওয়া সম্ভব হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মধ্যে যাদের সৌভাগ্য হয় কাগজ পড়বার, তারা সকলেই জানি সি. এম. ডি. এ. কি ফ্যাংশান করছে। সেটা হচ্ছে — ইঞ্জিনিয়ার যে চেক সই করছে, সেই চেক কর্পোরেশনে পৌঁছে দেয়া। বাস্তবে সি.এম. ডি. এ কাজ করছেনা। মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে এই হাউসকে জানাবেন কি — সি.এম.ডি.এ কি কি পরিকল্পনা হাতে নিয়েছে, অতীতেই বা কি কি পরিকল্পনা নিয়েছে এবং গত এক বছরের মধ্যে সি.এম.ডি. এ কি কি পরিকল্পনা নিয়েছে? দয়া করে বলবেন কি — গত এক বছরের মধ্যে সি.এম.ডি.এ কর্পোরেশনের হাতে কি কি পরিকল্পনা তুলে দিয়েছে? সি.এম.ডি.এ কর্পোরেশনের খাতে কত লক্ষ টাকা, কত কোটি টাকা হস্তান্তর করেছে? তাহলে সি.এম.ডি.এর একজনকে ওখানে পাঠাচ্ছেন কোন প্রয়োজনে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিশ্চয়ই বলবো মাননীয় মন্ত্রী প্রশান্তবাবু খুবই চেষ্টা করেন।

[5-20—5-30 p.m.]

কিন্তু কোথায় যেন মনে হয় পার্টির কথা যখন তাঁর মনে এসে যায় তখন তাঁর সব কিছু গুলিয়ে যায়। আমি আমার বক্তব্য আর সুদীর্ঘ করবো না। আমি এটা কোন বিল হিসাবে গ্রহণ করতে পারছি না, এ্যামেণ্ডমেণ্ট-এর কোন প্রশ্নই আসে না। তিনি যদি কিছু টাকা স্যাংসানের কথা বলতেন তাহলে ভাল হত। আপনাদের অনেক লোক আছে, সংখ্যাধিক্যের জোরে টাকাটা আপনারা পাস করিয়ে নিতে পারতেন। সেই অধিকার আপনাদের আছে। সেইজন্য আমি এর প্রতিবাদ করলাম।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্য যখন বক্তব্য রাখছিলেন তখন আমি আশা করেছিলাম তিনি একজন প্রাক্তন কংগ্রেস মন্ত্রী হিসাবে এই হাউসে এমন সব জবরদস্ত কথা বলবেন যাতে আমাদের মন্ত্রীমহাশয়কে ভাবিয়ে তুলবেন। কিন্তু তিনি যে সমস্ত কথা বললেন তাতে সার বস্তু কিছুই নেই, সবই অসার। তিনি এমন সব কথা তুলে ধরেছেন তার মধ্যে প্রচুর পরস্পর বিরোধী কথা রয়েছে। তাঁর সমস্ত কথার মধ্যে দিয়ে তিনি বলতে চেয়েছেন যে তিনি এটাকে সম্পূর্ণ সমর্থন করতে পারছেন না আবার কিছুটা সমর্থন করছেন। তার বক্তৃতার মধ্যে দিয়ে বোঝা গেছে যে তিনি আংশিক ভাবে সমর্থন করছেন — সম্পূর্ণভাবে নয়। আবার তিনি বলেছেন যে মন্ত্রী মহাশয় চেষ্টা করেন কিন্তু পার্টির কথা ভেবে তাঁর মাঝে মাঝে সব গুলিয়ে যায়। আমি বলতে চাই যে, ওনারা যখন কিছু করাতেন তখন তো সব পার্টির লোক দিয়েই করাতেন, পার্টি ছাড়া তো ওনারা কিছু বুঝতেন না। পার্লামেণ্টারী ডেমক্রেসী মানেই তো পার্টি। যে পার্টি ক্ষমতায় আসে সেই পার্টি তো তাদের লোক দিয়ে করাবেই। এখানে যদি কংগ্রেসের লোককে দেওয়া হয় তাহলে তো উল্টো কাজ হবে। ওনারাও সমস্ত পার্টির লোক দিয়ে কাজ করাচ্ছেন, এটা তো ঠিক কথা। ইন্দিরা গান্ধি তাঁর নিজের পার্টির লোক পাচ্ছেন না বলে তো হাইকোর্টের জাজ এ্যাপয়েণ্ট করতে

পারছেন না। তাঁর পার্টিতে সেই রকম লোক নেই। এই তো সারকারিয়া কমিশনে তাঁর নিজের দলের লোক চবন সাহেবকে বসিয়েছে এবং এই ভাবে সব জায়গায় তাঁর পার্টির লোককে বসিয়েছেন। পার্লামেণ্টারী গণতন্ত্র মানেই তো পার্টি। পার্টির উপর তাদের দরদ থাকবে এবং সেই জন্যই তাদের কাজের উপরও দরদ থাকবে। সেই কাজ ঠিক মতো না হলে তো আপনারা গালাগালি করবেন সি.পি.এম. বা আর.এস.পি বা ফরোয়ার্ডবুককে। এই যেএ্যামেণ্টমেণ্টগুলো এসেছে সেই গুলোর কথা কি আপনারা একবারও ভেবে দেখেছেন কেন আনতে হয়েছে? ১৯৬০ সালে যে দ্রব্যমূল্য ছিল আজকে তা কি আছে? আজকে এক টাকার মূল্য ২১ পয়সায় দাঁড়িয়েছে। ১৯৬০ সালে ৫০০ টাকার যা মূল্য ছিল আজকে সেটা ১৫০০ টাকায় দাঁড়িয়েছে। এই সমস্ত করেছে কেন্দ্রীয় সরকার, এর জন্য কেন্দ্রীয় সরকারকে দায়ী করা যায়। প্রতি মাসে কেন্দ্রীয় সরকার বাজেট রিভাইস করছে আর জিনিষের দাম বেড়ে যাচ্ছে। সমস্ত কিছু বেড়ে যাবে আর খরচগুলো একথাকবে এটা হয় না। আগে যেখানে ২ টাকা ট্যাক্সি ফেয়ার ছিল এখন সেটা ১০ টাকা হয়ে গেছে — এই ব্যাপারে আপনারা তো কিছু বলতে পারছেন না? আপনাদের তো বলার দরকার হয় না, আপনারা শিল্পপতি এবং জোতদারদের সঙ্গে যোগাযোগ রাখেন। আপনাদের তো পয়সার দরকার নেই। যারা গরীবদের প্রতিনিধি তারা কোথা থেকে পাবে? তারা কি চুরি করবে? এটা তো বুঝতে হবে। যারা শিল্পপতি, বড়লোক, জমিদার, জোতদারদের প্রতিনিধিত্ব করে তাদের পয়সার দরকার হয় না, তাদের অন্য ব্যবস্থা আছে।

কিন্তু এখানে ভেবে দেখার দরকার আছে যে একজন মধ্যবিত্ত, নিম্নবিত্ত বা সাধারণ কর্মচারীর হাতে দু টাকার জায়গায় চার টাকা আসলে তাদের অনেকখানি উপকার হয়। আজকে দিনে বাসে, ট্যাক্সীতে করে আসতে গেলে বাড়তি পয়সা দিতে হয়। বাড়তি পয়সা ব্যয় করার ক্ষেত্রে আপনার মত ধনীর দুলালের কিছু যায় আসে না। কিন্তু একজন গরীব মানুষকে মাথায় হাত দিতে হয়। সুতরাং বাড়তি ব্যয় মেটাবার খাতিরেই তাদের কিছু বেশী পয়সা দেওয়ার প্রয়োজন দেখা দিয়েছে। আজকে বাজারের জিনিষের দাম যে হারে বেড়েছে সেই অনুপাতে তার হাতে কিছু বাড়তি পয়সা দেওয়ার দরকার হয়। একথাও আজকে ভেবে দেখার দরকার আছে যে একজন ভাল ছেলে, পরীক্ষায় ভাল ভাবে পাশ করার পর সে নিশ্চয়ই ভাল মাইনের চাকুরী পেতে চাইবে। সে এমন অর্থ হাতে পেতে চাইবে যাতে সে দুবেলা পেট ভরে খেতে পায়, তার স্ত্রী-পুত্রকে খেতে দিতে পারে। আপনারা—কংগ্রেসীরা এই সব জিনিষগুলোকে একবারও ভেবে দেখতে রাজী নন। ভাবখানা এই রকম যে—গরু দুধ দেবে বেশী কিন্তু খাবে কম। বেশী করে আদায় করে নেব কিন্তু পরিবর্তে দেব কম—এ থিওরী হচ্ছে কংগ্রেসের। আমরা, বামফ্রণ্ট সরকার কিন্তু আপনাদের ঐ রকম থিওরীতে বিশ্বাসী নই। আপনারা ধনপতি, শিল্প প্রতিষ্ঠানের মালিক। যেখানে আপনারা ২০০ শত ভাগ প্রফিট করবেন—ডাকাতি করবেন মুনাফা বেশী করে লাভ করার জন্য, শ্রমিকদের উপরে ডাকাতি করবেন, তাদের শোষণ করবেন—অথচ শ্রমিকদের আপনারা বাড়তি পয়সা দেবেন না। হাজার হাজার, কোটি কোটি গরীব মানুষের রক্ত আপনারা শোষণ করবেন—এ হচ্ছে কংগ্রেসের নীতি, আমাদের নয়। আমরা গরীব মানুষের প্রতিনিধি· আমরা তাদের দুঃখ-কষ্টের কথা বুঝি, আপনারা

এই সমস্ত গরীব মানুষ, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও সাধারণ কর্মচারীদের ভাষা আপনারা কোনদিনও বুঝবেন না। আপনি ধনীর দুলাল, আপনার দৃষ্টিভঙ্গী আলাদা। কিন্তু বামফ্রণ্টের দৃষ্টিভঙ্গী ভিন্ন—আমাদের সঙ্গে কংগ্রেসের দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে। দৃষ্টিভঙ্গীর এই পার্থক্যের জন্যই তো আপনারা এখানে ৫৩ জন, আর আমরা ২০০ জন নির্বাচিত হয়ে এসেছি। মানুষ আপনাদের আস্তাকুড়ে বিসর্জন দিয়েছেন। মাননীয় মন্ত্রীমহাশয় একজন বিচক্ষণ ব্যক্তি, তিনি যে ভাবে কাজকর্ম করছেন তা আপনারাও প্রশংসা করেন। আপনি সি. এম. ডি.-এর ডিপার্টমেণ্ট্যাল এনকোয়ারী প্রভিসান সম্বন্ধে বলেছেন। কিন্তু এক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয় যথার্থ ভাবেই বিষয়টিকে দেখেছেন। সেখানে একজন কর্মীকে চাকুরী থেকে সাসপেণ্ড করা হবে অথচ তাকে রিজন্‌এ্যাবল ওপারচুনিটি অফ হেয়ারিং-এর সুযোগ দেওয়া হবে না—এ কখনই হতে পারে না। এজন্যই ডিপার্টমেণ্ট্যাল প্রসিডিংস্‌-এর এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। এই বিলের মধ্যে এই রকম একটা এ্যামেণ্ডমেণ্টের কথা আছে, আপনি সেদিকে একবারও উল্লেখ করলেন না। আপনি কেবলই পয়সা নিয়ে উল্লেখ করলেন—পয়সা, শুধু পয়সা। আপনি ধনীর দুলাল, পয়সা ছাড়া আপনার মাথায় আর কিছুই আসে না। পয়সা ছাড়া কংগ্রেসীদের মাথায় আর কিছুই ঢোকে না। কিন্তু আমরা জানি, বর্দ্ধিত মূল্যে জিনিষপত্র বাজারে বিক্রি হচ্ছে, তারজন্য বাড়তি রুজি রোজগারের প্রয়োজন। সেজন্যই গরীব মানুষের কিছু বেশী পয়সার দরকার হয়। বমফ্রণ্ট সরকার এই সমস্ত গরীব মানুষদের বাঁচাবার জন্য, তাদের উপকারে লাগবার জন্য বাড়তি ব্যয় অবশ্যই করবে। তারজন্য যদি প্রচলিত আইনের প্রয়োজন হয় তাও করতে দ্বিধা করবে না। মাননীয় মন্ত্রীমহাশয় তাই করেছেন ও করবেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, উনি মিটিং-এর কোরামের কথা নিয়ে উল্লেখ করেছেন। দুঃখের কথা উনি সেক্রেটেরিয়াল প্রাক্‌টিসে মিটিং সম্বন্ধে যে ল আছে তাও জানেন না। কোন মিটিং-এর ক্ষেত্রে রুল হচ্ছে প্রথমবার কোরাম দরকার হয়। কিন্তু কোরামের অভাবে একবার যে মিটিং মূলতবী হয়ে যায়, পরবর্ত্তী দিনে সেই মিটিং-এ কোরাম না থাকলেও মিটিং চলতে পারে। এই ক্ষেত্রে কোরামের কোন দরকার হয় না। উনি একজন সংগঠনের নেতা, পার্টির একজন নেতা, সেক্রেটেরিয়াল প্রাকটিসে মিটিংয়ের এই সাধারণ ল্‌ উনি জানেন না। দুঃখের কথা, ওঁরা পড়াশুনা পর্য্যন্ত করেন না। উনি সাধারণ আইনের কোন ধারায় কি বলছে তা জানেন না—এ অতি দুঃখের কথা। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এই বিলকে—মাননীয় মন্ত্রীমহাশয় যে বিল এখানে এনেছেন—সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

**শ্রীমতীশ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে সংশোধনী বিলটি এনেছেন সেই বিলটি বাস্তব দৃষ্টিভঙ্গীর দিক থেকে সময়োপযোগী সেকথা আজকে সবাইকে স্বীকার করতে হবে। তবে অতীতে ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের কার্য্যের যে গুরুত্ব ছিল একদিক থেকে তার দায়িত্ব কিছুটা কমে গেছে। কারণ সি. এম. ডি. এ নামক একটি সংগঠন নতুনভাবে কলকাতাকে গড়ে তোলার জন্য গঠিত হয়েছে এবং তার সাথে ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশান অথরিটি নামক আরেকটি

সংগঠন আছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো এবং অতীতেও এই ব্যাপারে বলেছিলাম যে তাঁর দপ্তরের অধীনে যে সমস্ত উন্নয়ন মূলক প্রতিষ্ঠান আছে যেমন বিশেষ করে করপোরেশান, ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট, এবং সি এম ডি এ এইগুলির মধ্যে যদি বাস্তবে প্রকৃত সমন্বয় গড়ে তুলতে পারেন তাহলে বামফ্রণ্ট সরকারের তরফ থেকে বৃহত্তর কলকাতার সামগ্রিক উন্নতির ক্ষেত্রে যে দৃষ্টি ভঙ্গি হাতে নিয়েছেন তা দৃঢ় পদক্ষেপে এগিয়ে নিতে যেতে পারবেন। কিছুদিন আগে এ্যাডমিনিস্ট্রেটিভ রিফোর্মস্ কমিশনে বর্তমান অর্থমন্ত্রী ছিলেন। তিনিও ওই একই কথা বলেছিলেন। তাঁর সুপারিশে যে বই বেড়িয়েছিল সেই বইটির প্যারাগ্রাফ ৪ এবং অনুচ্ছেদ দেখুন। সেখানে তিনি বলেছেন —

One other obvious area of rationalisation may be mentioned. Now that Calcutta Metropolitan Development Authority has the exclusive responsibility for planning and execution of metropolitan development, there ought to be a gradual integration of its activities with those of the Calcutta Metropolitan Water and Sanitation Authority, the Calcutta Improvement Trust and the Howrah Improvement Trust. The CMDA may be asked to have a supervisory role with respect to the functioning of the latter agencies, there should be a unifired programme and a common approach for all of them.

অর্থাৎ আজকে আমাদের রাজ্যসরকার এই বাস্তব উপলব্ধি করেছেন যে আজকে কয়েকটি সংগঠনের সমন্বয়ের মধ্যে দিয়ে যদি কাজ চালান যায় তাহলে কলকাতা উন্নয়নের যে কাজ হাতে নেওয়া হয়েছে সেই বৃহত্তর কলকাতা উন্নয়নের কাজ এগিয়ে নিয়ে যাওয়া যাবে। আরেকটি কথা আমি বলতে চাই সেটা হচ্ছে আমরা সাধারণভাবে লক্ষ্য করেছি এবং জনসাধারণেরও ভুল হতে পারে যে উত্তর কলকাতা একটা প্রাচীন এলাকা আর দক্ষিণ কলকাতা সেই তুলনায় নতুন। কিন্তু কার্য্যক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি সি. এম. ডি. এ এবং ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট যেভাবে দক্ষিণ কলকাতা উন্নতির জন্য উঠেপড়ে লেগেছেন সেই তুলনায় উত্তর কলকাতার দিকে সেই রকম গুরুত্ব দিচ্ছেন না। সেইজন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো তিনি যখন গোটা কলকাতার সার্বিক উন্নতির কাজ হাতে নিয়েছেন সেটা যেন সর্বক্ষেত্রে সমান ভাবে প্রতিফলিত হয় সেই ব্যাপারে দৃষ্টি দেন। তবে তিনি এক জায়গার কাজ করার ক্ষেত্রে যে দৃঢ় প্রত্যয় নিয়ে কাজে হাত দিয়েছেন তাতে আশা করা যায় তিনি যথা সময়ে সমস্ত কাজ সমাপ্ত করার মত চেতনা এবং দৃঢ়তা তিনি রাখেন। আমাদের বিরোধীদলের নেতা শ্রীপ্রফুল্ল বাবু অভিযোগ করেছেন যে আমাদের এখানে প্রশাসনিক দপ্তরের খরচা বাড়ছে এবং ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের যিনি চেয়ারম্যান তাঁকে কিছু সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে এবং তাঁর বেতনও বাড়িয়ে দেওয়া হয়েছে। আমি তাঁকে বলতে চাই যে তিনি দিল্লীর দিকে তাকান তাহলে দেখবেন সেখানে ৩ দিন আগে খবরের কাগজে বেরিয়েছে যে দিল্লী লোকসভার সেক্রেটারিয়েট সাথে যারা যুক্ত এবং রাজ্যসভার সদস্যদের এবং ওই বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট অফিসারদের বেতন ভাতা এবং আরো আনুষঙ্গিক খরচা বাড়ান হবে। এই ব্যাপারে প্রধানমন্ত্রীর অনুমোদন পাওয়া গেছে। কারণ তিনি মনে করেন প্রশাসনিক দপ্তরের কাজকর্ম বাড়াতে গেলে এই স্তরের মানুষদের যোগ্যতা অনুযায়ী বিচার করে ন্যূনতম

প্রয়োজন টুকু অন্তত মেটাতে হবে। মাননীয় সদস্য শ্রীপ্রফুল্ল বাবুকে জিজ্ঞাসা করি ইংরাজ আমলে অর্থাৎ ১৯৪৫ সালে একজন আই. সি. এস. গ্রেটের লোকের বেতন যা ছিল এখন কি তাই আছে। সেই সময়ে একজন আই. এ. এস সাড়ে তিন হাজার টাকা পেতেন আর এখন ১৯৮৩ সালে একজন সিনিয়ার আই এ এস অফিসার গড়ে কি সেই বেতন পান? তাদের তাহলে গড়ে কত বেতন হওয়া উচিৎ তিনি নিশ্চয় সেটা জানেন।

কিন্তু আমরা জানি বিগত ৩৫ বছরে আমাদের দেশ আর্থিক সঙ্কটে দেউলিয়া হয়ে গেছে। আজকে টাকার দাম কমতে কমতে এমন জায়গায় এসে গেছে যে সাধারণ মানুষ টাকার মূল্য বুঝতে পারছে না। সেজন্য মন্ত্রীমহাশয় মানুষ এবং অফিসারদের কর্মদক্ষতাকে অক্ষুন্ন রাখার জন্য এবং তাদের ন্যুনতম প্রয়োজন আর্থিক দিক থেকে মেটাবার জন্য যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি। মানুষের কর্মদক্ষতাকে আরও বাড়িয়ে তোলার জন্য যে প্রচেষ্টা দরকার সেটা এই সংশোধনীর মাধ্যমে এসেছে। কংগ্রেসকে জনসাধারণ দু দুটো নির্বাচনে পরাজিত করে বামপন্থীকে প্রতিষ্ঠিত করেছে পশ্চিমবাংলার দায়িত্ব বহন করার জন্য। সেজন্য সি. এম. ডি. এ. ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট এর মাধ্যমে বেহালা, টালিগঞ্জ ইত্যাদি জায়গায় হাউসিং স্কীম, রাস্তার কাজ হচ্ছে। নূতন নূতন বাসস্থান গড়ে তোলার জন্য উত্তর কোলকাতার দিকে দৃষ্টি দিতে হবে। উত্তর কোলকাতার বিভিন্ন অঞ্চলে লক্ষ লক্ষ মানুষ বাস করে, তারা গৃহ সমস্যায় জর্জরিত। মধ্যবিত্তদের কাছে বাসস্থান একটা সমস্যা। কোলকাতায় যে হারে বাড়ী-ভাড়া বেড়ে গেছে তাতে সেখানে তারা স্থান পাচ্ছেনা। রাস্তার ব্যাপারে সহযোগী সংস্থা হিসেবে সি. এম. ডি. এ তাদের সাহায্য করছে। কিন্তু আমি আবার বলছি সমন্বয় যদি না করতে পারি তা হলে কিছু হবেনা। ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট, সি. এম. ডি. এ. এবং সি. এম. এস. এ ইত্যাদির চিন্তাধারা বিভিন্ন দিকে ধাবিত হচ্ছে যার ফলে কাজের অসুবিধা হচ্ছে। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত প্রফুল্লবাবুরা যখন ক্ষমতায় ছিলেন তখন আমরা দেখেছি সি. এম. ডি. এ. কাজ করে গেল মিউনিসিপ্যালিটি তার কিছু জানেনা। কাজ হয়ে গেলে তা যখন পৌরসভার হাতে দেয়া হল তখন দেখা গেল আণ্ডার-গ্রাউণ্ড সুয়ারেজ দিয়ে জল না গিয়ে সেই জল মানুষের ঘরে চলে যাচ্ছে। এর কারণ হচ্ছে স্থানীয় পৌরসভার সঙ্গে এ কাজ আলোচনা না করে করার জন্য এই অবস্থা হচ্ছে। আমরা এই অবস্থার পরিবর্তন করছি। আজকে সি. এম. ডি. এ-র কাজ সংশ্লিষ্ট পৌরসভার সংগে আলোচনা করে করা হচ্ছে এবং তা বাস্তবে রূপায়িত করা হচ্ছে। সেজন্য আমরা বলছি ক্ষমতাকে রাইটার্স বিল্ডিংস-এ কেন্দ্রীভূত না করে সাধারণ মানুষের অধীনে প্রতিষ্ঠানগুলির হাতে দিতে হবে। তাই আজকে পৌরসভা, পঞ্চায়েত বাংলাকে গড়ার দায়িত্ব নিয়েছে। আর কোলকাতাকে গড়ে তোলার দায়িত্ব সি. এম. ডি. এ নিয়েছে। আমারা এই কাজে অর্থের অপচয় করছি না। অতীতে সি. এম. ডি. এ প্ল্যানিং এর নামে কোটি কোটি টাকা অপচয় করে গেছে। আমাদের সরকার সেই জিনিষটা করতে দেবেনা।

[5-40—5-50 p.m.]

বিগত সাড়ে ছয় বছরে আমরা কঠোর দৃষ্টি দিয়ে সেই কাজকে বাস্তবে রূপায়িত করার চেষ্টা করেছি, আগামী দিনেও সেইভাবে করবার চেষ্টা করব এবং মাননীয়

মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন সেই বিলের মধ্য দিয়ে তাঁর বক্তব্যে সেই কথাই বলেছেন। আমাদের কাজের সমন্বয় অক্ষুন্ন রাখার জন্য কাজকে ত্বরান্বিত করবার জন্য যে সমস্ত বাধা আছে সেগুলিকে আমরা দূর করতে চাই। কর্মচারীদের ক্ষেত্রে মানুষকে আমরা বলি যে মানুষের মধ্যে ভাল এবং মন্দ দুটো দিক আছে, খারাপ দিক যদি থাকে তাহলে তাকে সংশোধন করতে হবে, কর্মচারী হিসাবে যদি কেউ অন্যায় করে থাকে তাহলে তাকে সংশোধন করার জন্য যে প্রশাসনিক ব্যবস্থা আছে সেই ব্যবস্থার মধ্য দিয়ে তাকে সংশোধন করব, যদি শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে তাকে ফেলতে হয় সেটা আমরা করব। কিন্তু সেই কর্মচারীকে ত্রুটি মুক্ত করার দিকে দৃষ্টি রেখে আমরা আইনকে সংশোধন করেছি। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন সেটা আমি মনে করি আজকে বাস্তব এবং সময়োপযোগী হয়েছে, সেজন্য এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব দুঃখিত হলাম যে কংগ্রেস প্রতিষ্ঠিত হয়েছে ৯৮ বছর, আর ২ বছর পরে শতাব্দি পূর্ণ হবে, কিন্তু কংগ্রেসের মধ্যে এত দৈন্য এ আমি কিন্তু আশা করতে পারিনি। মাননীয় প্রফুল্ল কান্তি ঘোষ যিনি শতবাবু বলে পরিচিত আমার ধারণা ছিল তাঁর মধ্যে কিছু আছে, কিন্তু আজকে যা শুনলাম তাতে আমাকে অবাক হতে হল যে ভদ্রলোক হয় এই বিল পড়ার সুযোগ পাননি অথবা তিনি মনে করতে পারেননি যে এই বিল পড়ার দরকার আছে। তিনি যেভাবে সি. আই. টি, সি. এম. ডি. এ'র আলোচনা করেছেন তা শুনে আমার খুব অবাক লাগল। তাঁরা যে কর্মকাণ্ড রেখে গেছেন সেকথা যদি বলতে যাই তাহলে আমার ২/১ দিন সময় লাগবে। কিন্তু আমি সেদিকে যাচ্ছি না, আমি শুধু একথা বলতে পারি যে আমাদের মাননীয় সদস্য অনিল মুখার্জী যেকথা বলেছেন যে টাকার দাম আজকে ২১ পয়সা, ২১ পয়সা নয় আরো কমে গেছে ১৭ পয়সা হয়েছে। আমি শতবাবুকে কি জিজ্ঞাসা করতে পারি আপনার বাড়ীর চাকরকে কত মাইনে দেন ? আপনার বাড়ীতে অন্যান্য যারা চাকরি করে যে মেড সার্ভেণ্ট আছে তাদের কত টাকা মাইনে দেন ? আমরা কি চেয়েছি—কমিটিতে যেসব মেম্বার আছেন, রাজ্য সরকারের মনোনীত প্রার্থী আছেন, কর্পোরেশানের মনোনীত প্রার্থী আছেন, তাঁরা সেখানে গেলে ১০ টাকা করে পান, ১০ টাকায় আজকের দিনে ট্যাক্সি ভাড়া হয় না, সেজন্য আমি বলেছি ওটা ২৫ টাকা হবে। আপনারা দেখেছেন বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট পাল্টেছে, চেয়ারম্যানদের ভাতা দিয়েছে। আগে চেয়ারম্যানদের টাকার দরকার হত না। কারণ, তাঁরা দুলালের পুত্র ছিলেন, তাঁদের টাকার কোন প্রয়োজন ছিল না। সেখানে যে আয় হত সেটা যথেষ্ট ছিল, তা দিয়ে তাঁরা নিজেদের বাড়ীর আশে-পাশে, আত্মীয় স্বজনদের বাড়ীর আশে-পাশে রাস্তা-ঘাট করতেন। আজকে সেদিন নেই, আজকে শতবাবুদের জমিদারী নেই, আজকে দিন পাল্টেছে। আগে বোর্ডের ক্ষমতা ছিল ৫ লক্ষ টাকা পর্যন্ত তাঁরা কাজ করতে পারতেন, আমরা বললাম ২৫ লক্ষ টাকা পর্যন্ত তাঁরা কাজ করতে পারবেন। যেকথা মতীশ বাবুও বলেছেন যে আমরা কাজ করতে চাই, আমরা ফাইল চালাচালি করতে চাই না। চেয়ারম্যানে একজন আই এ এস অফিসার থাকবেন, আগে তাঁর ক্ষমতা ছিল কি, না, ৫ হাজার টাকা পর্যন্ত তিনি সই করতে পারবেন।

আমরা বললাম এটা কম হচ্ছে, আজকে এটা ৫০ হাজার হওয়া উচিত। আজকে জিনিসপত্রের দাম ৫গুণ বেড়ে গেছে কাজেই এটা ৫০ হাজার হওয়া উচিত। একটা বোর্ডের ক্ষমতা ছিল ৫ লক্ষ টাকা, আমরা বললাম ২৫ লক্ষ টাকা হবে। এখানে টাকার লেনদেনের প্রশ্ন উঠল কি করে আমি সেটা বুঝতে পারছি না। তারপর, তিনি বললেন আই এ এস অফিসারের মাইনে সাড়ে তিন হাজার টাকা করলেন কেন? উনি কি জানেন না যে একজন সিনিয়র আই এ এস অফিসারকে বসালে তাঁর যে মাইনে সেটাতো তাকে দিতে হবে? সিনিয়র সি আই এ এস অফিসার আই টি-তে যিনি বসেছেন তাঁর যা রেমুনারেশন সেটাই তিনি পাবেন, তার বেশী পাবেন না। কাজেই যেসব কথা তিনি বলেছেন তাতে এটাই বলা যায় তিনি ভ্রান্ত হয়েছেন। তিনি বুঝবার চেষ্টা করেননি কোথায় আমরা সংশোধন করতে চাই। আমি মনে করি এসব জিনিস তাঁর বোঝা উচিত ছিল। আমরা মনে করি কিছু সংযোজন করা দরকার, কিছু ডিসিপ্লিন আনা দরকার, সরকারের একটা অথরিটি থাকা দরকার, সরকারের ডাইরেকসন দেওয়া দরকার। এ্যাপয়েণ্টমেণ্টের ব্যাপারে দেখলাম ৩০০ টাকার বেশী মাইনে এমন পদে চেয়ারম্যান এ্যাপয়েণ্টমেণ্ট দিতে পারেন না। আমরা বললাম এটা ৭৫০ টাকা হোক। তারপর, ওই ১০০০-এর জায়গায় আমরা ১৫০০ টাকা করেছি। দুঃখের বিষয় এইসব সংশোধনের দিকে তিনি তাকালেন না। আমি মনে করি তাঁর বক্তব্যে কোন মাথামুণ্ড নেই। আমি অনুরোধ করছি ভবিষ্যতে আলোচনা করার সময় বিলটি ভাল করে পড়ে তারপর আলোচনা করবেন। আমরা সকলেই এখানে লেখাপড়া করে এসেছি এটা মনে রাখা দরকার।

The motion of Shri Prasanta Kumar Sur that the Calcutta Improvement (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2**

**Mr. Speaker :** There are no amendments to clauses 1 and 2. So I put Clauses 1 and 2 to vote.

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Mr. Speaker :** There are amendments to clause 3 by Shri Kashinath Misra. I find that the member is not present. So the amendments are not moved. So I now put Clause 3 to vote.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4 and 5**

**Mr. Speaker ;** There are no amendments to clauses 4 and 5. So I put clauses 4 and 5 to vote.

The question that the clauses 4 and 5 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 6**

**Mr. Speaker :** There are amendments to clauses 6 by Shri Kashinath Misra. I find that the member is not present. So the amendments are not moved. Now I put clause 6 to vote.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 7 and 8**

**Mr. Speaker :** There are no amendments to clauses 7 and 8.

So I put to vote clauses 7 and 8.

The question that the clauses 7 and 8 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 9**

**Mr. Speaker :** There are amendments by Shri Kashinath Misra. But I find the member is absent, so the amendments are not moved. So I now put clause 9 to vote.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 10 to 27 and Preamble**

The question that clauses 10 to 27 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the Calcutta Improvement (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

[5 50—6-00 p.m.]

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে কথা বললেন, এবং তার আগে মাননীয় সদস্যরা যে কথা বললেন, আমি আকুল আগ্রহে তা শুনলাম। ওঁরা অনেক জ্ঞানের কথা বললেন। কিন্তু আমি যে কথাগুলি বললাম তার উত্তর মাননীয় মন্ত্রী মহাশয় দিলেন না। তিনি যা বলেছেন তাতে আমি প্রশ্ন করেছিলাম যে ওয়ান-থার্ড এবং হাফ হলে কোরাম হবে এবং পরবর্তীকালে কোরামের প্রয়োজন আসবে না এটা ওনার কথা। আমার প্রশ্ন ছিল যে যদি কোন সদস্য না আসে তাহলে সে সম্বন্ধে কোন কথা ভেবেছেন কি ? উনি নিশ্চয় বলেছেন যে আজকে যা দাম — তাতে পরবর্তী কালে শুনবো যে মন্ত্রীদের মিনিমাম ৫ হাজার টাকা মাইনে হওয়া দরকার। কারণ টাকার দাম ১৭ পয়সা হয়ে থাকে তাতে মন্ত্রীরা যে রকম সম্মানীয় লোক তাতে ৫ হাজার নীচে চলে না। আবার কালকে হয়তো শুনবো মাননীয় সদস্যদের ৪ হাজার টাকা মাইনে হওয়া দরকার এবং সে প্রশ্ন শুনছি আসছে। আমার প্রশ্ন হচ্ছে সি. আই. টি থেকে আরম্ভ হোল কেন ? তারপর অনেকগুলি দপ্তর আছে — তা হলে প্রতিটি দপ্তরেই কি এই রকম হবে ? কিন্তু কর্মচারীদের সম্বন্ধে এখনও পর্যন্ত কিছু বলা হয়নি। ওনারা খুব কর্মচারী কর্মচারী বলেন। কিন্তু তাদের সম্বন্ধে কোন কথাই বললেন না।

এটা রাগের প্রশ্ন নয়। ঠিক ঐ কথা উনি যখন উত্তর দিতে দাঁড়াচ্ছে, আমরাও কোন সময় ঐ বেঞ্চে বসেছিলাম। আমরা জানতাম মন্ত্রীদের তরফ থেকে কি রকম ডেকোরাম রাখা দরকার। উনি যে চেয়ারে বসে আছেন — তাতে ওনার অনেক অসুবিধা আছে বলার। কিন্তু ঐ সব কথা বলার আগে একটু ভাবা দরকার কাকে বলছেন এবং কি বলছেন। ওনাকে আমার শুধু এই অনুরোধ যে উনি এই এলাকায় আসুন না — ওনার এক বন্ধু তো ঐ এলাকায় দাঁড়িয়েছিলেন। একবার আসুন আমি বুঝিয়ে দেবো কে ঠিক কথা বলে আর কে ঠিক কথা বলে না। যদি সেই শক্তি থাকে আসুন। অনেক আদর্শের কথা বলা যায়। উনি একটা পার্টির প্রতিনিধি — আসুন না এই এলাকায়।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম যে মাননীয় সদস্য প্রফুল্লকান্তি ঘোষ যে প্রশ্ন তুলেছিলেন, আমাদের মাননীয় সদস্য শ্রীঅনিল মুখার্জি যে কথা বলেছেন কোরাম সম্বন্ধে সেটাই যথেষ্ট। কিন্তু তাঁর অজ্ঞতা যে এতো বেশী সেটা আমি ধারণা করতে পারি নি। আমি জয়নাল আবেদিন সাহেবকে বলবো যে উনি যেন একটু বুঝিয়ে দেন যে একটা ওয়ান-থার্ড কোরাম হলে, তার সঙ্গে যদি এ্যাডজর্ন হয় তাহলে আর সদস্যদের কোরামের প্রশ্ন আসে না। আপনার মত অজ্ঞ লোক যদি সভায় থাকেন তাহলে নিশ্চয় বুঝতে পারবেন। কিন্ত তাহলেও যদি আইনের ধারা না থাকে তাহলে অসুবিধা হয়। আপনার মত অজ্ঞ লোক যদি সেখানে থাকেন, তাহলে সেখানে আইনের মধ্যে যদি এই রকম কোন ধারা না থাকে তাহলে অসুবিধা হবে। আর মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যা চ্যালেঞ্জ করেছেন, আমি উনাকে বলছি, উনি যদি রাজী থাকেন, উনি বলুন, কোথায় কোন পাড়ায় কবে যেতে হবে, আমাকে যেখানে আহ্বান করবেন আমি সেখানেই যেতে প্রস্তত আছি।

The motion of Shri Prasanta Kumar Sur that the Calcutta Improvement (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## Twenty Seventh Report of The Business Advisory Committee.

**Mr Speaker** : I beg to report that the Business Advisory Committee met in my chamber to-day and recommended the following programme of business and allocation of time order for the 8th and 9th September, 1983;

Thursday, 8.9.1983 — (i) The West Bengal Land (Requisition and Acquisition) Amendment Bill, 1983 (Introduction, Consideration and Passing 1 hour.

ii) The West Bengal Panchayat (Second Amendment Bill, 1983 (Introduction, Consideration and Passing) ... 1½ hours.

iii) The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1983, (Introduction, Consideration and Passing... 1½ hours.

iv) The Bengal Excise (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing ... 1 hour.

Friday, 9.9.1983 — i) Business remaining from 8th September, 1983, *if* any.

ii) The Bengal Municipal (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing ... 1 hour

iii) The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing) ... 1 hour

There will be no meeting on Monday the 29th August, 1983.

Shri Patit Paban Pathak : Mr. Speaker, Sir, I beg to move that the Twenty Seventh Report of the Business Advisory as presented in the House, be agreed to by the House.

**Mr. Speaker** : I think the House agree to it.

( Voices—Yes )

The motion is adopted.

**The Howrah Improvement (Amendment) Bill, 1983**

**Shri Prasanta Kumar Sur** : Mr. Speaker, Sir, I beg to introduce the Howrah Improvement (Amendment) Bill, 1983.

( Secretary then read the Title of the Bill )

**Shri Prasanta Kumar Sur** : Mr. Speaker, Sir, I beg to move that the Howrah Improvement (Amendment) Bill, 1983, be taken into consideration.

**Mr. Speaker** : There are motions for circulation of the Bill from Dr. Zainal Abedin and Shri Shaikh Imajuddin. Shri Shaikh Imajuddin may move his motion.

**Shri Shaikh Imajuddin** : Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eleciting opinion thereon by the November 30, 1983.

**শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, যে বিল এখানে উত্থাপন করেছেন, এই বিলটা জনসাধারণের কাছ থেকে ওপিনিয়ন নেবার জন্য সার্কুলেট করার কথা বলছি। জনসাধারণের মতামত এই ব্যাপারে দরকার। যাই হোক আমি যে মোশন দিয়েছি, তা আমি মুভ করলাম।

[6-00—6-10 p. m.]

**শ্রীঅম্বিকা ব্যানার্জি ঃ** মিঃ স্পীকার, স্যার, হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট বিলটির কিছু অংশ আমি সাপোর্ট করছি, অভিনন্দন জানাচ্ছি। হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের পরিধি শুধু হাওড়া মিউনিসিপ্যাল এলাকার মধ্যেই সীমাবদ্ধ ছিল, সেটাকে বাড়িয়ে বালি মিউনিসিপ্যাল এলাকাকে এর অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তাতে সামগ্রিক ভাবে এইচ. আই. টি.-র কার্য ক্ষমতা বাড়িয়ে দেওয়া হয়েছে, এটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। কিন্তু সামগ্রিকভাবে হাওড়ার উন্নতির ব্যাপারে বিলটির ভিতরে বিশেষ কিছুই নেই, বালি মিউ-নিসিপ্যালিটি এ্যাড করা ছাড়া এবং বিলটি পড়ে দেখলেই বোঝা যায় যে হাওড়া শহর এখনো পর্যন্ত কত উপেক্ষিত হয়ে রয়েছে। বিলটিতে কিছু ক্ষমতা দেওয়ার কথা লেখা আছে এবং কিছু কিছু জায়গায় মাইনে ইত্যাদি বলুন বাড়ানোর ক্ষমতা দেওয়া আছে,

এর বাইরে আমার চোখে অন্ততঃ বিশেষ কিছু পড়েনি। যেসব অংশ সাধারণ মানুষের জন্য নয়, আমি তার বিরোধিতা করে মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি জিনিস সাজেষ্ট করছি। আজকে বিলটি পাশ হয়ে যাবে। ভবিষ্যতে কতকগুলি জিনিস আনবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট ইমপ্রুভমেণ্টের নামে গত ৫ বছরে কিছুই করেনি। হুগলী ব্রীজের কিছু অংশ করা ছাড়া হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট আর বিশেষ কিছুই করেনি। কোটি কোটি টাকা কেবল মেনটিনেন্স, এসষ্ট্যাবলিসমেন্ট বাবদ ৫ বছরে খরচ করতে দেখেছি, এছাড়া হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট আর কোন স্কীম নেয় নি। আজকে নানা জায়গায় রিপ্রেজেনটেসনের কথা হচ্ছে। হাওড়া জেলা পরিষদের সভাধিপতিকে নেওয়া হয়েছে এর ভিতর। হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের ভিতর জেলা পরিষদের কোন অংশ পড়ে কিনা আমার জানা নেই। আমি জানি রিসেণ্টলি হাওড়া করপোরেশনের জন্য কিছু নতুন এলাকা বাড়ানো হয়েছে এবং তার ভিতর কিছু কিছু অংশ জেলা পরিষদের ভিতর আছে, সেগুলি হাওড়া করপোরেশনের ভিতর আসবে। সুতরাং জেলা পরিষদের এমন বিশেষ অংশ সেখানে থাকছে না, যার জন্য জেলা পরিষদের সভাধিপতিকে এর ভিতর রাখার যুক্তি থাকতে পারে। হাওড়া মিউনিসিপ্যাল এরিয়ার ৭০ ভাগ সেন্ট্রাল হাওড়া এ্যাণ্ড সাউথ হাওড়া জুড়ে রয়েছে। যেখানে কংগ্রেস-এর রিপ্রেজেনটেসন আছে সেখানে ৫ বছর ধরে নমিনেটেড বোর্ড দ্বারা পরিচালিত হচ্ছে। বহু দাবী থাকা সত্বেও দু জন এম. এল. এ.-র রিপ্রেজেনটেসন আজ পর্যন্ত নেওয়া হল না। হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টে তাদের রি-প্রেজেনটেসন নেওয়া হল না। অর্থাৎ নমিনেটেড বোর্ডকে আবার নমিনেট করছেন এবং এইচ. আই. টি. -র বোর্ড মেম্বার সেখানে গিয়ে যা ইচ্ছে তাই করেছে। ৫ বছরের মধ্যে এইচ. আই. টি. দ্বারা হাওড়ার কোন উন্নতি হয়নি। সুতরাং যেখানে ইলেকটেড মেম্বারদের স্থান হয় না সেখানে নমিনেটেড বোর্ড দিয়ে এই ভাবে চালানো গণতান্ত্রিক রীতি বিরুদ্ধ বলে আমি মনে করি। আমার অনুরোধ আমি এই বিষয়টি আপনি একটু ভাল ভাবে চিন্তা করে দেখুন। এ্যামেণ্ডমেণ্ট নং সেকসান ১৬ (সি) তে বলা হয়েছে— এক লক্ষ "টাকা" এই শব্দসমূহের স্থলে, "পঁচিশ লক্ষ টাকা" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে। এক লক্ষ টাকার বেশী কাজ করতে হলে আগে গভর্ণমেণ্টের স্যাংসাণ্ড দরকার হত। আমি বলছি না যে এটা করা উচিত। কিন্তু এখন দেখা যাচ্ছে চেয়ারম্যান ১ লক্ষ টাকার জায়গায় ২৫ লক্ষ টাকা বোর্ডে স্যাংসাণ্ড করাতে পারেন। বোর্ডে প্রকৃত রিপ্রেজেণ্টেসনের মধ্য দিয়ে এটা যাতে হয় নিশ্চয় সেই ক্ষমতা থাকা দরকার, এতে কাজের সুবিধা হয়। যেখানে চেয়ারম্যান ৫/৬ হাজার টাকার বেশী খরচ করতে পারেন না, সেখানে এটা হলে কাজের অনেক সুবিধা হয়। একটু আগে বললেন এইচ. আই. টি. সি. আই. টিতে সিনিয়র আই. এ. এস. অফিসার আছেন। কিন্তু আমি আপনাকে মনে করিয়ে দিচ্ছি হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের যিনি গত কয়েক বছর ধরে চেয়ারম্যান হিসাবে বসে আছেন তিনি একজন ডবলিউ. বি. সি. এস.।

তার দ্বারা পরিচালিত হচ্ছে। সেখানে তার অকর্মন্যতার জন্য তিনি কিছু কিছু মেম্বারের ক্রীড়ানক হয়ে দাঁড়িয়েছেন। সেখানে সব মেম্বাররা একসার্ট করতে পারছেন না। বিভিন্ন পলিটিক্যাল পার্টির মেম্বাররা সেখানে রয়েছেন কিন্তু মুষ্টিমেয়

দু-এক জন লোক সেটাকে ফুললি কণ্ট্রোল করছেন যারজন্য হাওড়ার উন্নতি সম্ভব হচ্ছে না। সেখানে পলিটিক্যালি মোটিভেটেড হয়ে সব কিছু করা হচ্ছে। যেখানে সামান্য টাকারই অপচয় হচ্ছে সেখানে ঐ সব লোকের হাতে যদি আরো ক্ষমতা ও অর্থ দেওয়া হয় তাহলে সেটা কতখানি সৎভাবে ব্যয়িত হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি তাই বলব, এই অবস্থায় এই ধরনের ক্ষমতা সত্যিকারের তাদের হাতে দেওয়া উচিত কিনা সেটা চিন্তা করে দেখুন। প্রকৃত ভালো কোয়ালিটির মানুষদের সেখানে এনে, প্রকৃত ভালো এ্যাডমিনিস্ট্রেটারদের সেখানে এনে বোর্ড গঠন করে তাদের হাতে ক্ষমতা দিলে আমাদের আপত্তি নেই কিন্তু তার পূর্বে এই ধরণের ক্ষমতা দিলে ক্ষমতার অপব্যবহার ছাড়া আর কোন গত্যন্তর থাকবে না। আপনারা নিজেরা দাবী করেন শ্রমদরদী মানুষ বলে। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই। এইচ. আই. টি-র শ্রমিক কর্মচারীরা বহুদিন ধরে দাবী জানিয়ে আসছেন তাদের পেনসন স্কীমের জন্য। এটা আজকের কথা নয়, বহুদিন ধরেই এই জিনিষটা চলে আসছে। আপনাদের কথায় তারা আশ্বস্তও হয়েছে কিন্তু আমরা আশ্চর্য্য হয়ে দেখলাম সে সম্বন্ধে কোন এ্যামেণ্ডমেণ্ট আজ পর্য্যন্ত এল না। আজকে যে বিল এনেছেন তার মধ্যেও এ সম্পর্কে কোন কথা নেই। তারপর এইচ. আই. টিতে আমরা দেখছি সেখানে ক্রমে ক্রমে কাজ যত কমে যাচ্ছে তত সেখানে লোক বেশী করে নেওয়া হচ্ছে। এইচ. আই. টিতে হঠাৎ দেখলাম ২০০/২৫০ লোককে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হল। এ্যাপয়েণ্টমেণ্ট দেবার সময় নিয়ম হল সরকার থেকে স্যাংসান নেওয়া কিন্তু আমি দৃঢ়ভাবে জানি গভর্ণমেণ্টের স্যাংসান না নিয়েই তাদের নেওয়া হয়েছে। এখানেও মোটিভেটেডলি কাজ করা হয়েছে। তারপর এখম টাকার অঙ্কটা ১৫০০ টাকা করা হচ্ছে। একদিকে আপনারা বলছেন আমাদের ভাঁড়ে মা ভবানী আবার অপর দিকে আপনারা এইসব কাজ করছেন। আমরা জানি কাজ করাতে গেলে মানুষকে অর্থ দিতে হয়। আমরা এও জানি টাকার দাম কমে গেছে, সেখানে আপনাদের ফাণ্ড পারমিট করলে আপনারা টাকা দিন আমাদের আপত্তি নেই কিন্তু সঙ্গে সঙ্গে দেখবেন এ্যাপয়েণ্টমেণ্ট যেগুলি হচ্ছে সে ব্যাপারে আপনাদের কাছ থেকে এ্যাপ্রুভাল নেওয়া হয়েছে কি না। আমি বলছি, আপনি দেখবেন, আপনাদের এ্যাপ্রুভাল ছাড়াই ২৫০ লোক সেখানে চাকরি পেয়েছেন অথচ এইচ. আই. টিতে ক্রমে ক্রমে কাজ কমে আসছে। এই অবস্থায় সেখানে আরো লোক কি ভাবে নেওয়া হল সেটা আমার মাথায় আসছে না। ১৯৫৬ সালে এইচ. আই. টি এ্যাক্ট যখন চালু হয় তখন তার উদ্দেশ্য ছিল নানান রকমের স্কীম করা—রাস্তাঘাট তৈরী, বস্তি উন্নয়ন, বাড়ী ঘর তৈরী, খেলার মাঠ, স্টেডিয়াম তৈরী ইত্যাদি করা।

[6-10—6-20 p.m.]

এখানে দেখা যাচ্ছে যে এইচ. আই. টি ৫ বছরে একটি স্কীমও কমপ্লিট করেনি বা এই ধরণের নতুন কোন স্কীমও নেয়নি। যে স্কীমগুলি ছিল, সেগুলি যতদুর সম্ভব এখন শেষ করছে বা করতে চেষ্টা করছেন। এই ধরণের স্কীম কেন নেওয়া হলনা সেটা আমরা জানি না। সত্যিকথা বলতে গেলে এইচ. আই. টি-এর যে আসল উদ্দেশ্য,

সেটার কোন সফলতা লাভ করেনি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবার বলছি। আমরা বহুবার হাওড়ার স্টেডিয়ামের কথা বলেছি, হাওড়ার খেলাধুলার কথা বলেছি। কিন্তু কিছুই করা হয়নি। এইচ. আই. টি স্কীমকে সি. এম. ডি. এ-এর একটা এজেণ্ট হিসাবে পরিণত করেছে। সেখানে নামি-দামী ইঞ্জিনিয়াররা রয়েছেন, অনেক মানুষ রয়েছেন, কাজের লোকও যথেষ্ট রয়েছে কিন্তু তাদের স্কোপ কি আছে? অনেক হাইলি কোয়ালিফায়েড ইঞ্জিনিয়ার আছে, তারাই তো এই কাজ করতে পারেন। বাইরে থেকে এজেণ্ট নিয়ে এসে, লোক নিয়ে এসে কাজ করানোর কোন মানে হয় না। তাদের এই সব স্কীমে কাজ করার সুযোগ দিন। তারা কোয়ালিফায়েড লোক, কাজ করতে পারেন। অথচ তাদের বসিয়ে রেখে বাইরে থেকে লোক নিয়ে এসে কাজ করানো হচ্ছে এবং খরচ বাড়ানো হচ্ছে। আজকে যেখানে বলা হচ্ছে যে টাকা নেই, সেখানে যাতে টাকার সাশ্রয় হয় সেই চেষ্টা করুন। এইচ. আই. টি-এর যে স্কীম ছিল তাতে হাওড়ার উন্নয়ণের জন্য নানা রকম স্কীম ছিল। সেগুলি তাদের দিয়ে করাতে হবে তো? হাওড়ার উন্নয়ণের জন্য যে সব কাজ করতে হবে, যে সব কনর্সাণ্ড আছে, সেগুলি তাদের হাতে দিতে হবে তো? যে সমস্ত ল্যাণ্ড এ্যাকুইজিশান করা হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে বহু জায়গায় ল্যাণ্ড এ্যাকুইজিশান করার পরে সেখানে কোন স্কীম নেওয়া হয়নি। বহু গরীব, সাধারণ মানুষের কাছ থেকে ল্যাণ্ড এ্যাকুইজিশান করা হয়েছে, কিন্তু সেই ভাবে স্কীম ইমপ্লিমেণ্ট হয়নি। সেই জমিগুলি এইচ. আই. টি রেখে দিয়েছে। আমরা জানি সেই জমির ১৬ হাজার টাকা ভ্যালু করা হয়েছে। আজকে সেই জমিগুলি ১৷৷ লক্ষ টাকায় অকশানে বিক্রয় করা হচ্ছে। সেখানে আজকে কি অবস্থা চলছে সেটা সকলেই জানেন। আপনাদের মেসিনারী আছে, আপনারা সেটা তদন্ত করে দেখুন। সেখানে পার্টি ফাণ্ডের চাঁদার উপরে সব কিছু চলছে। পার্টি ফাণ্ডে যদি ১০ টাকা হয়, ব্যক্তিগতভাবে আরো বেশী টাকা দিয়ে নেওয়া হচ্ছে। আপনাদের যদি ভিজিলেন্স থাকে তাহলে সেটা আপনারা দেখতে পাবেন। তারপরে বিভিন্ন ক্ষেত্রে সিনিয়র কর্মচারীরা সুপারসীড হচ্ছেন। সিনিয়রকে সুপারসীড করে জুনিয়ররা চাকুরী পেয়েছেন। আমি এই ব্যাপারে বিশেষ ভাবে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা বিল এনেছেন, এটা পাশ হবে আমরা জানি। কিন্তু ভবিষ্যতে এগুলি যাতে না হয় সেটা দেখুন। আমি হাওড়ার লোক, হাওড়ার উন্নতি বিশেষ ভাবে আমি চাইবো এবং তার জন্য আমি সহযোগিতা করবো। কিন্তু এই এইচ. আই. টি-এর টাকা যদি বাঁচাতে চান তাহলে চুরী বন্ধ করুন। সঙ্গে সঙ্গে একথাও বলবো যে দয়া করে এগুলি যদি ইমপ্লিমেণ্ট করতে পারেন তাহলে বাধিত হব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ বিরোধী দলের বক্তব্য শুনছিলাম। ওনাকে ধন্যবাদ দিচ্ছি কারণ উনি আমাদের একটা কাজের প্রশংসা করেছেন। বালি মিউনিসিপ্যালিটিকে হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের অধীনে আনা হয়েছে, এটা উনি প্রশংসা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে জর্জ থার্ডের আমলে লুসিস ইণ্টারভ্যালে ভাল ভাল কথা বলতেন। আবার যখন খেই হারিয়ে

ফেলতেন তখন আবোল-তাবোল বকতেন। উনিও সেই রকম মাঝে মাঝে ভাল ভাল কথা বলছেন, আবার খেই হারিয়ে ফেলে উল্টো-পাল্টা বলতে শুরু করেছেন। একটা এ্যাক্টের এ্যামেণ্ডমেণ্ট করা হয় তার প্রয়োজনীয়তার উপরে। একটা এ্যাক্ট আছে, সেখানে তার এইম এ্যাণ্ড অবজেক্ট লেখা আছে। তার আউটলাইনের মধ্যে জেনারেলি আমাদের কাজ করতে হয়। যখন তার বাইরে চলে যাব তখন সেটা চ্যালেঞ্জ হয়ে যাবে। সুতরাং যে সমস্ত কাজ করার প্রয়োজনীয়তা আছে তার নেসেসিটি অনুযায়ী কতকগুলি সেকসানকে এ্যামেণ্ড করা হয়। এখানে কি কি কাজ হবে না হবে এই সব সাজেশান নিয়ে এ্যামেণ্ডমেণ্ট করার স্কোপ কি আছে? বাজেট আলোচনা হলে উনি সাজেসান দিতে পারেন, এই সব আলোচনা করতে পারেন। এই আইনের মধ্যে দিয়ে যে সব কাজগুলি আপনারা করেছেন, আপনারা বিরাট পর্বত প্রমাণ নোংরা করে গেছেন। এখানে একটা হারকিউলিয়ান টাস্ক ছিল। আপনারা সেখানে কিছুই করেননি। আপনারা যা করেছেন, সেগুলি পরিষ্কার করে, জঞ্জাল সাফ করে বামফ্রণ্টকে কাজ করতে হচ্ছে। আগে হাওড়া কি অবস্থায় ছিল সেটা আপনারা দেখেছেন। এখন সেই সব জায়গায় যে রাস্তা তৈরী হয়েছে সেটাও আপনারা দেখেছেন। অতএব যেগুলি করা হয়েছে তার কিছু কিছু অন্ততঃ স্বীকার করুন। যেগুলি হয়েছে সেগুলি ওঁরা অন্ততঃ কিছু কিছু স্বীকার করুন। শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করবেন, বামফ্রণ্ট সরকার যা কিছু ভাল কাজ করেছে তা স্বীকার করবেন না! ওঁরা বলেন এ্যাপয়েণ্ট-মেণ্টের কথা! ওঁদের সময়ে ওঁদের মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা চিরকুট দিয়ে ২৯ হাজার এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছিলেন। এখন বামফ্রণ্ট সরকারের সময়ে এই রাজ্যে সমস্ত এ্যাপয়েণ্টমেণ্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে দেওয়া হচ্ছে। এখন মন্ত্রীরা এ্যাপয়েণ্টমেণ্ট দিচ্ছে না। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে সিলেকসন কমিটির দ্বারা এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে। অথচ ওঁরা বামফ্রণ্ট সরকারের কর্মী নিয়োগ নীতির সমালোচনা করছেন। ওঁদের লজ্জা হওয়া উচিত। বিরোধী দলের মাননীয় সদস্য যে বিষয়ের সমালোচনা করলেন সেই প্রমোশনের ক্ষেত্রে সিনিওরিটি কাম মেরিট নীতি ওঁরাই প্রবর্তন করে গেছেন। ফলে এখন হাই কোর্টে মামলা হচ্ছে, অজিত পাঁজা, ভোলা সেন সে-সব মামলায় অংশগ্রহণ করছেন। বামফ্রণ্ট সরকার সুপারসেসন করে না। বামফ্রণ্ট সরকার সিনিয়রিটির বেসিসেই প্রমোশন রুল করেছে, অথচ ওঁদের লোকেরাই তার বিরুদ্ধে হাই কোর্টে মামলা করছে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ইন্দিরা কংগ্রেস দলের মাননীয় সদস্যকে বলব যে, আগে এ সব কথা জানুন, জেনে তারপরে বামফ্রণ্টের সমালোচনা করুন। সেই সঙ্গে ইন্দিরা কংগ্রেস কি নীতিতে চলছে সেটা জানুন এবং জেনে ঐসব সমালোচনা করুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস (ই) দলের মাননীয় সদস্যকে আমি বলব যে এই বিলের সম্বন্ধে আলোচনা করার আগে তাঁর বিলের মধ্যে কি আছে তা দেখা উচিত ছিল। উনি প্রশ্ন রাখলেন যে, এখানে জেলা পরিষদের চেয়ারম্যানকে কেন নেওয়া হচ্ছে? আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করছি, লোকাল সেল্ফ গভর্ণমেণ্ট বা এই জাতীয় সংস্থার বোর্ডের মধ্যে ঐ সমস্ত কাজের যাঁদের অভিজ্ঞতা আছে, জ্ঞান আছে তাঁদের নেওয়া হবে, না ল' ইয়ারদের, ডাক্তারদের ঢুকিয়ে দেওয়া হবে? ওঁরা ঐসব

করতে পারেন। যাদের কাজের অভিজ্ঞতা নেই, অথচ ওঁরা যাদের কাছ থেকে টাকা পয়সা পাবেন তাদের ঢুকিয়ে দেবেন। কিন্তু আমরা জানি যাঁদের দ্বারা কাজ হবে, যাঁদের দ্বারা লোকাল সেল্ফ গভর্ণমেণ্ট চালান সম্ভব, জনসাধারণের সঙ্গে যাঁদের যোগ আছে তাঁদের এর মধ্যে নিতে হবে। সেই অনুযায়ী এই বিলের মধ্যে দিয়ে তাঁদেরই নেবার ব্যবস্থা করা হচ্ছে। জেলা পরিষদের ইলেকটেড চেয়ারম্যানদের ঐসব কাজের অভিজ্ঞতা আছে। তাই জেলা পরিষদের চেয়ারম্যানকে এখানে নেওয়া হচ্ছে।

আগে এখানে ১১ জন সদস্য ছিলেন, এখন ১৫ জনকে নেওয়া হচ্ছে। নতুন কাকে কাকে নেওয়া হচ্ছে? বালি মিউনিসিপ্যালিটির যিনি চেয়ারম্যান, তাঁকে এখানে ইনক্লুড করা হচ্ছে — তাঁকে নেওয়া হচ্ছে। দ্বিতীয় কাকে নেওয়া হচ্ছে? বালি মিউনিসিপ্যালিটির একজন কমিশনারকে নেওয়া হচ্ছে। তৃতীয় কাকে নেওয়া হচ্ছে? সি. এম. ডি. এ.-এর একজন অফিসারকে নেওয়া হচ্ছে। সব শেষে চতুর্থ কাকে নেওয়া হচ্ছে? হাওড়া জেলা পরিষদের সভাপতিকে নেওয়া হচ্ছে। সুতরাং এখানে অন্যায়টা কি হচ্ছে? আজকে ভারতবর্ষের অন্যান্য জায়গায় কি হচ্ছে? প্রতিটি কাজ কি নিয়ম-মাফিক হচ্ছে? দিল্লীতে কি হচ্ছে? সেখানে যা হচ্ছে তাতে ওঁদের কিছু বলবার নেই, ওঁদের নেত্রী সারকারিয়া কমিশনে চবনকে যখন এ্যাপয়েণ্টমেণ্ট দিচ্ছে তখন ওঁরা কোন কথা বলেন না। হাই কোর্টের জজ নিয়োগ করার সময়ে কংগ্রেসী লোক খোঁজা হচ্ছে। কংগ্রেসী লোক পাওয়া মাত্র তাকে বসিয়ে দেওয়া হচ্ছে। আর কংগ্রেসী লোক না পাওয়া গেলে হাই কোর্টের জজ্ পর্যন্ত নিয়োগ করা হচ্ছে না। সুতরাং আজকে ওঁদের মুখে ঐসব কথা "ভূতের মুখে রাম নামের" মত শোনাচ্ছে। আমি ওঁদের বলব যে, একটু ভেবে চিন্তে কথা বলুন। যেখানে যে সমালোচনা দরকার সেখানে সেই সমালোচনা করলে ভাল হয়।

স্যার, তারপরে উনি অপচয় সম্বন্ধে অনেক কথা বললেন। অথচ কোথায় কি অপচয় হচ্ছে তা কিন্তু বললেন না। কনক্রিট কোন উদাহরণ দিতে পারলেন না। কোন্ স্কীমে বা কোন্ প্রোজেক্টে অপচয় হচ্ছে তা-ও বলতে পারলেন না। অপচয় হচ্ছে বলে কতগুলি ভেগ্ কথা বলে গেলেন। কোন কথাকে সাবসটেনটিয়েট করলেন না। শুধু কিছু বলার জন্য বললেন। একটাও কন্‌ক্রিট কেস দিয়ে, হিসেব দিয়ে প্রমাণ করতে পারলেন না যে, অমুক জায়গায় বা অমুক প্রোজেক্টে এত টাকা অপচয় হয়েছে। বলবেন কোথা থেকে, সেরকম কোথাও তো কিছু হয়নি। যা হয়নি তা বলবেন কোথা থেকে। সুতরাং স্বাভাবিকভাবে ঐসব সুইপিং রিমার্ক করা, ঐসব কথাবার্তা বলা ভাল নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় এই এ্যামেণ্ডমেণ্টটি এনেছেন কতগুলি নেসেসিটির জন্য। এরিয়া বেড়েছে, ফলে সেখানে কম্পোজিসন বাড়ান হয়েছে এবং এটা ইনক্লুসন করা হচ্ছে। অবশ্য বিরোধী দলের মাননীয় সদস্য এর জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিয়েছে, আবার সঙ্গে সঙ্গে অন্য কথাও বলেছেন।

[6-20—6-31 p.m.]

টাকা-কড়ির ক্ষেত্রে আপনি বলছেন ১ লক্ষের জায়গায় ২৫ লক্ষ টাকা করা হয়েছে। আপনি একদিকে বলছেন, কাজ করতে দিতে হবে আর একদিকে বলছেন,

টাকা আর বেশী দেওয়ার দরকার নেই। আপনি কনট্রাডিকটারী স্টেটমেণ্ট করছেন, একদিকে বলছেন কাজ করতে আর অন্যদিকে বলছেন টাকা কম দিতে। সুতরাং আপনি সমস্ত বিলটি ভাল করে দেখুন। হাওড়াকে ইমপ্রুভমেণ্ট করার জন্য এগুলি করার প্রয়োজন আছে। মাননীয় মন্ত্রী মহাশয় বিচার-বিবেচনা করেই এই সংশোধনী-গুলি এনেছেন। এগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি এইজন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে এবং এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion that the Howrah Improvement (Amendment) Bill, 1983 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3**

The question that the clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4**

**Mr. Speaker :** There are amendments to clause 4 by Shri Kashinath Misra.

**Shri Kashinath Misra :** Sir, I am not moving my amendments.

The question that the clause 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 5**

The question that the clause 5 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 6**

**Mr. Speaker :** There is amendment to clause 6 by Shri Kashinath Misra.

**Shri Kashinath Misra :** Sir, I am not moving my amendment.

The question that the clause 6 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 7 to 12**

The question that the clauses 7 to 12 do stand part of the Bill was then put and agreed to.

**Claus 13**

**Mr. Speaker :** There are amendments to clause 13 by Shri Kashinath Misra.

**Shri Kashinath Misra :** Sir, I am not moving my amendments.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 14 to 52 and Preamble**

The question that the clauses 14 to 52 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prasanta Kumar Snr** : Sir, I beg to move that the Howrah Improvement (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**শ্রীপ্রশান্ত কুমার শূর** ঃ মাননীয় সদস্য ডাঃ অম্বিকা ব্যানার্জী মহাশয় কয়েকটি কথা বলেছেন, মাননীয় সদস্য শ্রীঅনিল মুখার্জী মহাশয় সব উত্তর দিয়ে দিয়েছেন। আমি শুধু তাঁর অবগতির জন্য তাঁকে কয়েকটি কথা বলছি। উনি বললেন হাওড়ার ইমপ্রুভমেণ্ট কিছুই হয়নি বা ওখানে কোন কাজ হয়নি এবং এইচ. আই. টি. এই সময়ে মানে আমাদের সময়ে কোন কাজ করেন নি। কাজের স্কীম আছে, সেখানে স্কীম অনুযায়ী কাজ হয়েছে। বাকল্যাণ্ড ব্রীজ কবে হয়েছে, হাওড়া ফিস মার্কেট কবে হয়েছে, কত কোটি টাকা খরচ হয়েছে, আপনি জানেন ? চার কোটি টাকার উপর ব্যয় হয়েছে। হাওড়া ওয়াটার সাপ্লাই হয়েছে, আপনি জানেন ? কমিশনড হয়নি ? কত টাকার কাজ যে হয়েছে আপনি জানেন ? এইবার আপনারা যে অপকর্ম করে গেছেন আমি তা একটু বলি। এইচ. আই. টি-র একজন অফিসার, তাঁকে আপনারা কেবল টাকা দিয়েছেন। এইচ. আই. টি. দিয়ে আপনারা কি কাজ করিয়েছেন ? হাওড়া স্যুয়ারেজ ট্রিটমেণ্ট প্ল্যাণ্ট, সি. এম. ডি. এ. করেছেন তাতে চার কোটি টাকা ব্যয় হয়েছে। সি. এম. ডি. এ-য় কোন কাজ হচ্ছে না ? সেখানে স্যুয়ারেজ লাইন নেই, হাউস টু হাউস আজও হয়নি, এই ধরণের অপকর্ম করে গেছেন। কেন চার কোটি টাকা ব্যয় করলেন আপনি তার জবাব দেবেন ? আপনাদের অপকীত্তির কথা কত বলব। আপনি জানেন ১০০টি মিউনিসিপ্যালিটির মধ্যে ৪৯টি মিউনিসিপ্যালিটিকে আপনারা বাতিল করেছেন। ঐ অফিসারদের বসিয়েছেন, নির্বাচিত কাউনসিলারদের সরিয়ে দিয়েছেন, কমিশনার নির্বাচন করেন নি। আমরা এসে ১০০টি মিউনিসিপ্যালিটির মধ্যে ৮৭টি মিউনিসিপ্যালিটির নির্বাচন করেছি। হাওড়া কর্পোরেশন করেছি এবং তা করবার জন্য আইন করেছি এবং এই বিধানসভায় সেজন্য বিল আসবে আগামী ফেব্রুয়ারী, মার্চে সেখানে নির্বাচন হবে। আমরা ক্যালক্যাটা কর্পোরেশন আইন করেছি, নির্বাচন করব, সেজন্য বিল আসবে। আপনারা কি করেছেন ? গণতান্ত্রিক পদ্ধতির কথা বলছেন, আপনারাই-তো গণতন্ত্রকে সম্মান দেননি, গণতন্ত্র কাকে বলে জানেন ? আপনারা তো ১১০০ মানুষকে খুন করেছেন, আপনারা তো খুনী। সুতরাং ঐসব কথা বলবেন না, বলে কোন লাভ নেই। এর আগে সত্যবাবু বলে গেলেন অনেক কথা। তাঁর একটা ইনটারভ্যুর কথায় তিনি বলেন যে ঐ কাশীপুর থেকে টালিগঞ্জ অবধি যত গুণ্ডা আছে আমিই তাদের সর্দার। ঠিক আছে, আমি চ্যালেঞ্জ গ্রহণ করছি। গণতন্ত্রে আপনারা বিশ্বাস করেন না, তা যদি করতেন তাহলে ভারতবর্ষের এই অবস্থা হোতো না। আপনারা বলছেন যে সভাধিপতিকে কেন নিলেন ? জেলাপরিষদের সভাধিপতি সারা জেলার যে কোন ডেভালাপমেণ্ট এর সঙ্গে জড়িত। ইনটিগ্রেটেড ডেভালাপমেণ্ট, একটা সামগ্রিক উন্নয়ন সেটা সুরু হয় গ্রাম থেকে, তা না হলে সামগ্রিক উন্নয়ন হতে পারে না। এই জিনিষটা বুঝেছেন। চেয়ারম্যানকে নেবেন কেন, কমিশনারকে নেবেন কেন, তা

কাকে নেব ? আপনাদের নেব ? আপনারা বলছেন এইচ. আই. টি. তে ২০০ লোককে উইদাউট এ্যাপ্লিক্যান্স নিয়েছি। আমাদের সরকারের নীতির কথা আপনারা জানেন ? এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ ছাড়া কোন লোককে নিয়োগ করা হয়নি। আপনাদের মন্ত্রীত্ব-কালে মন্ত্রীদের পকেটে পকেটে নির্বাচনের সময় এ্যাপয়েণ্টমেন্টের স্লিপ থাকত। আমার এলাকার একজন আনএমপ্লয়েড ইয়থকে দুজন মন্ত্রী একসঙ্গে এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছিলেন একই জায়গায়। সুতরাং এইসব কথা বলবেন না। এই বিলে কি বলা হয়েছে ? আপনারা বলছেন ১০ টাকাকে বাড়িয়ে ২৫ কেন করা হয়েছে, ২৫ টাকাকে বাড়িয়ে ১০০ টাকা কেন করা হয়েছে ? অদ্ভুত কথা। যাই হোক, এর এলাকা বাড়ায় আপনি সমর্থন জানিয়েছেন বলে আমি খুবই আনন্দিত। এ কারণে আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এই ধরণের সমর্থন জানালে আমি আশা করি উন্নয়নমূলক কাজ হাওড়ায় নিশ্চয়ই করতে পারবো।

এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prasanta Kumer Sur that the Howrah Improvement (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6.31 P.M. till 1 P. M. on Thursday, the 8th September, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 8th September 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 17 Ministers, 14 Ministers of State and 191 Members.

**Starred Questions**
(to which oral answers were given)

[1-00—1-10 p.m.]

**Thursday, the 8th September, 1983**
Vide Rule 48

## কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়ে জীব-বিজ্ঞান ও আইন শাস্ত্রের পঠন পাঠন

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়ে জীব-বিজ্ঞান বিভাগ ও আইন বিভাগ চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উহা কার্যকরী হবে বলে আশা করা যায়?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** (ক) প্রস্তাবগুলি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এর আগে প্রশ্ন উত্তরকালে এই সভায় ঘোষণা করেছিলেন যে কৃষ্ণনগর, বহরমপুর এবং কুচবিহারের মহাবিদ্যালয়ে আইন বিভাগ খোলা হবে। এই ব্যাপারে কতটা এগিয়েছে সেটা আপনি জানাবেন কি?

**মিঃ স্পীকারঃ** এই প্রশ্ন ওঠে না।

## গ্যাস টারবাইন

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭।) **শ্রীসুব্রত মুখার্জীঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদের গ্যাস টারবাইনগুলির বিষয়ে কোন অডিট রিপোর্টে কোন ত্রুটি বা অসঙ্গতির উল্লেখ করা হইয়াছে কি, এবং

(খ) হইয়া থাকিলে, এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) হ্যাঁ।

(খ) অডিট রিপোর্টে উল্লিখিত বিষয়গুলি সম্বন্ধে বিদ্যুৎ পর্ষদের জবাব দেখার পর এ্যাকাউনটেন্ট জেনারেলের কাছে বিবেচনার জন্য পাঠানো হয়েছে। এ্যাকাউনটেন্ট জেনারেলের উত্তর এখনো পাওয়া যায়নি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সেই অডিট রিপোর্টে কি ধরণের ত্রুটির কথা উল্লেখ করা আছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** অনেক ধরণের ত্রুটির কথা উল্লেখ করা আছে। এই মুহূর্তে সেটা বলা সম্ভব হচ্ছে না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন যে ত্রুটি আছে এবং সেই অভিযোগগুলি ওনার কাছে গেছে। আমি ওনার কাছ থেকে সেই ত্রুটি স্পেসিফিক্যালি জানতে চেয়েছি। হাউসে আমরা ডিলেট রিপোর্ট তো পাই না, সেই জন্য জানতে চেয়েছি।

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** অডিট রিপোর্টে কি আছে সেটা এই প্রশ্নের মধ্যে নেই। এই সম্পর্কে জানতে চাইলে নোটিশ দিতে হবে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার আমি, ওনাকে এমব্যারাস করতে চাই না। উনি যে কথা জানেন সেটা এখানে বলুন।

**মিঃ স্পীকার ঃ** অডিট রিপোর্টের আলোচনা এখানে হয় না। তবে ওনার যদি কোন বিশেষ কথা জানা থাকে তাহলে উনি বলবেন।

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** অডিট রিপোর্ট সম্পর্কে প্রশ্ন তোলা হয়েছে, খরচ সম্পর্কে প্রশ্ন তোলা হয়েছে এবং অন্যান্য বিষয় সম্পর্কেও প্রশ্ন তোলা হয়েছে। এই প্রশ্ন সঠিক বলে আমি মনে করি। সেই জন্য বিদ্যুৎ পর্ষদকে বলা হয়েছে যে এটা অনুসন্ধান করে দেখা হোক। সেই রিপোর্ট বিদ্যুৎ পর্ষদকে পাঠানো হয়েছে এবং জেনারেল ম্যানেজারের কাছেও পাঠিয়ে দেওয়া হয়েছে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় নিজে স্বীকার করেছেন যে কিছু ইরেগুলারিটিজ বা কোরাপসান আমাদের কাছে ধরা পড়েছে। অডিট রিপোর্ট আমরা দেখেছি। সুতরাং এটা একটা সিরিয়াস ব্যাপার, এ সম্বন্ধে জানবার ও সেজন্য দরকার আছে।

**মিঃ স্পীকার ঃ** অডিট রিপোর্ট প্রথমে পাবলিক এ্যাকাউণ্টস্ কমিটির কাছে যাবে, তারা সেখানে তা পরীক্ষা করে দেখবে। এ নিয়ে এখানে আলোচনা হতে পারে না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** অডিট রিপোর্টের এই ত্রুটির সঙ্গে জনসাধারণের স্বার্থ জড়িত। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিকজ পাবলিক মানি ইজ ইনভলভড্ এবং সেই জন্যই আমাদের এ সম্বন্ধে জানার দরকার আছে।

**মিঃ স্পীকার ঃ** অডিট রিপোর্টের বিষয় নিয়ে এখানে আলোচনা কখনই হতে পারে না।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** বৃটেনের যে কোম্পানীর কাছ থেকে গ্যাস টারবাইন কেনার জন্য মূল্য স্থির হয়েছিল সেই মূল্যেই কি ওগুলো কেনা হয়েছিল ? নির্ধারিত মূল্যে কেনা হয়েছিল না, বেশী মূল্য দিতে হয়েছিল ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** কম বা বেশী, কোন মুল্যে কেনা হয়েছিল সে সম্বন্ধে যদি কোন সদস্য এখানে জানতে চান তা হলে তাঁকে আগে থেকে নোটিশ দিতে হবে।

**ডাঃ জয়নাল আবেদিন :** বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কি কি ত্রুটি ও অসংগতি অডিট রিপোর্টে আছে? উইল ইউ প্লিজ এনুমারেট?

**মিঃ স্পীকার :** অডিট রিপোর্টের বিষয়ে কিছু জানতে হলে আগে থেকে সদস্যদের নোটিশ দিতে হবে। কিন্তু অডিট রিপোর্টের বিষয় নিয়ে এখানে আলোচনা হতে পারে না।

**ডাঃ জয়নাল আবেদিন :** কিন্তু জনসাধারনের স্বার্থ যেখানে জড়িত সেই হিসাবে এবং Rule 43 gives me ample opportunity to ask a specific question. You have no right to protect the minister and corruption.

**মি স্পীকার :** আপনি যেভাবে বলছেন তা হতে পারে না, এটা পাবলিক এ্যাকাউণ্টস্ কমিটির ব্যাপার, তারাই এর ত্রুটি বা অসঙ্গতির বিষয়ে দেখতে পারে, এখানে এ নিয়ে কখনই আলোচনা হতে পারে না বা কোন আনসার হতে পারে না।

**শ্রীসুব্রত মুখার্জী :** চুরির ব্যাপার থাকলে হাজার বার হতে পারে।

**শ্রীসুনীতি চট্টরাজ :** অডিট রিপোর্টে মেনটেন্যানসের জন্য লক্ষ লক্ষ টাকা চুরির ব্যাপারে কোন রিপোর্ট আছে কিনা মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** এই ভাবে কোন রিপোর্ট অডিট রিপোর্টের মধ্যে আছে কিনা আমার জানা নেই।

## বর্ধমান জেলার কোমরপুর-চাকতা রাস্তা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২২২।) **শ্রীশীশ মহম্মদ :** বিগত অধিবেশনের ৮-৪-৮৩ তারিখের প্রশ্ন নং ১৮৬ (অনুমোদিত প্রশ্ন নং ৯৬০)-এর উত্তর উল্লেখে পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার কেতুগ্রাম থানার অধীন কোমরপুর থেকে চাকতা পর্যন্ত রাস্তাটির বিভিন্ন অংশের জন্য জমি অধিগ্রহণজনিত সমস্যা মিটেছে কি; এবং

(খ) মিটে থাকিলে কতদিনের মধ্যে এই রাস্তা নির্মানের কাজ শেষ হবে?

**শ্রীযতীন চক্রবর্তী :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীশীশ মহম্মদ :** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি — কোমরপুর থেকে চাকতা পর্যন্ত রাস্তাটি নির্মাণের কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা?

**শ্রীযতীন চক্রবর্তী :** কোমরপুর থেকে চাকতা পর্যন্ত রাস্তাটির জন্য জমি অধিগ্রহণের কাজ এখনও পর্যন্ত শেষ হয়নি। সমস্ত বিষয়টি বর্তমানে ভূমি অধিগ্রহণ সমাহর্তার অধীনে আছে। জমি অধিগ্রহণ সমস্যার সমাধানের পর যদি আর্থিক সঙ্কুলান হয় তাহলে রাস্তাটি নির্মাণের পরিকল্পনা সরকারের আছে।

**Recommendattons of the West Bengal Administrative Reforms Committee**

*41. (Admitted question No. *296.) **Shri Lutful Haque** : Will the Chief Minister be pleased to state what action has been taken proposed to be taken by the State Government on the recommendations of the Administrative Reforms Committee (Ashok Mitra Committee) in respect of—

(i) plugging the loopholes of the panchayat administration ;

(ii) allowing some more powers to the Finance Minister ; and

(iii) granting of more powers to the Chairman of Zilla Parishads ?

**Shri Jyoti Basu** : The report of the Administrative Reforms Committee is under consideration of Government. No decision on the several recommendations contained in the report has yet been taken.

[1-10—1-20 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা প্রেস রিপোর্ট দেখেছি তাতে এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিশনে যা বলেছে সেটা আপনারা টো টো গ্রহণ করেছেন তাহলে কি প্রেস রিপোর্ট সত্য না অসত্য ?

**শ্রীজ্যোতি বসু** ঃ কোন প্রেসের কথা বলছেন জানিনা তবে আমাদের যে সিদ্ধান্ত হয়নি সেকথা আমি এখানে বললাম ।

**শ্রীআবদুল মান্নান** ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফোরমস্ কমিশনে অর্থমন্ত্রীকে যে অধিক ক্ষমতা দেওয়া হবে বলে সিদ্ধান্ত নিয়েছে সেই ব্যাপারে ক্যাবিনেটে কি মত পার্থক্য দেখা দিয়েছে ?

**মিঃ স্পীকার** ঃ এটা প্রশ্ন ওঠেনা ।

**Shri Gyan Singh Sohanpal** : Will the Hon'ble Chief Minister be pleased to state as to how long it will take for the Government to consider the recommendations ?

**Shri Jyoii Basu** : We had asked all the ministers concerned to submit their recommendations on the recommendations of the Administrative Reforms Cammittee if they have any suggestions to make. I think, by now—as far as I have found out—we have received from the various ministers their views on the report, and also from some organisations within the Government some recommendations where some criticisms are also there. So, we have taken it into consideration and we are setting up a task force so that within the next six months the main recommendations, whatever they have accepted, will be implemented.

**Shri Suniti Chattaraj** : Will the Hon'ble Chief Minister be pleased to state whether some of the ministers are not agreeable to accept the recommendations of the Ashok Mitra Committee ?

**Shri Jyoti Basu** : No.

**Demolition of the sheristas of Advocates of Alipore Criminal Court**

*42. (Admitted question No. *323.) **Shri Abdul Mannan :** Will the inister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether the Judicial Department has any information about the molition of the sheristas of advocates of Alipore Criminal Court in July 83 ; and

(b) if so,

(i) whether any prior permission was obtained from the Judicial partment for demolishing the sheristas ; and

(ii) what alternative arrangements are being made for the advocates of ipore Criminal Court ?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ** (ক) আমার সঙ্গে কিছু এ্যাডভোকেট খা করার পরে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আমাকে জানিয়েছিলেন যে বেআইনী ঘরবাড়ী গুলি আলিপুর কোর্ট প্রাঙ্গনে গড়ে উঠেছিল সেগুলি ভেঙ্গে ফেলা হয়েছে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আমাকে অনুরোধ করেছে আলিপুর ক্রিমিন্যাল কোর্ট াঙ্গণে যে সেডটি আছে সেটি সারাবার জন্য এবং ওই সেডটিকে আরো বাড়াবার জন্য মাকে পি-ডব্লিউ. ডি. অফিসের সঙ্গে কথাবার্তা বলতে বলেছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি কি জানেন যে পাবলিক সিকিউটার ডি. পি. যখন আপনার সঙ্গে দেখা করেছিল তখন তাদের এ্যাসুরেন্স দিয়ে- লেন যে এখানে ঘর তৈরী করে দেবেন কিন্তু আপনার কথামত যে কাজ হয়নি সে র আপনি কি রাখেন ?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ** আমি এই ব্যাপারে জবাব দেওয়ার আগে পনিই তো সব বলে দিচ্ছেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় এটা স্বীকার করবেন কি ডিস্ট্রিক্ট জিস্ট্রেট নিজের খেয়াল খুশীমত বজায় রাখার জন্য এটা ইচ্ছা করে বলেছেন ?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ** না এটা স্বীকার করতে পারি না।

## রবীন্দ্র রচনাবলীর রয়্যালটি

*৪৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৯। ) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বিগত ৬ই ল্টম্বর, ১৯৮২, তারিখের প্রশ্ন নং *১৩ ( অনুমোদিত প্রশ্ন নং *৭৬ ) -এর উত্তর খে শিক্ষা ( উচ্চ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রবীন্দ্র রচনা- র "রয়্যালটি" মকুবের জন্য প্রধানমন্ত্রীর নিকট প্রেরিত পত্রের উত্তর পাওয়া গিয়াছে ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) না।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি রবীন্দ্র রচনাবলী বেরুতে া হচ্ছে কেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** এই ব্যাপারে নোটিশ চাই।

## রাণীগঞ্জে কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ প্রকল্প

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১০।) **শ্রীসরল দেব ঃ** বিদ্যুৎ বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাণীগঞ্জে কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ প্রকল্প নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) ঐরূপ কোন তাপবিদ্যুৎ প্রকল্প নির্মাণের পরিকল্পনা সরকারের নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গের এখানে যখন ক্রমাগত বিদ্যুৎ ঘাটতি তখন তার মোকাবিলা করার জন্য এই ধরণের কোন পরিকল্পনা নিচ্ছেন না কেন?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** রাণীগঞ্জে নেই তবে অন্যান্য জায়গায় আছে।

**শ্রীসরল দেব ঃ** কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র পশ্চিম বাংলার অন্য কোথায় আছে?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** মুর্শিদাবাদের সাগরদীঘিতে।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মেজিয়াতে যে কয়লা ভিত্তিক বিদ্যুৎকেন্দ্র করার পরিকল্পনা আছে কি?

**প্রবীর সেনগুপ্ত ঃ** এটা ডি. ভি. সি করার কথা এবং সেটা আলোচনার মধ্যে আছে।

## সাঁইথিয়া থেকে সিউড়ি পর্যন্ত রাস্তাটির পুনঃ নির্মাণ

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সাঁইথিয়া হইতে সিউড়ি পর্যন্ত রাস্তাটির পুনঃ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত রাস্তার নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) না। (খ) প্রশ্ন উঠে না।

**শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** এই রাস্তার জন্য ৪ লক্ষ টাকা স্যাংসান করা হয়েছে, কিন্তু হাইকোর্টে মামলার জন্য এটা আটকে আছে কি?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** এ কথা সত্য নয়।

## Widening of promotional avenues for IPS officers

*46. (Admitted question No. *388.) **Shri Somendra Nath Mitra ;** Will the Minister-in-charge of the Home (P. & A.R.) Department be pleased to state—

(a) whether the State Government has received any suggestion from the IPS Association or from any other quarter for posting of IPS officers in State Government uudertakings or in other non-Police jobs to widen the promotional avenues for IPS officers ; and

(b) if so, what action has been taken or proposed to be taken by the State Government in the matter ?

**Shri Jyoti Basu** : (a) Suggestions were received by the State Government from the IPS' Association as well as from the Ministry of Home Affairs, Govt, of India, for posting of IPS officers in Govt. undertakings or in other non-police jobs to widen the promotional avenues for IPS officers.

(b) State Government have already placed IPS officers in State Govt. undertakings and in other non-police jobs by creating ex-cadre posts for IPS officers. But extending the no. of ex-cadre posts for IPS officers has been limited by the quota of State deputation reserve fixed by the Govt. of India.

**শ্রীআবদুল মান্নান ঃ** স্টেট ডেপুটেশানে যে কোটা আছে তারজন্য কেন্দ্রীয় সরকারের কাছে কি কোন সাজেশান গেছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** শ্রী কে. কে. দাস জেনারেল ম্যানেজার, দুর্গাপুর স্টেট ট্রান্স-পোর্ট, আর একজন সিকিউরিটি য়্যাডভাইসার এস. ই. বি., আর একজন সম্বন্ধে কথা হচ্ছে ট্রান্সফার হয়ে সেখানে যাবেন। আই. পি. এস. অফিসার একজনকে নমিনেট করা হয়েছে জেনারেল ম্যানেজার নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট। নন-পুলিশ জব যেখানে আছে সেখানে কমলেশ রায়কে জয়েণ্ট ডাইরেক্টার আরবান ট্রান্সপোর্ট প্রোজেক্ট করা হয়েছে এবং পি. পি. বিশ্বাসকে কণ্ট্রোলার অফ প্রিণ্টিং এণ্ড স্টেশানারী করা হয়েছে।

**শ্রীআবদুল মান্নান ঃ** আগে যেখানে আই. পি. এসদের দেয়া হোত সেখানে এখন পলিটিকাল পারসনদের দেয়া হচ্ছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** পলিটিক্যাল, সোস্যাল, রিলিজিয়াস ইত্যাদি সব কথা জানিনা।

## গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দ

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে কেন্দ্রীয় সরকার/সরকারী সংস্থা কর্তৃক এই রাজ্যে "গ্রামীণ বৈদ্যুতীকরণ" প্রকল্পের কত টাকা মঞ্জুর করা হইয়াছিল ; এবং

(খ) তন্মধ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক কত টাকা খরচ করা সম্ভব হইয়াছে ?

(ক) পশ্চিমবঙ্গে গ্রামীণ বৈদ্যুতিকরনের জন্য গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশনের নিকট হইতে ১৯৮২-৮৩ সালে ১৫৬৯ লক্ষ টাকার বরাদ্দ হইয়াছিল। তাহার মধ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৮২-৮৩ সালে ১৯০.৬২ লক্ষ টাকা পাইয়াছিল।

(খ) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গে গ্রামীণ বৈদ্যুতি-করণের জন্য প্রায় ১০১৪ লক্ষ টাকা খরচ করিয়াছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** ১৯৮২-৮৩ সালে গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে কেন্দ্রীয় প্রদত্ত টাকা সব খরচ করা সম্ভব হয়েছে কি না ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** কেন্দ্রের যে টাকা বরাদ্দ হয়েছিল তার মধ্যে পাওয়া গেছে ৯১০'৬২ লক্ষ টাকা এবং খরচ হয়েছে এর আগের বছরের সঙ্গে মিলিয়ে ১ হাজার ৩১৪ লক্ষ টাকা। এখনও সময় আছে খরচ করার।

[1-20—1-30 p.m.]

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে চুরি হওয়ার তার মেরামত করার কাজের আওতাভুক্ত কিনা বা ঐ গ্রামীণ বৈদ্যুতিককরণ প্রকল্পের মধ্যে পড়ে কিনা?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** না, পড়ে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে টাকা খরচ করেছেন বললেন এই টাকায় কতগুলি গ্রামে বিদ্যুত পেঁৗছেছে?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** ১৯৮৩ সাল পর্যন্ত ১৭ হাজার ৫৯৪ টি মৌজা বৈদ্যুতিককরণ করা হয়েছে।

## আবাসন বণ্টন ব্যবস্থা ও নূতন আবাসন নির্মান

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** গত অধিবেশনের ২২-৪-১৯৮৩ তারিখের প্রশ্ন নং ৪৩২ (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৯) প্রাসঙ্গিকক্রমে আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) উক্ত আবাসনগুলির মধ্যে কতগুলি আবাসন নির্দিষ্ট শ্রেণীর ব্যক্তিদের মধ্যে বণ্টন করা সম্ভব হইয়াছে;

(খ) এই বণ্টনের পদ্ধতি কি ছিল;

(গ) বর্তমান আর্থিক বৎসরে কোন্ শ্রেণীর জন্য কতগুলি আবাসন নির্মিত হইবে; এবং

(ঘ) এ বাবত কত টাকা ব্যয় করা হইবে?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) বিগত আর্থিক বছরে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর লোকদের জন্য নির্মিত ৮০ (আশি) টি ফ্ল্যাটই উক্ত শ্রেণীভুক্ত লোকদের মধ্যে বণ্টন করা হয়েছে। ঐ বছরে নিম্ন আয়বিশিষ্ট লোকদের জন্য নির্মিত ১৫২ টি ফ্ল্যাটের মধ্যে ১২৯ টি (এক শত উনত্রিশ) ফ্ল্যাট নির্দিষ্ট আয় বিশিষ্ট লোকদের মধ্যে বণ্টন করা হয়েছে। অবশিষ্ট তেইশটি ফ্ল্যাটের মধ্যে সাতটি পুলিশ কর্মচারীদের আবাসের জন্য কলিকাতা পুলিশ কমিশনারের নামে বিলি করা হয়েছে, দশটি পশ্চিমবঙ্গ সরকারের দশ জন মন্ত্রীর আবাস হিসাবে ব্যবহার করা হয়েছে ও ছয়টি বিভাগীয় কর্মচারীদের ব্যবহারের জন্য রাখা হয়েছে।

(খ) অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য নির্মিত ফ্ল্যাটগুলি বিভাগীয় সিদ্ধান্ত অনুসারে ও নিম্ন আয় বিশিষ্ট লোকেদের জন্য নির্মিত ফ্ল্যাটগুলি বণ্টন কমিটির (Screening & Scrutiny Committee) সুপারিশক্রমে বণ্টন করা হয়েছে।

(গ) বর্তমান আর্থিক বৎসরে আবাসন নির্মানের বিবরণ নীচে দেওয়া হইল—

| | | ১৯৮৩-৮৪ সালের কর্মসূচী | ১৯৮৩-৮৪ সালের নির্দ্ধারিত লক্ষ্য |
|---|---|---|---|
| ১। | অর্থনৈতিক (দুর্বলতর) শ্রেণীর কর্মচারী | ৩৫৮ | ১৬৬ |
| ২। | নিম্ন আয়ভুক্ত গোষ্ঠী | ৯৫৬ | ১৭৬ |
| ৩। | মধ্য আয়ভুক্ত গোষ্ঠী | ১৯৬ | ১৯৬ |
| ৪। | সরকারী কর্মচারীদের আবাসন প্রকল্প | ১৫৪৫ | ৪২২ |

(ঘ) ঐ বাবদ মোট ৫,১০,০০,০০০ (পাঁচ কোটি দশ লক্ষ) টাকা ব্যয় করা হইবে।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই ফ্ল্যাট বিলির ব্যাপারে বিভাগীয় সিদ্ধান্তটা কি ?

**শ্রীযতীন চক্রবর্তী :** আমাদের কাছে যে দরখাস্ত আসে তার মধ্য থেকে যাদের উপযুক্ত বলে আমরা বিচার বিবেচনা করি তাদেরই এটা বণ্টন করা হয়।

**শ্রীআবদুল মান্নান :** এই উপযুক্ততার মাপকাঠি কি ?

**শ্রীযতীন চক্রবর্তী :** মাপকাঠি হচ্ছে তার আয়, তার পরিবারের কতজন সদস্য সংখ্যা, এই সমস্ত বিচার বিবেচনা করা হয়।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, এই প্রশ্ন আমি এর আগেও রেখেছি, আবাসন দপ্তর থেকে যে ফ্ল্যাট বিলি করা হয় আমাদের কাছে অভিযোগ এসেছে যে মাইনোরিটি কম্যুনিটি, ব্যাকওয়ার্ড কমিউনিটি বিশেষ করে সংখ্যালঘুদের আপনি কোন পাত্তা দেননি, কখনও এদের দাবি গ্রহণ করেননি, এই যে ফ্ল্যাট বিলি করা হয় এদের একটাও দেওয়া হয় না এর উত্তর কি ?

**শ্রীযতীন চক্রবর্তী :** এটা সম্পূর্ণ অসত্য কথা। মাইনরিটি কম্যুনিটির প্রশ্ন এখানে নেই। আমরা হিন্দু মুসলমান, খৃষ্টান সব কিছু বিবেচনা করি এবং এমন কি কে বামফ্রণ্ট সরকারের অন্তর্গত, কে কংগ্রেসের অন্তর্গত সেটা পর্যন্ত বিবেচনা করি।

**ডাঃ জয়নাল আবেদিন :** আপনার কার্যকালে আপনি সংখ্যালঘু সম্প্রদায়ের একটি লোককেও ফ্ল্যাট দিয়েছেন সেরকম কোন নাম বলতে পারেন ?

**শ্রীযতীন চক্রবর্তী :** সংখ্যালঘু সম্প্রদায় বা অন্যান্যদের সম্বন্ধে যদি বিশদভাবে জানতে চান তাহলে নোটিশ দিন, আমি উত্তর দেব।

### Complaint of inflated electricity bills

*49. (Admitted question No. *368.) **Shri Abdur Rauf Ansari :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has recently received any complaint of inflated electricity bills of CESC due to defective or substandard meters at the consumers' premises ; and

(b) if so, what action has been taken by the State Government in the matter ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) হ্যাঁ।

(খ) অভিযোগগুলি খতিয়ে দেখা হচ্ছে, ডিফেকটিভ মিটারগুলো ঠিক করে দেওয়া হয়েছে অথবা রিপ্লেস করা হয়েছে।

**শ্রীআবদুর রউফ আনসারি ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই ব্যাপারে কতগুলি কমপ্লেন পেয়েছেন এবং সেগুলোর ক্ষেত্রে রেমিডির ব্যবস্থা কি হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আমরা ৪টি কমপ্লেন পেয়েছি। এই ৪টির ক্ষেত্রেই সি. ই. এস্. সি. এনকোয়ারী করেছে এবং মিটার পাল্টে দিয়েছে বা সারিয়ে দিয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী বোধহয় জানেন শুধু এই ক্ষেত্রেই নয়, এস্. ই. বি-র ক্ষেত্রও প্রচুর গোলমাল হয়। কখনও দেখি ৩০ টাকা বিল, আবার কখনও দেখি ৭৪ টাকা বিল। আমরা এই ইরেগুলারিটিস্ সম্বন্ধে বহুবার অভিযোগ করেছি কিন্তু কোন প্রতিকার পাইনি। আজকে কনজিউমার্স আর বিয়িং এ্যাফেকটেড বাই দিস্ ডিফেক্ট — কাজেই এর প্রতিকার করবেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** অভিযোগ যে সমস্ত আছে সেগুলি সংশোধন করবার চেষ্টা করা হচ্ছে।

## কেলেঘাই নদীতে বালিচক-দীঘা রাস্তার সেতুর নামকরণ

*৫০। ( অনুমোদিত প্রশ্ন নং *৪০৩। ) ডাঃ **মানস ভুঁইয়া ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানায় কেলেঘাই নদীর উপর বালিচক-দীঘা সংযোগকারী রাস্তার উপর নির্মিত সেতুটির নামকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, ঐ সেতুটির জন্য কি নামের কথা চিন্তা করা হইতেছে ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) ও (খ) এখন পর্যন্ত কোন নাম-করণ স্থির হয় নাই।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, কোন সেতু বা রাস্তার নামকরণের পরিকল্পনা বা সিদ্ধান্ত যখন নেন তখন কাদের কাদের সঙ্গে আলোচনা করে এই সিদ্ধান্ত নেন ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** যে জেলায় সেতু বা রাস্তা থাকে সেখানে নাম করণ সম্পর্কে জেলা পরিষদের অনুমোদন নিতে হয়। দ্বিতীয়তঃ, ওই এলাকায় যে সমস্ত এম. এল. এ. বা এম. পি. আছেন তাঁরা যেভাবে অনুমোদন করেন সেটাও বিচার বিবেচনা করে তারপর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## Loadshedding in spite of power rationing

*51. (Admitted question No. *448.) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that in spite of the operation of power rationing scheme many parts of Calcutta suffer several hours of loadshedding ; and

(b) if so—

(i) what are the reasons thereof, and

(ii) what action the State Government has taken and/or is contemplating against this ?

(ক) **শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** 'হ্যাঁ'।

(খ) ১) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ, কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন এবং দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডের উৎপাদন কেন্দ্রগুলিতে মাঝে মাঝে তুলনামূলকভাবে কম উৎপাদন হওয়া কখনও কখনও ডি. ভি. সি. কর্তৃক কম সরবরাহ এবং কিছু কিছু বিদ্যুৎ গ্রাহক কর্তৃক বিদ্যুৎ নিয়ন্ত্রণ বিধি লংঘন।

(২) বর্তমান বিদ্যুৎ কেন্দ্রগুলিতে উৎপাদন বৃদ্ধির এবং নতুন বিদ্যুৎকেন্দ্রগুলির কাজ ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

বিদ্যুৎ বিধি নিয়ন্ত্রণ লংঘন বন্ধ করিবার জন্য নিয়মিত পরিদর্শনের কাজও যথাযথ ভাবে চলিতেছে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মন্ত্রীমহাশয় জানালেন পাওয়ার রেশনিং স্কীম চালু থাকা সত্ত্বেও এখনও কোলকাতা এবং কোলকাতার চারিপাশে লোডশেডিং চলছে। মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই স্কীম তুলে দেবার জন্য জনসাধারণ বা বণিক সভা কোন বক্তব্য রেখেছেন কিনা—অর্থাৎ তাঁরা এই স্কীমের বিরোধিতা করেছেন কি না ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** জনসাধারণের কাজ থেকে এর সমর্থনে চিঠি এসেছে। তবে কোন কোন বণিকসভা এর বিরোধিতা করেছেন এবং কোন কোন অংশ আবার সমর্থন করেছেন।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** সম্প্রতি কাগজে দেখলাম এই স্কীম প্রথমে যেভাবে প্রবর্তিত হয়েছিল, তার কিছু কিছু পরিবর্তন হয়েছে, এটা কি ঠিক ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** হ্যাঁ ঠিক।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** এই স্কীম শেষ পর্যন্ত টিকে থাকবে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** হ্যাঁ থাকবে।

## রতুয়া হইতে মশানদহ পর্যন্ত রাস্তাটির সংস্কার

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬।) **শ্রীসমর মুখার্জী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রতুয়া হইতে মশানদহ বাজার পর্যন্ত পাকা রাস্তাটি সংস্কারের অভাবে অত্যন্ত বিপদজ্জনক অবস্থায় রহিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত রাস্তাটি মেরামতের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** রতুয়া হইতে ভালুকা পর্য্যন্ত রাস্তাটির অবস্থা সন্তোষজনক। কিন্তু ভালুকা বাজার হইতে মশানদহ বাজার হইয়া ভালুকা রোড রেল স্টেশন রাস্তাটির অবস্থা সন্তোষ জনক নয়। অর্থাভাবের জন্য রাস্তাটির মেরামত করা যথাসময়ে সম্ভব হয় নাই। তবে উক্ত রাস্তার যে অংশে মেরামতি করা জরুরী প্রয়োজন, সেই সব অংশে মেরামত করার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

[1-30—1-40 p.m.]

**শ্রীসমর মুখার্জী ঃ** এই মেরামতের কাজের জন্য জেলা ভিত্তিক টাকা রাখা হয়—যদি টাকা রাখা হয় তাহলে এই সমস্ত জনবহুল রাস্তা মেরামত করা হচ্ছে না কেন ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** যেখানে টাকা আছে সেখানে মেরামত করে থাকি। কিন্তু মাননীয় সদস্যকে তাঁর অবগতির জন্য জানাচ্ছি যে মেণ্টেনেন্সের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়ে থাকে, সেই টাকা প্রয়োজনের তুলনায় খুবই কম। সেইজন্য অর্থ দপ্তরের কাছে আমরা জানিয়েছি যাতে আরও বেশী টাকা বরাদ্দ করা হয় এবং এ নিয়ে আলাপ আলোচনা চলছে।

**শ্রীসমর মুখার্জী ঃ** এই আলাপ আলোচনা চলতে চলতে রাস্তায় হোঁচট খেয়ে লোকে যে মারা যেতে বসেছে সে খবর কি মন্ত্রী মহাশয় রাখেন ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** এই বর্ষা শেষ হবার পর আমরা এই সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করবার সিদ্ধান্ত গ্রহণ করেছি।

*৫৩। হেল্ড ওভার

## পূর্ত দপ্তর কর্তৃক নির্মিত ফ্ল্যাটগুলির ভাড়া বৃদ্ধি

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নিম্ন আয় ও মধ্য আয় গোষ্ঠীভুক্তদের মধ্যে ভাড়া দিবার উদ্দেশ্যে সম্প্রতি পূর্ত দপ্তর কর্তৃক নির্মিত এল. আই. জি. ও এম. আই. জি. ফ্ল্যাটসমূহের সরকারী নিয়ম অনুযায়ী ধার্য ভাড়া অত্যন্ত বেশী হওয়ায় বাড়ীগুলি ভাড়া দেওয়া সম্ভব হচ্ছে না এবং এই কারণে পূর্ত দপ্তর নতুন করে এই ধরণের গৃহনির্মাণের কাজে বিরত থাকার সিদ্ধান্ত নিয়েছে ;

(খ) সত্য হলে, উল্লিখিত ফ্ল্যাটসমূহের এইরূপ ভাড়া ধার্য করার কারণ কি ; এবং

(গ) সম্প্রতি পূর্ত দপ্তর কর্তৃক নির্মিত (১) ডায়মণ্ডহারবার রোডের উপর শিলপাড়া হাউসিং এস্টেটে এবং (২) শিলিগুড়ি হাউসিং এস্টেটে এল. আই. জি. ও এম. আই. জি. ফ্ল্যাটগুলির জন্য কি হারে ভাড়া ধার্য করা হয়েছে ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** গতকাল চীফ মিনিস্টারের সঙ্গে কথা হয়েছে এবং সেই কথা অনুযায়ী সিদ্ধান্ত হয়েছে যে আমাদের ভাড়া নির্ধারণ করার যে নিয়ম আছে তাতে যে ভাড়া নির্ধারিত হবে তাতে এই নিম্ন আয় ও মধ্য আয় বিশিষ্ট লোকদের এই ভাড়া দেওয়াটা খুবই হাটসিপ হয়ে যাবে। তাই আমরা ঠিক করেছি যে এই ফ্ল্যাট-গুলি আমরা ঐ সম্প্রদায়ের লোকদের মধ্যে বিক্রি করে দেবো। এবং এ সম্পর্কে আমরা শীঘ্রই সিদ্ধান্ত গ্রহণ করে নেবো।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আপনি আজকে টেবিলে যে জবাব দিয়েছিলেন—এখন উত্তর দিতে দেখছি আপনি নূতন সিদ্ধান্তের কথা জানালেন। আমার জিজ্ঞাস্য

হচ্ছে পূর্ত দপ্তর এল. আই. টি. এম. আই. জি. ফ্ল্যাটগুলি যে বিক্রি করে দেবে এই রকম পরিকল্পনা ছিল, ভাড়া দেবার পরিকল্পনা ছিল না।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** আপাতত বন্ধ করা হয়েছে। এই ভাড়া নির্দ্ধারণ যে নিয়ম তাতে ভাড়া এতো বেশী হবে যে নিম্ন ও মধ্য আয় বিশিষ্ট ব্যক্তিরা, তাদের যা আয়ের সীমা তার মধ্যে এই ভাড়া দেওয়া সম্ভব নয়। সেই জন্য ভাড়া না দিয়ে যাতে তারা নিজেরা মালিক হতে পারে তার ব্যবস্থা করছি। এবং যেহেতু মেণ্টেনেন্স খাতে অর্থ কম, তাই এগুলি রক্ষণাবেক্ষণ করা সম্ভব হয় না। তারা মালিক হলে তারাই রক্ষণাবেক্ষণ করতে পারবে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে এই নিয়ন্ত্রণ আয়ের সমস্ত ব্যক্তি যারা কিনে নিতে পারলেন ভাল, যাদের কেনার ক্ষমতা নেই, অথচ যারা এতকাল ভাড়া দিয়ে রয়েছেন, তারা তো বঞ্চিত হচ্ছেন, এই সমস্যা সমাধানের জন্য কোন চিন্তা সরকার পক্ষ থেকে করছেন কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** সরকার পক্ষ থেকে এই আবাসন সমস্যার সমাধান করা কোনও দিন সম্ভব নয়। কারণ সরকার পক্ষ থেকে শতকরা ১০ ভাগ বাড়িও করতে পারা যায় না। সেই জন্য আমরা চাই বেসরকারী উদ্যোগে বাড়ি হোক। এবং আমরাও বাড়ি করতে চাই, যারা নিম্ন আয়ের মানুষ, যারা মধ্যবিত্ত, তাদের জন্য এমনভাবে কিস্তি ঠিক করতে চাই, যাতে তারা সেই বাড়ি নিজেরা কিনতে পারেন।

## সল্টলেকে দূর্বাচল হাউসিং কমপ্লেক্সে আবাসন

*৫৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৫০০। ) **শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার সল্টলেক অঞ্চলে দূর্বাচল হাউসিং কমপ্লেক্সে অদ্যাবধি (১) কতগুলি আবাসন নির্মাণ কার্য সম্পূর্ণ হয়েছে ও (২) কতগুলি আবাসন নির্মীয়মাণ অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত নির্মিত আবাসনগুলি কতদিনের মধ্যে এবং কতজনের মধ্যে বিলি করা হবে ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) কলিকাতার সল্ট লেক অঞ্চলে পূর্বাঞ্চল হাউসিং কমপ্লেক্সে অদ্যাবধি

(১) ১৯৭৮টি আবাসনের নির্মাণ কার্য্য সম্পূর্ণ হয়েছে,

(২) ১৬৮টি আবাসন নির্মীয়মান অবস্থায় আছে। তবে উক্ত আবাসনগুলি নির্মাণ কার্য্য প্রায় সম্পূর্ণ হওয়ার মুখে।

(খ) উক্ত আবাসনগুলি ইতিমধ্যে ২১৪৬ জনের মধ্যে বিলি করা হয়েছে।

## হাওড়া সদরে অস্থায়ী জব ওয়ার্কার্সদের স্থায়ীকরণ

*৫৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৮২। ) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্বরাষ্ট্র ( সংবিধান ও নির্বাচন ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৯ সাল হইতে প্রায় শতাধিক কর্মী নির্বাচন সংক্রান্ত কাজে হাওড়া সদরে জব ওয়ার্কার হিসাবে অস্থায়ীভাবে কাজ করিয়া আসিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, তাঁহাদের স্থায়ীকরণের ব্যাপারে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না। প্রশ্ন ওঠে না।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি,—১৯৭৯ সাল থেকে এই প্রশ্নটা করেছি, ১৯৮০ সালের লোকসভার সাধারণ নির্বাচন ১৯৮২ সালের বিধানসভার নির্বাচন এবং হাওড়া কর্পোরেশনের নির্বাচনের জন্য এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে যে সমস্ত লোক নেওয়া হয়েছে, এদের কোন ক্যাটাগোরীতে ফেলেছেন, এরা কারা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** যারা এননিউমারেটারের এই কাজ করতে আসেন, তারা জেনেই আসেন যে কাজটা স্থায়ী নয়। কারা মানেটা কি ? টেম্পোরারী জবে তারা ইলেকশনের সময় আসেন, তারপর চলে যান।

**শ্রীঅশোক ঘোষ ঃ** ১৯৭৯ সাল থেকে এখনও পর্য্যন্ত এই সমস্ত এননিউ-মারেটাররা কাজ করে যাচ্ছেন, তাদের স্থায়ী করার কোন ব্যবস্থা করবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম কোন পরিকল্পনা নেই।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আগে এননিউ-ম্যারেটারের কাজ করেছেন এমন যারা আছেন, তাদের প্রায়রিটি দেওয়া হচ্ছে না, এই রকম খবর আছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার জানা নেই।

## কামারপুকুর-বদনগঞ্জ রাস্তা

*৫৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৭৫ ) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার কামারপুকুর-বদনগঞ্জ রাস্তাটি সম্পূর্ণ পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** না। প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনি যে সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে ডিস্ট্রিক্ট কোঅর্ডিনেশন কমিটির রেকমেণ্ডেশনের ভিত্তিতে রাস্তা হবে, সেই নির্দেশনামা অনুসরণ করা হচ্ছে কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** অনুসরণ করছি তবে আর্থিক সংগতির উপর।

*৫৮। ( স্থগিত )

## গৃহবধূ হত্যা

***৫৯।** ( অনুমোদিত প্রশ্ন নং *৭৪৬। ) **শ্রীমনোহর তিরকী ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা জানুয়ারী থেকে ১৯৮৩ সালের ১লা আগস্ট পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে "গৃহবধূ হত্যার" ঘটনার সংখ্যা কত ;

(খ) সমাজের কোন কোন অর্থনৈতিক শ্রেণীর মানুষের মধ্যে এই "গৃহবধূ হত্যা"-র প্রবণতা বেশী—সে বিষয়ে সরকারের কোন সমীক্ষা আছে কি ; এবং

(গ) এই ধরণের ঘটনার মূল কারণ কি কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) ৫৬টি

(খ) না।

(গ) দেখা গেছে যে সাধারণতঃ শ্বশুরবাড়ীর লোকদের সাথে অবনিবনা, অসুখী পারিবারিক জীবন, পারস্পরিক অসদ্ভাব এবং সন্দেহ প্রভৃতি কারণই ধরনের ঘটনাবলীর জন্য দায়ী।

[1-40—1-50 p. m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন—এই গৃহবধূ হত্যার ঘটনা বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে বেড়েছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** স্যার, ডু আই হ্যাভ টু রিপ্লাই টু দিস এ্যাবসার্ড কোশ্চেন ?

**মিঃ স্পীকার ঃ** নো।

## মূর্তি স্থাপন

*৬০। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৪৯। ) **শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান আর্থিক বৎসরে কোন্ কোন্ কৃতী ব্যক্তির মূর্তি স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** আপাততঃ কোন পরিকল্পনা নাই।

## বাঁকুড়া জেলার গ্রামাঞ্চলে নিম্নবিত্ত ও মধ্যবিত্তদের জন্য গৃহনির্মাণ

*৬১। ( অনুমোদিত প্রশ্ন নং *৭০৪। ) **শ্রীউপেন্দ্র কিস্কু ঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার গ্রামাঞ্চলে নিম্নবিত্ত ও মধ্য-বিত্তদের গৃহ নির্মানের কোন প্রকল্প রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** না। আপাততঃ এইরূপ কোন পরিকল্পনা নাই।

## ৪১ নং জাতীয়সড়ক নির্মাণকার্যে মঞ্জুরীকৃত অর্থ

*৬২। ( অনুমোদিত প্রশ্ন নং *৭১৩। ) **শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ** পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৪১ নং জাতীয় সড়কটির নির্মাণের জন্য মোট কত টাকা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) এ পর্যন্ত উক্ত নির্মাণের কার্যের কোন্ দফায় মোট কত টাকা ব্যয়িত হইয়াছে;

(গ) উক্ত সড়কটির নির্মাণের কাজ সম্পূর্ণ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) (১) উক্ত রাস্তার কাজ বর্তমানে কি পর্যায়ে আছে, ও (২) কবে নাগাত ঐ রাস্তার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীযতীন চক্রবর্তী:** (ক) ৪১ নং জাতীয় সড়কের নির্মাণের জন্য বিভিন্ন পর্য্যায়ে মোট ৯,৫৭,৪১,০০·০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) জুলাই '৮৩ পর্য্যন্ত ঐ রাস্তার নির্মাণ কাজে মোট ব্যয় হয়েছে ১২,০৩, ৫৮০০০·০০ টাকা। দফাওয়ারী বিস্তারিত বিবরণ নীচে দেওয়া হল—

| | | |
|---|---|---|
| (১) | সংযোগ পথ নির্মাণ (Intersection) | ১৭,২৩,৭০০·০০ টাকা |
| (২) | উপপথ নির্মাণ (Diversion) | ১৩,২৯,৮০০·০০ টাকা |
| (৩) | কংক্রিটের বাক্সের দ্বারা যুক্ত পথনির্মাণ (Viaduct) | ৪৩,৯৮,৫০০·০০ টাকা |
| (৪) | অভিগমন পথ নির্মান (Approaehes) | ১,২১,৫৭,৭০০·০০ টাকা |
| (৫) | সড়কউন্নয়ণ ও দৃঢ়ীকরণ (Strengthering) | ৪,৯০,০২,৯০০·০০ টাকা |
| (৬) | সুড়ঙ্গপথ (Sub way) নির্মাণ | ৫,৩০,৩০০·০০ টাকা |
| (৭) | সেতু ও কালভার্ট নির্মাণ | ৪৮,০৪,৫০০·০০ টাকা |
| (৮) | ভূমিগ্রহণ ও মাটির কাজ | ২,৩৩,৬৯,০০০·০০ টাকা |
| (৯) | বিশেষ সংস্কারসাধন | ৩৩,৭৬,৯০০·০০ টাকা |
| (১০) | রোড স্টাকচার বসান (Laying of Road Structure) | ১,৫৭,৫৮,৮০০·০০ টাকা |
| (১১) | বন্যাজনিত ক্ষতির সংস্কারসাধন | ৩৮,৪২,৭০০·০০ টাকা |

(গ) গত জুন মাসে নির্মান কাজ শেষ হয়েছে।

(ঘ) (১) পূর্ববর্তী প্রশ্নের উত্তরে জানানো হয়েছে।

(২) প্রশ্ন উঠে না।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি:** মাননীয় মন্ত্রীমহাশয় জানালেন, 'বিশেষ সংস্কার' খাতে অর্থ ব্যয় হয়েছে। এই বিশেষ সংস্কার বলতে তিনি কি বোঝাতে চাইছেন তা জানাবেন কি?

**শ্রীযতীন চক্রবর্তী:** রাস্তা তৈরি হবার পর কোন কোন জায়গায় গর্ত ইত্যাদি হয় —বিশেষ করে বর্ষাকালে। সেগুলি সারাতে গেলে আমাদের যে খরচ হয় সেটা হল বিশেষ খরচা।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি:** যে সময় রাস্তার কাজ শেষ হয়েছে বলছেন তারপর এই সবেমাত্র বর্ষা হল। তাহলে এই বিশেষ সংস্কারটা আগেই হয়েছে কি?

**শ্রীযতীন চক্রবর্তী:** এখন তো বলি নি, আগেই খরচ হয়েছে। এই বর্ষার পর আবার খরচ করতে হবে।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** তাহলে রাস্তা নির্মাণ করতে করতেই এই খরচা হয়েছে কি ?

**শ্রীযতীন চক্রবর্তী :** পূর্ত দপ্তর যতদিন থাকবে রিপেয়ারের কাজ চলবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** আমরা দেখছি এই রাজ্যের জাতীয় সড়কগুলি ব্যবহারের অযোগ্য হয়ে পড়ছে। কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না বলে কি আপনি কাজ করতে পারছেন না ?

**শ্রীযতীন চক্রবর্তী :** কেন্দ্রীয় সরকার টাকা দেন তাদের স্পেসিফিকের মান অনুযায়ী। অনেক সময় আমাদের কাজ শেষ হবার পর আমরা আবার টাকা চেয়ে নিই এবং সেটা পাই। আমরা নিজেরা আমাদের দপ্তর থেকে জরুরী কাজে খরচ করে থাকি। ওরা মঞ্জুর করেছেন ৯ কোটি ৬৭ লক্ষ ৪১ হাজার টাকা কিন্তু আমরা ওদের কাছ থেকে পাবার আগেই—আশা করি ওরা সেটা পুষিয়ে দেবেন—ইতিমধ্যেই আমরা ১২ কোটি টাকার বেশী খরচ করেছি। ওদের কাছে আমরা লিখেছি, ওদের লোক আসছেন, দেখে ওরা সেই টাকাটা আমাদের রিইমবারস করবেন।

## Privilege Motion

**Mr. Speaker** ; I have received a notice of privilege motion from Shri Amal Roy under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly against the Ananda Bazar Patrika on the 26th August, 1983 and it was under my examination. I now allow Shri Amal Roy to raise the matter on the floor of the House under rule 227.

[1-50—2-00 p.m.]

**শ্রীঅমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা প্রিভিলেজের প্রশ্ন তুলছি এবং নোটিশটি আমি পড়ে দিচ্ছি, তাহলে ব্যাপারটা পরিষ্কার হবে। আমি চাই এটা পুরোপুরি রেকর্ড হোক।

সকলেই অবগত আছেন যে, বিধান সভারবিগত অধিবেশনে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গুটাইয়া ফেলিবার কেন্দ্রীয় প্রস্তাবের তীব্র বিরোধিতা করিয়া এবং দণ্ডকারণ্যের উন্নয়নের স্বার্থে তথা উদ্বাস্তু ও আদিবাসীদের সুষ্ঠু এবং স্থায়ী পুনর্বাসনের পরিকল্পনা রূপায়ণের প্রয়োজনে ঐ সংস্থাকে টিকাইয়া রাখিবার দাবীর ভিত্তিতে একটি বেসরকারী প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হইয়াছিল এবং প্রস্তাবের মর্ম ও সভার মনোভাব প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং পুনর্বাসন মন্ত্রী শ্রীবীরেন্দ্র পাতিলকে জানাইবার জন্য এবং দণ্ডকারণ্যের বর্তমান পরিস্থিতি সরেজমিনে তদন্ত করিয়া দেখিবার জন্য রাজ্যের পুনর্বাসন মন্ত্রীর নেতৃত্বে একটি সর্বদলীয় প্রতিনিধিমণ্ডলী গঠন করা হইয়াছিল। অতঃপর প্রতিনিধিমণ্ডলী আগষ্ট (১৯৮৩) মাসের প্রথম দিকের কোন এক সময়ে প্রধানমন্ত্রী এবং পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে দিল্লীতে সাক্ষাৎ করিবার অভিলাষ ব্যক্ত করিয়াছিলেন। কিন্তু প্রধানমন্ত্রী এবং পুনর্বাসন মন্ত্রী আকস্মিক ভাবে গত জুলাই মাসের তৃতীয় সপ্তাহে সাক্ষাতকারের তারিখ গত ২৭শে ও ২৮শে জুলাই নির্দিষ্ট করিয়া রাজ্য সরকারের নিকট বার্তা পাঠাইলে, প্রতিনিধিমণ্ডলীকে গত ২৬শে জুলাই তারিখ দিল্লী

পৌঁছাইতে হয়। কংগ্রেস ( ই ) দলের প্রতিনিধি দুইজন ব্যতিত অন্য সকল প্রতিনিধিরই বঙ্গভবন এবং সার্কুলার রোডস্থ অতিথি ভবনে থাকিবার ব্যবস্থা হয়। এই দুইটি অতিথিশালায় সরকারী নিয়ন্ত্রনের বাহিরে যেভাবে খাওয়া দাওয়ার ব্যবস্থা হইয়া থাকে প্রতিনিধিমণ্ডলীরও সেই ভাবে ব্যবস্থা হয়।

প্রতিনিধিমণ্ডলীর দিল্লী গমন উপলক্ষ্যে গত ২৭/৭/৮৩ তারিখ আনন্দবাজার পত্রিকার শহর সংস্করণে "মন্ত্রী, এম. এল. এ. নিয়ে বঙ্গভবন বিপাকে" শীর্ষক যে সংবাদ প্রকাশ করা হইয়াছে তাহাতে স্পষ্টতঃই সংশ্লিষ্ট সদস্যদের মান ও মর্য্যাদাহানি করা হইয়াছে এবং যেহেতু সদস্যরা সকলেই বিধানসভা কর্তৃক নিযুক্ত একটি জাতীয় প্রতিনিধি মণ্ডলীর সদস্য ছিলেন সেইহেতু বিধানসভার ও ঐ সংবাদে চরম অমর্যদা ও অবমাননা করা হইয়াছে। আনন্দবাজারের ঐ সংবাদে বলা হইয়াছিল যে, "আগে থেকে কোন খবর না দিয়ে হুট করে পশ্চিমবঙ্গের দু'জন মন্ত্রী এবং ডজন খানেক এম. এল. এ. আজ সকালে এখানে বঙ্গভবনে এসে হাজির হন এবং বিনা খরচে থাকা খাওয়ার দাবী করে বসেন। এঁদের নিয়ে মহা বিপাকে পড়েন বঙ্গভবনের কর্মীরা এবং এখানকার পশ্চিমবঙ্গ সরকারের লিয়াঁজক মিশনার।" আগে থেকে খবর না দেবার খবরটি সম্পূর্ণ অসত্য। আর বিনা পয়সায় থাক, খাওয়ার দাবী করার কথাটি যেমন উদ্ভট তেমন অর্থহীন। কারণ সকলেই জানেন যে, এই রকম সরকারী প্রতিনিধি মণ্ডলীর যাতায়াত, থাকা, খাওয়া ইত্যাদির যাবতীয় খরচ সরকারই বহণ করে থাকেন। সুতরাং বিনা পয়সার কোন প্রশ্নই সেখানে আসে না। তা ছাড়া, বঙ্গভবনে খাওয়া দাওয়া সম্বন্ধে সরকারের আদৌ কিছু করনীয় নাই। কারণ, সেখানকার মেসিন চালান রান্নাশালের কর্মচারীরা। তাহাদের খাবার খরচ প্রতি দিন আগে ভাগে দিলে তবেই খাবার তৈরী হয়। অতএব বিনা পয়সায় কাহার নিকট খাদ্য দাবী করা হইবে? সবাই জানেন এ কথা এবং জানেন বলিয়াই খাওয়ার পয়সা না দিয়া কর্মচারী কয়জনকে মারিবার মত আহাম্মক সদস্য প্রতিনিধিমণ্ডলীতে একজনও ছিলেন না।

আরো অনেক অসত্য মান ও মর্যাদাহানিকর কথা ঐ সংবাদে প্রকাশিত হইয়াছিল। যেমন, "মন্ত্রী ও এম. এল. এ.-রা আগাম টাকা জমা দিয়ে আসেননি, যদিও বঙ্গভবনে বুকিং-এর সেটাই নিয়ম"। তারপর বলা হইয়াছিল, "মন্ত্রী দু'জনের কথা না হয় ছেড়ে দেওয়া গেল। তাঁরা ভি. আই. পি.। কিন্তু এম. এল. এ.-দের তো আর সেই পর্য্যায় ফেলা যায় না।" সংবাদে কয়েকবার মাননীয় সদস্যদের উল্লেখ করা হয়েছে 'লোক' বলে — 'এত লোককে কি করে থাকতে দেওয়া যায়'; 'এত লোক এক সঙ্গে নিয়ে বঙ্গভবনে উঠবেন।' বলা হইয়াছিল যে, 'শেষ পর্যন্ত অনেক হৈচৈ, গোলমালের পর ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী বিশেষ কমিশনারকে লিখে দেন যে, মন্ত্রী ও এম. এল. এ.-দের থাকা/খাওয়ার খরচ তারাই বহন করবেন।' এক্ষেত্রে হৈচৈ, গোলমালের খবর যেমন মিথ্যা, তেমনি মিথ্যা মন্ত্রীর লিখে দেবার খবরটি।

আনন্দবাজার পত্রিকা যে ইচ্ছাকৃত ভাবেই একটি জাতীয় প্রতিনিধিমণ্ডলী তথা তার সদস্যদের মর্যাদা ও মানহানি করিতে এবং সভারও অবমাননা করিতে চাহিয়াছেন তাহা অপর একটি ঘটনায় স্পষ্ট হয়। আনন্দবাজার পত্রিকায় যেদিন সংবাদটি প্রকাশিত হয় সেইদিনই দুইজন মন্ত্রীসহ প্রতিনিধি মণ্ডলীর ১৫ জন সদস্য সংবাদটির প্রতিবাদে

একটি স্বাক্ষরিত বিবৃতি পত্রিকার নয়া-দিল্লীস্থ প্রতিনিধির হাতে দেন। কিন্তু আশ্চর্যের বিষয় যে, ঐ বিবৃতি সম্পূর্ণ তো নয়ই, এমন কি উহার যে অংশগুলি অপেক্ষাকৃত উল্লেখযোগ্য ছিল তাহাও ছাপা হয় নাই এবং এমনভাবে উহা ছাপা হইয়াছে যাহাকে স্পষ্টতঃই ডেস্টরসন বলা সংগত। ৩০/৭/৮০ তারিখের 'দণ্ডকারণ্য নিয়ে উচ্চ পর্যায়ের বৈঠক হবে' শীর্ষক সংবাদের "ছুট করে আসিনি" অংশ পাটে বিষয়টি পরিষ্কার হইবে। অতএব, সভার অবমাননা, বিধানসভার সদস্যদের মানহানি এবং মর্যাদাহানি, অসত্য সংবাদ প্রকাশ ও সদস্যদের বিরুদ্ধে কুৎসা রটনার দায়ে আনন্দবাজার পত্রিকাকে অভিযুক্ত করা হউক এবং নিয়মাবলীর ২৩০ ধারা মতে প্রিভিলেজ কমিটিতে এই অভিযোগের যথাযথ বিচার করা হউক।

আনন্দবাজার পত্রিকার সংশ্লিষ্ট সংবাদ দুইটি এবং প্রতিনিধিমণ্ডলীর বিবৃতির অবিকল নকল তথ্যসহ সংযোজিত হইল।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা খুবই গুরুত্বপূর্ণ। আমি এবং সুনীতি চট্টরাজ ঐ কমিটির সদস্য ছিলাম। যে সংবাদ প্রকাশিত হয়েছে সেটা নিঃসন্দেহে দুর্ভাগ্যজনক। আমি একটু পরে ওখানে পৌঁছেছিলাম। এই সংবাদে আমাদের অত্যন্ত ছোট করা হয়েছে। কিন্তু আমি দেখেছি মন্ত্রী এবং ওর সেক্রেটারী, মিঃ মুর্শেদ সাহেব—নামটা আমার বলা উচিত নয়, সেক্রেটারী বলা উচিত—এই ব্যাপারে ভেরী মাচ ইনভলভড। সুতরাং আমি অনুরোধ করবো যে আনন্দবাজার-এর সাথে মিনিস্টার, সেক্রেটারী এবং লিয়াঁজো অফিসার, যে এই নিউজটা প্রেসকে সরবরাহ করেছেন, এই তিন জনকেও এর সঙ্গে অভিযুক্ত করা হোক।

**Mr. Speaker :** Shri Amalendra Roy, M.L.A. has raised the question of breach of privilege against the Ananda Bazar Patrika.

He alleges that the said Patrika has published in its issue dated the 27th July, 1983 untrue news in the matter of accommodation in the Banga Bhavan, New Delhi, of the all party delegates of this House sent to New Delhi in the last week of July, 1983 to have a discussion with the Prime Minister on the problems of refugees of Dandakaranya, He further alleges that by publishing that untrue news the Patrika has not only lowered the prestige of the members but also has committed a contempt of the whole House. Before proceeding further in this case, as in the past, I would like to refer this matter to the Editor of the Newspaper concerned for his views in the first instance.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motions to-day.

The first is from Shri Deokinandan Poddar which deals with adverse effect on industries due to shortage of power. The second is from Shri Ashoke Ghosh which deals with alleged widespread murder, rape, robbery etc. in the State. The third is from Shri Kashinath Misra which deals with alleged murder of one Shri Bhabadeb Goswami, a freedom fighter of Bankura.

The subject of the first motion is a continuing matter and the second and third motions relate to day administration.

I, therefore, withhold my consent to all the above motions. One member of the party may read out the text of the motion as amended.

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রুলিং দেবেন আমরা সেটা মাথা পেতে নেব। আপনাকে আমরা কটাক্ষ করতে চাই না। কিন্তু আমরাও তো সমান সুযোগ পাবো ?

**মিঃ স্পীকার ঃ** আপনি একজন অভিজ্ঞ সদস্য। আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি, Can a privilege motion be amended ? I ask for your specific answer.

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সুযোগ আমরা পাই না। আমাদেরও যদি এই সুযোগ দেন তাহলে আপনার বদান্যতা আমরা মনে রাখবো।

**মিঃ স্পীকার ঃ** আপনি আমার প্রশ্নের স্পেসিফিক উত্তর দিলেন না।

**Shri Deokinandan Poddar :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, — while growing unemployment calls for massive industrial investment and expeditious growth of industries in West Bengal, shortage of power has become the major constraint, which is adversely affecting growth of industries in the State. Implementation of many industrial licences, for new units in the State, are delayed and held up due to non availability of power.

Industrial Licence obtained in 1976 by M/s. Ellenbarrie Industrial Gases Ltd., for setting up Oxygen Gas Plant at Kalyani, is on the verge of cancellation, because despite several extensions of time, due to non-availability of power, the unit has not been commissioned so far. West Bengal State Electricity Board has so far failed to arrange for supply of power to this unit. The due date/validity of this licence expires on 22nd September, 1983.

[2-00—2-10 p.m.]

**Calling Attention to matters of urgent public importance.**

**Mr. Speakers :** I have received five notices of Calling Attention on the following subjects, namely :

(1) Delay in implementation of Industrial License due to non-availability of powers—Shri Deokinandan Poddar.

(2) Delay in commissioning of West Bengal State Electricity Board's sub-station at Kalyani,—Shri Deoki Nandan Poddar. Shir Shanti Ram Mahato.

(3) Deplorable condition of the Medical College and Hospitals in the districts due to want of doctors, nurses, medicine and ambulance.—Shir Kashinath Misra.

(4) Missing of radioactive Radium Barilium capsules from the Saha Institute of Nuclear Physics, Rajabazar.—Shri Abdul Mannan.

(5) Scarcity of drinking water at Howrah—Shri Ashok Ghosh.

I have selected the Notice of Shri Abdul Mannan on the subject of missing of radioactive Radium Barilium capsules from the Saha Institute of Nuclear Physics, Rajabazar. The Hon'ble Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak** : On 15th September, 1983, Sir.

## MENTION CASES

( উল্লেখ )

**শ্রীযামিনী ভূষণ সাহা** : মিঃ স্পীকার স্যার, আমি একটি বিশেষ ঘটনার কথা উল্লেখ করতে চাই। শ্রীলংকায় যে ঘটনা ঘটেছে আমরা ভারতবাসী হিসেবে, শুধু নয়, বিশ্বের গণতন্ত্রপ্রিয় মানুষ তার সম্পর্কে খুব গভীর উদ্বেগ প্রকাশ করেছে শ্রীলংকা সম্পর্কে। যে রক্তাক্ত ঘটনা ঘটেছে, এই জয়াবর্ধনে সরকার—

**শ্রীসুব্রত মুখার্জী** : অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার, এটাকে কি একটা রেজলিউসন আকারে আনা যায় না।

**মিঃ স্পীকার** : হাউসে যদি কোন মেম্বার মেনসেন করতে চান হাউ ক্যান আই স্টপ ইট ?

**শ্রীযামিনী ভূষণ সাহা** : স্যার...

**মিঃ স্পীকার** : ওঁরা বলছেন একটা জয়েণ্ট রেজলিউসন আনার কথা।

**শ্রীযামিনী ভূষণ সাহা** : তাহলে আমি একটা প্রস্তাব লিখিত আকারে ১৮৫ তে দেব।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কিছুদিন আগে সংবাদপত্রে বেরিয়েছে, যেমন সঞ্জীব, তীর্থংকরের মামলা হচ্ছে আপনি দেখেছেন মেদিনীপুরের এক উকিল, তাঁর নাম হচ্ছে শ্রীবিনীত চক্রবর্ত্তী তিনি গিয়েছিলেন—এ্যাডিশ্যন্যাল জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট একটা অর্ডার দিয়েছিলেন দুটি লঞ্চ ছাড়ার ব্যাপারে—সেই উকিলবাবু ডায়মণ্ডহারবার গিয়েছিলেন বণ্ড সই করতে। খুবই দুর্ভাগ্যের ব্যাপার যে ঐ বণ্ড সই করার পর সেখানে যে সিটুর ইউনিয়ন আছে সেই ইউনিয়নের বাঁকি মোল্লা এবং আরও অনেকে উকিলবাবু যে লঞ্চে ফিরছিলেন নদীর মাঝখান থেকে সেই লঞ্চ থেকে তাঁকে জোর করে নামিয়ে একটা ইঁটখোলার কাছে নিয়ে গিয়ে হত্যা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনজীবি হিসেবে তিনি গিয়েছিলেন তার কাজ করতে। তাঁকে হত্যা করা হয়েছে এবং শুধু তাই নয় আজ পর্য্যন্ত এফ. আই. আরের যতগুলো আসামী আছে তার মধ্যে মাত্র দুজনকে ধরা হয়েছে। দুর্ভাগ্যের বিষয়, যেহেতু একজন প্রভাবশালী এম. এল. এ এর মধ্যে আছেন—সেই এম. এল. এ থানায় গিয়ে শুধু তদবিরই করেন নি, সেখানে এস. ডি. ও যিনি আছেন—আমি নাম বলবো না, তিনি প্রয়াত সি. পি. এম নেতা প্রমোদ দাসগুপ্তের ভাগ্নে হন—তাঁর সঙ্গে যোগসাযোশে এই খুনের মামলা চেপে দেবার চেষ্টা করা হচ্ছে। সেই খুনে আসামী ঘুরে বেড়াচ্ছে। আমি নামও বলে দিতে পারি। একজনের নাম হচ্ছে বাঁকি মোল্লা, তাদের ধরা হচ্ছে না। এই খুনের সঙ্গে জড়িত একজন বিধানসভার সদস্য আজ এই বিধানসভায় বসে আছেন

তা আমি দেখতে পাচ্ছি। দুর্ভাগ্যের বিষয় কোন গ্রেপ্তার হচ্ছে না। আমাদের মারা হতে পারে, উকিল খুন হোল, বার কাউন্সিলে আলোচনা হচ্ছে, সমস্ত জায়গায় এ বিষয়ে আলোচনা হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি হলদিয়ার যিনি এম. এল. এ তিনি সব-কিছুই জানেন। কিন্তু ছয়জন উকিল যখন তাঁর কাছে গিয়েছিলেন এ ব্যাপারে, তিনি অবাক হয়ে গিয়েছিলেন এবং বলেছিলেন যে খুন হয়েছে ? কোথায় ? তিনি ইউনিয়নের প্রেসিডেণ্ট ! একটি খুন হয়ে গেল, কিছুই জানতে পারলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু উনি বিধানসভার একজন সদস্য, সেই হেতু আমি তাঁর নাম এখানে বলছি না। তবে আমি জানতে চাই, এই বিধানসভার সদস্যের বিরুদ্ধে যখন অভিযোগ উঠেছে তখন তাঁকে গ্রেফতার করা হবে কিনা ? এই এম. এল. এ হলদিয়ায় বহু খুনের সঙ্গে জড়িত এবং এই খুনের ব্যাপারেও পরোক্ষভাবে মদৎ দিয়েছেন। আজকে আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলছি যে মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে বলুন —যখন এই সমস্ত অভিযোগ এই সদস্যের বিরুদ্ধে এসেছে তখন তাঁকে গ্রেফতার করা হচ্ছে না কেন ? প্রকৃত দোষীদের শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রীসুব্রত মুখার্জী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলছি যে যাতে সত্য ঘটনা প্রকাশ পায়, যাতে সত্য উদ্‌ঘাটিত হতে পারে তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এই অভিযোগগুলো যাচাই করে উত্তর দেবেন। পজেটিভ অভিযোগগুলি হাউসিং বোর্ডের চেয়ারম্যান মন্ত্রী যতীন চক্রবর্তী, যিনি এখানে উপস্থিত আছেন, তাঁর সংক্রান্ত। আপনি স্যার সাধারণভাবে জানেন অনেকবারই এই রকম পজেটিভ চার্জ উইথ ম্যাটেরিয়ালস্ এ্যাণ্ড ডকুমেণ্টস আমরা এখানে প্লেস করেছি এবং আপনিও সব সময় চেষ্টা করেছেন আমাদের প্রটেকশন দিতে। কোন কোন সময় বলবার সুযোগও দিয়েছেন। আমি হেনস্থা করতে চাইনা, আমি চাই রিয়াল ট্রুথ মাষ্ট বি এক্সপোজড্। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছ থেকে সেই সত্যটাই জানতে চাই। স্যার, আমি এখানে তিনটি ঘটনা তুলে ধরছি যার সঙ্গে সম্পূর্ণভাবে করাপশান জড়িত—তার অর্ডার নাম্বার এবং আনুসঙ্গিক কাগজপত্র আপনার কাছে জমা দেবো। এক নম্বর হোল—হাউসিং বোর্ডে ষ্টোন চিপ্‌স্ পার্চেজ করবার জন্য এবং পাকুড় থেকে নিয়ে আসার জন্য অর্ডার করা হোল। এই অর্ডার আবার দুই রকম হয়ে থাকে। এক রকম হচ্ছে রেক্ দিয়ে অর্থাৎ ওয়াগন দিয়ে করা, আর একটি হচ্ছে রেক ছাড়া অর্থাৎ পার কিউবিক মিটার উইদাউট রেক এ্যালটমেণ্ট কেনা। মন্ত্রী মহাশয় যিনি বোর্ডের চেয়ারম্যানও বটে, তিনি ওয়াগন সমেত রেট এবং ওয়াগন ছাড়া রেট দুটি সংস্থার কাছ থেকে পেলেন। একটি হচ্ছে প্রাইভেট কোম্পানী—মেসার্স কে. কে সাহা এ্যাণ্ড কোম্পানী এবং আর একটি হচ্ছে সরকারী সংস্থা, ওয়েষ্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেণ্ট কর্পোরেশন—এদের কাছ থেকে রেট পেলেন। যেটা ওয়াগন সুদ্ধ, তার রেট পেলেন ১৩৫ টাকা থেকে ১৪০ টাকা পার কিউবিক মিটার। আর ওয়াগন ছাড়া রেট পেলেন ১৭০ টাকা থেকে ১৭৫ টাকা। ইন দি মিন টাইম লেখালেখি করে ১০টি রেকের ব্যবস্থাও করলেন মন্ত্রী কিন্তু অর্ডার দিয়েও দিলেন না। গভর্ণমেণ্টের মিনারেল ডেভেলপমেণ্ট কর্পোরেশনের রেট যেখানে কম সে ক্ষেত্রে তাদের অর্ডার না দিয়ে অর্ডার দিলেন সেই প্রাইভেট কোম্পানী কে. কে. সাহা এ্যাণ্ড কোম্পানীকে। যে অর্ডার ১৪০ টাকায় হোত, সেই অর্ডার ১৭৫ টাকায় দেওয়া হোল।

[2-10—2-20 p.m.]

গভর্ণমেণ্টের একটা সংগঠনকে ডিপ্রাইভ করে একটা প্রাইভেট কোম্পানীকে পার কিউবিক মেট্রিকটন ৩৫ টাকা বেশী করে দিয়ে অর্ডার দিয়ে দেওয়া হলো। সরকারী হিসাব অনুযায়ী অতিরিক্ত টাকার পরিমাণ দাঁড়ায় ৩ লক্ষ ৩৫ হাজার টাকা। এই অতিরিক্ত টাকা উনি মেসার্স কে. কে. সাহা এ্যাণ্ড কোম্পানীকে দিয়ে দিলেন। স্যার, আপনি বলতে পারেন এর পরে আমি যদি ধরে নিই যে এটা দুর্নীতি, তাহলে আমি কি অন্যায় করবো? এর পরে আমি যদি বলি এই দুর্নীতির সঙ্গে মন্ত্রী মহাশয় যুক্ত আছেন, তাহলে আমি কি অন্যায় করবো? কারণ মন্ত্রী মহাশয় নিজে অর্ডার দিয়েছেন, মন্ত্রী মহাশয় নিজে এখানকার চেয়ারম্যান এবং তিনি নিজে স্টেটমেণ্ট দিয়ে অর্ডার করে দিয়েছেন। ডেভেলপমেণ্ট করপোরেসনের কম রেট থাকা সত্ত্বেও বেশী রেটে প্রাইভেট কোম্পানীকে অর্ডার দিয়ে দিলেন। নরমাল কোর্সে মুনাফা, সেটা তো আছেই, তা ছাড়া অতিরিক্ত ৩ লক্ষ ৫০ হাজার টাকা মুনাফা করে দিলেন কে. কে. সাহা নামে একটি কেম্পানীকে। এই অর্ডার উনি ১৯৮১ সালে দেন এবং মন্ত্রী মহাশয় নিজে দায়িত্ব নিয়ে এই অর্ডার দিয়েছেন। আমাদের কাছে সংবাদ আছে এবং মন্ত্রী মহাশয় নিজেও বলেন যে কে. কে. সাহা কোম্পানী পি. ডবলু. ডি. এবং হাউসিং বোর্ডের বিভিন্ন কনট্রাক্ট নিয়ে থাকেন এবং তাঁরা খুব পরিচিত কনট্রাকটার। তাঁরা যে মন্ত্রী মহাশয়ের খুব ঘনিষ্ট লোক সেটা সকলেই জানে। এর সত্য-অসত্য আমার অবশ্য জানা নেই। উনি নিজে এই কে. কে. সাহা কোম্পানীকে অর্ডার দেবার জন্য পারসু করেছেন, এই সংবাদ আমাদের কাছে আছে। যদি এর সত্যতা প্রমান করতে চান তাহলে আপনি পারেন। এই বিষয়ে তদন্ত করার জন্য আপনি চিফ মিনিষ্টারকে না বলতে পারেন, মন্ত্রীসভার অনুমতির প্রয়োজন হবে না, জুডিসিয়াল এনকুয়ারী করতে হবে না — এ ক্ষমতা আমাদের আছে। আমার দাবি হলো আপনি একটা সর্বদলীয় কমিটি করে দিন, সেই কমিটি এনকুয়ারী করুক। একটা মাত্র মন্ত্রীর বিরুদ্ধে এনকুয়ারী করে দেখিয়ে দিন যে আপনি ইরেগুলারেটিজ-এর বিরুদ্ধে। একটা সত্য অন্তত যাচাই হয়ে যাক। তার একটা প্রমাণ আপনি অন্তত দিন। আমি এই রকম একটা কমিটির দাবি করছি যে নিরপেক্ষ তদন্ত করতে পারবে। আমি মনে করি এটা খুব গুরুতর অভিযোগ এবং এই অভিযোগের তদন্ত হওয়া দরকার।

এবার আমি দ্বিতীয় অভিযোগটি করবো। স্যার, মেসার্স ইস্টার্ন সেমস্ল্যাগ প্রাইভেট লিমিটেড এই কোম্পানী সি. পি. ডবলু. ডি.-এর যে হাউসিং ডিপাটমেণ্ট আছে সেই হাউসিং ডিপার্টমেণ্ট বোর্ডের কাজ হ্যাণ্ডেলিং করা। এই হ্যাণ্ডেলিং করে তারা ২ পার্সেণ্ট পায়। বোর্ডের মেটিরিয়ালস্ সংগ্রহ করে থাকে এবং ২ পার্সেণ্ট লাভের ভিত্তিতে তারা হ্যাণ্ডেলিং করে থাকে। এই কোম্পানী স্টক করে এবং স্টক থেকে নিয়ে গিয়ে নির্দিষ্ট জায়গায় পেঁীছে দেয়, এই হলো ওদের কাজ। সল্ট লেকে তিন নম্বর সেক্টরে জি-এ ব্লকে একটা বাড়ি করার সময় বিরাট পরিমান সিমেণ্ট এবং অন্যান্য মেটিরিয়ালস্, যেগুলি সরাসরি হ্যাণ্ডেলিং করেছে ডিপার্টমেণ্ট, তা সত্ত্বেও এই কোম্পানীর পক্ষ থেকে একটা বিল ধরিয়ে দেওয়া হয়। মন্ত্রী মহাশয় সেই বিলটা পাস করিয়ে দেন। ৫.৯.৮১ তারিখে ডিপার্টমেণ্টাল ইঞ্জিনিয়ার একটা চিঠি পাঠিয়ে

জানান যে ঐ কোম্পানী এটা হ্যাণ্ডেলিং করেনি। হ্যাণ্ডেলিং কমিসনার এই ব্যাপারটা এর. আর. কাছে পাঠাতে বলেন। কিন্তু মন্ত্রী মহাশয় সুপারিশ করেন এই মেসার্স ইস্টার্ন সেমস্লাগ প্রাইভেট লিমিটেড কোম্পানীকে ৩ লক্ষ ৬০ হাজার টাকা দিয়ে দেবার জন্য। ৩ লক্ষ ৬০ হাজার টাকার কাজ হ্যাণ্ডেলিং না করা সত্বেও উনি বললেন যে টাকা দিয়ে দেওয়া হোক। হ্যাণ্ডেলিং কমিসনার এল. আর.-এর কাছে পাঠাতে বললেন, কিন্তু মিনিস্টার তাতে এগ্রি করলেন না। এল. আর.-এর কাছে গেল না সেই ফাইল। অল অন এ সাডেন সেই কমিসনার চাপে পড়ে লিখলেন যে, না, যেহেতু এটা ফয়সালা হচ্ছে না সেহেতু এটাকে আটকে রাখা যাবে না, তাকে দিয়ে দেওয়া হোক। যতীন চক্রবর্তী মহাশয় পুনর্বিবেচনা না করে ৩.১০.৮১ তারিখে ফাইলটা ছেড়ে দিলেন। সেখানে কমিসনারের একটা মতামত ছিল, কিন্তু সেই কথা পুনর্বিবেচনা না করে সরাসরি অর্ডার দিয়ে দিলেন এবং বললেন ২৬.১০.৮১ তারিখে ওদের টাকা দিয়ে দেওয়া হোক। লাস্ট অর্ডার দিলেন ১২.৬.৮৩ তারিখে। কমিসনারকে চাপ দেবার ফলে কমিসনার লিখলেন It is difficult to deny payment of service charges for the meterials which are under dispute. কমিসনারকে এই ভাবে লিখে দেওয়া হয়েছিল। তারপর মন্ত্রী মহাশয় বললেন Housing Commissner may arrange immediate payment of the out standing due to the party concerned.

কোন রকম হ্যাণ্ডলিং না করা সত্বেও তাঁকে ৫,৬০,০০০ হাজার টাকা পাইয়ে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই অভিযোগের ভিত্তিতে একটা তদন্ত কমিটি গঠন করে দিন। সেই কমিটিতে যদি প্রমাণিত না হয়, তাহলে আমি যে কোন ধরণের শাস্তি মাথা পেতে নিতে বাধ্য থাকব। আমি হাউসে দাঁড়িয়ে এই কথা ঘোষণা করছি। লেট দি মিনিস্টার এ্যাকসেপ্ট দি চ্যালেঞ্জ, লেট হিম প্রডিউস দি পেপারস্ বিফোর দি হাউস। আপনি একবার দেখুন, একজন মন্ত্রী কিভাবে নিজে তদ্বির করে একটার পর একটা ঘটনায় লাখ লাখ টাকা এক্সকালেশান চার্জের নাম করে পাইয়ে দিচ্ছেন। তিনি এই ধরণের ঘটনা একের পর এক করে চলেছেন ও কণ্ট্রাক্টরদের এক্সট্রা টাকা পাইয়ে দিচ্ছেন। আপনি নিশ্চয়ই জানেন যে, কোন কণ্ট্রাক্টরকে কোন কণ্ডিশনেই কোন রকম ভাবে এক্সট্রা পয়সা পাইয়ে দেবার কথা নেই। কোন রকম কণ্ডিশন নেই, কিন্তু হাউজিং ডিপার্টমেণ্ট এই ভাবে প্রথমে ৫০ লক্ষ টাকা এবং পরবর্তীকালে ২১ লক্ষ টাকা এক্সকালেশনের নাম করে পাইয়ে দিয়েছেন। প্রথমে ৫০ লক্ষ টাকা এবং পূর্বে কোন কণ্ডিশন না থাকা সত্বেও এক্সকালেশন চার্জের নাম করে ২১ লক্ষ টাকা একজন মিনিস্টার নিজে তদ্বির করে পাইয়ে দিয়েছেন। টাকার অঙ্কে নিশ্চয়ই এর পরিমাণ কম নয়। সল্ট লেক সেক্টর থ্রি, জিএ ব্লক নির্মাণের ব্যাপারে এক্সকালেশন চার্জের নাম করে এই ডিপার্টমেণ্টের একজন মিনিস্টার হাউজিং বোর্ডের সঙ্গে কোন রকম কণ্ডিশন না থাকা সত্বেও বাড়তি টাকা পাইয়ে দিয়েছেন।

**মি স্পীকার :** মিঃ মুখার্জী, প্লিজ টেক ইওর সিট। দেয়ার আর আদার মেম্বারস্ টু স্পীক।

**শ্রীসুব্রত মুখার্জী :** কোন প্রশ্নের সঙ্গে সাপ্লিমেণ্টারী প্রশ্ন করার একটা চিরাচরিত নিয়ম আছে। আপনি আমাদের সেই সুযোগ ইচ্ছা করে না দিয়ে ১৫ মিনিট আগে প্রশ্নোত্তর পর্ব শেষ করে দিয়েছেন। সুতরাং টাইম ইজ নট ফ্যাক্টর, সাবজেক্ট ইজ ফ্যাক্টর। কোশ্চেন এ্যাণ্ড এ্যানসারের সময়ে ১৫ মিনিট সময় আপনি কেটে নিয়েছেন, আমাদের কোন সাপ্লিমেণ্টারী প্রশ্ন করতে দেননি। ইউ হ্যাভ নো রাইট টু স্টপ মি ইন দিস ওয়ে। স্যার, আমার সর্বশেষ অভিযোগ হচ্ছে সল্ট লেক সেক্টর থ্রি নিয়ে। সেখানে ১,৬১৩ টাকার ঘটনা জড়িত। স্টীল অথরিটির কাছে স্টীল না গিয়ে টিস্কো এবং ইস্কোর কাছে গিয়ে মিনিস্টার নিজে তদ্বির করে বললেন যে বিলেট কেনা হয়েছে। সেখানে ৪০০ মেট্রিক টন বিলেট সাপ্লাই করার জন্য মন্ত্রীমহাশয় এগিয়ে এসেছেন। প্রথম পর্যায়ে মন্ত্রী বললেন যে আমি নিজে তদ্বির করে বিলেট নিয়ে এসেছি। কিন্তু ১৩.৩.৮১ তারিখে সুখদেব সাহাকে ১,১৩,৬০০ টাকা এই বাবদে পাইয়ে দিয়েছেন। কিন্তু ওখানে যদি ফাংসন করতে হয় তাহলে সমস্যায় পড়তে হবে। সবচাইতে ইণ্টারেষ্টিং ব্যাপার হল, সুখদেব সাহার কোন রকম রি-রোলিং করার ক্ষমতা বা কোন লাইসেন্স না থাকা সত্বেও উইদাউট টেণ্ডার তাঁকে দিয়ে রি-রোলিং-এর অফার জোর করে পাইয়ে দিয়েছেন। ইট ইজ এ গ্রস ইরেগুলারিটি। আপনি এই ব্যপারে একটা তদন্ত কমিটি গঠন করে দিন, বিষয়টি নিয়ে তদন্ত হওয়ার দরকার আছে।

( গণ্ডগোল )

[2-20—2-30 p.m.]

( Noise )

( Several members rose in their seats )

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়

( Noise )

**Shri Subrata Mukherjee :** Sir, the Minister is ready to answer. Why you are not allowing him to speak ?

( Noise )

**Mr. Speaker :** He will say afterwards. Mr. Sarkar, Please go on.

( Noise )

( Several members rose in their seats )

**Mr. Speaker :** Mr. Subrata Mukherjee, please take your seat.

( Noise )

( Several members rose in their seats )

**Mr. Speaker. :** Please take your seats. Mr. Subrata Mukherjee, please take your seat. I tell you once again to take your seat.

( Noise )

Mr. Mukherjee, I will be compelled to name you if you do not take your seat.

( Noise )

( Several members rose in their seats )

There must be order in the House. Mr. Subrata Mukherjee, for the last time, I request you to take your seat. I have called Shri DebaPrasad Sarkar to speak. You cannot take away his time. Please take your seat. I will be compelled to name you if you do not take your seat. Please do not force me to do it.

**Dr. Zainal Abedin** : Sir, I am on a point of order.

( Noise )

**Mr. Speaker:** There is no point of order. Please take your seat.

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** স্যার আমার একটা পয়েণ্ট অফ অর্ডার আছে। আমি প্রথম থেকেই বলছি যে আমার একটা পয়েণ্ট অফ অর্ডার আছে।

**Mr. Speaker :** There is no point of order. Please take your seat. I have allowed Shri Sattar to speak on a point of order. Please take your seat.

( Noise )

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, মাননীয় সদস্য সুব্রত মুখার্জি শ্রীযতীন চক্রবর্তী মহাশয়ের বিরুদ্ধে কতকগুলি এলিগেশান নিয়ে এসেছেন যেগুলি সাংঘাতিক।

**মিঃ স্পীকার ঃ** তার উপর কোন আলোচনা হবে না।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি আমাকে শেষ করতে দিন। আপনি যদি শেষ করতে দেন তাহলে গোলমাল হয় না। মাঝপথে বাঁধা দেন বলে গোলমাল হয়।

**মিঃ স্পীকার ঃ** মিঃ মুখার্জি ৭ মিনিট বলেছেন তাতেও যদি বলেন মাঝপথে বাঁধা তাহলে আমি কিছু বুঝতে পারছি না। আমি তাঁকে শেষ করতে দিয়েছি। তাসত্বেও যদি বলেন মাঝখানে বাঁধা তাহলে বলার কিছু নেই। হাউসের একটা ডেকোরাম তো থাকা চাই। এর উপর কোন পয়েণ্ট অফ অর্ডার থাকতে পারে না।

**শ্রীআবদুস সাত্তার ঃ** এই হাউসে আমাদের মুখ্য সচেতক পশ্চিম বাংলার একজন মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ এনেছেন এবং সেই অভিযোগগুলি গুরুতর। মন্ত্রী উঠে দাঁড়িয়ে এর উত্তর দিতে যাচ্ছিলেন। আমি মনে করি আপনার উচিত হবে মন্ত্রীকে কিছু বলতে দেওয়া।

**মিঃ স্পীকার ঃ** মিঃ সাত্তার, কোন সদস্য কোন সময়ে বলবেন সেটা আমি ঠিক করবো। জিরো আওয়ার্স-এর সময়ে মন্ত্রী মহাশয় তাঁর পার্সোনাল এক্সপ্লানেশান দেবেন। আমি এখন শ্রীদেবপ্রসাদ সরকারকে ডেকেছি তিনি বলবেন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মেনসানের পর বলবেন কোন এক্তিয়ারে ? ওদের একজন শরীক বিমান মিত্র এই অভিযোগগুলি করেছেন। তার অরিজিনাল সই আছে।

[2-30—2-40 p.m.]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এখানে একটা গুরুত্বপূর্ণ ঘটনা উল্লেখ করতে চাই। পশ্চিমবঙ্গে আজকে গণতন্ত্র যেভাবে পদদলিত হচ্ছে তার দৃষ্টান্ত আমি এখানে তুলে ধরতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনি জানেন গত মার্চ এপ্রিল মাসে কলকাতায় বাস ট্রাম ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলনকে দমন করবার জন্য সরকার যেভাবে দমন পীড়ন নীতি চালিয়েছে ঠিক একই ভাবে পশ্চিমবঙ্গের জেলায় জেলায় বাস ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলনকে দমন করবার জন্য পুলিশ গুলি চালিয়েছে। পুরুলিয়ায়, নদীয়ায়, মুর্শিদাবাদে পুলিশ গুলি চালিয়েছে। পুলিশের গুলিতে কলকাতায় শুধু দুলাল দাস মারা যায়নি, পুরুলিয়ায় আরো দুটো তাজা প্রাণ পুলিশের গুলিতে গেছে। পুরুলিয়ার রঘুনাথপুরে হাবুল রজক এবং শোভা রাম মোদক তাদের জীবন নিয়ে নেওয়া হয়েছে বামফ্রণ্ট সরকারের পুলিশের গুলিতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ কিভাবে বর্বরোচিত অত্যাচার করেছে তার দৃষ্টান্ত দিচ্ছি। পুলিশ সেই মৃতদেহ তুলে নিয়ে দেখাচ্ছে — দেখবি আয় কার কত সাহস আছে আন্দোলন করার। এ কোন জমানায় বাস করছি ? গত ২৫শে আগষ্ট মুর্শিদাবাদে দিলখুসা বেগমকে ৬ জন পুলিশ গলা টিপে তার শ্বাস রোধ করবার চেষ্টা করেছিল, অচৈতন্য অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হল। আরতি মণ্ডলের কানের দুল ছিঁড়ে নিয়ে নেওয়া হল। নদীয়ার দেবগ্রামে ২১শে জুলাই ৩৪ নং জাতীয় সড়কের উপর শান্তিপূর্ণ অবরোধকারীদের উপর বিনা প্ররোচনায় পুলিশ ২০ রাউণ্ড গুলি চালাল। মুর্শিদাবাদের বেলডাঙ্গায় ২৫ রাউণ্ড গুলি পুলিশ চালাল ২৪শে জুলাই, কয়েকজন সেই গুলিতে আহত হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুচবিহারে গত ২০শে আগস্ট সরকারের পুলিশ এবং ঠেঙাড়ে বাহিনী কিভাবে বর্বরোচিত অত্যাচার করেছে তার দৃষ্টান্ত দিচ্ছি। সেখানে আচার্য ব্রজেন্দ্র শীল কলেজের ছাত্রী নাজমা খন্দকার এবং রীনা ঘোষ তাদের শালীনতা হানি করল পুলিশ। পুলিশ তাদের রাস্তায় টেনে এনে বুকে এবং পেটের তলায় লাথি মারল। পশ্চিমবঙ্গের জেলায় জেলায় পুলিশ এইভাবে বর্বরোচিত অত্যাচার করে চলেছে ! যে বামফ্রণ্ট সরকার মুখে গণ-তন্ত্রের কথা বলছে আজকে তারা নিজেরাই গণতন্ত্রকে হত্যা করছে পদদলিত করছে। আমরা এর তীব্র প্রতিবাদ করছি এবং মুখ্যমন্ত্রীকে এই সম্পর্কে একটা বিবৃতি দেবার জন্য দাবি করছি। আমরা দাবি করছি বাড়তি ভাড়া নেওয়া বন্ধ কর। আমরা দাবি করছি আদৌ ভাড়া বাড়ান উচিত কিনা এই সম্পর্কে একটা এনকোয়ারী কমিশন করা হোক। আমরা দাবি করছি আন্দোলনকারীদের উপর যে মিথ্যা মামলা করা হয়েছে সেই মিথ্যা মামলা প্রত্যাহার করা হোক এবং যারা আহত এবং নিহত হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া হোক এবং এই সম্পর্কে হাউসকে জানান হোক। আমরা এই সরকারের ফ্যাসিবাদী নীতির প্রতিবাদ জানিয়ে আজকের মত এই সভা থেকে ওয়াক আউট করছি।

(At this stage the members of the SUC party walked out of the chamber)

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, a few months back our Chief Minister, Shri Jyoti Basu had gone to the foreign land for his treatment and he was hospitalised. We are pleased that after remaining for a few weeks in the foreign land he got his full recovery and returned to house. But the same Chief Minister of this State is running the hospitals for the welfare of the people in the West Bengal. But how the hospitals are functioning ? Here is a glaring example of the people's agony. It was published

on the 28th August in 'The Telegraph'. Sir, on the 17th August in the R. G. Kar Hospital a dead body of Kanai Lal Mukherjee was in the morgue. When the body was brought out it was found that it was partly eaten by rats and dogs — the limbs were also eaten. This is the administration run by the Chief Minister now-a-days. In hospitals patients patients are there, dogs and rats are also there. Our Chief Minister was treated in foreign hospital, but in our State conditions in the hospitals are very bad. So either he should resign, this Ministry has no right to exist because they are unable to control the situations prevailing in the hospitals.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। ইতিপূর্বে মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি মহাশয় যে ঘটনার কথা এখানে উল্লেখ করেছেন আমি তারই পরিপ্রেক্ষিতে আপনি বর্তমানে মাননীয় স্পীকারের পদে আসীন হলেও অতীতে যখন একজন আইনজীবী ছিলেন তখন আপনার সামনে সেই ভয়াবহ পরিস্থিতির কথা তুলে ধরছি এবং অনুরোধ করছি আপনি ঘটনাটি সিরিয়াসলী শুনুন। আমি গতকাল অবধি হলদিয়াতে ছিলাম।

**মিঃ স্পীকার ঃ** Mr. Bhunia you cannot raise this question in the zero hour. It has already been mentioned.

**শ্রীআবদুস সাত্তার ঃ** Sir, he will place some new points.

**মিঃ স্পীকার ঃ** No. I cannot allow this.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শুধু পশ্চিম-বাংলা নয়, ভারতবর্ষ নয়, পৃথিবীর সর্বত্র মানুষের জীবনে ডেমোক্রেসীর এমন গৌরবোজ্বল অধ্যায় রয়েছে। জুডিসিয়ারী, একসিকিউটিভ, লেজিসলেটার এবং প্রেস এই ৪টি হচ্ছে ফাউণ্ডেসন অব ডেমোক্রেসী। সম্প্রতি কোলকাতা হাইকোর্টের মহামান্য বিচারপতি পি. সি. বড়ুয়া যে ঐতিহাসিক বিচার ঘোষণা করেছেন তাতে তিনি আমাদের হাউসের মহামান্য সদস্য যতীন চক্রবর্তী মহাশয়কে তিরস্কৃত করেছেন। স্যার, এখানে কিছু মৌলিক অধিকারের কথা বলা হয়েছে।

[2-40—2-50 p.m.]

( Noise )

Justice demands, democracy demands and humanity demands fairness in every sphere. Judge is there who will find the fundamental rights of human beings. There is a gentleman who wants us to curb our fundamental rights for our levelihood. In accordance with the judgement of the High Court this gentleman has been repremanded. Sir, I request you that if he has the least sense of dignity, if he has the least sense of decency and if he has the minimum sense of personality, he should resign forthwith. The Chief Minister should come here and ask this gentleman to resign. But I know, Sir, this gentleman will not resign.

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিরুদ্ধে মাননীয় সদস্য সুব্রত মুখার্জি কতকগুলি অভিযোগ তুলেছেন এবং মাননীয় সদস্য জয়নাল আবেদিন

হাইকোর্টের রায় উল্লেখ করে বিচারপতি আমাকে ভৎ'সনা করেছে এই কথা বলেছেন। আমি আগে মাননীয় সদস্য জয়নাল আবেদিন যে প্রশ্ন তুলেছেন তার জবাব দেবো। আপনি জানেন যে মামলা চলেছিল বিচারপতি পি. সি. বড়ুয়ার কোর্টে, সেই সময় আমাদের পক্ষ থেকে কেউ সেখানে হাজির হয় নি—আমরা উপস্থিত ছিলাম না। আমরা উইথড্র করেছিলাম, আমাদের পক্ষের আইনজ্ঞের পরামর্শক্রমে। কারণ আমরা এই বিচারপতি যে কতকগুলি মন্তব্য করেছিলেন, তাতে আমাদের ধারণা হয়েছিল আমরা বিচার পাবো না। এবং আমাদের যারা আইনজ্ঞ তাঁদের আমরা প্রত্যাহার করে নিয়েছি। এই রকম বিবৃতি আমি দিয়েছিলাম। [ * ]

( গোলমাল )

( শ্রীসুব্রত মুখার্জি কিছু বলিতে উঠেন )

**Mr. Speaker :** Mr. Mukherjee, please take your seat. When a Hon'ble Member made an allegation inside the House and the hon'ble minister replied accordingly, you cannot say "Come outside and make a statement."

**শ্রীযতীন চক্রবর্তী :** হাউসের বাইরে সমস্ত সংবাদপত্রে বেরিয়েছে, আমি এই বিবৃতি দিয়েছিলাম, বিচারপতি সেটা করতে সাহস করলেন না, ভাল কথা। কিন্তু ভৎ'সনা করলেন এই সম্পর্কে। আমার মামলা সম্পর্কে মুখ্যমন্ত্রী এবং এ্যাডভোকেট জেনারেলের মধ্যে কথাবার্তা হয়েছে। এ্যাডভোকেট জেনারেল এই সম্পর্কে সমস্ত বিধি ব্যবস্থা গ্রহণ করছেন। আমি এই সম্পর্কে এখন কিছু বলতে চাই না। আজকে আট-দিন হয়ে গেল, আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনও পর্য্যন্ত সার্টিফায়েড কপি অব দি জাজমেণ্ট আমরা পাইনি। বিচারপতি যেদিন রায় দেন, তার পরের দিন ১লা তারিখ, ২রা তারিখে আমরা দরখাস্ত করেছি, কিন্তু আট নয়দিনের মধ্যে এখনও পর্য্যন্ত বিচারপতি তাঁর রায়ে সই করেননি।

( গোলমাল )

**শ্রীসুনীতি চট্টরাজ :** মিঃ স্পীকার স্যার, যে বিচারপতি এখানে উপস্থিত নেই, তাঁর বিরুদ্ধে এখানে কিছু বলা যায় কি? হোয়াট ইজ দিস?

( গোলমাল )

**মিঃ স্পীকার :** You have invited a statement Mr. Chattaraj, please take your seat. ( গোলমাল )

**শ্রীসুনীতি চট্টরাজ :** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার।

**মিঃ স্পীকার :** Mr. Chattaraj, please take your seat. I will not allow any point of order. You have requested him to make a statement.

**শ্রীযতীন চক্রবর্তী :** অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একজন বিচারপতি রায় দিয়েছেন, তার বিরুদ্ধে আপিল করা হচ্ছে, যতদিন পর্য্যন্ত না আপিলের শুনানী শেষ না হয়—আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এ্যাডভোকেট জেনারেল সেই ব্যবস্থা করছেন, যতদিন পর্য্যন্ত না শেষ হয়, ততদিন পর্য্যন্ত ওদের এখানে কিছু বলার কোন প্রশ্ন ওঠে না।

---

* Expunged as ordered by the chain.

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** বিচারপতির বিরুদ্ধে উনি কিছু বলছেন না, মামলা যা হয়েছে, সেই সম্পর্কে ওনার ভিউ দিচ্ছেন।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** এই সম্পর্কে বিধি ব্যবস্থা সরকার পক্ষ থেকে নেওয়া হচ্ছে। যতদিন পর্য্যন্ত না মামলা শেষ হয়, ততদিন এই সম্পর্কে কিছু বলা ঠিক নয়। এবারে মাননীয় সুব্রত মুখার্জী মহাশয়ের কথায় আসি। তিনি যে অভিযোগ করেছেন, দুটি সংবাদপত্রে, একটি ইংরাজী, একটি বাংলা পত্রিকায় আমার বিরুদ্ধে বামফ্রণ্টের মিটিং-এ জনৈক সদস্য এই অভিযোগ তুলেছিলেন এবং তোলবার পর আপনি জানেন এই সম্পর্কে মুখ্যমন্ত্রীর উপর ভার দেওয়া হয়েছে এবং সমস্ত কাগজপত্র সুব্রত মুখার্জী তাকে সরবরাহ করেছেন, আমরা জানি মুখ্যমন্ত্রী তাকে ধমক দিয়েছিলেন, কারণ এইগুলো সমস্ত মিথ্যা অভিযোগ। ফাইন্যান্স ডিপার্টমেণ্ট, কেবিনেট।

[2-50—3-00 p. m.]

লিগাল রিমেমব্রেন্সার, প্রত্যেকেই এই অভিযোগ সম্পর্কে রায় দিয়েছেন, এতটুকু ইরেগুলার কাজ হয়নি এবং মুখ্যমন্ত্রী সম্পূর্ণ সন্তুষ্ট, মুখ্যমন্ত্রী তদন্ত করেছেন।

আমার বিবৃতি পড়েছেন। তিনি যদি মুখ্যমন্ত্রীর কাছ থেকে বক্তব্য শুনে সন্তুষ্ট না হয়ে থাকেন — মুখ্যমন্ত্রী যদি বিবৃতি দেওয়ার প্রয়োজন মনে করেন দেবেন এবং মুখ্যমন্ত্রী নিজে তদন্ত করে যে অভিযোগ এনেছিলেন তাকে কনডেম করেছেন, এছাড়া আমি আর অন্য কিছু বলতে চাই না। তিনি সমস্ত বিকৃত অভিযোগ এনেছেন এবং খানিকটা তাকে দিয়েছেন। ফিন্যান্স ডিপার্টমেণ্ট, ক্যাবিনেট যেগুলি এ্যাপ্রুভড্ করেছে, এল. আর. তাদের অভিমত দিয়েছেন এবং হাউসিং বোর্ডের আমি চেয়ারম্যান, কোন অধিকার নেই — হাউসিং বোর্ড সর্বসম্মতিক্রমে যা মঞ্জুর করেছে সেইভাবেই আমি কাজ করেছি। আমি এইটুকু বলতে পারি যে উনি সমস্ত মিথ্যা অভিযোগ এনেছেন এবং আমি জানতাম বামফ্রণ্টের সেই সদস্য একবার শেষ চেষ্টা করবেন, বিরোধী দলকে দিয়ে কালকে এইসবগুলি আনাবেন। আর ঐ কাজগুলি যারা আমার বিরুদ্ধে ফলাও করে ছাপিয়েছিল তারা একটু মনক্ষুন্ন হয়েছে, তাই তাদের কাগজে কালকে আবার ফলাও করে এটা বেরবে। আমি জানি দুটি কাগজ, একটি বাংলা আর একটি ইংরাজীতে এটা বেরবে। কিন্তু তাতে কিছু হবে না। মুখ্যমন্ত্রী জানেন, ক্যাবিনেটের সদস্যরা জানেন, বামফ্রণ্টও জানে এই অভিযোগ সম্পূর্ণ মিথ্যা অভিযোগ।

## CALLING ATTENTION

**Mr. Speaker** : Now I will call upon the Minister in Charge of Labour Department to make a statement on the subject of situation arising out of indefinite strikes in the factories of Metal Box (India) Ltd. in West Bengal.

(Attention called by Shri Gyan Singh Sohanpal on the 26th August, 1983).

**Shri Santi Ranjan Ghatak** : Sir, M/s. Metal Box India Ltd. by their notice dated 16.5.83 issued under subsection (1) of section 25FFA of the I. D. Act.

1947 stated that a final decision had been taken to close the entire establishment situated at P35, Taratalla Road, Calcutta-700053 with effect from 18th July, 1983. Nature of production and business in the said undertaking was manufacture and sale of paper and plastic products and the number of workmen affected by the closure is 388 ( 371—Permanent and 17 temporary. The reasons of closure as given in the notice were financial difficulties and consistent losses since 1967. No suggesion had been given by the management for avoiding the closure.

On receipt of the notice of closure the management was requested to attend a separate meeting on 27.5.83 but none appeared on behalf of the company. The management however requested for another date. Then a joint conference was held on 7.6.83 before the Hon'ble Labour Minister, West Bengal at Writers' Buildings. Representatives of the management as well as representatives of the three unions namely Metal Box Workers Union, B-2, Hide Road, Calcutta-700043, The Metal Box Office Employees Union and Metal Box Staff Association, B-52, Rabindra Nagar, Calcutta-700018 attended the joint conference. After discussion the Hon'ble Labour Minister suggested the management to keep the notice of closure in abeyance for two months and to hold discussion with the Unions with a view to find out ways and means to avoid closure. The management however did not accept the proposal.

Meanwhile all the three unions had given strike notice on 2.7.83 stating that if their demands with respect to settlement of Charter of Demands, withdrawal of closure notice in paper and plastic unit at Calcutta, resumption of discussion on bonus for 1982 and on revised gratuity Scheme were not resolved the employees of the following establishments numbering about 4000 would go on indefinite strike w.e.f. 18.7.83.

(1) Head Office, Barlow House, 59C, Chowringhee Road, Calcutta-20.
(2) Research Division, 92/1, Alipore Road, Calcutta-27.
(3) Calcutta No. 1 Factory P-48, Hide Road Extn. Calcutta-700027.
(4) Machinery Bld. Factory—B-2, Hide Road, Calcutta-700043.
(5) Paper & Plastic Factory—B-2, Hide Road, Calcutta-700043.
(6) Paper & Plastic Factory—P-35, Taratalla Road, Calcutta-700053.
(7) Bearing Factory at Kharagpur.

The issue of Notice of Closure and also the strike notice was also discussed in a joint conference on 11.7.83 before the Labour Commissioner, West Bengal and ultimately before the Hon'ble Labour Minister at Writers' Buildings, on 14.7.83 but no settlement could be arrived at.

The employees/workmen of the abovementioned Units want on strike w.e.f. 18.7.83. The strike is still continuing. The closure of Taratala unit, w.e.f. 18.7.83, is also continuing. Discussions are being held with the representatives of the management as well as of the Unions over the issue of strike and close watch is being kept over the situation.

**Laying of Reports**

Annual Report on the Working of the West Bengal Financial Corporation for the year 1981-82.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to lay the Annual Report on the Working of the West Bengal Financial Corporation for the year 1981-82.

Reports of the Comptroller and Auditor-General of India for 1980-81 ; Finance Accounts, 1980-81 and Appropriation Accounts, 1980-81.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to lay—

(a) Report of the Comptroller and Auditor-General of India for the year 1980-81 (Revenue Receipts),

(b) Report of the Comptroller and Auditor-General of India for the year 1980-81 (Civil),

(c) Report of the Comptroller and Auditor-General of India for the year 1980-81 (Commercial),

(d) Finance Accounts, 1980-81 and

(e) Appropriation Accounts, 1980-81.

Annual Accounts of the Undertaking of the Calcutta Tramways Company Limited for the year ended 31st December, 1974 and Audit Report thereon.

**Shri Robin Mukherjee :** Sir, I beg to lay the Annual Account of the Undertaking of the Calcutta Tramwys Company Limited for the year ended 31st December, 1974 and Audit Report thereon.

## MENTION CASES

**শ্রীনিরোদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, হঠাৎ কিছুদিন ধরে আমরা দেখছি শিয়ালদহ ষ্টেশনে একদল মস্তানের আমদানী হয়েছে। এই মস্তানরা ডান হাতে হলুদ কাপড় বেঁধে মস্তানী চালাচ্ছে। খবর নিয়ে জানা গেল কেন্দ্রীয় রেলমন্ত্রীর নির্দেশে এইসব কংগ্রেসী মস্তানরা ওখানে নতুন চাকরি পেয়েছেন। কিভাবে তারা চাকরি পেলেন তা আমাদের জানার দরকার নেই কিন্তু তারা যে ভাবে মস্তানী করছে এবং যেভাবে সাধারণ মানুষের উপর অত্যাচার করছে তাতে করে জন-জীবন বিপর্যস্ত হচ্ছে। স্যার, এমন কি তারা মেয়েদের কাপড় ধরে টানাটানি করছে। তা ছাড়া যে সমস্ত ভেণ্ডার মাথায় বোঝা নিয়ে আসে তাদের কাছ থেকে পয়সা নিচ্ছে। না দিলে ভেণ্ডারদের মাল ফেলে দিচ্ছে এবং এইভাবে তারা শিয়ালদহ ষ্টেশনে একটা অরাজকতার সৃষ্টি করছে। কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে আমার দাবী, এই মস্তান বাহিনী তিনি সরিয়ে নিয়ে যান। কালো কোট পরা যে সমস্ত চেকাররা থাকেন তারা সাইডে দাঁড়িয়ে থাকছেন এবং এই সমস্ত মস্তানরা রেল পুলিশের সহযোগিতায় এই সমস্ত সমাজবিরোধী কাজ চালিয়ে যাচ্ছে। এ বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছি।

[3-00—3-10 p. m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রণ্টের মাননীয় মন্ত্রী, কমল গুহ মহাশয়, তিনি একটা কৃষক সম্মেলনে কয়েকটি বক্তব্য রেখেছেন। মন্ত্রী একজন নির্বাচিত প্রতিনিধি হিসাবে নিশ্চয়ই জনসাধারণের কাছে সত্য কথা বলবেন। কিন্তু আপনার মাধ্যমে জানতে চাই যে তাকে কণ্ট্রোল করবে কে — বামফ্রণ্ট সরকার, না কো-অর্ডিনেশান কমিটি, না বামফ্রণ্টের মন্ত্রীসভা? আমরা জেনেছি যে সমস্ত বামফ্রণ্ট সরকারের শরীকদল আছে, বামফ্রণ্ট সরকারের কমিটি তাদের নীতি নির্ধারণ করেন। মন্ত্রীদের যদি সংযত করা হয়, সত্য কথা জনসাধারণের কাছে পরিবেশন করা থেকে যদি মন্ত্রীকে বিরত করেন তাহলে আমরা বিধান সভার সদস্য হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছেআবেদন জানাবো যে বামফ্রণ্টের শরীকদলকে, এবং বামফ্রণ্টের সরোজ মুখার্জীকে বলুন তারা যেন মন্ত্রী এবং এম. এল. এ.-দের ঠিক ঠিক মত কাজ করতে দেন। কারণ আমরা জানতে পেরেছি যে কেন্দ্রের টাকা নয়-ছয় করা হচ্ছে। কেন্দ্রের দেয় টাকার কোন পরিকল্পনা নেই, সব সর্বনাশ করা হচ্ছে। এই রকম একটা সত্য কথা বলা কি অন্যায় হবে? আজকে যদি বামফ্রণ্ট সরকারের কমিটি বসিয়ে দিলেই বিচার হয়ে যায় তা হলে কেন বিধানসভা আছে, মন্ত্রীরা আছেন? কাজেই আপনাকে বলবো যে মুখ্যমন্ত্রীকে বলুন, সরোজ মুখার্জীকে বলুন, বামফ্রণ্টকে বলুন যেন মন্ত্রীদের স্বাধীনভাবে বক্তব্য রাখার অধিকার দেন এবং পশ্চিম বাংলার মানুষকে সত্য জানার সুযোগ করে দেন।

**শ্রীএম. আন্সারুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংবাদপত্রের একটা সংবাদের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩১শে আগষ্ট, বুধবারে বিশ্ব-ভারতী ফাষ্ট প্যাসেঞ্জার ট্রেন হাওড়া ষ্টেশানে ১০টা নাগাদ পৌঁছায়। সেখানে রবীন্দ্র ভবনে কমিটির অনেক মাননীয় সদস্যারা ছিলেন এবং প্রখ্যাত ঐতিহাসিক শ্রীনিশিথ রঞ্জন রায়ও ছিলেন। নিশিথবাবু অসুস্থ ছিলেন। তিনি হাওড়া ষ্টেশান থেকে বেরিয়ে এসে ট্যাক্সির জন্য অপেক্ষা করছিলেন। তখন একজন সাংবাদিক তাকে একটা ট্যাক্সির ব্যবস্থা করে দেন। তিনি যখন ট্যাক্সিতে উঠতে যাচ্ছেন তখন ৩/৪ জন লোক ট্যাক্সির পিছনের দরজা খুলে উঠে পড়েন। সাংবাদিক এবং টাক্সির চালক তাতে আপত্তি করেন। তখন ঐ ৪ জনের মধ্যে একজন বললেন, আমি এম. এল. এ., আমার প্রয়োজন, তাই আমাকে যেতে হবে। নিশীথবাবুর সুটকেস অর্থাৎ ব্রীফকেস তারা ফেলে দেন। এতেও সাংবাদিক আপত্তি করেন। তখন তিনি বললেন, 'আমি তো বললাম যে আমি একজন এম. এল. এ., আমার নাম সুনীতি চট্টরাজ'। গত ৩ তারিখের দৈনিক সত্যযুগ পত্রিকায় এই সংবাদ বেরিয়েছে। আমি এই কথা বলতে চাই যে পশ্চিম-বাংলার জনমানসে বিধানসভার সদস্যদের সম্পর্কে আমাদের মর্যাদা নিয়ে মানুষ আজকে অন্য কথা চিন্তা করছেন তাদের এই কার্যকলাপের ফলে। আমি মনে করি এতে বিধানসভার সদস্যদের মর্যাদা ক্ষুন্ন হয়েছে। তাই, আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং এই ব্যাপারে তদন্ত করে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে একটা প্রবাদ আছে যে পাগলে কি না বলে এবং ছাগলে কি না খায়। আমি জানিনা পশ্চিমবাংলা ঐ সাংবাদিকদের কন্ট্রোলের মধ্যে আছে কি না। সাংবাদিকরা পশ্চিমবাংলাকে কন্ট্রোল করবে, আর সেই ভাবে পশ্চিমবাংলা চলবে কি না সেটাও আমার জানা নেই। তবে কিছু কিছু রাজনৈতিক ভীরু সম্পন্ন লোক আছে, যারা ঐ সব সংবাদপত্রের রিপোর্টারদের অয়েল মেরে নিজেদের অস্তিত্ব বজায় রাখেন। স্যার, আমি একটা কথা বলি। আমি সকালে উঠে স্টেটসম্যান, আনন্দবাজার, যুগান্তর, ডেইলি টেলিগ্রাফ ইত্যাদি কয়েকটি কাগজ পড়ি। ঐ সব ছোট ছোট কাগজ দেখার আমার সময় নেই। ঐরকম ছোট কাগজ আমি দেখি না, ঐরকম ছোটখাট কাগজ দেখার মত সময় আমার নেই। ঐ সংবাদটি কবে প্রকাশিত হয়েছে, তা আমি জানি না, জেনে দেখে নেব এবং সংবাদটি দেখার পরে আমি প্রিভিলেজ মোশান আনব। কিন্তু দুঃখের কথা হচ্ছে, মাননীয় সদস্য মহাশয়ের সদস্য হিসাবেই সৌজন্যবোধে আর একজন সদস্যের কাছ থেকে সত্য জেনে নেওয়া উচিত ছিল। অবশ্য উনি রাজনীতি করেন রিপোর্টারদের তেল দিয়ে, আর আমি রাজনীতি করি জনগণের আশীর্বাদ নিয়ে। স্যার, আমি জনগণের আশীর্বাদে এখানে বার বার তিন বার নির্বাচিত হয়ে এসেছি। আর উনি কালকের যোগী রিপোর্টারদের তেল দিয়ে ভাবছেন, জন-নেতা হয়ে যাবেন। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, এই সংবাদ আমার কাছে এই প্রথম এলো, আমি এটা দেখব। সত্যযুগের কত বড় রিপোর্টার আছেন, যিনি অসত্য রিপোর্ট ছাপিয়ে ভাবছেন অন্যান্য রাজনৈতিক নেতাদের মত আমাকেও কন্ট্রোল করবেন। তা যদি তিনি ভেবে থাকেন, তাহলে আমি তাঁকে বলব যে, তিনি মূর্খের স্বর্গে বাস করছেন। স্যার, আমি জনগণ আর ভগবান ছাড়া আর কাউকে তেলাই না। সেই জন্য আমি জানিয়ে দিচ্ছি যে, আমি আগামী দিনে প্রিভিলেজ্ মোশান আনব এগেনষ্ট দিস নিউসপেপার।

( উল্লেখ )

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এখনো পর্যন্ত বাঁকুড়া জেলার বিস্তীর্ণ অঞ্চলের সঙ্গে অন্যান্য অঞ্চলের যোগাযোগের এক মাত্র মাধ্যম হচ্ছে বাস। জি. টি. রোডের মাধ্যমে বাঁকুড়া জেলার সঙ্গে দুর্গাপুর রাণীগঞ্জ ইত্যাদি অঞ্চলের যোগাযোগ রক্ষিত হয়। আজ বেশ কিছু দিন যাবত বাঁকুড়া-দুর্গাপুর এবং বাঁকুড়া-রাণীগঞ্জ রুটের বিভিন্ন বাসের উপর ডাকাতরা আক্রমণ করছে এবং ডাকাতি করছে। যাত্রীদের জিনিষ-পত্র ডাকাতি হচ্ছে এবং বহু যাত্রী আহত হচ্ছে। গত পরশু রাণীগঞ্জ এবং দুর্গাপুর বন্ধ ছিল, সেখানে কোন বাস চলাচল করেনি, ফলে ঐ দুটি অঞ্চল থেকে বাঁকুড়ায় কোন বাস আসেনি। স্যার, সন্ধ্যাবেলা কোন বাস রাণীগঞ্জ গেলেই সে বাসে ডাকাতি হয়। এমন কি পর পর তিন দিন পর্যন্ত ডাকাতি হয়েছে, একটি বাসের ড্রাইভার পর্যন্ত নিহত হয়েছে, গাড়ী থেকে একজন মহিলা যাত্রীকে নামিয়ে নেওয়া হয়েছে। ওখানে এই রকম একটা দুবিসহ অবস্থা চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা সমগ্র মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। দিনের বেলা যাত্রীবাহী গাড়ী

আক্রমণ হচ্ছে। আজকে ওখানে বাসই হচ্ছে এক মাত্র যোগাযোগের মাধ্যম, কিন্তু এই অবস্থায় যাত্রী সাধারণের খুবই অসুবিধা হচ্ছে। সুতরাং অবিলম্বে এর প্রতিকার প্রয়োজন। যেসমস্ত অঞ্চলে এই জাতীয় ঘটনা ঘটছে সে সমস্ত অঞ্চলের অবিলম্বে পুলিশের মোবাইল ভ্যান-এর সাহায্যে পুলিশ প্রোটেকসনের ব্যবস্থা করা প্রয়োজন। যদি অবিলম্বে এই ব্যবস্থা গ্রহণ করা না যায় তাহলে সামনেই পুজো আসছে, ওখানে বহু অঘটন ঘটবে এবং যাত্রীদের আরো কষ্ট বাড়বে।

**শ্রীননী কর ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন পেট্রোলের দাম আবার ১০ পয়সা করে বেড়েছে এবং আপনি জানেন পেট্রোলের দাম বাড়ার ফলে এ বছর কেন্দ্রীয় সরকার ১৯ কোটি টাকা বাড়তি আয় করবে। পেট্রোলের দাম বাড়ান হয়েছে সংসদের অধিবেশন শেষ হবার ঠিক পরেই। যদি সংসদের মাধ্যমে এটা বাড়ান হ'ত তাহলে ঐ ১৯ কোটি টাকার মধ্যে থেকে ৮ কোটি টাকা বিভিন্ন রাজ্য পেত।

[3-10—4-20 p.m. (including adjournment)]

উল্লেখ

কিন্তু শুধুমাত্র রাজ্যকে বঞ্চিত করার জন্য বিশেষ এ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার দিয়ে আবার পেট্রোলের দাম ১০ পয়সা বাড়ালেন। এটাই ভারত সরকার করে চলেছেন। তাঁরা শুধু পেট্রোলের দামই বাড়ান নি এর ফলে অন্যান্য জিনিষের দাম বাড়বে। কেন্দ্রীয় সরকার এই যে এ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে দাম বাড়িয়ে চলেছেন, এর ফলে একদিকে যেমন রাজ্যগুলি বঞ্চিত হচ্ছে অপর দিকে টাকা তুলতে পারছ না' এই বলে চাপ আসছে। —বলা হচ্ছে 'কোন রকম কেন্দ্রীয় সাহায্য পাবে না'। এইভাবে আজকে এই সরকার শুধু টাকা কম পাচ্ছে তা নয়, সমস্ত জিনিষপত্রের দর আকাশ ছোঁয়া হয়ে যাচ্ছে এবং সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে তা চলে গেছে। আবার পেট্রোলের দাম ইতিমধ্যে বাড়ালেন। তাই আমি বলতে চাই যে আমাদের বিধানসভার পক্ষ থেকে —সম্ভবত বিরোধী পক্ষও আমার সঙ্গে একমত হবেন,—এর বিরুদ্ধে একটা আন্দোলন করা হোক যাতে এইভাবে এ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে আর জিনিষপত্রের দাম না বাড়ান হয়। তার জন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রণ্ট সরকারের আমলে বিগত ৬ বছরে এই রাজ্যের খাদ্য পরিস্থিতি নিয়ন্ত্রিত ছিল এবং এই রাজ্যে খাদ্যের ব্যাপারে কোন আন্দোলন সংগঠিত হয়নি। কিন্তু এবারের পরিস্থিতি ভিন্নরূপ। আমি মুর্শিদাবাদ জেলার বহরমপুরে দেখছি চালের দর ৪'২০-৩০ পয়সায় উঠেছে, গ্রামাঞ্চলে ৩'৭০,৮০, ৯০ পয়সা চলছে এবং এই পরিস্থিতি সাধারণ মানুষের কাছে ভয়াবহ হয়ে উঠেছে, কি শহরে, কি গ্রামে। তারপর বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় রেশন ব্যবস্থা নিয়মিত চলছে না, রেশন ব্যবস্থা যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে সংকট আরো তীব্র হয়ে উঠেছে। আমি আপনার মাধ্যমে এই যে চালের দর বাড়ছে এই বিষয়ে দ্রুত কার্য্যকরী ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়া জেলার বিভিন্ন জায়গায় গত দু সপ্তাহ ধরে পুলিশের তাণ্ডব চলছে। আমি দুটি উদাহরণ আপনার সামনে রাখছি। গত ৬ তারিখে উলুবেড়িয়া শহরে, সেখানে মিউনিসিপ্যালিটির কর বৃদ্ধির প্রতিবাদে কিছু কংগ্রেস কর্মী একটা ডেপুটেশন দেয়। সেই ডেপুটেশন দেওয়ার সময় সেখানকার এস. ডি. পি. ও. এবং এস. ডি. ও. তাদের সঙ্গে কথা বলার জন্য তাদের ডাকে। তাঁরা যখন রিক্সা করে আসছিলেন ঠিক সেই সময় পুলিশ গিয়ে তাদের ছত্রভঙ্গ করে এবং তাদের উপর অত্যাচার করে। তার ফলে ৫ জনকে হসপিটালাইজ করতে হয় এবং দুজনকে সিরিয়াস অবস্থায় কলকাতার হাসপাতালে ট্রান্সফার করা হয়। ঐ একই দিনে হাওড়ার টিকিয়াপাড়ায় ধর্ষণের অভিযোগে একজন পুলিশ কনেষ্টবলকে সাসপেণ্ড করা হয়। ঐ সাসপেণ্ড করার পর দেখা যাচ্ছে যে পুলিশ বেছে বেছে রোজই ১০/১৫ জন কংগ্রেস কর্মীকে ধরতে আরম্ভ করে। যেখানে পুলিশ সাসপেণ্ড হয়েছে সেখানে ঐ পুলিশের অভিযোগে প্রায়ই ১০/১৫ জন কংগ্রেস কর্মীকে ধরা হচ্ছে এবং ৫০০ জনের এগেনষ্টে এফ. আই. আর করা হয়েছে। ধৃত কংগ্রেস কর্মীদের উপর পুলিশ অত্যাচার করছে এবং তাদের থানায় নিয়ে গিয়ে তাদের বিরুদ্ধে কেস করা হয়েছে। এই পুলিশী অত্যাচার যাতে বন্ধ হয় এটাই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নিকট আমার দাবী।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা বললেন সেটা সত্য নয়। ঐ সময় পুলিশকে ইঁট মেরে ওরা গণ্ডোগোল করেছিলেন।

**শ্রীক্ষিতিভূষণ রায় বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বজবজ থানার অন্তর্গত বজবজ ট্রাঙ্ক রোড এবং বিরলাপুর টার্মিনাস টু বাওয়ালী মোড় সম্পর্কে মাননীয় পি. ডবলিউ. ডি. মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি। বাস সার্ভিস রুট দুটি গুরুত্বপূর্ণ। কিন্তু বর্তমানে এখন সেখানে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে মাঝেমাঝেই মানুষ মারা যাচ্ছে। আজকে পূর্তমন্ত্রী মহাশয় যদি এই রাস্তাটিকে মাননীয় মৎস্য মন্ত্রীকে ইজারা দিয়ে দেন তাহলে সেখানে মাছের চাষ হতে পারবে এবং তাহলে বজবজের মানুষ মাছ খেতে পারবে। সমস্ত রাস্তাটিই খানাখন্দে এবং জলে ভর্তি হয়ে আছে। এর ফলে মানুষের চলবার উপায় পর্যন্ত নেই। মাঝে মাঝেই এ্যাকসিডেণ্ট হয় এবং মানুষ তার মধ্যে পড়ে মারা যায়। এটা মাননীয় চিফ মিনিষ্টারের কনষ্টিটিউয়েন্সী। ওনাকে যদি এখন সেখানে নিয়ে যাওয়া হয় তাহলে তাঁর গাড়ীর অবস্থা মিলিটারী গাড়ীর মত নানা রঙে রঞ্জিত হয়ে যাবে এবং তাঁর গাড়ীর জানালা যদি বন্ধ না থাকে তাহলে ওনার চেহারা যা হবে তাতে পরের দিন ডাক্তারের ব্যবস্থা করতে হবে। আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে ঐ গুরুত্বপূর্ণ রাস্তাদুটির সংস্কার করুণ, তবে সাধারণ সংস্কার করলে চলবেনা। কারণ সমস্ত কনষ্টিটিউয়েন্সির মধ্যে যোগাযোগ ব্যবস্থা এই দুটো রাস্তা দ্বারাই হয়। এইরকমভাবে ঐ রাস্তা দুটি ফেলে রাখলে কিছুতেই চললে না। গত ২৪ তারিখে মানুষ মারা পর্যন্ত গেছে। এবং এই হচ্ছে সেখানকার পরিস্থিতি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে অবিলম্বে এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**মিঃ স্পীকার** ঃ এখন বিরতি। সভার কাজ আবার সুরু হবে বেলা চারটার পর।

[4-00—4-10 p.m.]

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ** ঃ মাননীয় স্পীকার মহাশয়, উল্লেখ পর্বে আমার নাম করে মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় একটা অন্যায় ঘটনাকে কেন্দ্র করে উল্লেখ করেন। যদিও তিনি আমার নাম করেন নি, তবুও তিনি হলদিয়ার এম. এল. এ-র কথা বলেছেন। সুতরাং হলদিয়ার এম. এল. এ. বলতে আমাকে বোঝায়। সেইজন্য আমি একটা পারসোন্যাল এক্সপ্লানেসান দিতে চাই। হলদিয়ায় লঞ্চ শ্রমিক কর্মচারীরা দীর্ঘদিন ধরে ধর্মঘট করে আসছে। কংগ্রেস সেই ধর্মঘটকে বার বার ভেঙ্গে দেবার চেষ্টা করছে। ১১ তারিখে পুলিশের সঙ্গে কর্মচারীদের সঙ্গে একটা সংঘর্ষ হয়। একটি লঞ্চ ডায়মণ্ডহারবারের দিকে যাচ্ছিল। সেই লঞ্চে সেই এ্যাডভোকেট ছিলেন। তারপর থেকে সেই এ্যাডভোকেটকে পাওয়া যায় নি। এই চক্রান্তের পেছনে মালিকদের হাত আছে। মালিকরা বারবার এই ধর্মঘটকে ভেঙ্গে দেবার চেষ্টা করেছে এবং এই চক্রান্তের সঙ্গে কংগ্রেসও জড়িত। আমার দৃঢ় ধারণা যে সেই এ্যাডভোকেটকে লুকিয়ে রাখা হয়েছে। এইভাবে লুকিয়ে রেখে তারা গোপন চক্রান্ত করার চেষ্টা করছে। এই সভায় মিথ্যা ভাষণ দিয়ে সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করা হচ্ছে। মিথ্যা কথা বলে আমার চরিত্র হনণ করার চেষ্টা করা হচ্ছে।

**Shri Abdus Sattar** : Under Rule 229 I bring a motion on a matter of privilege arising during the sitting of the House to-day. You know, Sir, Dr. Zainal Abedin raised a point regarding the difficult pronouncement that has been made by Hon'ble Justice Shri P. C. Barua and in reply to that Hon'ble Minister, Shri Jatin Chakravarty had made some remarks regarding the conduct of the Judge.

**Mr. Speaker** : That was discussed during the earlier debate. The question is that what Shri Jatin Chakravarty has said is his submission to the Court ; What he has told the Court. So I will not allow it for further discussion. Now I come to the next business.

( Noise )

(At this stage the Congress (I) members walked out of the Chamber)

## LEGISLATION

### The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1983.

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1983

**( Secretary then read the title of the Bill )**

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) ( Amendment ) Bill, 1983, be taken into consideration.

( গোলমাল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৮ সালের পশ্চিমবঙ্গ ভূমি ( অধিগ্রহণ ও গ্রহণ ) আইনের উদ্দেশ্য হচ্ছে — জনজীবনের প্রয়োজনীয় দ্রব্যসমূহের সরবরাহ অক্ষুণ্ণ রাখা, শিল্প নগরী স্থাপনের মাধ্যমে জনগণের কর্মসংস্থান বৃদ্ধি করা, যানবাহন, সেচ, জল নিষ্কাশন প্রভৃতির সুযোগ সুবিধা বৃদ্ধি করা, গ্রাম ও শহরাঞ্চলে বাসস্থান নির্মাণ করা, বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ন করা। এই সব উদ্দেশ্য সাধনের জন্য এই আইন-বলে সরকার প্রথমে জমি অধিগ্রহণ এবং পরে তা স্থায়ীভাবে গ্রহণ করে থাকেন। অতি সত্তর প্রয়োজনীয় জমি গ্রহণের ক্ষেত্রে এই আইনটি খুবই কার্যকর। এই আইনের প্রয়োগ করে পরিকল্পনার অন্তর্গত বিভিন্ন উন্নয়ন প্রকল্পগুলি দ্রুত রূপায়ণ সম্ভব হচ্ছে। আইনটির কার্যকাল প্রথমে ১৯৫১ সালের ৩১শে মার্চ পর্যন্ত ছিল। পরে কয়েকবার আইনটি সংশোধন করে এই মেয়াদ ১৯৮৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত বাড়ান হয়। যেসব উন্নয়ণমূলক প্রকল্পের কাজ ইতিপূর্বে হাতে নেওয়া হয়েছে তাদের যথাযথ রূপায়ণ, বন্যা নিয়ন্ত্রন এবং অন্যান্য জরুরী প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ ও গ্রহণের প্রয়োজন অবশ্যই আরও বেশ কিছুকাল থাকবে। এজন্য আইনটির কার্যকাল আরও বাড়ান অত্যাবশ্যক বলে মনে হয়।

এই উদ্দেশ্যে আলোচ্য বিধেয়কটিতে ১৯৪৮ সালের পশ্চিমবঙ্গ ভূমি ( অধিগ্রহণ ও গ্রহণ ) আইনের ১ (৪) ধারাটি সংশোধন করে আইনের কার্যকাল আরও পাঁচ বছর বাড়ানোর জন্য প্রস্তাব করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করব, মাননীয় সকল সদস্যই আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৮৩ সালের পশ্চিমবঙ্গ ভূমি — ( অধিগ্রহণ ও গ্রহণ ) ( সংশোধন ) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**মিঃ স্পীকার :** There are amendments given by Shri Sk. Imajuddin and Shri Kashinath Misra. But as they are not in the House, the amendments are not moved.

Now, Shri Hrishikesh Maity.

**শ্রীহৃষিকেশ মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটিতে পরিষ্কার লেখা আছে, নতুন কিছু এতে বলার প্রয়োজন করে না। কারণ বামফ্রণ্ট সরকারের বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের জন্য কিছু কিছু জায়গা জমি একোয়ার করার প্রয়োজন আছে। এটি আমরা সকলেই জানি, জনকল্যাণমুখী রাষ্ট্র তার কল্যাণমুখী প্রকল্পগুলি রূপায়িত করবে। সুতরাং এই বিলে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে — এক্সটেনশন করার — আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

4-10—4-20 p.m.]

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধীপক্ষের লোকেরা ইচ্ছাকৃতভাবে এবং অন্যায়ভাবে চলে গেলেন। তারা যদি হাউসে থাকতেন তাহলে তাদের বক্তব্য আমরা বুঝতে পারতাম কিন্তু যখনই কোন গুরুত্বপূর্ণ বিল নিয়ে হাউসে

আলোচনা হয় তখনই তারা হাউসে থাকেন না, একটা অজুহাত দেখিয়ে চলে যান। সুতরাং স্বাভাবিক ভাবেই একটা গুরুত্বপূর্ণ বিল আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় এনেছেন। আমি এই বিলকে সমর্থন করে মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। পশ্চিম বাংলার বামফ্রণ্ট সরকার সাধারণ গরীব মানুষ, নিম্নমধ্যবিত্ত মানুষের উপকারের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে জমি অধিগ্রহণ করে থাকে সেই রকম ভাবেই বিভিন্ন জমি অধিগ্রহণ করার জন্য এই আইনটির সময় সীমা বর্ধিত করা হয়েছে। মন্ত্রীমহাশয় পশ্চিমবাংলার যে উন্নয়ণের কথা বললেন সেই উন্নয়ণের জন্য এবং বিশেষ করে যেখানে রিকিউজিশান করে এ্যাকুইজিশান করতে হয় স্বাভাবিক ভাবে তখন জরুরী অবস্থার সৃষ্টি হয় এবং জরুরী উন্নয়ণের দরকার হয়। সেইসব জরুরী উন্নয়ন প্রকল্পগুলি কার্যকর করার জন্য এখানে এই আইনটির দীর্ঘদিনের জন্য প্রয়োজন আছে। আমি মন্ত্রীমহাশয়ের সঙ্গে একমত হয়ে এই বিলকে ৩১শে মার্চ ১৯৮৯ পর্যন্ত বর্ধিত করা প্রয়োজন বলে মনে করি। সেইজন্য এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। দেশের যে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি আছে সেই প্রকল্পগুলি কার্য্যকর করার জন্য যে ব্যবস্থা নিয়েছেন মন্ত্রীমহাশয় সেই ব্যবস্থা নেওয়ায় তাঁকে ধন্যবাদ জানিয়ে এবং সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন আমি সেই বিলকে সমর্থন জানাচ্ছি। তবে এই বিলটি সম্বন্ধে একটি কথা আছে। সরকার বিভিন্ন সময়ে বিভিন্ন প্রয়োজনে যে জমি অধিগ্রহণের দরকার হয় তাতে সময় সীমা অতিক্রান্ত হয়ে যায় এবং তারজন্য আরো ৫ বছর সময় নেওয়া হয়ে থাকে। এই ক্ষেত্রেও এই বিলের সময় সীমা ৫ বছর বাড়িয়ে দেওয়া হয়েছে। বিভিন্ন প্রয়োজন মেটাবার জন্য এই জমির দরকার আগেও হোত, বর্তমানেও প্রয়োজন আছে, এবং ভবিষ্যতেও প্রয়োজন থাকবে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই জমি অধিগ্রহণ করতে কেন বাধাসৃষ্টি হচ্ছে? প্রায় ক্ষেত্রেই দেখা যায় অধিগৃহীত জমির কমপেনসেশান দেওয়ার ক্ষেত্রে একটা অহেতুক বিলম্ব সৃষ্টি হয়। তার ফলে যার জমি অধিগৃহীত হয় তারা মাঝে মধ্যে প্রতিবন্ধকতার সৃষ্টি করে। এমনও দেখা যায় যে কাজের জন্য সরকার জমি অধিগ্রহণ করে থাকে সেই কাজেও তারা বাধা দেন। তারা মাঝে মাঝে দাবী তোলেন আগে কমপেনসেশানের টাকা মিটিয়ে দিন তারপরে যে উদ্দেশ্যে জমি নিয়েছেন সেই উদ্দেশ্যে কাজে লাগুন। মাননীয় মন্ত্রীমহাশয় এই ক্ষতিপূরণের টাকা যাতে একটা নির্দিষ্ট সময় সীমার মধ্যে পায় তারজন্য আপনি একটা সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করুন। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিল আমাদের ভুমি রাজস্ব মন্ত্রীমহাশয় এনেছেন সেই বিলকে সম্পূর্ণ সমর্থন করছি। আমি মনে করি বিভিন্ন উন্নয়ন মূলক কাজ গ্রহণের জন্য সরকারের জমি অধিগ্রহণের প্রয়োজন হয়। যে উদ্দেশ্যে এই বিলটি আনা হয়েছে তার একান্ত প্রয়োজন আছে বলে আমি মনে করি। সুতরাং এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিশেষ কিছু বলায় নেই তবে মাননীয় সদস্য যেটা বললেন সেটা আমি জানি যে অনেক সময়ে এই কমপেনসেশান

দিতে বিলম্ব হওয়ার অনেক গণ্ডগোল হয় এবং এর জন্য অনেক অসুবিধার সৃষ্টি হয়। তবে সেটা দূর করার অনেকখানি চেষ্টা করেছি সেকথা মাননীয় সদস্যরা নিশ্চয়ই স্বীকার করবেন। আগের তুলনায় এখন এই ব্যাপারে অনেক উন্নতি হয়েছে এবং আরো চেষ্টা করবো যাতে যথাসম্ভব দ্রুত এই কমপেনসেশান দিতে পারি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

The question that Clause I do stand part of the Bill was then put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker :** There are amendments to Clause 2 given by Shri Abdul Mannan. As the member is not in the House, the amendments are not moved.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed,

The motion was then put and agreed to.

**The West Bengal Panchayat (Secondary Amendment) Bill, 1983**

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1983 and to place a statement under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

**Mr. Speaker :** I have received a statutory resolution from Shri Abdul Mannan. I now call upon Shri Abdul Mannan to speak. The member is absent and so it is not moved. Now. the Hon'ble Minister may move the Bill for consideration.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1983, be taken into consideration.

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩—এর ৭ (২), ১৬ (২), এবং ১৪১ (২) ধারা অনুযায়ী পঞ্চায়েত সংস্থাগুলির নির্বাচিত সদস্যগণ সংশ্লিষ্ট পঞ্চায়েত সংস্থার প্রথম সভার ( অর্থাৎ কর্মকর্তা নির্বাচন )

তারিখ থেকে পাঁচ বৎসর সময়সীমার জন্য স্বপদে অধিষ্ঠিত থাকতে পারেন। প্রথম পঞ্চায়েত সাধারণ নির্বাচন উক্ত আইন অনুসারে অনুষ্ঠিত হয়েছিল ১৯৭৮ সনের ৪ঠা জুন তারিখে। এই নির্বাচন অনুসারে গঠিত বিভিন্ন গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদ সাধারণতঃ ১৯৭৮ সালের আগস্ট থেকে ডিসেম্বর মাসের মধ্যে বিভিন্ন তারিখে প্রথম সভা অনুষ্ঠানের পরে কার্যভার গ্রহণ করেছিল। ফলে পঞ্চায়েত আইনের উপরোক্ত ধারা অনুযায়ী পঞ্চায়েত সংস্থাগুলির পাঁচ বছরের সময় সীমা সাধারণভাবে ১৯৮৩ সালের আগস্ট থেকে ডিসেম্বরের মধ্যে শেষ হওয়ার কথা।

২য় পঞ্চায়েত সাধারণ নির্বাচন, ৩১ মে, ১৯৮৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। নব নির্বাচিত পঞ্চায়েত সদস্যগণ যাতে সত্বর কার্যভার গ্রহণ করতে পারেন সেজন্য পঞ্চায়েত আইনের ৭ (২), ১৬ (২) এবং ১৪১ (২) ধারাগুলি পশ্চিমবঙ্গ পঞ্চায়েত ( দ্বিতীয় সংশোধন ) অর্ডিন্যান্স ১৯৮৩-এর মাধ্যমে সংশোধিত হয়েছে। উক্ত সংশোধন অনুসারে এখন পঞ্চায়েত সংস্থাগুলির নির্বাচিত সদস্যগণ সাধারণ নির্বাচনের তারিখ থেকে পরবর্তী পাঁচ বছরের জন্য স্বপদে অধিষ্ঠিত থাকবেন। অর্থাৎ গত ৪ঠা জুন, ১৯৭৮ তারিখে প্রথম পঞ্চায়েত সাধারণ নির্বাচনের মাধ্যমে গঠিত পঞ্চায়েত সংস্থাগুলির কার্যকাল গত ৪.৬.৮৩ তারিখে শেষ হয়েছে। অনুরূপভাবে ৩১শে মে, ১৯৮৩ তারিখে দ্বিতীয় সাধারণ নির্বাচনের পরে গঠিত পঞ্চায়েত সংস্থাগুলি আগামী ৩১.৫.৮৮ তারিখে কার্যকালের সময়সীমা শেষ করবে। অবশ্য গত ৩১.৫.৮৩ তারিখে কয়েকটি গ্রাম পঞ্চায়েত এবং দুটি পঞ্চায়েত সমিতিতে নির্বাচন অনুষ্ঠিত হয়নি। এইসব পঞ্চায়েত সংস্থায় আগামী ২৫.৯.৮৩ তারিখে নির্বাচনের দিন ধার্য করা হয়েছে।

[4-20—4-30 p.m.)

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ অনুযায়ী প্রত্যেক জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতিতে একজন করে নির্বাহী আধিকারিক আছেন। এই নির্বাহী আধিকারিককে সংশ্লিষ্ট জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতির সাধারণ নিয়ন্ত্রণ সাপেক্ষে উক্ত সংস্থার তহবিল থেকে প্রয়োজনীয় খরচের নির্দেশ দান এবং চেক সই করার ক্ষমতা দেওয়া হয়েছে। গ্রাম পঞ্চায়েতে নির্বাহী আধিকারিকের কোন পদ নেই। প্রকৃতপক্ষে গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে প্রধানকেই নির্বাহী আধিকারিকের ভূমিকা পালন করতে হয়। পঞ্চায়েত আইন অনুযায়ী গ্রাম পঞ্চায়েতের সাধারণ নিয়ন্ত্রণ সাপেক্ষে উক্ত সংস্থার তহবিল থেকে প্রয়োজনীয় খরচের নির্দেশ দান এবং চেক সই করার ক্ষমতা প্রধানের উপর অর্পিত হয়েছে। পূর্বতন প্রধানের কাছ থেকে নূতন প্রধান বা প্রধানের স্থলাভিষিক্ত কোন ব্যক্তি কার্য্যভার গ্রহণ করার সঙ্গে নূতন প্রধানকে গ্রাম পঞ্চায়েতের টাকা পয়সা, কাগজপত্র, সীলমোহর ইত্যাদি যা তাঁর হেফাজতে ছিল তা বুঝিয়ে দেবেন এমন কোন নির্দেশ পঞ্চায়েত আইনে সুস্পষ্টভাবে ছিল না। এই অসুবিধার কথা মনে রেখে এবং নবনির্বাচিত প্রধান যাতে কার্য্যভার গ্রহণের সঙ্গে সঙ্গে গ্রাম পঞ্চায়েতের কাজ-কর্ম চালাতে পারেন সেজন্য পশ্চিমবঙ্গ পঞ্চায়েত ( দ্বিতীয় সংশোধন ) অর্ডিন্যান্স, ১৯৮৩-এর মাধ্যমে এ বিষয়ে পঞ্চায়েত আইনে সুস্পষ্ট নির্দেশ সন্নিবেশিত করা হয়েছে। পূর্বতন প্রধান এখন নবনির্বাচিত প্রধানকে গ্রাম পঞ্চায়েতের টাকা, পয়সা, কাগজপত্র,

একাউণ্ট বই, সীলমোহর প্রত্যর্পণ করতে আইনতঃ বাধ্য থাকবেন। এই নির্দেশ অমান্য করলে শাস্তিমূলক ব্যবস্থাও রাখা হয়েছে।

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (দ্বিতীয় সংশোধন) অর্ডিন্যান্স, ১৯৮৩-এ উপরোক্ত সংশোধনগুলি সন্নিবেশিত করা হয়েছে। এখন সংশোধনগুলি বর্তমান বিলের মাধ্যমে আনার প্রস্তাব করা হচ্ছে।

**শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল :** মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় যে এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছেন পঞ্চায়েত সম্পর্কে আমি তা পুর্ণ সমর্থন করি। তার কারণ হচ্ছে যে পঞ্চায়েত এ্যাক্ট বা যে সমস্ত রুলগুলি ইতিমধ্যে হয়েছিল ১৯৭৩ সাল থেকে তাতে বিভিন্ন অসংগতি ছিল এবং সেই অসংগতির জন্য এবারে যদি এই অর্ডিন্যান্সটি না আসত তাহলে এবারে নির্বাচনের পর চার্জ হ্যাণ্ড ওভার, চার্জ টেক ওভার অর্থাৎ এ্যাজাম্পসান অব চার্জ যেগুলি তা নিতে অসুবিধা হত। দেখা গেছে কিছু কিছু জায়গায় বিরোধী পক্ষের যাঁরা প্রধান ছিলেন যাঁরা পরাজিত হয়েছেন সেখানে তাঁরা চার্জ দিতে চার্জ হ্যাণ্ড ওভার করতে অযথা দেরি করছেন। যখন এই অর্ডিন্যান্স গিয়ে হাজির হয়েছে বি ডি ও লেভেলে, এস. ডি. ও, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট লেভেলে যখন বলা হয়েছে যে তাঁদের বিরুদ্ধে পেন্যাল এ্যাক্সান নেওয়া হবে তখন তাঁরা চার্জ হ্যাণ্ড ওভার করেছেন। এখানে আর একটা গুরুত্বপূর্ণ কথা যেটা আমরা দেখছি সেটা হচ্ছে গ্রাম পঞ্চায়েত হোক, পঞ্চায়েত সমিতি হোক বা জেলা পরিষদ হোক কোন দিন থেকে ধরা হবে তাদের টেনিওরটা। পঞ্চায়েত এ্যক্ট যেটা ছিল তাতে সেটা পরিষ্কার ছিল না। এবারে মন্ত্রী মহাশয় সেটা পরিষ্কার ভাবে এনেছেন। এটা পরিষ্কার হয়ে গেছে যে ৫ বছর ফ্রম দি ডেট অব দি ফাষ্ট মিটিং গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি বা সহ-সভাপতি, জেলা পরিষদের সভাধিপতি বা সহ-সভাধিপতি তাঁদের কার্যকালের সময়। এটা এতদিন যাবত আমাদের কাছে ধোঁয়াটে ছিল, এখন এটা প্রত্যেকের কাছে পরিষ্কার হয়ে গেল।

এবারে আমি পঞ্চায়েতের চার্জ হ্যাণ্ডওভার এবং টেকওভার সম্বন্ধে কিছু বক্তব্য রাখব। ১৯৭৩ সাল থেকে এবং তার আগে যখন ইউনিয়ন বোর্ড ছিল তাতে দেখেছি এই সরকার আসার পর ১৯৭৮ সালে যখন নির্বাচন হয় তারপর বহু প্রধান চার্জ হ্যাণ্ড-ওভার করেননি — চার্জ সেখানে এ্যাজিউম করতে হয়েছে এবং হাজার হাজার টাকা তাদের কাছে এখনও পাওনা রয়েছে। এরকম ঘটনা পুর্বে যেমন হয়েছে এবারেও দেখছি সেই ঘটনা কোথাও কোথাও ঘটেছে। এই ব্যাপারে অডিট রিপোর্টে বলেছে, এই এক্সপেনডিচার ইনএ্যাডমিসেবেল, এটা তাঁরা করতে পারেন না, এটা তাঁদের ফেরত দিতে হবে। আমি জানতে চাই এই টাকা রিয়ালাইজেসনের পদ্ধতি কি হবে? তাহলে কি কোর্টে যেতে হবে? ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের তরফ থেকে কিছু কিছু বলা হয়েছে বটে কিন্তু এখনও পর্যন্ত এই ব্যাপারে কোন সুরাহা হয়নি। আমি মনে করি এই সম্পর্কে বামফ্রণ্ট সরকারকে পরিস্কারভাবে সিদ্ধান্ত নিতে হবে, ডাইরেকটিভ দিতে হবে। তবে শুধু চার্জ টেকওভার এবং হ্যাণ্ডওভার-ই নয়, যাবতীয় এ্যাসেটস্, মুভেবেল প্রোপার্টি এবং ইমমুভেবেল প্রোপার্টি যা কিছু আছে সমস্ত কিছু ফ্রম দি ডেট অব এ্যাজামসন অব দি চার্জ অথবা ফ্রম দি ডেট অব ফাস্ট মিটিং যেন চলে আসে। তবে এগুলি মুখে বললেই হবে

না, এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সেইভাবে সার্কুলার ইস্যু করতে হবে। স্যার, এই পঞ্চায়েত নির্বাচনের পর পশ্চিমবাংলার মানুষের কাছে সামগ্রিক চিত্র যেটা এসেছে তাতে পরিস্কার দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার মানুষ এই পঞ্চায়েত ব্যবস্থাকে মন প্রাণ দিয়ে গ্রহণ করেছে। কোন কোন ক্ষেত্রে আমাদের দুর্বলতা বা ত্রুটি থাকতে পারে, কিন্তু গ্রামের গরীব মানুষের আর্থিক উন্নতির ক্ষেত্রে এই পঞ্চায়েত খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং অত্যন্ত দৃঢ় মানসিকতার সঙ্গে গ্রামাঞ্চলে নানা রকম পরিকল্পনা বাস্তবে রূপায়িত করেছে। ১৯৭৩ সালে বা তার আগে যে ইউনিয়ন বোর্ড ছিল এবং কংগ্রেস আমলে যে পঞ্চায়েত ছিল তখন নিয়ম ছিল ট্যাক্স ক্লিয়ার থাকলে তবেই ভোটাধিকার পাবে। কিন্তু আজকের পঞ্চায়েতে সেই ব্যবস্থা নেই, আজকে প্রাপ্তবয়স্ক সকলের ভোটে পঞ্চায়েত তৈরী হয়েছে এবং এর ফলে দেখেছি গ্রামাঞ্চলে একটা নূতন প্রাণের সঞ্চার হয়েছে। কংগ্রেস আমলে দেখেছি পঞ্চায়েতকে টাকা দেওয়া হয়নি, তাদের মাধ্যমে কোন কাজ করান হয়নি। কিন্তু আমাদের বামফ্রণ্ট সরকার গ্রামের গরীব মানুষের স্বার্থে পঞ্চায়েতকে ব্যবহার করছেন এবং সেই দৃষ্টিভঙ্গী নিয়েই পঞ্চায়েত নির্বাচনের ব্যবস্থা করেছেন। আমি আশা করি এই যে পরিস্কার ৫ বছর সময় পঞ্চায়েত কাজ করবেন তাতে তাঁরা তাঁদের কাজের মাধ্যমে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের কাছে একটা দৃষ্টান্ত হয়ে থাকবেন এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মানুষ দেখবে পশ্চিমবাংলার পঞ্চায়েত কি সুন্দরভাবে গঠিত হয়েছে, এখানে ডিসেণ্ট্রালাইজেসন অব পাওয়ারের ব্যবস্থা হয়েছে। স্যার, কেন্দ্র-রাজ্য সম্পর্ক নিয়ে বহু আলোচনা হয়েছে, বহু বিতর্ক হয়েছে। তবে আমরা দেখলাম আন্তরিক ইচ্ছা থাকলে সীমিত ক্ষমতার মধ্যে কাজ করা যায়, সাধারণ মানুষের কাছে যাওয়া যায় এবং সেটা প্রমাণিত হয়েছে।

[4-30—4-40 p.m.]

আমি আর একটি জিনিষ অনুরোধ করে যাবো, আপনি একটু সে সম্বন্ধে ভেবে দেখবেন। প্রধান নির্বাচিত হবার পর — তিনি এনটাইটেল্ড হচ্ছেন। যাতে তিনি পঞ্চায়েতে এক্স অফিসিও মেম্বার হিসাবে পঞ্চায়েত সমিতিতে অংশ গ্রহণ করতে পারেন তার ব্যবস্থা করা যায় কিনা। পরিশেষে আমি এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত সংশোধনী বিলটি এনেছেন, আমি তাকে সমর্থন করে, দুএকটি কথা বলতে চাই। তিনি দুটি সংশোধনী এনেছেন। একটি হোল যে ৪ বছর মেয়াদ গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের ছিল, সেই মেয়াদ বাড়িয়ে ৫ বছর করা হয়েছে। আর দ্বিতীয় হচ্ছে এ্যাক্টে একটা নূতন ধারা ৯এ — একটি পিনালটি ক্লজ ইনকরপোরেট করা হয়েছে for the fault of taking over charge. এই দুটির মধ্যে যেটা চার বছর থেকে ৫ বছর মেয়াদ বাড়ানো হয়েছে, ১৯৭৩ সালে যে আইন ছিল তাতে ৪ বছর ছিল — কিন্তু এই সরকার অর্ডিন্যান্স করে ৫ বছর মেয়াদ বৃদ্ধি করেছেন। একটা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ পাঁচ বছর সময় পেলে তারা আরও কাজ করার সুযোগ পাবে। সেই হিসাবে এই যে পাঁচ বছর করা

হয়েছে এটা খুবই ভাল হয়েছে। অনেক পঞ্চায়েত সমিতি জেলা পরিষদ গ্রামপঞ্চায়েত আছে, তারা ক্ষমতা হস্তান্তর করার সময় তাদের যেহেতু নানা রকম অর্থনৈতিক গাফেলতি থাকা সত্বেও সেগুলিকে ঢাকবার জন্য কাগজপত্র দিতে চাইতো না। তার জন্যই এই পিনালটি ক্লজ করা হয়েছে। এই যে ত্রুটি ছিল — এটা সংশোধন করা খুবই ভাল হয়েছে। কিন্তু এ ছাড়া আরও কিছু করা দরকার। মন্ত্রী মহাশয় ইতিমধ্যে উপলব্ধি করেছেন যে, যে আইন ১৯৭৩ সালে কংগ্রেসরা রচনা করেছিলেন এবং আমরা তার কিছু কিছু সংশোধনও করেছি। আমাদের ১৯৭৬-৭৭ সালের আইনের যে রূপরেখা ১৯৭১ সালের কংগ্রেসের আইনে তা ছিল না। তবুও আমি মনে করি অনেক ত্রুটি আছে। একটা কম্প্রিহেন্সিভ এমেণ্ডমেণ্ড দরকার। উদাহরণস্বরূপ আমি বলি পঞ্চায়েতের অনেক জায়গায় যে প্রধান হবে……

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** কামিং বাজেট সেসনে কম্প্রিহেন্সিভ এমেণ্ডমেণ্ট আসবে তখন বলবেন।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** সেইজন্যই আমি আপনার কাছে কিছু সাজেসন রাখছি যাতে যখন কম্প্রিহেন্সিভ এ্যাক্ট আসবে তখন যাতে এই সবগুলি ভাবতে পারেন। মন্ত্রীমহাশয় বললেন কম্প্রিহেন্সিভ এ্যাক্ট আসবে। আমাদের আশা আকাঙ্ক্ষা সেখানে ফুটে উঠবে।

এটা লক্ষ্য রাখবেন, যে সব প্রধান—আমরা অনেক সময় দেখেছি মামলায় বি. ডি. ও. অথবা এস. ডি. ও. তারা যখন প্রেসক্রাইবড্ অথারিটি অথবা কোন দুর্নীতি কোন জায়গায় হয়েছে, তার যদি কোন গ্রাম পঞ্চায়েত অফিস সিল করে দেয় বা কাগজ-পত্র, রেকর্ড আটকে দেয়, যখন তারা হাইকোর্টে চলে যায় এবং পুনরায় আবার সেই দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েত প্রধানের পক্ষেই রায় নিয়ে চলে গেছে। অর্থাৎ আইনের মধ্যে এমন ত্রুটি আছে যেখানে ডি. পি. ও. অথবা একস্টেনশন অফিসার পঞ্চায়েত তিনি কোন ব্যবস্থা সেখানে নিতে পারেন না। কোন গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান, পঞ্চায়েত সমিতি অথবা জেলা পরিষদ, তাদের যে কোন কর্মকর্তা যা ইচ্ছা তাই করতে পারেন, কিন্তু আইনের প্রভিশনে কোথাও নেই ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোডের ধারা এমন ভাবে ডেটুডে ওয়াকিংএ বা দুর্নীতি করলে তারা ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোড ছাড়া এমনি পঞ্চায়েত আইনের মাধ্যমে তারা তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করতে পারে না, এমন কি রেকর্ড পর্য্যন্ত সিজ করতে পারে না। ইনস্পেকশনের একটা সুপারভাইজারী পাওয়ার শুধু মাত্র দেওয়া আছে। সুতরাং স্বাভাবিক ভাবে আমি বলবো, এইগুলো আপনি লক্ষ্য রাখবেন যাতে করে যদি কোন দুর্নীতি হয়, সেখানে কি ভাবে সেই দুর্নীতিকে অপসারণ করা হয়, তার যে ব্যবস্থা পঞ্চায়েত আইনে কংগ্রেস রাখেনি, সেটা কমপ্রি-হেন্সিভ আইন যখন করবেন, সেটা করবেন। আর ১১ (১) ( ডি ) সেকশনে আপিলের প্রভিশন আছে, যে কনজিকিউটিভ থ্রি মিটিংস না করলে সেখানে এ্যাগ্রিভ্ড পার্টি, তারা আপিলে যেতে পারে, কিন্তু অন্য পার্টি যেতে পারে না। সেই প্রভিশনটা আপনি লক্ষ্য করে দেখবেন, কি ভাবে করা যায়। সুতরাং আগামী দিনে যখন কমপ্রিহেন্সিভ এ্যাক্ট করবেন, ওয়াকিং অব দি পঞ্চায়েত এ্যাক্ট, আগেরটা ভেবে, সাধারণ মানুষের দিকে যাতে সেই ভাবে, সেই ভাবে করবেন। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের কার্য্যকাল বৃদ্ধি করে যে এ্যামেণ্ডমেণ্ট এখানে এনেছেন, তা আমি সমর্থন করছি। কারণ পঞ্চায়েতের বিগত চার পাঁচ বছরের অভিজ্ঞতায় দেখা গেছে যে পঞ্চায়েতকে সুষ্ঠ ভাবে পরিচালনা করতে গেলে বা যে সমস্ত প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছিল, সেইসব প্রকল্পগুলিকে পূর্ণ সমাপ্তির দিকে নিয়ে যেতে গেলে কার্য্যকাল বৃদ্ধির প্রয়োজনীয়তা রয়েছে এবং সেই ক্ষেত্রে পাঁচ বছর নয়, চার বছরের জায়গায় যদি আরও এক বছর বাড়ানো যেত তাহলে বোধ করি অনেক ভাল হতো। কারণ পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রে আমরা দেখেছি যে কোটি কোটি টাকা ব্যয় হয়, এই ব্যয় বহুল নির্বাচন এবং এই নির্বাচন পরিচালনা করা অত্যন্ত কষ্টসাধ্য এবং ব্যয় সাপেক্ষ। স্বভাবতঃই পাঁচ বছরের জায়গায় ছয় বছর করলেও গ্রামাঞ্চলের মানুষ আপত্তি করবে না। কারণ পঞ্চায়েত নির্বাচন করতে গেলে শুধু ব্যয় বহুলই নয়, গ্রামাঞ্চলে যে সংঘাত সৃষ্টি হয়, যে সংঘাতের সঙ্গে গণতান্ত্রিক আন্দোলন বা শ্রেণীগত লড়াই অনেক ক্ষেত্রে সম্পর্ক বিযুক্ত হয়ে পড়ে। সেদিক থেকে আরও এক বছর বাড়ালে আপত্তির কোন কারণ থাকতে পারে না। তবুও এক বছর বাড়িয়েছেন, বাস্তব অবস্থার কথা চিন্তা করে, সেই জন্য এই সংশোধনকে স্বাগত জানাচ্ছি। সঙ্গে সঙ্গে ঐ চার্জ হ্যাণ্ডওভারের ব্যাপারে যে বিধি ব্যবস্থা করেছেন, পূর্ববর্তী সময়ে এই রকম কোন নিয়ম ছিল না। পূরান যারা প্রেসিডেণ্ট ছিলেন, তারা দায়িত্বভার অর্পণ করার সময় নানা ধরণের প্রতিবন্ধকতা সৃষ্টি করেছিলেন। এই আইনের দ্বারা সেইগুলো দূর হচ্ছে। সেদিক থেকে এটা অভিনন্দন যোগ্য। মন্ত্রী মহাশয় বললেন পঞ্চায়েতের ব্যাপারে একটা কমপ্রিহেন্সিভ বিল আনা হবে এবং সেই ক্ষেত্রে অনেক কিছু বিবেচনা করার দরকার আছে। কারণ পঞ্চায়েতের কাজ করতে গিয়ে আমরা দেখছি—যেমন ধরুণ, পঞ্চায়েত সমিতিতে স্থায়ী কমিটি যেগুলো রয়েছে, সেইগুলো পার্মানেণ্ট কমিটি। এইগুলোকে ভাঙ্গা যাবে না এবং আমরা আমাদের অভিজ্ঞতায় দেখেছি পঞ্চায়েত সমিতির স্থায়ী কমিটিগুলো, ঐ ভূমি বলুন বা কৃষি সেচ বলুন বা মৎস্য বলুন, যেসমস্ত কমিটিগুলো থেকে গেছে, এইগুলোর বিরুদ্ধে নো-কনফিডেন্স আসে না। এইগুলো একটা ইলেকটেড হয়ে গেলে তারা ফর এভার থেকে যায় এবং সেই ক্ষেত্রে মেম্বাররা যদি দুর্নীতিগ্রস্ত হয় তাহলে তাদের অপসারণের কোন রাস্তা নেই। আমরা দেখেছি বিভিন্ন সময় বিভিন্ন সাব কমিটির সদস্য, আমাদের সদস্যরাও ছিলেন তার মধ্যে, অনেক ক্ষেত্রে সেখানে পাঁচ জন সদস্যের মধ্যে একজন দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে গেলেন, কিন্তু তার অপসারণের কোন বিধান নেই।

[4-40—4-50 p.m.]

কিন্তু তাদের অপসারণের কোন বিধান নেই। তাদের বিরুদ্ধে নো-কনফিডেন্স আনা, অপসারণের সুযোগ সুনিশ্চিত করা দরকার। আর সেই সঙ্গে সঙ্গে শুধু কার্যকাল বৃদ্ধি করলে হবে না, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতের মধ্যে একটা সুসম্পর্ক তৈরী করতে হবে। তদারকির কথাটা ভাষাভাষা থাকলে চলবে না। জেলা-পরিষদ পঞ্চায়েত সমিতিগুলি, পঞ্চায়েত সমিতি গ্রাম পঞ্চায়েতগুলি তদারক করবে,

ভাষাভাষা কথায় লেখা থাকলে চলবে না, সুনির্দিষ্ট আইন করা দরকার। গ্রাম পঞ্চায়েত প্রধান কিছু করলে পঞ্চায়েত সমিতির সদস্যদের কিছুই করার নেই। তারা যেতে পারেন, পরিদর্শন করতে পারেন, কিন্তু করার কিছু নেই। জেলা পরিষদের সভাধিপতি সরাসরি যেসমস্ত নির্দেশ দেবেন, সেগুলি পালন করতে হবে এবং কোন আইন কিছু নেই। ধরুন জেলা পরিষদ একদল গঠন করেছেন, আর গ্রাম পঞ্চায়েতে অন্য দল আছে। গ্রাম পঞ্চায়েতের যে কাজ করার এক্তিয়ার আছে আছে কিম্বা পঞ্চায়েত সমিতির যে কাজ করার এক্তিয়ার আছে, সেখানে দেখা গেল জেলাপরিষদ সরাসরি গ্রাম পঞ্চায়েতকে টাকা দিয়ে দিল, যেটা হওয়া উচিত নয়। এই রকম বহু ঘটনা ঘটেছে। যার ফলে ত্রিস্তর পঞ্চায়েতের মধ্যে সমন্বয় গড়ে উঠতে পারে নি। স্বাভাবিক ভাবে একটা কমপ্রিহেন্সিভ বিল আনার প্রয়োজন আছে। মন্ত্রী মহাশয় আগামী বাজেট সেসানের মধ্যে একটি পূর্ণাঙ্গ বিল আনবেন বললেন। কিন্তু আমাদের আবেদন আমরা যারা বিধানসভার সদস্য হিসাবে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, গ্রাম পঞ্চায়েতের কাজ কর্মের সঙ্গে যুক্ত আছি তারা বিলটি প্রনয়ণের সময় সিলেক্ট কমিটির সভায় পর্যালোচনা করবেন এবং সভাধিপতিদের সঙ্গে আলোচনা করবেন এবং বাস্তব অসুবিধাগুলি অপসারণের জন্য বলতে পারবেন। তাই আজকে যে বিলটি এনেছেন সেদিক থেকে এটি অভিনন্দনযোগ্য। কিন্তু অভিজ্ঞতায় আমরা এটা বলতে পারি যে পঞ্চায়েতকে দুর্নীতি মুক্ত করতে গেলে সুনির্দিষ্ট আইন প্রনয়ণ করতে হবে। পঞ্চায়েতের মাধ্যমে ৭০ ভাগ কাজ হয়েছে। ব্যাপক কাজ হয়েছে, এটা ঠিক। কিন্তু সেই সঙ্গে সঙ্গে দুর্নীতিও হয়েছে এটাও ঠিক। মন্ত্রী মহাশয় নিজেও বলেছেন যে ১০০টির মত পঞ্চায়েত দুর্নীতিগ্রস্ত ছিল, প্রধানদের সাসপেণ্ড করা হয়েছে। পঞ্চায়েতের বিরুদ্ধে মামলা চলছে। কিন্তু আইন এমন জায়গায় রয়েছে যে কেউ দুর্নীতি করলেও কিছুই করতে পারবেন না। এই ব্যবস্থার প্রতিবিধান করা দরকার। আপনি বলেছেন একটি সামগ্রিক বিল প্রনয়ণ করতে হবে। আমরা বিকেন্দ্রীকরণের নীতি গ্রহণ করেছি। গ্রামাঞ্চলের উন্নয়নের কাজ সার্থক করে তুলতে গেলে বর্তমান পঞ্চায়েত আইন দ্বারা তা সম্ভব হবে না, সেই জন্য সামগ্রিক পঞ্চায়েত বিল প্রনয়ণ করা দরকার। মন্ত্রী মহাশয়ের কাছে এই আবেদন রেখে বর্তমান এ্যামেণ্ডমেণ্টটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহঃ আনসারুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে দ্বিতীয় পঞ্চায়েত সংশোধনী বিলটি এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই বিলটি খুব ছোট্ট বিল। এই বিলটি নিয়ে অনেক মাননীয় সদস্য আলোচনা করেছেন। আমি শুধু এইটুকু বলতে চাই যে বামফ্রন্ট সরকার গণতন্ত্রে বিশ্বাস করে এবং মানুষের গণতান্ত্রিক রায়ের উপর আমরা শ্রদ্ধাশীল। কাজেই সেই দৃষ্টিভঙ্গী সামনে রেখে ১৯৭৮ সালের ৪ঠা জুন তারিখে পঞ্চায়েতের প্রথম নির্বাচন হয়েছিল আমাদেরই সরকারের তত্বাবধানে। ক্ষমতা পেতে কয়েক মাস দেরী হয়ে গিয়েছিল। এইবারে সংশোধনী বিলে মন্ত্রী মহাশয় বলেছেন নির্বাচনের সঙ্গে সঙ্গে যারা জয়লাভ করবেন তাদের হাতে ক্ষমতা তুলে দিতে হবে এবং 8 বছরের জায়গায় ৫ বছর মেয়াদের জন্য অনুমতি চেয়েছেন। স্বাভাবিকভাবে এই বিলটিকে সমর্থন করতে হয়। কারণ আমরা গতবারের অভিজ্ঞতায় দেখেছি ২/৩ মাস কোথাও

কোথাও দেরি হয়ে গেছে, তাতে অসুবিধা হয়ে গেছে। পঞ্চায়েতের প্রধান যিনি নির্বাচিত হলেন আগেকার প্রধানকে নির্বাচনের সঙ্গে সঙ্গে নতুন নির্বাচিত প্রধানের হাতে ক্ষমতা তুলে দিতে হবে।

এটা তিনি বলেছেন এবং এটাও আমরা সমর্থন করি। সমর্থন করি এই কারণে যে যারা নির্বাচিত হয়েছেন তারা জনসাধারণের আস্থা নিয়ে বিজয়ী হয়েছেন কাজেই স্বাভাবিকভাবে কোন রকম দেরী না করে বা সময় নষ্ট না করে তাদের হাতে ক্ষমতা তুলে দেওয়া দরকার। আমরা যারা বামফ্রণ্টের সদস্য, আমরা যারা দীর্ঘদিন ধরে গণতন্ত্রের জন্য লড়াই করেছি, সংগ্রাম করেছি, গণতান্ত্রিক চেতনার উপর আমরা যারা আস্থাশীল আমরা এই নীতিতে বিশ্বাস করি কাজেই আমাদের সরকার এই সংশোধনী এনেছেন। এই কথা বলে এই বিলের প্রতি আমার পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জবাবী ভাষণে আমার বলার বিশেষ কিছু নেই, আমি শুধু ২/১টি বিষয় এখানে পরিষ্কার করে দিচ্ছি। আমাদের এখানে আলোচনা যা শুনলাম তাতে মনে হল অনেক মাননীয় সদস্য মনে করেছেন এটা ৪ বছর থেকে ৫ বছর করা হয়েছে, তা কিন্তু নয়, এটা আগেই অর্ডিন্যান্স করে করা হয়েছিল, পরে বিল আনা হয়েছিল। কাজেই এই বিলের উদ্দেশ্য সেটা নয়. এই বিলের উদ্দেশ্য হচ্ছে, ৫ বছর করার পর সেই ৫ বছরটা কবে থেকে গোনা হবে এবং কি ভাবে গোনা হবে সেটাই হচ্ছে এই বিলের উদ্দেশ্য। আগে যা আইন ছিল তাতে ছিল গ্রামপঞ্চায়েতের যেদিন মিটিং হল এবং সেই মিটিং-এ যে প্রধান উপপ্রধান নির্বাচিত হল সেই দিন থেকে ৫ বছর। ১৯৭৮ সালে আগষ্ট থেকে ডিসেম্বর পর্য্যন্ত এই তিনটি স্তরে নির্বাচন হয়েছিল। সেই আইন থাকলে ডিসেম্বর পর্য্যন্ত না গেলে ৫ বছর পূর্ণ হোত না কাজেই ক্ষমতা দেওয়া যেত না। এ আগেই বলেছি, এই বিলের উদ্দেশ্য হচ্ছে নির্বাচিত হবার পর কত তাড়াতাড়ি নির্বাচিত সদস্যদের হাতে ক্ষমতা তুলে দেওয়া যায় তার ব্যবস্থা করা। এটা যদি না করা যায় তাহলে নির্বাচিত হবার পর ৩/৪ মাস নির্বাচিত সদস্যদের বসে থাকতে হবে আর অনেক জায়গায় এমন হবে যে যারা নির্বাচিত এবারে হয়নি তারা ক্ষমতা ভোগ করবে। গণতান্ত্রিক দিক থেকে বলা যেতে পারে যারা হেরে গেলেন তাদের মর‍্যাল রাইট নেই সেখানে কনটিনিউ করার। কাজেই আমরা বলছি, যেই নির্বাচন হবে তারপরেই তাদের হাতে ক্ষমতা দেওয়ার ব্যবস্থা করতে হবে। কাজেই যে ডেটে নির্বাচন হল সেখান থেকে ৫ বছর এটা হতে পারে। দু নং যেটা সেটা হচ্ছে, আগেকার আইনে স্পষ্ট করে বা সুনির্দিষ্ট ভাবে বলা ছিল না যে কি ভাবে ক্ষমতা হ্যাণ্ডওভার করতে হবে এবং না করলে কোন পেনাল প্রভিসান ছিল না, এখন এটা করা হয়েছে। পরিশেষে আমি বলতে চাই, গত ৫ বছরের পঞ্চায়েত পরিচালনার ভেতর দিয়ে আমরা যে অভিজ্ঞতা অর্জন করেছি সেই অভিজ্ঞতার আলোকে এই আইনকে পরিপূর্ণভাবে বিচার করে একটা কমপ্রিহেনসিভ বিল আনা দরকায়। সেটা আনার সময় নিশ্চয় সকলের সঙ্গে পরামর্শ করতে হবে, সিলেক্ট কমিটি করতে হবে, সেটা বাজেট সেসানে আনা যেতে পারে, এত

তাড়াতাড়ি সেটা সম্ভব নয়। আমি আবার বলছি, এই বিলের উদ্দেশ্য হচ্ছে, নির্বাচিত সদস্যদের হাতে কত তাড়াতাড়ি ক্ষমতা তুলে দেওয়া যায় সেটা দেখা এবং সেই ক্ষমতা দেবার ব্যাপারে যেন কোন অসুবিধার সৃষ্টি না হয়। আর ক্ষমতা না দিলে সেখানে শাস্তি বিধানের ব্যবস্থা সুনির্দিষ্ট ভাবে করা হয়েছে। এই হচ্ছে মূল কথা।

**Mr. Speaker :** There is an amendment to motion by Shri Satya Ranjan Bapuli that the Bill be referred to a Select Committee. I, now, request Shri Bapuli to move his motion. (Pause) As the Member is not in the House, the amendment is not moved.

There is a motion of Dr. Zainal Abedin that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1983. I now request Dr. Abedin to move his motion. (Pause) As the Member is not in the House, the motion is not moved.

The motion that the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

**Clause 1**

The question that the Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker :** There is an amendment to Clause 2 by Shri Abdul Mannan. As the Member is not in the House, the amendment is not moved.

The question that Clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

[4-50—5-00 p.m.]

**Clause 3**

**Mr. Speaker :** There are amendments to clause 3 by Shri Abdul Mannan. As he is not present in the House his amendments are not moved. Now I put clause 3 to vote.

The question that Clause 3 do stand part of the Bill was than put and agreed to.

**Clause 4**

**Mr. Speaker :** There is an amendment by Shri Abdul Mannan to Clause 4. As the member is not present in the House, his amendment is not moved. I now put clause 4 to vote.

The question that Clause 4 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 5

**Mr. Speaker** : There is an amendment to clause 5 by Shri Abdul Mannan. As he is not in the House his amendment is not moved. Now I put clause 5 to vote.

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 6

**Mr. Speaker** : There is an amendment by Shri Abdul Mannan to clause 6. As the member is not in the House his amendment is not moved. Now I put clause 6 to vote.

The question that Clause 6 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 7 & Preamble

Now I put clause 7 and the Preamble to vote.

The question that Clause 7 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to move that the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1983, as settled in the Assembly be passed the motion was then put and agreed.

### The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1983

**Shri Kanti Ranjan Biswas** : Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1983.

( Secretary then read the title of the Bill. )

**Shri Kanti Ranjan Biswas** : Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1983, be taken into consideration.

**Mr. Speaker** : There are amendments for circulation by Shri Abdul Mannan and Shri Kashinath Mishra. As the members are not present the amendments are not moved.

**শ্রীননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন বিলের যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন, আমি সেটাকে সমর্থন করতে উঠেছি। এটা একটা ছোট্ট এ্যামেণ্ডমেণ্ট এবং সবটাই কার্য পরিচালনার প্রয়োজনে। সেই কারণে এটাকে সমর্থন করছি। প্রথম যে এ্যামেণ্ডমেণ্ট করতে চেয়েছেন তাতে শিক্ষক বা তার সংজ্ঞাটা পরিষ্কার করতে চেয়েছেন। আগে যেটা ছিল তাতে যে কোন শিক্ষক এ্যাপোয়েণ্টেড হলে তার ভোটার হবার সুযোগ ছিল। এটা অতীতে আমাদের এই রাজ্যে চালু ছিল। অতীতের ঘটনা হচ্ছে যে ম্যানেজিং কমিটি, তারা শিক্ষকদের তাদের ইচ্ছা মত নিয়োগ করতেন এবং তাদের দায়-দায়িত্ব বহন করতেন না। এটা ঠিকই যে যদি আইনে এটা পরিষ্কার না থাকে তাহলে তাদের

ভোটাধিকার এসে যায়। আজকে উনি যে কথা বলেছেন সেটা সঠিক ভাবেই বলেছেন, এ্যাপ্রুভড টিচার, যে সমস্ত শিক্ষক ডাইরেক্টরের দ্বারা অনুমোদিত হবেন তারাই ভোটার হবেন, তারাই নির্বাচিত হবেন। আমি শুধু এই কথা বলতে চাই, এখন কোন এ্যাপোয়েণ্টমেণ্ট করতে হলে সেটা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ কিম্বা নিয়মিত এ্যাডভারটাইজ না করে নেওয়া যায় না। শুধু তাই নয়, এর জন্য যা লিণ্ট বা যা প্যানেল তৈরী হয় সেটাও ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টর কিম্বা সেকেণ্ডারী এডুকেশানের যিনি দায়িত্বে আছেন, তার কাছ থেকে অনুমোদিত হয়ে লিণ্ট আসে এবং তার পরে এ্যাপোয়েণ্টমেণ্ট হন।

অর্থাত এ্যাপয়েণ্টমেণ্টের সঙ্গে এ্যাপ্রুভালের ব্যাপারটা যেন জড়িয়ে না যায়, এ্যাপয়েণ্টমেণ্ট পাওয়ার পরে আবার এ্যাপ্রুভালের জন্য যেন দেরি না হয়, এটা দেখা দরকার। কারণ যেহেতু আইনে থেকে যাচ্ছে যে, এ্যাপ্রুভাল না হলে ভোটার হতে পারবে না। বর্তমানে যাঁরা শিক্ষক হিসাবে এ্যাপয়েণ্টেড হচ্ছেন তাঁরা এ্যাপ্রুভাল পাবার জন্য যে যে যোগ্যতা গুলি দরকার সে সে যোগ্যতা গুলি পূর্ণ করেই এ্যাপয়েণ্টেড হচ্ছেন। অতএব এ বিষয়ে যাতে দেরি না হয় সেটা দেখা দরকার। যে এ্যামেণ্ড-মেণ্টটি এখানে আনা হয়েছে, সেটি ঠিকই হয়েছে, কিন্তু এ্যাপয়েণ্টমেণ্ট এবং এ্যাপ্রুভালের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুগ্রহ করে একটু নজর দেবার জন্য আমি অনুরোধ করছি। তার পরে একজিকিউটিভ কমিটিকে আমাদের য়্যাক্টের সঙ্গে মিলিয়ে রুলস করতে হবে। কোন কারণে তা যদি তাঁরা না করেন, তাহলে তা বে-আইনী হয়ে যেতে পারে। কারণ আমাদের দেশে হাইকোর্ট আছে এবং এমন সব মানুষ আছে যারা যারা যে কোন ব্যাপারেই মামলা করতে যায়, সুতরাং এ ব্যাপারেও তারা মামলা করতে যেতে পারে। সে সুযোগ তারা যাতে না নিতে পারে তার জন্য এটা সঠিক ভাবেই হচ্ছে। স্পীকার স্যার, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে এবং জর্জ সাহেবদের প্রতি পূর্ণ সম্মান দেখিয়ে বলছি যে, শিক্ষা ক্ষেত্রের এ্যাপয়েণ্টমেণ্টের ব্যাপারে এবং অন্যান্য ব্যাপারে সরকার যেটুকু ভাল কাজ করেছেন সেটুকুর ক্ষেত্রেও কোন লোক একটা দরখাস্ত নিয়ে হাই কোর্টে গেলেই ইঞ্জাংশান পেয়ে যাচ্ছে। এই অবস্থা থেকে বাঁচবার জন্য এই সংশোধনী প্রস্তাব আনা হয়েছে। সরকার ভাল কাজ করতে চাইছেন, অথচ হাই কোর্টের ইঞ্জাংসানের দ্বারা তা বানচাল হয়ে যাবে, এই অবস্থা যদি চলতে থাকে তাহলে কোন ভাল কাজ হতে পারে না। সুতরাং সে সব বিবেচনা করেই এই এ্যামেণ্ডমেণ্টটি আনা হয়েছে। তারপরে বিভিন্ন জায়গা থেকে বোর্ডে মেম্বাররা যাবেন। অথচ আমরা দেখছি যে, তাঁরা যে কোন কারণেই হোক সকলে সময় মত যেতে পারেন না, ফলে কনসটিটিউসন অনুযায়ী বোর্ড ফ্যাংসন করতে পারে না। এই অবস্থা যাতে আর না হয় তার জন্য বর্তমান সংশোধনীতে কোরাম কি হবে, তা বলা হয়েছে। মন্ত্রী মহাশয় বলেছে যে, শতকরা ৫০ জন মেম্বার উপস্থিত থাকলেই কোরাম হবে। সুতরাং তাঁর এই সিদ্ধান্তটিও সঠিক হয়েছে। তিনি আমাদের শিক্ষাক্ষেত্রে সচল অবস্থা বজায় বাখবার জন্যই এই এ্যামেণ্ডনেণ্ট এনেছেন। এই এ্যামেণ্ডমেণ্টগুলি শিক্ষা ক্ষেত্রকে সচল রাখায় সহায়ক হবে, কার্যকরী হবে, এই কারণেই আমি এই এ্যামেণ্ডমেণ্টগুলিকে সমর্থন করছি।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটিকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এই বিলটিতে পাঁচটি বিষয়ে সংশোধন করা হচ্ছে। পাঁচটির মধ্যে প্রথমটি হচ্ছে, একজিকিউটিভ কমিটিতে শিক্ষকদের মধ্যে থেকে যে ৩২ জন শিক্ষক যাবেন তাঁদের কি ধরণের যোগ্যতার প্রয়োজন তা বলা হয়েছে। অর্থাৎ পার্ট-টাইম টিচাররা যাবেন, না হোল টাইম পারমানেণ্ট টিচাররা যাবেন? কারা মেম্বার হবেন? এখানে সেটা স্পেসিফিক্যালি বলে দেওয়া হচ্ছে। এখানে পার্ট-টাইম অব এনি আদার টেম্পোরারি টিচারদের এক্সকুড করা হচ্ছে। এর কি উদ্দেশ্য, তা ইতি মধ্যেই ননীবাবু বলেছেন। সেই সমস্ত শিক্ষকদেরই নেওয়া হবে, যাঁরা হ্যাভ বিন এ্যাপ্রুভড ইন এ্যাকর্ডেন্স উইথ দি রুলস। অর্থাৎ এ্যাপ্রুভড পারমানেণ্ট টিচার হতে হবে, শুধু পারমানেণ্ট টিচার হলেই হবে না। একজন পারমানেণ্ট টিচারকে এ্যাপয়েণ্ট-মেণ্ট দেবে ম্যানেজিং কমিটি, কিন্তু উইদাউট দি এ্যাপ্রুভাল অফ্ দি ডি. পি. আই সেই টিচার মেম্বার হতে পারছে না। সুতরাং এ্যাপ্রুভাল যদি না থাকে, তাহলে সে মেম্বার হতে পারবে না। শুধু মাত্র এ্যাপ্রুভাল পারমানেণ্ট টিচারদেরই মেম্বার হবার সুযোগ থাকছে। অর্থাৎ তাঁরাই ঠিক মত টিচার। সেই জন্যই এই প্রশ্নটি এখানে রাখা হয়েছে। কিন্তু এখানে এটাও আমাদের দেখতে হবে যে, এ রকম অবস্থা যেন না হয় য, দীর্ঘ দিন ধরে যাঁরা টিচার হিসাবে কাজ করছেন, ভাল টিচার, যাঁদের আমরা চাই এবং যাঁরা ইলেকটেড হতে পারেন, কিন্তু এ্যাপ্রুভালের প্রশ্নে তাঁরা যেন আটকে না পড়েন।

[5-00—5-10 p.m.]

সেদিকটা, যেটা ননীবাবু বলেছেন আমি তাঁর সঙ্গে এক মত। সেদিকটা লক্ষ্য করা উচিত। আন এ্যাপ্রুভড টিচার হলে মুশকিল। এ্যাপ্রুভ্যালের প্রশ্ন আছে। উইদাউট দি এ্যাপ্রুভ্যাল অফ দি স্টেট সেখানে ম্যানেজিং কমিটি নানা ধরণের টিচার নিয়ে দিতে পারেন, তাতে অসুবিধা আছে। সুতরাং এ্যাপ্রুভ্যালের প্রশ্ন সেখানে আছে।

দ্বিতীয়তঃ বলা হয়েছে যে একটা পাবলিকেসন বা লিষ্ট অফ বুকস তাঁরা যে করবেন, ১৯এ এ্যামেণ্ডমেণ্টে করেছেন সেটা ভাল। এ্যাপ্রুভ অর প্রেসক্রাইব বুক্স হাইদার ফর বিয়িং ষ্টাডিড ইন রেকগ্‌নাইজড ইনস্টিটিউসনস অর ফর একজামিনেসনস ইনসটিটিউটেড বাই দি বোর্ড অর ফর বোথ, কারণ এখানে বিভিন্ন জায়গায় একটা ইউনিফর্ম ইন অল ইনসটিটিউসনস। আজকে পশ্চিমবঙ্গের শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন পাঠ্যবই বা তাদের পাবলিকেসন অফ বুক্স সেখানে যদি ইউনিফরমিটি রাখতে হয় তাহলে এটা করতে হবে। এটা মন্ত্রী মহাশয় আইনের মধ্যে দিয়ে একটা খুব ভাল পদক্ষেপ নিয়েছেন। এখানে মামলা হচ্ছে. ইতিহাসের সিলেবাস কি হবে? কত রকমের ঘটনা ঘটল। পশ্চিমবঙ্গের ইতিহাসে তারানাথ বাবুর মত শিক্ষাবিদকে মেডেল পাওয়া নিয়ে মামলা হল। ইতিহাসের বৈজ্ঞানিক সিলেবাস তৈরী করলেন, এখন মামলা হচ্ছে। অতএব এগুলি আইনের মধ্যে রাখতে হচ্ছে মামলা হচ্ছে বলে। একটা বোর্ডের পাবলিকেসন লিষ্ট, এগুলি আইনের মধ্যে ইনকরপোরেট করা আছে। বিকজ অফ দিসেস, বোর্ড ইজ কমপিটেণ্ট এনাফ। কি কি হবে, সিলেবাস, বই তাদের কপি

ইত্যাদি। এটাও একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আর তৃতীয় যেটা মন্ত্রী মহাশয় এনেছেন সেটা হল যে একজিকিউটিভ কমিটি যেটা হবে সেটা অন দি গ্রাউণ্ড অফ অনেক সময় বাই লজ নয়, অন দি গ্রাউণ্ড অফ রুলস, সেটা বাই লজ না থাকার জন্য মিটিং ইন-ভ্যালিড, ডিসিসন ইনভ্যালিড হয়। তাদের অনেক প্রগতিশীল ভাল কাজ হবে। তাদের বাধা বিপত্তি দূর করার জন্য এ্যাক্ট হয়েছে। চতুর্থ এবং পঞ্চম, সেটা হল এর থেকে যে কোন এ্যাক্টে রুল মেকিং, রেগুলেসন মেকিং বোর্ড ছিল কিনা বা ছিল না, আমি জানিনা, যাই হোক এটা নিয়ে মন্ত্রী মহাশয় এ্যাক্ট করেছেন, সব এ্যাক্ট নিয়মিত মেন এ্যাক্ট কনট্রেভেনসন করতে পারে না। এটার নিয়ম বা আইন, তার প্রভিসন সেখানে সেখানে প্রোভাইডেড দ্যাট এনি ডিসিসন অর এ্যাকসন টেকন সেখানে প্রোভাসো দিলে ভাল হবে, না দিলে ক্ষতি ছিল না, কিন্তু রুলস বা কোন বাই লজ সেটা কোন মেন এ্যাক্টকে সুপারসিড করতে কোন দিন পারে না করলে বর্তমানে ইন কনট্রেভেনসন অফ দি মেন এ্যাক্ট বা বাই লজ যদি লিখিত না থাকে কনটেমপ্ট সেটা ইনভ্যালিড হয়। যখন প্রোভাইসো লিখিত ভাবে থাকে—থাকলে ভাল—তাতে সে রকম কোন ডিসিসন হয় না। সেকসন ২৯এ যেটা বলা হয়েছে সেটা কোরামের ব্যাপার। এটাতে বলছেন ৫০ পারসেণ্ট হয় কিনা, টোটাল কোরাম ৫০ পারসেণ্ট একজিকিউটিভ মেম্বার প্রেজেণ্ট কিনা? সেটা ভাল করে বলবেন। কোরাম খুব বেশী মানে ডেমক্রেটিক ফাংশনিং হয়। ৫০ পারসেণ্ট কোরাম মানে সাংঘাতিক ব্যাপার। পাটি সিপেসন অফ দি মেম্বার স্ট্রেংদেন করার জন্য উনি ৫০ পারসেনটের উপর দিয়েছেন। সাধারণতঃ আমরা দেখি এক তৃতীয়াংশ বা এক চতুর্থাংশের উপস্থিতিতে কোরাম হয়। এখানে ডেমোক্র্যাটিক ফাংশানিংকে মোর এফেকটিভ করবার জন্য বেশী মেম্বারের উপস্থিতির উপর জোর দিয়েছেন বলে আমার মনে হয়। এটা খুবই ভাল হয়েছে। এই জন্য এই বিলটা একটা আদশ বিল বলে এবং প্রয়োজনীয় সংশোধন করেছেন সেই জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় শিক্ষামন্ত্রী যে সংশোধনী বিল উত্থাপন করেছেন সেই সংশোধনীগুলি মাইনর হোলেও এর গুরুত্ব এবং প্রয়োজনীয়তা অনেকখানি। কারণ আইনের এই সমস্ত ত্রুটি-বিচ্যুতি থাক-বার জন্য মধ্যশিক্ষা পর্ষদের নির্বাচন বন্ধ হয়ে আছে, এখনও হোতে পারেনি এবং বোর্ডের ও একজিকিউটিভ কমিটির হাতে রুলস রেগুলেসনস করবার যে সমস্ত কথা ছিল সেগুলো না হয়ে ওঠায় কাজের খুবই অসুবিধা হচ্ছে। সেইসব ত্রুটি-বিচ্যুতি দূর করবার জন্যই আজকের এই বিল উত্থাপন। এ বিষয়ে একটা জিনিষ লক্ষ্য করছিলাম যে শিক্ষকদের মধ্যে থেকে যে সমস্ত সদস্য মেম্বার নির্বাচিত হবেন, সেই সমস্ত শিক্ষকদের ক্ষেত্রে বলা আছে যে তাঁদের হোল টাইম এ্যাপ্রুভড টিচার হতে হবে এবং সেই এ্যাপ্রুভাল ডিরেকটার অফ্ সেকেণ্ডারী এডুকেশন দ্বারা হওয়া চাই। আমরা জানি মাধ্যমিক শিক্ষদদের এ্যাপয়েণ্টমেণ্ট কিছু কিছু ক্ষেত্রে ডি. এস. ই এবং আবার অনেক ক্ষেত্রে ডিস্ট্রিক্ট ইনস্পেকটার অফ্ স্কুলস দিয়ে থাকেন। তাই আমার মনে হয়, মাননীয় শিক্ষামন্ত্রী সেটা দেখবেন—এটা হয়তো ডাইরেকটর অফ সেকেণ্ডারী এডুকেশন অর বাই হিজ এজেণ্ট হওয়া চাই—এই রকম সংশোধন হলে ভাল হোত।

মিঃ স্পীকার স্যার, আমার দ্বিতীয় সাজেশন হচ্ছে যে সমস্ত রুলস্ রেগুলেসনস্ এখনও পর্যন্ত হয়নি এবং যে সমস্ত রূলস্ রেগুলেশনস না হবার জন্য সমস্ত কাজ আটকে আছে, তা অনির্দিষ্ট কাল ধরে ফেলে না রেখে সেই কাজ তাড়াতাড়ি সম্পন্ন করবার জন্য অনুরোধ রাখছি। সঙ্গে সঙ্গে মধ্যশিক্ষা পর্ষদের যে নির্বাচন বন্ধ হয়ে আছে সেই নির্বাচন যাতে তাড়াতাড়ি সম্ভব হয় সে বিষয়ে উদ্যোগ নেবেন এই অনুরোধ রেখে এবং এই সংশোধনী বিল আনার জন্য মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি তাঁরা এই সংশোধনী বিলকে সমর্থন করেছেন বলে। মাননীয় সদস্য ননী কর মহাশয় বলেছেন যে এ্যাপ্রুভালে যেন দেরী না হয়। যদিও এই বিলের যা উদ্দেশ্য, সেই উদ্দেশ্যের মধ্যে এটা পড়ে না—তবুও যেহেতু বিষয়টির সঙ্গে শিক্ষক সমাজের স্বার্থ জড়িত রয়েছে সেইহেতু এটা যাতে তাড়াতাড়ি করা হয় সেটা দেখা হবে। আইনের প্রভাইসোর মধ্যে রাখা সম্বন্ধে উনি যা বলেছেন সে সম্বন্ধে বলি যে আইনের প্রভাইসোর মধ্যে রাখার প্রয়োজনীয়তা থাকতো না এটা ঠিকই। কিন্তু বিভিন্ন জায়গায় এমন সমস্ত জটিলতার সৃষ্টি হয়েছে যে যাতে আমাদের কোন দিক থেকেই যাতে কোন অসুবিধার সৃষ্টি না হয় সেদিকে লক্ষ্য রেখেই এটা করা হয়েছে। তবে আমার মনে হয় এটা না হলেও চলতো, কিন্তু বিশেষজ্ঞদের পরামর্শেই আমরা এটা করেছি। আর কোরামের কথায় মাননীয় সদস্য অনিলবাবু যা বলেছেন, এটা ঠিকই যাতে মিটিংয়ে বেশী সংখ্যক মেম্বার প্রেজেণ্ট থেকে ডেমোক্র্যাটিক ফাংশানকে আরও জোরদার করে যাতে একটি সুষ্ঠু সিদ্ধান্ত নিতে পারেন সেইজন্যই কোরামের ক্ষেত্রে ৫০ পারসেণ্ট আমরা করেছি। এই কোরামের ব্যাপারে একজিষ্টিং মেম্বারদের অর্ধেক উপস্থিত থাকলেই কোরাম হবে।

আর মাননীয় সদস্য শ্রীসুভাষ গোস্বামী যেটা বলেছেন, সে সম্বন্ধে বলি যে এ্যাপ্রুভালের ক্ষেত্রে ডি. আই সই করেন। কিন্তু ডি. আই যখন এ্যাপ্রুভাল দেন সেটা ইন দি নেম অফ ডি. এস. ই দেন। আসলে সেই ক্ষমতা ডি. এস. ই-র পক্ষ থেকে ডি. আইকে দেওয়া থাকে। সেক্ষেত্রে কোন অসুবিধা হবার কারণই নেই। এই বলে আর একবার মাননীয় সদস্যদের ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

[5-10—5-20 p.m.]

The motion of Shri Kanti Chandra Biswas that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2**

The question that clauses 1 and 2 do stand part of the bill, was then put and agreed to.

### Clause 3

**Mr. Speaker** : There are amendment to clauses 3 by Shri Abdul Mannan. But the member is not present in the House and the amendments are not moved.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 4

**Mr. Speaker** : There are amendments to clause 4 by Shri Abdul Mannan. But the member is not present in the House, and the amendments are not moved.

The question that clause 4 do stand part of the bill, was then put and agreed to.

### Clause 5

**Mr. Speaker** : There are amendments to clause 5 by Shri Abdul Mannan. But the member is not present in the House, and the amendments are not moved.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

### Preamble

The question that preamble do stand part of the bill, was then put and agreed to.

**Shri Kanti Chandra Biswas** ; Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Twentyeighth Report of the Business Advisory Committee

**Mr. Speaker** : I beg to present the Twentyeighth Report of the Business Advisory Committee which at its meeting held today in my chamber recommended the following revised programme of business for 9th September, 1983.

Friday, 9-9-1983.

(i) The Bengal Municipal (Amendment) Bill, 1983 (Introduction).

(ii) Discussion on Satutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(iii) The Bengal Municipal (Amendment) Bill, 1983 (Consideration and Passing)—1 hour.

(iv) The Calcutta University (Amendment) Bill, 1983 (Introduction).

(v) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(vi) The Calcutta University (Amendment) Bill, 1983 (Consideration and Passing).

(vii) The Burdwan University (Amendment) Bill, 1983 (Introduction).

(viii) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashiaath Misra.

(ix) The Burdwan University (Amendment) Bill, 1983 (Consideration and Passing).

(x) The Jadavpur University (Second Amendment) Bill, 1983 (Introduction).

(xi) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(xii) The Jadavpur University (Second Amendment) Bill, 1983 (Consideration and Passing).

(xiii) The Rabindra Bharati (Second Amendment) Bill, 1983 (Introduction).

(xiv) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(xv) The Rabindra Bharati (Second Amendment) Bill, 1983 (Consideration and Passing)—2 hours.

(xvi) The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing—1 hour.

The Minister in charge of Home (Parliamentary) Affairs may now move the motion for acceptance.

**Shri Patit Paban Pathak** : Sir, I beg to move that the twentyeighth Report of the Business Advisory Committee as presented in the House be adopted.

The motion was then adopted.

## THE BENGAL EXCISE (AMENDMENT) BILL, 1983

**Shri Bimalananda Mukherjee** : Sir, I beg to introduce the Bengal Excise (Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Shri Bimalananda Mukherjee** : Sir, I beg to move that the Bengal Excise (Amendment) Bill, 1983, be taken into consideration.

এই বিল সম্বন্ধে বিশেষ কিছু বলার নেই, তবু সংক্ষেপে দু-চার কথা বলার দরকার আছে। ১৯৭৯ সালের এ্যামেণ্ডমেণ্টের কিছু দিন পরে কিছু পরিবর্তন বা নতুন এ্যামেণ্ডমেণ্ট-এর প্রয়োজন দেখা দিয়েছিল। তখন কমপ্রিহেনসিভ এ্যামেণ্ডমেণ্ট করা হয়। সেই সময়ে কোন বিল আনা হয় নি। গত কয়েক বছরের অভিজ্ঞতার ভিত্তিতে আমরা কিছু পরিবর্তন করার প্রয়োজন আছে বলে মনে করেছি। এখানে সেই ভাবেই

পরিবর্তন করা হয়েছে—সেগুলি কিছু আইনের পরিবর্তনের ব্যাপার। প্রথম দিকে যেমন,—মাইনর ব্যাপার —সী এক্সসাইজ এ্যাক্ট-এর পরিবর্তন করা হয়েছে। ১৯৭৩ সালের কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিওরকে ১৯৮০তে আবার পরিবর্তন করা হয়েছে। পূর্বতন আইনকে আপ-টু-ডেট করার জন্য পরিবর্তন হয়েছে—পূর্বের মেট্রিক সিস্টেমকে লিটারে আনা হয়েছে। আগে যার নাম ছিল চিফ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট, এখন তাকে পরিবর্তন করে হয়েছে চিফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট। এছাড়া কতকগুলি অফেনসের ব্যাপারে আমাদের নজরে এসেছে। আগে সেই অফেন্সগুলি দুভাগে ভাগ করা ছিল, এটা ১৯৭৯-এর এ্যামেণ্ডমেণ্টে ছিল। তখন তাড়ি বা স্পিরিট সম্পর্কে একরকম বিচার করা হয়েছিল। কিন্তু বর্তমানে এ ব্যাপারে একটা ডিফিক্যালটি দেখা দিয়েছে। সেগুলি হচ্ছে, বাকীগুলির ক্ষেত্রে—এ্যালকোহল, গাঁজা ইত্যাদির উপরে অন্য ধরণের বিচার করা হতো। এগুলির ক্ষেত্রে ট্রায়িং ম্যাজিষ্ট্রেটদের পাওয়ার অনুযায়ী যাতে তাড়ি, স্পিরিট ইত্যাদি সম্পর্কিত অপরাধীদের মত শাস্তি দেওয়া না হয় তার ব্যবস্থা রাখা হয়েছে। এই সমস্ত পেটি কেসগুলিতে ওয়ারেণ্ট প্রসিডিওর, তা নিয়ে হ্যাজার্ডাস্ ছিল সংখ্যায় বহু। এগুলির ক্ষেত্রে পানিশমেণ্ট কমানো হয়েছে। সেকসান ৪৬ এবং ৪৬(এ) অনুযায়ী দুভাগে ভাগ করে আগে ১০,০০০ হাজার টাকা পর্যন্ত জরিমানা ছিল, এখন তাকে কমিয়ে ২,০০০ হাকার টাকার নীচে আমরা নিয়ে এসেছি। এই সমস্ত পেটি কেসগুলি আগে নন-বেলএ্যাবল ছিল, এর ফলে কোর্টগুলিতে বহু সংখ্যায় কেস জমে থাকতো। এগুলি যেহেতু পেটি কেস, সেজন্য আমরা একে বেল-এ্যাবল করার ব্যবস্থা রেখেছি। এই সঙ্গে শাস্তির মেয়াদও কমানো হয়েছে। প্রিভেনটিভ ওয়ার্ক করতে গিয়ে বহু সংখ্যায় এই ধরণের কেসে অফিসারদের জড়িত থাকতে হোত। তারফলে কোর্টে দীর্ঘকাল ধরে বহু কেস জমা হয়ে থাকতো। এই সমস্ত বিচার বিবেচনা করে আপাততঃ মনে হতে পারে এরফলে হাজার হাজার ক্ষেত্রে এই ধরণের অপরাধ ঘটতে পারে। কিন্তু যারা এক বোতল মদ কিনবেন—যদি আইন অনুযায়ী চলতে হয়, তাহলে তাদেরও নন-বেলএ্যাবল শাস্তি দেওয়া যেতে পারে—কিন্তু এতে কাজকর্মের বিশেষ সুবিধা দেখা দেয়। কারণ এক্সসাইজ অফিসারের এই সমস্ত ক্ষুদ্র প্রিভেনশান ওয়ার্ক করার সময় খুবই অল্প থাকে। সেইজন্য ট্রাইয়িং ম্যাজিষ্ট্রেটের পাওয়ার অনুযায়ী এই সমস্ত কেসের সংখ্যা কোর্টে কমানোর জন্য নন-বেলএ্যাবল ইত্যাদি করে পরিবর্তন করা হয়েছে। গত কয়েক বছরের অভিজ্ঞতার ভিত্তিতে দেখা গেছে এটাই হচ্ছে অসুবিধা জনক। সেইদিকে লক্ষ্য রেখেই এই এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে। এর বেশী আমার আর বলার কিছু নেই।

**শ্রীত্রিলোচন মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় এক্সাইজ মিনিষ্টার যে বিলটি এখানে এনেছেন, তাতে সর্বান্তকরণে সমর্থন জানাই। বর্তমানে এক্সাইজ ডিপার্ট-মেণ্টের মধ্যে যে ধরণের ব্যবস্থাপনা আছে—বিশেষ করে মদের প্রাচুর্য এখন সর্বত্র তাতে এই সমস্ত অপরাধীদের ধরে এনে কোর্টে কেসের সংখ্যা বাড়িয়ে বিশেষ কিছু করা সম্ভব হবে বলে মনে হয় না। বরং দেশের বিভিন্ন জায়গায় ক্রাইম যে ভাবে সংগঠিত হচ্ছে, সেদিকে নজর দেওয়াই ভাল। ক্রাইম তৈরীর ব্যাপারে মদের যে স্থান আছে, তা রোধ করা খুবই কঠিন ব্যাপার।

[5-20—5-36 p.m.]

মদের ব্যাপারে যে আইন করেছেন এটা খুবই আনন্দদায়ক। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে মদ খেয়ে সমাজে অনেক রকম কেলেঙ্কারী ঘটে থাকে। ফলে খুব অসুবিধার সৃষ্টি হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় এই বিষয়ে আইন করেছেন সেই আইনকে আমি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের সমর্থনে বলতে গিয়ে আমি দুএকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে সংশোধনী এনেছেন সেই সংশোধনীর ভেতরে তিনি বলেছেন যে এটা ১৯৭৯ সালে এ্যামেণ্ডমেণ্ট হয়েছে তার ফলে কিছু কিছু মামলার সংখ্যা বেড়েছে। আগে যে আইন ছিল তাতে যে মামলার সংখ্যা ছিল তার থেকে সংখ্যা এখন অনেক বেড়ে গেছে। আগে এক বোতল মদের জন্য দিল্লীতে নন বেলেবেল অফেন্স ছিল ফলে সেই সময়ে আইনকে সিমপ্লিফাই করতে পারেনি। ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে মারডারারও এখন বেল আছে। এখন অনেক এ্যামেণ্ডমেণ্ট করেছেন। আপনারা পানিশমেণ্ট বাড়িয়েছেন অনেক জায়গায় কিন্তু আমার প্রশ্ন হচ্ছে সমাজে যখন ধনতান্ত্রিক ব্যবস্থা রয়েছে যেখানে দুর্নীতি ক্রমশঃ বেড়ে যাচ্ছে সেখানে পানিশমেণ্ট বাড়িয়ে কি আমরা দুর্নীতি কমাতে পারবো? এই পঙ্গু সমাজ ব্যবস্থার মধ্যে কিছু করা সম্ভব নয়। ক্রমশঃ দেখা যাচ্ছে চোলাই মদ, পচা মদ চালান হচ্ছে অথচ কোন পানিশমেণ্ট হচ্ছে না। কারণ এর সঙ্গে অফিসাররা এনগেজড্ রয়েছে। প্রিভেনটিভ মেজারস্ কমে যাচ্ছে সেইজন্য আপনি চেষ্টা করছেন লোকজনকে মামলা থেকে সরিয়ে নিয়ে এসে প্রিভেনটিভ মেজারস্ কড়া করার চেষ্টা করছেন। এটা একটু ভেবে-চিন্তে দেখবেন। সুতরাং এইসব ভেবেচিন্তে একসাইসা ধরার কাজ করতে হবে। আগেকার ঊনবিংশ শতাব্দী বা বিংশ শতাব্দীর প্রথম দিকে যে কনসেপশান ছিল তাতে ফরেষ্ট গার্ডরা কিছু করতে পারতো না। তাদের আরমর্স এ্যাণ্ড ওয়েপন্স কম থাকায় ডিটেকশান করার দিক থেকে ফরেষ্ট গার্ডরা কিছু করতে পারতো না। ফরেষ্টের মাল চলে যাচ্ছে কিন্তু ফরেষ্ট গার্ডরা ধরতে পারছে না। তাদের আরমর্স নেই, সফিস্টিকেটেড ওয়েপন্স নেই, যার ফলে তারা কিছু করতে পারেনি। সেইরকম এক্সাইজ ডিপার্টমেণ্টেও দেখা যায় এই বিভাগের লোকদের ড্রেস ভালো নেই, তাদের ড্রেস দেখলেই বোঝা যায় কি করে চোলাই ধরবে এইসব ক্রিমিন্যালদের যারা দীর্ঘদিন ভেসটেড ইণ্টারেস্টের সঙ্গে জড়িত। আমাকে একজন হাইকোর্টের জজ বললেন তার বাড়ীর পাশেই মদের আড্ডাখানা বহুবার পুলিশকে কমপ্লেন করা হয়েছিল যে মদের আড্ডাখানা ভাঙ্গবার জন্য। কিন্তু কোন ফল হয়নি। সুতরাং এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় বড়লোকেরাই এই এ্যাণ্টি সোস্যালদের উস্কানি দিচ্ছে। বিশেষ করে ওই বেঞ্চের লোকেরা যারা হাইস ছেড়ে চলে গেল। সারা ভারতবর্ষ জুড়ে এদের রাজত্ব সুতরাং এই ব্যাপারে কতটুকু করতে পারবেন। সুতরাং আপনি নিশ্চয় চেষ্টা করছেন এবং করবেন তাতে কোন সন্দেহ নেই এবং আমাদের বামফ্রণ্ট সরকারের নীতি অনুসারে আমরা চেষ্টা করছি এবং করবো যতটুকু আমরা পারি। তবে প্রকাশ্যে দিনের পর দিন যেভাবে চোলাই মদ চালান হচ্ছে তাতে এই লড়াই করে কিছু হবে না। তারজন্য আপনি যতই ডিটেকশান এবং প্রিভেনশান নিন না কেন আগে আপনার বিভাগীয়

বাহিনীকে সজ্জিত করুন। এর জন্য অর্থের প্রয়োজন। সেইজন্য এক্সাইজ ডিপার্ট-মেণ্টের যে রেভিনিউ আর্নিং ডিপার্টমেণ্ট আছে তার থেকে আরো বেশী আয়ের দাবী করুন কারণ এটাই রাজ্য সরকারের একমাত্র রাস্তা। এর দ্বারাই যে টাকা পাওয়া যাবে তাতে আপনার বাহিনীকে সশস্ত্র করা যাবে।

স্যার, আমাদের দেশে যে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা রয়েছে তার ফলেই মানুষ মদ খাচ্ছে এবং শিল্পপতিরা এর সঙ্গে জড়িত আছে, ওই বেঞ্চের লোক যাঁরা আজ চলে গেছেন হাউস থেকে তাঁরাও এর সঙ্গে জড়িত আছেন। বিহাইণ্ড দি ব্যাক আমি তাঁদের সম্বন্ধে কিছু বলতে চাই না। আজকে মন্ত্রীমহাশয় যে পদক্ষেপ নিয়েছেন তারজন্য তাঁকে আমি সাধুবাদ জানাই, সমর্থন করি। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব বেশী কিছু বলার নেই। মাননীয় সদস্য অনিল মুখার্জী বলেছেন শাস্তি বাড়ছে। না, শাস্তি বাড়ছে না, কমেছে —শুধু ১টির ক্ষেত্রে বাড়ছে। গ্রাম থেকে সামান্য ২/১টি বোতল যারা নিয়ে আসে তাদের কেস্-গুলো বেলেবেল করা হয়েছে। তবে এটা দেখেছি প্রিভেনটিভ ওয়ার্ক যত বেশী বাড়ান হচ্ছে সেই অনুসারে সরকারী দোকানে বিক্রি বাড়ছে। সাপ্লাই পজিসন ভাল হবার ফলে এবং প্রোপার চেকিং হবার ফলে আগের বছরের তুলনায় গত এক বছরের মধ্যে ৬ কোটি ৫৬ লক্ষ টাকা বেশী রাজস্ব আদায় হয়েছে। প্রিভেনটিভ ওয়ার্ক পূর্বে করা হয়নি তা নয়, তবে এখন আরও ভালভাবে প্রিভেনটিভ ওয়ার্ক করবার ফলে সাপ্লাই বেড়েছে এবং ডিপার্টমেণ্ট সব দিক থেকে নজর দেওরার ফলে এই রাজস্ব বাড়ান সম্ভব হয়েছে। পেটি কেস্ থেকে সুরু করে বড় কেস্ পর্যন্ত সবগুলি নন—বেলেবেল করলে জ্যাম হয়ে যায় এবং তার ফলে জজ সাহেবরা অসুবিধায় পড়েন। সেদিক থেকে লক্ষ্য রেখে আমরা শাস্তি একটু কমিয়ে দিচ্ছি—অর্থাৎ বেলেবেল করছি। চোলাই মদ যা বাড়ছে তারজন্য যা যা করা প্রয়োজন সেই ব্যবস্থা আমরা নিচ্ছি। প্রথম ব্যবস্থা হল, অনেক জায়গায় সন্ত্রাস ঘটেছে কাজেই সেগুলো মোকাবিলা করবার জন্য আমরা ৯টি জেলায় বিশেষ সশস্ত্র বাহিনী গঠন করেছি। তাদের মাইনে একসাইজ ডিপার্টমেণ্ট দেবেন, তবে তাদের পরিচালনা করবেন হোম পুলিশ ডিপার্টমেণ্ট। ৯টি জেলায় এই যে ব্যবস্থা করা হয়েছে এটা ক্যাবিনেট এ্যাপ্রুভ করেছে এবং এটা এখন একজিকিউসনের স্টেজে রয়েছে। এটা এক্সকলুসিভলি একসাইজ ডিপার্টমেণ্টের ব্যাপার এবং আমি আগেই আপনাদের বলেছি আমরা গত ১ বছরে আগের বছরের তুলনায় ৬ কোটি ৫৬ লক্ষ টাকা বেশী আদায় করেছি। আর্মস স্কোয়াডের প্রয়োজন মেটাতে পারলে আমরা আরও উন্নতি করতে পারব। তবে এই ব্যাপারে সবচেয়ে বেশী প্রয়োজন হল রেডি ভেহিকেল। এসম্পর্কে বলতে পারি এখন আমরা প্রতি রেঞ্জে একটি করে ভেহিকেল দেবার চেষ্টা করছি। আর একটা কথা মদটা মদ কিনা সেটা এক্সাইজ ডিপার্টমেণ্ট বলে দিলে হবে না কেমিষ্ট, এক্সপিরিয়েন্সড স্পেশালিস্ট তাঁরা ল্যাবোরেটরীতে পরীক্ষা করে সার্টিফাই করলে তবে সেটা মদ বলে গ্রাহ্য হবে, তখন কোর্টের জাজ রায় দেবেন, পানিসমেণ্ট দেবেন। আর যদি না দিতে পারা যায় তাহলে খালাস হয়ে গেল। তার একটা ব্যবস্থা করার চেষ্টা করা হচ্ছে। সুতরাং কতকগুলি ব্যবস্থা আমরা নিচ্ছি, কতকগুলি ইতিমধ্যে আমরা নিয়েছি এবং কতকগুলি নেওয়ার প্রস্তাব রাখা হয়েছে।

এই অভাবগুলি পূরণ হলে আশা করব আমরা রেভেনিউ বাড়াতে পারব। ইল্লিসিট বেআইনী চোলাই মদের কারবার যেগুলি হচ্ছে এগুলিকে একেবারে আমরা কারব করতে না পারলেও অনেকটা বন্ধ করতে পারব, তাদের একটা ভয় থাকবে। সেটা হলে যারা মদ খায় তারা লিগ্যাল সোর্সে আসবে, তাতে আমাদের রেভেনিউ বাড়বে, সমাজের গলদ খানিকটা দূর হবে। এই কথা বলে বিলটা বিবেচনার্থে আমি সভার কাছে উপস্থিত করলাম।

**Mr. Speaker :** There are amendments to motion by Shri Abdul Mannan, Shri Sk. Imajuddin and Shri Kashinath Misra. As the members are not present the amendments are not moved.

**Shri Bimalananda Mukherjee :** Sir, I beg to move that the Bengal Excise (Amendment) Bill, 1983 be taken into Consideration.

**Clauses 1 to 5**

There are no amendments to clauses 1 to 5. Now I put clauses 1 to 5 to vote. The question that the Clauses 1 to 5 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 6**

**Mr. Speaker :** There is an amendment by Shri Abdul Mannan. As he is not present in the House his amendment is not moved. Now I put clause 6 to vote.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 7**

**Mr. Speaker :** There is an amendment by Shri Abdul Mannan. As he is not in the House his amendment is not moved. Now I put clause 7 to vote.

The question that Clause 7 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 8**

**Mr. Speaker :** There are amendments to Clause 8 by Shri Abdul Mannan and Shri Kashinath Misra. As the members are not present in the House the amendments are not move. Now I pute clause 8 to vote.

The question that Clause 8 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 9**

**Mr. Speaker :** There is an amendment to Clause 9 by Shri Abdul Mannan. As the member is not present his amendment is not moved. Now I put clause 9 to vote.

The question that Clause 9 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 10

**Mr. Speaker :** There are amendments to Clause 10 by Shri Kashinath Misra and Shri Abdul Mannan. The amendment no. 12 of Shri Kashinath Misra is out of order according to Rule 321 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. The amendment of Shri Abdul Mannan is not moved as the member is not present in the House. Now I put clause 10 to vote.

The question that Clause 10 do stand part of the Bill was put and agreed to.

### Clauses 11 to 14

**Mr. Speaker :** There are no amendments to Clauses 11 to 14. Now I put clauses 11 to 14 to vote.

The question that Clauses 11 to 14 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 15

**Mr. Speaker :** There is an amendment to Clause 15 by Shri Kashinath Misra.

As the member is not present in the House his amendment is not moved. Now I put clause 15 to vote.

The question that Clause 15 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 16

**Mr. Speaker :** There is no amendment to Clause 16. Now I put clause 16 to vote. The question that Clause 16 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 17

**Mr. Speaker :** There is an amendment to Clause 17 by Shri Kashinath Misra.

The amendment no. 15 of Shri Kashinath Misra is out of order as per rule 321 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. So I put clause 17 to vote.

The question that Clause 17 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 18 to 20

**Mr. Speaker :** There are no amendments to clauses 18 to 20. Now I put clauses 18 to 20 vote.

The question that clauses 18 to 20 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 21

**Mr. Speaker :** There is an amendment to Clause 21 by Shri Kashinath Misra.

The amendment no. 16 in the name of Shri Kashinath Misra is out of order as per rule 321 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. So I beg put clause 21 to vote.

The question that Clause 21 do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

There is no amendment to the Preamble. The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bimalananda Mukherjee :** Sir, I beg to move that the Bengal Excise (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed lo.

### Adjournment

The House was then adjourned at 5.36 p,m. till 1 p.m. on Friday, the 9th September, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 9th September, 1983 at 1 p.m.

**Present**

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 17 Ministers, 17 Ministers of State and 189 Members.

**Starred Question**
(to which oral answers were given )

[1-00—1-10 p.m.]

## নদীয়া জেলার বিড়ি শ্রমিকদের মজুরী

*৬৩। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩। ) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় বিড়ি শ্রমিকদের সরকার নির্ধারিত মজুরীর হার কত;

(খ) সরকার নির্ধারিত মজুরী না দেওয়ার কোন অভিযোগ সরকারের নিকট আছে কি; এবং

(গ) থাকিলে, ১৯৮২-৮৩ সালে সরকার কর্তৃক উক্ত বিষয়ে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** (ক) ১০০০ বিড়ি বাঁধার জন্য মহার্ঘ্য ভাতা সহ বর্তমান ন্যূনতম মজুরি ১৫ টা. ৫৫ প.।

(খ) না, নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মহার্ঘভাতা বলতে তিনি কি বোঝাতে চেয়েছেন

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** মহার্ঘভাতা বলতে যা বোঝায় তাই।

## রেশনের মাধ্যমে গুঁড়োমশলা, সাবান ও দেশলাই সরবরাহ

*৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৩১। ) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বর্তমানে রেশন মারফত কোন কোন জেলায় গুড়োমশলা, কাপড়কাচা ও গায়ে-মাখা সাবান এবং দেশলাই সরবরাহ করা হয়ে থাকে ?

**শ্রীঅচিন্তকৃষ্ণ রায়ঃ** (১) গুঁড়োমশলা ঃ এস. আর. এলাকার কলিকাতা, ২৪ পরগণা, হাওড়া, হুগলী, বর্ধমান।

এম. আর. এলাকায় ঃ কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিমদিনাজপুর এবং মালদহ।

(২) কাপড়কাচা সাবান ঃ এস. আর. এলাকা ঃ কলিকাতা, ২৪ পরগণা, হাওড়া, হুগলী, বর্ধমান। এম. আর. এলাকা ঃ মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া. বীরভুম, ২৪-পরগণা, হাওড়া, হুগলী, বর্ধমান, দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার।

(৩) গায়েমাখা সাবান ঃ সরল ঃ মালের সববরাহ অনুসারে পালাক্রমে পশ্চিমবঙ্গের সব জেলাতেই দেওয়ার ব্যবস্থা করা হয়। 'সোব্বা' ঃ এস. আর. এলাকায় ঃ কলিকাতা, হুগলী, হাওড়া, ২৪ পরগণা, বর্ধমান। এম. আর. এলাকা ঃ ২৪-পরগণা, হুগলী, হাওড়া, বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভুম ও মেদিনীপুর।

(৪) দেশলাই ঃ বর্তমানে কলিকাতায় এম. আর. এলাকার আই এ ওয়ান ও টু এ সরবরাহ হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এই যে গুঁড়া মশলা, কাপড় কাচা সাবান, গায়ে মাখা সাবান যে যে জেলাগুলিতে দেওয়া হচ্ছে বল্লেন, সব এলাকা এখনও কভার করা সম্ভব হয় নি—সব এলাকা কভার কোন কর্মসুচী আছে কি?

**শ্রীঅচিন্তকৃষ্ণ রায়ঃ** সব এলাকায় সরবরাহ করার চেষ্টা করা হচ্ছে। তবে যোগানের অভাব আছে—সরবরাহের অসুবিধা আছে। সরবরাহের সুযোগ সুবিধা অনুযায়ী ঐ সব জেলাগুলি কভার করা হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে দেশলাইয়ের দামের গণ্ডগোল হবার ফলে সব জেলাতে দেশলাই দিতে পারছেন না—এই রকম শোনা গেল—আমার প্রশ্ন হচ্ছে এখনও কি সেই সমস্যা আছে?

**শ্রীঅচিন্তকৃষ্ণ রায়ঃ** দাম নিয়ে সে রকম কিছু হয় নি—আমরা ১৫ পয়সা করে দেশলাই দিচ্ছি।

**শ্রীঅরুণকুমার গোস্বামীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যে জেলাতে রেসন দোকানের মারফত ঐ সমস্ত জিনিস দেবার কথা বল্লেন—কোন মালই ঐসব জেলাতে রেসন দোকান মারফত পাওয়া যায় না, একথা কি জানেন?

**শ্রীঅচিন্তকৃষ্ণ রায়ঃ** আমি যে সব জেলার নাম করেছি, এই রকম কোন জায়গায় পাওয়া যাচ্ছে না, আপনার যদি এই রকম খবর থাকে তাহলে আমাকে জানাবেন, আমি ব্যবস্থা নেব।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়াঃ** বিভিন্ন জেলায় যে গুঁড়ো মশলা, সাবান ইত্যাদি দেওয়া হচ্ছে, যে জেলাগুলোর নাম বলা হলো, সেই জেলাগুলোর সমস্ত মানুষই কি এই সব জিনিস পাচ্ছে?

**শ্রীঅচিন্তকৃষ্ণ রায়ঃ** সমগ্র জেলাতে সরবরাহ করা সম্ভব হচ্ছে না, তবে যে থানাগুলোতে ট্রান্সপোর্টের সুবিধা রয়েছে, সরবরাহ করার অনুকুল ব্যবস্থা আছে, সেই সব জায়গায় দিচ্ছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় এম. আর. এলাকায় গুঁড়ো মশলা, কাপড় কাচা সাবান সরবরাহের ক্ষেত্রে যে সব জেলার নাম করলেন, তাতে দেখা যাচ্ছে বাঁকুড়া এবং পুরুলিয়া কমন থেকে যাচ্ছে। নদীয়া, পুরুলিয়া বাদ পড়লো কেন? কোন জেলাতে গুঁড়ো মশলা, কোন জেলাতে কাপড় কাচা সাবান, এই রকম করে সমস্ত জেলাকে কভার করা যায় না?

**শ্রীঅচিন্ত্যকৃষ্ণ রায় :** সমস্ত জেলার সব জায়গায় যাতে দিতে পারি, তার চেষ্টা হচ্ছে।

## ডাক্তারের শূন্যপদ

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিমবাংলায় ডাক্তারের কতগুলি পদ খালি আছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** ২৩১টি

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ডাক্তারের পদ যে শূন্য পড়ে রয়েছে হাসপাতালে, এর কারণ কি? ডাক্তার পাওয়া যাচ্ছে না, অথবা অন্য কিছু?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** আমরা পাবলিক সার্ভিস কমিশনের লিস্ট অনুযায়ী ডাক্তারের এ্যাপয়েন্টমেণ্ট দিই। আমাদের যতগুলো শূন্য পদ আছে, সেই সংখ্যাটা পি. এস. সি. কে জানাই। তারা একটা লিস্ট পাঠিয়ে দেন, সেই লিস্ট অনুসারে ডাক্তারের এ্যাপয়েণ্টমেণ্ট হয়। যারা জয়েন করলো, ততগুলো শূন্য পদ ভর্তি হলো, যারা জয়েন করলো না, ততগুলো ভ্যাকান্সি থেকে গেল। তখন আবার আমাদের নূতন করে পি. এস. সি.'র কাছ থেকে নূতন লিস্ট চাইতে হয়, এই ভাবে চলছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, মাঝে মাঝে আই. এস. এ.-র পক্ষ থেকে জানানো হচ্ছে যে পশ্চিলবাংলায় ডাক্তারের কোন অভাব নেই। অথচ পশ্চিমবাংলায় বিভিন্ন গ্রামাঞ্চলে ডাক্তার নিয়োগ হচ্ছে না।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** পাবলিক সার্ভিস কমিশনের যে লিস্ট তৈরী হয় ডাক্তার নিয়োগের জন্য, সেই লিস্ট অনুযায়ী এ্যাপয়েণ্টমেণ্ট হয়। লিস্ট একজস্ট করে যাবার পর যারা রয়েছেন তাদের কথা চিন্তা করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গ্রামের হেল্‌থ সেণ্টারে আপনাদের কমরেডদের অত্যাচার এবং মার খাবার ভয়ে ডাক্তাররা জয়েন করতে চাইছেন না, এটা কি সত্য?

**মিঃ স্পীকার :** এটা প্রশ্ন হতে পারে না।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** ডাক্তারের অভাবে জন্য এই বামফ্রণ্ট সরকার ডাক্তারীর শর্ট কোর্স চালু করলেন, কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি, ডাক্তাররা চাকরি চাইছেন, অথচ সরকার তাদের চাকরি দিতে পারছেন না, অথচ গ্রামে ডাক্তারের পদ খালি থাকছে বলছেন, এটা কি কারণে হচ্ছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমি তো বললাম, আমরা ডাক্তারের শূন্য পদের জন্য পাবলিক সার্ভিস কমিশনের কাছে নাম চেয়েছি, তারা আমাদের লিস্ট পাঠিয়েছেন, সেই লিস্ট আমাদের কাছে আছে, তার থেকেই এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** পশ্চিমবাংলার অনেক উপস্বাস্থ্য কেন্দ্রে একটিও ডাক্তার নেই, এই ধরণের কোন সংবাদ আপনার কাছে আছে কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমি তো আগেই বলেছি যে আমাদের হাতে এখন ২৩১টি শূন্য পদ আছে, যার এগেনস্ট আমরা এ্যাপয়েণ্টমেণ্ট দিচ্ছি।

## মণ্ডল কমিশন

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৭।) **শ্রীমনোহর তিরকী ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত "মণ্ডল কমিশন অন ব্যাকওয়ার্ড ক্লাসেস"-এর নিকট পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কোন সুপারিশ পেশ করেছেন কি; এবং

(খ) বর্তমানে এ রাজ্যে সরকারী চাকুরীর ক্ষেত্রে তফসিলি ও আদিবাসিগণ কি ধরণের বিশেষ সুবিধা পেয়ে থাকেন ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** (ক) না।

(খ) বিভিন্ন রাজ্য কর্তৃক ও পদের ক্ষেত্রে শূন্য পদের পনেরো শতাংশ তফসিলী সম্প্রদায়ের প্রার্থীদের জন্য এবং পাঁচ শতাংশ আদিবাসী প্রার্থীদের জন্য আইনবলে সংরক্ষিত। এই সংরক্ষণ সরাসরি নিয়োগ ও পদন্নোতি উভয় ক্ষেত্রেই প্রযোজ্য। সংরক্ষণ ছাড়াও তফ্সিলী জাতি ও আদিবাসি প্রার্থীদের মেধার ভিত্তিতে সরাসরি নিয়োগেরও সুযোগ আছে।

সরকারি চাকরিতে প্রবেশকালীন উর্ধতম নির্ধারিত বয়সসীমা ঐ দুই সম্প্রদায়ের প্রার্থীদের ক্ষেত্রে পাঁচ বছর শিথিলযোগ্য।

এছাড়া, চাকরিতে নির্বাচনের জন্য যেসব প্রতিযোগিতামূলক পরীক্ষা নেওয়া হয় তাতে সাধারণ প্রার্থীদের জন্য নির্ধারিত ফি-এর এক চতুর্থাংশ ফি মাত্র তফ্সিলী জাতি ও আদিবাসী প্রার্থীদের দিতে হয়। প্রতিযোগিতামূলক পরীক্ষায় ঐ দুই সম্প্রদায়ের প্রার্থীদের তাঁদের জন্য নির্ধারিত বয়ঃসীমার মধ্যে যতোবার ইচ্ছা বসার সুযোগ রয়েছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** আপনি বললেন সরকারী চাকরির ক্ষেত্রে ১৫ ভাগ এবং ৫ ভাগ সংরক্ষণের ব্যবস্থা আছে। শিক্ষাক্ষেত্রেও কি বিভিন্ন ইউনিভার্সিটিতে এই সংরক্ষণের ব্যবস্থা আছে ?

**ডাঃ শম্ভুনাথ মানণ্ডি ঃ** আছে।

## Demand of employees of Ananda Bazar Patrika

*68. (Admitted question No. *306.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the State Government has any information about the demand of employees of Ananda Bazar Patrika Group of Publications for a 'Pension Scheme' for the employees ; and

(b) if so—

(i) what are the demands ;

(ii) the names of publications and newspapei establishments in West Bengal who have Pension Schemes for employees ; and

(iii) what action the State Government has taken or is contemplating in the matter ?

**Shri Santi Ranjan Ghatak** : (a) Yes.

(b) (i) Introduction of suitable Pension scheme.

(ii) None.

(iii) Neither the management nor the union has raised any dispute before government over the issue. So the question of taking action does not arise.

[1-10—1-20 p.m.]

**শ্রীআবদুল মান্নান ঃ** এটা কি সত্য যে, আনন্দবাজার পত্রিকা সরকারী তোষামোদ করতে না পারার জন্য তার বিরুদ্ধে আন্দোলনের ডাক দেওয়া হয়েছিল ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** এই প্রশ্ন ওঠে না।

**শ্রীআবদুল মান্নান ঃ** সরকারের কাছে যখন ইনফর্মেসন ছিল যে আন্দোলনের ডাক দেওয়া হচ্ছে তখন সরকারের পক্ষ থেকে কি কিছু বলা হয়েছিল যেহেতু অন্যান্য পত্রিকায় এই ব্যবস্থা নেই, অতএব এই ইসুতে আন্দোলন করার প্রয়োজন নেই ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** এটা অপ্রাসঙ্গিক প্রশ্ন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ডিমাণ্ডগুলি কার্যকরী করার জন্য সরকারী তরফ থেকে কি ষ্টেপ নেওয়া হয় ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** নিয়ম হচ্ছে ফর্ম্যাল ডিসপিউট দেখা দিলে সরকারী যে যন্ত্র আছে তারা এটা মুভ করবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** এটা কি সত্য যে, আনন্দবাজার পত্রিকা ছিল বলেই সরকারী তরফ থেকে সিটুকে এই ষ্ট্রাইক করতে মদত দেওয়া হয়েছিল ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** এটা অপ্রাসঙ্গিক প্রশ্ন।

**Mr. Speaker :** Starred questions was 69 and 74 will be taken together.

## রাজ্য সরকারের জন্য সিমেন্টের কোটা বরাদ্দের পরিমাণ

*৬৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৮৪ )। **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-র জানুয়ারী হইতে ১৯৮৩-র জুন পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের জন্য কেন্দ্রের নিকট হইতে কি পরিমাণ সিমেণ্ট কোটা বরাদ্দ ছিল ;

(খ) উক্ত বরাদ্দ কোটার মধ্যে কত পরিমাণ সিমেণ্ট কেন্দ্র হইতে পাওয়া গিয়াছে ; এবং

(গ) বিগত ১৯৮০ সাল হইতে ১৯৮৩-র জুন পর্যন্ত কত বার সিমেণ্টের মূল্যবৃদ্ধি হইয়াছে এবং কি পরিমাণ মূল্যবৃদ্ধি হইয়াছে ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় ঃ** (ক) কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে ত্রৈমাসিক ভিত্তিতে সিমেণ্ট বরাদ্দ করে থাকেন। সেই হিসেবে ১৯৮২-র জানুয়ারী থেকে ১৯৮৩-র জুন পর্যন্ত পাশ্চমবঙ্গ সরকারের জন্য কেন্দ্রের বরাদ্দের পরিমাণ—

| | |
|---|---|
| জানুয়ারী '৮২ হইতে মার্চ '৮২ | ২,৪৪,০০০ টন |
| এপ্রিল '৮২ হইতে জুন '৮২ | ১,৪৬,৩৭০ ,, |
| জুলাই '৮২ হইতে সেপ্টেম্বর '৮২ | ১,৪৬,৩৭০ ,, |
| অক্টোবর '৮২ হইতে ডিসেম্বর '৮২ | ১,৪৬,১৭০ ,, |
| জানুয়ারী '৮৩ হইতে মার্চ '৮৩ | ১,৪৬,৩৭০ ,, |
| এপ্রিল '৮৩ হইতে জুন '৮৩ | ১,৫৬,২৭০ ,, |
| মোট | ৯,৮৫,৫৫০ মেঃ টন |

(খ) উপরিউক্ত বরাদ্দের পরিপ্রেক্ষিতে প্রকৃত সরবরাহের পরিমাণ—

| | |
|---|---|
| জানুয়ারী '৮২ হইতে মার্চ '৮২ | ২,০৭,৭১৫ টন |
| এপ্রিল '৮২ হইতে জুন '৮২ | ১,১৯,৫১৮ ,, |
| জুলাই '৮২ হইতে সেপ্টেম্বর '৮২ | ৭৮,৪৫২ ,, |
| অক্টোবর '৮২ হইতে ডিসেম্বর '৮২ | ৭৯,৫২৯ ,, |
| জানুয়ারী '৮৩ হইতে মার্চ '৮৩ | ৯১,৩১২ ,, |
| এপ্রিল '৮৩ হইতে জুন '৮৩ | ৮১,৮৯২ ,, |
| মোট | ৬,৫৮,৪১৮ মেঃ টন |

(গ) নয়বার বৃদ্ধি করা হইয়াছে।

| তারিখ | এফ. ও. আর. দাম (প্রতি টন হিসাবে) |
|---|---|
| ১.১.৮০ | ৪৫৪.১৩ |
| ১৮.৬.৮০ | ৪৫৫.৯৭ |
| ২৪.৭.৮১ | ৫৩২.৫৩ |
| ১.১০.৮১ | ৫৩৬.০৯ |
| ১.১.৮২ | ৫৪০.১৯ |
| ২৮.২.৮২ | ৬৪২.৮৪ |
| ১.৭.৮২ | ৬৪৬.১০ |
| ১.১০.৮২ | ৬৫১.৪৮ |
| ১.১.৮৩ | ৬৫৩.৮৮ |
| ১.৩.৮৩ | ৭২৩.৮৮ |

## কেন্দ্রীয় সরকার কর্তৃক সিমেণ্ট সরবরাহ ও ঘাটতির পরিমাণ

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৮।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের মার্চ মাস হইতে জুলাই পর্যন্ত পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকার কর্তৃক সিমেণ্টের সরবরাহ ও ঘাটতির পরিমাণ কত ; এবং

(খ) ঘাটতি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় :** (ক) মার্চ হইতে জুলাই '৮৩ পর্যন্ত পশ্চিমবঙ্গে লেভী সিমেণ্টের সরবরাহের পরিমাণ ছিল ১,৪০,২৩০ মেঃ টন। উক্ত সময়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক এই রাজ্যের জন্যে লেভী সিমেণ্টের বরাদ্দ ছিল মার্চ মাসের জন্য ৪৮,৭৯০ মেঃ টন ( গড় হিসাবে ), এপ্রিল-জুন এর জন্যে ১,৫৬,২৭০ মেঃ টন এবং জুলাই মাসের জন্যে ৫২,০৯০ মেঃ টন ( গড় হিসাবে ), সর্বমোট ২,৫৭,১৫০ মেঃ টন। সুতরাং মার্চ হইতে জুলাই পর্যন্ত কেন্দ্রীয় বরাদ্দের তুলনায় এ রাজ্যে লেভী সিমেণ্টের সরবরাহে ঘাটতির পরিমাণ ছিল ১,১৬,৯২০ মেঃ টন।

(খ) কারখানাগুলি তাহাদের উপর বরাদ্দকৃত লেভী সিমেণ্টের পুরোটাই যাহাতে পশ্চিমবঙ্গে সরবরাহ করেন তাহার জন্য কারখানাগুলির প্রতিনিধিগণ এবং কেন্দ্রীয় সরকারের স্থানীয় অফিসারদের সঙ্গে নিয়মিত বৈঠক করা হয়। কেন্দ্রীয় সরকারকেও বারবার অনুরোধ করা হয়েছে যাতে কারখানাগুলি নিয়মিতভাবে পশ্চিমবঙ্গে লেভী সিমেণ্ট সরবরাহ করেন।

চতুর্থ কোয়ার্টারের জন্যে অর্থাৎ অক্টোবর-ডিসেম্বর '৮৩ এর জন্যে অতিরিক্ত ১ লক্ষ মেঃ টন এককালীন লেভী সিমেণ্টের বরাদ্দের জন্যে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানানো হয়েছে যাতে করে পূর্বেকার সরবরাহের ঘাটতির জন্যে ব্যহত উন্নয়ণমূলক কাজ ত্বরান্বিত করা যায়।

এ ছাড়া পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ সংস্থার মাধ্যমে ১৯৮৩-৮৪ সালে এখনও পর্যন্ত ৮১,১৭২ মেঃ টন সিমেণ্ট বিদেশ থেকে আমদানী করা হয়েছে।

[1-20—1-30 p.m.]

**শ্রীব্রজগোপাল নিয়োগী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কি উত্তর পাওয়া গেছে ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় :** উত্তর কিছু পাওয়া যায়নি। আমরা সিমেণ্ট চেয়েছি। সিমেণ্ট না নিয়ে তারা জানিয়েছেন যে তাদের অবস্থা খারাপ, তারা কোন রাজ্যকেই দিতে পারছেন না।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কারখানাগুলির সঙ্গে নিয়মিত বৈঠক হবার পরেও যে সমস্ত পারমিটেড সিমেণ্ট ইস্যু করা হয়েছে, কারখানাগুলি সেই সিমেণ্ট নিয়মিত সরবরাহ করছে কি না অর্থাৎ পারমিট দেবার পরে ডি. ও. কাটার পরে কারখানাগুলি থেকে এই সিমেণ্ট পাওয়া যাচ্ছে কিনা এবং সরকারের কোন খবর আছে কি না ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় :** কারখানাগুলিকে যে পরিমাণ পারমিট সরবরাহ করার জন্য দেওয়া হয়, তারা তাদের উৎপাদন অনুযায়ী ডি. এম. অনুযায়ী দিয়ে থাকেন। উৎপাদন কম হবার জন্য তারা অনেক সময়ে সরবরাহ করতে পারেন না বলে জানিয়েছেন।

**শ্রীতারাপদ সাধুখাঁ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি এই খবর রাখেন যে অত্যাবশ্যক পণ্য সরবরাহের কাজে কোটি কোটি টাকা জমা দিয়েও ডিলাররা এই লেভী সিমেণ্ট আমদানী করতে পারছেন না, এই বিষয়ে আপনার বক্তব্য কি ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় :** এই প্রশ্ন আসে না।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে এই লেভী সিমেণ্ট সরকার কি ভাবে ডিস্ট্রিবিউট করছেন ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় :** লেভী সিমেণ্ট দেবার একটা পদ্ধতি আছে। সেটা হচ্ছে, কলকাতা বা জেলাগুলিতে ভাগ করে দেওয়া হয় অর্থাৎ উন্নয়ন মূলক কাজের জন্য কি পরিমাণ হবে, যারা ঘরবাড়ী তৈরী করবেন তাদের জন্য কি পরিমাণ হবে — এই ভাবে অত্যাবশ্যক পণ্য সংস্থা সরবরাহ করে থাকেন।

**শ্রীদীপক সেনগুপ্ত :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে এর আগে ৯ বার সিমেণ্টের দাম বেড়েছে। মহারাষ্ট্রের আন্তুলে সিমেণ্টকে কেন্দ্র করে যে বাড়তি দাম নিয়েছিলেন, তারপরে কি পরিমাণ দাম বেড়েছে সেটা জানাবেন কি ?

**মিঃ স্পীকার :** এটা হবে না।

**শ্রীদীপক সেনগুপ্ত :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ঐ পিরিয়ডের পরে কত দাম বেড়েছে ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় :** আমি এইটুকু বলতে পারি যে কেন্দ্রীয় সরকার দাম বৃদ্ধির জন্য আমাদের জানান। এর কারণ হচ্ছে যারা একচেটিয়া মালিক তারা দাবী করেন এবং সেই অনুযায়ী মাঝে মাঝে এই সিমেণ্টের দাম বাড়িয়ে থাকেন।

*৭০। ( হেল্ড ওভার )

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সেসানের আগের সেসানে বি. এ. কমিটিতে এটা ঠিক হয়েছিল যে কোয়েশ্চেন, এ্যানসারের ব্যাপারে আপনি অনেক লিবারেল হবেন এবং সম্ভাব্য যতগুলি কোয়েশ্চেন-এ্যানসার দেওয়া সম্ভব হবে তাই দেওয়া হবে। এই সম্পর্কে আমি আপনাকে একটা কথা বলতে চাই। আপনি রেকর্ড দেখবেন, আমি কোন চার্জ করছি না, এটা হাউসের প্রিভিলেজ — এটা কংগ্রেস, কমিউনিস্ট পার্টি বলে কিছু নয়। কোয়েশ্চেন-এ্যানসারে যদি পুরো সময় না পাওয়া যায় এবং তার সাপ্লিমেণ্টারী যদি যথেষ্ট পরিমানে না হয় তাহলে এর কোন অর্থ হয় না। শুধু মাত্র মন্ত্রী রিপ্লাই দিলেই যদি যথেষ্ট হয় তাহলে এটা টেবিলে দিলেই হয়, সাপ্লিমেণ্টারী দরকার হয় না। এটাকে পারপাজফুল করার জন্য আপনার কাছে আবার বলছি। যদি এতে সংখ্যা কমে যায় তো যাক কিন্ত সাপ্লিমেণ্টারী যথেষ্ট পরিমাণে এ্যালাউ করা দরকার আছে। আপনার কাছে অনুরোধ করছি যে আপনি যথেষ্ট পরিমাণে সাপ্লিমেণ্টারী এল্যাউ করুন। তা যদি না করেন তাহলে এটা মিনিংলেস হয়ে যায়। প্রত্যেকবারে ১৫/২০ মিনিট সময় বাচালে চিফ মিনিস্টার বা অন্যরা আপনাকে বাহবা দিতে পারে কিন্তু তাতে হাউসের মর্যাদা রক্ষিত হয় না।

**মিঃ স্পীকার :** আমি আগেও আলোচনা করেছি এবং আবারও আলোচনা করতে রাজী আছি। আমি বলেছিলাম যে আপনারা যদি Lok Sobha procedure adopt করতে চান তাহলে আমার সঙ্গে বসুন। এতে ১০টার বেশী প্রশ্ন আসবে না।

কিন্তু কিছু কিছু সদস্য বলেন যে সামান্য কয়দিনের সেসানে ১০টা করে প্রশ্ন হলে সকলে সুযোগ পাবে না। এটা যদি আবার করতে চান তাতে আমি রাজি আছি। অনেক সদস্য অনেক প্রশ্ন দেয়, হাজার হাজার প্রশ্ন বছরে আসে। সব প্রশ্ন যদি আমাকে এ্যাকোমডেট করতে হয় তাহলে এই ভাবে করা ছাড়া অন্য কোন গতি নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** স্যার গতবারেও এখানে একজন স্পীকার ছিলেন এবং আমিও সদস্য ছিলাম, আপনিও সদস্য ছিলেন। আপনি নিশ্চয়ই জানেন গতবার এবারের চেয়ে অনেক বেশী প্রশ্ন নিয়ে এখানে আলোচনা হয়েছে। আপনি লোকসভার কথা বললেন, কিন্তু আপনি নিশ্চয়ই জানেন সেখানেও মাত্র ১০টি প্রশ্ন নিয়েই আলোচনা হয় না।

**মিঃ স্পীকার :** আমি এ বিষয়ে আপনাদের সঙ্গে আলোচনা করতে রাজী আছি। I would adopt a measure so that all the members may get the benefit.

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** বিরোধী দলের সদস্যরা বেশী প্রশ্ন করেন এবং এটাই স্বাভাবিক। সুতরাং তাঁরা যখন প্রশ্ন করেন তখন তাঁরা সঠিক জবাবও চান এবং তার জন্যই অতিরিক্ত প্রশ্ন করার প্রয়োজন হয়।

**মিঃ স্পীকার :** ঠিক আছে, আমি আপনাদের সকলের সঙ্গে বসে এবিষয়ে আলোচনা করব।

## হোটেল ও রেষ্টুরেণ্ট কর্মচারীদের জন্য ই. এস. আই. স্কীম চালুর পরিকল্পনা

***৭১।** ( অনুমোদিত প্রশ্ন নং *৭১১। ) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যানটিন, হোটেল ও রেস্টুরেণ্ট কর্মচারীদের ক্ষেত্রে ই. এস. আই. স্কীম চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) হলদিয়ায় ই. এস. আই. হাসপাতাল নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক :** (ক) কুড়িজন অথবা তদুর্দ্ধসংখ্যক হোটেল ও রেস্টুরেণ্ট কর্মচারীদের ক্ষেত্রে ই. এস. আই. স্কীম ১৯৭৬ সালের ৫ই জুন হইতে চালু করা হইয়াছে।

ক্যানটিন কর্মচারীদের ক্ষেত্রে এই স্কীম চালু করার কোনো পরিকল্পনা আপাতত নাই।

(খ) ভবিষ্যতে হলদিয়ার ই. এস. আই. স্কীম চালু করার পরিকল্পনা সরকারের আছে। উক্ত স্থানে ই. এস. আই. স্কীম চালু হওয়ার পরেই সেখানে হাসপাতাল নির্মাণের প্রশ্ন উঠিতে পারে।

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় 'খ' প্রশ্নের উত্তরে বললেন যে, ভবিষ্যতে হলদিয়ায় ই. এস. আই. স্কীম চালু করার পরিকল্পনা আছে এবং তার পরে হাসপাতাল নির্মাণের প্রশ্ন উঠবে। আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে স্পষ্ট করে জানতে

চাইছি যে, হলদিয়া একটা ইণ্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স, সুতরাং তিনি স্পেসিফিক করে বলুন কত দিনের মধ্যে ওখানে হাসপাতাল চালু করবেন ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** এ বিষয়ে আমরা বর্তমানে তিনটি জায়গায় প্রাথমিক কাজ শুরু করেছি, (১) দুর্গাপুর, (২) শিলিগুড়ি, (৩) হলদিয়া। এই তিনটি জায়গার এই জাতীয় সমস্ত কাজ শেষ করতে ২/১ বছর সময় লাগবে।

## এফ সি আই কর্তৃক খাদ্যশস্য সংগ্রহের পরিমাণ

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭।) **শ্রীউপেন্দ্র কিস্কু ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৮৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত এফ সি আই যে পরিমাণ খাদ্যশস্য সংগ্রহ করেছিল রাজ্য সরকারের নিকট তাহার কোন তথ্য আছে কি ?

**শ্রীঅচিন্ত কৃষ্ণ রায় ঃ** ১৯৮০ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৮৩ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত এফ. সি. আই পশ্চিমবঙ্গে ২,৬২,৬৫৩ মেঃ টন (চালের হিসাবে) সংগ্রহ করিয়াছেন।

## মুর্শিদাবাদ জেলার সদর ও মহকুমা হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকের শূন্য পদ

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৭।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সদর, নিউ জেনারেল এবং অন্য তিনটি মহকুমা হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকের কতগুলি পদ খালি আছে এবং সেগুলি পূরণের বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ;

(খ) ১৯৮২-৮৩ সালে উপরোক্ত হাসপাতালগুলিতে জীবনদায়ী ঔষধ এবং জরুরী প্রয়োজনে স্থানীয়ভাবে ঔষধ ক্রয়ের জন্য কি পরিমাণ টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(গ) (১) উক্ত জেলায় চীফ মেডিক্যাল অফিসার ও মহকুমা হাসপাতালগুলিতে মহকুমা মেডিকেল অফিসারের কোন পদ খালি আছে কি ; ও (২) থাকলে, সেগুলি পূরণের কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কি ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** (ক) সদর হাসপাতালে এবং নিউ জেনারেল হাসপাতালে কোন বিশেষজ্ঞ চিকিৎসকের পদ খালি নেই। কান্দি, জঙ্গীপুর ও লালবাগ মহকুমা হাসপাতালের প্রত্যেকটিতে রেডিও লজিস্ট, প্যাথলজিস্ট এবং এ্যানাসথেটিস্ট এর পদ খালি আছে। পদগুলি পূরণের যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(খ) ১৯৮২-৮৩ সালে "মেটিরিয়াল এণ্ড সাপ্লাইজ" শীর্ষক খাতে মোট ২৪ লক্ষ ৭১ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

(গ) (১) চীফ্ মেডিকেল অফিসারের এবং শুধু মাত্র লালবাগ মহকুমা হাসপাতালের এস্. ডি. এম. ওর পদখালি আছে।

(২) উক্ত পদগুলি পূরণের যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন যে, চীফ্ মেডিকেল অফিসারের মত গুরুত্বপূর্ণ পদ দীর্ঘ দিন ধরে খালি পড়ে আছে, সুতরাং সে ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** ডাক্তারদের বদলি করার বিষয়ে আমাদের যে পলিসি আছে সেই পলিসি নিয়ে হেল্থ সার্ভিস এ্যাসোসিয়েসনের সঙ্গে আলোচনা হয়েছে। আমরা একটা নীতির উপর দাঁড়িয়ে পরিবর্তন বা বদলি করতে চাইছি, তাই একটু দেরি হচ্ছে। আমরা এ বিষয়ে সমস্ত কাজ শেষ করে এনেছি, খুব তাড়াতাড়ি পদগুলি পূরণ করব।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** বিভিন্ন সদর বা মহকুমা হাসপাতালে যে লোকাল পার্চেস হয় সেই লোকাল পার্চেসের পদ্ধতি কি, সেটা কি মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** এ ব্যাপারে মাননীয়া সদস্যা যদি পূর্ণ নোটিশ দেন তাহলে আমি তাঁকে সমস্ত ব্যাপারটা জানাতে পারব। তবুও যতটুকু আমার স্মরণ আছে ততটুকু তাঁকে জানাচ্ছি। এ্যাপ্রুভড্ লিস্ট থাকে এবং সেই লিস্ট দেখে পার্চেস করা হয়। কখনো কখনো লোকাল টেণ্ডার ডেকে লোকাল পার্চেস করা হয় এবং ইমার্জেন্সীর ক্ষেত্রে লোকাল পার্চেস করা হয়।

[1-30—1-40 p.m.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি 'খ' প্রশ্ন প্রসঙ্গে জানতে চাইছি যে, বিভিন্ন হাসপাতালে—বহরমপুর সদর হাসপাতাল থেকে সুরু করে—সমস্ত নিউ জেনারেল হাসপাতালগুলিতে এ্যাণ্টি র‍্যাভিস ভ্যাকসিন এবং কার্ডিন্যাল এইসব ঔষধপত্র পাওয়া যাচ্ছে না। বিশেষ করে এ্যাণ্টি র‍্যাভিস ভ্যাকসিন একবারে পাওয়া যাচ্ছে না। এইগুলি সরবরাহ করার জন্য কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এ্যাণ্টি র‍্যাভিস ভ্যাকসিনের ব্যাপারে প্রোডাকসনে এবং সাপ্লাইয়ের দিকটা আমরা দেখছি। আর ফারারিয়রিটল যে ওষুধগুলি, সেগুলি কেন্দ্রীয় সরকার অন্তর্ভুক্ত করেছেন। স্বভাবতঃই প্রসিডিওরের ব্যাপার আছে। উই আর কিপিং ক্লোজ ওয়াচ অন দি সিচুয়েসন।

## মেদিনীপুর গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা

***৭৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৯৯। ) শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ষষ্ঠ পরিকল্পনাকালে কয়টি গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা আছে ;

(খ) কোন্ কোন্ ব্লকে ওগুলি স্থাপন করা হবে ; এবং

(গ) কবে নাগাদ উহার কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) ও (খ) যে স্বাস্থ্যকেন্দ্রগুলি চালু করার আদেশ দেওয়া হয়েছে সেগুলির নাম ও ব্লকের নাম নীচে দেওয়া হল ঃ

| গ্রামীন হাসপাতাল | ব্লকের নাম |
|---|---|
| ১। বাসুলিয়া | মহিষাদল ২ নং |
| **প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র** | |
| ১। মাজনা | কাঁথি ১ নং |
| ২। খেজুরবেরিয়া | মহিষাদল ১ নং |
| ৩। গঙ্গাধরবাড় | এগরা ২ নং |
| ৪। গড়ময়না | ময়না ১ নং |
| ৫। নন্দীগ্রাম | নন্দীগ্রাম ১ নং |
| **উপ-স্বাস্থ্যকেন্দ্র** | |
| ১। পীরাকাটা | শালবনি |
| ২। ভূরুঙ্গি | দাঁতন ১ নং |
| ৩। বড়ঘুনি | নন্দীগ্রাম ৩ নং |
| ৪। শ্যামপুর | এগরা ২ নং |
| ৫। ঘোটসণ্ডা ( বেগুলিয়া ) | মোহনপুর |
| ৬। কাসবাগোলা | এগরা ১ নং |

এছাড়া ষষ্ঠ পরিকল্পনা কালে ইতিমধ্যে এই স্বাস্থ্য কেন্দ্রগুলির নির্মান অনুমোদিত হয়েছে ( ব্লকের নাম পাশে দেওয়া হল ) ঃ

| প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | |
|---|---|
| ১। সোনাখালি | দাশপুর ২ নং |
| ২। বাসন্তিয়া | কাঁথি ২ নং |
| **উপ-স্বাস্থ্যকেন্দ্র** | |
| ১। সেকেন্দারী | দাশপুর ১ নং |
| ২। উত্তর ধলহারা | তমলুক ২ নং |
| ৩। রাজনগর | দাঁতন ১ নং |
| ৪। কেলোমাল | তমলুক ১ নং |
| ৫। দক্ষিণ গুমাই | মহিষাদল ১ নং |
| ৬। মহেশপুর | নন্দীগ্রাম ১ নং |
| ৭। গোখুরি | নন্দীগ্রাম ৩ নং |
| ৮। আমদাবাদ | নন্দীগ্রাম ২ নং |
| **গ্রামীন হাসপাতাল** | |
| ১। সাবং | সাবং |

এছাড়া গড়বেতা ১ নং বুকে নোহারি উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং চন্দ্রকোনা ১ নং বুকে জারা উপ-স্বাস্থ্যকেন্দ্র শীঘ্রই চালু করার আদেশ দেওয়া হবে। এছাড়া নিম্নলিখিত স্থানগুলিতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনা করে দেখা হচ্ছে ঃ

গ্রামীন হাসপাতাল

| | |
|---|---|
| ১। ভগবানপুর | ভগবানপুর ১ নং |
| ২। বিনপুর | বিনপুর ১ নং |
| ৩। এগরা | এগরা ১ নং |

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

| | |
|---|---|
| ১। বারগাছিপুর | সুতাহাটা ২ নং |
| ২। চেকুয়া | সুতাহাটা ১ নং |

উপ-স্বাস্থ্যকেন্দ্র

| | |
|---|---|
| ১। শিউলিপুর | ভগবানপুর ১ নং |

(গ) সঠিক বলা সম্ভব নয়।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি — বর্তমানে যে সমস্ত প্রাইমারী হাসপাতাল আছে যেগুলিতে ইতিমধ্যে ৫০, ৬০ এবং ৭০ বেড হয়ে গেছে সেগুলিকে গ্রামীন স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার বিষয় ভাবছেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** সমস্তই প্রাথমিক চিকিৎসার ব্যাপার। সাব-সিডিয়ারী হেল্থ সেণ্টার, প্রাইমারী হেল্থ সেণ্টারগুলিকে গ্রামীন স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার ক্ষেত্রে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কোন স্কীম নেই। আমরা সেই স্কীম ফিডিং করার চেষ্টা করছি যে কোন কোন হাসপাতালকে উন্নতি করতে হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি আপনি যখন স্বাস্থ্যকেন্দ্রগুলির নাম পড়ছিলেন তখন তার মধ্যে সবংয়ের নামও ছিল। তাই আপনার অবগতির জন্য জানাচ্ছি যে গত সেসনে এই কথা জিজ্ঞাসা করায় আপনি উত্তর দিয়েছিলেন যে খুব শীঘ্রই কাজ সুরু হবে। কিন্তু এখন বিন্দুমাত্র কাজ সুরু হয়নি। এই ব্যাপারে কি কি পদক্ষেপ নিয়েছেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** সংবাদপত্রে দেখে থাকবেন এই ব্যাপারে, নির্দিষ্ট সময়ে কাজ শেষ করবার আমরা চেষ্টা করছি এবং তার জন্য যেখানে যেখানে করা হবে সেগুলি চিহ্নিত করে কাজ সুরু করছি।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে উত্তর দেবেন কি — চিহ্নিত করতে এক বছর সময় লেগে যায় কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** হাসপাতালগুলি চিহ্নিত করতে নয়, অসুবিধাগুলি নানা জায়গায় নানা অসুবিধা আছে আপনি স্পেশিফিক জানতে চাইলে আপনাকে জানিয়ে দেব। ইউ রাইট এ লেটার টু মি, আই উইল রিপ্লাই।

*76. Held over.

### শ্রীরামপুর টি. বি. হাসপাতাল অধিগ্রহণ

*৭৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৭৭। ) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলা টি. বি. অ্যাসোসিয়েশন পরিচালিত শ্রীরামপুর টি. বি. হাসপাতালটি সরকার অধিগ্রহণ করিয়াছেন কি ; এবং

(খ) গ্রহণ না করিয়া থাকিলে, কবে নাগাদ ইহা গ্রহণ করা হইবে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) না।

(খ) অদূর ভবিষ্যতে গ্রহণ করা হইবে। সঠিক তারিখ বলা সম্ভব নয়।

**শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** আপনি কি বললেন বুঝতে পারলাম না। অনুগ্রহ করে জানাবেন কি এটা নেওয়া হবে কি না ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** টেক ওভার করতে গেলে অনেকগুলো দিক দেখার আছে। এ সম্বন্ধে অনেক প্রবলেমও থাকে। আমরা বলছি যে এটা টেক ওভার এখনই করতে পারছি না।

**শ্রীঅরুণকুমর গোস্বামী ঃ** এটা টেক ওভার করা হবে কি না জিজ্ঞাসা করছি।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমি বলছিলাম টেক ওভারের ব্যাপারটা আমরা সক্রিয়ভাবে বিবেচনা করে দেখছি। এ ব্যাপারে অনেক এ্যাপ্লিকেশনস্ আছে। সবগুলো টেক ওভার করা যাচ্ছে না।

**শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** আমি অনেকগুলো বলছি না। আমি এই টি. বি. হাসপাতালের কথা বলছি।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** উত্তর তো আগেই দিয়েছি।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই পার্টিকুলার হসপিটালটি গ্রহণ করবার জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই সিদ্ধান্ত গ্রহণ করেছে কি না এবং এই হাসপাতালটি টেক ওভার করবার জন্য ওয়েষ্ট বেঙ্গল ক্যাবিনেট কোন নির্দিষ্টভাবে সিদ্ধান্ত নিয়েছে কি না ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** সিদ্ধান্ত করা হয়নি।

### হলদিয়ায় স্বাস্থ্যকেন্দ্র উদ্বোধন

*৭৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৭১৭। ) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান বছরে হলদিয়া স্বাস্থ্যকেন্দ্রটি উদ্বোধন করা হইবে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উদ্বোধন কোন্ মাসে হইবে ; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য কর্মিনিয়োগের কাজ শুরু হইয়াছে কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) হলদিয়াতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

*৭৯ ঃ স্থগিত।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** আমার কোন প্রশ্নের উত্তর পাচ্ছি না। আজকেও দেখছি আমার প্রশ্ন হেল্ড ওভার হচ্ছে। মিঃ স্পীকার স্যার, এদিকটা একটু দেখবেন আশাকরি।

**মিঃ স্পীকার ঃ** মন্ত্রী সব প্রশ্নের উত্তর দপ্তর থেকে হাতে পাচ্ছেন না। যে প্রশ্নের উত্তর তিনি পাচ্ছেন তারই জবাব তিনি দিচ্ছেন।

## কৃষ্ণনগর সদর হাসপাতালে আগত চিকিৎসাপ্রার্থী

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৭।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলার কৃষ্ণনগর সদর হাসপাতালে চিকিৎসার জন্য আগত রোগীদের প্রায় সকলকেই শক্তিনগরে নদীয়া জেলা হাসপাতালে পাঠান হইয়া থাকে ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) এবং (খ) কৃষ্ণনগর জেলা হাসপাতাল দুটি অংশে চালু আছে। একটি কৃষ্ণনগর শহরে এবং অপরটি শক্তি নগরে।

কৃষ্ণনগর সদর হাসপাতালে কেবল স্ত্রী রোগের চিকিৎসা হয়, পাশাপাশি এখানে এমার্জেন্সী বহির্বিভাগ চালু আছে। কৃষ্ণনগর জেলা হাসপাতালের অপর অংশ শক্তি-নগর হাসপাতালে অন্যান্য রোগের চিকিৎসা হয়। স্বভাবতঃই কৃষ্ণনগর সদর হাসপাতালে স্ত্রীরোগী ও এমারজেন্সী রোগী ছাড়া আগত অন্যান্য রোগীদের শক্তিনগর হাসপাতালে পাঠান হয়ে থাকে।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, সদর হাসপাতালে যদি উপযুক্ত ব্যবস্থা থাকতো তাহলে এই দৌড়োদৌড়ি হয়রানির ফলে বহু রোগীর অবস্থা যে আরও খারাপ হয়ে পড়ে তা হোত না। এ সম্বন্ধে সরকার কিছু চিন্তা করছেন কি না ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমরা ভেবে দেখছি এ ব্যাপারে আমরা কি করতে পারি।

## চিকিৎসকদের 'নন্-প্র্যাকটিসিং স্কীম' সংক্রান্ত মামলা

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চিকিৎসকদের 'নন্-প্র্যাকটিসিং স্কীম' সংক্রান্ত হাইকোর্টের মামলা কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) মামলাটির দ্রুত নিষ্পত্তির জন্য কি করা হচ্ছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) "নন-প্র্যাকটিসিং টিচিং স্কীম" সংক্রান্ত আদেশনামার বিরুদ্ধে হাইকোর্টে যে মামলাগুলি দায়ের করা হয়েছে সেগুলির এখনও

নিষ্পত্তি হয়নি এবং আদেশনামার উপর হাইকোর্টের জারি করা স্থগিতাদেশ এখনও বহাল আছে,

(খ) একটি মামলায় সরকারের তরফ থেকে এফিডেবিট দাখিল করা হইয়াছে। মামলাটি এখন শুনানীর অপেক্ষায় আছে। সেই মামলার চূড়ান্ত নিষ্পত্তির পর একই বিষয় সংক্রান্ত অন্যান্য মামলার ক্ষেত্রেও যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

[1-40—1-50 p.m.]

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই মামলার বাদী কে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** মিঃ রায়, এই ব্যাপারের আপনি নোটিশ দেবেন তাহলে বলতে পারবো।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই স্কীম আদালতে নিয়ে যাবার ব্যাপারে চিকিৎসকদের মধ্যে কোন অংশ সক্রিয় ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** সক্রীয় আছে এমনই যে তারা আদালতে চলে গিয়েছে।

*৮২। হেল্ড ওভার

## পশ্চিমদিনাজপুরে কালাজ্বরে আক্রান্তের সংখ্যা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫।) **শ্রীবিশ্বনাথ চৌধুরীঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালের জানুয়ারি মাস থেকে জুন মাস পর্যন্ত পশ্চিমদিনাজপুরে কালাজ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা কত ;

(খ) আক্রান্ত রোগীদের মধ্যে কতজনের মৃত্যু ঘটেছে ; এবং

(গ) এ সম্পর্কে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** ১৯৮৩ সালের জানুয়ারী হইতে জুন মাস পর্যন্ত পশ্চিম দিনাজপুরে কালাজ্বরে আক্রান্তের সংখ্যা—৮৮২।

(খ) ৫ জনের মৃত্যু ঘটেছে।

(গ) এই রোগ প্রসমনের জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে ঃ—

(১) রোগীকে খুঁজিয়া বাহির করা,

(২) রোগীকে প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া,

(৩) আক্রান্ত এলাকায় গ্যামাকসিন স্প্রে করা এবং

(৪) জনসাধারণকে প্রয়োজনীয় স্বাস্থ্য শিক্ষা প্রদান ইত্যাদি।

**শ্রীবিশ্বনাথ চৌধুরীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে স্প্রে সুরু হয়েছিল সেই স্প্রে কত দিন আগে সুরু হয়েছিল ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** এই ব্যাপারে ডিটেলস দিতে পারবো না, আপনি নোটিশ দেবেন তাহলে বলে দেব।

**শ্রীহবিবুর রহমানঃ** এই স্প্রেটা কতদিন ধরে চলবে ?

**মিঃ স্পীকারঃ** এই প্রশ্ন ওঠে না।

## হুগলী জেলার গ্রামাঞ্চলে মাথাপিছু রেশন কার্ড সরবরাহ

*৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৮৫। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার গ্রামাঞ্চলে মাথা পিছু রেশন কার্ড দেওয়া হইয়াছে কি ;

(খ) দেওয়া হইয়া থাকিলে, কোন্ কোন্ ব্লকে দেওয়া হইয়াছে ; এবং

(গ) মোট কতগুলি রেশন কার্ড বিলি করা হইয়াছে ?

**শ্রীঅচিন্তকৃষ্ণ রায় :** (ক) হ্যাঁ।

(খ) হুগলী জেলার সমস্ত ব্লকেই মোটামুটিভাবে দেওয়া হইয়াছে।

(গ) এ পর্যন্ত মোট ১৫,০৮,৯৪৩টি ব্যক্তিগত রেশন কার্ড দেওয়া হইয়াছে।

**শ্রীমনীন্দ্রনাথ জানা :** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি অনেক ব্লকে রেশন কার্ডের অভাবে সম্পূর্ণভাবে রেশন কার্ড বিলি করা সম্ভব হয় নি ?

**শ্রীঅচিন্তকৃষ্ণ রায় :** এখন আর কোন রেশন কার্ডের অভাব নেই। রেশন কার্ড ছাপানো হয়ে গেছে এবং সব জায়গায় চলে যাবে।

## বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরী

*৮৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৬১১। ) **শ্রীকাশীনাথ মিশ্র :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বিড়ি শ্রমিকদের জন্য নব পর্যায়ে ন্যূনতম মজুরী কবে নাগাত চালু হবে বলে আশা করা যায় ;

(খ) ন্যূনতম মজুরী সম্পর্কিত মহামান্য হাইকোর্টের নিষেধাজ্ঞাটি বলবৎ আছে কি ;

(গ) বাঁকুড়া জেলাতে ৫২২ কাটা বিড়ি কারখানা সহ অন্যান্য কয়টি কারখানা বন্ধ আছে ;

(ঘ) এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(ঙ) কাঁচা দস্তা ও পাকা বিড়ি হতে যে পরিমাণ ডিউটি চার্জ আদায় হচ্ছে তার কত পরিমাণ সরকার কর্তৃক বিড়ি শ্রমিকদের কল্যাণ, চিকিৎসা, শিক্ষা, ঘরবাড়ি নির্মাণ বাবত ব্যয় করা হয়েছে ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক :** (ক) উহা ২৩শে অক্টোবর ১৯৮২ সাল হইতে আইন মোতাবেক চালু হইয়াছে।

(খ) নিষেধাজ্ঞাটি তুলে নেওয়ার কোন সংবাদ সরকারের কাছে আসেনি।

(গ) এবং (ঘ) বাঁকুড়া জেলাতে ৫২২ কাটা বিড়ি কারখানাটি বন্ধ আছে বলে সরকারের কাছে কোন সংবাদ নেই। তবে এই জেলায় ২২২ 'ফটো বিড়ি' কারখানাটি চূড়ান্তভাবে বন্ধ হইয়া গিয়াছে এবং শ্রমিকদের ক্ষতিপূরণ দিয়া বিষয়টির নিষ্পত্তি হইয়াছে। অন্য কোন কারখানা বন্ধ আছে কিনা এ সম্পর্কিত তথ্য সরকারের হাতে নেই। তবে বিষয়টি দেখা হচ্ছে।

(ঙ) একমাত্র গৃহনির্মাণ বাদে অন্যান্য বিষয়গুলি কেন্দ্রীয় সরকারের ওয়েলফেয়ার কমিশনারের অধীনে পরিচালিত হয়। গৃহনির্মাণ বাবদ ৪.৯৫ লক্ষ টাকা

রাজ্য সরকারকে দেওয়া হইয়াছে। এই টাকার ৪.২০ লক্ষ টাকা বিড়ি শ্রমিকদের গৃহনির্মাণ বাবদ দেওয়া হইয়াছে। কিছু আবেদন পত্রে খুঁত থাকার জন্য বাকী টাকা এখনও বণ্টন করা সম্ভব হয়নি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় ন্যূনতম মজুরীর কথা বললেন। এই ন্যূনতম মজুরী সব জেলাতে সমান ভাবে চালু হয়েছে কি ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** আপনি নোটিশ দেবেন, জবাব দেব। সরকার থেকে যে কমিটি হয়েছিল, তাতে এই মজুরীর হার ঠিক হয়েছিল।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মজুরীর পরিমাণ কত তা জানাবেন কি ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** আমি অনুমোদিত প্রশ্ন নং ১৩-এর উত্তর দেবার সময় জানিয়েছি। প্রতি হাজার বিড়ি তৈরী বাবদ মহার্ঘ ভাতা প্রভৃতি নিয়ে ন্যূনতম মজুরীর পরিমাণ হচ্ছে ১৫ টাকা ৫০ পয়সা।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** কোন কোন জেলাতে ন্যূনতম মজুরী হিসাবে ১৫ টাকা ৫০ পয়সা হিসাবে দেওয়া হচ্ছে জানাবেন কি ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** আপনি নোটিশ দেবেন, ডিটেলস্ জবাব দেব।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** বাঁকুড়া জেলাতে ৫২২ বিড়ি কারখানাটি বন্ধ আছে বলে সরকারের কাছে কোন খবর নেই বলে জানিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে বাঁকুড়া জেলার যিনি মন্ত্রীমহাশয় আছেন, তিনি কি কখনও বাঁকুড়া জেলাতে গিয়েছেন ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** আমার এ সম্বন্ধে জানা নেই।

**শ্রীআবদুর রউফ আনসারী ঃ** বিড়ি শ্রমিকদের মজুরী ঠিক করে দেওয়া হয়েছে বলেছেন। আমার প্রশ্ন হচ্ছে, কলকাতাস্থিত বিড়ি শ্রমিকদের ক্ষেত্রে তা চালু হয়েছে কি, এবং মজুরীর পরিমাণ কত ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** আপনি নোটিশ দেবেন, জবাব দেব।

**শ্রীহবিবুর রহমান ঃ** আপনি জানিয়েছেন, গৃহনির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় সরকারের দেয় ঐ টাকার সঙ্গে রাজ্য সরকারের কোন বরাদ্দ আছে কি ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** আমি বলেছি কেন্দ্রীয় সরকারের ওয়েলফেয়ার কমিশনার সেণ্ট্রাল এক্সাইস্-এর যে ট্যাক্স আদায় হয়, তার থেকে টাকা এ্যালট করেন রাজ্য সরকারকে, রাজ্যসরকারের তরফ থেকে ঐ দেয় টাকা গৃহনির্মাণ বাবদ খরচ করা হয়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** যে সমস্ত মালিক এই ন্যূনতম মজুরী আইন ভায়োলেট করছে তাদের বিরুদ্ধে সরকার কি স্টেপ নিচ্ছেন জানাবেন কি ?

**শ্রীশান্তিরঞ্জন ঘটক ঃ** এখবর যখন জানা যায়, তখন সেইমত ব্যবস্থা নেওয়া হয়।

*৮৭। ( স্থগিত )

## বদনগঞ্জ হাসপাতালের সংস্কার

*৮৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৬৮। ) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গোঘাটের বদনগঞ্জ হাসপাতালটির সংস্কারের অভাবে ঔষধপত্র নষ্ট হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, কতদিনে উক্ত হাসপাতালটির সংস্কার সাধন হইবে বলিয়া আশা করা যায় ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ (ক) হ্যাঁ।

(খ) আশা করা যায়, এই মাসেই সংস্কারের কাজ আরম্ভ হবে।

## গোখুরী উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ

*৮৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৭১৮। ) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি** ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার নন্দীগ্রাম ৩ নং ব্লকের গোখুরী উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহ-নির্মাণের কাজ বর্তমান বছরে শেষ হইবে কি ;

(খ) এই উপ-স্বাস্থ্যকেন্দ্রটির গৃহনির্মাণের কাজে বিলম্ব হওয়ার কারণ কি ; এবং

(গ) কোন্ সালে উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি অনুমোদন লাভ করিয়াছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ (ক) সঠিক বলা যায় না।

(খ) ও (গ) কাজটি ১৯৭০ সালে অনুমোদিত হয়েছিল। ১৯৭৭ সাল পর্যন্ত এই কাজটির জন্য ৬ বার টেণ্ডার আহ্বান করা হয়েছিল। কিন্তু অনুমোদিত অর্থ বরাদ্দের থেকে বেশী টেণ্ডার পাওয়ায় কাজটি সুরু করা যায়নি। ১৯৮১ সালে প্রাপ্ত রিপোর্টে জানা যায় কাজটি করার জন্য অধিকতর অর্থ ব্যয় করতে হবে। ১৯৮২ সালে সংশোধিত বাজেটে অর্থ সঙ্কুলানের জন্য কাজটিকে বিলম্বিত করতে হয়। এ বছর কাজটি সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা যাবে। ঐ জন্য প্রয়োজনীয় প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে এবং আশা করা যায় কাজটি শীঘ্রই শেষ করা যাবে।

## মেদিনীপুরে এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়ামে রোগীদের পথ্য বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ

*৯০। ( অনুমোদিত প্রশ্ন নং *৮২৯। **শ্রীসুভাষ মাহাত, শ্রীকাশীনাথ মিশ্র, শ্রীঅবন্তি মিশ্র** ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়ামে রোগীদের খাদ্যের জন্য বছরে কত টাকা বরাদ্দ করা হয় ; এবং

(খ) মাথাপিছু দৈনিক কত বরাদ্দ করা হয় ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ (ক) এম. আর. বাঙ্গুর টি. বি. স্যানাটোরিয়ামে রোগীদের খাদ্য বাবদ বছরে ৫,২০,৬৭২ টাকা ৫০ পয়সা বরাদ্দ করা আছে।

(খ) দৈনিক মাথা পিছু 8 টাকা ৫০ পয়সা বরাদ্দ আছে।

[1-50—2-00 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই স্যানিটরিয়ামে কতজন রুগী ভর্তি হয়ে আছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এটা আপনি জানেন যে রোজ রোগী বদলায়। সুতরাং এটা আমি কি করে বলবো।

**শ্রীকাশী নাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, টি. বি. রোগীদের দৈনিক বরাদ্দের যে পরিমাণ বললেন সেটা এই দুর্মূল্যের বাজারে সেটা যথেষ্ট কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমাদের যা অর্থনৈতিক অবস্থা সেই হিসাবে দেওয়া হচ্ছে। তাছাড়া আপনি জানেন যে আজকে আমরা মিনিমাম রিকোয়ারমেণ্ট ঠিকমত পাই না তার ওপর টি. বি. রোগী, তাদের তো আরো বেশী দেওয়া উচিত।

**শ্রীতারাপদ সাধুখান ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় আপনি জানেন যে বাড়ীতে খরচ বেড়ে গেলে বাজারের হিসাবে বেশী খরচ করতে হয় কিন্তু একজন টি. বি. রোগীর ক্ষেত্রে কি ৪.৫০ পয়সা এই পদ্ধতি চলতে থাকবে বলে আপনি মনে করেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আপনারাই তো জিনিষের দাম দিনের পর দিন বাড়াচ্ছেন আমরা কি করবো।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় আমার প্রশ্ন হচ্ছে এই এই দুর্মূল্যের বাজারে খাদ্যের যে পরিমাণ দেওয়া হচ্ছে টি. বি. রোগীদের সেটা কি আগেকার ১৯৭২-৭৩-৭৪ সালের পরিমাণের থেকে কম হচ্ছে কিনা বা সমান আছে কিনা বা বরাদ্দের পরিমাণ বাড়ছে কিনা সেটা আপনি জানাবেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** হ্যাঁ, বরাদ্দ বেড়েছে, বেড়ে ৪.৫০ পয়সা হয়েছে।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** ইনডোর পেশেণ্টদের ডায়েটের টাকার পারমাণ ঘোষণা করলেন ৪.৫০ পয়সা করে কিন্তু আমার মাননীয় মন্ত্রী মহাশয়, বিশেষ করে এই টি. বি. রোগীদের অন্যান্য রোগীদের থেকে খাদ্যের ব্যাপারে টাকা বাড়ানোর দরকার। আপনি কি এই ব্যাপারে কোন চিন্তা করছেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** সাধারণ রোগীদের থেকে এই রোগীদের ৫০ পয়সা করে বেশী দেওয়া হয়। তাছাড়া আমি তো বললামই যে অর্থনৈতিক সঙ্গতি অনুসারে বরাদ্দের পরিমাণ বাড়ানোর কথা ভাববো।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় আগের যে কজন সদস্য প্রশ্ন করলেন সবারই উত্তর আপনি এড়িয়ে গেছেন, আমার প্রশ্ন হল এই পথ্যের গুণাগুণ আপনারা বিচার করেন না টাকার এ্যামাউণ্ট বিচার করেন সেটা জানাবেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমি তো বলেছি অনেক জায়গায় ন্যূনতম প্রয়োজন আমরা দিতে পারি না তবে এটা একটা বিতর্কের ব্যাপার নয়, এটাই ফ্যাক্ট। এর মধ্যে আমি স্বীকার করছি টাকা বাড়ানোর প্রয়োজন কিন্তু সব কিছুই তো অর্থনৈতিক সঙ্গতির উপর নির্ভর করে এবং জিনিষ পত্রের স্থিতিশীলতার উপর নির্ভর করে।

## PRIVILEGE MOTION

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, গতকাল বিধানসভায় মাননীয় বিধান সভার সদস্য সত্যযুগ কাগজের ৩রা সেপ্টেম্বরের সংবাদ সম্বন্ধে আমার বিরুদ্ধে কিছু বক্তব্য রাখেন। উক্ত সত্যযুগ কাগজ আমি পরে লাইব্রেরী থেকে এনে দেখি "আমি এম. এল. এ." এই শিরোনামার একটা কুৎসিত অসত্য সংবাদ সরবরাহ করা হয়েছে। স্যার, বর্তমান সংবাদ জগতে কিছু কিছু সাংবাদিক আছেন যাঁরা নিজেদের প্রচারের জন্য সংবাদপত্রে অসত্য কুৎসিত সংবাদ সরবরাহ করেন। আমরাও কিছু রাজনৈতিক কর্মী বন্ধু অকারণে এই সমস্ত কুরুচিসম্পন্ন সাংবাদিকদের সমীহ করে চলি। এর ফলে যখন তখন ঐ নিম্নশ্রেণীর সাংবাদিকরা ব্ল্যাক মেলিং-এর সুযোগ নেন। স্যার, একজন এম. এল. এ. নিজের জীবন বিপন্ন করে যখন বন্যা ত্রাণে বা খরার মোকাবেলার জন্য ঈশ্বরের আশীর্বাদে সাধারণ মানুষের পাশে দাঁড়ান সেটা সংবাদ হয় না। কিন্তু অসত্য খবর এম. এল. এ.-র চরিত্র হননের জন্য যেটা পরিবেশিত হয় সেটা সংবাদপত্রে বক্স সংবাদ রূপে আসে। আজ আমাদের সকলকে একসাথে এই ইয়ালো জার্নালিষ্টদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। স্যার, সত্যযুগ কাগজে ৩রা সেপ্টেম্বর "আমি এম. এল. এ." যে সংবাদ পরিবেশিত হয়েছে তা উদ্দেশ্য প্রনোদিত ও অসত্য। একজন বিধান সভার প্রতিনিধি হিসাবে আমার প্রিভিলেজ কার্টেল করার চেষ্টা করা হয়েছে। একজন বিধান সভার প্রতিনিধি হিসাবে আমার প্রিভিলেজ আমি নিবেদন করলাম। সত্যযুগ কাগজের সম্পাদক ও উক্ত সংবাদ সরবরাহকারীদের প্রিভিলেজ কমিটিতে তলব করা হোক ইহাই আমার অনুরোধ।

**মিঃ স্পীকার ঃ** আমি এটা পরে দেখব। এবার সাত্তার সাহেব বলুন।

**Shri Abdus Sattar :** Mr. Speaker, Sir, under Rule 226 of the Rules of 'rocedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, give notice of my intention to raise a question of privilege in the House ɔ-day.

The question of privilege arises out of the reasonable, seditious, highly bjectionable and offensive expressions of Shri Jatin Chakrabarty, Minister-in-:harge, P. W. D. and Housing Department, violating the provisions of Article 11 of the Constitution of India, on the floor of the House on 8th September, 983.

Such deliberate violation of the provisions of the Constitution of India y Shri Jatin Chakrabarty is derogatory to the dignity of the House and its 1embers in general. It tends to bring the House into disrepute. It is ıconsistent with the standards which the House is entitled to expect from its 1embers. Shri Jatin Chakrabarty has thus acted in manner unworthy of a 1ember of this House.

On 8th September, 1983 Dr. Zainal Abedin, M. L. A. had made some ɔmments and criticised Shri Jatin Chakrabarty. The criticisms were of a ɔutine nature and within the permissible norms. Mr. Speaker had, however, ɜrmitted Shri Jatin Chakrabarty to make personal explanation in defence.

Instead of explaining his conduct in regard to the points raised by Dr. Zainal Abedin, M. L. A. or making efforts to reply to the accusations, Shri Jatin Chakrabarty deliberately abused his right of making a personal explanation and cast aspersions on the conduct of a Judge of Calcutta High Court, knowing fully well that under Article 211 of the Constitution of India "the State Legislatures are prohibited from discussing the conduct of a Judge of the Supreme Court or of a High Court in the discharge of his duties".

[2-00—2-10 p.m.]

It is a well established rule that the Judicial conduct of a Judge of the Supreme Court or of a High Court cannot be discussed in any debate or commented upon collaterally on the floor of the House.

The text of the objectionable expressions of Shri Jatin Chakrabarty is enclosed herewith to substantiate the allegations of contemtuous behaviour by Shri Jatin Chakravarty in the House on 8th September, 1983. Then I read out the enquiry report.

আমি আগে মাননীয় সদস্য জয়নাল আবেদিন যে প্রশ্ন তুলেছেন তার জবাব দেব। আপনি জানেন যে মামলা চলছিল বিচারপতি পি সি বড়ুয়ার কোর্টে, সেই সময় আমাদের পক্ষ থেকে কেউ সেখানে হাজির হননি—আমরা উপস্থিত ছিলাম না। আমরা উইথড করেছিলাম, আমাদের আইনজ্ঞদের পরামর্শক্রমে। কারণ, এই বিচারপতি যে কতক-গুলি মন্তব্য করেছিলেন তাতে আমাদের ধারণা হয়েছিল যে আমরা বিচার পাব না। আমাদের যাঁরা আইনজ্ঞ তাঁদের আমরা প্রত্যাহার করে নিয়েছি। এই রকম বিবৃতি আমি দিয়েছিলাম। বিচারপতির যদি সাহস থাকে তাহলে আমার বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ আনুন এবং আমাকে সেখানে হাজির হবার নির্দেশ দিন। তারপর আছে যদি সাহস থাকে—হাউসের বাইরে সমস্ত সংবাদপত্রে বেরিয়েছে, বিচারপতি সেটা করতে সাহস করলেন না, ভাল কথা। কিন্তু ভৎ'সনা করেছেন আমার সম্পর্কে। This is the allegation.

Unfortunately, the Chair has failed to perceive this deliberate and flagrant violation of Constitution and has allowed the objectionable expressions of Shri Jatin Chakravarty to be recorded in the proceedings without even any adominition or reprimand from the Chair. A very unhealthy precedent has thus been set up in the House yesterday.

I strongly feel that the matter deserves to be referred to the Committee of Privileges under Rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, and or to a Special Committee of the House to be appointed by Mr. Speaker to examine the matter and to recommend such actions against Shri Jatin Chakrabarty as the committee may deem fit.

I may be allowed to raise the matter in the House today and to formulate my points by referring further to some precedents in the Lok Sabha.

Then, Sir, Article 211. "No discussion shall take place in the legislature of a State with respect to the conduct of any Judge of the Supreme Court or of a High Court in the discharge of his duties."

Then, Sir, I come to 'Practice and Procedure of Parliament" of Kaul and Shakdher. Vol. II. Page. 909. "In order to secure the independence of the Judges, both from the exrcutive as also from the legislature, specific provisions have been made in the Constitution to provide that the conduct of a Judge of the Supreme Court or a High Court 'In the discharge of the duties' cannot be discussed in Parliament except upon a substantive motion for presenting an address to the President for removal of a Judge.

Thus, judicial conduct of a Judge of the Supereme Court or of a High Court cannot be discussed on the floor af the House in any debate or commented upon collaterally, by way of a motion for adjourment of question, etc. The only more of diseussion the conduct of a Judge in the discharge of his duties is upon a motion for his removal and that too when the motion is tabled under the specified provisions and the procedure prescribed therein is followed. If in the discharge of his judicial functions, a Judge comes to a erroneous finding or makes adverse comments upon any person, the only course open is to appeal against that decision, if an appeal, review of a revision lies. The protection of the Jndge in this regard is restricted only in respect of his judicial duties and does not apply to his private conduct."

Then, Sir, Pg. 907 : "The powers of each one of the three organs have to be exercised as fundamentally subject to the provisions of the Constitution relating to that organ individually as well as to the provisions relating to other organs. It is the respect that is accorded by one organ of the Stage to the others that ensures that healthy working of the Constitution which is the acid test of its merits whatever the paper value of its provisions."

Now, Sir, I am reading form Page 251 of 'Practice and Procedure of of Parliament', Kaul and Shakdher, Vol. I. Sir, I would request you to refer the case to the Privilege Committee. Here is a provision like this. "In 1951, when the question of appointment of a committee to inquire into the conduct of H. G. Mudgal, a member of the Provisional Parliament, was before the House, members expressed doubt as to the need for appointment of a special committee to go into this question when there already was in existence a Committee of Privileges of the House. Speaker Mavalankar then observed :

(Even though) there is a Committee of Privileges constituted under the rules, yet it is within the powers of the House to constitute other special committees if there are any special circumstances and inquiries to be made. "Then, Sir, the next para." The extent and amplitude of the words "conduct of a member" have not been defined exhaustively, and it is within the powers of the House in each case to determine whether a member has acted in an unbecoming manner or has acted in a manner unworthy of a member of Parliament.

[2-10—2-20 p.m.]

"Thus even though the facts of a particular case do not come within any of the recognised heads of a breach of privilege or contempt of the House, the conduct of a Member may be considered by the House as unbecoming and derogatory to the dignity of the House".

So, Sir, if you think that this is not a case which can be referred to the Privilege Committee, you can then refer it even to the Ad Hoc Committee as it is done in the Parliament. The utterance of words, that was made by Shri Jatin Chakraborty against the Judge of the High Court, while discharging his duties, in my opinion, was a derogatory expression and in violation of Article No. 211 of the Constitution.

**Mr. Speaker:** Mr. Sattar, I have one question to ask you. You are a very well-known Member and you had been a Minister and Member in 1977. Supposing in a certain case before the judge, one of the parties who is a member of this august House, takes certain stand and makes certain submission which is a cause of him, will it be derogatory to his Lordship ?

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি হাউসের সামনে যে সাবমিসন রেখেছেন সে সম্বন্ধে আমাদেরও দু একটা কথা থাকতে পারে।

**Mr. Speaker:** Mr. Roy, let me say first what is the Privilege of a member.

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** স্যার, প্রিভিলেজ কি — এবং কি নয় সেটা উনিও জানেন, আমিও জানি এবং আপনিও জানেন। বড় প্রশ্ন হচ্ছে উনি যে প্রশ্ন তুলেছেন That is absolutely closed by your rulling given yesterday. ২নং হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে প্রশ্নটা ওঁকে করলেন। জয়নাল আবেদিন সাহেব কতকগুলি প্রশ্ন ওঁকে থ্রো করেছিলেন, এবং মিনিষ্টার তার জবাব দিয়েছিলেন। মিনিষ্টার কোর্টে যা সাবমিসন রেখেছেন সেটাই তিনি এখানে রেখেছেন। আমি বলতে চাই রিফ্লেকসন হচ্ছে যে বলছেন সে সম্বন্ধে — কোন There has been no reflection on the conduct of a particular judge by the statement made by Shri Jatin Chakraborty yesterday. আমার বক্তব্য হচ্ছে That was solely in the background of the questions raised by Dr. Zainal Abedin. যে প্রশ্ন তিনি তুলেছিলেন সেটা হাইকোর্টে তাঁর যে সাবমিসন ছিল সেটাই তিনি এখানে প্লেস করেছেন। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয় এই সাবমিশন রাখার পর আপনি রুলিং দিয়েছেন — তারপর আর কোন প্রিভিলেজের কোয়েশ্চেন উঠতে পারে না। দ্বিতীয় জিনিস হচ্ছে এটা সকলেই জানেন যে সাবসট্যানটিভ মোসন হতে হবে Under the terms and letter of the Constitution of India. সেই রকম কোন সাবসট্যানটিভ মোসন নয়। উনি কেন প্রশ্ন তুলেছেন জানি না — কেন না এটা সবাই জানেন যে গভর্ণর, প্রেসিডেণ্ট, হাইকোর্টে জজ, সুপ্রীম কোর্টের জজ-এর সম্বন্ধে কোন অভিযোগ আনতে হলে, তারও একটা প্রসিডিওর লেড ডাউন করা আছে এবং কথাটা কি সেটা আমরা সকলেই জানি।

প্রশ্ন হচ্ছে, এখানে অবজেক্টিভ কোশ্চেন একটাই, সেটা হচ্ছে এই, কালকে বিধানসভায় মাননীয় মন্ত্রী মহাশয় কি বলেছিলেন এবং কি ব্যাক গ্রাউণ্ডে বলেছিলেন। আপনি যদি সেই ভাবে জিনিসটাকে দেখেন তাহলে আসল যে ভিউ সেটা নেওয়া দরকার, অন্য কিছু নয়। এটাই আমি বলতে চাই।

**Mr. Speaker :** আপনি তো one of the most serniormost members in the House আপনি আমাকে assist করুন Suppose a member violates the constitution. Can it constitute a breach of privilege of the members ? I am not passing any order now. Taking for granted that what Mr. Abdus Sattar has said is right that Mr. Jatin Chakrabarty has violated article 211 of the Constitution but would that be a breach of privilege ?

**Dr. Zainal Abedin :** Yes, Sir. Under article 188 and Third Schedule of the Constitution we have taken oath of allegiance to the Constitution and if any member violates that, the House has the right to punish the member its wisdom. If you see page 211 of Kaul and Shakdher, you will find that it has been stated that the House has right to punish the member if anybody violates the Constitution.

**Mr. Speaker :** In this connection I will draw your attention to page 136 of May's Parliamentary Practice regarding acts of conduct constituting breach or privilege or contempt. It is stated therein—"It may be stated generally that any act or omission which obstructs or impeds either Houses of Parliament in the performance of its functions, or which obstructs or impedes any member or officer of such in the discharge of his duty, or which has a tendency, directly or indirectly, to produce such results may be treated as contempt even though there is no precedent of the offence." Now suppose anybody violates that or suppose Mr. Chakrabarty violates that, would it constitute a breach of privilege ?

**Dr. Zainal Abedin: :** Sir, this is for misconduct.

**Mr. Speaker :** You have filed a notice of privilege. Then you give notice for misconduct of the member.

**Shri Subrata Mukherjee :** একটা কথা in case আর একটা provision আছে, আপনি Practice & Procedure or Parliament, Kaul and Shakdhue ২৫১ পাতা দেখুন, সেখানে আছে, যদি in case ধরে নেন privilege যদি না হয়, তাহলে সেখানে the then Speaker Mavalankar এর একটা observation আছে। You implement accordingly সেটা আমি পড়ে দিচ্ছি. "Even though here the Committee of Privileges is constituted under the rules, it is within the powers of the House to constitute other special committees, if there are special circumstances and inquiries to be made."

**Mr. Speaker :** That is a different thing আমি সব কিছু পড়ে পরে রুলিং দেব।

**I will give my ruling on this later on.**

[2-20—2-30 p.m.]

**Adjournment Motion**

**Mr. Speaker:** Today, I have received four notices of adjournment motions.

The first one is from Shri Kashinath Mishra which deals with deplorable condition of hospitals and health centres in the State. The second one is from Shri Ashok Ghosh which deals with adverse effect of power shortage on industries in the State. The third one is from Shri Dhirendra Nath Sarkar which deals with allegations of malpractices against some Ministers of the State. The fourth one is from Dr. Zainal Abedin which deal with the remarks of the Minister-in-charge of P. W. Department against the conduct of Justice P. C. Barua.

The texts of the first and the second motions are continuing matters. On the subject matter of the third motion discussion took place in the House earlier. The subject matter of the fourth motion was raised by the members in the House yesterday, the 8th September 1983 and to-day by way of a privilege motion on which I will give my ruling later.

I, therefore, with hold my consent to all the motions. One member of the party may, however, read out the text of the motion as amended.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি সুপ্রীম এই হাউসের, কিন্তু আপনার উপরেও সংবিধান—স্যার, উই আর অল বাউণ্ড বাই দি কন্সটিটিউসন। স্যার, আমরা এখানে যে পয়েণ্টটা তুলেছি সেটা সংবিধান লঙ্ঘনের প্রশ্ন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি এই হাউসের সর্বময় কর্তা। আজকে তাই আপনার কাছে আমাদের অনুরোধ আপনি এই আলোচনার সুযোগ দিন। ও পক্ষ ওদের মত বলুন, আর আমরা আমাদের মত বলি যে সংবিধান লঙ্ঘিত হয়েছে কি না। সংবিধানের তৃতীয় সিডিউল অনুসারে আমরা শপথ নিয়েছি। সেই শপথ যদি ভায়োলেট করি তাহলে শাস্তি দেওয়ার অধিকার এই হাউসের আছে। আপনি তাই আমাদের আলোচনায় সুযোগ দিন, মাননীয় অমল রায় বলতে চাইছেন তার কথাও আমরা শুনি—একটা আলোচনা হোক। আমি এই কথা বলতে চাই—জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

গত ৮-৯-৮৩ তারিখের অধিবেশনে মাননীয় মন্ত্রী শ্রীযতীন চক্রবর্তীর বিরুদ্ধে সম্প্রতি কলিকাতা হাইকোর্টে একটি মোকদ্দমায় মাননীয় বিচারপতি শ্রীযুক্ত পি. সি. বড়ুয়া যে রায় দিয়াছেন এবং ঐ রায়ে শ্রীচক্রবর্তীকে যেভাবে তিরস্কার করিয়াছেন সেজন্য নৈতিক ও গণতান্ত্রিক মূল্যবোধ ও ন্যায় বিচারের মর্য্যাদা রক্ষার জন্য অবিলম্বে শ্রীচক্রবর্তীর পদত্যাগ করা উচিত। ভারতের সংবিধানের ২১১ ধারা অনুযায়ী কোন বিধানসভায় হাইকোর্ট কিম্বা সুপ্রীম কোর্টের কোন বিচারপতি কর্তব্য পালন সম্বন্ধে কোন আলোচনা সম্পূর্ণ নিষিদ্ধ। কিন্তু শ্রীযতীন চক্রবর্তী উত্তর দান কালে মাননীয় বিচারপতি শ্রী পি. সি. বড়ুয়া সম্বন্ধে যে মন্তব্য করেছেন তাহা সংবিধান বিরুদ্ধ। অতএব এই বিষয়ে আলোচনা হওয়া প্রয়োজন।

**Calling Attention To Matters of Urgent Public Importance**

**Mr. Speaker :** I have received—Notices of Calling Attention namaly :

(1) Alleged attack on S. U. C. I workers by Police and C. P. I. (M) cadres—Shri Deba Prasad Sarkar.

(2) Inaction of the Government to repair the damaged bank of Bhagirathi river at Sanyalchar in Nadia district.—Shri Subhas Basu.

(3) Deterioration of law and order situation in Asansole—Durgapur Industrial belt due to anti working class activities of C. I. S. F.—Shri Bijoy pal.

(4) Attack on Harijan female workers of Bisinupur Municipality and the situation arisen therein.—Shri Kasinath Misra.

(5) Deteriorating condition of Nationing system in the State—Shri Asok Ghosh and Shri Kasinath Misra.

(6) Demand for a B. O. P. Camp at chandipur Mouza under Kushmandi P. S.—Shri Dhirendra Nath Sarkar..

(7) Restraining of Ichamati river at Bangaon-Shri Bhupendra Nath Seth.

(8) Alleged under at Kultuka under Shaltora P. S. on 2.9.1983. —Shri Subhas Goswami.

I have selected the Notice of Shri Bhupendra Nath Seth on the subject of Restraining of Ichamati river at Bongaon. The Minister in charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Nani Bhattacharyya :** Sir, on the 14th September.

## MENTION CASES

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হাউসে উত্থাপন করছি। স্যার, মুর্শিদাবাদ জেলাতে বাসভাড়া বৃদ্ধির প্রতিরোধ আন্দোলন দমনে পুলিশী বর্বরতার বিরুদ্ধে ধিক্কার জানিয়ে এবং নিন্দাবাদ করে গতকাল আবার নতুন করে বহরমপুরের বুদ্ধিজীবী, আইনজীবী, সাংবাদিক এবং শিক্ষাবিদরা আইন অমান্য করেছিলেন বহরমপুর কোর্ট প্রাঙ্গনে। সেই শান্তিপূর্ণ আইন অমান্যকারী-দের উপর পুলিশ নির্বিচারে লাঠি চালিয়েছে এবং তাতে ৩৮ জন আহত হয়েছেন। সেখানে মহিলারা পর্য্যন্ত আহত হয়েছেন। সেখানে ২১৮ জন গ্রেপ্তার বরণ করেছেন, তাঁদের মধ্যে আছেন বিশিষ্ট আইনজীবী শ্রীলক্ষ্মীনারায়ণ দাস, যিনি জঙ্গীপুর ল'ইয়ার্স এ্যাসোসিয়েশানের প্রেসিডেন্ট, রয়েছেন জেলার বিশিষ্ট সাংবাদিক প্রাণরঞ্জন চৌধুরী মহাশয়, রয়েছেন শিক্ষক নেতা আবদুস সালাম। স্যার, আপনি জানেন, গত মার্চ, এপ্রিল মাসে ঐতিহাসিক বাস, ট্রাম ভাড়া বৃদ্ধির প্রতিরোধ আন্দোলন কোলকাতার বুকে হবার পর পশ্চিমবাংলার জেলায় জেলায় লাগাতার বাস ভাড়া বৃদ্ধির প্রতিরোধ আন্দোলন চলেছে। এই আন্দোলন দক্ষিণবঙ্গে, নদীয়া, মুর্শিদাবাদ, পুরুলিয়া, বাঁকুড়া ইত্যাদি ছাড়িয়ে উত্তরবঙ্গের কুচবিহার, জলপাইগুড়ি প্রভৃতি জেলায় ছড়িয়ে পড়েছে। স্যার, এই সুশৃঙ্খল এবং শান্তিপূর্ণ আন্দোলনকে দমন করার জন্য বামফ্রন্ট সরকারের পুলিশ নির্বিচারে লাঠি, গুলি, টিয়ারগ্যাস চালাচ্ছে, এমন কি সেখানে মহিলাদের উপরও বর্বর অত্যাচার চালানো হচ্ছে। স্যার, এইসব ঘটনার প্রতিবাদ জানিয়ে এবং বিবৃতি দাবী

করে আমরা গতকাল এখান থেকে ওয়াক আউট করেছিলাম, এখন আবার দেখছি নতুন করে বহরমপুরে বুদ্ধিজীবীদের উপর পুলিশ লাঠিচার্জ করলো। স্যার, আমার প্রশ্ন, এই জিনিষ কি চলবে ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখতে পাচ্ছেন কিনা জানিনা, আমরা দেখতে পাচ্ছি বিধানসভায় ধূমকেতুর আবির্ভাব হয়েছে। অশোক মিত্র মহাশয় হলেন আমাদের পশ্চিমবঙ্গের ধূমকেতু, অর্থনীতির ধূমকেতু। স্যার, আজকেও আমি সেই ধূমকেতুকে এখানে দেখতে পাচ্ছি। স্যার, এই ধূমকেতুর আবির্ভাবে ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে গ্যাস টারবাইন কেনার একটা পরিকল্পনা হয়েছিল। স্যার, আপনি জানেন, সেই সময় গ্যাস টারবাইন......

**মিঃ স্পীকার :** গ্যাস টারবাইনের ব্যাপারটা তো কালকেই হয়ে গিয়েছে আজকে আবার কি ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্যার, আপনি কথাটা একটু শুনুন। গত ১৭ই জুলাই আনন্দবাজারে একজন আশিষ ঘোষ তিনি এর একটা পরিষ্কার চিত্র দিয়েছেন। গ্যাস টারবাইনের অডিট রির্পোটের ব্যাপারে কালকে প্রবীর সেনগুপ্ত মহাশয় হাউসে বলেছেন কিছু ত্রুটি আছে। স্যার, ত্রুটি নয়, কয়েক কোটি টাকা নয়ছয় হয়েছে এবং তাতে মুখ্যমন্ত্রী, গতবারেই আমি বলেছিলাম, উনিও জড়িত আছেন। গ্যাস টারবাইন কেনার পর উনি লণ্ডনে গিয়েছিলেন। স্যার, এই গ্যাস টারবাইন কেনার ব্যাপারে দায়িত্ব দেওয়া হয়েছিল মুর্শেদ সাহেবকে যিনি একজন আই. এ. এস. অফিসার, যার এ সম্বন্ধে কোন টেকনিক্যাল জ্ঞান নেই। সেখানে তাকে পাঠানো হয়েছিল এবং তারপর জ্যোতি বাবু লণ্ডনে গিয়েছিলেন। খারাপ লোক কেউ কেউ বলে উনি নাকি তার অংশটা নিতে গিয়েছিলেন। স্যার, ১৭ ই জুলাই গ্যাস টারবাইন হিসাব নিকাশের ব্যাপারে যে কারচুপি ধরা পড়েছে সেই অডিট রিপোর্ট প্লেসড হবে না আমরা জানি। উনি বলেছেন, অডিট রিপোর্ট দেবেন, কিন্তু দেবেন না। স্যার আমরা যা তথ্য পেয়েছি তাতে বলতে পারি এই গ্যাস টারবাইন কেনার সময় যে সমস্ত মন্ত্রী জড়িত ছিলেন, এমন কি মুখ্যমন্ত্রী পর্য্যন্ত, তাদের আপনি পদত্যাগ করতে বলুন। কারণ চুরির ব্যাপারে মন্ত্রীদের যোগসাজস আছে বলে লোকের দৃঢ় ধারণা হয়েছে। ওরা ইচ্ছা করে চেপে দিচ্ছেন ব্যাপারটা যাতে করে অডিট রিপোর্ট আমাদের কাছে না আসে।

[2-30—2-40 p.m.]

**শ্রীযামিনী সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি মাননীয় মুখ্যমন্ত্রী সম্পর্কে কতকগুলি মন্তব্য করেছেন এবং বলেছেন যে মুখ্যমন্ত্রী নাকি টাকা চুরী করেছেন মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে নেই, উনি যে অভিযোগ করেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজেই হয় ওনাকে এটা প্রমাণ করতে হবে, তা নাহলে এই কথাগুলি আপনি ডিলিট করে দিন।

( গোলমাল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা তাকে প্রত্যাহার করতে হবে। আমরা এই সম্পর্কে আপনার বক্তব্য জানতে চাই।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** আপনি বসুন।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বিধানসভাতে মাননীয় পূর্তমন্ত্রীর বিরুদ্ধে সুব্রতবাবু কতকগুলি অভিযোগ উত্থাপন করেছিলেন এবং সেই অভিযোগ উত্থাপন করার সময়ে কতকগুলি অভিযোগ সম্বলিত পেপারস আপনার কাছে পেশ করেছিলেন। যেহেতু উনি এটা হাউসে উত্থাপন করেছেন, সে জন্য আমি মনে করি যে সেটা হাউসের প্রপার্টি হয়ে দাঁড়িয়েছে। কাজেই আপনার কাছে আবেদন, আপনি সেটা সার্কুলেট করে দিন। কারণ সুব্রতবাবু বিধানসভায় বক্তব্য রাখার সময়ে একটা মারাত্মক কথা বলেছেন, যে পেপার তাকে সরবরাহ করা হয়েছে সেখানে একজন বামফ্রণ্ট নেতার স্বাক্ষর আছে প্রতি পাতায় পাতায়। এটা আমাদের জানা দরকার যে সেই বামফ্রণ্ট নেতা কে ? আজকে এই বিষয়টা হাউসের সামনে উত্থাপন করা হয়েছে, আমরা মনে করি এটা একটা মারাত্মক ব্যাপার। এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী তদন্ত করেছেন, তিনি দেখেছেন যে এই অভিযোগ-এর কোন ভিত্তি নেই। পূর্তমন্ত্রীর বিরুদ্ধে কোন অভিযোগ টেকেনি। কিন্তু তাসত্ত্বেও এই অভিযোগ উত্থাপিত হয়েছে। সেই কারণে আমি আপনার কাছে আবেদন করছি, আপনি এটা সার্কুলেট করে দিন। আমাদের জানা প্রয়োজন যে সেই বামফ্রণ্ট নেতা কে ?

( উল্লেখ )

**ডাঃ হরমোহন সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আমি আপনার মাধ্যমে সেচ দপ্তরের ইণ্ট মেদিনীপুর ডিভিসনের একজিকিউটিভ ইঞ্জিনিয়ার শ্রীসতীশরঞ্জন দাস মহাশয়ের ঔদ্ধত্যপূর্ণ আচরণ ও দুর্নীতি সম্বন্ধে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২১শে জুন ১৯৮৩ তারিখে মাননীয় বিচারপতি শ্রী আর. সি. ঘোষ মহাশয়কে কলিকাতা থেকে সেচ দপ্তরের ডেপুটি সেক্রেটারী দীঘা সেচ ভবনের ১নং ঘরের রিজার্ভেশন দেন। কিন্তু একজিকিউটিভ ইঞ্জিনিয়ার শ্রীদাস ঐ আদেশ অমান্য করেন এবং তাঁকে অপেক্ষাকৃত খারাপ ঘরে থাকতে দেন এবং নিজে ভাল ঘরে থাকেন। সেই সময় তাঁর অধঃস্তন কর্মচারী ঐ বাংলোর কেয়ার-টেকার শ্রীঅজিত ভূঁইয়া ঘর পরিবর্তন করার ব্যাপারে প্রতিবাদ করলে তাঁর প্রতি শ্রী দাস অশালীন ব্যবহার করেন এবং তাঁকে মারতে উদ্ধত হন। সেই সময় ইরিগেশন বাংলোর অন্যান্য কর্মচারী এবং ঐ দপ্তরের চীফ ইঞ্জিনিয়ার—২ এবং এ্যাসিসটেণ্ট ইঞ্জিনিয়ার উপস্থিত ছিলেন। এমন কি বর্তমান সরকারের কোন একজন রাষ্ট্রমন্ত্রী উক্ত ভবনের সংরক্ষণের জন্য পত্র দিলে তিনি তার গুরুত্ব না দিয়ে সেই জায়গায় তাঁর নিজস্ব বন্ধু-বান্ধব এবং অন্য দপ্তরের কোন একজন সেকসন অফিসারকে রিজার্ভেশন দেন। তিনি বলেন তিনি কোন রাষ্ট্রমন্ত্রী বা উপ-মন্ত্রীর চিঠির মূল্য দেন না। তাছাড়া তাঁর সম্পর্কে অনেক দুর্নীতিরও অভিযোগ আছে। এবং কনট্রাক্টর-এর পয়সায় তার পুত্রের ব্যবহারের জন্য সুইমিং পুল পর্যন্ত তৈরী করা হয়েছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে শ্রী দাসের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা করার জন্য দাবী জানাচ্ছি এবং অবিলম্বে তাঁকে ঐ জেলা থেকে সরাবার অনুরোধ করছি।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যগণকে আমি এটা জানাতে চাই যে, হাউসে নানা সময়ে নানা সদস্যর বিরুদ্ধে এ্যালিগেসন আনা হয়। কিন্তু এটা সকলকে মনে রাখতে হবে যে, সব বিষয়েই আমাদের পদ্ধতি মেনে চলতে হবে। কোন সদস্যর বিরুদ্ধে এ্যালিগেসন আনারও নির্দিষ্ট কতগুলি পদ্ধতি আছে। কোন সদস্যের বিরুদ্ধে কোন অভিযোগ কারো থাকলে সে সম্বন্ধে কাগজ-পত্র আগে আমার কাছে দিতে হবে, আমি সে সব পেপারস দেখে অনুমতি দিলেই তবে সে সম্বন্ধে এখানে উল্লেখ করা যাবে বা আলোচনা করা যাবে। এটাই হচ্ছে পার্লামেণ্টারি প্রোসিডিয়র। আশা করি ভবিষ্যতে মাননীয় সদস্যগণ এই সমস্ত নিয়ম মেনে চলবেন, তানাহলে আমি এই জাতীয় অভিযোগ এ্যালাউ করব না। আমাকে পেপারস না দেখিয়ে এবং আমার অনুমতি না নিয়ে এই জাতীয় অভিযোগ করা যায় না। দেয়ার আর সার্টেন রুলস এ্যাণ্ড ডিসিপ্লিন।

**শ্রীঅমলেন্দু রায় ঃ** স্যার, এর সঙ্গে আর একটু এ্যাডিসন হবে, শুধু স্পীকারকে দেখালেই হবে না, মেম্বার কনসার্নকেও দেখাতে হবে। দ্যাট ইজ দি রুল। ইউ স্যাল হ্যাভ টু ফলো দি রুলস।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কয়েকটি অভিযোগ মন্ত্রীদের বিরুদ্ধে এনেছি। সেই সঙ্গে আমরা বিভিন্ন সোর্স থেকে বিশেষ করে বিভিন্ন কমিটির চেয়ারম্যানদের বিরুদ্ধে যে সংবাদ পেয়ে থাকি আমরা মনে করি প্রাথমিকভাবে সে বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা দরকার, সত্য উদ্ঘাটন করা দরকার এবং বিচারের ব্যবস্থা করা দরকার। স্যার, আমরা এই জাতীয় অভিযোগগুলি আপনার মাধ্যমে বিধানসভায় রেখে বিচার প্রার্থনা করি। স্যার, গতকাল আমি চেয়ারম্যান হাউসিং বোর্ডের সম্পর্কে কতগুলি তথ্য পরিবেশন করেছি এবং সেটা আমি আজকে আবার পুনরাবৃত্তি করছি। এ বিষয়ে অনুসন্ধান করবার জন্য মন্ত্রীসভায় যেতে হবে না, রুলস এখানে প্রোভাইড করছে, আপনি এ বিষয়ে কমিটি করতে পারেন সত্য উদ্ঘাটনের জন্য এবং তা আপনি হাউসকে জানাতে পারেন।

**মিঃ স্পীকার ঃ** মিঃ মুখার্জী, আপনি আপনার মেনশন করুন, বক্তৃতা করবেন না। আই অ্যাম নট এ্যালাউয়িং দিস সর্ট অফ স্পিচ। আপনার ঐ সমস্ত বক্তব্য রেকর্ডেড হবে না, ওগুলি এক্সপাঞ্জ হবে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আমি আপনাকে পার্সোনালি বলে এসেছিলাম যে, আমি জিরো আওয়ারে একটা কথা তুলব।

**মিঃ স্পীকার ঃ** হ্যাঁ, আপনি বলেছিলেন একটা কথা তুলবেন, কিন্তু কি কথা তুলবেন তা আমাকে বলেননি এবং আপনি আমাকে কোন ডকুমেণ্ট দেখাননি। সুতরাং এখন যেভাবে যা বলছেন তা বলা দ্যাট ইজ নট দি প্রোসিডিয়র।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আমার মেনসন ছাড়াও আমি আর একটা প্রশ্ন রাখব, এ কথা আমি আপনাকে বলেছিলাম।

**মিঃ স্পীকার ঃ** কোন মেম্বারের বিরুদ্ধে হাউসে কোন এ্যালিগেসন আনতে হলে ডকুমেণ্টস হ্যাভ টু বি সোন টু মিঃ স্পীকার এ্যাণ্ড অলসো দি ডকুমেণ্ট হ্যাজ টু বি সোন টু দি মেম্বার কনসার্নড।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আমি আজকে যাঁদের সম্বন্ধে বলতে চাইছি তাঁরা এই হাউসের মেম্বার নন।

[2-40—2-50 p.m.]

**মিঃ স্পীকার ঃ** যদি মেম্বার না হয় তাহলে গভর্ণমেণ্ট বলবেন, ডিপার্টমেণ্ট বলবেন, নাম আপনি বলতে পারেন না, বিকস্‌ রুলস আর দেয়ার। ইউ ক্যান্‌ নট্‌ ডিনাই।

**শ্রীমহঃ নিজামুদ্দিন ঃ** মিঃ স্পীকার স্যার, আমি যে ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে যে, আমাদের বামফ্রণ্ট সরকারের পক্ষ থেকে দু বছর আগে একটা সার্কুলারে এই কথা বলা হয়েছে যে পশ্চিমবঙ্গে ওয়েষ্ট দিনাজপুরের ইসলামপুর সাবডিভিসন এবং বর্ধমানের আসানসোল সাবডিভিসন এবং ডিষ্ট্রিক্টের ব্যাপারে কলকাতা ডিষ্ট্রিক্ট ও ২৪ পরগণার গার্ডেনরীচ মিউনিসিপ্যাল এরিয়ায় উর্দু ভাষাকে সরকারীভাবে সরকারী কাজে ব্যবহার করা হবে।

ঐ সময় একটি আলোচনায় মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন আপনারা যাঁরা উর্দু ভাষাভাষী এম. এল. এ. আছেন, আপনারা উর্দুতে ভাষণ কেন দিচ্ছেন না? আমরা তখন বলেছিলাম যে এই জন্যই দিচ্ছি না কারণ উর্দুতে ভাষণ দিলে তার কোন রেকর্ড এই বিধানসভায় হবে না, যেহেতু এই ভাষা রেকর্ড করবার জন্য কোন ব্যবস্থা নেই এখানে। তদানীন্তন স্পীকার মহাশয় আশ্বাস দিয়েছিলেন যে এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। আজকে তারপর অনেকদিন কেটে গেছে। সেই সময় যিনি স্পীকার ছিলেন তিনি গত নির্বাচনের পর আইনমন্ত্রী হয়ে চলে গেছেন এবং আপনি স্পীকার হয়েছেন। আপনাকে অনুরোধ করছি অবিলম্বে এই বিধানসভায় উর্দু রিপোর্টার রাখার ব্যবস্থা করুন যাতে আমরা উর্দু ভাষাভাষী এম. এল. এ.-রা উর্দুতে ভাষণ দিতে পারি।

**শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি।

গত ছয় তারিখে বঙ্গবাসী কমার্স কলেজের অধ্যাপকদের উপর কিছু ছাত্র-নামধারী গুণ্ডারা আক্রমণ করে এবং তার ফলে এক অধ্যাপকের মাথা ফেটে যায়। ফলে তাঁর মাথায় টিচ্‌ পর্যন্ত করতে হয়। গত বছরও বঙ্গবাসী কলেজে একই ঘটনা ঘটেছিল। সেখানেও কিছু অধ্যাপকের উপর আক্রমণ করেছিল ছাত্র নামধারী গুণ্ডারা। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে এই সমস্ত গুণ্ডাদের গ্রেপ্তার করুন। এরা সকলেই ছাত্র পরিষদ ( ই ) নামধারী।

**শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাটে ছাত্র ভর্তির সমস্যা একটা ব্যাপক আকার ধারণ করেছে। সেখানে ছাত্র ভর্তি হতে পারছে না। এই অবস্থায় বিভাগীয় কর্তৃপক্ষর কাছে বার বার আবেদন রাখা হয়েছে। কাজেই যাতে ছাত্র ভর্তি হতে পারে তার জন্য অবিলম্বে সরকারীভাবে ব্যবস্থা করা দরকার।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

পশ্চিমবঙ্গ সরকার আমাদের বিধানসভা সদস্যদের জন্য একটি করে টেলিফোনের ব্যবস্থা করেছেন। কিন্তু বর্তমানে সেই সমস্ত টেলিফোন কোন কাজ করছে না। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারকে এইজন্য অনেক টাকাই গুনতে হচ্ছে। মাননীয় সদস্যদের এই টেলিফোন দ্বারা কোন উদ্দেশ্যই সাধিত হচ্ছে না। আমার যে টেলিফোনটা রয়েছে সেটা দীর্ঘদিন ধরে কাজ করছে না। এ সম্বন্ধে বিভাগীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেছি। তাঁরা বলেছেন যে কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কিছুই করছেন না। আমি পাণ্ডুয়া থেকে নির্বাচিত। কিন্তু পাণ্ডুয়া থেকে যদি কখনও দরকারে কলকাতায় যোগাযোগ করতে চাই — কিছুতেই যোগাযোগ করা সম্ভব হয়ে ওঠে না।

[2-50—3-00 p.m.]

এখানে টেলিফোনের যা অবস্থা তাতে কিছুই শোনা যায় না। কিন্তু এখানে সামান্য একটু অংশ যোগাযোগ করে দিলে ভালভাবে শোনা যাবে। পাণ্ডুয়া থেকে টেলিফোন করতে গেলে বর্ধমান হয়ে তারপর হাওড়া হয়ে চুঁচড়ায় টেলিফোন করতে হবে। কিন্তু তেলাণ্ডু আকাশবানী ভবন থেকে খন্নান পর্যন্ত এই দেড় দু মাইলের মতো কানেকসান করে দিলে পাণ্ডুয়া থেকে চুঁচড়া এবং কলিকাতা সরাসরী যোগাযোগ করা যাবে। বর্তমান যুগে এটা অত্যন্ত প্রয়োজনীয়। আমরা কর্তৃপক্ষকে বার বার বলেছি। কিন্তু তারা কিছু করতে পারছে না। তারা বলছে মেসিন অত্যন্ত পুরানো, মেসিন নূতন না হলে কিছু করা যাবে না। এখানে যারা বিরোধী পক্ষে বসে আছেন তাদের এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে বলা উচিত। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। তাঁরা কেন্দ্রীয় সরকারের অকর্মন্যতার ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। তারা গণতন্ত্রকে হত্যা করার জন্য এখানে এই ভাবে চিৎকার করছেন। তাদের সরকার কি কাজ করছেন সেই ব্যাপারে তারা কিছুই খেয়াল রাখেন না।

**শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হুগলী জেলার আরামবাগ মহকুমার একটি গুরুত্বপূর্ণ ঘটনার কথা এখানে অবতারণা করতে চাই। গত ২৮.৮ তারিখে আরামবাগ মহকুমার খানাকুল থানার ঘোষপুর গ্রামে আবদুল মান্নান, করিম খাঁ, বাহারুল খাঁ এবং বাসুদেব নামে কিছু কংগ্রেস নেতার নেতৃত্বে ২০০-২৫০ লোক নিয়ে মলয়পুর হাই স্কুলের শিক্ষক এবং এ.বি.টি.এ.-এর সম্পাদক শ্রীপ্রফুল্ল কুমার নায়েকের বাড়ি লুটতরাজ করে এবং বাড়ির লোকের উপর এবং তাঁর স্ত্রী এবং বাচ্চাদের উপর আক্রমণ চালায়। বাড়ি থেকে ৪০।৫০ মন ধান, ৫ মন চাল, ৭ ভরি সোনা এবং থালা-গ্লাস-বাটি এবং জামা কাপড় সব লুট করে নিয়ে যায়। শুধু তাই নয়, আবদুল মান্নানের নেতৃতে খানাকুল থানায় সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। এ ছাড়া চাকদাপুর গ্রামে কচি রাম রায় নামে এক চাষীর উপর আক্রমন করা হয় এবং সে মারা যায়। খানাকুল থানায় যারা এই অবস্থার সৃষ্টি করছে সেই দোষী ব্যক্তিদের শাস্তি দেবার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, through you, I would like to draw the attention of the Chief Minister, who is also the Minister-in-Charge of Home Affairs. I would like to state that on the 3rd, 4th and 5th September, 1983, the law and order situation prevailing at Kamardanga Pottary Road, Malipara situated in Central Calcutta had been seriously deteriorated.

Myself along with Shri Abdus Sattar, Leader of the Opposition and Shri Somen Mitra, MLA, visited the site and we found that a railway recreation club was badly damaged and broken and photographs of Rabindra Nath Tagore, Netaji Subhas Chandra Bose were thrown on the floor in a most disrespectful condition. The local people came to us both men and women. They complained that the anti-social elements supported by the CPI(M) cadres have committed all these crimes. They also alleged that the police were completely inactive. Rather the CPI(M) cadres are dictating the police. As a result of the situation, as may as 400 inhabitants of the local area have left the place due to lack of security of their lives and properties. So I feel that the Chief Minister has completely failed in tackling the grim situation not only in those areas but also in the whole of West Bengal. The Chief Minister, in my opinion, has no moral right to rule as a Chief Minister. He should resign immdiately.

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় স্পীকার স্যার, আমরা জানি যে এদের কাছে বলা মানে উলু বনে মুক্ত ছড়ানো, তবুও বলতে হবে। গত পরশু দিন দৈনিক সংবাদ-পত্রে একটা নিউজ বেরিয়েছিল যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে রামতনু লাহিড়ী, রবীন্দ্র এবং বিভাগীয় মেরিট প্রমোশন স্কীমে তিনটি অধ্যাপকের পদ আছে। এইতিনটি অধ্যাপকদের পদে নিয়োগের জন্য একটা সিলেকশন কমিটি ছিল। উক্ত সিলেকশন কমিটি রামতনু লাহিড়ী অধ্যাপক পদে শঙ্করী প্রসাদ বসু, রবীন্দ্র অধ্যাপক পদে উজ্জ্বল মজুমদার এবং বিভাগীয় মেরিট প্রমোশান স্কীমে অধ্যাপক প্রমোদ রঞ্জন ঘোষকে নিয়োগের জন্য মনোনীত করা হয়। বামফ্রণ্ট সরকারের পক্ষে বিশেষ করে সি. পি. এম. দল চেয়েছিলেন, তাঁদের মনোনীত কোন ব্যক্তি উক্ত পদগুলিতে নিয়োগপত্র পান। যেহেতু সিলেকশন কমিটি সি. পি. এম. দলের মনোনীত কোন ব্যক্তিকে নিয়োগ করেন নি, সেইহেতু কলিকাতা বিশ্ববিদ্যালয়ে একটি কলঙ্কজনক ঘটনা ঘটেছে। সেটি হচ্ছে, উক্ত সিলেকশন কমিটিকে বাতিল এবং সেই সঙ্গে তাঁদের সিদ্ধান্তকে বাতিল করা হয়েছে। এখানে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় উপস্থিত আছেন। তিনি অসুস্থ, তবুও তাঁর কাছে অনুরোধ জানাই, তিনি এই ব্যাপারে ইণ্টারভেন করে বিশ্ববিদ্যালয়ের এই কলঙ্কজনক ঘটনার অবসান করুন।

**শ্রীশৈলেন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ভদ্রেশ্বরের অন্তর্গত তেলিনী পাড়ার ভিক্টোরিয়া জুট মিল এবং চাঁপদানী এঙ্গারস্ জুট মিল নামক দুটি মিল দীর্ঘদিন যাবৎ লক-আউট হয়ে পড়ে আছে। উক্ত মিল দুটি একই মালিকানাধীন-থমাস ডাফ গ্রুপের। আজ ৫।। মাস ও ৩ মাস ধরে এই দুটি

জুট মিল বন্ধ হয়ে পড়ে আছে। এরফলে প্রায় ৯।। হাজার শ্রমিক অভুক্ত অবস্থায় পড়ে আছে। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে আমরা যখন জুন মাসের ২৯ তারিখে দিল্লীতে গিয়েছিলাম তখন এই অবস্থার অবসানের জন্য জানিয়েছিলাম। কিন্তু তা সত্ত্বেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা গৃহীত হয় নি। আমি আপনার মাধ্যমে সেজন্য অনুরোধ জানাই, তিনি যেন লক-আউটের অবসান কল্পে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন।

**Shri Deokinandan Poddar :** Mr. Speaker, Sir, I want to draw attention of the Chief Minister in the matter of inability of West Bengal State Electricity Board who do not ensure proper power supply to new entrepreneurs of industries which is disheartening. The entrepreneurs are now hestitating to make any massive investment in West Bengal. Comparative better incentives and infra-structure facilities from other State Government are encouraging flight of capital from West Bengal. I will give you an example. In 1976, an industrial license was granted to a Calcutta industrial undertaking to establish Oxygen Gas Plant at Kalyani. But due to non-supply of power the unit could not be commissioned till 1980-81. The Director of Industries and the High Powered Project Implementation Committee of the State Government have recommended release of power for this project on priority basis. In February, 1982 the firm also executed an agreement with Electricity Board and deposited Rs. 7.30 lakhs. The matter has, however, not received deserving care and attention of the Electricity Board authorities, who have so far not taken steps for supply of power to the project. As a result, the industrial licence which has been extended on several occasions in tae past is likely to be cancelled. So I would request the Chief Minister to personally intervene in the matter and help the entrcpreneur. Thank you, Sir.

[3-00—4-10 p.m. including adjournment]

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার কালিনাথ-পুরে একটি নতুন কয়লা খণি প্রকল্পের কাজ সবে শুরু হয়েছিল। এই প্রজেক্টের কাজ শুরু হওয়াতে ওই অঞ্চলের কাজ অনেক অগ্রসর হয়েছিল এবং কয়েক মাসের মধ্যে কয়লা উত্তোলনের কাজ শুরু হওয়া সম্ভব হোত। কিন্তু খণির পরিচলন কর্তৃপক্ষ রাতারাতি সমস্ত কর্মচারীদের সেখান থেকে বিভিন্ন কোলিয়ারিতে বদলির আদেশ দেন। এরফলে সমস্ত কয়লাখণির কাজ বন্ধ হয়ে যায়। আমি মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি তিনি যেমন সত্বর কয়লাখণি কর্তৃপক্ষের সঙ্গে এই ব্যাপারে কথাবার্তা বলেন এবং সেখানকার কাজ যাতে কোনভাবে ব্যাহত না হয় তার চেষ্টা করেন। কারণ এই খণির সঙ্গে অনেক বেকার ছেলের ভবিষ্যৎ জড়িত আছে। সেইজন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি অতীতেও অভিযোগ করেছি এবং আজও করছি যে শহর ও গ্রামের মানুষের মধ্যে রেশনের বণ্টনের অব্যবস্থা কংগ্রেসীরা যেটা

সৃষ্টি করেছেন সেটা আজও আমরা দূর করতে পারিনি। রেপসিড তেল শহরের মানুষেরা নিয়মিত পায় কিন্তু গ্রামের মানুষেরা পায় না। সম বণ্টনের জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আরেকটি কথা হচ্ছে রেশন ডিলারদের ইণ্ডিভিজুয়াল কার্ড প্রতি কস্টিং বেড়ে গেছে। সেইজন্য যাতে রেশন ডিলারদের কমিশনের হার বৃদ্ধি পায় সেই ব্যাপারে আমি খাদ্যমন্ত্রী তথা ডেপুটি মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীদেবরঞ্জন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জলপথ মন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্দ্ধমান জেলায় কোগ্রাম থানায় কমুদ রঞ্জন মল্লিকের জন্মস্থান। এঁর বাড়ীর দুপাশ দিয়ে দুটো নদী বয়ে গেছে—একটি কোপাই নদী অরেকটি অজয় নদী। এই দুটো নদী সমস্ত গ্রামটিকে ক্রমশ গ্রাস করছে। এর কোন ব্যবস্থা নেওয়া হয় নি। এখানে কুমুদ রঞ্জনের বাসস্থান। এখানে প্রাচীন কবিয়ালের বাস্তু ভূমি ছিল। তাছাড়া বৈষ্ণব কবি লোচন দাসের সমাধি এখানে আছে। সেই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বসুমতি এখন সরাসরি সরকার পরিচালনা করেন। এই সংবাদপত্রের চেয়ারম্যান কিছুদিন আগে একটি বড় মেশিন অফসেট মেশিন হাই স্পিড ওয়েব অফসেট মেশিন কিনেছেন। এই মেশিনটির দাম যতগুলি মেশিন আছে তারমধ্যে সব থেকে বেশী দাম। ঘণ্টায় এই মেশিনটির ৩০ হাজার ছাপা হয়ে থাকে। এই মেশিনটির দাম ২৬ লক্ষ টাকা। এখানকার এডিটর এই মেশিনটিকে জার্মানী থেকে কেনবার কথা বলেছিলেন কিন্তু চেয়ারম্যান দেশ থেকে মেশিনটি কিনবেন বললেন তাতে কম দামে পাওয়া যাবে এবং সেইভাবে তিনি দেশ থেকেই মেশিনটি কিনলেন। তারপরে এডিটর একটি চিঠি দিয়েছিলেন ১৭-১২-৮১ তারিখে। সেই চিঠির মধ্যে সম্পূর্ণ ইরেগুল্যার এবং কারাপশানের গন্ধ পেয়েছি। গণশক্তি কাগজের মেশিন যে জায়গা থেকে কেনা হোত সেখান থেকে এই মেশিনও কেনা হয়েছে এবং এতে ৪০ পারসেণ্ট রিবেট পেয়ে গেল গণশক্তি। সিটুর সমর্থকরা বলেছে যে এতে কমিশন নেওয়া হয়েছে। এই মেশিনটি পুরাণো মেশিন নতুন করা হয়েছে। এটি একটা মোর্চে ধরা মেশিন ছিল। পুরাণো মর্চে পরা মেশিনকে এখানে ইনস্টল করা হয়েছে। এখানকার এডিটর মিঃ সরকারকে গভর্ণমেণ্ট এ্যাপয়েণ্ট করেছেন। ইট ইজ নট দ্যাট এবং not against any Press but against a particular individual as he is involved in corruption.

আমি এই ব্যাপারে অর্থমন্ত্রীর সুবিচারের প্রার্থনা করছি। তিনি বলছেন, Regarding the purchase of high-speed Web offset machine, I suggest negotiation and bargaining should be properly done. I have confirmed that Ganashakti acquired a high-speed Web offset machine after hard bargaining with the to Indian Companies. They could secure nearly 40% discount. The man who did this is Ganashakti's Production Manager, Mr. Kalyan Das

Gupta. It will be wrong to assume that thecompany which supplied the machine to Ganashakti allowed the concession because of political consideration, as our Chairman had sugges ted at an earlier meeting of the Board of Directors. I inquired into the matter throughly.

এটা করার দরকার আছে। এ প্রসঙ্গে ১২ই আগষ্ট সিটু থেকে একটা চিঠি দেয়া হয়। ডাইরেক্টার সেখানে ২নং ক্লজে বলেছেন পত্রিকার ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য নূতন গতিশীল মেসিন কেনা হয়েছে। কিন্তু এখনও মেসিন চালু হয়নি। কর্মচারীদের সহযোগিতা সত্ত্বেও কেন চালু হচ্ছে না এই প্রশ্নে সন্দেহ দেখা দিয়েছে। প্রথমে শোনা গেল পুরাতন মেসিন নতুন দামে কেনা হয়েছে। মেসিনটি খোলা এসেছে এবং মরচে পড়েছিল। আমাদের প্রস্তাব এ সম্পর্কে তদন্ত করা হোক। আমাদের প্রশ্ন যেখানে সিটু এবং এডিটর বলছে ২৬ লক্ষ টাকা দিয়ে একটা পুরানো মেসিন সেখানে ইনস্টল করা হয়েছে। যেখানে ৩০ হাজার স্পীড থাকা দরকার সেখানে ১৫ হাজার ছাপা হয়। স্পীড মিটার মিঃ গাঙ্গুলী খুলে নিয়ে চলে গেছেন। এই মেসিনটা ১০ লক্ষ টাকা দামে এখানে ইনস্টল করা হয়েছে। সিটু এবং এডিটর এবিষয়ে আপত্তি করেছেন তা সত্ত্বেও কিছু করা হচ্ছে না। এটা সরকারের কর্তৃত্বে এবং পাবলিক মানি এখানে রয়েছে বলে আমি এনকোয়ারি দাবী করছি।

Presentation of the Statements of Excess Expenditure for 1968-69, 1969-79, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74.

**Dr. Ashok Mitra** : Sir, I beg to present the Statements of Excess Expenditure for 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74.

(At this stage of House was adjournment till 4-00 p.m.)

(after adjournment)

[4-00—4-10 p.m.]

**Twentyninth Report of the Business Advisory Committee**

**Mr. Speaker** : I beg to present the Twentyninth Report of Business Advisory Committee which at its meeting held in my Chamber today the 9th September, 1983, recommended the following revised programme of 9th September and the programme of business for 12th and 13th September, 1983.

**Friday, 9-9-1983** : (i) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983 (Introduction)—15 minutes.

(ii) The Bengal Municipal (Amendment) Bill, 1983 (Introduction)

(iii) Discussion on Statutory Resolution — Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(iv) The Bengal Municipal (Amendment) Bill, 1983 (consideration and and Passing)—1 hour.

(v) The Calcutta University (Amendment) Bill, 1982 (Introduction)

(vi) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(vii) The Calcutta University (Amendment) Bill, 1983 (Consideration and Passing).

(viii) The Burdwan University (Amendment) Bill, 1983 (Introduction).

(ix) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(x) The Burdwan University (Amendment) Bill, 1983 (Consideration and Passing).

(xi) The Jadavpur University (Second Amendment) Bill, 1983 (Introduction).

(xii) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(xiii) The Jadavpur University (Second Amendment) Bill, 1983 (Consideration and Passing).

(xiv) The Rabindra Bharati (Second Amendment) Bill, 1983 (Introduction).

(xv) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(xvi) The Rabindra Bharati (Second Amendment) Bill, 1983 (Consideration and Passing)—2 hours.

(xvii) The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

**Monday, 12-9-1983** : (i) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983 (Consideration and Passing)—1 hour.

(ii) The West Bengal Non-Government Educational Institutions and Local Authorities (Control of Providen) Fund of Employees) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) The Calcutta Municipal Corporation (Amendment Bill, 1983 (Introduction, Consideration and Passing)—3 hours.

**Tuesday 13-9-1983** : (i) The West Bengal Nationalised Text-Books (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

(li) The West Bengal Primary Education (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) Discussion and Voting on Excess Expenditure for 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74—2 hours.

Now the Hon'ble Minister in charge of Home (Parliamentary) Affairs will move the motion for acceptance of the House.

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** স্যার, বি· এ. কমিটির ২৯তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্য আমি অনুরোধ করছি।

**মিঃ স্পীকার ঃ** আমি আশা করছি সকলেই এ বিষয়ে একমত হবেন।

**শ্রীমসলেহুদ্দিন আহমেদ ঃ** স্যার, আমি গতকাল একটা মোশান এর নোটিশ দিয়েছিলাম, আজও একটা মোশানের নোটিশ দিয়েছি—একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কিন্তু কোন সুযোগ পাচ্ছি না।

**মিঃ স্পীকার ঃ** সোমবার দেবেন।

## LEGISLATION

### The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Dr. Zainal Abedin** Sir, I rise on a point of order. এই বিল এখনই সার্কুলেটেড হল, সুতরাং এই বিলের এখনই ডিসকাসান হতে পারে না।

**Mr. Speaker :** It is only for introduction.

**Dr. Zainal Abedin :** Why do you allow so ?

**Mr. Speaker :** It is a Finance Bill.

**Dr. Zainal Abedin :** Then I could have opposed the introduction. I have every right to go to the merits.

**Mr. Speaker :** Finance Taxation Bill is not circulated before hand It is only circulated at the time of introduction. মিঃ ঘোষ, আপনি ৪টি বিল একসঙ্গে মুভ করুন।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমি যখন অসুস্থ ছিলাম তখন আমার পরিবর্তে অধ্যাপক নির্মল বোস উচ্চ শিক্ষার ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে বিলগুলি সার্কুলেট করেছিলেন। আমি আপনার অনুমতি নিয়ে বিলগুলি হাউসের সামনে উপস্থাপন করছি।

### The Calcutta University (Amendment) Bill, 1983

**Shri Sambhu Charan Ghose :** Mr. Speaker, Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Lagislative Assembly.

(Secretary then read the title of the Bill)

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that this House disapproves the Calcutta University (Amendment) Ordinance, 1983, (West Bengal Ordinance No. V of 1983).

### The Burdwan University (Amendment) Bill, 1983

**Shri Sambhu Charan Ghose :** Mr. Speaker, Sir, I beg to introduct the Burdwan University (Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that this House disapproves the Burdwan University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. IX of 1983).

**The Jadavpur University (Second Amendment) Bill, 1983**

**Shri Sambhu Charan Ghose** : Mr. Speaker, Sir, I beg to introduce the Jadavpur University (Second Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that this House disapproves the Jadavpur University (Second Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinace No. XII of 1983).

**The Rabindra Bharati (Second Amendment) Bill, 1983**

**Shri Sambhu Charan Ghose** ; Mr. Speaker, Sir, I beg to introduce the Rabindra Bharati (Second Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

( Secretary then read the title of the Bill )

**মিঃ স্পীকার ঃ** এখন শ্রীআবদুল মান্নান এবং কাশীনাথ মিশ্র আপনাদের যে স্ট্যাটুটরী রেজলিউসান আছে সেগুলি আপনারা একসঙ্গে মুভ করুন।

**Shri Knshinath Misra** : Sir, I beg to move that this House disapproves the Rabindra Bharati ( Second Amendment ) Ordinance, 1983 ( West Bengal Ordinance No. X of 1983 )

[4-00—4-10 p.m.]

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** স্পীকার মহোদয়, মাননীয় সদস্য আবদুল মান্নান এবং কাশীনাথ মিশ্র দি ক্যালকাটা ইউনিভারসিটি ( এ্যামেণ্ডমেণ্ট ) বিল, বর্ধমান ইউনিভারসিটি ( এ্যমেণ্ডমেণ্ট ) বিল, যাদবপুর ইউনিভারসিটি ( সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট ) বিল, যাদবপুর ইউনিভারসিটি ( সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট ) বিলের উপর যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করছি।

Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1983, be taken into consideration.

Sir, I beg to move that the Burdwan University (Amendment) Bill, 1983, be taken into consideration.

Sir, I beg to move that the Jadavpur University (Second Amendment) Bill, 1983, be taken into consideration.

Sir, I beg to move that the Rabindra Bharati ( Second Amendment ) Bill, 1983, be taken into consideration.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীমহাশয় যে অর্ডিন্যান্সগুলি নিয়ে এসেছেন চারটি বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে কলকাতা বিশ্ববিদ্যালয় বর্ধমান বিশ্ববিদ্যায়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ব্যাপারে

যা অডিন্যান্স আকারে আমাদের দিয়েছেন—পরে বিল আকারে হাউসে উপস্থাপিত হচ্ছে. এই অডিন্যান্সের গুরুত্ব যদি এই দপ্তর তথা সরকার যদি উপলব্ধি করলেন তাহলে সেটা যখন আমাদের গত বিধানসভার বাজেট অধিবেশনের সময় এই ত্রুটি বিচ্যুতি-গুলি কেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করলো না ? অর্থাৎ তাঁদের এই ব্যাপারে ঠিকমত পরিচালিত হচ্ছে না এবং ঠিকমতভাবে শিক্ষার ত্রুটি-বিচ্যুতি, আইনের ত্রুটিবিচ্যুতি লক্ষ্য করছেন না। এই সবগুলি সামান্য ব্যাপার হলেও আপনি দেখুন বর্ধমান বিশ্ব-বিদ্যালয় সম্বন্ধে যে এ্যামেণ্ডমেণ্ট আছে সেগুলি আপনারা সংশোধন চাইছেন তাতে একটু উপলব্ধি করলেই বোঝা যাবে আমাদের অধিকারকে পুরোপুরিভাবে সরকার মানছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন যে এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসেছেন non-teaching staff of the University and the affiliated Colleges as are members of the amongst themselves. অর্থাৎ নন-টিচিং স্টাফ ভোটে কমপ্লিট করবে এবং কারা ভোট দেবে ? সমস্ত এ্যাফিলেটেড কলেজের নন-টিচিং স্টাফ তাহলে সেখানে ঠিক অধিকার কি প্রতিষ্ঠিত হোল ? সেখানে অধিকার কি সকলে পেলেন ? এখানে অধিকারকে খর্ব করা হলো। মাননীয় অধ্যক্ষ মহাশয় আবার দেখুন, "One post-graduate student elected jointly by such post-graduate students of the university and students of the affiliated colleges as are members of the Court from amongst themselves. তারা ভোটে দাঁড়াতে পারবে না সব কলেজের ছাত্রছাত্রীরা, কিন্তু তাদের ভোট দেবার অধিকার আছে, তারা কনটেস্ট করতে পারবে না। নন-টিচিং স্টাফ তারা কনটেস্ট করতে পারবে না, কিন্তু তাদের ভোট দেবার অধিকার আছে। এই যদি গণতান্ত্রিক অধিকার হয়, এই যদি গণতান্ত্রিক প্রসেস হয়, তাহলে আমার বলার কিছু নেই। একদিক দিয়ে আপনারা বলছেন যে অধিকার দেব, কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে আপনারা অধিকারকে কার্টেল করছেন। আজকে সেই জন্য এইগুলো অর্ডিন্যান্স আকারে এনেছেন। সকলকে সমান অধিকার দিলেন না। ভাইস-চ্যানসেলারের এক্তিয়ারে যে সব কমিটিগুলো আছে, তাঁর ক্ষমতা ছিল যে সেইগুলো ৬ মাস এক বছরের মধ্যে তিনি সেই কমিটিগুলো ফর্মেশন করে ফেলবেন। কিন্তু ভাইসচানসেলারের ক্ষমতা দিচ্ছেন তাঁর যে কমিটিগুলো আছে সেইগুলোকে তিনি আন লিমিটেড পিরিয়ডের মধ্যে তিনি ফর্ম করতে পারবেন। সুতরাং আপনি যে বাইনডিংস দিচ্ছেন, তার ভিতরে কাজ হচ্ছে না। সুতরাং কাজ ঠিকমত ভাবে পরিচালিত হবে কি না, এই ব্যাপারে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়কে লক্ষ্য রাখতে বলবো। এখানে যে নির্ধারিত সময়ের মধ্যে কমিটিগুলো ফর্মেশন হচ্ছে না, সেখানে কি ত্রুটি বিচ্যুতি থাকছে, এ্যাডমিনিস্ট্রেটিভ ক্ষমতা নিয়ে যে কর্তৃপক্ষরা আছেন, ভাইস-চ্যানসেলার এবং তার যে অফিস সেখানে যেভাবে কাজ হচ্ছে, নির্দেশ দিলে কাজ হচ্ছে না, আইনকে মানছে না, সেখানে সুষ্ঠু ভাবে কাজ হয় না, আজকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে একটা ডেডলক সৃষ্টি হয়েছে। আপনি অবশ্য সুরাহা করার চেষ্টা করছেন, কিন্তু তার মাধ্যমে কি সুরাহা হবে ? সেখানে আইনের শাসন যদি না থাকে, তাহলে এই পদ্ধতিতে কি ভাবে সুষ্ঠুভাবে পরিচালিত হবে, আপনার দপ্তর কিভাবে চলবে ? আজকে ইউনি-

ভার্সিটিগুলোর অবস্থা দেখুন, রেজাল্ট বার করে দেবেন বলছেন, কিন্তু বার করতে পারছেন না, অনার্সের প্রশ্ন পত্র ফাঁস হয়ে যায়। পরীক্ষার খাতা ঠিকমত দেখা হয় না।

[4-20—4-30 p. m.]

বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে আপনারা পরিবর্তন করে থাকেন। কিন্তু আপনারা যা বলছেন সেই জিনিস কর্তৃপক্ষ উপেক্ষা করে চলেছেন এবং শিক্ষা দপ্তর ক্রমশঃ দুর্বল হয়ে পড়ছে। সরকার উচ্চশিক্ষা প্রসারের যে চেষ্টা করছেন সেখানে নানা বাধা বিপত্তি এসে পড়ছে, সেগুলি দেখা দরকার। আমরা দেখতে পাচ্ছি কিছুদিন আগে আপনারা যে আইন করেছেন আজকে সেটা পরিবর্তন করতে হচ্ছে। আজ অর্ডিন্যান্স জারি করতে হয়েছিল, আজকে বিল আকারে সেটা নিয়ে এলেন। আপনারা জানেন আপনাদের সংখ্যা গরিষ্ঠতা আছে, পাশ করিয়ে নেবেন, কিন্তু এর দ্বারা প্রকৃত উদ্দেশ্য সাধিত হবে না এবং সেই উদ্দেশ্য সাধনের পথে বাধা এসে হাজির হবে। তার ফলে শিক্ষা প্রসারের ক্ষেত্রে নানারকমের বিঘ্ন এসে হাজির হবে। উচ্চশিক্ষা প্রসারের নামে শিক্ষা সংকুচিত হয়ে পড়বে। উচ্চশিক্ষার ব্যাপারে পশ্চিমবাংলার একটা সুনাম ছিল, সেই সুনাম নষ্ট হবে। আমরা দেখতে পাচ্ছি আজকে আরো বাধা আসছে এই উচ্চশিক্ষা প্রসারের ক্ষেত্রে। আমরা দেখতে পাচ্ছি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীমহাশয় ৪টি বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্সের বদলে ৪টি বিল নিয়ে এসেছেন। আমরা জানি তিনি অসুস্থ আছেন। তার পরিবর্তে আমাদের শ্রদ্ধেয় নির্মল বসু মহাশয় মিনিষ্টার ইন চার্জ হিসাবে দপ্তর পরিচালনা করছেন। আজকে তিনি সুস্থ হয়ে ফিরে এসেছেন। অর্ডিন্যান্সগুলিকে বিল আকারে আজকে তিনি হাউসে নিয়ে এসেছেন। আমরা দেখতে পাচ্ছি উচ্চশিক্ষা প্রসারের ক্ষেত্রে বিভিন্ন সমস্যা রয়েছে, এই ত্রুটিগুলি তাকে দেখতে হবে। শুধু দলবাজী, একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অর্ডিন্যান্সের পরিবর্তে যে বিলগুলি তিনি নিয়ে এসেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমিয় ভূষণ ব্যানার্জী :** মাননীয় স্পীকার, স্যার, মাননীয় শিক্ষা মন্ত্রী দি বর্ধমান ইউনিভার্সিটি (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৩, দি ক্যালকাটা ইউনিভার্সিটি (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৩, দি যাদবপুর ইউনিভার্সিটি (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৩ এ্যাণ্ড দি রবীন্দ্র ভারতী (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৩, হাউসে উপস্থিত করেছেন। খুব বেশী কিছু বলার নেই। সামান্য কিছু পরিবর্তন করা হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে আমরা দেখেছি দুজন প্রো-ভি. সি. ছিলেন। এ্যাক্টে সেখানে প্রভিসন ছিল। লাইফ ইজ মোর কমপ্লেক্স দ্যান উই থিংক ইট টু বি। কাজেই দেখা গেল প্রো-ভি. সি. ফর ফিনানসিয়াল এ্যাণ্ড এ্যাকাডেমির এ্যাফেয়ার্স—এই দুটো পদে ঠিকমত এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া যায় না। সেইজন্য অন্ততঃ এক বছর পর্যন্ত যাতে দুটি ফাংসানই উনি করতে পারেন তার ব্যবস্থা রাখা হয়েছে, এটাই একমাত্র মেজর পরিবর্তন। আর যাদবপুর ইউনিভার্সিটি বিলে অল্প একটু পরিবর্তন করা হয়েছে। হেডস অব ডিপার্টমেণ্ট এ্যাণ্ড টিচারস অব দি ইউনিভার্সিটি আর টু বি এ্যাপয়েণ্টেড

বাই দি ভি. সি. তারা যাতে মেম্বার হতে পারেন, ভোটিং রাইট পান তার ব্যবস্থা করা হয়েছে। রবীন্দ্র ভারতী ইউনিভার্সিটি বিলে স্টাফ, সুপারভাইজার, অফিসারদের রিপ্রেজেণ্টেসন ছিল না, সেই রিপ্রেজেণ্টেসনের ব্যবস্থা করা হয়েছে। বর্ধমান ইউনিভার্সিটি বিলে দেখা যাচ্ছে রেগুলার লাইব্রেরিয়ান পদে যাতে রিপ্রেজেণ্টেসন পান তার ব্যবস্থা করা হয়েছে এবং টু রেগুলার স্টুডেণ্টস ইন আণ্ডার গ্রাজুয়েট অর ইন পোস্ট-গ্রাজুয়েট, তারা যাতে নির্বাচিত হয়ে আসতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। এবং তার সঙ্গে সঙ্গে নন-টিচিং স্টাফ ও পোস্ট গ্রাজুয়েট স্টুডেণ্টদের রিপ্রেজেনটেসানের ব্যবস্থা করা হয়েছে। কাশীবাবু আলোচনা প্রসঙ্গে বিশেষভাবে বললেন, উনি নাকি একটি একনায়কতন্ত্রের প্রভাব চারিপাশে দেখতে পাচ্ছেন। এ সম্পর্কে আমি বলতে গিয়ে একটি উদাহরণ দেব। কলেজের গভর্নিং বডিগুলি সাম্প্রতিককালে পরিবর্তিত হয়েছে। আগে গভর্নিং বডিতে — যে কোন কলেজে হোক — টিচিং স্টাফের দুজন প্রতিনিধি থাকতেন কিন্তু নন-টিচিং স্টাফেদের কেউ ছিলেন না এবং ছাত্ররাও ছিল না। এখন কিন্তু সে ব্যবস্থা করা হয়েছে। এখন কলেজ থেকে টিচিং স্টাফেদের মধ্যে থেকে ৪ জন ইলেকটেড হয়ে আসবেন, নন-টিচিং স্টাফদের মধ্যে থেকে দুজন আসবেন এবং যেখানে ছাত্র ইউনিয়ান আছে সেই ছাত্র ইউনিয়ানের জেনারেল সেক্রেটারি সেখানকার প্রতিনিধি হয়ে গর্ভনিং বডিতে আসবেন, তা না হলে ছাত্ররা নির্বাচন করে প্রতিনিধি পাঠাবে। তা ছাড়া দুজন ইউনিভার্সিটির নমিনি এবং দুজন গভর্ণমেণ্টের নমিনি থাকবেন। তা ছাড়া যেখানে মিউনিসিপ্যালিটি আছে সেখানে সেই মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, জেলাপরিষদ বা করেসপনডিং বডির চেয়ারম্যান তিনি আসবেন। আগেকার অবস্থার সঙ্গে বর্তমান অবস্থার বিশ্লেষণ করলে অত্যন্ত কলেজ পরিচালনার ক্ষেত্রে দেখা যাবে গণতন্ত্র এখানে প্রসার লাভ করেছে। অবশ্য সেটা দেখার জন্য দৃষ্টিভঙ্গী থাকা প্রয়োজন, তা না হলে গণতন্ত্র যতই প্রসার লাভ করুক কাশীবাবুরা সেটাকে একনায়কতন্ত্র বলেই দেখতে থাকবেন। কাজেই আমি বলব, দৃষ্টিভঙ্গীটা আপনারা স্বচ্ছ করুন। তা যদি করেন তাহলে দেখতে পাবেন প্রশাসনিক এবং শিক্ষাগত দিক থেকে গণতন্ত্র এখানে প্রসার লাভ করেছে। যে ৪টি বিল আজকে উপস্থাপিত করা হয়েছে এগুলি অত্যন্ত প্রয়োজনীয় বিল, কাজেই এই বিলগুলিকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Kiran Choudhuri** : Mr. Speaker, Sir, I agree with Principal Banerjee that the amendments are not very wide but they are very significant. First, the plethora of amendments of the Universities really shows the slip-shod manner in which the Department is dealing with the University acts. Now it is found that in the Rabindra Bharati University's first Amendment it did not strike the authorities to put the first Amendment, the first Statute. That expression has been put in the second Amendment. So this is a sorry state of affair. I am very glad to find Shri Ghosh, Minister of Higher Education very hale and hearty who is sitting with us. I would request him to give his anxious thought to all the different clauses of the acts of the different Universities and if there be any need of any amendment let there be complete comprehensive amend-

ments for each act so that he is not to run to the Governor for Ordinance every two months. It is really a shameful thing for an Assembly to deal with amendments every two months.

Now, Sir, coming to the Calcutta University (Amendment) Bill, I find that the Pro Vice-Chancellor, Business and Finance, will be permitted to discharge the duties of the Pro Vice-Chancellor, Academic, for one year in case of necessity. The Chancellor will appoint him for the purpose in consultation with the Vice-Chancellor and the Minister for Higher Education. I hope, the Minister for Higher Education knows the very burden that the Pro Vice-Chancellor, Business and Finance, has to bear. He has got to go through the accounts of crores of rupees and other kinds of things. It is not an easy job for him to discharge the functions of the Pro Vice-Chancellor, Academic, in addition to his duties. Likewise, the Pro Vice-Chancellor, Academic, has got to look after the examination system of the different Faculties. For him also, it is not possible to look after the functions of the Pro Vice-Chancellor, Business and Finance. Sir, I do not think that every Pro Vice-Chancellor, Academic, will be conversant with financial matters or that he will be in a position to understand financial matters. Not at all. I also believe, Sir, that West Bengal has to dearth of men that the Government will not be in a position to find two persons at the same time to fill in two vacancies — one for the Pro Vice-Chancellor, Academic, and another for the Pro Vice-Chancellor, Business and Finance. So, I would suggest ... I know that the Government can pass this Bill with help of the majority — that let the House think over it as to whether it is necessary at all or whether it is advisable to put that kind of burden to an individual even for a day far less to put the burden for one year.

Now, Sir, I find that the Jadavpur University (Second Amendment) Bill, 1983, claims to remove certain anomalies. Coming to the biggest anomaly, I find that whereas in Calcutta University the Syndicate and other bodies, rather the Senate, has got 15 Professors, the Burdwan University has got 4 Professor, the Kalyani University has got 3 Professors, the Rabindra Bharati University has got 3 Professors and the North Bengal University has got 4 Professors, the Jadavpur University has got 5 teachars, not Professors, one of whom has to be a Professor. Just see the distinction. Anomaly has not been removed. Please look into that. Such is also the case with regard to the Faculty Councils. In other Universities all the Professors of the Departments are members of the Faculty Councils but with regard to Jadavpur University 3 teachers of whom atleast one shall be a Professor shall become the members of the Faculty Council. That kind of anomaly still remains. That is why I was requesting the Minister for Higher Education to look into the different Acts thoroughly and find out more anomalies which exist and will continue to exist. Sir, unless the Minister puts his mind into the details he will not be able to

find out the anomalies. Sir, I request the Minister that instead of coming with small measures he should come with a coprehensive Amendment Bill.

Now, about the two Universities—the Jadavpur University and the Burdwan University, we find the time limit was extended on a previous occasion when Professor Nirmal Bose was piloting the last Amendment Bill. He agreed with me that the universities did not require so much time to complete the process—the only argument is let the length of time be unlimited. But the universities should be mrde and the work should be completed as quickly as possible. I would suggest that there must be a time limit or else the present situation will not be changed.

In 1983 the whole of 1981 examinations of Rabindra Bharati University, which is not a very large university, could not be held in time. That is why I suggest that a time limit, a time bound programme should be made so that they could complete the work in time as well as formation of council and board may even be made in time.

Now, with regard to representation of non-teaching employees and students, you, the Hon'ble Minister for Higher Education believe that in democracy you are even to be member of democratization of education in administration. If that be the point then why you prevent the students fiom having voting rights ? Why you make such distinction if a vacancy occurs ? Why they should not be permitted to participate as candidates for election to the vote ? Why there should be distinction in the case of non-teaching employees ? They should be permitted to participate in the election for the sake of democracy as well. These are the points which I think you will consider with a request to from a committee, if necessary, not only simply by the lawyers but also by the teachers here. Please take them, consult them. Take University teachars into confidence and see what best can be done by them. It would be better if a comprehensive amendment Bill is brought before the House so that the Universities could render best services for the sake of the education. Thank you.

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর বিরোধী দলের বক্তব্য শুনলাম। ডঃ চৌধুরী তাঁর বক্তৃতার মধ্যে কতগুলি অ্যানম্যালির কথা বললেন। আমার মনে হয় তিনি যে এ্যানাম্যালিগুলির কথা বললেন সেগুলি তাঁর নিজের মধ্যেই আছে এবং সেই এ্যানাম্যালিগুলি যদি তিনি রিমুভ করতে পারতেন, তাহলে এই বিলটিকে তিনি বুঝতে পারতেন। এই বিলের মধ্যে দিয়ে যা করা হচ্ছে তা সাধারণ কতগুলি কাজের সুবিধার জন্যই করা হচ্ছে। তবে হ্যাঁ দীর্ঘ দিন বিশ্ববিদ্যালয়গুলিতে গণতান্ত্রিক পদ্ধতি প্রবর্তিত ছিল না। স্যার, আপনি জানেন এবং বিরোধী দলের সদস্যরাও জানেন যে, কংগ্রেস আমলে বিশ্ববিদ্যালয়গুলিতে তাঁরা বছরের পর বছর মনোনীত কমিটি করে রেখেছিলেন। আজকে আমাদের সরকারের আমলে নতুন পদ্ধতি এবং প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। এই অবস্থায় সমস্ত কাজ করতে গিয়ে যে-সব অসুবিধা হচ্ছে সে-সব অসুবিধা দূর করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় আজকে দু' একটি এ্যামেণ্ডমেণ্ট

এনেছেন। এ বিষয়ে মূল যে আইন আছে সেই আইন বিরোধী কোন এ্যামেণ্ডমেণ্ট বা সংযোজন তিনি আনেননি। স্যার, আপনি নিশ্চয়ই জানেন ভারতবর্ষে মহাভারতের মত বড় সংবিধান আছে এবং সেই সংবিধান কত বার সংশোধন করা হয়েছে তাও আপনি জানেন। সুতরাং সংশোধন করলেই মূল আইন নষ্ট হয়ে যায় না, বরংচ সংশোধন করাটাই প্রগতিশীলতার লক্ষণ। মহাভারতের মত বড় সংবিধানের ধারাগুলি বহু বার সংশোধন করা হয়েছে।

[4-40—4-50 p.m.]

৫৯ সাল পর্য্যন্ত ৪৯টা এ্যামেণ্ডমেণ্ট হয়েছে। সুতরাং এই ৩৫ বছরের ভিতর প্রায় প্রতি বছর এ্যাভারেজে একটা করে এ্যামেণ্ডমেণ্ট হয়েছে। এ্যামেণ্ডমেণ্ট বা সংশোধন দুই মাস ধরে করেছেন যাতে কাজ করতে কোন অসুবিধা না হয়, বাধা না হয় সেজন্যই এটা করেছেন। উনি প্রো-ভাইসচ্যানসেলরের কথা বলেছেন। একজন ছুটিতে গেলে সাময়িকভাবে যাতে আরেকজনের কাজ করতে অসুবিধা না হয়, ২/৩ মাস ধরে যদি কাজ করতে হয়, তাহলে তাঁকে ক্ষমতা দিতে হবে। ক্ষমতা না দিলে কাজ করতে পারবেন না। এইসব অসুবিধাগুলির কথা উনি জানেন, উনি বহুদিন ধরে ভাইসপ্রিনসিপ্যাল এবং প্রিনসিপ্যাল ছিলেন। ভাইস প্রিনসিপ্যালদের অনেক সময় প্রিন-সিপ্যালের কাজ করতে হয়। সুতরাং প্রিনসিপ্যাল অনেক কাজ ডেলিগেট করেন যেমন প্রো-ভাইসচ্যান্সেলর (বিজনেস) প্রো-ভাইসচ্যান্সেলরের কাজ করবেন। সেটা তো পার্মানেণ্ট এ্যারেঞ্জমেণ্ট নয়, টেমপোরারী ফর এ পিরিয়ড। ছাত্রদের যে ব্যাপার, ছাত্র এবং ননটিচিংস্টাফ তাদের আমরা আলাদা নিয়ে এই বিষয়ে গণতন্ত্রীকরণ করছি। সেই জায়গায় শিক্ষকদের নিয়ে সিলেক্ট কমিটি করার জন্য এই হাউসের বহু শিক্ষক সদস্য যাঁরা সিলেক্ট কমিটিতে ছিলেন তাঁরা জানেন যে দীর্ঘদিন ধরে সিলেক্ট কমিটির মাধ্যমে এই আইনগুলি রচিত হয়েছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আজকে নির্বাচন হয়েছে, অন্যান্য বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের কাজ সুরু হয়েছে এবং সেখানে নির্বাচন করতে গিয়ে অসুবিধা হচ্ছে। অন্য কাজেও যেসব অসুবিধা হচ্ছে তার জন্যও কিছু কিছু সংশোধন করা হচ্ছে। কাজ করতে গিয়ে এক জায়গায় থাকা যায় না। এটাতো ওয়াটার টাইট কম্‌পার্টমেণ্ট নয়। সেজন্য এই সংশোধনগুলি আনা হয়েছে। অনেকে বলেছেন এটা একটা মারাত্মক কিছু করা হয়েছে, তা নয়, আইনগুলি অদল বদল বা উল্টো পাল্টা করে কিছু আনা হচ্ছে না। সেই আইনগুলি আছে যা হাউসে বসে দীর্ঘ-দিন ধরে রচিত হয়েছিল। সেই আইনের আওতার মধ্যে সামান্য একটু এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। শিক্ষার প্রসারতা সম্বন্ধে বিরোধীপক্ষের একজন সদস্য বললেন। আজকে শান্তিনিকেতন বিশ্ববিদ্যালয়, কেন্দ্রীয় সরকারের বিশ্ববিদ্যালয়ে প্রায় ১৫ বছর ধরে কোনো নির্বাচন হয়নি। তাঁদের মুখে আজকে গণতন্ত্রের কথা, 'ভুতের মুখে রাম নাম' শুনতে হচ্ছে। তাঁরা তো দীর্ঘদিন ধরে বহু ক্ষমতায় ছিলেন, নির্বাচন করেছেন? আমরা নির্বাচন করেছি, আজকে গভর্ণিংবডি নির্বাচিত হয়েছে, ইউনিভারসিটিইন্সট্যাটিউট আজকে কার্য্যকরী হয়েছে বিভিন্ন কলেজে। তিনি বললেন যে নির্বাচন কতদিনে করবেন? আপনারা যেটা হরণ করেছিলেন আমরা সেটা করেছি। প্রত্যেক কলেজে কলেজে

আজকে গভর্ণিংবডির নির্বাচন ইউনিভারসিটিইন্সট্যাটিউট অনুযায়ী হয়ে গেল এবং শিক্ষক, অশিক্ষক কর্মচারী তাদের প্রত্যেককে নিয়ে নির্বাচন হয়েছে। সুতরাং আজকে এইসব কথা বলে কোন লাভ নেই। গত সেসনের ত্রুটি বিচ্যুতির কথা বলছেন, সেইসব দিকে লক্ষ্য রেখেই এইসব সংশোধনগুলি করা হচ্ছে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল মান্নান ঃ**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী বিশ্ববিদ্যালয় এ্যামেণ্ডমেণ্ট যে বিলগুলো এনেছেন আমি তার বিরোধিতা করছি। চারটি বিশ্ব-বিদ্যালয়ের বিলকে একসঙ্গে নিয়ে এসে যেখানে আলোচনা করছেন, সেখানে আলোচনা করবার পরিসর খুবই কম। তবুও অল্প সময়ের মধ্যে হলেও এই বিলের বিরোধিতা করে বলতে হবে। আমরা বিরোধী দলে আছি বলেই এই বিলের বিরোধিতা করছি তা নয়, পলেটিক্যাল ইণ্টারেষ্টকে সার্ভ করবার উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে বলেই আমাদের এই বিরোধিতা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রো-ভাইস চ্যান্সেলার আছেন দু'জন, একজন এ্যাকাডেমিক এবং আর একজন ফিনান্স। কলকাতা বিশ্ববিদ্যালয় ভারতবর্ষের মধ্যে বৃহত্তম বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ের আণ্ডারে বহু কলেজ আছে। প্রো-ভি. সি ( এ্যাকাডেমিক ) যিনি আছেন, তাঁকে বিভিন্ন কলেজের এ্যাকা-ডেমিক বিষয়গুলো কন্ট্রোল করতে হয়। আর প্রো-ভি. সি ( ফিনান্স ) যিনি আছেন, তাঁকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট যা প্রায় ৯০ কোটি টাকার মত তার দেখাশুনা করতে হয় এবং তিনিই তার ড্রয়িং ও ডিসবার্সিং অথরিটি। কিন্তু আজকে একটি প্রো-ভি. সি পদ তুলে দিয়ে প্রো-ভি. সি ( এ্যাকাডেমিক )-কে দিয়ে ফিনান্স এবং এ্যাকাডেমিক—এই দুটো কাজই করাতে চাইছেন। সমস্যা জর্জরিত কলকাতা বিশ্ব-বিদ্যালয়ে যেখানে দু'জন প্রো-ভি. সি দ্বারাই সুষ্ঠুভাবে কাজ করাতে পারছেন না, সেখানে একজনের দ্বারা কি করে কাজ করাবেন জানিনা। আজকে দু'জন প্রো-ভি. সির জায়গার অতিরিক্ত প্রো-ভি. সি এ্যাপয়েণ্টমেণ্টের ব্যাপার এই বিলের মধ্যে যদি আনতেন তাহলে বিরোধিতা করবার প্রয়োজনই হতনা। এত গুরুত্বপূর্ণ 'কি-পোষ্টে' নিজেদের দলীয় লোককে নিয়ে আসতে পারছেন না বলেই এই বিল আনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রো-ভি. সি ( এ্যাকাডেমিক ) আজ যিনি আছেন— শ্রীপ্রতীপ কুমার মুখার্জী, তিনি আগে রেজিষ্ট্রার ছিলেন। রেজিষ্ট্রার থাকাকালীন ক্যালকাটা ইউনিভার্সিটিতে যে নির্বাচন হয়েছিল, তাতে তিনি রিটানিং অফিসার ছিলেন এবং যেহেতু সেই নির্বাচনে তিনি লেফ্‌টফ্রণ্টকে ব্যাপক জালিয়াতির সুযোগ দিয়ে সাহায্য করেছিলেন, সেহেতু তাঁকে প্রো-ভি. সি করা হয়েছিল। এই প্রো-ভি. সি ( ফিনান্স ) পদে এক সময় ডঃ অশোক মিত্রের নাম উঠেছিল যখন তিনি নির্বাচনে হেরে গিয়ে বেকার হয়ে বসেছিলেন। অবশ্য তারপর ফিনান্স মিনিষ্টার হয়ে উনি এখানে ফিরে এসেছেন। পরে তাঁর নাম বাতিল্ করে কমরেড বিপ্লব দাশগুপ্তের নাম এলো। কিন্তু এ ব্যাপারে ফরোয়ার্ড বুক সি. পি. এম-এর লড়াইয়ের ফলে তাঁর নামও বাতিল হোল। আজকে এই বিলের দ্বারা অনির্দিষ্ট কালের জন্য ক্ষমতা হাতে নিতে চাইছেন যাতে শ্রীমুখার্জীকে দিয়ে দলীয় স্বার্থ সিদ্ধি করবার ব্যবস্থা করতে পারেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বর্ধমান ইউনিভার্সিটি এ্যামেণ্ডমেণ্ট বিল যা এনেছেন, তারও বিরোধিতা করতে হচ্ছে এই কারণে যে ১৯৮১ সালে ইউনিভার্সিটি এ্যাক্ট যখন পাশ হয়েছিল, তখন ঠিক ছিল যে এ্যাক্ট গেজেট হবার ৬ থেকে ১ বছরের মধ্যে কনষ্টিটিউশন অফ কোর্ট, একজিকিউটিভ কাউন্সিল, ফ্যাকালটি কাউন্সিলস্ ফর পোষ্ট গ্র্যাজুয়েট ষ্টাডিস্ কাউন্সিলস্ ফর আণ্ডার-গ্র্যাজুয়েট ষ্টাডিস্ এবং বোর্ড অফ ষ্টাডিস্ সমূহ ডেমোক্র্যাটিক ইলেকশনের মাধ্যমে কমপ্লিট করবেন। কিন্তু পলেটিক্যাল কনসিডারেশনে এখনও পর্যন্ত সেগুলো কমপ্লিট করা হোল না, কারণ ওরা জানেন নির্বাচন হলে হেরে যাবেন। সেইজন্য ইউনিভার্সিটিকে পলেটিক্যাল কন্ট্রোল করবার জন্য আজও নির্বাচন করা হোল না। নোমিনেটেড মেম্বার এইভাবে অনির্দিষ্ট কাল চালাবার জন্যই আজকে এই বিল উনি এনেছেন।

এই বর্ধমান ইউনিভার্সিটির কেসগুলো আমরা দেখেছি। পলেটিক্যালি ইণ্টারেষ্ট সার্ভ করবার জন্য ওঁরা অনেকগুলো নতুন নতুন আইন প্রণয়ন করছেন। পূর্বে একজিকিউটিভ কাউন্সিলে একজন ইউনিভার্সিটি নন্-টিচিং ষ্টাফ প্রতিনিধি থাকতেন, কিন্তু এখানে দেখছি ইউনিভার্সিটি এ্যাফিলিয়েটেড কলেজ সমূহের একজন নন্-টিচিং ষ্টাফ প্রতিনিধি থাকছেন। তিনি ভোট দিতে পারবেন কিন্তু ভোটে দাঁড়াতে পারবেন না। ঠিক একইভাবে একটা প্রস্তাব রয়েছে যে বর্ধমান ইউনিভার্সিটির পোষ্ট গ্র্যাজুয়েট ষ্টুডেণ্টস্ এবং আণ্ডার গ্র্যাজুয়েট ষ্টুডেণ্টদের যিনি প্রতিনিধি হয়ে আসবেন, তিনি ভোট দেবেন কিন্তু প্রতিদ্বন্দ্বিতা করবার ক্ষমতা থাকবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়েও পলেটিক্যাল ইণ্টারেষ্টে দলবাজীর চূড়ান্ত করা হচ্ছে। এ সম্পর্কে সংবাদপত্রেও খবর বেরিয়েছে। গতকাল হাইকোর্ট-এর মাননীয় বিচারপতি এই ইনজাংশন দিয়েছেন কারণ সেনেটে ছাত্র পরিষদ প্রতিনিধিত্ব করতে যে সমস্ত মনোনয়নপত্র জমা দিয়েছিলেন তার মধ্যে থেকে ৩৯টি মনোনয়নপত্র বাতিল করে দিয়েছেন। এরপরই কোর্ট থেকে ইনজাংশন দেওয়া হয়েছে। সেখানকার কর্তৃপক্ষ গতকাল এস. এফ. আই প্রতিনিধিদের নির্বাচিত বলে ঘোষণা করেছে।

কাজেই এই যে এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন এর দ্বারা দলীয় স্বার্থসিদ্ধি করা ছাড়া আর কিছুই হবে না। সেইজন্য এই এ্যামেণ্ডমেণ্ট বিলের বিরোধিতা করছি। আমরা কতগুলো এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা প্রসারের কথা বলছেন। যদি সত্যি তিনি শিক্ষার প্রসার চান তাহলে এই এ্যামেণ্ডমেণ্টগুলো গ্রহণ করবেন আশা করি। মাননীয় সদস্য অনিলবাবু যে কথা বলেছেন তার উত্তরে বলি, গতকাল রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের নির্বাচনে কি করা হয়েছে—সেটা যদি উনি একটু বলতেন, তাহলে ভাল হোত। এই বলে এই বিলের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 p.m.]

**শ্রীশীষ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের উচ্চ শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে কলিকাতা বিশ্ববিদ্যালয় এ্যামেণ্ডমেণ্ট বিল, বর্ধমান ইউনিভারসিটি এ্যামেণ্ডমেণ্ট বিল, যাদবপুর সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট বিল এবং রবীন্দ্রভারতী

বিশ্ববিদ্যালয় এ্যামেণ্ডমেণ্ট বিল এই হাউসেএনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতোক্ষণ ধরে কংগ্রেস পক্ষের তিন জন বক্তার বক্তব্য শুনলাম। মাননীয় কাশিনাথবাবু বলেছেন যে এই বিল শিক্ষা প্রসারের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁদের জানা উচিত ছিল সমাজ প্রসারের সঙ্গে সঙ্গে, সমাজ সংশোধনের সঙ্গে সঙ্গে আইনের সংশোধনের প্রয়োজন আছে। এই কথা তারা ভুলে যাচ্ছেন। পশ্চিমবঙ্গের এই বামফ্রণ্ট সরকারের উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় যে সংশোধনী এনেছেন তার ফলে বিরোধী পক্ষের এতো গাত্রদাহ হচ্ছে কেন সেটা বুঝতে পারছি না। ক্যালকাটা ইউনিভারসিটির ক্ষেত্রে পরিষ্কার বলা আছে যে যদি ভাইস-চ্যানসেলার মারা যান বা রেজিগনেশান দেন এবং অন্য কারণে কাজ ছেড়ে দেন তখন প্রো-ভাইসচ্যানসেলার মন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করে সেই পদে এ্যাপয়েণ্টমেণ্ট দেবেন এবং ৬ মাস থেকে ১ বছর পর্যন্ত টেম্পরারী টাইম দেওয়া হয়েছে। সেই ক্ষেত্রে বিরোধী পক্ষ কি সংশোধনী দিয়েছেন? তাঁরা দিয়েছেন যে, এটা ১ বছর নয় --- তিন মাস করা দরকার। শুনে হাঁসি পায়। এটা একটা পারমিসেবিল প্রোভাইসো মাত্র। অনেক সময় দেখা গিয়েছে যে কাজ করতে গিয়ে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে। অনেক সময় হাই কোর্টে গেছে এবং বিভিন্ন কোর্টে গেছে এবং তার জন্য কাজ বন্ধ হয়ে গেছে। যাতে কাজ বন্ধ হবার সুযোগ না থাকে বা শিক্ষা জগতের কাজ ভাল ভাবে করা যায় তার জন্য এই বিল মন্ত্রী মহাশয় এনেছেন। তিন মাস টাইম থাকলে যদি কোন কারণে তিন মাস অন্তর পালটাতে হয় তাহলে কি সম্ভব হবে? এটা কেমন করে হয়? কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেটা যথোপযোগী এবং যথোপযুক্ত বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয় চারটি বিল এখানে আনা হয়েছে যার জন্য আলোচনার ক্ষেত্রে কিছু অসুবিধা হচ্ছে — যে কথা মাননীয় সদস্য আবদুল মান্নান সাহেব বলেছেন। নন-টিচিং স্টাফদের ভোট দেবার ব্যাপার ওনারা বলেছেন দল-বাজীর কথা। তাহলে কি মান্নান সাহেব বলছেন যে কোন কলেজে তাঁদের লোক নেই?

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে যে চারটি বিল এনেছেন, সেই চারটি বিলের বিষয়বস্তু পড়ে বিরোধী সদস্যরা হয় বোঝেন না, না হয় স্বভাবগত কারণে বিরোধিতা করতে হয়, তাই করেছেন। আর একটি ছোট গল্পের অবতারণা করে আমি আমার বক্তব্য শেষ করবো। একজন লোকের দুটি স্ত্রী ছিল, একটি ছোট আর একটি বড় — আগে পিছে বিয়ে করার কারণে একজন ছোট আর একজন বড়। একদিন ছোট স্ত্রী বড়জনকে গিয়ে বললো, "আমি বাপের বাড়ী যাচ্ছি, আমার থালা, ঘটি, বাসনপত্রগুলো যত্ন সহকারে দেখো।" কয়েকদিন রের, বড় স্ত্রী হাতের কাছে বাসন না পেয়ে ছোট-জনের একটা থালায় ছাতু ছেনে খেয়েছিল। ছোট স্ত্রী বাপের বাড়ী থেকে ফিরে এসে কথায় কথায় এই ঘটনা জানতে পারলো। তখন বড়জনের উপর রেগে গিয়ে তার একটি থালা টেনে তাতে পায়খানা করলো। এখানে বিরোধীদলের সদস্যদের অবস্থাও তাই — ওই ছোট স্ত্রীর মত। সরকার পক্ষ ভাল যাই করুন না কেন, স্বভাবগত কারণে তার বিরোধীতা করেন। কিন্তু তা সত্বেও আমাদের গতিধারা, শিক্ষার প্রসারকল্পে যা কিছু করণীয়, তাআমরা করে যাবই। এই কয়টি কথা বলে, মাননীয়

শিক্ষামন্ত্রী মহাশয় চারটি বিল যা এখানে এনেছেন, তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভূপাল চন্দ্র পাণ্ডা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইউনিভার্সিটি বিলগুলিকে সমর্থন জানিয়ে শুধু দু-একটি কথা আমি এখানে রাখছি মাননীয় মন্ত্রীমহাশয়ের বিবেচনার জন্য। আমরা নিশ্চয়ই আশা করতে পারি যে, ইউনিভার্সিটিতে শিক্ষা পরিচালন ব্যবস্থার ক্ষেত্রে গণতন্ত্রীকরণের যে ব্যবস্থা হয়েছে, তার প্রতি শিক্ষাব্রতী এবং শিক্ষানুরাগী সকলেই পরিপূর্ণ সমর্থন করবেন। কিন্তু তারমধ্যে প্রতিনিধিত্বের ক্ষেত্রে কিছু অসামঞ্জস্য রয়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটিতে অন্য ক্ষেত্রে প্রতিনিধিত্বের ব্যবস্থা যেমন রাখা হয়েছে, তেমনি জয়েণ্ট এণ্ট্রান্স এবং আণ্ডার গ্রাজুয়েটদের ক্ষেত্রে প্রতিনিধিত্বের ব্যবস্থা যাতে সেই ভাবে হতে পারে, সেই দিকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে সঙ্গে বর্ধমান এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নন্-টিচিং স্টাফের মধ্যে থেকে প্রতিনিধিত্বের ব্যবস্থা কি ভাবে হবে সেটা একটু ক্লিয়ার করবেন। তা না হলে জয়েণ্ট এনন্ট্রান্স রিপ্রেজেনটেটিভ-এর ক্ষেত্রে একটু অসুবিধা হয়ে যাবে। অর্থাৎ ভোটাভুটির ক্ষেত্রে বা প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে অসুবিধা হয়ে যাবে। আশা করবো, এদিকে একটু লক্ষ্য দেবেন। এই বলে এই বিলকে পরিপূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভু চরণ ঘোষ :** মাননীয় স্পীকার মহোদয়, আমি অত্যন্ত সংক্ষেপে দু-চারটি কথা আপনার মাধ্যমে জবাব হিসাবে রাখছি। প্রথমতঃ মাননীয় সদস্যরা এই সংশোধনী বিলের মূল কথা উপলব্ধি করেছেন বলে আমি বিশ্বাস করি না। দ্বিতীয়তঃ বিশ্ববিদ্যালয় সংক্রান্ত আইনগুলিকে আমরা পশ্চিমবাংলার বুকে যেভাবে গণতন্ত্রীকরণ করেছি, ভারতবর্ষের যে কোন রাজ্যের বিশ্ববিদ্যালয়ের আইন সম্বন্ধে বলতে পারি, এই ভাবে গণতন্ত্রীকরণ হয়নি। পশ্চিমবাংলাই একমাত্র রাজ্য, যেখানে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পরিচালন ব্যবস্থাতে ছাত্র এবং শিক্ষক কর্মচারীদের প্রতিনিধিত্বের সুযোগ আছে। সেজন্য আমি মাননীয় সকল সদস্যদের কাছে অনুরোধ করব, আপনারা এই বিলকে সমর্থন করুন। আমি আশা করব, সকলেই এই বিলগুলিকে সমর্থন করবেন।

**Mr. Speaker :** There is a motion by Shri Abdul Mannan for reference of the Bill to the Select Committee. The motion is out of order.

There is also a motion for reference of the Bill to the Select Committee in the name of Shri Abdul Mannan. As the member is not present the motion is not moved.

[5-00—5-10 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর জবাবী ভাষণের উপর বলার কিছু নেই তবে দু'একটি কথা আমি এই প্রসঙ্গে বলতে চাই। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীমহাশয় যদি এটা উপলব্ধি করে থাকেন তাহলে বলার কিছু নেই। তবে যেসব জায়গায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলির নির্বাচন সংক্রান্ত ব্যাপারে অভিযোগ দেখা যাচ্ছে সেখানে তিনি যদি ব্যবস্থা নিতেন তাহলে বলার কিছু থাকতো না, কিন্তু কার্য্যক্ষেত্রে তা হয় নি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য অনিল বাবু বললেন

আমরা নাকি আগে সরকারে থাকাকালীন বিশ্ববিদ্যালয়ে কোন নির্বাচন করিনি কিন্তু এই সরকার করেছেন। এক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছে এই নির্বাচনগুলি যদি সুষ্ঠুভাবে হোত, আজকে সেখানে যদি কোন ত্রুটি না থাকতো তাহলে আমাদের বলার কিছু থাকতো না। আপনাদের যখন কোন সংশোধনের প্রয়োজন আছে বলে মনে করেন বা কোন ত্রুটি আছে বলে মনে করেন তখনই তার সংশোধন করে থাকেন। কিন্তু আমাদের ক্ষেত্রে যখন আমরা সেই আইনের মধ্যে কোন ত্রুটি বা সংশোধন করার প্রয়োজন আছে বলে মনে করি সেটা কিন্তু আপনারা কার্য্যকরী করেন না। সুতরাং সেই ব্যাপারে আমার আক্ষেপ রয়েছে। সুতরাং আমাদের এই সংশোধনীগুলি আপনারা যদি গ্রহণ করে নেন তাহলে আমাদের কোন আক্ষেপ থাকে না। বিভিন্ন সময়ে বিভিন্ন অবস্থায় কোন অসুবিধার সৃষ্টি হলে বা কোন প্রতিবন্ধকতার সৃষ্টি হলে সেখানে এ্যামেণ্ডমেণ্টকে পরিবর্তন করার দরকার হয়ে পড়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আশা করি উচ্চশিক্ষা মন্ত্রীর এই ব্যাপারে যথেষ্ট চিন্তা-ধারা যখন আছে তখন আমরা অন্তত বিরোধী দল হিসাবে আপনারা কাছে অনুরোধ রাখবো এইসব বিশ্ববিদ্যালয়গুলির ক্ষেত্রে সুসংগঠিত ভাইস চ্যান্সেলার, প্রো-ভাইস চ্যান্সেলার বা সেখানে বিভিন্ন ইউনিভার্সিটির নির্বাচন কমিটিগুলির দক্ষ পরিচালনা যাতে সেখানে সুষ্ঠভাবে প্রসারিত হয় সেইদিকে আপনি লক্ষ্য রাখবেন। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

**The Calcutta University (Amendment) Bill, 1983**

The motion of Shri Kashinath Misra that this House disapproves the Calcutta University (Amendment) Ordinance, 1983, (West Bengal Ordinance No. V of 1983 was the put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the Calcutta University (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

The question that Clause 1 do stand part of the Bill was put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker** : There are amendments to clause 2 in the name of Shri Abdul Mannan. As the member is not in the House his amendments are not moved. Now I put Clause 2 to vote.

The question that Clause 2 do stand part of the Bill was put and agreed to.

**Clause 3**

**Shri Subhas Chakraborty :** Govt.'s attention has been drawn to reports in the press regarding the allegations and Government had expressed its concern to the authorities of the I.F.A. over the matter. Government also requested the I. F. A. to ensure that such shameful instances are removed in the interest of the same itself. Government has noted that I. F. A has taken firm measures against the clubs and players involved in the two 3rd Division Matches playedon 1st August and that the I. F. A. has also set up an Advisory Committee to go into all aspects of soccer in the State. Government will await findings of the Committee.

**শ্রীআবদুল মান্নান ঃ** আমার জিজ্ঞাসা হচ্ছে- আই. এফ. এ যে সমস্ত এ্যাকসন নিয়েছে তার আগে সরকার থেকে কোন ব্যবস্থা নেওয়া হয়েছিল কি ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** আই. এফ. এ একটি স্বয়ংশাসিত অর্গানাইজেসন—। অতএব তাদের ব্যবস্থা নেবার আগে সরকার হস্তক্ষেপ করলে সরাসরি হস্তক্ষেপ করা হয়।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি সরকারের হস্তক্ষেপ করার কোন অধিকার আছে কিনা ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** আইনগত দিক থেকে খেলার জায়গায় হস্তক্ষেপ করার প্রয়োজনীয়তা দেখা দেয় না। এবং এই আইন পৃথিবীর কোন দেশে আছে কিনা আমার জানা নাই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—উনি বললেন খেলার জায়গায় সরকারী নিয়ন্ত্রণের নিয়ম নাই।

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** নিয়ম নাই একথা আমি বলি নি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** যা হোক এই ভারত ও পাকিস্তান টেস্ট ম্যাচের অনুমোদন এখনও পায় নি এটা কি জানেন ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** এটা ইতিমধ্যেই সংবাদপত্রের আমি এবং মুখ্য মন্ত্রী বলে দিয়েছেন যে এটা নিশ্চয় রুটিন মাফিক টেস্ট ম্যাচ কলকাতায় জানুয়ারীতে হবে এবং বলে দেওয়া হয়েছে এবং ব্যাপারে আপনারা সমস্ত রকম প্রস্তুতি করুন।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** আমি দায়িত্ব নিয়ে বলছি গভর্ণমেণ্টের তরফ থেকে কোন কনফারমেন্স এখনও সি. এ. বি পায় নি। আমি একজন মেম্বার আমি ভাল করে এ সম্বন্ধে জানি। আর একটি প্রশ্ন থার্ড ডিভিসন টিমকে শুধু নয় তার সঙ্গে সঙ্গে প্লেয়ারদের সাসপেণ্ড করা হোল। এই খেলার সঙ্গে যুক্ত ছেলেরা—তারা ক্লাব যা বলেছে তাই করেছে, তাদের কোন দোষ নাই। অথচ তাদের চাকুরী থেকেও সাসপেণ্ড করে দেওয়া হয়েছে। এর বিরুদ্ধে কোন প্রতিবাদ করেছেন কি ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** প্রতিবাদ করি নি—বরং স্বাগত জানিয়েছি।

*104. Heldover

### মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক বিদেশ সফরে সরকারী ব্যয়

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৩।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক (১৯৮৩ সালে) বিদেশ সফরে সরকারী তহবিল থেকে মোট কত অর্থ ব্যয় হয়েছে, এবং

(খ) তার মধ্যে বিদেশী মুদ্রার সঠিক পরিমাণ কত?

**ডঃ অশোক মিত্র ঃ** মুখ্যমন্ত্রীর বিদেশ সফরের জন্য বিমান ভাড়া বাবদ মোট ৩০,৭৬২ টাকা সরকারী তহবিল থেকে মঞ্জুর করা হয়েছে। তাছাড়া বিদেশী মুদ্রায় মুখ্যমন্ত্রীকে ৫০ ডলার দেওয়া হয়েছিল। ভারত সরকারের পরামর্শমতো মস্কোস্থিত ভারতীয় দূতাবাস থেকে সরকারী নিয়ম অনুযায়ী আংশিক দৈনিক ভাতা দেওয়া হয়েছিল।

[1-30—1-40 p.m.]

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** আমরা সংবাদপত্রে পড়েছি যে উনি স্বাস্থ্যের কারণে সফরে গিয়েছিলেন। এটা কি সত্য? এবং যদি সত্য হয় তাহলে কোন এক্সপার্ট বলেছিলেন যে এখানে তাঁরা স্বাস্থ্য উদ্ধার সম্ভব নয়?

**ডঃ অশোক মিত্র ঃ** মুখ্যমন্ত্রী দুটি কারণে বিদেশ সফরে গিয়েছিলেন। কিছুটা স্বাস্থ্যের জন্য এবং মস্কো গিয়েছিলেন আমাদের ওখানে যারা আছেন···

গোলমাল

পশ্চিমবঙ্গের বাণিজ্য বিস্তারের জন্য তিনি সোভিয়েত কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করতে মুখ্যমন্ত্রী মস্কো গিয়েছিলেন?

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** স্বাস্থ্যের কারণে মুখ্যমন্ত্রী যাচ্ছে গুরুত্বপূর্ণ ব্যাপারে, আমাদের আপত্তি নাই। কিন্তু আপনারা এমন কোন নথিপত্র দেখাতে পারবেন কি পশ্চিমবাংলার এক্সপার্টরা বলেছেন যে এখানে স্বাস্থ্য উদ্ধার করা সম্ভব ছিল না। আমরা জানি আপনারা দেখাতে পারবেন না—It is misuse of Government fund, public money and foreign exchange (exchequer) too.

গোলমাল

**ডঃ অশোক মিত্র ঃ** দুটি কারণে তিনি গিয়েছিলেন।

গোলমাল

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** এতো ডলার খরচ হয়ে গেল। আপনারা কি স্টেটমেণ্ট দিতে পারবেন।

গোলমাল

**মিঃ স্পীকার ঃ** মন্ত্রী হিসাবে আপনি বিদেশ গিয়েছিলেন কিনা জানি না। কিন্তু নিয়ম আছে বিদেশে গেলে তারা স্টেটগেস্ট হিসাবে ট্রিট করে। এখানকার সরকার থেকে ডেলি সাড়ে সাত ডলার দেওয়া হয় আর ওখানকার এমব্যাসী আবার কিছু টাকা দেন। আমি যখন বিদেশ যাই এই নিয়মেই গিয়েছিলাম এবং এই ভাবেই সবাই যায়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ৫০ ডলার পাবার পর, সেখান থেকে তিনি কত টাকা পেয়েছিলেন, কারণ তিনি তো সেখানে এক মাস ছিলেন ?

**ডঃ শ্রীঅশোক মিত্র ঃ** ১০৬ রুবল।

( গোলমাল )

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, মুখ্যমন্ত্রী বিদেশ সফরে গিয়েছিলেন স্বাস্থ্যের কারণেও বটে। মুখ্যমন্ত্রী দীর্ঘজীবী হোন, তিনি স্বাস্থ্য উদ্ধারের জন্য গিয়েছিলেন, তিনি সম্পূর্ণ নিরোগ হয়ে স্বাস্থ্যে লাভ করে ফিরে এসেছেন কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি জয়নাল আবেদিন সাহেবের কাছে কৃতজ্ঞ, তিনি কুশল জিজ্ঞাসা করলেন। এই সামান্য একটা টাকার অঙ্ক নিয়ে এখানে বাদানুবাদ করা ঠিক নয়। কারণ প্রধানমন্ত্রী আমাদের এই প্রদেশে যখন আসেন, তখন এখানে বেড়া বাঁধতে এর ১০ গুণ বেশী খরচ হয়ে যায়। আমি যতদূর জানি মুখ্যমন্ত্রীর স্বাস্থ্যের এখন অনেক উন্নতি হয়েছে।

**Irregularities in the conduct of Calcutta Football League matches**

*106. (Admitted question No. *362.) **Shri Abdur Rauf Ansari** : Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to state—

(a) Whether the state Government has received any report about irregularities in the conduct of Calcutta Football League matches ; and

(b) If so, what steps have been taken and/or are contemplated to be taken bc the State Government to curb the ills of Calcutta soccer ?

**Shri Subhas Chakravorti** : (a) Reports in the Press alleging football matches being "arranged" by various teams have come to the notice of the Government.

(b) Government have expressed its concern to the authorities of the I. F. A. over the allegations made in the press and have requested them to ensure that malpractices are removed in the interest of the game itself. Goverment have noted that I. F. A. has set up a Advisory Committee to go into all aspects of soccer in the State. Government is waiting for the Committee report.

[1-40—1 50 p.m.]

**শ্রীআবদুর রৌফ আনসারী ঃ** আপনি যে এ্যাডভাইসারি কমিটির কথা তুলেছেন তাদের কোন টাইম লিমিটের কথা বলেছেন এবং কবে নাগাদ তারা রিপোর্ট দেবেন, এই ফুটবল সিজিনেই দেবেন, না আগামী সিজিনে দেবেন ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** আনুষ্ঠানিকভাবে না জানলেও আমি যা শুনেছি তাতে এটুকু বলতে পারি যে, রিপোর্ট তৈরী হয়ে গেছে এবং রিপোর্ট সাবমিটও করেছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমরা দেখেছি কলকাতার ৩টি বড় টীমের দুটি বড় খেলা হল না. আপনি ইনটারভিন করলেন আমরা দেখলাম। আমরা দেখতে পাচ্ছি এর ফলে কলকাতার খেলার আকর্ষণ কমে যাচ্ছে, বিশেষ করে এখানে ভাল খেলা হচ্ছে না। আই. এফ. এ. লীগের ফিক্সচারে আমরা দেখলাম দুটি বড় খেলা হল না, এই ব্যাপারে আপনি কি করবেন ? কোন টিম প্রতিযোগিতা থেকে বিরত থাকলে, কিন্তু আপনি ইণ্টারফেয়ার করেও কিছু করতে পারলেন না। শুধু আইনের মধ্য দিয়ে কিছু হয় না, এর জন্য একটা গুড রিলেসান দরকার। ক্যালকাটা ফুটবলের একটা অতীত গৌরবজ্জ্বল ইতিহাস আছে। কাজেই কলকাতা ফুটবলে একটা সুস্থ্য আবহাওয়া ফিরিয়ে আনার জন্য সবাই এর মধ্যে একটা প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টি করার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন।

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** সেই দৃষ্টিকোন থেকেই আমরা একটা সর্বাত্মক উদ্যোগ নিয়েছি, কাল পরশুর মধ্যেই আপনারা সেটা দেখতে পাবেন। স্পোর্টস জার্নালিণ্টস এ্যাসোসিয়েসন যে পিয়ারলেস ট্রফির ব্যবস্থা করেছেন সেখানে বিপুল লোক সমাগম হচ্ছে এবং লীগের দুটি বড় ম্যাচ না হওয়ায় যে ঘাটতি ছিল আমার ধারণা এখন সেটা পূরণ করা সম্ভব হয়েছে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** প্রতিটি ডিষ্ট্রিক্টে একটি করে ডিষ্ট্রিক্ট স্পোর্টস এ্যাসোসিয়েসন আছে এবং এটা অটোনমাস বডি। কিন্তু আমরা দেখলাম আপনি দুর্গাপুরে একটি বিবৃতি দিয়ে বলেছেন প্রত্যেকটি ডিষ্ট্রিক্টে আমি একটি প্যারালেল অর্গানাইজেসন করব—এটা কি সত্য ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** আমি প্যারালাল অর্গানাইজেসনের কথা বলিনি। জেলা কাউন্সিল অব স্পোর্টস গঠন করেছি এবং তাদের কাজ সামান্য কিছুদিনের মধ্যেই শুরু হবে। এটা প্যারালেল অর্গানাইজেসন নয়। আপনি ক্রীড়া জগতের লোক হয়েও এইটুকু যে বুঝেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ।

*১০৭। ( স্থগিত )

## রিভিশন অব পে অ্যাণ্ড অ্যালাউন্স রুলসে কর্মচারীদের বেতন নির্ধারণের ক্ষেত্রে ইনক্রিমেণ্টের তারতম্য

*১০৮। অনুমোদিত প্রশ্ন নং *৭৫৮।) **শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রিভিশন অব পে অ্যাণ্ড অ্যালাউন্স রুলস, ১৯৮১ অনুসারে ১ হইতে ১৩ নং বেতনক্রমের রাজ্য সরকারের কর্মীরা নূতন হারে বেতন নির্ধারণের ক্ষেত্রে একটি অতিরিক্ত ইনক্রিমেণ্ট ( একটি আংশিক ইনক্রিমেণ্ট সহ ) পাইতে পারেন অথচ পরবর্তী ১৪ নং ও তদূর্ধ্ব বেতনক্রমের কর্মীদের ক্ষেত্রে ঐ সুবিধা দেওয়া হয় নাই ; এবং

(খ) অবগত থাকিলে,—

(১) এইরূপ বৈষম্যের কারণ কি, ও

(২) এই বৈষম্য দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

**ডাঃ অশোক মিত্র ঃ** (ক) হ্যাঁ, আছেন।

(খ) (১) অপেক্ষাকৃত নিম্নবেতনভুক কর্মচারীদের বেতন নির্ধারণের ক্ষেত্রে কিছু বাড়তি সুবিধা নেওয়া হয়েছে। এই বাড়তি সুবিধা উচ্চ বেতনক্রমের অর্থাৎ ১৪ সংখ্যক ও তদূর্ধ বেতনক্রম ভোগী কর্মীদের ক্ষেত্রে প্রয়োগ করা হয়নি।

(২) দু'একটি ক্ষেত্রে সরকার সাধারণ নিয়মের সামান্য কিছু সংশোধনের সিদ্ধান্ত নিয়েছেন। যেমন, যেহেতু তাঁদের তেমন কোনো পদোন্নতির সুযোগ নেই, সরকারি ও বেসরকারি বিদ্যালয়ের অনার্স ও এম. এ. পাশ শিক্ষকদের বেতনক্রম যদিও ১৩ সংখ্যক বেতনক্রমের উর্ধ্বে, তাদের ক্ষেত্রে দশ বৎসর চাকুরিকাল পূর্ণ হ'লে একটি অতিরিক্ত ইনক্রিমেণ্ট দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এইরূপ আরও বৈষম্য সরকারের নজরে আছে ও সেগুলিও বিবেচনা করা হচ্ছে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** সংশোধিত বেতন ও ভাতা নিয়মাবলী ১৯৮১, বেতন নির্ধারণের ক্ষেত্রে যে বৈষম্য করা হয়েছে এই ক্ষেত্রে যথেচ্ছভাবে যে সীমারেখা টানা হয়েছে তা কি অবৈজ্ঞানিক, অবিবেচনা-প্রসূত বহু প্রচলিত নিয়মাবলীর পরিপন্থী নয়।

**ডাঃ অশোক মিত্র ঃ** দেখুন, মতামতের ব্যাপারে আমি কিছু বলতে পারব না। আমাদের কাছে যেটা ভাল বিবেচিত হয়েছে, অন্য কেউ সেখানে অন্য মত পোষণ করতে পারে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** বেতন সংশোধনের ব্যাপারে বেতন কমিশনের সুপারিশ কি ছিল, ঐ সুপারিশ এইরূপ বৈষম্য করা হয়েছে কিনা এবং না হয়ে থাকলে ১৯৮১ বেতন সংশোধনের ব্যাপারে এই বৈষম্য করার স্বপক্ষে কি যুক্তি আছে?

**ডঃ অশোক মিত্র ঃ** যুক্তি আমি আগেই বলেছি যে, নীচের দিকে যারা মাইনে পাচ্ছে সেখানে পদোন্নতির কম, সেই জন্যই তাদের ক্ষেত্রে বাড়তি ইনক্রিমেণ্ট দেওয়া হয়েছে, উপর দিকে সেটা দেওয়া হয়নি।

*১০৯। (স্থগিত)

## এক হাজার টাকার উর্দ্ধে বেতনভুক কর্মচারীদের বাড়িভাড়ার ক্ষেত্রে আর্থিক ক্ষতি

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৮।) **ডাঃ মানস ভূঞ্যা ঃ** গত ৮ই অক্টোবর, ১৯৮২ তারিখের অ-তারকিত প্রশ্ন নং ৪২৬ (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৬)-এর উত্তর উল্লেখ করিয়া অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি, এক হাজার টাকার অধিক বেতনভোগী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে বাড়িভাড়া ভাতার ক্ষেত্রে আর্থিক ক্ষতি রোধ করার জন্য যে ব্যাপারটি বিবেচনাধীন ছিল তাহা বর্তমানে কোন পর্যায়ে আছে এবং তাহার বিস্তারিত বিবরণ?

**ডঃ অশোক মিত্র ঃ** বিষয়টি এখনও বিবেচনাধীন।

**ডাঃ মানস ভূঞ্যা ঃ** এর আগেরবার উত্তর ছিল বিষয়টি বিবেচনাধীন। মাননীয় মন্ত্রীমহাশয় কি সুনির্দিষ্টভবে জানাবেন, এ বিষয়ে আপনার দৃষ্টিভঙ্গীটা কি এবং কি করতে চাচ্ছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** যদি ব্যাপারটি চট করে মীমাংসা করা যেত তাহলে করতাম। এদিকেও কিছু ন্যায়ের প্রশ্ন আছে আবার ওদিকেও কিছু ন্যায়ের প্রশ্ন আছে। আমরা চিন্তা করে দেখছি, যত শীঘ্র সম্ভব একটা সিদ্ধান্তে পৌঁছাব।

**Shri Rajesh Khaitan** : Will the Hon'ble Minister-in-charge of Finance Department be pleased to enlighten the House how long he will take to arrive at a decision on this matter ?

**ডঃ অশোক মিত্র ঃ** আগামী মাস দুয়েকের ভেতরে একটা সিদ্ধান্ত নিতে পারি।

## বিভিন্ন প্রকার অস্থায়ী সরকারী কর্মচারীদের স্থায়ীকরণ

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬।) **শ্রীমনোহর তিরকী ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে নিযুক্ত টেম্পোরারি, এক্সট্রা-টেম্পোরারি এবং কোয়াসি-পার্মানেণ্ট কর্মচারীদের চাকুরি স্থায়ীকরণের জন্য বর্তমানে কি পদ্ধতি অনুসরণ করা হয় ?

**ডঃ অশোক মিত্র ঃ** পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে নিযুক্ত অস্থায়ী (Temporary) কর্মচারীদের চাকুরী স্থায়ী করণের ক্ষেত্রে অর্থ দপ্তরের ১৯৭৯ সালের ২৫শে জুন তারিখে প্রকাশিত ৬০৬০-এফ নং বিজ্ঞপ্তির ধারাবলী অনুসৃত হয়। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে পশ্চিমবঙ্গের সরকারী দপ্তরগুলিতে প্রথম নিয়োগ হয় অস্থায়ীভাবে। দু'বছর নিরবচ্ছিন্নভাবে চাকুরী করার পর সাধারণতঃ এক বছরের জন্য অপেক্ষাধীনে থাকতে হয়। অপেক্ষাধীন সময় শেষে স্থায়ী নিয়োগ করা হয়। আধা স্থায়ীভাবে (Quasi-permanent) সরকারী অফিসে নিয়োগ করার নীতি প্রত্যাহৃত হয়েছে।

শ্রমদপ্তরের ৩.৮.৭৯ তারিখের ১৭০০-ই.এম.পি. নং স্মারক অনুসারে যে সমস্ত সাময়িক শ্রমিক (Casual labour) দিন মজুর ও মাস্টার রোলস-এর অন্তর্ভূক্ত শ্রমিক নিরবচ্ছিন্নভাবে (Perennial) তিন বৎসর কাল নিযুক্ত আছেন তাঁদেরও নিয়মিত পদে (Regular post) অস্থায়ীভাবে নিযুক্ত করা হয়। তাঁরা স্থায়ীভাবে নিযুক্ত হওয়ার জন্য অর্থ দপ্তরের ২৫.৬.৭৯ তারিখের ৬০৬০-এফ নং আদেশনামার সুবিধা পাবেন।

**শ্রীশিশির অধিকারী ঃ** মাননীয় অর্থমন্ত্রীমহাশয় খবর রাখেন কি যে পশ্চিমবঙ্গ সরকারের কোন কোন অফিসে এখনও পাখা পুলার বলে একটা ঠিকা চাকুরি আছে এবং সংবাদ রাখলে তিনি কি জানাবেন, এদের পার্মানেণ্ট করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**ডঃ অশোক মিত্র ঃ** যদি এই নিয়মাবলীর ভেতরে পড়ে যায় তাহলে তাদের জন্য আলাদা ব্যবস্থা করা হবে। যেমন যদি ক্যাজুয়াল লেবার হিসাবে তারা তিন বছর কাজ করেন তাহলে এই নিয়মের ভেতর তারা আসবেন।

**শ্রীশিশির অধিকারী ঃ** ২৪ পরগণা এবং কোলকাতার বিভিন্ন জায়গায় গভর্ণমেণ্ট অর্ডার ইস্যু করে অলরেডি এই পাখা পুলারদের এ্যাবজর্ভ করেছেন কিন্তু মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া এইসব জেলায় দেখা যাচ্ছে শতাধিক পাখাপুলার দীর্ঘ ৩০ বছর ধরে কাজ করে যাচ্ছেন। তারা বছরে তিন থেকে ৫ মাস কাজ পান, বাকি সময় পায় না।

এখন বিদ্যুৎ হয়ে গিয়েছে, পাম্পপুলাররা এখন অন্য কাজ করে বেড়াচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় সে খবর রাখেন কি এবং রাখলে তাদের একজর্ড করবেন কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** আমার কাছে তো খবর নেই, তবে মাননীয় সদস্য যদি কোন বিশেষ এই ধরণের ঘটনা সম্বন্ধে আমার দৃষ্টি আকর্ষণ করেন তাহলে আমি নিশ্চয় নিয়ম অনুযায়ী ব্যবস্থা নেবার চেষ্টা করবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, ২৪০ দিন কাজ করলে ক্যাজুয়াল লেবার পার্মানেণ্ট হয়। এমপ্লয়মেণ্ট একচেঞ্জকে ফাঁকি দিয়ে বিভিন্ন অফিসে এখনও ক্যাজুয়াল লেবার লাগাবার প্রথা আছে কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** এটা নিয়ে একটু মতদ্বৈধতা থাকতেই পারে। কেউ বলেন ইচ্ছাকৃতভাবে এদের ক্যাজুয়াল করে রাখা হয়েছে আবার কেউ বলেন এদের কাজের প্রয়োজনে ২৪০ দিন রাখা হয়েছে। কাজেই এটা বিচার করে দেখতে হবে যে কোথায় কি ভাবে নিয়োগ করা হয়েছে।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে বাদ দিয়ে নতুন করে ক্যাজুয়াল লেবার নেবার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**ডঃ অশোক মিত্র ঃ** সাধারণভাবে নেই। আমরা বলেছি এই ধরণের ক্যাজুয়াল লেবার নিয়োগ এটা করা উচিত নয়। আমরা বাধা দেবার চেষ্টা করছি।

**ডাঃ মানস ভূঁঞ্যা ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বিশেষ করে স্বাস্থ্য দপ্তরে ক্যাজুয়াল কর্মীদের পার্মানেণ্ট করার যে পদ্ধতি দীর্ঘদিন ধরে চালু ছিল তা বিগত ৬ মাস ধরে কলকাতার বড় হাসপাতালগুলিতে, জেলা হাসপাতাল-গুলিতে এবং মহকুমা হাসপাতালগুলিতে বন্ধ করে রাখা হয়েছে কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** এটা আমার জানা নেই। মাননীয় সদস্য যদি লিখিতভাবে বিষয়টি আমাকে জানান, তাহলে আমি এ বিষয়ে খোঁজ নেব।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি দয়া করে জানাবেন, সম্পূর্ণ টেম্পোরারি নেচার এবং খুব ইমার্জেন্সী কাজের জন্য ক্যাজুয়াল লেবার নিয়োগ করা যায় কিনা ?

**ডঃ অশোক মিত্র ঃ** কোন জায়গায় যদি খুবই জরুরীভিত্তিক অবস্থার উদ্ভব হয়, তাহলে সে জায়গায় নিশ্চয়ই অবস্থা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হয়।

## Unstarred Questions

( to which written answers were laid on the table )

### নদীয়া জেলায় গো-মহিষাদির সংখ্যা

১। ( অনুমোদিত প্রশ্ন নং ২। ) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় ব্লকওয়ারী গো-মহিষাদির সংখ্যা কত ;

(খ) ঐ জেলার কোন্ কোন্ ব্লকে গো-প্রজনন কেন্দ্র বা উপ-কেন্দ্র আছে ;

(গ) চলতি আর্থিক বছরে উক্ত জেলায় আর কোন গো-প্রজনন কেন্দ্র বা উপ-কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, তাহা কোন্ কোন্ স্থানে স্থাপন করা হইবে ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) নদীয়া জেলায় ব্লকওয়ারী ১৯৭২ সালের সুমারী অনুযায়ী গো-মহিষাদির সংখ্যা দেওয়া হোল। প্রসঙ্গত উল্লেখ্য যে ১৯৭৩ সালের সুমারী এখনও সম্পূর্ণ হয় নি।

| | ব্লকের নাম | | গো-মহিষাদির সংখ্যা |
|---|---|---|---|
| ১। | কালিগঞ্জ | .. | ৪৫,৪২১ |
| ২। | তেহট্ট-১ | ... | ২৭,৮৩২ |
| ৩। | তেহট্ট-২ | ... | ২৪,০৫৬ |
| ৪। | নাকাশীপাড়া | ... | ৫৮,৫৩০ |
| ৫। | করিমপুর | ... | ৪৯,৪৫২ |
| ৬। | কৃষ্ণনগর-১ | ... | ৮৪,০৪৫ |
| ৭। | কৃষ্ণনগর-২ | ... | ২০,৮৬১ |
| ৮। | নবদ্বীপ | ... | ১৪,৬৬৬ |
| ৯। | চাপড়া | ... | ৩২,৬৮৯ |
| ১০। | কৃষ্ণগঞ্জ | ... | ১৯,৮৩৫ |
| ১১। | রানাঘাট-১ | ... | ২৬,৭৪৪ |
| ১২। | রানাঘাট-২ | ... | ৪৩,০৭৬ |
| ১৩। | হাঁসখালি | ... | ৩১,৭৭০ |
| ১৪। | শান্তিপুর | ... | ২৭,৩৮২ |
| ১৫। | চাকদহ | ... | ৬৩,০৮২ |
| ১৬। | হরিণঘাটা | ... | ৪২,১১১ |
| | মোট | | ৬,১১,৫৬৫ |

(খ) গো-প্রজনন কেন্দ্র ও উপ-কেন্দ্র ব্লক ভিত্তিক স্থাপিত হয় না; স্থাপিত হয় গরু বাছুরের সংখ্যাভিত্তিক। এই পরিপ্রেক্ষিতে নদীয়া জেলায় সরকার অনুমোদিত গো-প্রজনন কেন্দ্র ও উপ-কেন্দ্রের সংখ্যা নিম্নরূপ ঃ

গো-প্রজনন কেন্দ্র—১২টি, উপ-কেন্দ্র—১১২টি

(গ) আপাতত নেই।

(ঘ) প্রশ্ন আসে না।

## নদীয়া জেলায় মৎস্য চাষের জন্য অনুদান

২। (অনুমোদিত প্রশ্ন নং ৪।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে নদীয়া জেলার মৎস্যজীবীদের মৎস্য চাষের জন্য কত টাকা অনুদান দেওয়া হইয়াছে (ব্লকওয়ারী হিসাব), এবং

(খ) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে উক্ত জেলায় মৎস্য উৎপাদনের পরিমাণ কত ?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) এতদ্‌সম্বলিত একটি তালিকা নিম্নে উপস্থাপিত করা হইল ঃ

**Statement referred to in reply to clause 'Ka' of unstared question No-2 (Admitted question No. 4)**

| ক্রমিক সংখ্যা | ব্লকের নাম | | অনুদানের পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ১। | হরিণঘাটা | ... | ৩৮,৩০০ |
| ২। | শান্তিপুর | ... | ১৫,০৬৬ |
| ৩। | কৃষ্ণগঞ্জ | ... | ২৮,৮০০ |
| ৪। | তেহট্ট-১ | ... | ১৫,২০০ |
| ৫। | তেহট্ট-২ | ... | ৩০,০৬০ |
| ৬। | নাকাশিপাড়া | ... | ৭,২০০ |
| ৭। | কৃষ্ণনগর-১ | ... | ৩৪,৪৮৫ |
| ৮। | কৃষ্ণনগর-২ | ... | ৪,৫০০ |
| ৯। | নবদ্বীপ | ... | ৮,৮৭৫ |
| ১০। | করিমপুর | ... | ৪৫,৩৪০ |
| ১১। | চাপড়া | ... | ১০,৯১৩ |
| ১২। | রানাঘাট-১ | ... | ৩৯,৬৭০ |
| ১৩। | রানাঘাট-২ | ... | — |
| ১৪। | হাঁসখালি | ... | ১৫,৫৩০ |
| ১৫। | চাকদহ | ... | ১৯,১৯০ |
| ১৬। | কালীগঞ্জ | ... | ৭০,২৭৫ |
| | মোট | ... | ৩,৮৩,৪০১ |

(খ) মৎস্য উৎপাদনের পরিমাণ নিম্নরূপ ঃ—

১৯৮১-৮২—৫,৪৭৫ মেঃ টন

১৯৮২-৮৩—৩,৪১৫ মেঃ টন

## পে কমিশনের সুপারিশ অনুযায়ী কার্যকরী ব্যবস্থা

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্য সরকার অদ্যাবধি পে কমিশনের কোন্ কোন্ সুপারিশ কার্যকরী করিয়াছেন ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (১) রাজ্য সরকার পে কমিশনের সুপারিশগুলির মধ্যে বেতনক্রম ( পে স্কেল ) সম্পর্কিত সুপারিশ অর্থমন্ত্রীর ২০-৪-৮১ তারিখের বিধানসভায় প্রদত্ত বিবৃতির ভিত্তিতে কিছু পরিবর্তন করেছেন। সেই পরিবর্তিত বেতনক্রমগুলি পে কমিশনের আওতাভুক্ত সরকারী ও বেসরকারী কর্মচারীদের ক্ষেত্রে ১-৪-৮১ তারিখ থেকে কার্যাকরী করা হয়েছে।

(২) পে কমিশনের সুপারিশ অনুযায়ী উক্ত সরকারী ও বেসরকারী কর্মচারী-দের ক্ষেত্রে কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত নীতিগতভাবে গ্রহণ করা হয়েছে।

(৩) বাড়ীভাড়া ভাতা, চিকিৎসা ভাতা ইত্যাদি সম্পর্কে পে কমিশনের সুপারিশ বিবেচনা ক'রে অর্থমন্ত্রী কর্তৃক ২০-৪-৮১ তারিখের বিধানসভায় প্রদত্ত বিবৃতিতে যে যে পরিবর্তন করা হয়েছে সেগুলি ১-৪-৮১ তারিখ থেকে উল্লিখিত কর্মচারীদের ক্ষেত্রে কার্যকরী করা হয়েছে।

(৪) শিক্ষাগত যোগ্যতার জন্য বিশেষ বেতন ( কোয়ালিফিকেশন পে ), বিশেষ বেতন ( স্পেশ্যাল পে ), ভ্রমণ ভাতা ( ট্রাভেলিং অ্যালাউন্স ) ইত্যাদি সম্পর্কে পে কমিশনের সুপারিশ কার্যকরী করা হয়েছে। এতদসম্পর্কে অন্যান্য সুপারিশ বিভিন্ন বিভাগের সঙ্গে আলোচনার পর কার্যকরী করার ব্যবস্থা করা হচ্ছে।

(৫) অবসরকালীন সুযোগসুবিধা ( রিটায়ারিং বেনিফিট ) সম্পর্কে পে কমিশনের সুপারিশ ও শিক্ষকদের ক্ষেত্রে অবসরকালীন বয়স সম্পর্কে অর্থমন্ত্রীর ২০-৪-৮১ তারিখের ঘোষণা অনুযায়ী নির্দেশনামা জারি করা হয়েছে।

(৬) পে কমিশনের ছুটিকালীন ভ্রমণ ভাতা ( লীভ ট্রাভেল কনসেশান ) সম্পর্কিত সুপারিশ সম্পূর্ণভাবে কার্যকরী করা যায় নি। সমগ্র বিষয়টির আর্থিক দিক খতিয়ে দেখা হচ্ছে। তবে যে সমস্ত সরকারী কর্মচারী কোন বৎসরের অন্তর্বর্তী সময়ে অবসর-গ্রহণ করবেন তাঁদের ক্ষেত্রে সেই বৎসরের যেকোন সময় ছুটিকালীন ভ্রমণ ভাতা ( লীভ ট্রাভেল কনসেশান ) প্রদানের ব্যবস্থা চালু করা হয়েছে।

(৭) পদোন্নতির ব্যাপারে পে কমিশন যে সমস্ত সুপারিশ করেছেন তা পর্যা-লোচনা ক'রে সরকার ৫-৮-৮১ তারিখে বিভিন্ন পদে/চাকরিতে পদোন্নতি সম্পর্কিত নির্দেশনামা জারি করেছেন। সেই অনুযায়ী পদোন্নতির ব্যবস্থা বিভিন্ন ক্ষেত্রে কার্যকরী করা হচ্ছে।

(৮) সরকারী ও বেসরকারী কর্মচারীদের ক্ষেত্রে ছুটির নিয়মাবলী পরিবর্তনের বিষয়ও পে কমিশন সুপারিশ করেছেন। যেহেতু সরকারী সাহায্যপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের ছুটির নিয়মাবলী এই প্রস্তাবিত পরিবর্তনের সঙ্গে জড়িত তাই বিষয়টি সম্যক পর্যালোচনা না ক'রে কার্যকরী করা সম্ভব হচ্ছে না। তবে পে কমিশনের সুপারিশ অনুযায়ী সরকারী অফিসগুলিতে মাসের দ্বিতীয় ও চতুর্থ শনিবার পূর্ণ ছুটি ঘোষণা করা হয়েছে এবং মাসের অন্যান্য শনিবারগুলি পূর্ণ কাজের দিন হিসাবে গণ্য করা হয়েছে।

(৯) তা ছাড়া আরও বিভিন্ন বিষয়ে পে কমিশন সুপারিশ করেছেন যার বিস্তারিত বিবরণ এই স্বল্প পরিসরে দেওয়া সম্ভব নয়। তবে সমস্ত বিষয়ই সরকারের বিভিন্ন বিভাগে পর্যালোচিত হচ্ছে।

## সরবেড়িয়া হাইস্কুলের আদিবাসী ছাত্রের স্টাইপেণ্ড আত্মসাতের অভিযোগ

৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১৮৪। ) **শ্রীকুমুদরঞ্জন বিশ্বাস :** তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৮১-৮২ আর্থিক বৎসরে চব্বিশ পরগণা জেলার সন্দেশখালিতে সরবেড়িয়া হাইস্কুলের প্রধান শিক্ষক মহাশয় কর্তৃক ভুয়া আদিবাসী ছাত্রের নামে স্টাইপেণ্ডের টাকা তোলার কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি; এবং

(খ) পাইয়া থাকিলে উক্ত শিক্ষক মহাশয়ের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**তফসিলী জাতি আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহোদয়ঃ** (ক) হ্যাঁ, পাইয়াছে।

(খ) প্রাপ্ত নথিপত্র চব্বিশ পরগণা জেলার এনফোর্সমেণ্ট ব্রাঞ্চের সুপারিনটেনডেণ্ট অফ পুলিসের নিকট আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পাঠানো হইয়াছে।

## সন্দেশখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরকরণ

৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬।) **শ্রীকুমুদরঞ্জন বিশ্বাসঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশ পরগণা জেলার সন্দেশখালি থানায় সন্দেশখালি প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তর করিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ** (ক) নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## যোগেশগঞ্জ স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগের ব্যবস্থা

৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭।) **শ্রীকুমুদরঞ্জন বিশ্বাসঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চব্বিশ পরগণার হিঙ্গলগঞ্জ থানার অন্তর্গত যোগেশগঞ্জ স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগের বিষয়টি সরকার বিবেচনা করিতেছেন কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ** হ্যাঁ। শীঘ্রই একজন ডাক্তারকে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য নিয়োগপত্র দেওয়া হইবে।

## বেলডাঙ্গা পৌরসভার নির্বাচন অনুষ্ঠান

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরীঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত বেলডাঙ্গা পৌরসভার নির্বাচন অনুষ্ঠানের তারিখ নির্দিষ্ট হইয়াছে কি;

(খ) না হইয়া থাকিলে কবে নাগাত উক্ত পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) উক্ত পৌরসভার "ওয়ার্ড" ভাগ করা হইয়াছে কিনা?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয়ঃ** (ক) না।

(খ) বেলডাঙ্গা পৌরসভার ওয়ার্ড ভাগ করার কাজ শেষ হইলেই নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি চলিবে, নির্দিষ্ট তারিখ এখনই বলা কঠিন।

(গ) না, তবে বেলডাঙ্গা পৌরসভাকে ওয়ার্ডে ভাগ করার প্রস্তুতি চলিতেছে।

## গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষার ব্যবস্থা

৮। ( অনুমোদিত প্রশ্ন নং ২৩৭। ) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** শিক্ষা (সামাজিক, অপ্রথাগত, ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কোন্ কোন্ স্থানে গ্রন্থাগার বিজ্ঞান ( ডিগ্রী, ডিপ্লোমা ও সার্টিফিকেট) শিক্ষার ব্যবস্থা আছে ;

(খ) প্রতিটি শিক্ষা কেন্দ্রে আসন সংখ্যা কত ;

(গ) (১) উক্ত শিক্ষা কেন্দ্রগুলিতে কোন সংরক্ষিত আসন আছে কিনা ;

(২) থাকিলে, কোথায় এবং কাহাদের জন্য কত সংখ্যক আসন নির্দিষ্ট আছে ; এবং

(ঘ) উক্ত সংরক্ষিত আসনে ভর্তি হওয়ার জন্য কোন নিয়ম আছে কিনা ?

**শিক্ষা ( সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) (১) গ্রন্থাগার বিজ্ঞান ডিগ্রী ও ডিপ্লোমা স্তরের শিক্ষার ব্যবস্থা আছে নিম্নলিখিত স্থানে—

(১) কলিকাতা বিশ্ববিদ্যালয়, (২) যাদবপুর বিশ্ববিদ্যালয়, ও (৩) বর্ধমান বিশ্ববিদ্যালয়

(২) গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট স্তরের শিক্ষার ব্যবস্থা আছে নিম্নলিখিত স্থানে—

(১) গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষা কেন্দ্র, রহড়া, চব্বিশ পরগণা, (২) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, কলিকাতা, ও (৩) পিপলস্ ( জনতা ) কলেজ, কালিংপং, দার্জিলিং ( সাময়িকভাবে বন্ধ আছে )।

(খ) (১) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আসনসংখ্যা—

(ক) বি, লিব্, এস, সি—১০০

(খ) এম, লিব্, এস, সি—১০

(২) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আসন সংখ্যা—

(ক) বি, লিব্, এস, সি—৫৫

(৩) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আসন সংখ্যা

(ক) বি, এল, আই, এস—৫০

(খ) এম, এল, আই, এস—১০

(৪) গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষণ কেন্দ্র ঃ সার্টিফিকেট কোর্স আসন সংখ্যা—

(১) রহড়া, চব্বিশ পরগণা—৩৫

(২) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, কলিকাতা—২৫০

(৩) পিপলস ( জনতা ) কলেজ, কালিংপং, দার্জিলিং—২০

(গ) (১) কয়েকটিতে আসন সংরক্ষিত আছে, যেমন—বর্ধমান বিশ্ববিদ্যালয়, বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষণ কেন্দ্র, রহড়া, পিপলস ( জনতা ) কলেজ, কালিংপং যাদবপুর বিশ্ববিদ্যালয়।

(২) বর্ধমান বিশ্ববিদ্যালয়—

(ক) স্নাতকোত্তর স্তর—আসন সংরক্ষিত নাই।

(ক) স্নাতকোত্তর স্তর—সংরক্ষিত আসন নিম্নরূপ ঃ

(১) ডেপুটেড—৫, (২) তফসিলী জাতি—৫, (৩) ত্রিপুরা—২, (৪ পোর্টব্লেয়ার—১, (৫) প্রতিবন্ধী—১—মোট ১৪।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে—তফসিলী জাতি/উপজাতিদের ২০% নম্বর অতিরি দেওয়া হয়।

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ --(১) ডেপুটেড প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হয়, (২ রাজ্যের বাইরে অন্য রাজ্যের জন্য ৫ হইতে ১০টি আসন সংরক্ষিত থাকে, (৩ জেলাওয়ারী প্রার্থী নির্বাচনের চেষ্টা আছে।

গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষণ কেন্দ্র রহড়া—কর্মরত ডেপুটেড প্রার্থীদের জন্য ২৫ আসন সংরক্ষিত।

পিপলস (জনতা) কলেজ, কালিংপং—(১) তফসিলী জাতি—৩টি আস সংরক্ষিত, (২) তফসিলী উপজাতি—১টি আসন সংরক্ষিত (তফসিলী জাতি ও তফসিলী উপজাতি প্রার্থী না পাওয়া গেলে, আসনগুলি অসংরক্ষিত থাকে), (৩) উত্তর বঙ্গের ৫টি জেলার জন্য প্রতিটি জেলার ৪টি করিয়া আসন সংরক্ষিত।

(ঘ) (১) পিপলস্ (জনতা) কলেজ, কালিংপং—প্রার্থী বাছাই হয় লিখি পরীক্ষা, ইন্টার ভিউ ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

(২) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ—ভর্তির লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা মাধ্যমে।

(৩) গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষণ কেন্দ্র, রহড়া—ডেপুটেড প্রার্থী ছাড়া অন্য প্রার্থীদে জন্য লিখিত ভর্তির পরীক্ষা হয়।

(৪) বর্ধমান বিশ্ববিদ্যালয়—ভর্তির কোন নির্দিষ্ট নিয়ম নাই।

(৫) যাদবপুর বিশ্ববিদ্যালয়—পূর্ববর্তী পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি করা হয়।

## কারখানায় লক-আউট ও ক্লোজার

৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের ১লা জানুয়ারি হইতে ৩০এ জুলাই পর্যন্ত রাজ্যে কতগুলি কারখানায় লক-আউট ও ক্লোজার হইয়াছে;

(খ) ইহাতে জড়িত শ্রমিক সংখ্যা কত;

(গ) উক্ত সময়ে কতগুলি কারখানায় ধর্মঘট হইয়াছে; এবং

(ঘ) ইহাতে জড়িত শ্রমিক সংখ্যা কত?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) লক-আউটের সংখ্যা—৫৯, ক্লোজারের সংখ্যা—২২। ক্লোজারের সংখ্যার মধ্যে চিরস্থায়ীরূপে বন্ধ হওয়া ৪টি কারখানা আছে।

(খ) লক-আউট—৬৪,৩১৯ জন শ্রমিক, ক্লোজার—১,২২৭ জন শ্রমিক। এই সংখ্যার মধ্যে চিরস্থায়ীরূপে বন্ধ হওয়া ৪টি কারখানার ১৮০ জন শ্রমিকের সংখ্যা আছে।

(গ) ১৪টি।

(ঘ) ১০,৮৮৭ জন।

[ উপরিউক্ত পরিসংখ্যান পরিবর্তনসাপেক্ষ। ]

## অর্থ কর্পোরেশন কর্তৃক স্বনির্ভর শিল্প বিকাশে ঋণদান

১০। ( অনুমোদিত প্রশ্ন নং ২৫৪। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালের মার্চ মাস হইতে ১৯৮৫-৮৪ সালের জুলাই মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ অর্থ কর্পোরেশন স্থায়ী ও অস্থায়ী ঋণ প্রকল্পে বেকার যুবকযুবতীদের স্বনির্ভর শিল্প বিকাশে কত ঋণদান করেছেন ও কতগুলি প্রকল্পকে অনুমোদন দিয়েছেন ;

(খ) ঐ সময়ের মধ্যে কতগুলি প্রকল্পকে ব্যাঙ্ক চলতি মূলধন বাবত কত টাকা ঋণ দিয়েছেন ; এবং

(গ) বাঁকুড়া জেলায় ১৯৮২-৮৩ সালে এবং বর্তমান আর্থিক বছরের জন্য কতগুলি প্রকল্পকে অনুমোদন দিয়েছেন এবং দেবার পরিকল্পনা আছে ?

**অর্থ বিভারে মন্ত্রীমহাশয় ঃ** (ক) এপ্রিল, ১৯৮২ থেকে মার্চ, ১৯৮৩ পর্যন্ত পশ্চিমবঙ্গ অর্থ কর্পোরেশন বেকার যুবকযুবতীদের জন্য ৪৬২টি স্বনির্ভর প্রকল্পে ৪৮.১৯ লক্ষ টাকা মঞ্জুর করেছে। এপ্রিল থেকে জুলাই, ১৯৮৩ এর মধ্যে আরও ১০৯টি প্রকল্পে ১০.০৭ লক্ষ টাকা মঞ্জুরীকৃত হয়েছে, তা ছাড়া "এন্টারপ্রিনিউয়ার্স অ্যাসিসটেন্স সেল" থেকে মোট ৮৩টি ক্ষেত্রে ১৬.৬৯ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) এই পরিসংখ্যান এই মূহুর্তে দেওয়া সম্ভব নয়। কারণ বিভিন্ন উদ্যোক্তারা বিভিন্ন ব্যাঙ্কের শাখা থেকে ঋণ নিয়ে থাকেন।

(গ) বাঁকুড়া জেলায় ১৯৮২-৮৩ সালে ২২টি প্রকল্পে ১৫.৭৩ লক্ষ টাকা মঞ্জুরীকৃত হয়েছে। এ বৎসর ( ১৯৮৩-৮৪ ) মোট ৫০টি প্রকল্প ও প্রায় ২৫ লক্ষ টাকা সম্ভবত মঞ্জুরীকৃত হবে।

## Closure of Industrial Units

11. (Admitted question No. 356.) **Shri Abdur Rauf Ansari** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of Industrial Units closed in West Bengal from 1st June, 1982 to 31st July, 1983 due to (i) kheraos, (ii) strikes, (iii) indiscipline, (iv) violenee, (v) go-slow, and (vi) power-cuts, and

(b) the number of workers affected ?

**Minister-in-charge of Labour** : (a)

| Causes | | Nos of units closed |
|---|---|---|
| Gherao | ... | Nil |
| Strike | ... | 1 |
| Reported indiscipline | ... | 7 |
| Violence | ... | Nil |
| Go-slow | ... | Nil |
| Power-cut | ... | Nil |
| | Total | 8 |

(b) 300.

The cases of permanent closures have not been included

The figures are provisional.

### Joint Stock Companies

12. (Admitted question No. 357.) **Shri Abdur Rauf Ansari** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the number of joint stock companies which ceased to work in West Bengal either by liquidation or ortherwise during the period from July, 1977 to July, 1983 ; and

(b) the total paid-up capital of such companies ?

**Minister for Commerce and Industries Department** : (a) The figures are as follows :

| | | No. of companies |
|---|---|---|
| (1) | By liquidation ... | 187 |
| (2) | Struck off under section 560(5) of the Companies Act, 1956. ... | 104 |
| | Total ... | 291 |

(b) The total paid-up capital of such companies is Rs. 20,18 53,574.

### Loss of Mandays due to Industrial disputes

13. (Admitted question No. 385). **Shri Somendra Nath Mitra** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state the number of mandays lost due to industrial disputes in West Bengal during (i) 1981, (ii) 1979, and (iii) 1978 ?

**Minister-in-charge of Labour** :

| Year | Due to strikes | Due to lock-outs | Total |
|---|---|---|---|
| 1981 | 620,118 | 9,902,888 | 10 523,006 |
| 1979 | 15,540,055 | 2,899,604 | 18,439,659 |
| 1978 | 5,118,472 | 6,855,378 | 11,973,850 |

### Number of Job Seekers in West Bengal

14. (Admitted question No. 386.) **Shri Somendra Nath Mitra** : Will the Minister-in.charge of the Labour Department be pleased to state number of job seekers on the live registers of Employment Exchanges in West Bengal as on 30th June, 1977 and on 31st July, 1983 ?

**Minister-in-charge of Labour Department** : On 30.6.77—12,69,160 : on 30.6.83—36,84,932 (Provisional). Figures for the month of July, 1983 have not yet been compiled.

**Offer by Private Sectors to by up Closed and Sick Units**

15. (Admitted question No. 399.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state—

(a) whether some private sector industrialists have offered to buy up some of the closed and sick industrial units in West Bengal, presently under control of the West Bengal Government ; and

(b) if so,—

(i) who are these industrialists and which are the units in which these industrialists have shown interest, and

(ii) what action has been taken by the State Government in the matter ?

**Minister-in-charge of Commerce and Industries Department :** (a) No firm offer has been received, so far.

(b) (i) and (ii) Do not arise.

**বিদ্যুৎ পর্ষদ কর্তৃক বিদ্যুতের দর বৃদ্ধির সিদ্ধান্ত**

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮০।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের সম্মতিক্রমে রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৮৩ সালের অক্টোবর মাস থেকে বিদ্যুতের দর বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্য হলে ইউনিট প্রতি কি হারে বিদ্যুতের দর বৃদ্ধি করার সিদ্ধান্ত হয়েছে ;

(গ) ইতিপূর্বে ১৯৭৭ সালের জুলাই মাসের পর রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক আর কখনও বিদ্যুতের দর বৃদ্ধি করা হয়েছে কি ; এবং

(ঘ) হয়ে থাকলে, কোন্ কোন্ তারিখে কি হারে দর বৃদ্ধি করা হয়েছে ?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ। ১৯৮৩ সালের ২৬শে সেপ্টেম্বর থেকে কার্যকরী করা হবে।

(খ), (গ) ও (ঘ) ১৯৭৫ থেকে বিদ্যুতের দর বৃদ্ধির বিস্তৃত বিবরণ সঙ্গের বিবরণীতে দেওয়া হল।

**Statement referred to clause 'Kha' of question No. 16 (Admitted question No. 480)**

August '83

**Revision of the electricity Tariff of W.B.S.E.B.**

| Category of Tariff | Effective from 24-12-75 | Effective from 27-6-78 | Effeetive from 26-7-80 | Effective from 26-10-81 | Effective from 26-9-83 |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| A. **High Voltage Supply** | | | | | |
| (i) Demand Charge (Rs./KVA/Month) | 30.00 | 33.00 | 36.00 | 45.00 | 54.00 |

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
|---|---|---|---|---|---|
| (ii) Energy Charge (P/kWh) | | | | | |
| (a) At 6/11 kV (Industrial) | 12.00 | 15.50 | 20.20 | 24.00 | 27.00 |
| (Non-industrial) | 17.00 | 20.50 | 22.20 | 24.00 | 27.00 |
| (b) At 33 kV (Industrial) | 9.50 | 12.80 | 16 80 | 20.50 | 25.50 |
| (Non-industrial) | 14.00 | 17.30 | 18.50 | 20.50 | 25.50 |
| (c) At 132 kV | 8.00 | 11.10 | 14.90 | 18.50 | 23.00 |
| (d) (i) Distribution | 14.50 | 18.00. | 22.20 | 24.00 | 24.00 |
| (11 kV) | (24-2-76) | (27-8-78) | (26-9-80 | (26-12-81) | (16-11-83) |
| (ii) Distribution | 12.00 | 15.30 | 18.50 | 20.50 | 25.50 |
| (33kV) | (24-2-76) | (27-8-78) | 26-9-80) | (26-12-81) | (26-11-83) |
| **B. Low and Medium Supply (P/kWh) :** | | | | | |
| (i) Domestic L. F. | 45 | 48 | 48 | 48 | 52 |
| (ii) Commercial | 55 | 60 | 60 | 65 | 75 |
| (iii) Industrial | 32 | 37 | 42 | 50 | 60 |
| (iv) Agricultural | 32 | 35 | 35 | 35 | 35 |
| (v) Public Lighting (40W incandescent lamp) | 69.4 | 75 | 75 | 90.3 | 90.3 |

C. Rate for Domestic Consumption of Darjeeling Electric Supply

(P/Wkh)

| | Effective from 30-1-78 | Effective from 26-9-83 |
|---|---|---|
| (i) Light and Fan ... ... | 45 | 50 |
| (ii) Heat and Small Power ... ... | 32 | 40 |
| (iii) Lift and Pump Motor ... ... | 32 | 40 |

### এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়ামে শয্যা সংখ্যা

১৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৯৭। ) **শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়ামে শয্যা-সংখ্যা কত;

(খ) ১৯৮৩-৮৪ সালে উক্ত শয্যা-সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি;

(গ) ভর্তির অপেক্ষায় কতজন রোগী তালিকাভুক্ত হয়ে রয়েছেন; এবং

(ঘ) নির্ধারিত দিনগুলিতে গড়পড়তা কতজন নতুন রোগী আউটডোরে চিকিৎসার জন্য আসেন?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৩১৭টি।

(খ) নাই।

(গ) ৫৪ জন (৩১-৭-৮৩ পর্যন্ত)।

(ঘ) ২৪ জন।

## পারিবারিক, ক্ষুদ্র শিল্প ও কৃষির জন্য বিদ্যুৎ সরবরাহ

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫১০।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নির্ধারিত অর্থ জমা দেওয়া সত্ত্বেও নদীয়া জেলায় (১) পারিবারিক, (২) ক্ষুদ্র শিল্প, (৩) কৃষির প্রয়োজনে বহুক্ষেত্রে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে, ঐ সমস্ত ক্ষেত্রে কত দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ স্থাপিত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) আগামী পূজার আগে অর্থাৎ ১৯৮৩ সালের অক্টোবর মাসের মধ্যেই যাতে এই সমস্ত ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ করা যায় তার জন্য চেষ্টা চালানো হচ্ছে।

## মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিল

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৯।) **শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ** মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস হইতে ১৬ই আগস্ট পর্যন্ত সময়ে মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে সংগৃহীত অর্থের পরিমাণ কত; এবং

(খ) তন্মধ্যে অন্য রাজ্য থেকে কত টাকা জমা পড়েছে?

**মুখ্যমন্ত্রী মহাশয় ঃ** (ক) ঐ সময়ে সংগৃহীত অর্থের পরিমাণ ১,২১,১৭,১৬৯.৩৮ টাকা।

(খ) কিছুই না।

## ৩৫ নং জাতীয় সড়ক

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৫২১।) **শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩৫ নং জাতীয় সড়ক চওড়া করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) ও (খ) হ্যাঁ; জাতীয় সড়কের কোন কোন অংশ ৫.৫ মিটার চওড়া করার পরিকল্পনা ষষ্ঠ যোজনায় (১৯৮০-৮১—১৯৮৪-৮৫) অন্তর্ভুক্ত রয়েছে। তবে সেটি ১৯৮৩-৮৪ সালের বার্ষিক পরিকল্পনায় স্থান পায় নি। জাতীয় সড়ক সংক্রান্ত বার্ষিক পরিকল্পনার চূড়ান্ত রূপদান করেন কেন্দ্রীয় সরকার। আর্থিক মঞ্জরীও তাঁদের কাছ থেকে গ্রহণ করতে হয়। কেন্দ্রীয় সরকারের অনুমোদন

ও আর্থিক মঞ্জুরী পাওয়া গেলে দুই বৎসরের মধ্যে চওড়া করার কাজ নিষ্পন্ন করা যাবে বলে আশা করা যায়।

## উৎপাদিত আমন ধানের পরিমাণ

২১। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৬৫। ) **শ্রীনীহারকুমার বসু ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গে কত পরিমাণ জমিতে আমন ধানের চাষ হয়েছিল ;

(খ) ঐ খবরে উৎপাদিত ধানের পরিমাণ কত ; এবং

(গ) ১৯৮৩-৮৪ সালে আমন ধানের অধিক ফলনের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গে মোট ৩৮ লক্ষ ৮৩ হাজার হেক্টর জমিতে আমন ধানের চাষ হয়েছিল।

(খ) ঐ বৎসর ৫২ লক্ষ ৪৩ হাজার টন আমন ধান উৎপন্ন হয়েছিল।

(গ) ১৯৮৩-৮৪ সালে আমন ধানের উৎপাদনের লক্ষ্যমাত্রা ৯৩ লক্ষ টন ধরা হয়েছে। আমন ধানের উৎপাদন বৃদ্ধি করার জন্য বৎসরের শুরু থেকে বিভিন্ন প্রকার পদ্ধতি অবলম্বন করা হয়েছে ; যার মধ্যে রয়েছে সার, বীজ ও কীটনাশক ঔষধের জোগানসহ উন্নত পদ্ধতিতে চাষের ব্যবস্থা গ্রহণ। তা ছাড়া ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সাহায্যের জন্য প্রচুর পরিমাণ 'মিনিকিট' বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ও প্রায় ২৪০০ হেক্টর জমিতে 'কমিউনিটি নার্সারী' প্রকল্পে আমন ধানের চারাগাছ তৈয়ারী করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

## সত্যবালা আই. ডি. হাসপাতালে শয্যা-সংখ্যা

২২। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৮১। ) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্বাস্থ্য এবং পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার সত্যবালা আই. ডি. হাসপাতালটির শয্যা-সংখ্যা কত ;

(খ) ডাক্তারের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত হাসপাতালটি সংস্কারের বিষয়ে কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) ৫২।

(খ) ৩। (গ) হ্যাঁ।

## উত্তমকুমারের মর্মরমূর্তি

২৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৮৪। ) **শ্রীঅশোক ঘোষ ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রখ্যাত চলচ্চিত্র শিল্পী উত্তমকুমারের মর্মরমূর্তি স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে না াত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## বেকার ভাতা বাবত খরচ

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬২০।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি --

(ক) ১৯৭৭-৭৮ হইতে ১৯৮১-৮২ সালের প্রতিটি আর্থিক বছরে মোট কত লোকের জন্য কত টাকা বেকার ভাতা বাবত সরকারের খরচ হয়েছে ; এবং

(খ) উপরি-উক্ত সময়ে বেকার ভাতা প্রাপ্ত ব্যক্তির মধ্যে কতজনকে সরকার ইতিমধ্যে স্থায়ীভাবে সরকারী কাজে নিয়োগ করেছেন ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৭৭-৭৮ সালে বেকার ভাতা প্রকল্প চালু হয় নাই। ১৯৭৮-৭৯ হইতে ১৯৮১-৮২ সালের প্রতি আর্থিক বৎসরের ব্যয় সম্পর্কে একটি বিবরণ নিম্নে দেওয়া হইল।

(খ) ১৯৭৯-৮০—৩,২৭২, ১৯৮০-৮১—২,৬৩৫. ১৯৮১-৮২—১,০৭৬, মোট —৬,৯৮৩ জন।

**Statement referred to clause 'Ka' of question No. 24 (Admitted question No. 620)**

বিবরণ

| বৎসর | বেকারভাতা প্রাপকের সংখ্যা | বেকারভাতার পরিমাণ | ওয়ার্ক প্রোগ্রামে নিযুক্তি বাবত ব্যয় | প্রশাসনিক ব্যয় | মোট ব্যয় |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৯৭৮-৭৯ | ১,৪৪,২৭৪ | ৮,৪৪,২৩,০৪৩ | | ১০,৬০,৮০৯ | ৮,৫৪,৮৩,৮৫২ |
| ১৯৭৯-৮০ | ২,১১,৪৮১ | ১১,৯৭,৬৮,৫৩০ | | ১৫,৭৭,৬০৭ | ১২,১৩,৪৬,১৩৭ |
| ১৯৮০-৮১ | ২,৭০,৭৯৭ | ১৬,৪১,২৯,২৬০ | ১৩,২৫,২৩৪ | ২১,০৭,৬৬০ | ১৬,৭৫,৬২,১৫৪ |
| ১৯৮১-৮২ | ২,০২,৫২৮ | ১১,৫২,৩০,১৭৩ | ১২,১৩,৮২৮ | ২৬,১০,০৬৫ | ১১,৯০,৫৪,০৬৬ |

**Industrial Disputes (Amendment) Act (Act No 46 of 1982)**

25. (Admitted question No. 764.) **Shri Sisir Kumar Basu :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether Industrial Disputes (Amendment) Act (Act No. 46 of 1982) which received the assent of the President of India on August 31st, 1982 has been taken cognisance by the State Government and given effect to in West Bengal ; and

(b) if not, the reasons thereof ?

**Minister-in-charge of Labour Department :** (a) and (b) In terms of sub-section (2) of section 1 of the Industrial Disputes (Amendment) Act, 1982, the said Act shall come into force on such date as the Central Government may, by notification in the Official Gazette, appoint. No such notification has yet been issued by the Central Government. Thc question of given effect to the said Act in West Bengal does not, therefore arise.

[1-50—2-00 p.m.]

**Adjournment Motion**

**Mr. Speaker :** I have received one notice of adjournment motion today from Shri Kashlnath Mishra, which deals with situation arising out of closure of coal mines in Bankura and Birbhum Districts. The subject of the motion relates to a matter which is not primarily concern of the State Government.

I, therefore, withhold my consent to the motion. Member may, however, read out the text of the motion as amended.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্যার আমি আমার প্রস্তাবটি উইদড্র করে নিচ্ছি।

**No-confidence Motion**

**Mr. Speaker :** I have received a notice under rule 199 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly of a motion expressing want of confidence in the Council of Ministers given by Shri Abdus Sattar, Shri Subrata Mukhopadhyay and Dr. Zainal Abedin. The motion is in order. Now under rule 199(2) ibid I request those members who are in favour of the motion for which the leave is to be granted will please rise in their places.

(The number of members rise in their places is 49)

I find that the number of the members rising is 49. The leave of the House is granted. The discussion on the Motion will be held on 14th and 15th September, 1983.

**Calling Attention to matters of urgent public importance.**

**Mr. Speaker** I have received 4 (four) Notices of calling attention namely :

(1) Alleged murder at Kultuka under Shaltora P. S. on 2.9.1983—Shri Subhas Goswami.

(2) Attack on the doctors and other staffs of N. R. S. Hospitals and the situation prevailing there—Shri Abdul Mannan, Shri Kashinath Misra & Shri Santasri Chattopadhyay.

(3) Alleged murder of one Krishnan Nandan Singh, a Congress (I) leader at Burrabazar—Shri Asok Ghosh.

(4) Alleged attack by Police aud C. P. I. (M) cadres on S. U. C. I. workers and other people involved in Bus fare rise in resistance movement—Shri Deba Prasad Sarkar.

I have selected the Notice of Shri Asok Ghosh on the subject of alleged murder of one Kr shnan Nandan Singh, a Congress (I) leader at Burrabazar.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak :** Sir, on the 21st September, 1983.

## QUESTION OF PRIVILEGE

**শ্রীশচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটি প্রিভিলেজ মোশন আছে। স্যার, সেটা হচ্ছে বিগত ১০.৯.৮৬ তারিখে আনন্দবাজার পত্রিকায় ক্যাপসন দিয়ে লেখা আছে, দাম বাড়ছে কয়লার, বিদ্যুত, রেস্তোঁরার খাবার, মদ, সিনেমার টিকিট, ভি. ডি. ও. ক্যাসেট এইগুলির। কিন্তু সিনেমার টিকিটের দাম বাড়ছে না। এটা ইচ্ছা করেই ক্যাপসন করা হয়েছে। আমি এই সম্পর্কে আমার প্রিভিলেজ মোশনটি মুভ করতে চাই।

**মিঃ স্পীকার ঃ** আমাকে ৬টা দিয়ে দেবেন, আমি দেখব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পীকার স্যার, আপনি এই হাউসের সর্বময় কর্তা এবং উই ফিল প্রাউড টু ওবে দি চেয়ার, টু মেনটেন দি ট্রাডিসন। কিন্তু এখানে সিনিয়ার মন্ত্রীরা আছেন, অর্থমন্ত্রী মহাশয় আছেন, একটা জিনিষ লক্ষ্য করেছেন? পঞ্চায়েত ইলেকসনের আগে থেকেই দেখছি মাননীয় মুখ্যমন্ত্রী যখন বিদেশে ছিলেন—তখন থেকেই সুরু হয়েছে 'অপোজিসন' বিরোধীপক্ষের মেরুদণ্ড যাঁরা, যাঁরা কর্মী তাঁদের লিকুইডিসনের একটা প্রোগ্রাম আমরা দেখছি। এই ষড়যন্ত্রটা আমরা গভীর ভাবে লক্ষ্য করছি। এই ঘটনা ঘটে চলেছে। অশোক মিত্র ক্যাননট সে, ইউ ক্যাননট সে দ্যাট উই হ্যাভ বিন এ্যাসালটেড। এদের ধারণা এত নীচে নেমে গেছে যে বিরোধী-পক্ষের মেরুদণ্ড যাঁরা, কর্মীরা, নেতারা এবং নেতৃস্থানীয় ব্যক্তি যাঁরা তাঁদেরকে খতম করে দেবার চেষ্টা করছে। যদিও উগ্রপন্থীদের সঙ্গে এঁদের মতবাদ আলাদা, বিচ্ছিন্ন কিন্তু কর্মক্ষেত্রে এঁরা তাদের মত বিরোধীপক্ষকে লিকুইডেট করতে চাইছেন, অথচ এঁরা নিজেদেরকে গণতন্ত্রের পূজারী বলে থাকেন। আমি ১,২,৩ করে বলতে পারি, বাঁকুড়ার সুভাষ মাহাতোকে হত্যা করার চেষ্টা করা হল, তার দেহ রক্ষী খুন হল। সুব্রত মুখার্জীকে খোঁজ করা হল কিন্তু সে ছিল না তাই এম. এল. এ.-র গার্ডকে হত্যা করা হল। ওখানে আর. জি. পার্টি যারা গ্রামে থাকে তারাই এই কাজ করেছে, না হলে এক মিনিটের মধ্যে অমনি ৬০০ লোক জমা হয়ে গেল। সুব্রতর জন্য ষড়যন্ত্র করা হয়েছিল, সে ছিল না, তাই বেঁচে গেল। আমার কথা আমি বলব না, অম্বিকা বাবু বলেছেন, আই ফিল নট ভেরি হ্যাপী। তারপর সন্তোষ রায়, one of the functionaries, secretary of the Pradesh Congress Committee. তাঁকে হত্যা করার ষড়যন্ত্র করা হল। He is not fit to rejoin his work. আজকে কাগজে বেরিয়েছে দেখেছেন বড়বাজারের কংগ্রেস নেতা কৃষ্ণ নন্দ সিং তাঁকে হত্যা করে আউটট্রামঘাটের কাছে গঙ্গায় ফেলে দেওয়া হয়েছে। ডিফারেন্ট রিপোর্টস এ্যাভেলেবল। আমরা পরিষ্কারভাবে মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। উনি মস্কো থেকে নীরোগ হয়ে ফিরে এসেছেন। এক মন্ত্রী হুমকী দিয়েছেন যে গৃহযুদ্ধ হবে। আমি স্পষ্ট

ভাষায় জিজ্ঞাসা করছি, সাহস থাকে, বলুন অপজিসন নেতাদের একে একে লিকুইডেট করতে চান কিনা? স্বভাবতই মেম্বারস আর এজিটেটেড ওভার দিস। আমার বন্ধু শ্রীশচীন সেন, ১৭ জন আনন্দমার্গীকে হত্যা করে হাত রাঙিয়েছেন। তাঁর সম্বন্ধে আমি কাগজে দেখেছি, একটি কমিটিতে তাঁকে আমি সতর্ক করে দিয়েছি।

[2-00—2-10 p.m ]

এই ষড়যন্ত্র, এই পলেটিকস্ অফ মার্ডার শুড্ নট বি এ্যালাউড্ টু কনটিনিউ ইন দি একস্প্যানশন অফ ডেমোক্র্যাসী। আজকে সিনিয়র মন্ত্রীরা সব এ্যাসেম্বলীর ভেতর আছেন। আপনারা কি চান বিরোধীপক্ষ থাকবেনা? এই চোরা-গোপ্তা হীন ষড়যন্ত্র করে আমাদের নেতাদের খুন করছেন কেন? আমরা দাবী করছি আপনার কাছে স্যার, আমাদের এই দাবী দুটি মানবেন। লেট দেয়ার বি এ জুডিশিয়াল এনকয়ারী কমিশন। লেট দেয়ার বি এ ফুল ফ্লেজেড্ এনকয়ারী ইনটু দি এ্যাফেয়ার্স অফ অল মার্ডার্স অফ দি স্টেট আণ্ডার দিস্ রেজিম। আর তা যদি না করেন, তাহলে এই হাউসের মেম্বারদের নিয়ে সর্বদলীয় কমিটি করা হোক। যেখানে যেখানে ঘটনা হচ্ছে, সেখানে গিয়ে আমরা দেখি খুনখারাপি কারা করছে। এই ভায়লেন্স কতদিন চলবে? নো বডি ইজ এসকেপড্ আণ্ডার দি সান্। আজকে আপনার কাছে আমরা কৃতজ্ঞ আপনি আমাদের বলবার সুযোগ দিয়েছেন বলে। মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই তাঁর ঘর থেকে শুনছেন। বিশিষ্ট সাংবাদিকরা রয়েছেন, বিরোধীপক্ষের নেতৃবৃন্দ রয়েছেন। আমি বলছি এই ভায়লেন্স আর কত দিন চলবে? একদিকে আপনারা হিরোসীমা নাগাসাকি দিবস পালন করবেন, অপর দিকে বিরোধীপক্ষের নেতাদের, কর্মীদের খুন করছেন। এই অবস্থার অবিলম্বে অবসান ঘটাতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে স্টেটমেণ্ট রেখে বলুন কি পন্থা নিতে চলেছেন, জুডিশিয়াল এনকয়ারী কমিশন অর এনকয়ারী কমিশন ইন দি এ্যাফেয়ার্স অফ অল মার্ডার অথবা ইন দি ইনডিভিজুয়াল কেস স্টেটমেণ্ট করুন। আপনাদের কোন নেতার উপর আক্রমণ হয়েছে বলতে পারবেন? আপনাদের যত ঠ্যাঙ্গারে বাহিনী এই সমস্ত খুন করে হাত পাকাচ্ছে। অবিলম্বে এই মার্ডার পলেটিকস্ বন্ধ হোক।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পীকার স্যার, আপনি আমাকে সুযোগ দেবার জন্য ধন্যবাদ। রুলস অফ প্রসিডিওর এ্যাণ্ড কনডাক্ট অফ বিজনেস্ ইন দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলী—এটাতে স্যার রুল ৫০/৫১-তে স্পেসিফিক্যালি আমাদের এমপাওয়ার্ড করা হয়েছে টু মেক এনি কোয়েশ্চেন ইন দি হাউস। এবং সেই কোশ্চেন আপনি যদি হাউসে এ্যাকসেপ্ট করেন তাহলে মেম্বার রুল ৫১ অনুযায়ী কোশ্চেন তুলতে পারেন। আমি কনভেনশনের কথায় পরে আসছি। এটা প্রিভিলেজ অফ দি মেম্বার। এই কোয়েশ্চেনের উপর মিনিস্টারের কাছ থেকে এ্যানসার পাই। তার উপর সাপলি-মেন্টারী করা চলে। আমরা জনগণের কোন কাজ না করলেও বারবারই হাউসে আসছি। কাজেই কিছু অভিজ্ঞতা আমাদেরও আছে। আগের স্পীকার মহাশয়ের কর্মধারাও আমরা দেখেছি।

মাননীয় স্পীকার স্যার, যে কথা আমি বলছিলাম—হাউসের ভেতর গণতন্ত্র ধ্বংসের কথা জয়নাল সাহেব বলে গেলেন। কিন্তু আমার মনে হচ্ছে হাউসের ভেতর

গণতন্ত্র ধ্বংস করবার চেষ্টা করছেন—এটা আমার মনে হয়। আপনি অপোজিশনের প্রিভিজেজ কার্টেল করবার জন্য কোথায় যেন ষড়যন্ত্র করছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে এ ব্যাপারে হয়তো আপনার আলোচনাও হয়েছে। অবশ্য এর প্রমাণ আমি দিতে পারবো না।

কিন্তু উই আর গাইডেড বাই দি রুলস। আপনি যেটাকে হোলি বাইবেল বলেন আমরা সেটাকে রুল বলি। সেই রুলের ভেতর আমরা সকলেই পড়ি, সেই কনভেনসানই করে দেওয়া আছে। আপনি সেই কনভেনসান মানছেন না। আপনার ক্ষমতা আছে বলে আপনি যেমন খুসী হাউস চালাবেন সেটা আমরা মানতে বাধ্য নই। একজন মেম্বার, যাঁর অরিজিনাল কোশ্চেন সে দুটি সাপ্লিমেণ্টারী করতে পারবেন। স্যার, আজকে দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম স্টারড কোশ্চেন নাম্বার ৪৪৬ তা করতে দেওয়া হলো না। আমাদের কাছে স্পেসিফিক ইনফরমেশান আছে যে এই ওভার ড্রাফটের টাকা নিয়ে কিছু কাজ হয়নি। আমাদের কাছে ইনফরমেসান আছে এই ওভার ড্রাফটের টাকা দিয়ে পশ্চিমবাংলার মানুষের সর্বনাশ করা হয়েছে। এই ওভার ড্রাফটের টাকা জনগণের কল্যাণের জন্য ব্যয় হয়নি, পার্টির কল্যাণের জন্য ব্যয় করা হয়েছে। এই ব্যাপারে প্রশ্ন করতে না দেওয়া মানে আমি ধরে নেব আপনি মাননীয় অর্থমন্ত্রীকে প্রোটেকসান দিচ্ছেন। ইউ হ্যাড এন্ট্রি রাইট এ্যণ্ড পাওয়ার বিল্লিং ইন দি চেয়ার। আপনি এমন আচরণ করবেন না যাতে আগামী দিনে এই চেয়ারে কোন স্পীকার বসতে লজ্জা পায়। আমরা বিরোধী দলের সদস্য হিসাবে আপনার আচরণে যেন লজ্জা বোধ না করি। বাইরে গিয়ে যাতে আমরা উত্তর দিতে পারি সেই দিকে নজর রাখবেন। আমার প্রিভিলেজ হলো কোন রুলের দ্বারা কোন বাইবেলে আছে, কোন কনভেনসানে বা কোন অধিকারে আমাদের সাপ্লিমেনটারী কার্টেল করে দেওয়া হোল সেটা জানতে চাই ? যে কনভেনসনে বা যে রুলে এটা করলেন সেটা আমাদের জানা নেই, এটা বললে আমরা আজকে সেই রুলটা জেনে যাবো। আমরা রুল অনেক পড়েছি, কিন্তু এই রকম কোন লাইন আমরা খুঁজে পাচ্ছি না।

**মিঃ স্পীকার ঃ** পরে আমি রুলিং দেব।

**শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শনিবার অর্থাৎ ১০ তারিখে যুগান্তর কাগজে বেরিয়েছে অধ্যক্ষকে রাস্তা থেকে ধরে নিয়ে গিয়ে আটকে রাখা হয়েছে। বঙ্গবাসী কলেজের অধ্যাপককে তুলে নিয়ে যাওয়া হয়েছে। আমি কয়েক দিন আগে উল্লেখ করেছিলাম যে বঙ্গবাসী কমার্স কলেজে কয়েকজন গুণ্ডা মিলিতভাবে একজন প্রফেসারের উপর অত্যাচার করে এবং সেই অধ্যাপককে হাসপাতালে ভর্তি করতে হয় এবং সেখানে তাকে স্টীচ করতে হয়। বঙ্গবাসী কলেজে ১১ই আগষ্ট তারিখে ২ জন অধ্যাপককে তারা অত্যাচার করে। আমি উল্লেখ করছি যে কংগ্রেসের ছাত্র পরিষদ ( আই ) বঙ্গবাসী কলেজে এই অবস্থার সৃষ্টি করছে। তারা অধ্যাপকদের উপর অত্যাচার চালিয়ে পুরানো দিনে ফিরে আসতে চাইছে। তারা ১৯৭২ সালের ঘটনার পুনরাবৃত্তি ঘটাতে চাইছে। আমি এই হাউসের কাছে অনুরোধ জানাচ্ছি যেন এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহন করা হয়।

**শ্রীদেবীপ্রসাদ বসু ঃ** স্যার, সুনীতি চট্টরাজ স্ফীতদর হয়েছেন বলে আজকে এই কথা বলছেন। কিন্তু জয়নাল সাহেব যে অত্যাচারের কথা বললেন সেই কথা অনেক দিন আগে অন্নদাশঙ্কর রায় বলে গেছেন। তিনি বলেছিলেন—

যেখানে যা কিছু ঘটে অনিষ্ট
সকলের মূলে কমিউনিষ্টি।
মুর্শিদাবাদে হ'ল না বৃষ্টি
তার তলে কেডা ? কমিউনিষ্টি।
পাবনায় ভাসি গিয়াছে সৃষ্টি
তার তলে কেডা ? কমিউনিষ্টি।
তাই বসে বসে ক'রছি লিষ্টি
এ পাড়ায় কে কে কমিউনিষ্টি।

জয়নাল সাহেব ঐ অন্নদা শঙ্কর রায়ের কথাই বলছেন।

[2-10—2-20 p.m.]

**শ্রীআব্দুল মান্নান ঃ** মাননীয় স্পীকার স্যার, গত শুক্রবার দিন আমাদের বিধান সভার একজন সদস্য, যিনি হুগলী জেলা থেকে নির্বাচিত, উল্লেখপর্বে একটি ঘটনার কথা উল্লেখ করেছেন। আমি তাঁকে ধন্যবাদ জানাতে পারতাম যদি তিনি প্রকৃত ঘটনার কথা উল্লেখ করতেন। দুঃখের বিষয়, তিনি কাল্পনিক একটি ঘটনার বিবরণ দিতে গিয়ে তিনি আমাকে জড়িয়েছেন। সেজন্য বিধানসভার বুকে প্রকৃত ঘটনা কি বলার প্রয়োজন আছে। বিষয়টি আমি আপনার কাছে সেজন্য উল্লেখ করতে চাই। গত ২৮শে আগষ্ট আমি ঘোষপুরে একটি জনসভা করতে গিয়েছিলাম বলে মাননীয় সদস্য যে উল্লেখ করেছেন তা সত্য। আমি একটি কর্মী সভায় গিয়েছিলাম। যখন আমাদের কর্মীসভা চলছিল তখন খবর পাই, আরামবাগ পঞ্চায়েত সমিতির প্রধান শ্রীনরেশ কুণ্ডুকে ওরা বাড়ীতে ঢুকতে দিচ্ছে না। সেই সঙ্গে আরও খবর পাই যে প্রভাত ভট্টাচার্য মহাশয়কে ও আরও ৮।১০ জনকে আক্রমণ করে গুরুতর রূপে আহত করেছে। যেখানে মিটিং চলছিল সেখান থেকে যেখানে ঘটনাটি ঘটেছে তার দূরত্ব ৩২ কি. মি.। আমি তখন তাড়াতাড়ি সেখান থেকে ঘটনাস্থলের দিকে যাই, গিয়ে দেখি ৫।৬ জন কংগ্রেসকর্মী গুরুতর রূপে আহত হয়েছে। যখন তাদের হাসপাতালে ভর্তি করে চিকিৎসার ব্যবস্থা করছি, সেই সময়ে খবর পাই যে ঘোষপুর গ্রামে মার্কসবাদী ফরওয়ার্ড ব্লক কর্মী জয়নাল খাঁকে সি.পি.এম.-এর সমর্থকরা আক্রমন করে গুরুতর রূপে আহত করেছে। তখন তারা মনে করেছিল, হয়ত জয়নাল খাঁ মারা গেছেন। সেই সময়ে প্রফুল্ল নায়েক, সি.পি.এম.-এর একজন নেতা, তাঁর বাড়ীতে ঢুকে পড়েন। গত ৬ বছরে তিনি বেশ কিছু অর্থ রোজগার করেছেন, সেখানে পাকা বাড়ী করে বাস করছেন। সেখানে কয়েকজন কংগ্রেসীকে — প্রাক্তন এম.এল.এ. বাসুদেব হাজরা, সুফল জানা পঞ্চায়েত প্রধানের উপর আক্রমণ করে। ওখানকার মানুষ গ্রাম পঞ্চায়েতের ঐ সমস্ত ব্যক্তিদের উপর ক্ষুব্ধ হয়ে নির্বাচনে পরাজিত করেছেন। নির্বাচনে পরাজয়ের গ্লানি দূর করার জন্য এবং স্থানীয় কংগ্রেসীদের উপর আতঙ্কের সৃষ্টি করার জন্য বিভিন্ন স্তরের

সদস্য এবং জেলা পরিষদের ভাইস চেয়ারম্যানকে মিথ্যা অজুহাতে আক্রমণ করে। এমন কি মন্ত্রীসভার একজন মন্ত্রী সেখানে গিয়ে গত ৩১ তারিখে পাবলিকের কাছে ওপেনলি এ্যাপিল জানিয়েছেন ও মিটিং করে বলেছেন — তোমরা কি আব্দুল মান্নানের গাড়ী আটক করে মারতে পার না —। আমি সেজন্য দাবী করছি, ওখানে যে ঘটনা ঘটেছে তা হচ্ছে সি.পি.এম. এবং মার্কসবাদী ফরওয়ার্ড ব্লক কর্মীদের মধ্যে বিবাদের ঘটনা। সেজন্য আমি দাবী করছি, ওখানে প্রকৃত ঘটনা কি তা জানার জন্য একটি বিধান সভার সদস্যদের নিয়ে টিম পাঠানো হোক এবং তা উদ্ঘাটন করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হউক।

## MENTION CASES

**Srimati Renu Leena Subba:** Mr. Speaker, Sir, the members of the Co-ordination Committee and 12th July Committee controlled by C. P. I. (M) are creating great troubles in Kalimpong Sub-Divisional Hospital administration. All the time they are threatening the doctors, nurses and even the Class-IV employees who are working there very sincerely After that some sweepers were transferred to Darjeeling for indiscipline. Recently, the Minister has ordered that their transfer order must be cancelled.

সেজন্য আমি এখানে একটু আপত্তি জানাচ্ছি। কো-অর্ডিনেশন কমিটির লোকেরা মাতাল লোকদের নিয়ে সব সময় হাসপাতাল ঘেরাও করছেন, ডাক্তারদের মারধোর করছেন, সুইপারদের মারধোর করছেন, তারজন্য কালিম্পং হাসপাতালের নার্সগণ নিরাপত্তার অভাব বোধ করছেন। সেখানে এ্যাডমিনিস্ট্রেশনের মধ্যে ডিসিপ্লিন বলে কিছু নেই। আমি এই ঘটনার কথা গতবারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডঃ অম্বরীশ মুখার্জী ও মাননীয় রামনারায়ণ গোস্বামীর কাছে জানিয়েছিলাম। কিন্তু এখন শোনা যাচ্ছে, ট্রান্সফার অর্ডারস্ ক্যানসেল করার জন্য উপর থেকে সি. পি. আই (এম) পার্টির নেতারা চাপ দিচ্ছেন। আমি আপনার কাছে প্রশ্ন রাখতে চাই, গভর্ণমেণ্ট আপনারা চালাচ্ছেন না, কো-অর্ডিনেশন কমিটির লোকেরা চালাচ্ছেন? আপনি আমাকে এই জবাব দিন।

**শ্রীশীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই এবং মাননীয় মুখ্যমন্ত্রী তথা পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলায় ফারাক্কায় কেন্দ্রীয় সরকারের একটি প্রজেক্ট আছে। সেখানকার কর্মচারীরা তাদের কতকগুলি ন্যায্য দাবী যেমন ওয়াটার চার্জ, ইলেকট্রিসিটি ইত্যাদি বিষয়ে নিয়ে আন্দোলন করে। তাদের এই কতক-গুলি যে ন্যায্য দাবী সেখানকার জি. এম. তার সুবিধামত কারটেল করে দেন এবং সেই কারণে প্রতিটি কর্মচারী তিন দিন পেন ডাউন এ্যাণ্ড টুল ডাউন পালন করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সমস্ত কর্মচারী দলমত নির্বিশেষে এবং বিভিন্ন রাজনৈতিক দলের লোকেরা সকলে একমত হয়ে এই ধর্মঘট করেছিল তাদের ন্যায্য দাবীর জন্য। কিন্তু কার্যাক্ষেত্রে দেখা গেল কি যে তাদের এই অধিকার তো মেনে নেওয়া হলই না বরং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোল।

তাদের বিরুদ্ধে এসমা জারি করা হোল এবং তাদের বেতন কাটা হোল। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে এই দাবী অত্যন্ত ন্যায়সঙ্গত দাবী। এই দাবীর ভিত্তিতে তারা ২৪ ঘণ্টা পর্য্যায়ক্রমে অনশন করছে এবং আজ থেকে তারা আমরণ অনশন করবে। কাজেই আমি বলতে চাই যে আপনারা অন্ততঃ কয়েকজন বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য নিয়ে একটি টিম করুন এবং সেই টিম দিল্লীকে বোঝাক যে এটা একটা ন্যায়-সঙ্গত দাবী। আমি পশ্চিমবঙ্গ সরকারের কাছে অনুরোধ করছি এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে এই কর্মচারীদের ন্যায্য দাবী পূরণ করুন। কেন্দ্রীয় সরকার যে কঠিন এবং কঠোব সিদ্ধান্ত নিয়েছেন এবং পশ্চিমবঙ্গে সেটা যেন তুলে ফেলেন। এটা যদি ঘটে তাহলে ফারাক্কা নয় সমগ্র মুর্শিদাবাদ জেলায় এর ভয়াবহ চিত্র ফুটে উঠবে। কাজে কাজেই আমি মনে করি মাননীয় মুখ্য-মন্ত্রী একটি ডেলিগেট পাঠান কেন্দ্রীয় সরকারের কাছে। তারা কেন্দ্রীয় সরকারকে বোঝাক এবং এই আলোচনার জন্য আমি এই হাউসের পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করবো তিনি এক ঘণ্টা এই বিষয়ে আলোচনা করে একটা সিদ্ধান্ত গ্রহণ করুন এবং কেন্দ্রীয় সরকারকে বোঝান এবং তারা যাতে ন্যায্য দাবী পায় তার ব্যবস্থা করুন।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং সমস্ত মেম্বারদের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এটা কোন রাজনৈতিক ব্যাপার নয়, এটা একটা স্পোর্টসের বিষয়। গত ৯ই সেপ্টেম্বর স্টেট্‌স্‌ম্যান পত্রিকায় লেখা হয়েছিল আশা করছি আপনারা সকলেই দেখেছেন যে হোল্ডিং অফ স্টেট ম্যাচ এ্যাট দি ইডেন গারডেন্স। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। সি. এ. বি.-র এই টেস্ট ম্যাচ খেলাটি পশ্চিমবঙ্গ এবং সারা ভারতবর্ষের অত্যন্ত প্রেসটিজিয়াস ইভেণ্ট। একটু আগে মাননীয় মন্ত্রীমহাশয় বলে গেলেন যে ক্রিকেট এ্যাসোসিয়েশান এবং ক্রিকেট কণ্ট্রোল বোর্ড একটি অটোনোমাস বডি। এই ব্যাপারে গভর্ণমেণ্টের হস্তক্ষেপ করার কোন উপায় নেই। টেস্ট ম্যাচের ব্যাপারে অনেক চেঞ্জ হয়েছে কিন্তু এখন দেখা যাচ্ছে টেস্ট ম্যাচ এখানে হওয়ার জন্য অনেক প্রিপেরেশান এবং প্লানিংয়ের দরকার আছে কিন্তু আজ পর্যন্ত বহু চিঠি লেখা সত্বেও এবং নানারকম রিপ্রেজেনটেশান দেওয়া সত্বেও গভর্ণমেণ্ট তরফ থেকে কোন ব্যবস্থা নেওয়া হয় নি। এত বড় একটা এ্যাসোসিয়েশান সরকারী সাহায্য ব্যতীত চালান সম্ভব নয়। আগামী ২১শে সেপ্টেম্বর এই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার লাস্ট ডেট। বোর্ড অফ কণ্ট্রোল কোন হস্তক্ষেপ করেনি, তারা ডেড লাইন টেনে দিয়েছে। কনফার্ম কোন সংবাদ পাওয়া যাচ্ছে না। মন্ত্রী-মহাশয় ডিসবার্শমেণ্টের কথা তুলেছেন। আগেকার সময়ে স্নেহাংশু আচার্য যখন ক্রিকেট এ্যাসোসিয়েশানের প্রেসিডেণ্ট ছিলেন তখন ডিসবার্শমেণ্ট নিয়ে কোন গোলমাল ছিল না এবং তখন স্বয়ং মুখ্যমন্ত্রী ক্রীড়ামন্ত্রী ছিলেন। মুখ্যমন্ত্রী তখন কতকগুলি নর্মস্ করে দিয়েছিলেন এবং সেই নর্মস্ অনুযায়ী এখন টিকিট ডিসবার্সের চেষ্টা চালান হচ্ছে। এখন এই টেস্ট ম্যাচ নানা ডিসবার্স নিয়ে প্রশ্ন খাড়া করা হচ্ছে। এই টেস্ট ম্যাচের ২১শে সেপ্টেম্বর লাস্ট ডেট জানাবার এখানে খেলা হবে কিনা কিন্তু এখনো পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এর যদি কোন ব্যবস্থা না নেওয়া হয় তাহলে কলকাতার লোকেরা এই খেলা দেখা থেকে বঞ্চিত হবে এবং এর পরিণতি অত্যন্ত

ভয়াবহ হবে। সুতরাং আমি অনুরোধ করছি আপনারা একসঙ্গে বসে এর একটা বিহিত করুন।

[2-20--2-30 p.m.]

**শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি জরুরী ঘটনার উপর স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেস দলনির্বাচনে হেরে গিয়ে প্রতিহিংসা শুরু করেছে। তারা বিভিন্ন জায়গায় অগ্নি সংযোগ, খুন, রাহাজানি, ডাকাতি ইত্যাদি শুরু করেছে। আমার নির্বাচন কেন্দ্রের পাশে কয়েক দিন আগে সন্তোষ পাইকে খুন করেছে। তাকে বলেছিল আমাদের পক্ষ হয়ে নির্বাচনে কাজ করতে, কিন্তু তা না করার জন্য সে যখন হাটে যায় পথে কংগ্রেসীরা তার সঙ্গে বচসা করে। পরে সে যখন একটার সময় ঘরে খেতে বসেছিল ছেলে মেয়ে, বৌকে নিয়ে তখন তাকে হত্যা করা হয়। মির্জাপুরের দেগঙ্গা থানায় তাকে খুন করা হয়। যারা খুন করেছে তাদের নাম হচ্ছে সমীর মণ্ডল, সুশীল মণ্ডল, মনোরঞ্জন মণ্ডল ইত্যাদি। তারা কেউ এখনও ধরা পড়েনি। তারা বলছে আরও খুন করবে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করবো অবিলম্বে এদের গ্রেপ্তার করা হোক।

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মুখ্যমন্ত্রী বারবার বিচ্ছিন্নতাবাদীদের বিরুদ্ধে বলেন। পাঞ্জাবে যে আকালী আন্দোলন হচ্ছে তার একটা অংশ পশ্চিম বাংলার বিভিন্ন জায়গায় উতপাত শুরু করেছে। সম্প্রতি সনমার্গ পত্রিকায় তাদের পক্ষে বা বিপক্ষে কিছু লেখা হয় তাদের সমর্থক বলে কিছু মানুষ পত্রিকার অফিসের মধ্যে ঢুকে তাদের এডিটরকে ধমক দেয়। তারা যে একটা চিঠি দেয় তার কপি পুলিশ কমিশনারকে দেওয়া হয়। কিন্তু আজ পর্যন্ত সে বিষয়ে নিরাপত্তার কোন ব্যবস্থা করা হয়নি। পাঞ্জাবে একজন প্রখ্যাত সাংবাদিক এবং এডিটর নিহত হন। সাম্প্রদায়িকতার বিরুদ্ধে মুখ্যমন্ত্রী যে কথা বারবার বলে থাকেন, কিন্তু আজ দেখা যাচ্ছে এই জিনিষ এখানে মাথাচাড়া দিচ্ছে। সকলের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে পত্র পত্রিকার যে স্বাধীনতা বিঘ্নিত হচ্ছে তার জন্য ব্যবস্থা নেওয়া হোক। এখানে একটা ইনফরমেশান গ্যাপ থেকে যাচ্ছে যার ফলে এখানে বিচ্ছিন্নতাবাদীরা মাথাচাড়া দিচ্ছে। এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করার দাবী জানাচ্ছি।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** স্যার আপনার মাধ্যমে আমি শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে হাওড়া জেলার কানোরিয়া জুট মিল ৬ই মে থেকে মালিকরা রাত্রি ৮টার সময় বেআইনী লক আউট করে দেন। এ বিষয়ে শ্রম দপ্তরে আলোচনা চলছে। আমি চাই শ্রম মন্ত্রীর কাছে আলোচনাটা হোক। সাড়ে চার হাজার শ্রমিক মানে তাদের পরিবার নিয়ে ৩০ হাজার অনাহারে দিন কাটাচ্ছে। মালিক চাইছে পূজার সময়ে তাদের বোনাস না দিতে। এই মিলটি যাতে সরকার নিজের দায়িত্বে রাখেন, আলোচনার মাধ্যমে যাতে পূজার আগে খোলা হয় এবং তাদের দাবী দাওয়া মিটিয়ে দেওয়া হয় তার ব্যবস্থা করবেন। কংগ্রেসী বন্ধুরা সেখানে দালালী করছে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের পৌরমন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৭৭ সালে

নির্বাচনের পর হাওড়া কর্পোরেশানে পিছনের দরজা দিয়ে একটা মনোনীত বোর্ড করেন এবং তারপর থেকে নির্বাচনের দাবি নিয়ে আমরা বার বার বলেছি, পৌর মন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছিলেন যে এই বছরে সেপ্টেম্বর মাসে নির্বাচন হবে। নির্বাচন সংক্রান্ত ব্যাপারে ভোটার লিষ্ট তৈরী করার জন্য এনুমারেটররা বাড়ী বাড়ী ঘুরলেন, ক্লেমস, অবজেকসান সাবমিট করবার জন্য ৩০শে জুলাই লাস্ট ডেট ধার্য হল। আমরা পৌর মন্ত্রীকে বললাম ভোটার লিস্ট অনেক ভুল আছে, ১৫ দিন টাইম দিন। তিনি টাইম না দিয়ে আমাদের বললেন একটা টাইম সিডিউল করা আছে, নির্বাচন এই বছরে ১লা নভেম্বর হবে, সেজন্য ডেট বদলাতে পারছি না, ১লা সেপ্টেম্বর ভোটার লিস্ট ফাইনাল হবে এবং ফাইনাল ভোটার লিস্ট হবার পর ছাপান হবে। কিন্তু কি কারণে জানি না এস. ডি. ও. অফিসে একটা সার্কুলার গেছে যার ফলে ফাইনাল ভোটার লিস্ট এখনও ছাপান হয়নি। কি কারণে ফাইনাল ভোটার লিস্ট ছাপান পিছিয়ে দেওয়া হল এবং নির্বাচন হবে কিনা হাওড়া পৌরবাসীদের তরফ থেকে আমরা জানতে চাই।

**শ্রীকমল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কনস্টিটিউয়েন্সি খড়দার অন্তর্ভুক্ত রহড়ায় একটা ঘটনা ঘটে গেছে যেটা কাগজে বেরিয়েছে সেই সম্পর্কে আমি এই সভাকে অবহিত করতে চাই এবং তার প্রতিকার দাবি করি। রহড়া বিবেকান্দ সেন্টিনারী কলেজ মিশন কর্তৃপক্ষ ১০ই ফেব্রুয়ারী বিনা কারণে বন্ধ করে দেওয়ায় গভর্ণমেণ্ট স্পনসোর্ড কলেজের রীতি লঙ্ঘিত হয়েছে এবং ছাত্রদের ভবিষ্যত নিয়ে আতঙ্কিত হয়ে অভিভাবকগণ সংবাদপত্রে একটা বিবৃতি দেন। মিশন কর্তৃপক্ষ কলেজ বন্ধ করে দিয়ে বিভ্রান্তিকর প্রচার চালাচ্ছে। ওখানকার ছাত্ররা, অধ্যাপকরা, যাঁরা স্টাফ আছেন তাঁরা সকলেই বলছেন যে কোন বিশৃংখলা কোন দিন হয় নি, সব ক্লাস ঠিকমত চলছে, অথচ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের অনুমতি না নিয়েই কলেজ বন্ধ করে দিয়েছে। গভর্ণমেণ্ট স্পনসোর্ড কলেজে এই রকম একটা কাজ করা সম্পূর্ণ বেআইনী। এই কলেজ সম্পর্কে আমাকে কলেজের কিছু ছাত্র একটা চিঠি দিয়েছে, সেই চিঠিতে তারা বলছে যে এখানে ৭ জনকে সাসপেণ্ড করা হয়েছে এবং এখানে যে ছাত্র সংসদ আছে তারা নির্বাচনের দিন ঘোষণার দাবি করেছিল, তখন থেকে এই রকম ঘটনা ঘটাচ্ছে। তাদের একমাত্র অপরাধ একটা স্পনসোর্ড কলেজে পশ্চিমবঙ্গের শিক্ষা নীতি অনুসারে চলবে এই দাবি তারা করে আসছে। সেটা না করে উল্টে তাদের উপর নির্যাতন করা হচ্ছে। এই অবস্থা গত বছর তার আগের বছর ঐ কলেজে হয়েছিল। ওখানকার যিনি অধ্যক্ষ আছেন সেই অধ্যক্ষ মহাশয়ের শিক্ষার মান নেই, তিনি সাধু বাবাজী, সেজন্য তাঁর প্রভাবে এই জিনিস ওখানে চলছে। পশ্চিমবঙ্গ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ভারত সরকারের ঘোষিত নীতি অনুসারে। আজ বিবেকান্দ বেঁচে থাকলে কখনই তিনি এই জিনিস বরদাস্ত করতেন না। সেজন্য যে জিনিস ওখানে চলছে এই রকম জিনিস কখনও চলতে দেওয়া উচিত নয়, আমি এর প্রতিকার দাবি করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে বামফ্রণ্ট সরকার নিজেদের ক্ষমতা কেন্দ্রীভূত করবার জন্য পশ্চিমবঙ্গের সমস্ত ক্ষেত্রে শিক্ষা, আইন, সংস্কৃতি, গণতন্ত্রকে ধ্বংস করে দিচ্ছে। স্যার, খেলার জগত এর বাইরে ছিল। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বিনয়ের সঙ্গে জানাচ্ছি যদি তাঁর মধ্যে কোন উদ্দেশ্য থাকে বা

কোন ষড়যন্ত্র থাকে খেলার জগতকে সরকারী নিয়ন্ত্রনে এনে ওখানে সি. পি. এম.-র কেডারদের অস্তিত্ব বজায় রাখার চেণ্টা করেন তাহলে আমি ইতিহাসের পিছনের পাতা থেকে মুখ্যমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই ১৯৬৩ সালে বিখ্যাত আইনবিদ হেম সান্যাল মহাশয় ক্যালকাটা স্পোর্টস বিল বলে একটা বিল আনতে চেয়েছিলেন।

[2-30—2-40 p.m.]

এই বিলের মাধ্যমে কোলকাতার খেলার সংগঠনগুলিকে সরকারের নিয়ন্ত্রাধীনে বা একটা বোর্ডের নিয়ন্ত্রাধীনে আনতে চেয়েছিলেন। কিন্তু পশ্চিমবাংলার রূপকার ডাঃ বিধানচন্দ্র রায় আইনের কথা ভেবে এই বিলে সম্মতি দেননি। কিন্তু আমরা দেখছি পশ্চিমবাংলার বর্তমান মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলাকে ধ্বংস করছেন এবং পশ্চিমবাংলার সব জায়গায় সি পি এম-এর অস্তিত্ব বজায় রাখতে গিয়ে সাধারণ মানুষের অধিকার নণ্ট করে দিচ্ছেন। স্যার, ২১শে সেপ্টেম্বরের মধ্যে সরকার যদি অনুমতি না দেন বা ওই তারিখের মধ্যে সি এ বি যদি সরকারের মতামত জানতে না পারেন তাহলে ভারত বনাম ওয়েস্ট ইনডিজ ৫ম টেস্ট হায়দারাবাদে স্থানান্তরিত হবে। স্যার, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, এই টেস্ট খেলার ব্যাপারে ক্রীড়ামোদির সংখ্যা সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী রয়েছে এই কোলকাতায় তথা পশ্চিমবঙ্গে। শুধু ভারতবর্ষে কেন, সমস্ত পৃথিবীর মানুষ জানে টেস্ট খেলার ব্যাপারে এত বেশী ক্রীড়ামোদীমানুষ অন্য কোথাও নেই। স্যার, গতকাল এই অনুমতি দেবার কথা ছিল, কিন্তু সি এ বি-কে সেই অনুমতি এখনও দেওয়া হয়নি। আমি জানিনা এক্ষেত্রে কি ষড়যন্ত্র আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি এই ব্যাপারে আপনি একটা সর্বদলীয় কমিটি করুন যাতে সরকার পশ্চিমবাংলার সাধারণ মানুষকে বঞ্চিত করতে না পারে।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে আমি একটি জরুরী বিষয় আপনার মাধ্যমে উপস্থিত করছি। আমার নির্বাচন কেন্দ্র হচ্ছে রাজারহাট। খড়িবাড়ী থেকে ভি আই পি রোড হয়ে গ্রেস্ট্রীট এক্সটেনসন পর্যন্ত একটা বাস চলে যার নম্বর হচ্ছে ২১১। পাতিপুকুর—বেলগাছিয়ার ওখানে পূর্বে যে মার্টিন রেল ছিল সেখানকার রাস্তা আজ দীর্ঘদিন ধরে খারাপ হওয়ার ফলে বাস চলাচল বন্ধ হয়ে গেছে। এই ব্যাপারে অনেক চেণ্টা করা হয়েছে, কিন্তু বাস চালান যাচ্ছে না। আমি আজকে নিরুপায় হয়ে বিধানসভায় আলোচনার মাধ্যমে এই ব্যাপারটির প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃণ্টি আকর্ষণ করছি। সামনে পুজো আসছে কাজেই এই রুটটি যদি বন্ধ হয়ে যায় তাহলে হাজার হাজার মানুষ দারুণ অসুবিধায় পড়বে। আমি আশা করি জনস্বার্থে মন্ত্রীমহাশয় নিশ্চয়ই এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃণ্টি দেবেন।

**শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং বিধানসভার সদস্যদের দৃণ্টি আকর্ষণ করছি। আপনার বোধহয় স্মরণে আছে গত ১৬.৩.৮৩ তারিখ হাওড়া কার সেডের কাছে হরিপাল এবং ব্যানডেল লোকালের মধ্যে একটা সাংঘাতিক এক্সিডেণ্ট হয় এবং তার ফলে ২০ জন মানুষ মারা যায় এবং ২০০ লোক আহত হয়। সেই দুর্ঘটনার পর রেলওয়ে বিভাগের মন্ত্রী ঘোষণা করেছিলেন মৃত ব্যক্তির পরিবারকে ১ লক্ষ টাকা দেওয়া হবে, তাদের

পরিবারের একজনকে চাকুরী দেওয়া হবে এবং যারা গুরুতরভাবে আহত হয়েছে তাদের প্রত্যেককে ৫০ হাজার টাকা দেওয়া হবে। মন্ত্রিমহাশয় প্রতিশ্রুতি দেওয়া সত্বেও টাকা কত দেওয়া হয়েছে, সেই ব্যাপারে আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। উত্তম মালিকে দাহ করবার জন্য ১ হাজার টাকা দেওয়া হয়েছে, তারকচন্দ্র দাসকে দাহ করবার জন্য ১ হাজার টাকা দেওয়া হয়েছে, বিশ্বনাথ সাঁতরা—আহত—১২৫০ টাকা দেওয়া হয়েছে, দিলীপ সাঁপুই—আহত—১২৫০ টাকা দেওয়া হয়েছে; জামালউদ্দীন—আহত—১২৫০ টাকা দেওয়া হয়েছে, ইয়াকুবআলি—আহত—১২৫০ টাকা দেওয়া হয়েছে। স্যার, এই হল আহত এবং মৃতদের প্রতি মানবিকতার নমুনা। রেলওয়ে দপ্তরের মন্ত্রী ঘোষণা করেছিলেন ক্ষতিপূরণ দেওয়া হবে, কিন্তু রেলওয়ে দপ্তরে মানুষ যখন সেই ক্ষতিপূরণের টাকার জন্য যাচ্ছে তখন তাদের বলা হচ্ছে অমুকের কাছে যান, তমুকের কাছে যান। মানুষগুলো এখানে সেখানে ছুটোছুটি করছে, কিন্তু বাস্তবে কোন কাজই হচ্ছে না। আজকে তাদের বাড়ীতে হাঁড়ি চড়ছে না কাজেই মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি অবিলম্বে রেলওয়ে মন্ত্রীর সঙ্গে কথা বলে এই ক্ষতিপূরণের টাকা দেবার ব্যবস্থা করুন।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বোধহয় জানেন সি. পি. এম. ২৮শে সেপ্টেম্বর বাংলা বন্ধের পরিপ্রেক্ষিতে একটা পুস্তিকা প্রকাশ করেছেন এবং তার নাম হচ্ছে, "ইন্দিরা কংগ্রেসের জন বিরোধী নীতি"। স্যার এই বই-এর মধ্যে একটি ভুল জিনিস যা রয়েছে তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বইর ৩৯ পাতায় বলা হয়েছে, "এখনও পর্যন্ত সারা দেশে যে আনবিক শক্তি ইউনিটগুলো প্রতিষ্ঠা করা হয়েছে বা প্রতিষ্ঠিত হতে চলেছে সেগুলির মোট উৎপাদন ক্ষমতা ২২৫০ মেগাওয়াট। কিন্তু একটা ইউনিটও পূর্বাঞ্চলের পশ্চিমবাংলা, উড়িষ্যা এবং বিহারে প্রতিষ্ঠা করা হয়নি। সবগুলি ইউনিট বসানো হয়েছে মহারাষ্ট্র, গুজরাট, রাজস্থান এবং উত্তরপ্রদেশে। ১৯৮৫/৮৬ ১৯৯৪/৯৫ সালের মধ্যে আরও ১২টি আনবিক শক্তি উৎপাদন কেন্দ্র স্থাপনের প্রস্তাব করা হয়েছে। কিন্তু এই তালিকায় পশ্চিমবাংলা, বিহার এবং উড়িষ্যার কোন স্থান নেই। স্যার, এর আগে যে বামফ্রন্ট সরকার ছিল সেই সময় আমি, কিরণময় নন্দ, রজনী কান্ত দলুই এবং সামসুদ্দিন আমেদ আণ্ডার রুল ১৮৫-তে একটা মোশন এনেছিলাম। সেখানে আমাদের বক্তব্য ছিল, "পশ্চিমবাংলার বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে মেদিনীপুর জেলার দাঁতন বা অনুরূপ কোন স্থানে একটি এ্যাটোমিক পাওয়ার ষ্টেশন স্থাপনের দাবি কয়েক বছর আগে কেন্দ্রের কাছে করা সত্বেও এবং এই বিষয় বিগত ২৭শে এপ্রিল, ১৯৭৩ তারিখে বিধান-সভায় সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহীত হলেও এখনও পর্যন্ত এ সম্পর্কে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি। উত্তর, দক্ষিণ এবং পশ্চিম ভারতে এ্যাটোমিক পাওয়ার ষ্টেশন ইতিমধ্যেই স্থাপিত হয়েছে, অথচ কেবলমাত্র পূর্ব ভারতে ব্যতিক্রম। তাই এই বিধানসভা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে পুনরায় দাবী পেশ করুন যে, যে ৫ম এ্যাটমিক পাওয়ার ষ্টেসনটি ভারতবর্ষে প্রতিষ্ঠিত হতে চলেছে তা যেন পূর্ব ভারতের মেদিনীপুর জেলায় দাঁতন বা অনুরূপ কোন স্থানে স্থাপন করা হয়"। স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন,

১৯৭৩ সালের ২৭শে এপ্রিল আমরা ৪ জনে যে প্রস্তাব এনেছিলাম এঁরা তার বিরোধিতা করেছিলেন এবং বলেছিলেন, আমরা চাই না। স্যার, হাউসে রেকর্ড আছে এবং তাতে আপনি দেখতে পাবেন বামফ্রণ্টের সমস্ত দল, সি. পি. এম., আর. এস. পি. প্রভৃতি সকলেই সেই প্রস্তাবের বিরোধিতা করেছিলেন। আমরা সেদিন তাঁদের সেই আচরণে দুঃখিত হয়েছিলাম। সেদিন তাঁরা এই প্রস্তাব সমর্থন করেননি অথচ এই বইতে আজকে বলেছেন, পূর্ব ভারতে কিছু হচ্ছে না। স্যার, আমি আনন্দের সঙ্গে বলছি এ্যাটমিক এনার্জি কমিশনের ডঃ রাজা রামান্না বলেছেন যেখানে কয়লা তৈরী হয় তার ৮০০ কিলোমিটারের মধ্যে এ্যাটমিক এনার্জি ষ্টেটসন হবে না এই যে বাধা ছিল সেটা এখন দূর হয়েছে। কাজেই পূর্ব ভারতের স্বার্থে আসুন আমরা সকলে এক সঙ্গে মিলে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করি যাতে পূর্ব ভারতে বিশেষ করে পশ্চিমবাংলায় এই ধরণের একটা এ্যাটমিক পাওয়ার ষ্টেশন হয়। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m ]

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় শিক্ষা মন্ত্রী এবং মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন যাবৎ দেখা যাচ্ছে বিভিন্ন কলেজের প্রিন্সিপ্যালদের তুলে নিয়ে যাওয়া হচ্ছে, মারধোর করা হচ্ছে। কিছুদিন আগে বঙ্গবাসী কলেজের প্রিন্সিপ্যালকে ট্যাক্সিতে করে তুলে নিয়ে গিয়ে মারধোর করা হয়, বারাসতের ইভনিং কলেজের প্রিন্সিপ্যালকে ঘরের মধ্যে ঢুকিয়ে মারা হলো। এই রকম ঘটনা রহড়ায়ও ঘটেছে, বিবেকানন্দ শতবার্ষিকী কলেজেও দেখলাম এই রকম ঘটনা ঘটেছে। গত বছর পুরুলিয়ার রামকৃষ্ণ মিশনেও এই রকম ধরণের ঘটনা ঘটেছে। এর ফলে শিক্ষা জগতের মূল্যবোধ যেটা, সেটা কমে যাচ্ছে। সেই জন্য আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই, মাননীয় শিক্ষা মন্ত্রী এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের, তাঁরা দুজনে বসে একটা সলিউশন বার করুন যাতে এইভাবে প্রিন্সিপ্যাল অনুগৃহীত না হন, শিক্ষা জগতে এই রকম যাতে বিশৃঙ্খলা না ঘটে।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, before mentioning my point, I would like to repeat the information in the House what Shri Subrata Mukherjee has already mentioned about the episode of Sanmarga Editor. I hope the Hon'ble Chief Minister will take necessary action.

There has been a complete bundh this morning at Burrabazar area in protest against the brutal murder of Krishnanandan Singh and the deteriorating condition of the law and order situation. Myself, Shri Subrata Mukherjee and Shri Deokinandan Poddar were leading a peaceful procession in protest against the brutal murder. While we were passing through Brabourne Road suddenly stones were thrown and brickbats were hurled on the procession by the CPI(M) hoodlums. As a result three state buses were damaged. But the police force did not come and we did not make any counter attack.

Sir, I would like to draw your attention to another point. We wanted to felicitate the cricket team for the prestigious win of the Prudential Cup. But we were given to understand that if the players come to Calcutta then they will have to be presented with a sum of rupees ten lakhs. In this connection, I may mention that we wanted to offer our ovation to the proud victorious cricket team from the warmth of our heart. I do not know how the question of money comes in. So, through you, I want to draw the attention of the Sports Minister and the Chief Minister to make necessary arrangements so that the Calcuttans can get an opportunity to elicitate the victorious cricket team.

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কলকাতার উপর বড় বাজারে ১২ ঘণ্টার জন্য বন্ধ চলছে। সেখানে একজন মারা গেছে, পুলিশ এই ব্যাপারে মিস গাইড করছে। একজন ফ্যাটালি ইনজিয়োর হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে এই ব্যাপারে যদি একটা স্টেটমেণ্ট দেন তাহলে ভাল হয়।

**মিঃ স্পীকার ঃ** আমি এই বিষয়ে একটা কলিং এ্যাটেনশন মোশন এ্যাডমিট করেছি। আপনি শোনেননি।

**শ্রীঅজিত চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় তুলতে চাই। বিগত পঞ্চায়েত নির্বাচনের সময় আসানসোলের পাশে পলাশডিহা বুথে আমাদের সি. পি. এম. এর একজন কর্মী ভূষণ বিশ্বাস, তাকে কংগ্রেসী গুণ্ডারা ধরে নিয়ে যায় এবং তারপর থেকে তাকে আর খুঁজে পাওয়া যাচ্ছে না। এখনো পর্যন্ত এই ভূষণ বিশ্বাসের মৃতদেহ পুলিশ খুঁজে বের করার কোন ব্যবস্থাই করতে পারেননি। তারা বলছে এই বিষয়ে নিশ্চিত যে, তাকে খুন করা হয়েছে, কিন্তু মৃতদেহ পাওয়া যাচ্ছে না। স্যার, আপনি জানেন সেদিন পাঁচগাছিয়াতে গোপাল রাহা নামে আমাদের আর একজন কর্মীকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। ভূষণ বিশ্বাসের মৃতদেহ সম্পর্কে সরকারী ভাবে কোন স্বীকৃতি না পেলে তার স্ত্রী কোম্পানীর কাছ থেকে ফাইন্যাল পেমেণ্ট কিছুই পাচ্ছে না। কাজেই এই জটিল অবস্থার অবসান ঘটানোর জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক এবং মৃতদেহ সম্পর্কে পুরো তদন্ত করে একটা স্থির সিদ্ধান্তে পৌঁছানোর ব্যবস্থা করা হোক।

**শ্রীশান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় বলেছিলেন পঞ্চায়েত নির্বাচনের পরে নূতন বডি ফর্মেসন হবার পর পুরানো প্রধানরা যদি কোন নূতন প্রধানের হাতে চার্জ হ্যাণ্ড ওভার করতে না চান তাহলে তার বিরুদ্ধে উপযুক্ত দণ্ডনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে, ৬ মাস পর্যন্ত জেল দেওয়াও হতে পারে। পুরুলিয়া জেলার চাটুমাদার অঞ্চলের এক্স-প্রধানের ২৫ তারিখে চার্জ দেবার কথা ছিল, কিন্তু তিনি আজ পর্যন্ত চার্জ দেন নি। বি. ডি. ও. র কাছে কমপ্লেন করা হয়েছে, ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসারের কাছে বিষয়টি জানানো হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। নূতন প্রধানকে চার্জ দেওয়া হয়নি, যার ফলে প্রধানের কাজ বন্ধ হয়ে আছে। এই বিষয়ে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রীমাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার তেহট্ট এলাকায় 'প্রান্তিক সিনেমা' হলে গত ২৭শে জুলাই একটি ছবি প্রদর্শনের সময় দর্শকরা বিক্ষোভ জানায়। ২৯শে জুলাই ঐ সিনেমা হলের মালিক বেআইনী লক আউট ঘোষণা করে। ফলে দরিদ্র কর্মচারীরা এক অসহনীয় অবস্থার মধ্যে পড়েছে এবং দর্শকরা ছবি দেখা থেকে বঞ্চিত হচ্ছে। সরকারী প্রমোদ-করের প্রভূত ক্ষতি হচ্ছে। এই সিনেমা হলের মালিক এখনো পর্যন্ত নতুন অনুমোদন পে স্কেল চালু করে নি। অবিলম্বে এই লক আউট প্রত্যাহার এবং পে-স্কেল সহ কর্মচারীদের বিভিন্ন দাবী দাওয়া যাতে মেনে নেওয়া হয়, সেই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুল করিম চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বিষয়টি এখানে উল্লেখ করতে চাই সেটা আজকের কাগজেও বেরিয়েছে। ইসলামপুর সাব-ডিভিসনের তিনটি থানাতেই কলেরা এপিডেমিক মারাত্মক ভাবে দেখা দিয়েছে। ২০০ জন মানুষ এ পর্যন্ত মারা গেছে এবং আরো ১ হাজার এ্যাটাক্ট হয়েছে। ইসলামপুর সাব-ডিভিসন উর্দ্ধতন কর্তৃপক্ষ ভ্যাকসিনের অভাবে ব্যবস্থা নিতে পারছে না। ডি. এম. বলেছেন তাদের কাছে ভ্যাকসিন না থাকার জন্য তারা কোন ব্যবস্থা নিতে পারছেন না। এ্যাম্পিসিলিন পাওয়া যাচ্ছে না। ইসলামপুর, চোপড়া, গোয়ালপুর এই তিনটি থানার হাজার হাজার মানুষ এখন গ্রাম ছাড়ার জন্য তৈরী হয়ে গেছে। ওখানে অবিলম্বে এ্যাম্পিসিলিন, ভ্যাকসিন ইত্যাদি ওষুধপত্র নিয়ে মেডিকেল টিম পাঠানোর ব্যবস্থা করা হোক। হাজার হাজার মানুষ ওষুধের জন্য লাইন দিয়ে দাঁড়িয়ে থাকে, অথচ ওষুধ পায় না।

[2-50—3-00 p.m.]

ওরা বলছে, আমাদের কাছে ভ্যাকসিন নেই, আমরা দিতে পারছি না। ওদের ঘেরাও করে রাখা হয়েছে। স্যার, অবস্থা যা দাঁড়িয়েছে তাতে আমাদের আশঙ্কা হচ্ছে আগামী কয়েকদিনের মধ্যে কয়েক হাজার লোক সেখানে মারা যাবে। ইতিমধ্যেই শ দুয়েক লোক মারা গিয়েছেন এবং হাজার দুয়েক লোক এ্যাফেকটেড হয়েছেন। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে বলব, অবিলম্বে সেখানে ব্যবস্থা গ্রহণ করুণ তা না হলে ইসলামপুরের অবস্থা খুব খারাপ হয়ে যাবে।

**শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় তথ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২৮.৮ তারিখে কাগজে বেরিয়েছে যে বঙ্কিমচন্দ্রের বাড়ী যা আমার কনসটিটিউয়েন্সী মধ্যে পড়ে সেই বাড়ীটি সরকার অধিগ্রহণ করছে। গণতান্ত্রিক আন্দোলনের কর্মীরা যারা এটা নিয়ে লড়াই করছেন তারা সেই বাড়ীটিতে কি করে গ্রন্থাগার ইত্যাদি করা যায় সেটা দেখছেন। হঠাৎ আমরা কাগজে দেখলাম কংগ্রেস ( ই )-র একজন বড় নেতা স্টেটমেণ্ট করে বলেছেন, ২৭শে সেপ্টেম্বর তারা জোর করে সেই বাড়ীটি দখল করবেন। স্বনামধন্য কংগ্রেস ( ই )-র এই নেতা আগে কংগ্রেস ( এস )-এ ছিলেন, এখন কংগ্রেস ( ই ) তে এসেছেন, তার নাম শ্রীপ্রিয়রঞ্জন দাশমুন্সি। মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি এ বিষয়ে

আকৃষ্ট করে আমি বলব, সরকারী বাড়ীটি অন্য কেউ যাতে বেদখল করে নিতে না পারে সে ব্যাপারে দৃষ্টি দিন এবং উপযুক্ত ব্যবস্থা করুন।

**শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, পঞ্চায়েত নির্বাচন হবার পর সেখানে পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান এবং পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচন প্রায় সমাপ্ত। স্যার এই নির্বাচনকে কেন্দ্র করে বামফ্রণ্টে বিভিন্ন শরিক-দলগুলি কিভাবে দুর্নীতি এবং অন্যায়ের আশ্রয় নিচ্ছে তারই একটা উদাহরণ দিচ্ছি। স্যার, বেলডাঙ্গা ১ নং পঞ্চায়েত সমিতির সদস্য শ্রীআবদুল রেজ্জাককে কিভাবে আর. এস. পি. দল থেকে অপহরণ করে কোলকাতায় নিয়ে আসা হয়েছে সেই কাহিনীই আমি এখানে বলব। স্যার, তাকে সেখান থেকে অপহরণই শুধু করা হয়নি, তাকে অপহরণ করে কোলকাতায় নিয়ে এসে দীর্ঘদিন আটক করে রাখা হয়েছিল। স্যার, প্রথমে এই আবদুল রেজ্জাককে একটি চায়ের দোকানে নিয়ে যাওয়া হয় এবং তাকে চা খেতে দেওয়া হয়। চা খাবার পর তাকে একটি সিগারেট খেতে দেওয়া হয়। সিগারেট খাবার পর সে অর্ধঅচেতন্য হয়ে যায়। আমাদের আশঙ্কা চায়ের মধ্যে কিছু মেশান ছিল কারণ চা খাবার পরই সে অর্ধঅচৈতন্য হয়ে যায়। এর পর তাকে সেই অর্ধঅচৈতন্য অবস্থাতেই কোলকাতা হরিহরপাড়া রুটের একটি স্টেট বাসে করে কোলকাতায় নিয়ে আসা হয় এবং কোলকাতায় এনে তাকে আর. এস. পি. পার্টি অফিসে তালা বন্ধ করে রাখা হয়। তারপর তার জ্ঞান ফিরলে সে সেখান থেকে অনেক কষ্টে পালিয়ে যায়। স্যার, এই অপহরণের ঘটনার পেছনে সেখানকার প্রাক্তন এম. এল. এ. শ্রীতিমির ভাদুড়ী এবং বেলডাঙ্গা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান শ্রীদীপক নারায়ণ খান জড়িত। তাকে কোলকাতায় নিয়ে এসে বলা হয় আগামী ১লা সেপ্টেম্বর স্থায়ী কমিটির ভোট আছে, ঐ ভোটের দিন তোমাকে অনুপস্থিত থাকতে হবে। তুমি যদি সেদিন অনুপস্থিত থাক তাহলে তোমাকে চাকরি দেওয়া হবে। এইভাবে নানান রকমের প্রলোভন তাকে দেখানো হয়। স্যার, এই ঘটনার পর শ্রীরেজ্জাকের বাবা থানায় গিয়ে ডাইরী করেন। থানা ডাইরি গ্রহণ করা সত্বেও কারুকে গ্রেপ্তার করেনি বা কোন খোঁজ খবর নেয়নি। শরিকদলের ব্যাপার বলে থানা কিভাবে নিশ্চুপ থাকে সেটা দেখুন।

( উল্লেখ )

সাধারণ জনসাধারণ বলছে যে, সি. পি. এম. বা আর. এস. পি. দলের লোকেদের বিরুদ্ধে থানায় ডাইরি করলেও পুলিশ তাদের কিছু বলে না। তাই আমি এখানে দাবী করছি বেলডাঙ্গা ১ নং পঞ্চায়েত সমিতির সদস্য শ্রীআবদুল রেজ্জাককে যারা অপহরণ করেছিল তাদের বিরুদ্ধে তদন্ত করে তাদের শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** স্পীকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় খরা ত্রাণে বেশ কয়েক লক্ষ টাকা গিয়েছিল। এখানে এ. ডি. এম.-এর অফিস এই টাকা দিয়ে পুকুর কাটা এবং পুকুর সংস্কারের জন্য বেশ কয়েকটি স্কীম তৈরী করে। এক একটি পুকুরের পেছনে প্রচুর টাকা ঢালার যে স্কীম তারা করেছিল তা পঞ্চায়েত সমিতিকে ভেটিং করেনি। সরকারী নিয়ম হচ্ছে, ১০,০০০ টাকার উর্ধ্বের স্কীম হলে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং

এ্যাণ্ড ডেভেলপমেণ্টকে ভেটিং করতে হয়। কিন্তু এ ক্ষেত্রে তাও না করে এ. ডি. এম. এবং এল. আর. প্রতিটি ক্ষেত্রে ১০% থেকে ২৫% টাকা কেটে নিয়ে বি. ডি. ও. এবং এস. এ. ই.-কে এক একটি পুকুর কাটার জন্য ৪০/৫০ হাজার টাকা করে দিয়েছে। ফলে সেখানকার গরীব মানুষের জন্য খরা ত্রাণের টাকা দিয়ে যে কাজ হওয়া দরকার ছিল, সে কাজ হয়নি, মানুষ সে কাজ পায়নি। এ. ডি. এম. এবং কতগুলি সরকারী কর্মচারী লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছে। ভবিষ্যতের চাষের জন্য যে জলের সংস্থান হওয়ার দরকার ছিল সেই জলের সংস্থান হয়নি। স্যার, তাই আমি আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রী, কৃষি মন্ত্রী এবং ক্ষুদ্র সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, ওখানকার সমস্ত খাতা-পত্র সিজ করা হোক এবং তদন্ত করে দেখা হোক তারা সত্যি কত লক্ষ টাকা মেরেছে। স্যার, আমি আর একবার খাতা-পত্র সিজ করার এবং তদন্ত করার দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্যবাবু যা বললেন তা সদস্যদের মধ্যে সার্কুলেট করা হোক।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচনের পরে বাঁকুড়া জেলার চকপাহাড়ী গ্রামে যে ঘটনা ঘটেছে তা সমস্ত সভ্য সমাজের কাছে কলঙ্কজনক। কিন্তু সেই কলঙ্ককে ম্লান করে দিয়েছে গত ৮ তারিখের সন্ধ্যাবেলা গোঘাট থানার দিগড়ে গ্রামে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির তাণ্ডবলীলা। ঐ ঘটনা সমগ্র সভ্য সমাজের কাছে অত্যন্ত কলঙ্কজনক। গোঘাট থানায় মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির জনৈক নেতা গৌর মাঝীর নেতৃত্বে প্রায় ২০০ সশস্ত্র লোক দিগড়ে গ্রামের ১৫টি পরিবারের প্রতিটি ঘর বাড়ি তছনছ করেছে এবং প্রতিটি বাড়ির বহু লোককে নির্মম প্রহার করেছে। ফলে তাদের মধ্যে কয়েকজনকে আরামবাগ মহকুমা হাসপাতালে পাঠাতে হয় এবং এখনো তাদের মধ্যে অনেকে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। আজকে ঐ গ্রামের প্রত্যেকটি মানুষ ঘর ছাড়া হয়ে রয়েছে, তারা গ্রামে ঢুকতে পারছে না। আমি গত পরশু দিন ওখানে গিয়ে পুলিশের সঙ্গে কথা বলে পুলিশ পিকেটের ব্যবস্থা করেছিলাম, কিন্তু পুলিশ পিকেট বসাবার পরেও ঐ ১৫টি পরিবারের সেখানে থাকবার কোন আশ্রয় নেই, আজকে তারা নিঃস্ব হয়ে আরামবাগ শহরের রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। আমি আপনার মাধ্যমে ত্রাণ মন্ত্রীকে অনুরোধ করছি যে, তিনি অবিলম্বে তাদের জন্য ত্রাণের ব্যবস্থা করুন। সেই সঙ্গে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবী করছি যে, অবিলম্বে ঐ ঘটনার জন্য যারা দোষী তাদের বিরুদ্ধে পুলিশী ব্যবস্থা করা হোক এবং তাদের শাস্তির ব্যবস্থা করা হোক। স্যার, আমি এই প্রসঙ্গে আরো জানাচ্ছি যে, ঐ যে ১৫টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে, ওদের সকলেই কংগ্রেসের লোক নয়, ওদের মধ্যে ফরোয়ার্ড ব্লকের পঞ্চায়েত নির্বাচিত সদস্য এবং পরাজিত প্রার্থীরাও আছে। ঐ ১৫টি পরিবারের সকলেই যদি কংগ্রেসের লোক হ'ত তা হলে আমরা বলতে পারতাম যে, শুধু কংগ্রেসীদের ওপরেই হামলা করা হচ্ছে। কিন্তু আজকে ঐ ১৫টি পরিবারের মধ্যে ফরোয়ার্ড ব্লকের লোকও রয়েছে। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি যখন আক্রমন করছে তখন ফরোয়ার্ড ব্লক, কংগ্রেস, কাউকে বাদ দিচ্ছে না। সকলের সমস্ত ঘর বাড়ি জ্বালিয়ে দিয়েছে। সুতরাং অবিলম্বে ওখানে যাতে

ত্রাণের ব্যবস্থা, পুলিশী ব্যবস্থা এবং সর্বক্ষণের জন্য পুলিশ পিকেটের ব্যবস্থা করা হয়, তার জন্য আমি দাবী জানাচ্ছি।

[3-00—3-10 p.m.]

উল্লেখ

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য উল্লেখ করছি। টিটাগড় পেপার মিলের দু নম্বর ইউনিটটি কাঁকিনাড়ায় অবস্থিত। গত ১৪ মাস ধরে সেটি লক আউট হয়ে রয়েছে এবং সেজন্য প্রায় ৪ হাজার শ্রমিক অত্যন্ত সংকটের মধ্যে দিন কাটাচ্ছেন। এই মিলটি আমাদের দেশের একটি বৃহৎ কাগজ প্রস্তুতকারক মিল। প্রতি বছরই কাগজের দাম বাড়ছে, ঐ মিলের লাভ বাড়ছে কিন্তু কিছু শ্রমিকের উপর বোঝা চাপাবার চেষ্টা করা হয়েছে। রাজ্য শ্রম দপ্তর যে প্রচেষ্টা চালিয়েছেন আজ পর্য্যন্ত সেটা কার্য্যকরী হয় নি এবং শ্রমিকরা এমন সংকটের মধ্যে দিন কাটাচ্ছেন যে কিছু কিছু শ্রমিক আত্মহত্যা করেছেন বলে আমার কাছে খবর এসেছে। এই পরিস্থিতিতে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে এ ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য আবেদন জানাচ্ছি। যাতে এই মিলটি চালু করা যায় সে ব্যাপারে তিনি কিছু ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি উচ্চশিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে অনেক মাননীয় সদস্য উচ্চ-শিক্ষার ব্যাপারে বিশেষতঃ কলেজগুলিতে যে অবস্থা চলছে সেই নিয়ে অনেক কথা বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে আলোচনা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বুঝতে পারছি না যে উচ্চশিক্ষা বিভাগের মন্ত্রী কে? মাননীয় শম্ভু ঘোষ মহাশয়, না মাননীয় অধ্যাপক নির্মল বোস মহাশয়? যেই থাকুন, আজকে কলেজগুলিতে যে অবস্থা হয়েছে সেই বিশৃঙ্খলার মূল কারণগুলি সরকার দেখছেন না। ছাত্র ভর্তির যে সমস্যাটা রয়েছে সেটার প্রতিকারের কোন ব্যবস্থাই হচ্ছে না। আজকে এই জিনিষটা একটা ভয়াবহ আকার ধারণ করেছে। দ্বাদশ শ্রেণীতে, এবারে যেসব ছাত্র-ছাত্রী পাশ করেছেন সেই সংখ্যা অনুযায়ী কলেজ বা কলেজগুলিতে সিট না থাকায় তাঁরা ভর্তি হতে পারছেন না। এই রকম স্থান সংকুলান না হওয়ার জন্য ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা যেভাবে আজকে বিপর্য্যস্ত হচ্ছেন এবং ছাত্র ছাত্রীরা যদি শিক্ষা গ্রহণ করতে না পারে তাহলে কি অবস্থা হবে? আজকে রহড়া রামকৃষ্ণ মিশন কলেজ, বঙ্গবাসী, সিটি এবং গ্রাম বাংলার সমস্ত কলেজগুলিতেই এই অবস্থা চলেছে। সেইজন্য আমি আপনারা মাধ্যমে মাননীয় উচ্চ-শিক্ষা মন্ত্রী মহাশয়ের নিকট অনুরোধ জানাচ্ছি যে তিনি যেন অবিলম্বে এই সম্বন্ধে হাউসে একটা স্টেটমেণ্ট করেন এবং এর প্রতিকারের জন্য কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করেন।

**শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিন বছরের জন্য মেডিকেল কোর্স গ্রামবাংলার সাধারণ মানুষের চিকিৎসার জন্য চালু হয়েছে। সেই মেডিকেল কোর্সে ভর্তির ব্যাপারে বহু দরখাস্ত নেওয়া হয়েছে। অন্যান্য জায়গায় ভর্তি হয়েছে কিনা জানি না, কিন্তু অত্যন্ত দুঃখের

কথা যে পশ্চিম দিনাজপুরে—কয়েক মাস চলে গেল—আজ পর্য্যন্ত কোন ছাত্র ছাত্রী ভর্ত্তি করা হল না। ফলে ছাত্র-ছাত্রীরা একটা অনিশ্চত ভবিষ্যতের মধ্যে এসে দাঁড়িয়েছে। তিন বছরের মেডিকেল কোর্স, এর দ্বারা গ্রামাঞ্চলের মানুষের চিকিৎসার যে ব্যবস্থা বামফ্রন্ট সরকার করেছেন সেই চিকিৎসার সুযোগ যাতে তাঁরা পেতে পারেন, সেজন্য এবং ঐ কোর্সে যাতে ছাত্র-ছাত্রীদের অবিলম্বে ভর্ত্তি করা হয় সেজন্য আমি আপনার মাধামে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার খানাকুল কুটনা গ্রামে পঞ্চায়েৎ সমিতির সদস্য তসিরুদ্দিন আহম্মদ ও সাধারণ মানুষের উপর আক্রমণের কথা উল্লেখ করে ওখানকার এম. এল. এ., আবদুল মান্নান একটু আগে উল্লেখপর্বে বলে গেছেন যে, ওখানে এই রকম আক্রমণের কোন ঘটনা ঘটে নি। কিন্তু ১৯৮২ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত মাননীয় আবদুল মান্নান সাহেব এবং ওখানকার কংগ্রেসী নেতারা সাধারণ মানুষের উপর, ভাগচাষীদের উপর এবং সাধারণ মানুষের উপর আক্রমণ চালিয়ে আসছেন। গত ২৮।৮।৮৩ তারিখে মলয়পুর হাইস্কুলের প্রধান শিক্ষক প্রফুল্ল নায়েকের উপর ওঁরা আক্রমণ করেছিলেন। তাঁর বাড়ী-ঘর ভেঙ্গে তছনছ করেছেন। মান্নান সাহেব কথা প্রসঙ্গে স্বীকার করেছেন, যে বাড়ীতে ওঁরা ঢুকেছিলেন সেটি ব্যবহার করা হত না। কিন্তু সেখানে ঢুকে ৪০।৫০ মণ ধান, ৭ ভরি সোনা, বাসনপত্র প্রভৃতি লুট করে নিয়ে এসেছেন। বাড়ীটি যদি ব্যবহৃত না হয়ে থাকবে, তবে এই সমস্ত জিনিষপত্র নেওয়া কি করে সম্ভব ? মাত্র কয়েকদিন আগে এই ঘটনা ঘটেছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আমি পুরুলিয়ার রামকৃষ্ণ মিশন নিয়ে বিধানসভার বুকে বক্তব্য রেখেছিলাম। আমি আনন্দের সঙ্গে বলছি, সেখানে শান্তি-শৃঙ্খলা কিছুটা ফিরে এসেছে। এবারে আমি আর একটি গুরুত্বপূর্ণ জিনিষ নিয়ে বলতে চাই। রহড়া রামকৃষ্ণ মিশন বর্তমানে এক অচলাবস্থায় পরিণতঃ হতে চলেছে। সেখানে মহারাজের উপরে শুধু মাত্র গালি-গালাজ নয়, নানা ধরণের অত্যাচার চালানো হচ্ছে। ব্যারাকপুর অঞ্চলের মধ্যবিত্ত সন্তানরা সেখানে গিয়ে পড়া-শোনা করে এবং ভাল রেজাল্টও তারা করে। পুরুলিয়া রামকৃষ্ণ মিশনে যেমন ভাবে অত্যাচার করা হয়েছে, ঠিক একই ভাবে রহড়া রামকৃষ্ণ মিশনকে বন্ধ করার এক ঘৃণ্য চক্রান্ত চলেছে। আমার বক্তব্যের কিছু আগে মাননীয় কমলবাবু এখানে বলেছেন। কিন্তু দুঃখের বিষয়, উনি হয়ত ঠিক ভাবে ঘটনাটি জানেন না। ওখানে যারা বন্ধ করার চক্রান্ত করছে তারা কিন্তু কেউই ছাত্র বা অভিভাবক নন। বাইরে থেকে কিছু লোক গিয়ে মহারাজের ঘরে ঢুকে কাচ ভেঙেছে, তাঁর ঘরের দেওয়ালে কুৎসিৎ ভাষায় নানা কথা লেখেছে। ঘর থেকে মহারাজ যাতে বাইরে না আসতে পারেন, তারজন্য বাইরে বেশ কিছু সংখ্যক লোককে মোতায়েন রাখা হয়েছে বা হচ্ছে। এ কোন ছোট-খাট খুন-খারাপির ঘটনা নয়, এটি একটি জাতীয় মর্যাদা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে ধ্বংস করে ফেলার চক্রান্ত। এই প্রতিষ্ঠান থেকে প্রতি বছরই বহু কৃতি-সন্তান শিক্ষার আলো পায়। পুরুলিয়ার রামকৃষ্ণ মিশনকে যে পদ্ধতি প্রয়োগ করে বিশৃঙ্খলা বন্ধ করেছিলেন,

সেই ভাবে মুখ্যমন্ত্রী যাতে রহড়ার শিক্ষা প্রতিষ্ঠানটির প্রতি জঘন্য আক্রমণ বন্ধ হয়, সে ব্যাপারে যেন তিনি বন্দোবস্ত নেন। আশা করব, আপনি তাঁকে সেই ভাবে অনুরোধ জানাবেন। মাননীয় মুখ্যমন্ত্রী যদি আশু কোন ব্যবস্থা গ্রহণ না করেন তবে আমি গতবারে যেমন করেছিলাম—বিধানসভার বুকে অনশন শুরু করেছিলাম—তেমনি পন্থা অবলম্বন করতে বাধ্য হব। আমি আপনাকে পূর্ব থেকেই একথা জানিয়ে দিলাম।

**শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার সকল সদস্যদের নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সেই সঙ্গে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টিগোচরে বিষয়টি আনতে চাই। নদীয়া জেলায় করিমপুর থানায়, করিমপুর পান্না দেবী কলেজে ত ৩০শে আগষ্ট গভর্ণিং বডির কর্মকর্তা নির্বাচনের তারিখ ধার্য্য ছিল।

[3-10—3-20 p.m.]

সেদিন ইউনিভার্সিটি এবং সিণ্ডিকেটের নোমিনেটেড মেম্বাররা—যাঁদের মধ্যে একজন এই বিধানসভার সদস্য এবং একজন লোকসভার সদস্যও ছিলেন—তাঁরা যথা সময়েই কলেজ বিল্ডিংয়ে উপস্থিত হয়েছিলেন। কিন্তু দেখা গেল ছাত্র পরিষদের কিছু গুণ্ডা সেদিন ঐ কলেজের গভর্ণিং বডির কর্মকর্তাদের নির্বাচনের মিটিংয়ে প্রিন্সিপালকে যোগদান করতে দিলেন না এবং স্বাভাবিকভাবেই প্রিন্সিপাল তাঁর ঘরে ঢুকতে পারলেন না। ফলে সেদিন ঐ গভর্ণিং বডির কর্মকর্তাদের নির্বাচনও হোল না। সেদিন এড্‌মিনিস্ট্রেটরের যে অবস্থা হয়েছিল, আমরা দেখেছি ১৯৭১।৭২ সালে ঠিক এমনিভাবে এই কংগ্রেসীরা প্রকাশ্যে সভা সমিতি বন্ধ করতেন। এ ব্যাপারের প্রতি আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**শ্রীসোমেন্দ্রনাথ মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পর একটি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কখনই গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশী হস্তক্ষেপ হবে না। কিন্তু গত ৬ই সেপ্টেম্বর ক্যালকাটা কর্পোরেশনের অফিস গেটে অবস্থানরত অনশন সত্যাগ্রহীদের উপর পুলিশ জুলুম করে এবং তাঁদের গ্রেফতার করে। কিন্তু সত্যাগ্রহীরা প্রায় এক মাস আগে তাঁদের স্থায়ীকরণের দাবিতে কর্তৃপক্ষকে নোটিশ দেন এবং ঐ দিনের অনশন সত্যাগ্রহ সুরু করেন। কিন্তু দেখলাম, ঐ সব লোকের কথা না শুনে বা মন্ত্রী মহাশয় তাঁদের কাছে না গিয়ে ঐ সত্যাগ্রহীদের পুলিশ দিয়ে গ্রেপ্তার করা হোল। পরে সেদিন রাত ১টার সময় থানা থেকে তাঁদের ছেড়ে দেওয়া হোল। তাই আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর কাছে আবেদন—অবিলম্বে সমস্ত বিষয়টা খতিয়ে দেখুন এবং সত্যাগ্রহীদের দাবীগুলির ন্যায়সঙ্গত মীমাংসা করুন।

**শ্রী এম. আন্সারউদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

হাওড়া-বরগাছিয়া আমতা রোড নামে খ্যাত রাস্তাটি প্রায় ৩০ মাইল লম্বা। হাওড়া জেলার অর্ধেক লোক এই রাস্তা দিয়েই যাতায়াত করে। বর্তমানে এই রাস্তাটি

ভয়াবহ অবস্থার মধ্যে এসে পৌঁছেছে। আপনি জানেন স্যার ১৯৭০ সালে মার্টিন রেল উঠে যাবার পর হাওড়া জেলার অর্ধেক অংশের মানুষের একমাত্র পরিবহন-ব্যবস্থা বলতে কিছু সরকারী ও বেসরকারী বাস সম্বল এবং সেই বাসও প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। বর্তমানে রাস্তাটির যা অবস্থা তাতে বাসগুলি বন্ধ হয়ে যেতে বসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুণ।

**শ্রীমসলেউদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পুলিশের নির্যাতনের একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ঘটনাটি পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারি থানার মেছুয়াপাড়া গ্রামের। গত ২রা সেপ্টেম্বর, বৃহস্পতিবার সকাল ৮টার সময় কমরেড ইসপাইলের নেতৃত্বে কতিপয় সি. পি. এম কর্মী ভাদু মোল্লার জমি থেকে ধান কেটে নিয়ে গিয়ে বিশ্বাস ভুঁইমালির বাড়িতে জমা রাখে। ঐ ভেস্টেড জমি গত ১০ বছর ধরে ভাদু মোল্লা ভোগ-দখল করে আসছিল কিন্তু কখনই সি. পি. এম দলভুক্ত ছিল। কিন্তু বর্তমানে তিনি কংগ্রেসে যোগদান করার ফলেই এই ঘটনার সূত্রপাত। এই ঘটনার পর ভাদু মোল্লা প্রধানের বাড়ীতে যায়। প্রধান বাড়ীতে না থাকাতে সে তখন কংগ্রেসের লোকজন নিয়ে বিশ্বাস ভুঁইমালির বাড়ীতে যায় ধান উদ্ধার করতে। ফলে সেখানে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ হয় এবং উভয় পক্ষের কিছু ব্যক্তি আহত হয়। যার ফলে থানায় সঙ্গে সঙ্গে জানানো হয়। থানা থেকে দারোগা এসে উপস্থিত হয় এবং প্রধানের বাড়ীতে যায়। এর আগেই এই ঘটনার গুরুত্ব আরোপ করার জন্য ভুঁইমালি তার নিজের বাড়িতে আগুন ধরিয়ে দেয়। বাড়িতে ভুঁইমালি—প্রধান না থাকাতে তার দাদা মুজিবর রহমানের কাছে দারোগা যায়। সে আগে প্রধান ছিল এবং সে একজন সম্মানীয় ব্যক্তি। দারোগা তাঁর বুকে রিভলবার ঠেকিয়ে তাঁকে ঘরে নিয়ে যায়। বাড়ি থেকে থালা বাটি এবং অন্যান্য জিনিষ নিয়ে চলে যায়। বাড়ির বাচ্ছাদের উপর অত্যাচার করা হয় এবং বাড়ির মহিলারা বাধা দিতে গেলে তাদের মারধোর করা হয়। সেই প্রাক্তন প্রধান যিনি একজন সম্মানীয় ব্যক্তি তাকে রিভলবার দেখিয়ে এবং অন্য ভাবে অপমান করা হয়। এই ব্যাপারে আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষ্ণনগরে নদীয়া জেলা হাঁসপাতালে শিশু বিভাগ খোলার কথা ছিল। সেখানে ডাক্তার-এর ব্যবস্থা হয়েছে, নার্সের ব্যবস্থা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত শিশু বিভাগ খোলার কোন ব্যবস্থা হলো না। সেখানকার স্থানীয় লোকেরা শিশুদের চিকিৎসা পাচ্ছে না এবং তাদের খুব অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। সেই শিশু বিভাগের ডাক্তারদের নিয়ে অন্য জায়গায় নিয়োগ করা হচ্ছে। যার ফলে এলাকার লোকেরা শিশু চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। তাই আমি স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে অবিলম্বে সেখানে শিশু বিভাগ খোলা হয় তার ব্যবস্থা করেন।

**শ্রীঅবন্তী মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের ক্ষুদ্র সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি যেটা বলতে চাই সেটা হলো মেদিনীপুর জেলায় রামনগর

১নং এবং ২নং ব্লকে গত কয়েক বছর ধরে কয়েকটি অগভীর নলকূপ এবং ৩টি গভীর নলকূপ দ্বারা অধিক ফলনশীল ধান ভাল পরিমানে উৎপন্ন হয়ে আসছে। কিন্তু দুঃখের বিষয় গত বছর প্রচণ্ড খরাতে বামফ্রন্ট সরকার এই এলাকার তফশিলী জাতি এবং উপজাতি সম্প্রদায়ের চাষীকে এবং ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের কোন ঋণ মঞ্জুর করেনি। এর ফলে এই এলাকার লোকেরা মনে করছে যে এই বামফ্রন্ট সরকার তাদের সঙ্গে বিমাতৃসুলভ ব্যবহার করছে। আমরা সংবাদ পত্রে দেখতে পাচ্ছি যে বর্তমান বছরে যাতে পশ্চিমবাংলায় খাদ্যশষ্যের ঘাটতি হয় তার চেষ্টা করছে।

**শ্রীসুখেন্দু খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৯শে আগষ্ট বাঁকুড়ার বিষ্ণুপুর পৌরসভায় স্থানীয় কংগ্রেস নেতা তুষার ভট্টাচার্যের নেতৃত্বে কিছু মস্তান গুণ্ডা পৌরসভার ভেতরে ঢুকে সেখানকার চেয়ারম্যানকে গুরুতর ভাবে আহত করে। তাকে হাঁসপাতালে ভর্তি করতে হয় এবং সেখানে সে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। ওঁরা এখানে যে ভাবে গণতন্ত্রকে ধ্বংস করার চেষ্টা করছে সেই রকম বাইরেও তারা গণতন্ত্রকে ধ্বংস করার চেষ্টা করছে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যেন এই গুণ্ডাদের অবিলম্বে ধরা হয় এবং যথাযথ ব্যবস্থা করা হয়।

[3-20—4-00 p.m. including adjournment]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এতক্ষণ ধরে প্রায় ডজন খানেক সদস্যদের মুখে ছাত্র পরিষদ গুণ্ডা এবং ছাত্র পরিষদ প্রিন্সিপ্যাল, প্রফেসারদের মেরে বেড়াচ্ছে ইত্যাদি অভিযোগ শুনে গেলাম। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করছি এখানে একটি কথা। আপনি জানেন স্যার, যে গত ৭ এবং ৮ তারিখে বিটি রোড রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ক্যামপাসে স্টুডেণ্ট ইউনিয়নের ইলেকশান ছিল। ৬ তারিখে এর স্ক্রুটিনির ডেট ছিল। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে ১২০টি আসনের মধ্যে ছাত্র-পরিষদের মনোনীত প্রার্থী ৯১টি পদে মনোনীত হয়েছিল। কিন্তু দেখা গেল সমস্ত নমিনেশান পেপার কালি ঢেলে বাতিল করে দেওয়া হোল। স্ক্রুটিনি কমিটি তার মধ্যে কেবল ডে সেকশানের ২৭টি এবং নাইট সেকশানের ১১টি গ্রহণ করে। তখন এই ঘটনার পরিপ্রেক্ষিতে একটি ছাত্র কোর্টে এ্যাপিল করে এবং কোর্টের ইংজাংশানের কপি যখন নিয়ে ইউনিভার্সিটি ক্যামপাসে ঢোকে তখন ভিসি ছুটিতে ছিলেন, ডেপুটি রেজিষ্টার তখন কলেজ ক্যাম্পপাস থেকে পালিয়ে যান। তারপরে ছাত্রটি গেল এ্যাসিসটেণ্ট রেজিষ্টার এবং ডিয়েন অফ দি স্টুডেণ্টস ওয়েলফেয়ার কমিটির কাছে তারাও পালিয়ে গেল। তখন উপায় না দেখে ছেলেটি বাধ্য হয়ে সিকিউরিটি অফিসারের কাছে গেল এবং তিনি তার ইনজাংশানটি নেন। কিন্তু ইনসাইড্ দি রুম অফ দি সিকিউরিটি অফিসার অফ দি রবীন্দ্রভারতী ইউনিভার্সিটির সামনে তাকে মারা হোল। যারা মারলো তারা স্টুডেণ্ট ফেডারেশানের সদস্য। এবং তার এই ইনজাংশান এ্যাকসেণ্ট করা হয়নি। এরপর ছাত্রটি কাশীপুর পুলিশ স্টেশানে গিয়ে ইনজাংশান জমা দেয় এবং তাদের হস্তক্ষেপ এই ব্যাপারে দাবী করে। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে এখন কোন নিরাপত্তা নেই।

সুতরাং আমি তার নিরাপত্তার দাবী করছি। ( এই সময়ে শিশির অধিকারী বলতে উঠলেন )

**শ্রীশিশির কুমার অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের ম্যাপে ডাঃ বিধানচন্দ্র রায়ের মানসকন্যা হচ্ছে এই দীঘা। কিন্তু এই দীঘার রাস্তার যে হাল হয়েছে সেটা বলার নয়। গত বৃষ্টির সময়ে ২৮ লক্ষ টাকা রিপেয়ার করার জন্য নেওয়া হয়েছিল কিন্তু তাতে ২৮ পার্শেণ্ট লেস দিয়ে রাস্তা মেরামত করা হয়েছিল। আমি পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি যাতে অবিলম্বে এই রাস্তাগুলি মেরামত করে দেন। কারণ এই রাস্তাগুলি এখন গর্তে ভরে গেছে। কলকাতার থেকে যে সমস্ত যাত্রী এখানে আসছে তাদের দুর্ভোগের শেষ হতে হচ্ছে। এই সব গর্তে এক কোমড় করে জল দাঁড়িয়ে আছে। এখন লোকে পূর্ত দপ্তরকে কেউ পূর্ত দপ্তর না বলে গর্ত দপ্তর বলে আখ্যা দিচ্ছে। এই রাস্তা তৈরীর ব্যাপারে এই দপ্তর ২৮ পার্শেণ্ট কমিশন খেয়েছে। আমি এই ব্যাপারে পূর্তমন্ত্রীর হস্তক্ষেপ চাইছি।

**শ্রীফজলি আজিম মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পয়েণ্ট অফ ইনফরমেশান চাইছি। ক্যালকাটা করপোরেশান এ্যামেণ্ডমেণ্ট বিল এখানে আজকে মন্ত্রী মহাশয় আনছেন। কিন্তু শুনলে অবাক হবেন প্রায় হাজার হাজার মানুষ এসপ্ল্যানেড ইস্টে এই করপোরেশান বিলের বিরোধিতা করবার জন্য জমায়েত হয়েছেন। তারা এই বিলের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে। আমি সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে এই এই ব্যাপরে হস্তক্ষেপ গ্রহণ করুন এবং হাউস এ্যাডজর্ন করে মন্ত্রী মহাশয় তাদের বক্তব্য শুনুন।

**মিঃ স্পীকার :** নন অফিসিয়াল রেজোলিউসানের উপর আমার ঘরে যে লটারী হবে তাতে কোন সদস্য যদি থাকতে চান থাকতে পারেন। এখন বিরতি, ৪টার সময় আবার হাউস বসবে।

( At this stage the House was adjourned till 4 p.m. )

( After Recess )

[4-00—4-10 p.m.]

**শ্রীশচীন সেন :** মিঃ স্পীকার, স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে এই হাউসে উপস্থিত করছি যে ন্যাশানাল রাবার এবং ইনচেক টায়ারের বহু শ্রমিক কর্মচারী এখানে দাবি জানাতে এসেছে। স্যার, আপনি জানেন ১৯৭৭-৭৮ সালে এই ইনচেক টায়ার এবং ন্যাশানাল রাবার কেন্দ্রীয় সরকার কর্তৃক অধিগৃহীত হয়েছিল। বর্তমানে শোনা যাচ্ছে কেন্দ্রীয় সরকার এগুলির আর দায়িত্ব নিতে অস্বীকার করেছেন এই বলে যে এই কারখানা দুটি আর লাভজনক নয়। তাঁরা ডি-নোটিফিকেশানের ব্যবস্থাও করেছেন, কাজেই শ্রমিক কর্মচারীরা এখানে উপস্থিত হয়েছেন। এই কারখানা দুটি ঐতিহ্যপূর্ণ কারখানা, অপদার্থ আমলাদের দ্বারা পরিচালিত করলে যা হয় তাই হয়েছে। এই সম্বন্ধে শ্রমিক কর্মচারী বিশেষ করে পশ্চিমবঙ্গের সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংগঠন যেমন সিটু, আই এন টি ইউ সি, এ আই টি ইউ সি, টি ইউ সি সি, ইউ টি

ইউ সি ইত্যাদি সমস্ত ট্রেড ইউনিয়ন সংগঠন ঐক্যবদ্ধভাবে এসেছেন দাবি জানাতে যে এই কারখানা দুটিকে জাতীয় করণ করা হোক। তাঁরা জাতীয় করণের প্রস্তাব নিয়ে এখানে এসেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আজকে যদি ডি-নোটিফিকেশান হয় তাহলে হাজার হাজার শ্রমিক কর্মচারী কর্মচ্যুত হবে এবং সেটা নিশ্চয়ই পশ্চিমবঙ্গের পক্ষে সমস্ত শ্রমিক কর্মচারীদের পক্ষে ভাল জিনিস হবে না। তাই তারা যেমন সম্মিলিতভাবে যে দাবি নিয়ে এসেছে তেমনি এখানে হাউসে যেন মিলিতভাবে কেন্দ্রীয় সরকারের কাছে এই কারখানা দুটিকে জাতীয় করণ করা হোক, শ্রমিক কর্মচারীদের ভবিষ্যতকে সুরক্ষিত করার জন্য পশ্চিমবঙ্গের শিল্পকে বাঁচাবার ব্যবস্থা করা হোক এই দাবি নিয়ে আসি। আমি অনুরোধ করব অন্তত:পক্ষে যাঁরা এসেছেন তাঁদের সামনে উপস্থিত হওয়ার জন্য কয়েকজন মাননীয় সদস্যকে ঠিক করে পাঠান তাঁদের বক্তব্য ভাল করে শোনার জন্য।

**শ্রীসুনীতি চট্টরাজ :** আমি শচীনবাবুর বক্তব্যকে Support করছি।

**The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983**

**Mr Speaker** : Now, I will take up The West Bengal Taxation laws (Second Amendment) Bill, 1983. The Bill was introduced on the 9th September, 1983. Dr. Ashok Mitra will move the motion for consideration of the Bill.

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আই রাইজ অন এ পয়েণ্ট অব অর্ডার। মেম্বারদের রাইট আছে আণ্ডার রুল সেভেণ্টি থ্রি টু অপোজ দি ইনট্রোডাকসন অব দি বিল। উনি যে বিল ইনট্রোডিউস্ করলেন তার কনটেনটস্ আমাদের জানা নেই। দি বিল ওয়াজ নট ইন আওয়ার হ্যাণ্ডস হোয়েন ইট ওয়াজ এ্যালাউড টু বি ইণ্ট্রো-ডিউস্‌ড। স্যার, আপনি আমাকে বললেন ওল্ড মেম্বার হিসেবে আপনি নিশ্চয়ই জানেন ট্যাকসেসন লজ ইণ্ট্রোডিউস করবার পরই ইমিডিয়েটলী সার্কুলেট করা হয়। কিন্তু তার তো একটা পদ্ধতি আছে। বিলের কনটেণ্টস না জেনে আমি যদি অপোজ করি তাহলে স্যুড আই নট বি ফুল্ড ? আমি যে রিলাকসেসন চাচ্ছি তাতে আমি জানি আপনার এক্সট্রা অর্ডিন্যারি ক্ষমতা আছে। দি স্পীকার মে একজেমপ্ট ফ্রম ফর্টিন ডেজ নোটিশ —আপনি এটা করতে পারেন। এতবড় একটা গুরুত্বপূর্ণ বিল যাকে বিভিন্ন খবরের কাগজ মিনি বাজেট বলে অভিহিত করেছে। এতে ২০০টি সাব-কল্‌জ আছে, ১৪টি প্রভিসন আছে, ১০০ এক্সপ্ল্যানেসন আছে এবং স্টেটমেণ্ট অব অবজেক্টস—এ ২৭টি আছে। এতবড় একটা বিল এইভাবে হারিডলী পাশ করা যায় না। যাকে একটা মিনি বাজেট বলা হয়েছে সেটা এত অল্প সময়ের মধ্যে আলোচনা করা যায় না। তাই আমি অনুরোধ করছি আমাদের সাফিসিয়াণ্ট টাইম দেওয়া হোক। এই ব্যাপারে আমি আপনার কাছে আণ্ডার রুল সেভেণ্টি থ্রি ( ওয়ান ) প্রোটেকসন চাচ্ছি অথবা ইট স্যুড বি রি-ইণ্ট্রোডিউসড সো দ্যাট আই মে বি ইন এ-পজিসন টু অপোজ ইট আণ্ডার রুল সেভেণ্টি থ্রি ( ওয়ান )।

**Shri Abdus Sattar** : Sir, I have got something to say on this.

**Mr. Speaker :** Hear me first. I may agree with the contention of Dr. Zainal Abedin.

**Shri Abdus Sattar** : Sir, kindly hear me I will speak on a different issue.

**Mr. Speaker** : I allow Mr. Zainal Abedin to speak Dr. Zainal Abedin has the right to make a speech and the Minister has also the right to reply. This question can be put before the House. Dr Zainal Abedin may move it.

**শ্রীআবদুস সাত্তার ঃ** ডাঃ আবেদিন খুব কারেক্ট পয়েণ্ট তুলেছেন, কিন্তু অ্যাট দি সেম টাইম দেয়ার ইজ এ্যানাদার পয়েণ্ট। ইট ওয়াজ ইণ্ট্রোডিউসড আণ্ডার রুল থার্টিসেভেন। রিগার্ডিং দি কম্পোজিসন যা আছে থাক। আমার বক্তব্য হচ্ছে এর আগে টি ভি-র উপর ট্যাক্সেসন লজ যেটা এসেছিল সেখানে আমরা আপত্তি তুলেছিলাম এবং মাই অবজেকসন ওয়াজ এ্যাবাউট দি কমপিটেনসী অব দি হাউস টু টেক আপ দিস্ বিল। টি ভি, ভিডিও ক্যাসেট এবং আদার থিংস্ যেগুলো রয়েছে তার উপর অন প্রিন্সিপল কিছু কিছু ট্যাক্স যা বসান হচ্ছে তাতে আমার আপত্তি নেই। আমি ডিফার করছি অন্য একটা পয়েণ্টে এবং সেটা হল রিগার্ডিং দি কমপিটেনসী অব দি হাউস আই হ্যাভ গট দি অবজেকসন। স্যার, টি. ভি. কামস্ উইদিন এন. ট্রি. থার্টিওয়ান ইউনিয়ন লিস্ট, সেভেণ্ড সিডিউল। ইউনিয়ন লিস্টে যেসমস্ত সাবজেক্টগুলো রয়েছে সেখানে ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেণ্ট বা কোন স্টেট লেজিজলেচার ইজ নট কমপিটেণ্ট।

**মিঃ স্পীকার ঃ** কোন আইটেম-টা বলুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** ইউনিয়ন লিস্ট, সেভেন্থ সিডিউল, থার্টিওয়ান রয়েছে, পোস্ট এ্যাণ্ড টেলিগ্রাফ, টেলিফোন, ওয়ারলেস, ব্রডকাস্টিং এ্যাণ্ড আদার লাইক ফর্ম অব কমিউনিকেসনস্।

**মিঃ স্পীকার ঃ** এর উপরে সুপ্রিম কোর্টের যে ডিসিসন আছে সেটা আপনি দেখেছেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** সুপ্রিম কোর্ট পরের কথা।

**মিঃ স্পীকার ঃ** You are raising the issue. You must have gone through the ruling of the Supreme Court in this regard.

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, বেঙ্গল এ্যামিউজমেণ্ট ট্যাক্স, ১৯২১-র সেকসন টু তে যা রয়েছে সেটা আপনি শুনুন।

[4-10--4-20 p.m. ]

**মিঃ স্পীকার ঃ** Mr. Sattar, I like to draw your attention to the 7th Schedule, item No. 62. এখানে আপনি একটু দেখুন এখানে ট্যাক্সেসনের কথা আছে। এ্যামিউজমেণ্ট ট্যাক্স কমানো যায়।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি যেটা বলছেন এটা এনটারটেনমেণ্ট নয় This is not entertainment. বিয়ে বাড়ীতে এনটারটেনমেণ্ট ট্যাক্স বসাবেন ? রেডিওতে আপনি ট্যাক্স বসাতে পারেন ?

**মিঃ স্পীকার ঃ** আপনার ডিসকাসনের পয়েণ্টটা কি বলুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি সেকসন টু দেখুন। এখানে এনটারটেনমেণ্ট সম্বন্ধে বলেছেন if it is not entertainment amusement. কিন্তু এখানে যেটা this is to give entertainment to others. সিনেমা হাউসে যেটা উপভোগ করছেন, সেটা বলতে পারেন। কিন্তু আপনি বাড়ীতে রেডিও শুনছেন, সেখানে ট্যাক্স বসাতে পারেন? this does not come within the purview of entertainment. পশ্চিমবাংলার আইন কি সেটা শুনুন entertainment includes any exhibition, performance, amusement, game or sports আপনার বাড়ীতে আছে আমার বাড়ীতে আছে—লোকে যদি দেখতে আসে আপনি কি টিকিট করেন। এনটারটেনমেণ্ট ট্যাক্স হিসাবে এটা হয় না। আর একটা দেখুন in which the persons are admitted an payment? কিন্তু আপনার বাড়ীতে কেউ যদি টি ভি দেখতে যায় Here do you take the ticket charge? আপনি কি টিকিট নেবেন? আবার দেখুন টিভি আসছে ইউ দিন দি টেলিগ্রাফিক এ্যাক্ট। এটা It is within the definition of wireless broadcasting এবং this is purely in the Union list and not in the concurrent list আবার T. V. is in the Indian Telegraphic Act of 1933 i. e., Wireless Act of 1933 না দেখেই আপনি বলে চলে যাবেন এটা কি করে হবে? এটা ওয়ারলেস টেলিগ্রাফিক এ্যাক্টের সেকসন ২-এ আছে Wireless Transmitter means any apparatus, appliance, instrument or material used or capable of use in making or transmitting telegraphic, telephonic or other communication by means of electricity or magnetism without the use of wires or other continuous electrical conductors between the transmitting and the receiving apparatus; তাহলে so it comes within the wireless telegraphic act. আর একটা আছে section 37 of the copy right act. টি. ভি-র ব্যাপারে আপনি দেখবেন within the meaning of wireless broadcasting under section 37 of the copy right act of 1957. এটা copy right Act section 37. এটা রয়েছে where any programme is broadcast by radio-diffusion by the government or by any other broadcasting authority, a special right to be knwon as 'broadcast reproduction right' shall subsist in such programme.

আপনি এই যতগুলি আইন করছেন সব বেআইনী। অর্থাৎ ইউনিয়ন লিস্টে যেটা আছে this government has no competency no jurisdiction—this legislature to pass such act. আবার বেঙ্গল এ্যামিউমেণ্ট ট্যাক্স ১৯২২ দেখুন সেখানে বলছে এনটারটেনমেণ্ট ডাজ নট মিন টি. ভি.-এটা এনটারটেনমেণ্ট নয়। এটা এ্যামিউমেণ্টের মধ্যে পড়ে না। entertainment by which you give amusement or entertainment. গোটা আইনটা সেণ্ট্রাল এ্যাক্ট the whole thing

comes under Central Act. Centre can pass this Act এটা ইউনিয়ন লিস্টে আছে। এটা আজকে এখানে পাশ করতে চলেছেন।

একটা এ্যাডমিসন ফি দিলে এ্যামিউজমেন্ট এন্টারটেনমেন্ট ফি হয়, এটা বাড়ীতে কখন হয় না। আপনি আইনে যেটা ইনিসিফ্যালি ইণ্ট্রোডিউসড করেছেন সেখানে ৩৭ প্রোভাইসোতে বলছেন এটা হয়ে গেছে আমি কি করব কিন্তু Rule 73 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly—'If a motion for leave to introduce a Bill is opposed, the Speaker, after permitting, if he thinks fit, a brief explanatory statement from the member who moves and from the member who opposes the motion, may, without further debate, put the question :

Provided that where a motion is opposed on the ground that the Bill initiates legislation outside the Lagislative competence of the House, the Speaker may permit full discussion there. আপনি আমাদের ফুল ডিসকাসনের সুযোগ দিন এবং I shall show you that our Finance Minister has got no authority to introduce the Bill. It is outside his jurisdiction. He cannot introduce the Amusement Entertainment Bill so far as Radios, T. V. or others which is within the ambit of the Central List. Entertainment and amusement means only on payment to persons who give amusement. সুতরাং এটা সম্পূর্ণ মিস-নোভা হচ্ছে। আমি আপনাকে সাবধর, পেজ ৪৬৯, ভলিউম ২টা একটু দেখতে অনুরোধ করছি। সেখানে বলা হচ্ছে, "If the motion for leave to introduce the Bill is opposed, the Speaker, after permitting, if he thinks fit, brief statements from the member who opposes the motion and the member who moved the motion, may, without further debate, put the question. Where the motion is opposed on the ground that the Bill initiates legislation outside the legislative competence of the House, a full discussion may be permitted thereon. A motion for leave to introduce a Finance Bill or an Appropriation Bill is, however, forthwith put to vote." সুতরাং আমি আপনার কাছে নিবেদন করছি খ্রু স্পীকার এই যে বিলটি নিয়ে এসেছেন, Bill involving taxation on amusement, entertainment tax so far as T. V. is concerned outside the jurisdiction of the State list. এটা কখনই হতে পারে না, কোন অবস্থাতেই হতে পারে না। আমি তাই বলছি এটা নিয়ে একটা ডিবেট হোক।

**মিঃ স্পীকার ঃ** আপনি তো বক্তব্য রাখলেন, আর কেন ডিবেট হবে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** There are other member please postpone it. There are other members who can also speak on this. সুতরাং আমি বলছি এই বিলটি আসতে পারে না। আমি তাই মাননীয় অর্থমন্ত্রী অনুরোধ করছি, আপনি এই বিলটি উইথড্র করে নিন এবং লিগ্যাল ওপিনিয়ন নিয়ে তারপর বিলটি আনুন।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল তোলার কমপিটেন্সি সম্পর্কে প্রশ্ন উঠেছে, এই বিষয়ে আপনি আপনার সিদ্ধান্ত জানাবেন। আমার বক্তব্য হচ্ছে, এই বিল হাউসে উত্থাপন করে বাজেটের থেকে বেশী কর দেশের মানুষের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। যে প্রস্তাব দেওয়া হচ্ছে তাতে এই ১ ঘণ্টা সময়ের মধ্যে এর মেরিটস, ডিমেরিটস সম্পর্কে আলোচনা করা সম্ভব নয়।

**Dr. Zainal Abein :** Sir, once the Bill is introduced, Opposition has the right to oppose it before the Secretary is allowed to read the title of the Bill. So, please start the process De novo

**Mr. Speaker :** There is no question of De novo. I am giving you the opportunity to oppose it

**Dr Zainal Abedin :** Is the Bill withdrawn ?

**Mr. Speaker :** It has not been withdrawn.

[4-20—4-30 p.m.]

**Dr Zainal Abedin :** Sir, man may die you may die, I may die but, I think, the scripts of the Bible do not die. These things have been propounded and I beg to accept it. I beg to oppose the introduction of West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983, on the grounds that (1) some provisions here are outside the legislative competence of this House, that (2) the tax proposed in different sections of this Bill containing more than 200 sub-sections will help further increase of price of all essential commodities, that (3) the taxation proposed here surpasses the original budget presented in March, 1983,—the proposal for taxation was Rs. 29 crores 25 lakhs and at present the taxation proposed amounts to more than 40 crores. It is time to see that the stone of the mango is larger than the mango itself. This is the mid-term proposal for taxation of the Hon'ble Finance Minister who happens to be a reputed economist—we are proud of him—But should we be proud of his heavy doses of taxation which will hit every section of the population although there are several exemptions in Section 4. There is some exemption with regard to the agriculturists.

( Noise )

Sir, these people have come afresh into this House with the grace of the big land lords who are always to be incriminated to belong. Sir, এরা বড়দের hit করে, এরা vested interest কে hit করে। May I ask the Hon'ble Finance Minister আপনি যে irrational

taxation Section (4) (1) যে exemption-টা propose করেছেন—Do you propose that there are two classes of citizens here আপনি জানেন যে income tax exemption ১৫,০০০ টাকা but here in the original agriculture income-tax the exemption is same as was in 1944 i. e., I am paying. The tax with an exemption in the order of Rs. 3,000 There is a proposal that here 50% reduction is allowed to cost of production because of this escalation of the cost of fertiliser and other inputs. আজকে আমরা দেখতে পাচ্ছি যে you are creating two classes of citizens. Sir, you are a salaray earner I am also a salary earner. Why should you demarcate here that in case of village people depending on agriculture they will be granted an exemption up to Rs. 10,000, and the people belonging to the elite Section will also be granted examption to the extent of Rs. 10,000 এই discrepancy আমার মনে হচ্ছে যে if people like you will be allowed exemption to the extent of Rs. 10,000, যেটা সবাইকে hit করবে যেমন "কয়লা" and different section of chambers of merchants of Commerce.

**Mr. Speaker :** On the technical point you may point out.

**Dr. Zainal Abedin :** I am a salaried person. You have allowed them an abnormal procedure so I am taking this firm measure.

( Noise )

আজকে আপনার কাছে চাইছি একথা যে আপনি যে statement-গুলি দিয়েছেন তাতে দুটো discrepancy আমার মনে হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আজকে আপনার কাছে জানতে চাইছি এই কথা, আপনি যে স্টেটমেণ্টগুলো দিয়েছেন তাতে দুটো ডিস্ক্রিপ্যান্সি রয়েছে বলে আমার মনে হয়েছে। কিছু দিন আগে মাননীয় মন্ত্রী বিমলানন্দ বাবু এখানে থেকে বেঙ্গল এক্সাইজ বিল পাশ করিয়ে নিয়ে গেছেন, তাতে দেখলাম ডিলারদের তিনি পানিশমেণ্ট কমিয়ে দিলেন। আবার আজকে আপনি এই বিল এনেছেন, এতে কনজিউমারদের উপর আবার ক্রেস ডোজ অব ট্যাক্সেশন করছেন। There are all the reasons by which I oppose this Bill.

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বর্তমানে একমাত্র আমাদের এই পশ্চিমবাংলায় বিধানসভায় এই ধরণের বিল উত্থাপন করার অধিকার আছে কি না সেই বিষয়ে বলবো, অন্য সমস্ত প্রসঙ্গ নিয়ে পরে বলবো। এই ব্যাপারে মহারাষ্ট্র হাইকোর্টে একটা মামলা হয়েছিল, টি.ভি.-র উপর কর আরোপ করবার অধিকার রাজ্য সরকারের আছে কিনা। এই বিল তারপর সুপ্রীম কোর্টে যায়। সুপ্রীম কোর্টের একটা জাজমেণ্ট এই ব্যাপারে আছে। এই ব্যাপারে বর্তমানে কিছু বলবার নেই।

( গোলমাল )

**Mr. Speaker :** The question before the House is whether the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983, will be introduced or not ?

Those who are in favour of it, please say 'Yes',

Those who are not in favour of it, please say 'No'.

...(at this stage the division bell was rung )

AYES—93

Abdul Bari, Shri Md.
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Basu, Shri Nihar Kumar
Bera, Shrimati Chhaya
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Chittaranjan
Biswas. Shri Kamalakshmi
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Chakrabarty, Shri Ajit
Chakrabortty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhuri, Shri Biswanath
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Daud Khan, Shri
Dey, Shri Lakshmi Kanta
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Gupta, Shri Sitaram
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Biswanath
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Sarkar
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Omar Ali, Dr.
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Ray, Shri Achintya Krishna

Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Rathindra Nath
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tarak Bandhu
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sinha, Shri Prabodh Chandra
Soren, Shri Khara
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay
Uraon, Shri Punai
Uraon, Shri Subodh

NOES—28

Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Adhikary, Shri Sisir
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhary, Shri Abdul Karim
Habibur Rahaman, Shri
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Molla, Shri Fazle Azim
Moslehuiddin Āhmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Ray, Shri Naba Kumar
Roy, Shri Sukumar
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS—2

Purkait, Shri Prabodh
Sarkar, Shri Debaprasad

The Ayes being 93, the Noes being 29 and the Abstention 2.

The motion of Dr. Zainal Abedin was lost.

[4-30—4-40 p.m.]

**ডঃ অশোক মিত্র ঃ** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে আমি ওয়েষ্ট বেঙ্গল ট্যাকসেসন ল'স ( সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট ) বিল, ১৯৮৩ এই সভায় বিবেচনার জন্য উত্থাপন করছি এবং সভার বিবেচনার উপযুক্ত আমার কয়েকটি মন্তব্য আমি রাখছি।

এই বিলটিতে প্রধানত পাঁচটি ব্যাপার আছে। বিলাস সামগ্রীর উপর কর চাপানর জন্য, বড়লোকদের ব্যাপারে বিরোধী সদস্যরা যে এত স্পর্শকাতর তা আমি বুঝতে

পারিনি। প্রথমে আমরা রঙ্গিন টি. ভি.-র উপর ৫০ টাকা ট্যাক্স চাপাচ্ছি এবং এটা জানুয়ারী মাস থেকে কার্যকরী হবে। দ্বিতীয় হচ্ছে, বড়লোকের বিলাস সামগ্রী ভিডিও ক্যাসেট রেকর্ডারের উপর ট্যাক্স চাপাচ্ছি। আমি শুনেছি এই রেকর্ডারের এক একটির দাম ৩০/৪০/৫০ হাজার টাকা এবং পশ্চিমবাংলায় ১৫ থেকে ২০ হাজারের মত এই ধরণের রেকর্ডারের আমদানী হয়েছে। আমরা পশ্চিমবাংলার গরীব সাধারণ মানুষের স্বার্থে অক্টোবর মাস থেকে এই জাতীয় প্রতিটি রেকর্ডারের উপরে ১০০০ টাকা করে কর আরোপ করছি। তৃতীয় হচ্ছে, এই ধরণের রেকর্ডার বা রেকর্ড প্লেয়ার ব্যবহার করে বহু জায়গায় ভিডিও ছবি দেখান হচ্ছে। সেই জন্য আমরা প্রস্তাব করছি যে, সি. এম. ডি. এ. এলাকার মধ্যে যদি প্রকাশ্যে এই ধরণের ছবি দেখান হয়, তাহলে তার জন্য সরকারী লাইসেন্সের প্রয়োজন হবে এবং লাইসেন্স পাবার জন্য সি. এম. ডি. এ. এলাকায় সপ্তাহে ৫০০ টাকা করে দিতে হবে, আর সি. এম. ডি. এ. এলাকার বাইরে ২৫০ টাকা করে দিতে হবে। এই বিলে সে সম্বন্ধে উল্লেখ আছে। চতুর্থ যেটা সেটার সম্বন্ধে জয়নাল সাহেব বলেছেন এবং সে কথা ঠিক যে, আজ থেকে বহু বছর আগে বাংলাদেশে কৃষি আয় করের ব্যবস্থা করা হয়েছিল এবং তখন নিম্ন সীমা ৩০০ টাকা ছিল। গত ৪০ বছর ধরে নিম্ন সীমা পাল্টানো হয়নি। ৪০ বছর পরে এই প্রথম নিম্ন সীমা ৩ হাজার টাকা থেকে ১০ হাজার টাকা করা হচ্ছে। আমি সবিনয়ে জয়নাল সাহেবকে বলব, আপনারা ৩০ বছর রাজত্ব করেছেন, অথচ ৩ হাজার থেকে এটাকে ৪ হাজার পর্যন্ত করতে পারেননি। আমরা এটাকে ৩ হাজার থেকে ১০ হাজার করলাম, রাজস্বের উপর এর কি প্রভাব পড়ে তা দেখে ভবিষ্যতে এটাকে পর্যালোচনা করা হবে। ৫ম হচ্ছে, কয়লার উপর সেস্ বাড়ান হচ্ছে। এ বিষয়ে গত কয়েক দিন ধরে খবরের কাগজের প্রচার দেখলাম। কিন্তু আমি পরিস্কার ভাবে বলছি, এই সেস্ বৃদ্ধির ফলে কয়লার দাম ১ পয়সাও বাড়বে না, ১ পয়সাও বাড়বে না, ১ পয়সাও বাড়বে না। তার প্রমাণ? কি করছি আমরা? পশ্চিম বাংলার স্বার্থে কি করছি, সেটা একটু দেখুন। একটু পশ্চিমবাংলার স্বার্থ দেখুন, একটু বিহারের স্বার্থ দেখুন একটু উড়িষ্যার স্বার্থ দেখুন। শুনুন কি করেছি, আমরা এই একটা ব্যাপারে বিহারের কংগ্রেসী সরকারের পদাঙ্ক অনুসরণ করেছি। বিহার যা করছে, আমরাও তাই করছি। কেন বিহার করেছে? কেন আমরা করছি? কেন উড়িষ্যা সরকার করতে যাচ্ছে? স্যার, মাননীয় সদস্যরা সকলেই জানেন যে, আজ থেকে ১০ বছরে আগে কয়লার টন প্রতি দাম ছিল ২৫ থেকে ৩০ টাকা, আর সেই দাম এখন হয়েছে ২০০ টাকা। আমাদের মাঠের কয়লা কেন্দ্রীয় সরকার উত্তোলন করে। তারা গত ১০ বছরে টন প্রতি ১৭৫ টাকা দাম বাড়িয়েছে, অথচ এই ১০ বছরে আমাদের রয়ালিটি টন প্রতি বাড়ান হয়েছে মাত্র দেড় টাকা। টন প্রতি ১৭৫ টাকা বেশী অর্থ যেখান থেকে আদায় হয়েছে সেখানে আমাদের দিয়েছে দেড় টাকা করে। আমরা এ বিষয়ে অনেক কাকুতি-মিনতি করেছি, কিন্তু কোন ফল হয়নি। অথচ পেট্রোলের ক্ষেত্রেগুজরাট, আসাম এবং ন্যাচারাল গ্যাসের ক্ষেত্রে গুজরাট, মহারাষ্ট্র রয়ালিটি পায় শতকরা ২৫ থেকে ৩০ ভাগ। আর কয়লার ক্ষেত্রে পশ্চিমবাংলা, বিহার এবং উড়িষ্যা পায় শতকরা ২ ভাগ। ডাঃ জয়নাল আবেদিন ঃ আসাম শতকরা ৭০ ভাগ পায়।) ধন্যবাদ। হ্যাঁ, আসাম শতকরা

৭০ ভাগ পায়। সুতরাং আমি সবিনয়ে কংগ্রেসী বন্ধুদের কাছে নিবেদন করছি, এ ব্যাপারে আপনারা আমাদের সঙ্গে হাত মেলান।

এটা আমরা কি করছি। আমরা বলছি রয়্যালটি পাচ্ছি না। রয়্যালটি কেন্দ্রীয় সরকার দিতে রাজী নয়। সুতরাং আমাদের আইনের আওতায় যে জিনিষটা আছে আমরা কর্মসংস্থানের জন্য সেসটা বাড়াতে পারি, আমরা শিক্ষার জন্য সেসটা বাড়াতে পারি, সেটা একটু বাড়িয়ে লাভের যে টাকাটা কোল ইণ্ডিয়া আমাদের এখান থোক নিয়ে যায় তার কিছু পরিমাণ আমরা পশ্চিমবঙ্গের প্রয়োজনে, বিহারের প্রয়োজনে, উড়িষ্যার প্রয়োজনে সেটা করতে পারি কিনা। বিহার করেছে, আমরা করছি এবং দাম যে বাড়বে না তার সব চেয়ে বড় প্রমাণ, বিহার যখন গত বছরের পয়লা এপ্রিল থেকে এই রকম ভাবে আনুপাতিক হারে এই সেস বসালো তখন বিহারে এক পয়সাও দাম বাড়েনি। আমরা এ বছর পয়লা এপ্রিল থেকে টন প্রতি সাড়ে সাত টাকা থেকে বাড়িয়ে পনর টাকা করলাম, যখন সেস এক পয়সাও বাড়েনি, বাড়তে পারে না। বাড়াবার অধিকার একমাত্র কেন্দ্রীয় সরকারের আছে। ঐ প্রশাসনিক বিধান দিয়ে দাম বাড়ান। তাঁরা নিজেদের প্রয়োজনে দাম বাড়াবেন, আমাদের কাছে খবর আছে যে ব্যুরো অফ ইন-ডাস্ট্রিয়াল গুডস এ্যাণ্ড প্রাইসেস সুপারিশ করেছে যে খুব শীঘ্রই এই কয়লার দাম আরও ৫০ টাকা টন প্রতি বাড়ান হবে। আমরা মারা পড়ছি। আমরা পিছিয়ে যাব, আমরা যাতে কিছুটা পেতে পারি, নিয়মটা হচ্ছে যে আনুপাতিক হারে হবে, যখন দাম বাড়াবেন তখন আনুপাতিক হারে কত টাকা সেস হবে। এটাতে দাম বাড়বে না, দাম বাড়ান হয় বলে আমরা এই বিধানটা আনছি, এই বিধানটা আনছি বলে দাম বাড়বে না। আপনারা এটা একটু বুঝে নিন। তারপর আমি খবরের কাগজে যাঁরা লেখেন তাঁদের বোঝবার জন্য একটু নিবেদন করব। যে পশ্চিমবঙ্গের স্বার্থটা একটু বুঝুন। পশ্চিমবঙ্গ এবং পূর্বাঞ্চলের স্বার্থের বাইরে এটাতে আর কিছু নেই।

তৃতীয় যে কথাটা বলা প্রয়োজন, সেটা হচ্ছে যে ঐ হোটেল এবং রেসতোঁরায় খাবারের উপর কর বসান হয়েছে। আজ থেকে ১৯৭২ সাল পর্যন্ত তো আপনারা ছিলেন, এই করটা আপনারাই প্রয়োগ করেছিলেন যে ১৯৭২ সালে যে হোটেল রেঁস-তোরার খাবারের উপর কর বসান হোক। আড়াই টাকা ক্যাশমেমো যদি হয় তার উপর আড়াই টাকা কর বসান হতে পারে, এবং ১৯৭৯ সালে সুপ্রীম কোর্ট একটা রায় দিলেন সংবিধান না পাল্টে রাজ্য সরকার এই ধরণের কর প্রয়োগ করতে পারবেন না। তখন পরামর্শ হল, কেন্দ্রীয় সরকার বললেন আপনারা একটা সংবিধান সংশোধনী প্রণয়ন করবেন, এটাকে বলা হয় ৪৬তম সংশোধন। সেই সংশোধনী অনুযায়ী রাজ্যসরকার-গুলিকে আবার ক্ষমতা দেওয়া হয়েছে এই হোটেল ও রেঁসতোরার খাবারের উপর কর আরোপ করবার। আমাদের এই আইনে দুটি জিনিষ আছে। একটা আছে ৪ বছর কর আদায় করতে পারবে না এই সুপ্রীম কোর্টের বিধান অনুযায়ী। কিন্তু অনেক হোটেল, রেস্টুরেণ্ট সার্ভিস চার্জের অছিলায় এই কর আদায় করে নিজেদের কাছে রেখে দিয়েছেন। এই আইন ব্যবস্থায় আমরা এই উদ্যোগ গ্রহণ করেছি। এর ফলে এই রকম করের টাকা যাঁরা অতীতে সংগ্রহ করেছেন সেইসব হোটেল ও রেঁসতোরার কাছ থেকে সেই টাকা আমরা সরকারে নিয়ে নিতে পারি। আমরা আর একটি সংশোধনী

প্রস্তাব করছি যেটা আমার বক্তব্য শেষ হবার পরে আমাদের মুখ্য সচেতক শ্রীপতিত পাবন পাঠক মহাশয় প্রস্তাব করবেন, আমি বলছি যে অন্যূন ১৫ টাকা যদি হোটেলের খাবারের দাম, কম করে যদি ১৫ টাকা দাম হয় তাহলে এই করটা ধার্য্য হবে, কম হলে এই কর ধার্য্য হবে না। সব সময় এই বিধান নিয়ে চলছি। প্রণালীটাকে আমরা কিছু কিছু সংশোধন করছি, যেমন ধরুন সরকারের কাছে টাকা বাকী থাকলে মাসে দু টাকা সুদ হিসাবে দিতে হবে। আবার যদি সরকার টাকা বাকী রাখেন তাঁকে শতকরা ২ টাকা হারে সুদ দিতে হবে।

[4-40—4-50 p m.]

এই রকম আরো সামান্য কিছু প্রস্তাব আছে। সব মিলিয়ে এমন কিছু নেই এই আইনের মধ্যে যাতে গরীব, মধ্যবিত্ত বা নিম্ন-মধ্যবিত্ত মানুষের উপর একবিন্দুও নতুন করের বোঝা চাপবে। এই কথা বলে বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker**: There is an amendment (amendment No. 1) by Shri Kashinath Misra for referring the Bill to a Select Committee. The amendment is out of order as he has not obtained the consent of the members.

Next, amendment No. 2 is given by Dr. Zainal Abedin for circulating the Bill for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1984. Now Dr. Abedin please move your amendment.

**Dr. Zainal Abedin**: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1984.

**Mr. Speaker**: There is an amendment (amendment No. 3) by Shri Kashinath Misra. The amendment is in order. Now Shri Misra please move your amendment.

**Shri Kashinath Misra**: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th September, 1983.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এই যে বিল নিয়ে এসেছেন এর মধ্যে আমরা যেটা লক্ষ্য করেছি সেটা হচ্ছে—গত মার্চ মাসে ২৯ কোটি ২৫ লক্ষ টাকা ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেসন লজ্‌ এ্যামেণ্ড করে যা বসিয়েছেন, এখানে দেখছি যে কয়লা থেকে যে সেস্‌ সেটা আবার টনে ২ টাকা এবং ১৫ টাকা দিতে হবে এবং তাতে সরকার বলছেন ৪০ কোটি টাকা যা আয় হবে তার মধ্যে ৩০ কোটি টাকাই এই কয়লা থেকে আদায় করবেন। আমার মনে আছে যে গত বারের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন যে এই ট্যাকসেশনের ফলে কয়লার দাম বাড়বে না। কিন্তু গত বারের বাজেট হবার পর কয়লার দাম বেড়েছে কি বাড়েনি তা গ্রাম-বাংলার মানুষের কাছে তথ্যাদি নিলেই পরিষ্কার হয়ে যাবে এবং আমার মনে হয়, তাহলে আপনার এই কথা প্রযোজ্য হবে না। পশ্চিমবাংলার বিভিন্ন ক্ষেত্রের যেসব তথ্যাদি বিভিন্ন সময় বিভিন্নভাবে আমাদের কাছে আসছে তাতে দেখতে পাচ্ছি যে সরকারের প্রশাসন-যন্ত্র সেখানে ঠিকমত কাজ করতে পারছে না। সরকার তার একজিউশন ক্ষমতাঠিকমত প্রয়োগ করতে পারছেন না বলেই ধার্য কর আদায় হচ্ছে না এবং তার ফলেই আমাদের উপর নতুন করে কর চাপছে। ফলে দাম বাড়ছে। পরিণামে জনগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে, সরকারও ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই

আমি যে মোশন মোভ করেছি—সেটা গ্রহণ করবার জন্য মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি।

**মিঃ স্পীকার ঃ** There is an amendment (amendment No. 5) by Shri Debaprasad Sarkar. The amendment is in order. Shri Sarkar, please move your amendment.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1983.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার এই এ্যামেণ্ডমেণ্ট মোভ করে এই বিলের উপর আমার যা বক্তব্য তা এখানে বলে রাখছি, কারণ সময় অল্প।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে টেকনিক্যালি অপোজ্ না করে পলিটিক্যালি অপোজ করাই শ্রেয় বলে মনে করছি এবং সেজন্য বলছি যে মাননীয় অর্থমন্ত্রী আজকে যে বিল এখানে উত্থাপন করেছেন, তা কেবল আমার কাছেই নয়—পশ্চিমবাংলার মানুষের কাছে বিনা মেঘে বজ্রাঘাত সামিল। আমরা আশা করতে পারিনি যে বর্তমানে দেশের যে পরিস্থিতি চলছে, তাতে মাননীয় অর্থমন্ত্রী আবার এই রকম করের বোঝা চাপাবেন। কারণ আমরা কেউ আশা করতে পারিনি এই রকম একটা অবস্থায়, যখন দেশের এই রকম একটা পরিস্থিতি চলছে তখন দেশের মানুষের উপর এই রকম ভাবে করের বোঝা চাপাবেন। এই বিলে করের কাঠোমা পরিবর্তনের প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয় আনবেন এটা আমরা আশা করতে পারিনি। আমি মনে করি পশ্চিমবাংলার ইতিহাসে এর আগে একবার ছাড়া আর কোন দিন এই ধরণের বিল আনা হয় নি। একবার পূর্ণাঙ্গ বাজেট পাশ হবার পর পাবার জনসাধারণের উপর নূতন করে করের বোঝা চাপিয়ে দেবার পদ্ধতি এটা পশ্চিমবাংলার ইতিহাসে একবারই হয়েছিল। সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে এই ধরণের বিল আনা হয়েছিল। সেই বিলটি নিয়ে প্রচণ্ড সমালোচনা হয়েছিল। সেই সমালোচনায় আমরা অংশগ্রহণ করেছিলাম এবং আপনারাও করেছিলেন। আজকে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার সেই দৃষ্টান্ত স্থাপন করলেন। কিছু কাল যাবত কেন্দ্রীয় সরকার জনগণকে ডিসিভ করার জন্য এ্যট এ টাইম বাজেটে না এনে বিভিন্ন পর্যায়ে কর বাড়িয়ে থাকেন। আজকে এই বামফ্রণ্ট সরকার সেই কৌশল অবলম্বন করলেন। আমি মনে করি দিস ইজ আনডেমক্রেটিক এবং জন স্বার্থ বিরোধী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী বললেন যে, যে করের কাঠামো পরিবর্তন করে তিনি বিল এনেছেন তাতে নাকি সাধারণ মানুষের উপর চাপ সৃষ্টি হবে না। উনি হলপ করে বলতে পারবেন যে এতে কয়লার দাম বাড়বে না? অর্থসচীব ভেংকটরমন বলেছেন যে কয়লার দাম বাড়বে। কয়লার সেস বাড়বে, কয়লার উপর ট্যাক্স বসবে আর কয়লার দাম বাড়বে না তা হয় না। ইতিপূর্বে মূল বাজেটে ১৫ কোটি টাকা ট্যাক্স কয়লার উপর চাপানো হয়েছে এবং এই বিলে ৩০ কোটি টাকা সেস বাবদ চাপানো হচ্ছে। এর ফলে কয়লার উপর যে সমস্ত শিল্প নির্ভরশীল সেই শিল্পজাত দ্রব্যের দাম বাড়বে। কয়লার দাম বাড়ার এ্যফেক্ট হিসাবে ইনজিনিয়ারিং গুডসের দাম বাড়বে। দাম বাড়ছে বিদ্যুতের এবং এর স্পাইরালিং এ্যফেক্ট হিসাবে ইনজিনিয়ারিং

গুড়সের দাম বাড়বে। আর এই সমস্ত বাড়তি বোঝা সাধারণ মানুষের ঘাড়ে চাপবে। আপনারা কি এটা অস্বীকার করতে পারবেন যে জনসাধারণের ঘাড়ে এই বোঝা চাপবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সব থেকে বেশী মারাত্মক যে যখন পশ্চিমবাংলায় এই রকম একটা অবস্থা চলেছে, গোটা রাজ্য খরাগ্রস্থ, খরা বন্যার চাপে সমস্ত দিক থেকে জর্জরিত, তখন এই রকম একটা বিল এনে করের বোঝা মানুষের ঘাড়ে চাপানো এবং তার ফলে কিছু লোককে সুযোগ করে দেওয়া এটা অত্যন্ত অপ্রত্যাশিত। পশ্চিম-বাংলার মানুষ এই বামফ্রণ্ট সরকারের কাছ থেকে এই জিনিষ আশা করে নি। আপনারা এ্যাডিসনাল রিসোর্স মোবিলাইজ করতে পারছেন না। মাথাভারি প্রশাসন নিয়ে আপনারা কিছু করতে পারছেন না। পুলিশ বাজেট কমানোর ব্যাপারে আপনারা কিছু করছেন না। আপনাদের মন্ত্রীদের সংখ্যা বাড়িয়ে যাচ্ছেন। বছরের পর বছর পুলিশ বাজেট বাড়িয়ে যাচ্ছেন, এম. এল. এ, মন্ত্রীদের ভাতা বাড়াছেন। কেন্দ্রীয় সরকার এম. পিদের ভাতা বাড়াছেন। আর সেই সমস্ত চাপ জনসাধারণের ঘাড়ে এসে পড়ছে। আপনারা গরীব জনসাধারণের কনসার্ন ফিল করেন না আপনারা কেবল বড়লোক, জমিদার জোতদারদের কথা চিন্তা করেন। গরীব চাষী, নিরন্ন জনসাধারণের কনসার্ন ফিল আপনারা করেন না। ফলে আজকে পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকারের চরিত্র এবং কংগ্রেস সরকারের চরিত্রের সঙ্গে কোন পার্থক্য খুঁজে পাওয়া যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলি এখনও সময় আছে আপনারা ভাল করে চিন্তা করে জনসাধারণের স্বার্থে এই বিল আপনারা প্রত্যাহার করে নিন। তা না হলে পশ্চিম-বাংলায় আগুন জলবে এবং সেই আগুনে আপনারাও জ্বলে মরবেন। সেই জন্য আমি এই বিলের বিরোধীতা করে আমরা ওয়াক আউট করলাম।

(এই সময় এস. ইউ. সি দলের সদস্যারা সভাকক্ষ ত্যাগ করলেন)

[4-50—5-00 p.m.]

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বামফ্রণ্ট সরকারের অর্থমন্ত্রী ওয়েষ্ট বেঙ্গল ট্যাকসেসান ল্যস্ (সেগেণ্ড এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৩ এনেছেন। আমি তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। বিরোধী দলের পক্ষ থেকে এখানে এ্যামেণ্ডমেণ্ট রেখেছেন তাতে এটি সার্কুলেট করে জনমত যাচাই করে ট্যাক্স বাড়াবার ব্যাপারে উল্লেখ করেছেন। এই ব্যাপারে আমার কথা হচ্ছে, কেন্দ্রীয় সরকার তো এই ব্যাপারে পথিকৃত। তাঁরা তো এই ভাবে ট্যাক্স বসাচ্ছেন। তাঁরাই তো সর্বভারতীয় ভিত্তিতে নেতা, সর্বভারতীয় সরকার তো তাঁরাই চালাচ্ছেন। এই ব্যাপারে তাঁরা যখন কোন জনমত যাচাই না করেই কর বসাচ্ছেন বা এই ধরণের নীতি গ্রহণ করেছেন, তখন তো আমার মনে হয়, কোন অঙ্গরাজ্যের ক্ষেত্রে তাঁদের কৃত কোন নীতি গ্রহণ করতে দ্বিধা করা উচিত নয়। এখানে রাজ্য সরকার সেই ভাবেই চলছেন। সুতরাং এখানে কোন কথা বলার আগে আপনারা শ্রীমতী গান্ধীর কাছে গিয়ে একবার বলে দেখুন না, কোন ট্যাক্স বসাবার আগে তিনি যেন জনমত যাচাই করার জন্য সেটিকে আগে সার্কুলেট করে তবে তা করেন। জনগণ যে ভাবে মতামত দেবেন, সেই ভাবে তাহলে আমরা ট্যাক্স বাড়াতে পারবো। এখানে আপনাদের অবস্থা তাহলে কি দাঁড়াচ্ছে

না—চোরের মায়ের বড় গলার মত। শ্রীমতী গান্ধীর কেন্দ্রীয় সরকার কিন্তু কর বৃদ্ধির ব্যাপারে পার্লামেণ্ট যখন চলে না, তখন বারে বারে ট্যাক্স চাপান আমরা দেখতে পাই। তিনি যখন মনে করেন তখন বিভিন্ন দ্রব্যাদির উপরে দাম বাড়ান। কিন্তু কংগ্রেসীদের সে ব্যাপারে কোন কথা শুনতে পাই না বা কোন প্রতিবাদ করতে দেখি না। পশ্চিম-বাংলার কংগ্রেসীদের অবস্থা হচ্ছে এই রকম যে, কেন্দ্রীয় সরকারের প্রধান শ্রীমতী গান্ধী যদি বলেন, কেন্দ্রীয় সরকারের সাহায্যের জন্য তোমরা জামা-কাপড় পরিত্যাগ কর, তাহলে এঁরা তাই করবেন। বামফ্রণ্ট সরকারের পক্ষ থেকে যখন বাজেট উৎথাপিত হয়েছিল—ঘাটতি বাজেট—তখনই বলা হয়েছিল যে, আমরা পরবর্তীকালে এই ঘাটতি বাজেট পূরণ করার জন্য যথা সময়ে রিসোর্স সংগ্রহ করার ব্যবস্থা করবো। সেই ব্যবস্থাই মাননীয় অর্থমন্ত্রী এখানে করেছেন। আমাদের দেশ দুটি নীতির উপর ভিত্তি করে চলছে। একটা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জনগণের উপর কর ধার্য করা হয়, কিন্তু জনগণের কল্যাণে তা ব্যয়িত হয় না। লণ্ডনের বিখ্যাত শিল্পপতি সরোজ পাল মহাশয় বলেছেন, ভারতবর্ষের মূল অর্থ দেশের ১১টি শিল্পপতি পরিবারের হাতে কেন্দ্রীয়ভূত হয়ে আছে। স্বাধীনতার ৩৭ বছর পরেও আমাদের একথা শুনতে হয়। এ কিন্তু বামফ্রণ্ট সরকার যথা সি. পি. এম.—এর কথা নয়, এ কথা হচ্ছে একজন শিল্পপতির। আমাদের দেশের জনগণের হচ্ছে এই অবস্থা শ্রীমতী ইন্দিরা গান্ধীর রাজত্বে। এই কথা কিন্তু বলেছেন একজন শিল্পপতি, একথা ওঁরা নিশ্চয়ই উড়িয়ে দিতে পারবেন না। উড়িয়ে আপনারা দিতে পারতেন যদি একথা বামফ্রণ্ট সরকার বা তাঁদের পক্ষের কেউ বলতেন তবে। ওঁরা যখন কোটি কোটি টাকার ট্যাক্স জনগণের প্রয়োজনীয় দ্রব্যের উপরে বসান তখন দোষের কিছু দেখতে পান না। আমরা যখন সেই টাকা জনগণের মধ্যে সমভাবে বণ্টনের কথা বলি, তখন কোন কান দেন না। এক্ষেত্রে আমাদের ট্যাক্স বাড়াতে হবে না? শ্রীমতী গান্ধী বারে বারে জনসাধারণের উপরে ট্যাক্স চাপিয়ে জোর করে টাকা নিয়ে চলে যাচ্ছেন এবং কোন রকম ভাবে সাহায্য তিনি আমাদের করতে চাইছেন না। এই অবস্থায় তাহলে কি জনগণ মরবেন? কেন্দ্রের এই নীতির ফলে দেশের বেশীর ভাগ মানুষের আজকে এই অবস্থা। সেইজন্যই তো আমরা এই বিল এনেছি—ঐ মদের উপর ভি. ডি. ও.র উপর ট্যাক্স বাড়াবার প্রস্তাব রেখেছি। এরফলে, যাঁরা ঐ সমস্ত দ্রব্য ব্যবহার করেন, তাদের উপরে কিছু চাপ পড়বে। কিন্তু সাধারণ মানুষ—গরীব মানুষ, চাষী, শ্রমজীবী সম্প্রদায়ের উপর প্রভাব নিশ্চয়ই পড়বে না। কয়লার উপরে ট্যাক্স বাড়াবার কথা বলা হয়েছে। এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, শুধু টু পারসেণ্ট কেন, এর উপরে আরও বেশী হারে ধার্য্য হওয়া উচিত। সারা ভারতবর্ষের মানুষ আজকে উপলব্ধি করতে পারছেন যে দেশের সম্পদ-এর মূল্য সর্বভারতীয় ভাবে এক ভাবেই ধার্য্য হওয়া উচিত। সুতরাং এ ব্যাপারেও বৈষম্য দূর হওয়া প্রয়োজন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বক্তব্য রাখলেন তার পরিপ্রেক্ষিতে আমি ৩টি কথা তাঁর সামনে সরাসরি রাখতে চাই। আজকে তিনি বিশিষ্ট অর্থনীতি, তিনি নিজে বলুন এই কর আরোপ করা কি অপরিহার্য্য ছিল? if you could manage the economy of the state in a proper

manner. তার কি প্রয়োজন হোত ? আপনারা তো কথায় কথায় ইন্দিরা গান্ধীর নাম বলেন, আমি শুধু একটি তুলনা করি—এখানে যে রাষ্ট্রয়ত্ব সংস্থাগুলি আছে যেমন ট্রান্সপোর্ট, এখানে ট্রান্সপোর্ট মিনিষ্টার আছেন নো কনফিডেন্সের দিন আপনার অবস্থা দেখা যাবে। ট্রান্সপোর্ট এখানে ১০ কোটি টাকা ক্ষতিপূরণ দিতে হয়। রাজ্যের একসচেকার থেকে এটা দেওয়া হয়। এখানে ২১০০ শো আণ্ডারটেকিং আছে তাতে ২০ কোটি টাকা সরকারী একসচেকার থেকে ভরতুকি দিতে হয়। এখানে মাননীয় অর্থমন্ত্রী ৪০ কোটি টাকার প্রস্তাব করেছেন। সেইজন্য মাননীয় অর্থমন্ত্রীকে বলি তিনি একজন বিশিষ্ট অর্থনীতিবিদ। সরকারের যে আণ্ডারটেকিংস, রয়েছে ইনক্লুডিং ট্রান্স-পোর্ট অফ রবীন মুখার্জী যার বাসের চেসিস, বাসের বডি বানাতে তামিলনাড়ুতে যেতে হয়, সেখানে তিনি একটু ভদ্র হলে, তিনি একটু সচেতনতার নজির দেখালে বেড ম্যানেজমেণ্টের জন্য যে ডেফিসিট হচ্ছে সরকারী একসচেকার থেকে, সেটা কি বন্ধ করা যেত না ? আমার আরেকটি প্রশ্ন হল— মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনাকে জিজ্ঞাসা করি আমাদের এই রাজ্যের রেভিনিউ আপনার ক্ষমতায় আসার পরে নন প্রোডাকটিভ খাতে ব্যয় হয়েছে বেশী অথচ প্রোডাকটিভ খাতে ব্যয় হচ্ছে না। কেন্দ্রীয় অর্থমন্ত্রী সমালোচনা করেছেন যে পশ্চিমবঙ্গের ডেভোলাপমেণ্ট, এক্সপেনডিচার, প্রোডাকটিভ এক্সপেনডিচার ইজ ওনলি ১৭ পার্শেণ্ট অফ দি বাজেট। ইট ইজ এমব্যারাসড্, ইট ইজ পারপিচুয়াস প্রভার্টি, ইট ইজ পারপিচুয়াস আনএমপ্লয়মেণ্ট, ইট ইজ স্ট্যাগনেশান অফ ডেভোলাপমেণ্ট, আজকে এই কথাটি আপনাদের মনে রাখতে হবে। নাং থ্রি আপনি গ্যারাণ্টি দিচ্ছেন এরজন্য আপনাকে সাধুবাদ জানাচ্ছি। আসামে তেলের উপর যে আন্দোলন করেছে তাতে ৭০ পার্শেণ্ট অফ দি রয়ালটি, আর আপনারা বললেন ৩০ পার্শেণ্ট পায় সেইজন্য ওরা আন্দোলন করছে। আপনি কি এখানে গ্যারাণ্টি দিতে পারেন যে কোল অথরিটি এখানে এক পয়সাও কয়লার দাম বাড়বে না ; গৃহস্থের উপর কোন রকম চাপ পড়বে না ? to enlist co-operation let us sit together exchange our views and let us find out how the economy of the state can be improved. তাহলে আমাদের অসহযোগীতার কোন কারণ নেই। আমার শেষ কথা হচ্ছে, জ্যোতিবাবু তার বক্তৃতায় বলেছেন আমরা নাকি জোতদার-জমিদারদের তোষামোদ করে চলি। আপনারা ভেবে-দেখুন যে স্টেট এ্যাকুইজেশানে ল্যাণ্ড রিফোরর্মস এ্যাক্ট আমরাই এনেছিলাম। আপনারা আপত্তি করতে পারেন বলেই আজকে র‍্যাশানালাইজ করতে বলছি, এতে ব্যালেন্স ভালো হবে এবং ডেফিসিট যেন না হয় সেইদিকে একটু লক্ষ্য রাখবেন। রবীনবাবু আজকে কিছু না পেলেও নো কনফি-ডেন্সের দিন কিছু পাবেন, আপনি একটু নিজের চরিত্রের দিকে দেখুন, আপনার আণ্ডার-টেকিংগুলি দেখুন। আরেকজন সদস্য শ্রীদেবপ্রসাদ বাবুও এই পয়েণ্টে বলে গেছেন। কোন পিসমিল জাস্ট টু ডিসিফ দি মেম্বারস্ এটা যেন মনে না করতে পারে, মানুষগুলি যেন মনে করে যে আপনার বাজেটে ডেফিসিটি রয়েছে। এইরকম হল্লা হলে কি করে বলবো ? আফটার প্রোপজিং টু ট্যাকস্‌সেশান এটা ডেফিসিট থেকে যাচ্ছে এরপরেও।

[5-00—5-10 p.m.]

How do you propose to meet the deficit amount of Rs. 100 crores, আপনারা ১২ কোটি টাকার বেগিং বাওয়েল চেয়েছেন। সেই টাকা যদি না হয় তাহলে বাজেটে যদি ১০০ কোটি টাকা ডেফিসিট থাকে তাহলে হাউ ডু ইউ প্রোপোজ টু মিট উইথ। এ বিষয়ে আপনার কোন সুষ্ঠু পরিকল্পনা নেই। কিভাবে অপচয় হচ্ছে সেকথা সত্যপদ বাবু বলেছেন। ড্রেনেজ, ওয়েস্টেজ এবং পাইয়ে দেয়াই আপনাদের কাজ। নন-প্ল্যাণ্ড খরচগুলি আপনি একটু দেখুন। এর চেয়ে বেশি বলার স্পর্ধা আমার নেই, কারণ আপনি একজন বিশিষ্ট অর্থনীতিবিদ। মানুষের ভাল হওয়ার চেয়ে দিন দিন তাদের খারাপ হচ্ছে।

**মিঃ স্পীকার :** আমি আর আধঘণ্টা বাড়াবার প্রস্তাব করছি। আশাকরি সকলের এ বিষয়ে মত আছে।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা সাপোর্ট করছি এই কারণে যে বামপন্থী দৃষ্টিভঙ্গী দিয়ে সত্যিকারের ইনডাইরেক্ট ট্যাক্সেসান মানুষের পক্ষে ক্ষতিকর। কারণ যেভাবে ভারতবর্ষের সংবিধান তৈরী হয়েছে তাতে এটা হবে। আমরা যখন এসেছি তখন আমরা শপথ নিয়ে বলেছি যে আমরা ফলো করবো। সেখানে যে ৩টি লিস্ট আছে তার মধ্যে স্টেটের যে লিস্ট আছে তাতে অত্যন্ত খারাপ ভাবে বলা আছে ট্যাক্সেসান করার এবং প্রায় সবগুলি ইনডাইরেক্ট ট্যাক্সেসান। সেজন্য আউট অফ দি ওয়ারস্ট থিং আজকে অর্থমন্ত্রী ট্রাইং টু মেক বেস্ট। সেজন্য এই বিলটা সমথন করা যায়। এখানে কয়েকটি কথা বলা প্রয়োজন। ট্যাক্সেসান হলেও আমার মনে হয় ফ্যাইন্যান্স মিনিস্টার পার্শেণ্টেজ অফ কালেকসানটা একটু দেখার চেষ্টা করুন। কারণ পার্শেণ্টেজ অফ কালেকশান অফ দি ট্যাক্সেসান খুব ভাল নয়। এদিকে একটু চেষ্টা করলে আমার মনে হয় ভালো হবে। পার্শেণ্টেজ অফ কালেকশান ৭০ থেকে ৮০ মধ্যে আছে—এটা আরও বেশি হওয়া উচিত। এটা না হলে ঠিক হয় না। নন-প্ল্যাণ্ড এবং প্ল্যাণ্ড যেটা আছে তার মধ্যে আমাদের নন-প্ল্যাণ্ড খরচ খুব বেশি হয়ে যাচ্ছে। এটা আমার মরে হয় দেখা দরকার এবং এটা দেখলে সাধারণ মানুষের ভালো করা যেতে পারে। মুখ্যমন্ত্রী যখন বাজেট এনেছিলেন তখন আমি কয়েকটা কথা বলেছিলাম। আজ আমি খুব আনন্দিত আমি যেগুলি বলেছিলাম সেগুলিই আজ ট্যাক্সের জন্য নিয়ে এসেছেন। আমি বলেছিলাম কতকগুলি ট্যাক্স বাদ দিয়ে কোলের উপর ট্যাক্স বাড়ান যায়। অবশ্য আমাদের অর্থমন্ত্রী মহাশয় বললেন যে কোলের দাম বাড়বে না। আমি ওনার সঙ্গে এগ্রি করতে পারছি না, কারণ, দ্যাট ডাজ নট ডিপেণ্ড অন দি ট্যাক্সেসান ওনলি, সেখানে আরো অনেক ফ্যাক্টর আছে, ইকনমিক ফ্যাক্টর অনেক বেশী আছে যেটা এই ট্যাক্সেসানের উপর কাউণ্ট করা যায় না। কাজেই আমার মনে হয় এই ট্যাক্সেসানের জন্য হয়ত কোলের দাম বাড়বে না কিন্তু দেয়ার আর আদার ফ্যাক্টরস যে ফ্যাক্টরের জন্য কোলের দাম বাড়বে। কারণ, আমি জানি যখন কোলকে ন্যাশনালাইজ করা হয় সেই সময় আমি ছিলাম, সিদ্ধার্থশঙ্কর রায় বলেছিলেন আমরা মত ভাল কাজ করছি। আমি বলেছিলাম ইট ইজ এ ফুলিশ আইডিয়া, তোমার কোন জ্ঞান নেই

বলেই তুমি এই কথা বলছ। কারণ, বুরোক্র্যাটিক ম্যানেজমেণ্ট থাকলে কখনও ন্যাশানালাইজেসান করে কিছু করা যায় না। সেজন্য বলছি ব্যুরোক্র্যাটিক ম্যানেজমেণ্ট আছে বলেই এই জিনিসগুলি হয়। এই কথা বলে যে ট্যাক্সেসান বিল মাননীয় অর্থমন্ত্রী এনেছেন সেটা আমি সাপোর্ট করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতবার যখন মুখ্যমন্ত্রী ফাইনান্স মিনিস্টার ছিলেন তিনি একটা বাজেট পাশ করেছিলেন, তখন আমাদের তরফ থেকে বলা হয়েছিল যে মুখ্যমন্ত্রী খুব অল্প ট্যাক্স করে সামনের নির্বাচনী বৈতরণী পার হবার জন্য একটা বাজেট করে গিয়েছিলেন। কিন্তু সেটা করে গিয়ে দেখলেন এতে তো রাজত্ব চলছে না তাই আবার পরাজিত অর্থমন্ত্রী যিনি পশ্চিমবঙ্গের পক্ষে অশুভ, বিধানসভার অশুভ, যিনি পশ্চিমবঙ্গের অর্থনীতিকে শেষ করে দিয়েছেন, তিনি আবার ৪০ কোটি টাকার বাজেট নিয়ে এসেছেন। এই বাজেটের মধ্য দিয়ে তিনি পশ্চিমবঙ্গের মানুষের ভাল করবেন। আমি তাঁর বক্তৃতা শুনছিলাম, তিনি বক্তৃতা দেবার সময় পশ্চিমবঙ্গের কথা ভেবে অত্যন্ত দুঃখ প্রকাশ করছিলেন। পশ্চিমবঙ্গের জন্য তাঁর এত চিন্তা এই চিন্তা যেন আর কেউ করে না। আমি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি আপনি আগে যখন অর্থমন্ত্রী ছিলেন তখন পশ্চিমবঙ্গের অর্থনীতিকে কোন জায়গায় দাঁড় করিয়েছিলেন? পশ্চিমবঙ্গের অর্থনীতি এখন শ্মশানে দাঁড়িয়ে আছে। আজকে আবার দ্ব্যর্থহীন ভাষায় বললেন কয়লার দাম বাড়লে কিছু হবে না। উনি কোথায় থাকেন, ওঁর যে বাস্তব আইডিয়া সেটা আমার জানা নেই। আজকে দ্ব্যর্থহীন ভাষায় সকলেই স্বীকার করলেন কয়লার উপর সেস বাড়ালেই কয়লার উপর যেগুলি নির্ভরশীল প্রত্যেকটি প্রোডাকসানের দাম বাড়বে। অথচ উনি বললেন যে বাড়বে না। এর আগে আমাদের সাত্তার সাহেব বলেছেন যে তাঁর হাউসে কমপিটেন্স নেই এর উপর ট্যাক্সেস করার, কিন্তু তিনি মেজরিটির বলে এটা পাশ করিয়ে নেবেন। আমি জিজ্ঞাসা করি গতবার আপনি যে ট্যাক্সেসান করেছিলেন তার কত পার্সেণ্ট রিয়েলাইজেসান করছিলেন বলবেন কি? এবারে যে ৪০ কোটি টাকা বসাচ্ছেন এর কত পার্সেণ্ট রিয়েলাইজেসান হবে এটা জানা আছে কি? আপনি বড় বড় কথা বললেন, ভিডিও ক্যাসেট এইসব বড় বড় লোকের ব্যাপার, সাধারণ লোকের গায়ে টাচ করবে না। গতবারেও আপনারা চাল গমের উপর ট্যাক্স করেছিলেন। সুতরাং অর্থমন্ত্রী অর্থনীতিতে শুধু সম্পূর্ণ ব্যর্থ নন পশ্চিমবঙ্গের জরাজীর্ণ অবস্থার জন্য তিনি দায়ী। এ্যাডিসন্যাল ট্যাক্সেসান গতবার হয়েছে, এই ট্যাক্সেসান আরো ভয়াবহ অবস্থার সৃষ্টি করবে। পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী যিনি এসেছেন তিনি ৪০ কোটি টাকার এ্যাডিসন্যাল বাজেট করেমূল বাজেট থেকে সরে গিয়ে একটা বিলের মাধ্যমে আগের বাজেট থেকে বেশী ট্যাক্সেসান করে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে কোন জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করাবেন জানি না, কিন্তু একথা বলতে পারি পশ্চিমবঙ্গের এই অর্থমন্ত্রী যতদিন থাকবে ততদিন কেন্দ্রের বিরুদ্ধে বড় বড় কথা বলে কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার করে কেন্দ্রের কাছ থেকে ধাপ্পাবাজি দিয়ে পশ্চিমবঙ্গের বাজেট চালিত করার চেষ্টা করবে। সেজন্য এই যে ৪০ কোটি টাকার ট্যাক্সেসান বিল এনেছেন আমি এর বিরোধিতা করে দুঃখের সঙ্গে বলছি যে আপনি আইনজ্ঞদের এ্যাডভাইস নিয়ে এই বিল প্রত্যাহার করুন।

[5-10—5-20 p.m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল এসেছে এটা হচ্ছে ট্যাক্স বিল। সরকার চালাতে গেলে ট্যাক্স বসবে এটা স্বাভাবিক। তবে ট্যাক্স মানে এই নয় যে এতে জনসাধারণের ব্যবহৃত জিনিসপত্রের দাম বাড়বে, এতে মানুষের পার্চেজিং পাওয়ারও বাড়ে, টাকা পয়সা বিভিন্ন হাতে যায় এবং সেদিক থেকে বলা যায় এটা প্রোগ্রেসিভ ট্যাক্স। আমি এই ট্যাক্সের ব্যাপারটা সমর্থন করছি কিন্তু অন্য একটা জায়গায় আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা কিছুদিন আগে একটা ট্রান্সপোর্ট বিল পাশ করেছিলাম এবং আশা করা হয়েছিল এর মাধ্যমে ৩/৪ কোটি টাকা আদায় হবে। কিন্তু এখনও পর্যন্ত সেই আইন প্রয়োগ করা হয়নি, এই ব্যাপারে রুলস করা হয়নি এবং তার ফলে সেই টাকা আদায় হয়নি। আপনি এই রিপোর্টে যে স্ট্যাটিসটিক্স দিয়েছেন সেটা আমি পড়ে শোনাচ্ছি। ল্যাণ্ড থেকে রেভিনিউ আদায় করেছেন ১৯৭৯/৮০ সালে ৭ কোটি ২৮ লক্ষ টাকা এবং ১৯৮০/৮১ সালে ২ কোটি ২৫ লক্ষ টাকা। ল্যাণ্ড-এর এ্যাসেসমেণ্ট করবার জন্য ৩২ জন অফিসার নিয়োগ করেছেন। ১৯৮০ সালে বলেছিলেন ১ লক্ষ ১৪ হাজার ৭২১টির ক্ষেত্রে হবে, কিন্তু বাস্তবে দেখলাম ডিসপোজড অফ হয়েছে মাত্র ২৯ হাজার ৫৪৫টি। এই অবস্থা হলে আপনি কিভাবে এ্যাসেসমেণ্ট করবেন। তারপর, সেলস্ ট্যাক্সে ভুল হিসাব করবার ফলে, ফাইন না করবার ফলে কি অবস্থা হয়েছে একবার দেখুন। সেলস ট্যাক্সে ফাইন ছিল ১৫০ পারসেণ্ট কিন্তু এবারে সেটা কমিয়ে দিয়ে ৫০ পারসেণ্ট করেছেন। ভুল এ্যাসেসমেণ্ট করবার ফলে যে ঘাটতি হয়েছে সেটা অডিট রিপোর্টে পাওয়া গেছে। যে সমস্ত রিপোর্ট আছে তাতে দেখছি সেলস ট্যাক্স না দেবার ব্যাপারে ঘাটতি হয়েছে ৪২'২ ক্রোর রুপিস্ এবং ৪১'২ ক্রোর রুপিস্—অর্থাৎ দেখা যাচ্ছে ৩ বছরের মধ্যে এই সেলস ট্যাক্সের ব্যাপারে ঘাটতি হয়েছে প্রায় ৮০ কোটি টাকা। আপনি যদি এগুলির প্রতি দৃষ্টি না দেন তাহলে ট্যাক্স বসিয়ে মানুষের উপকার করতে পারবেন না। সরকারী কর্মচারীদের মাইনে বৃদ্ধি করবার জন্য ট্যাক্স বসান হয়েছে, কাজেই আমি আশা করব এই সমস্ত কর্মচারীরা ভালভাবে কাজ করবেন। ১৯৭৮/৭৯ সালে ধরা হয়েছিল ৫০৭ কোটি ৪৫ লক্ষ টাকা আদায় হবে, কিন্তু দেখলাম এ্যাকচুয়াল আদায় হয়েছে ৪০৮ কোটি ২৫ লক্ষ টাকা। ১৯৭৯ সালের বাজেটে ধরা হয়েছিল ৫১৪ কোটি ৩৯ লক্ষ টাকা, কিন্তু আদায় হয়েছে ৪৭৯ কোটি টাকা। অর্থাৎ ঘাটতির পরিমাণ হচ্ছে ২৩ কোটি ৪০ লক্ষ টাকা। ১৯৮০ সালের বাজেট ধরেছেন ৬০৩ কোটি টাকা কিন্তু আদায় হয়েছে ৫২৪ কোটি ৩৩ লক্ষ টাকা—অর্থাৎ ৭৯ কোটি টাকা ঘাটতি আদায় হয়েছে। আমাদের অর্থমন্ত্রীর উপর আমার বিশ্বাস আছে, আস্থা আছে এবং এটা অবশ্যই ঠিক কথা যে, তিনি পশ্চিমবাংলার অর্থনীতিকে চাঙ্গা করবার ব্যাপারে বিশেষ ভাবে সাহায্য করছেন। এবারে আমি একটি ব্যাপারে পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি স্টেজ ক্যারেজ পার্মিটে বেশী ট্যাক্স লাগে এবং কণ্ট্রাক্ট ক্যারেজে কম ট্যাক্স লাগে। আজকে যে সমস্ত মিনিবাস চলছে সেগুলি স্টেজ ক্যারেজে চলছে, কিন্তু ট্যাক্স দিচ্ছে কণ্ট্রাক্ট ক্যারেজ হিসেবে। কোলকাতা থেকে মালদহ পর্যন্ত কণ্ট্রাক্ট ক্যারেজে পার্মিট দিয়ে বাস চালান হচ্ছে এবং তার ফলে কম ট্যাক্স আদায় হয়েছে। শুধু তাই নয়, অনেক জায়গায় পার্মিট দেওয়া

হয়েছে কিন্তু ট্যাক্স রিয়্যালাইজেসন হয়নি। অডিট রিপোর্টে আমরা এগুলি দেখেছি। কাজেই অনুরোধ করছি এর প্রতি আপনি দৃষ্টি দিন, এসব যাতে আর না ঘটে, লিকেজ দূর হয় সেদিকে লক্ষ্য রাখুন। আমরা চাই সাধারণ মানুষের পয়সা তাদের স্বার্থে ব্যয় হোক। একথা বলে আপনার বিল সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে ট্যাক্সেসন বিল উত্থাপন করেছেন আমি এই বিলটিকে সমর্থন করছি। এই বিল সমর্থন করতে গিয়ে আমি যে কথাগুলি বলতে চাচ্ছি সেটা হচ্ছে এই যে আজকে ভারতবর্ষের কি কেন্দ্রের কি অঙ্গ রাজ্যের অর্থনীতি কি সেটা যদি পর্যালোচনা করি—অঙ্গ রাজ্যগুলির পশ্চিমবঙ্গ বাদে বিহার, উড়িষ্যা এবং অন্যান্য রাজ্যের আর্থিক পরিস্থিতি যদি পর্যালোচনা করি তাহলে দেখা যাবে যে প্রত্যেকটি রাজ্যকে প্রত্যেকটি ক্ষেত্রে একটা জটিল অবস্থার মধ্যে দিয়ে চলতে হয়েছে। আমাদের যে সংবিধান সেই সংবিধানের কাঠামোর মধ্যে কেন্দ্র এবং রাজ্যের মধ্যে সম্পদ বিভাজনের যে নীতি স্থিরীকৃত ছিল, দীর্ঘ ৩০ বছর ধরে সংবিধান সংশোধনের মাধ্যমে একের পর এক সেই ক্ষমতাগুলি কেন্দ্রীভূত হয়েছে এবং রাজ্যগুলি তাদের নিজেদের সম্পদ সৃষ্টির যে সুযোগ ছিল সেই সুযোগ থেকে ধীরে ধীরে তারা বঞ্চিত হচ্ছে। স্যার, আপনি জানেন আজকে এই ট্যাক্সের বিরোধিতা করলেন বিরোধী পক্ষের বন্ধুরা। কিছু দিন আগে এই বিধানসভায় দাবী তুলেছিলেন যে পশ্চিম-বঙ্গ যে আর্থিক সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে সেগুলি কেন্দ্রের দিয়ে দেওয়া উচিত। ফ্রেট ইকুইলাইজেসনের কথা বলা হয়েছে এবং অন্যান্য ক্ষেত্রের কথাও উল্লেখ করা হয়েছে। আজকে কেন্দ্রের কাছ থেকে পশ্চিমবঙ্গ কি তার ন্যায্য অধিকার পায়? আপনি জানেন যে দেশ স্বাধীন হবার পর থেকে পশ্চিমবাংলাকে যতগুলি বিশেষ সমস্যার সম্মুখীন হতে হয়েছে ভারতবর্ষের অন্য কোন অঙ্গ রাজ্যকে এই ধরণের জটিল পরিস্থিতির সম্মুখীন হতে হয় নি। আজকে একদিকে উদ্বাস্তু সমস্যা অন্য দিকে বিরাট বেকার সমস্যা এবং পশ্চিমবাংলার উপর দিয়ে যে প্রাকৃতিক বিপর্যয় চলেছে। এই সমস্ত সমস্যার মোকাবিলা করে শুধু অর্থনৈতিক অগ্রগতির দিকে এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে তার উন্নয়ণের যে পথ সেই পথ যাতে অব্যাহত থাকে তার জন্য চিন্তা করতে হবে। কেন্দ্র পশ্চিমবাংলাকে কিভাবে তার আর্থিক ভাণ্ডার থেকে বঞ্চিত করছে তা সকলেই জানেন। আবার অন্য দিকে কেন্দ্রীয় সরকার বলছে এবং পরামর্শ দিয়েছে যে রাজ্য সরকারকে নিজস্ব ক্ষেত্রে আর্থিক সম্পদ সংগ্রহ করতে হবে। তাই আজকে যদি আমাদের আর্থিক সম্পদ নিজেদের প্রচেষ্টায় সংগ্রহ করতে হয় তাহলে এমন কতকগুলি কতকগুলি ক্ষেত্রে সেই আর্থিক সম্পদ সংগ্রহের প্রচেষ্টাকে সীমিত রাখতে হবে যে যাতে সাধারণ মানুষের উপর কোন আর্থিক বোঝা না চাপে। এবং যারা সমাজের বিত্তশালী মানুষ যাদের বহন করবার ক্ষমতা থাকবে তাদের উপর যাতে সেই বোঝাটা চাবে তার ব্যবস্থা করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে ভাষ্মণ সেই কথা উল্লেখ করেছেন এবং বলেছেন যে আজকে যে ট্যাক্স চাপানো হচ্ছে সেগুলি বিলাস দ্রব্যের উপর চাপানো হচ্ছে। অতএব সাধারণ মানুষের অসুবিধা দেখা দেবে না। কয়লার উপর যে বোঝা চাপানো দেখানো হয়েছে সে সম্বন্ধে বলি যে একথা ঠিক যে দীর্ঘ দিন ধরে আমরা দেখছি যে কয়লা থেকে পশ্চিমবাংলার যে ন্যায্য রয়েলটি পাওয়া উচিত প্রায় ৬০০ কোটি টাকা পশ্চিমবাংলা

কয়লা থেকে বঞ্চিত হয়েছে। সেই অবস্থায় যেখানে রয়েলটি বাড়ানো কোন সুযোগ নাই, সেখানে অন্য পথে কয়লার উপর থেকে অর্থ পাবার যে সুযোগ রয়েছে সেই সুযোগ অর্থমন্ত্রী গ্রহণ করে সঠিক পথে এগিয়েছেন বলে আমি মনে করি। তবে একটা কথা শুধু আমার এখানে বলা উচিত যে আমাদের লক্ষ্য রাখা উচিত—যে আমরা যে উদ্দেশ্য নিয়ে কর আরোপ করে থাকি অনেক দেখি ব্যবসায়ী সম্প্রদায় সেই প্রচেষ্টাকে ব্যাহত করার জন্য চক্রান্ত করে। সেই দিকে প্রশাসনিক দৃঢ়তা নিয়ে সেই সমস্ত জটিলতাকে যদি না নিয়ন্ত্রণ করতে পারি তাহলে কুফল ঘটবে। এটা আমরা দেখেও থাকি। আমি অর্থমন্ত্রীর উদ্দেশ্যে এই কথাটুকু বলতে চাই যে শুধু ট্যাক্স আরোপ করলেই চলবে না, এই যে টাকা এদের কাছ থেকে আমরা আদায় করতে চাইছি তাদের উপর থেকে সেই ট্যাক্স যাতে সাধারণ মানুষের উপর না পড়ে সেইদিকে লক্ষ্য রাখবেন। এই কয়েকটি কথা বলে আজকে যে বিল উত্থাপন করা হয়েছে তাকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশোক মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের মন্তব্য শুনলাম। আমি খুব সামান্য কয়েকটি কথা বলবো। এই যে কয়লার উপর সেস প্রয়োগ করা হচ্ছে এটা সেস—এটা ট্যাক্স নয়। এটা কার উপর প্রয়োগ করা হচ্ছে? কোল ইণ্ডিয়া সংস্থাগুলির উপর থেকে এই সেস আদায় করা হবে। তারা ইতিমধ্যে টাকা তুলেছে। এই টাকার একটা অংশ এই সেস মারফত তারা পশ্চিমবাংলা সরকারকে দিতে চায়। সুতরাং দাম বাড়াবার কোন প্রশ্ন নয়। কয়লার দাম বাড়ে—কিন্তু একমাত্র কেন্দ্রীয় সরকারেরই এই দাম বাড়াবার ক্ষমতা আছে।

[5-20—5-30 p.m.]

প্রশাসনিক ফতোয়া দিয়ে কয়লার দাম বাড়ানো হয়েছে ১৯৮০ সালের জানুয়ারী মাস থেকে আজ পর্যন্ত ৬ বার। প্রতিবারেই কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছেন বলেই কয়লার দাম বেড়েছে। এখানে যে আইনটা পাশ হতে চলেছে, বিহারেও এই জিনিস হয়েছে এবং বিহারেও এই সেস্ আরোপ করা হয়েছে, কিন্তু সেখানে কয়লার দাম বাড়েনি। সুতরাং আপনারা বিশ্বাস করতে পারেন, এখানেও কয়লার দাম বাড়বে না। দেবপ্রসাদ বাবু চলে গেছেন, তিনি মহান বিপ্লবী দলের মানুষ, গরীব মানুষ, সাধারণ মানুষের উপর কর আরোপ করা হচ্ছে, এই মন্তব্য তিনি করেছেন। রঙিন টি. ভি. যারা ব্যবহার করেন, তারা গরীব? ভি. সি. আর. যারা ব্যবহার করেন, তারা গরীব যদি হয়, তাহলে ঐ ধরণের গরীব মানুষের প্রতি আমাদের কোন সমবেদনা নেই। উনি ওঁদের হয়ে লড়াই করে যান, আমরা তাতে কর্ণপাত করবো না। জয়নাল আবেদিন সাহেব কতকগুলি কথা বলেছেন, ঠিকই বলেছেন, ব্যয় সংকোচ করা উচিত, আয় বাড়ানো উচিত। সেই চেষ্টা আমাদের করতে হবে, এবং ব্যয় সংকোচের চেষ্টা আমরা করছি। তবে মজা কি জানেন, যে দিল্লীর সরকার দু হাজার কোটি টাকা খরচ করে দু সপ্তাহের জন্য খেলার আয়োজন করলেন, তখন ওঁরা কোন্ মুখে সৎ উপদেশ দিতে আসেন যে কোথায় খরচ করবো, আর কোথায় খরচ করবো না? আর একটা কথা বলেছেন, পরিকল্পনা খাতে খরচ সম্পর্কে। আমি একটু হিসাব দিই,

১৯৭৭-৭৮ সালে আপনারা যখন সরকার থেকে চলে গেলেন, আপনারা করে গিয়েছিলেন সেই বছরের জন্য ২১৯ কোটি টাকার পরিকল্পনা। আমরা এসে, সেই বছরেই সেটা বাড়িয়ে ৩১৭ কোটি টাকা করি। তার পরের বছর করেছিলাম ৩৭৯ কোটি টাকা, তার পরের বছর ৪৭৫ কোটি, তার পরের বছর ৫৮০ কোটি টাকা এবং শেষ বছরে আমরা করেছিলাম ৭০০ কোটি টাকা পরিকল্পনা নিরুপন করেছিলাম। কিন্তু দিল্লীর সরকার ৭০০ কোটি টাকার পরিকল্পনা কেটে ৪৯০ কোটি টাকা করে দিলেন। দয়া করে বলুন আপনাদের দলের সরকারই তো দিল্লীতে রয়েছে, আমাদের সঙ্গে একটু সহযোগি করতে বলুন। কৃষি আয় কর সম্পর্কে উনারা বলেছেন। কিন্তু উনারা কিছু করে যাননি। আমরা প্রথম তিন হাজার থেকে ১০ হাজার টাকা করেছি। এখন দেখা যাক, এই কয়েক মাসের মধ্যে রাজস্বের উপর প্রভাব কি রকম পড়ে, তখন ব্যাপারটা খতিয়ে দেখা যাবে।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion, was then put and lost.

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Taxation Laws ( Second Amendment ) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

### Clause 1

**Shri Kashinath Misra** : Mr Speaker, Sir, I beg to move that in clause 1 (2), lines, 1 to 3, the words, brackets and figures, beginning with "clause (1)" and ending with "1st day of April, 1983", be omitted.

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি এই কারণে, মাননীয় মন্ত্রী মহাশয় কৃষি আয়করের ক্ষেত্রে যে ব্যবস্থা গ্রহণ করতে চলেছেন এবং এফেক্টটা ১লা এপ্রিল, ১৯৮৩, থেকে দেবার জন্য যে কথা বলেছেন, এই আইনটা পাশ হয়ে যাবার পর থেকে যদি সেই এফেক্টটা দিতেন তাহলে জিনিসটা উপলব্ধি করতে পারতেন। এটা একটা রিওয়ার্ডের মত হয়ে যাচ্ছে। কিছুদিন আগে আমাদের একসাইজ ডিপার্টমেণ্টের যে আইনটা পাশ হয়েছে, তাতে সি. আর. পি. সি. প্রভিশন যেগুলো ছিল, তা কমিয়ে দিয়ে একটা রিওয়ার্ডের মত মনে হচ্ছে। আমি যে এ্যামেণ্ডমেণ্টটা নিয়ে এসেছি, সেটা এই কারণে নিয়ে এসেছি।

**Dr. Ashok Mitra** : I do not accept this.

The motion of Shri Kashinath Misra that in clause 1 (2), lines, 1 to 3 the words, brackets and figures, beginning with "clause (1)" and ending with "1st day of April, 1983" be omitted was then put and lost.

The question that clause 1, do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

The question that clause 2, do stand part of the Bill was then put and agreed to.

### Clause 3

**Shri Kashi Nath Misra :** Sir, I beg to move that in clause 3 (13), in the proposed Section 26A (1) (ii) of the Bengal Finance ( Sales Tax ) Act, 1941, line 2, the words "or continued in any Court" be omitted.

স্যার, আমি এই কারণে বলছি যে আমাদের কোর্টে যাবার অধিকার হরণ করা হচ্ছে। ট্রাইবুনালেও যেতে পারব না। কোর্টে যাবার পারমিসন বন্ধ করে দিলে মানুষের একটা অধিকার থেকে বঞ্চিত করা হবে। কোর্টে যাবার পারমিসন দিলে খুব ভাল হত।

**Dr. Ashok Mitra :** No, I do not accept this.

The motion of Shri Kashi Nath Misra that in clause 3 (13), in the proposed Section 26A (1) (ii) of the Bengal Finance (Sales Tax) Act, 1941, line 2, the words "or continued in any Court" be omitted, was then put and lost.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that in clause 3, after sub-clause (13), the following sub-clause be inserted :

(14) In Schedule I, in the first column, in item 7, for the words "two rupees and fifty paise." the words "fifteen rupees" shall be substituted.

**Dr. Ashok Mitra :** Yes, I will accept this.

The motion of Shri Patit Paban Pathak that in clause, 3, after sub-clause (13), the following sub-clause be inserted :

(14) In Schedule I, in the first column, in item 7, for the words "two rupees and fifty paise.", the words "fifteen rupees." shall be substituted, was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clause 4

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that in clause 4 (1) (a) in proposed proviso to sub-section (1) of the Bengal Agricultural Income Tax Act, 1944, in line 7, for the words "ten thousand" the words "fifteen thousand" be substituted.

**Dr. Ashok Mitra :** I do not accept this.

The motion of Dr. Zainal Abedin that in clause 4 (1) (a) in proposed proviso to sub-section (1) of the Bengal Agricultural Income Tax Act, 1944, in line 7, for the words "ten thousand" the words "fifteen thousand" be substituted, was then put and lost. আপনি মন্ত্রী মহাশয়ের বক্তব্য শুনেছেন, এতে নতুন কোন বক্তব্য নেই। উনি বলেছেন পরে রিভিয়ু করে দেবেন। সত্যবাবু সেলস ট্যাক্সের ব্যাপারে ৮০ কোটি টাকার কথা উল্লেখ করেছেন, এই ব্যাপারে আপনার দপ্তরের একটু তৎপর হওয়া উচিত। আপনার অবগতির জন্য এইটুকুই শুধু উল্লেখ করলাম, এর বেশী আর কিছু বলতে চাই না।

**Shri Kashinath Misra :** Sir. I am not moving my amendments.

The question that clause 4, do stand part of the Bill was then put and agreed to.

[5-30—5-40 p.m.

**Clauses 5 to 10 and preamble**

The question that clauses 5 to 10 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় দেখছি একটু অবসেসানে ভুগছেন। দিল্লীতে এশিয়াড হয়েছিল উনি সেই দুহাজার কোটি টাকার কথা বার বার বলছেন। সেখানে তিনি ওজনটা করতে পারছেন না মুশকিলটা হচ্ছে সেখানেই। উই আর অল হিউম্যান বিয়িংস। ভারতবর্ষ যে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত হয়েছে সেখানে শুধু বিশ্ব ক্রিকেট নয় আন্তর্জাতিক ক্ষেত্রেও তার যে মর্যাদা প্রতিষ্ঠিত হয়েছে my learned friend has managed to forget it. তারজন্য I can extend my sympathy with him. উনি অনেকগুলি ব্যাপারে এগ্রি করেছেন। উনি প্ল্যানের কথা বলেছেন, আমি সেইজন্য বলছি, আপনাদের তৈরী করা প্ল্যান আমরা দিয়েছি।

Is it a fact that the size of the 6th plan is Rs. 3500 crores ? Is it a fact that upto 4th year. এবারেও ৫৪০ কোটি টাকা মঞ্জুর করিয়াছেন upto 4th year. You have promised to spend nearly Rs. 1900 crores upto 5th year. You are bound to spend Rs. 1600 crores. Are you in a position to spend it ? Is this possible ? Indira Gandhi or Congress (I) Govt. at the Centre — who is responsible for the failure ?

কলকাতা শহরতলীর মধ্যে সীমাবদ্ধ। এই ট্যাক্সের স্ল্যাব যেভাবে করা হচ্ছে এবং যেভাবে ট্যাক্স নির্ধারণ করা হচ্ছে তাতে ওদের মত বড়লোকেদের অসুবিধা হবে। সেখানে এই বিলের দ্বারা নিম্নমধ্যবিত্ত, বস্তীবাসী প্রভৃতি অনেকের ক্ষেত্রে ট্যাক্সের ছাড় দেওয়া হবে। কলকাতার মধ্যে হলেও পার্শ্ববর্তী বলে পরিচিত যেসব এলাকা সেই সব এলাকায় যারা ব্যবসা করছে, তাদের ক্ষেত্রে ট্যাক্স ধার্য্য করা হবে। যাদের গায়ে আগে হাত পড়তো না, যারা যুগ যুগ ধরে জমিদার, মহাজন হিসাবে থেকে গেছে তাদের কোন কর দিতে হোত না। সেই শ্রেণীর উপর হাত দেওয়া হবে। এই অঞ্চলগুলিকে পৌরসভার মধ্যে আনার যে সুর ধ্বনিত হচ্ছে তাতে গণতান্ত্রিকতার সুর শোনা যাচ্ছে এবং এতে নানারকম আশা-আকাঙ্ক্ষার রূপ দেখতে পাচ্ছি। সেইজন্য মানুষ আজকে পৌর ব্যবস্থাকে আরো উন্নত করতে চায় আরো সুরক্ষিত করতে চায়। এই এলাকার পৌর প্রতিষ্ঠানগুলির পক্ষে কোন বড় কাজ করা সম্ভব নয়। কারণ এতে যে আর্থিক ক্ষমতার দরকার তা পৌরসভা ছাড়া হবে না। এই অঞ্চলগুলিকে পৌরসভার মধ্যে এনে উপযুক্ত রক্ষণা-বেক্ষণ করা সম্ভব হবে। এই যে বস্তীবাসীদের জন্য কয়েক কোটি টাকা খরচ করে গারডেনরিচ ওয়াটার ওয়ার্কস চালু করার ব্যবস্থা করা হইয়াছে এতে দক্ষিণ শহরতলীর সব অঞ্চলে জলের ব্যবস্থা করা যায়নি। মাত্র ৪০ ভাগ অঞ্চল এই জল পায় আর বাকী ৬০ ভাগ অঞ্চল এই জলের আওতায় পড়ে না। এখানে এখনও পাইপ লাইন পর্যন্ত আসেনি। দক্ষিণ শহরতলীর ওয়াটার ওয়ার্কসের একজন ইঞ্জিনীয়ার পর্যন্ত নেই। সেখানে ১১০০ থেকে ১৩০০ লোক নিয়ে কাজ হয়। সুতরাং সেখানকার কাজ কখনই শেষ করা সম্ভব নয়। এইভাবে নতুন করে সেখানে যদি এস্টাব্লিশমেণ্ট গড়ে তোলা যায় তাহলে অনেক উন্নতি হবে। এটাকে যদি উন্নত করতে হয় তাহলে ডবল টাকা খরচ করতে হবে এবং তার জন্য মিউনিসিপ্যালিটিকে যদি কলকাতা পৌর-সভার সাথে যুক্ত করা যায় তাহলে ইনকাম বেশী হবে এবং শহরতলীর অঞ্চলগুলির সুরক্ষণের সুবিধা হবে। আজকে মিউনিসিপ্যালিটি অঞ্চলগুলিতে জল নিষ্কাশনের কোন সে রকম কোন ব্যবস্থা নেই। এখানকার ড্রেনেজ ব্যবস্থা হচ্ছে সব থেকে বড় সমস্যা। কলকাতারই উপকণ্ঠে অবস্থিত এইসব দক্ষিণ শহরতলীগুলিতে যারা বাড়ী করে আছে তাদের অবস্থা দেখলে কষ্ট হয়, যেন সব নরকের মধ্যে বাস করছে। সেখানে এখনো আদিম যুগের ড্রেনেজ ব্যবস্থা এবং নারকীয় অবস্থা চলছে। সব জায়গায় ওপেন ড্রেন, সর্বদা পচা গন্ধ বেরুচ্ছে। আপনারা কলকাতাকে বাঁচাতে চাইছেন, কলকাতাকে বাঁচাতে গেলে আগে দক্ষিণ শহরতলীকে সুসঙ্গঠিতভাবে প্রতিষ্ঠা করতে হবে। সেখানকার মানুষ কষ্ট ভোগ করবে আর তার মধ্যে ঘরবাড়ী করে থাকবে, এ কখনো হতে পারে না।

7-10—7-20 p.m.]

একটা ইন্টিগ্রেটেড স্কীম করে কোলকাতার সঙ্গে যুক্ত না হলে উন্নতি হবে না। সেজন্য আমরা মনে করি জনসাধারণের স্বার্থে কোলকাতা শহরের সম্প্রসারণ করা দরকার এবং কোলকাতার উপকণ্ঠে নাগরিও জীবনকে সমৃদ্ধ করা দরকার। এই পরিকল্পনা আজকের নয়। ১৯৬৫ সালে একটা বেসিক ডেভেলাপমেণ্ট প্ল্যান তৈরী

করা হয়। কিন্তু কংগ্রেসীরা শ্রেণী স্বার্থের জন্য সেই পরিকল্পনাকে রূপ দান করেননি। যাঁরা সাধারণ মানুষের কল্যাণ চান তাঁরা জানেন বিভিন্ন পৌর অঞ্চল বম্বে শহরের সঙ্গে অন্তর্ভুক্ত আছে ৮৩'৭০ লক্ষ জন সমষ্টি নিয়ে বৃহত্তর বম্বে রূপ নিয়েছে। সেখানে আছে ৪৫৭'৭১২ বর্গ কিলোমিটার। সেখানে কোলকাতার আয়তন মাত্র ১০৪ বর্গ কিলোমিটার এবং তার জনসংখ্যা ৩১'৪১। কোলকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চলের উন্নতি সাধনের স্বার্থে এই যে সংযুক্তি করণের প্রস্তাব এসেছে এটা দীর্ঘদিনের প্রস্তাব। বেহালা, গার্ডেনরিচের হাজার হাজার মানুষ বিভিন্ন প্রতিষ্ঠানের মানুষ এই প্রস্তাবকে অভিনন্দন জানিয়েছে। এটা হলে সেখানকার ৬০ থেকে ৭০ ভাগ মানুষের ট্যাক্স কমে যাবে। বেহালার ৫৭ হাজার হোল্ডিং-এর মধ্যে মাত্র ৮৩৩টির ট্যাক্স বাড়বে, আর সকলের কমে যাবে। ৩০/৩৫ বছর ধরে আপনারা দেশকে ডুবিয়েছেন। সেজন্য আজকে নাগরিকদের সুখ সুবিধা দেবার যে প্রস্তাব পৌরমন্ত্রী এনেছেন তাকে সমর্থন করে বলছি যে নির্বাচনে প্রমাণিত হবে কারা ঠিক, কারা বেঠিক। এই বিলকে সমর্থন করে এর মধ্যে যে টেকনিক্যাল ডিফেক্ট আছে সেটা আমি পরে বলবো।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এখানে এনেছেন তাকে স্বাগত জানিয়ে আমি দু-একটা কথা রাখছি। বিরোধী দলের সদস্যারা যখনই কোন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় তখনই তাঁরা সভা কক্ষ ত্যাগ করেন, এটা আমরা আগেও দেখেছি এখনও দেখছি, এটা ওদের চিরন্তন অভ্যাস। বিরোধী দলের সদস্য যে সংশোধনী প্রস্তাব এনেছেন তার মধ্যে কোন যুক্তি নেই। তিনি আইনের যে ধারা উল্লেখ করলেন সেই ধারার মধ্যে কোন যুক্তি নেই, সেটা অন্যভাবে প্রযোজ্য হবে, সেটাকে এখন প্রযোজ্য করে তাঁর বক্তব্য রাখার একটা অজুহাত দেখালেন। তাঁরা এতবড় একটা গুরুত্বপূর্ণ জিনিস যেটা সাধারণ মানুষের উপকারে লাগবে সেটার বিরোধিতা করে বেরিয়ে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে স্বাগত জানিয়েছি এই কারণে যে যাদবপুর, গার্ডেনরিচ বা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির মানুষ কলকাতার খুব কাছেই থাকেন এবং বরানগর থেকে ডালহৌসি আসতে যে সময় লাগে তার চেয়ে ঠাকুরপুকুর বা গার্ডেনরিচ থেকে আসতে কম সময় লাগে। এঁরা কলকাতার খুব কাছেই থাকেন অথচ কলকাতা পৌর প্রশাসনের যে সুযোগ সুবিধা তার থেকে তাঁরা বঞ্চিত। কলকাতা কর্পোরেশান কলকাতার সাধারণ মানুষের জন্য যেসব প্রগতিশীল উন্নয়নশীল ব্যবস্থা করছে সেই সব উন্নতি থেকে তারা দীর্ঘদিন কংগ্রেস রাজত্ব থেকে বঞ্চিত থাকছে। আজকে এই আইনটা সংশোধন করে এইসব এলাকাগুলিকে কলকাতা কর্পোরেশানের আওতায় আনার ফলে এই সমস্ত এলাকাগুলির সাধারণ মানুষ গরীব মধ্যবিত্ত মানুষ শিক্ষা ক্ষেত্রে বলুন, অন্যান্য মিউনিসিপ্যাল এ্যামেনিটিজের ক্ষেত্রে বলুন সমস্ত দিক থেকে সুবিধা পাবে। কিন্তু এখানে বিরোধী দলের সদস্যারা বিকেন্দ্রীকরণের কথা বললেন। জবচার্নকের সময় যে কলকাতা হয়েছিল সেই কলকাতাকে যদি ছোট করা যায় সেটাকে যদি আরো ব্যাপক না করা হয় তাহলে কি করে সমস্যার সমাধান হবে? তাই ছোট করে দেওয়ার প্রস্তাব কি করে হতে পারে আমি বুঝতে পারছি না। বিকেন্দ্রীকরণের যে সংজ্ঞা সেটা ওঁরা কি সংজ্ঞায় এনেছেন আমি জানি না। কলকাতার যানবাহন সমস্যার যদি

সমাধান করতে হয়, আবাসনের যে সমস্যা সেই সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে কলকাতার এক্সপ্যানসান করে গ্রেটার ক্যালকাটার ডেভেলপমেণ্ট করা দরকার যেমন মন্ত্রিমহাশয় ইতিমধ্যে কর্পোরেশানের মাধ্যমে বিভিন্ন জায়গায়, বৈষ্ণবঘাটায় করতে শুরু করেছেন। তাঁর যে চিন্তাধারা, তিনি যেভাবে করছেন সেটা যদি আমরা আরো ঐভাবে করি, অফিস এবং অন্যান্য সুযোগ সুবিধা যদি আরো ছড়িয়ে দিই কেন্দ্রীভূত না করে তাহলে তার এলাকা বাড়ানর দরকার আছে। মিউনিসিপ্যাল জুরিসডিকসানের মানুষের দৈনন্দিন যে অসুবিধা সেগুলিকে দূর করার জন্য কলকাতা কর্পোরেশানের যে ডেভেলপমেণ্ট ওয়ার্ক তার সঙ্গে যুক্ত করার জন্য কলকাতার এরিয়া বাড়ানর প্রয়োজন আছে।

[7-20—7-30 p.m.]

অথচ তাঁরা সোজাসুজিভাবে বামফ্রণ্ট সরকারের বিরুদ্ধে বললেন যে, তাঁরা ক্ষমতা কেন্দ্রীভূত করছেন। আমি তাঁদের কাছে জিজ্ঞাসা করি, গ্রামপঞ্চায়েতে ক্ষমতার কিভাবে বিকেন্দ্রীকরণ করা হয়েছে সেটা কি তাঁরা দেখছেন না? কলেজ এবং বিশ্ব-বিদ্যালয়কে আমরা ক্ষমতা দিয়েছি, বিকেন্দ্রীকরণ করেছি সেটা কি তারা দেখছেন না? শুধু তাই নয়, শিক্ষাক্ষেত্রে গভর্ণিং বডিগুলোকে ক্ষমতা দেওয়া হয়েছে — রাইটার্স বিল্ডিংস্-এ ক্ষমতা কেন্দ্রীভূত করে রাখা হয়নি, লোক্যাল সেল্ফ গভর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া হয়েছে। মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে আপনারা দেখছেন না পৌর মন্ত্রীমহাশয় কিভাবে তাদের ক্ষমতা দিয়েছেন, ক্ষমতা বাড়িয়েছেন এবং অর্থনৈতিক সাহায্য দিয়েছেন। এই যে কাজগুলো করা হয়েছে এটা কি বিকেন্দ্রীকরণ নয়? একটু আগে মন্ত্রীমহাশয় বলেছেন, ওঁদের "বোধশক্তি" আমি বুঝতে পারছি না। এই সরকার যে সমস্ত ভাল ভাল কাজ করছে সেটা আপনারা স্বীকার করুন। এই অবস্থার মধ্যেও মিউনিসিপ্যাল এ্যাডমিনিস্ট্রেসনে ডেভলপমেণ্ট ওয়ার্ক কতটা হয়েছে সেটা আপনারা একবার দেখুন। ১৯৭৭ সালের আগে এই মিউনিসিপ্যালিটিগুলোর অবস্থা কি ছিল? আজকে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা মিউনিসিপ্যালিটিকে দেওয়া হয়েছে, কর্পোরেশনকে দেওয়া হয়েছে, কোলকাতার রাস্তাঘাটের কত উন্নতি হয়েছে সেটা আপনারা একবার দেখুন। গার্ডেনরিচে ওয়াটার সাপ্লাইর যে ব্যবস্থা হয়েছে সেটা একবার দেখুন। কংগ্রেস আমলে সেখানে যে অবস্থা ছিল তাতে এই বিকল্প ব্যবস্থা যদি না হোত তাহলে চিন্তা করুন কি অবস্থা হোত। বিভিন্ন ভাবে জল সাপ্লাইর যে ব্যবস্থা হয়েছে, অলটারনেটিভ এ্যারেজমেণ্ট যেটা হয়েছে সেটা একবার দেখুন। শুধু মিউনিসিপ্যালিটিই নয়, কর্পোরেসনের মাধ্যমেও কিছু কিছু কাজ হয়েছে যেগুলি তাঁরা উল্লেখ করেননি। আমি তো মনে করি এই সরকার না থাকলে সব ডেডলক হয়ে যেত। অচল অবস্থা যা সৃষ্টি হয়েছিল তারজন্য অতীতের সরকার দায়ী — আমাদের এখন সেগুলো পরিস্কার করতে হচ্ছে। আমি তাঁদের কাছে অনুরোধ রাখছি বাস্তব অবস্থা উপলব্ধি করে তারপর সমালোচনা করুন। যে সমস্ত ভাল কাজ হয়েছে তার মধ্যে যদি শুধু রাজনৈতিক গন্ধ পান, ভূত দেখার মত অবস্থা হয় তাহলে বলব তাঁরা ডিলিরিয়াম বকছেন। বৃহত্তর কোলকাতার স্বার্থে মন্ত্রিমহাশয় যে

বিল এনেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতীশ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৌরমন্ত্রী মহাশয় ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেসন ছিল, ১৯৮৩ যেটা বিধানসভায় পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। বিরোধীদলের বন্ধুরা আজকে বিধানসভা ত্যাগ করে চলে গেছেন এবং তাঁদের অজুহাত হচ্ছে, বর্তমান কোলকাতার যে পরিধি আছে তাকে কেন বাড়ান হচ্ছে। আমরা যদি অতীতের ইতিহাস দেখি, অতীতের ইতিহাস মানি তাহলে দেখব কর্পোরেসন প্রথম সৃষ্টি হবার পর মানুষের স্বার্থে পরবর্তীকালে তার অরিজিন্যাল জুরিডিকসন পরিবর্তিত হয়েছে। আজকে সেই প্রয়োজন আরও বেশী দেখা দিয়েছে বলেই মন্ত্রীমহাশয় রাজ্য সরকারের পক্ষ থেকে কর্পোরেসনের এলাকা বাড়াবার প্রস্তাব বিধানসভায় নিয়ে এসেছেন। টালিগঞ্জ এলাকা সেটা বর্তমানে কর্পোরেসনের সঙ্গে যুক্ত আছে তার একটা ইতিহাস আছে। ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন, টালিগঞ্জ পৌরসভার আর্থিক ক্ষমতা নেই যে জনসাধারণকে সুযোগ সুবিধা দেবে কাজেই এটা যদি কর্পোরেসনের মধ্যে আসে তাহলে জনসাধারণের সুযোগ সুবিধা বাড়বে, সেই এলাকাও এগিয়ে যাবে এবং সেই দৃষ্টিভঙ্গী নিয়েই টালিগঞ্জ মিউনিসিপ্যাল এলাকাকে কর্পোরেসনের সঙ্গে যুক্ত করা হয়েছে। কাশীপুর এক সময় মিউনিসিপ্যাল এলাকা ছিল, কিন্তু যাঁরা পরিচালনা করছিলেন তাঁরা মনে করলেন কাশীপুর এলাকায় যদি কোন উন্নতি করতে হয় তাহলে একে কর্পোরেসনের অন্তর্ভুক্ত করা ছাড়া আর কোন উপায় নেই এবং সেই জন্যই কাশীপুরকে কর্পোরেসনের এলাকার মধ্যে ঢুকিয়ে দেওয়া হয়েছে। আপনাদের মনে রাখা দরকার মানুষের স্বার্থেই এই ব্যবস্থা করতে হয়। আজকে যাদবপুর, বেহালা এবং গার্ডেনরিচকে কর্পোরেশনের মধ্যে আনার ব্যবস্থা যা হচ্ছে তাতে বিরোধীপক্ষের বন্ধুরা বলেছেন, আমরা নাকি ক্ষমতা কেন্দ্রীভূত করছি। আমাদের মনে রাখা দরকার এই এলাকার নাগরিকদের ন্যূনতম প্রয়োজন মেটাবার ক্ষমতা তাদের ছিল না বলেই এগুলোকে কর্পোরেসনের মধ্যে আনা হচ্ছে। আমরা লক্ষ্য করেছি কংগ্রেস আমলে কর্পোরেসন এবং পৌরসভার মাধ্যমে নাগরিকদের পেছনে মাথাপিছু যে ব্যয় হোত বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর মাথাপিছু সেই ব্যয়ের পরিমাণ বেড়েছে। তবে এটা ঠিক কথা, কর্পোরেসন এবং পৌর এলাকার মধ্যে যদি বিচার করি তা হলে দেখব কর্পোরেসনের এলাকায় যে নাগরিকরা বাস করেন তাঁদের জন্য ব্যয় বেশী হয়। আজকে যাদবপুর, বেহালা এবং গার্ডেনরিচ মিউনিসিপ্যালিটিকে কর্পোরেসনের সঙ্গে যুক্ত করা হয়েছে, কিন্তু বরাহনগর, দক্ষিণ দমদম এলাকা যেটা কর্পোরেশনের সঙ্গে লাগোয়া, যেখানকার মানুষের সঙ্গে কোলকাতার দৈনন্দিন যোগাযোগ রয়েছে সেগুলোকে কিন্তু এখনও কর্পোরেসনের সঙ্গে যুক্ত করা হয়নি। অবশ্য মন্ত্রিমহাশয় বলেছেন, কোলকাতা মেট্রোপলিটন এরিয়াকে তিনি রূপ দেবার চেষ্টা করবেন এবং প্রয়োজনবোধে এগুলির কথাও চিন্তা করা হবে। আমরা জানি বহুদিন পূর্বে পলতায় যে ওয়াটার ওয়ার্কস্ তৈরী হয়েছে তার মাধ্যমে কোলকাতার লক্ষ লক্ষ নাগরিককে জল সরবরাহ করা হয়। এই ৭২ ইঞ্চি পাইপ বরানগরের বুকের উপর দিয়ে আসা সত্বেও বরানগরের মানুষ কিন্তু সেই

জল পায়না। পৌরমন্ত্রী মহাশয় বলেছেন বরাহনগর এবং কামারহাটির জন্য তিনি ওয়াটার ওয়ার্ক করবার চেষ্টা করবেন। নাগরিক জীবনের ন্যূনতম প্রয়োজন হচ্ছে রাস্তাঘাট, নালা, আণ্ডারগ্রাউণ্ড পায়খানা এবং সুস্থ নাগরিক জীবন যদি অক্ষুন্ন রাখতে হয়, ব্যাধির হাত থেকে যদি তাদের মুক্ত রাখতে হয় তাহলে এগুলি একান্ত প্রয়োজন। আজকে সি এম ডি এ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের মাধ্যমে পরিকল্পনাগুলি যেভাবে এগিয়ে যাচ্ছে তাতে কোলকাতার পার্শ্ববর্তী এলাকাগুলি যদি কর্পোরেসনের মধ্যে আসে তাহলে আমি মনে করি নাগরিকদের উন্নতিকল্পে যে প্রতিশ্রুতি এই সরকার দিয়েছিলেন সেটা পালন করা হবে। এস ইউ সি-র বন্ধুরা বলেছেন আমরা একটা বিশেষ উদ্দেশ্যে এই ৩টি এলাকাকে কর্পোরেশনের সঙ্গে যুক্ত করতে চাচ্ছি। আমার বক্তব্য হচ্ছে, আগামী দিনে মানুষের রায়ে প্রমানিত হবে আমরা জনগণের স্বার্থে কাজ করেছি কি করিনি। বিগত দিনে এস ইউ সি-র যে সদস্য সংখ্যা ছিল বর্তমানে তা কমেছে অর্থাত জনসাধারণ তাঁদের বিচ্ছিন্ন করেছে। কর্পোরেসনের নির্বাচনেও তাঁদের ওই অবস্থা হবে—কিন্তু বামফ্রণ্টের জয় অব্যাহত থাকবে।

[7-30—7-40 p.m ]

সেই জন্য আজকে কলকাতার যে লাগোয়া এলাকা আছে, সেইগুলোকে এই বিলের মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী মহাশয় কর্পোরেশনের আওতার মধ্যে আনতে চাইছেন, আমি তাঁকে সমর্থন করছি। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো, সেটা হচ্ছে ক্যালকাটা কর্পোরেশনের অন্তর্ভুক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সেই এলাকার নাগরিকরা উপলব্ধি করতে পারবেন যে অর্থনৈতিক দিক থেকে, অর্থাৎ ট্যাক্স দেবার ক্ষেত্রে এবং সুযোগ সুবিধা পাওয়ার ক্ষেত্রে তাদের মধ্যে যেন কোন বৈষম্যমূলক আচরণ না করা হয়। কারণ তাঁরা একটা নুতন এলাকার লোক, পিছিয়ে পড়া এলাকার লোক, সেদিকে যেন একটা সতর্ক দৃষ্টি রেখে, সেই এলাকার উন্নয়নমূলক কাজগুলো করতে পারি, সেদিকে আমি মাননীয় পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, তিনি যেন সেদিকে লক্ষ্য রাখেন। এই কথা বলে, তিনি যে সংশোধনী বিল এনেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন, তাকে সমর্থন করতে গিয়ে দু একটি কথা বলতে চাই। কেন আমরা সমর্থন করছি, প্রশ্ন কিছু উঠেছে, এখানে আলেচনা হচ্ছে, এস. ইউ. সি. সদস্য হাত গুনে বলেছেন যে কলকাতা শহরে পৌর নির্বাচন হলে বামফ্রণ্ট নাকি হেরে যেত। এর জন্য নাকি এলাকা বাড়ানো হচ্ছে। সংখ্যা তত্ত্বের হিসাব দিয়ে যদি তিনি বলতেন, যদি তিনি বোঝাতে পারতেন যে কলকাতা শহরে আমরা হেরে যাচ্ছি, তাহলে ব্যাপারটা বিশ্বাসযোগ্য হতো। সংখ্যা তত্ত্বের যে হিসাব আমরা পাই, কলকাতা শহরে ১৯৮২ সালের শেষ সাধারণ নির্বাচন যা হয়েছিল তাতে বামফ্রণ্ট ভোট পেয়েছিল ৪৮.৪৭ পার্সেণ্ট। আর কংগ্রেস ভোট পেয়েছিল ৪৬.৪৫ পার্সেণ্ট। এই হচ্ছে সংখ্যাতত্ব কলকাতা শহরের ভোটের। বামফ্রণ্ট এখনও পর্যান্ত ১৯৮২ সালের নির্বাচনে এগিয়ে রয়েছে। ১৯৭৭ সালের হিসাব যদি আমরা দেখি, ১৯৭৭ সালে যে ভোট বামফ্রণ্ট

কলকাতা শহর থেকে পেয়েছিল, তার থেকে বিভিন্ন সময়ে বাড়তে বাড়তে একটা সংখ্যায় গিয়ে পেঁীচেছে। কলকাতা শহরে এখনও পর্য্যন্ত বামফ্রন্ট সরকার এগিয়ে আছে। বিভিন্ন পর্য্যায়ে ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্য্যন্ত যে ভোটের সংখ্যাতত্ব আছে, সেই সংখ্যাতত্ব দিয়ে এখনও পর্য্যন্ত প্রমাণ হয়, বিভিন্ন পর্য্যায়ে যদি দেখা যায়, তাহলে আমরা দেখতে পাবো যে এখনও পর্য্যন্ত বামফ্রন্ট সবচেয়ে বেশী ভোট পেয়েছে এবং সেদিক থেকে কোন আশঙ্কা করার কারণ নেই। অন্য দিকে যদি দেখি, ক্যালকাটা কর্পোরেশনের নির্বাচন যা এতদিন হয়েছে, তাতে আমরা দেখেছি বিভিন্ন সময়ে বামফ্রন্ট বিভিন্ন জায়গা থেকে তার শক্তিকে বৃদ্ধি লাভ করিয়েছে। ১৯৫২ সালে কর্পোরেশনের নির্বাচনে কংগ্রেস পেয়েছিল ৪৩টি, ইউ. সি. সি. পেয়েছিল ২০টি এবং নির্দল পেয়েছিল ১২টি। ১৯৫৭ সালে আবার কর্পোরেশনের নির্বাচন হলো, কংগ্রেস পায় ৪২, ইউ. সি. সি. ২৬, এবং ইণ্ডিপেণ্ডেণ্ট পায় ১২টি। ১৯৬১ সালের নির্বাচনে কংগ্রেস পায় ৪০, ইউ. সি. সি. পায় ৩১টি এবং ইণ্ডিপেণ্ডেণ্ট পায় ৯টি আসন। ১৯৬৫ সালে সিট বেড়ে ১০০টি হয়, সেই সময় কংগ্রেস ৪৯, বিমান মিত্রের একটা গ্রুপ ছিল, তারা পেয়েছিল ৮টি আসন, ৩৫টি ইউ. সি. সি. এবং আটটি নির্দল পায়। আর ১৯৬৯ সালে ১০০টি সিটে নির্বাচন হয়, তাতে কংগ্রেস নেবে আসে ২২টি আসনে, ইউ. এফ. পায় ৭১, একটা ফরওয়ার্ড বুকে সাপোর্টেড ক্যাণ্ডিডেট এবং আটটি নির্দল এবং দুজন জনসংঘ।

তারপর সংখ্যাতত্ব দেখিয়ে আমি এই কথা বলবার চেষ্টা করেছি যে ১৯৫২ সাল থেকে এ পর্যন্ত কলকাতা করপোরেশনের নির্বাচনে বিভিন্ন ক্ষেত্রে কংগ্রেসের সিট কমেছে, বামফ্রন্টের সিটের সংখ্যা বিভিন্ন ক্ষেত্রে বেড়েছে এবং বাড়তে বাড়তে একটা জায়গায় এসে পেঁীছেছে। কাজেই বামফ্রন্টের কাউনসিলারের সংখ্যা কখনই কংগ্রেসের থেকে কম ছিল না, সব সময় বেশীই ছিল বলা যায়। কাজেই কতকগুলি মনগড়া কথা বলে সাধারণ মানুষকে ভুল বোঝান যায় না, যাবে না। কয়েকটি কারণের জন্য বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। গার্ডেনরিচের এম. এল. এ. নতুন নির্বাচিত হয়ে এসেছেন। ওরা তো এখানে অনেক চেঁচামেচি করে চলে গেলেন—আমি এই প্রসঙ্গে একটি কথা আপনার মাধ্যমে হাউসে উপস্থিত করতে চাই। রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ ব্যানার্জি এক সময় সিদ্ধান্ত নিয়েছিলেন এবং সেই সিদ্ধান্ত কার্যকরীও হয়েছিল এবং সেই সময় ক্যালকাটা কর্পোরেশনের মধ্যে কাশীপুর মানিকতলা যুক্ত হয়েছিল এবং গার্ডেনরিচ মিউনিসিপ্যালিটিকেও কর্পোরেশনের মধ্যে যোগ করা হয়েছিল। তারপর কি কারণে জানি না গার্ডেনরিচ মিউনিসিপ্যালিটি অন্য জায়গায় চলে যায়। কাজেই রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ ব্যানার্জি গার্ডেনরিচ মিউনিসিপ্যালিটিকে ক্যালকাটা কর্পোরেশনের মধ্যে নিয়ে আসার চেষ্টা করেছিলেন এবং সেই চেষ্টা সফলও হয়েছিল। শুধু কেবলমাত্র কয়েকটি ভেগ কথা বলে এই ভাবে হৈচৈ করে এ্যামেণ্ডমেণ্ট বিলের বিরোধিতা করে বেরিয়ে চলে যাওয়া ঠিক নয়। আমি বিলটিকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। তাদের রাগটা কোথায়? ঠিকা টেনেন্সি এ্যাক্টে তাদের যেসব সুযোগ সুবিধা দেবার কথা বলা হয়েছে তা যদি দিতে হয় তাহলে এ্যামেণ্ডমেণ্ট দরকার। তারাও ট্যাক্স দেয়। এটা না হলে তারা সেই সুযোগ সুবিধা পায় না। বস্তির এ্যাসেস-

মেণ্ট করে ঠিকা টেনেণ্টদের সুযোগ দিতে হবে। এতে ট্যাক্সের স্ল্যাব কমে যাবে। ঠিকা টেনেন্সি এ্যাক্টের সঙ্গে এর একটা রেলিভ্যান্সি আছে। ক্যালকাটা কর্পোরেশন আইনের পরিবর্তন দরকার। জমিদারদের স্বার্থ রক্ষা করতে পারল না, তারপরে আবার এই ক্যালকাটা কর্পোরেশন এ্যামেণ্ডমেণ্ট বিল এসেছে, সেই জন্যই ওদের গায়ে এত জ্বালা ধরেছে। তাই সকলে এক সঙ্গে চেঁচামেচি করতে করতে বেরিয়ে চলে গেলেন। কলকাতা শহরের জমিদারদের স্বার্থ রক্ষা করতে পারব না ভেবেই সকলে চেঁচামেচি করে বেরিয়ে চলে গেলেন। স্যার, ওরা কেবল পাগলা মেহের আলির মত 'সব ঝুটা হ্যায়' বলে চীৎকার করছেন। কিন্তু বামফ্রণ্ট পশ্চিমবাংলার বুকে থাকছে, থাকবে, কর্পোরেশন ইলেকসনে জিতবে এবং ওদের মুখে চুন কালি দিয়ে বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে এগিয়ে যাবে। 'সব ঝুটা হ্যায়' বলা ছাড়া ওদের মুখে আর কিছুই বলার নেই। এই কথা বলে বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযামিনী ভূষণ সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন ওরা তো নেই, আমার অনেক কিছু বলার ছিল। এখানে কতকগুলি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলেন। তারা তো সকলে ওয়াকআউট করে চলে গেছেন, কিন্তু ওখানে একজন বসে আছেন, এই সম্পর্কে তার কাছে কিছু বলতে চাই। 'রতনে রতন চেনে' —তারা যে যুক্তি দেখিয়ে চলে গেলেন, আমি সেই বিষয়ে কোন গুরুত্ব দিতে চাই না। আমি শুধু পুরানো প্রসিডিংসের একটি আলোচনা এখানে উল্লেখ করব। কেননা, মাননীয় অজিত পাঁজা মহাশয়-এর তরফ থেকে এই এ্যামেণ্ডমেণ্টগুলি দেওয়া হয়েছিল। সারকুলেসানের কথা বলা হয়েছে এবং একটি কমিটি করার কথাও বলা হয়েছে। আমি এই বিলকে সমর্থন করতে গিয়ে ওরা যখন সরকারে ছিলেন সেই সময়কার প্রসিডিংস থেকে একটি প্রশ্নের জবাবে কি বলেছিলেন অজিত পাঁজা মহাশয় সেটা উল্লেখ করেই আমার বক্তব্য শেষ করব। কলকাতার বৃহত্তর পৌরসংস্থা গঠন — প্রসিডিংস অব দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলী এ্যাসেম্বল্ড আণ্ডার দি প্রভিসন্স অব দি কনসটিটিউসন অব ইণ্ডিয়া দি এ্যাসেম্বলী মেট ইন দি এ্যাসেম্বলী হাউস, ক্যালকাটা, অন ফ্রাইডে, দি ১৬থ ফেব্রুয়ারী, ১৯৭৩, এ্যাট ১ পি. এম.। ষ্টার্ড কোশ্চেন — 'কলকাতার বৃহত্তর পৌরসংস্থা গঠন' —

**শ্রীঅশ্বিনী রায় :** মিউনিসিপ্যাল সার্ভিস বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন — ইহা কি সত্য যে, কলকাতা ও পার্শ্ববর্তী পৌরসভাগুলিকে যুক্ত করে কলকাতার বৃহত্তর পৌরসংস্থা গঠন প্রকল্প সরকার গ্রহণ করেছেন এবং সত্য হলে — (১) প্রকল্পের বিবরণ, (২) কবে নাগাদ প্রকল্প কার্যকরী হবে বলে আশা করা যায় ?

[7-40—7-50 p.m.]

**শ্রীঅজিত কুমার পাঁজা মহাশয় বলছেন** (ক) প্রকল্প সরকার বিবেচনা করছেন। (খ) (১) ও (২) এখন বলা যাচ্ছে না। আমি এর পর যে সব অতিরিক্ত প্রশ্ন হয়েছে সেগুলি পড়ে দিচ্ছি।

**শ্রীঅশ্বিনী রায় :** এই যে পৌরসভাগুলিকে নিয়ে একটা পৌরসভা করা কি কারণে এই রকম প্রকল্পের কথা বিবেচনা করা হচ্ছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** কারণ সি. এম. ডি.-এ.-র এলাকা নিয়ে অনেক কাজ ক্যালকাটা কর্পোরেসনের মধ্যে এবং পার্শ্ববর্তী পৌরসভাগুলির মধ্যেও হচ্ছে। যাতে এই সমস্ত কর্পোরেসান যেটা কলকাতায় রয়েছে এবং মিউনিসিপ্যালিটি যেগুলি পার্শ্ববর্তী এলাকায় রয়েছে ঠিকমত কাজ করতে পারে, কো-অর্ডিনেশান থাকে এবং কাজ খুব তাড়াতাড়ি হতে পারে তারজন্য প্রকল্প বিবেচনা করা হচ্ছে।

**শ্রীঅশ্বিনী রায় :** এরকম প্রকল্পের কথা বিবেচনা করবার সঙ্গে সঙ্গে বিভিন্ন এলাকার উন্নয়নের দিক থেকে যে তারতম্য রয়েছে সেকথা ভেবে উন্নয়নের দিক থেকে সকলকে একই পর্যায়ে আনার কথা ভেবেছেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** প্রকল্প যখন সরকার বিবেচনা করছেন তখন যেখানে যেখানে যে যে সুবিধা এবং অসুবিধা হচ্ছে এবং দেখা দিতে পারে সেগুবি সবই বিবেচনা করা হচ্ছে।

**শ্রীঅশ্বিনী রায় :** এই যে প্রকল্পের কথা ভাবছেন এটা কোন স্তরে আছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** এ ক্ষেত্রে ঠিকমত প্রশ্ন চালু করতে গেলে বিদেশে যে রকম আছে এবং এ দেশে যে রকম পৌরসভা এবং সংস্থা আছে সেগুলিকে কো-অর্ডিনেসান করলে কি সুবিধা এবং অসুবিধা হতে পারে সেগুলি সব দেখা হচ্ছে।

**ডাঃ এ. এম. ও. গণি :** মন্ত্রীমহাশয় একটু ক্লারিফাই করে বলুন যে কাজের সুবিধার জন্য এই যে প্রকল্প করেছেন তাতে ক্যালকাটা কর্পোরেসন এবং মিউনিসিপ্যালিটি কনসানর্ড যেগুলি আছে তাদের নিয়ে কি সংস্থা তৈরী করা হবে, না তাদের বাদ দিয়ে করা হবে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** আমি বলেছি যে বিবেচনাধীন রয়েছে। যা হোক, একই সঙ্গে নেওয়া হবে, না আলাদা করে নেওয়া হবে তাতে এটুকু বলতে পারি যে যাতে জনসাধারণের সুবিধা হবে সেইভাবেই করা হবে।

**শ্রীনিতাই পদ সরকার :** এর মধ্যে কল্যানী এবং চাকদা মিউনিসিপ্যালিটি ধরা হবে কিনা বলবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** নোটিশ দিলে বলতে পারি।

**শ্রীআলি আন্সার :** মন্ত্রীমহাশয় জানাবেন কি, এর মধ্যে হাওড়া মিউনিসিপ্যালিটিকে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা ?

**শ্রীঅজিত কুমার পাঁজা :** হাওড়া নিশ্চয়ই হইবে, কারণ কাছেই রয়েছে।"

স্যার, তাহলে দেখতে পাচ্ছেন এটা ১৯৭৩ সালের পরিকল্পনা। সরকারেরই পরিকল্পনা। তখন ওরাই সরকারে ছিলেন। আজকে অজিত পাঁজা মহাশয় যিনি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন তিনিই সেই সময় এই পরিকল্পনা করেছিলেন। তাঁরা সেই পরিকল্পনা কার্যকরী করেননি, আমরা সেটা করতে যাচ্ছি এত বছর বাদে। স্যার, আমি আগেই বলেছি, 'রতনে রতন চেনে'। ওঁরা যাঁকে দায়িত্ব দিয়ে চলে গিয়েছেন তিনি বলেছেন, নির্বাচনে জেতার জন্য আমরা এই কাজ করছি। স্যার, যে মিউনিসিপ্যালিটিগুলি নেওয়া হচ্ছে তার জনসংখ্যা হচ্ছে ৮ লক্ষ ৪২ হাজার ৩৩৭। উনি এই

প্রসঙ্গে তাদের রায় নেবার কথা বলেছেন। উনি স্ববিরোধী কথা বলছেন। একদিকে বলছেন, আমরা নির্বাচনে জেতার জন্য এই কাজ করছি অতএব তাদের এ সম্পর্কে রায় নেওয়া হোক আবার অপর দিকে বলছেন, ওঁরা ঢুকলে ওঁরা আমাদের পক্ষে রায় দেবেন।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেবপ্রসাদ সরকার মহাশয় এই বিল সম্বন্ধে বললেন যে, আমরা রাজনৈতিক উদ্দেশ্যে বা রাজনৈতিক কারণে সংযুক্তি-করণের প্রস্তাব এনেছি। এখন আমি এ সম্বন্ধে কিছু বলব। আমার প্রথম কথা হচ্ছে '৭৭ সাল থেকে নতুন পর্য্যায়ের নির্বাচন হচ্ছে। '৭৭ সালের লোকসভা নির্বাচনের পর কেন্দ্রে জনতা দলের সরকার হয়েছিল। তারপরে ঐ '৭৭ সালে যখন পশ্চিমবঙ্গে বিধানসভার নির্বাচন হয় তখন জনতা দল বামফ্রণ্টের সাথে ছিল না। অর্থাৎ তখন নির্বাচনে বামফ্রন্ট, কংগ্রেসে এবং জনতা আলাদা আলাদা ভাবে প্রতিদ্বন্দ্বিতা করেছিল। সেই নির্বাচনে কি অবস্থা হয়েছিল? বামফ্রন্ট পেয়েছিল শতকরা ৪২'৯৮ ভাগ ভোট। কংগ্রেস পেয়েছিল ২৪'৯৯ ভাগ ভোট। জনতা দল পেয়েছিল ২৭'৮৫ ভাগ ভোট। এটা জানা দরকার যে, ঐ নির্বাচনে যদিও অধিকাংশ আসনেই বামফ্রন্ট জয়ী হয়েছিল, তা সত্বেও সে সময়ে বামফ্রন্ট কিন্তু ৫০ শতাংশও ভোট পায়নি। আর কলকাতার শুধু দুটি মাত্র আসনে, বেলেঘাটা এবং কবিতীর্থ আসনে বামফ্রন্ট ৫০ ভাগ ভোট পেয়েছিল। তার পরে '৮০ সালের ঘটনা কি? আপনাদের নিশ্চয়ই মনে আছে যে, '৮০ সালের আগেই কেন্দ্রে জনতা দলের সরকারের পতন হলো। জনতা দলের সরকারের যে কারণে পতন হয়েছিল তার মধ্যে আমি যাচ্ছি না। কিন্তু পশ্চিমবাংলায় '৮০ সালের লোকসভা নির্বাচনে দেখা গেল যে, যারা এক দিন জনতা দলকে সমর্থন করে-ছিল, তারা কংগ্রেসকে সমর্থন করতে শুরু করেছে। কিন্তু আমাদের বামফ্রণ্টের '৮০ সালের নির্বাচনে ভোট বেড়েছিল '৭৭ সালের তুলনায়। '৮০ সালে কংগ্রেস পেয়েছিল ৪২'২৪ শতাংশ ভোট, জনতা দল পেয়েছিল ৯'৫ শতাংশ ভোট। অথচ '৭৭ সালে জনতা পেয়েছিল ২৭'৮৫ শতাংশ ভোট, অর্থাৎ ১৮ শতাংশ কম পেয়েছিল। আর কংগ্রেস '৭৭ সালে পেয়েছিল ২৪ শতাংশ এবং '৮০ সালে জনতার যেটা কমে গেল ১৮ শতাংশ, সেটা মিলিয়ে, দুটো এক করে হলো ৪২ শতাংশ। অর্থাৎ জনতা দলের ভোটটা কংগ্রেসের দিকে চলে গেছে। এই ভাবে ২৪ শতাংশের জায়গায় কংগ্রেস পেল ৪২'২৪ শতাংশ ভোট। অথচ '৮০ সালে বামফ্রন্ট '৭৭ সালের চেয়ে আরো ১% ভোট বেশী পেয়েছে। '৭৭ সালে বামফ্রন্ট পেয়েছিল ৪২'৯৮ ভাগ ভোট, '৮০ সালে পেয়েছিল ৪৩'২৪ ভাগ ভোট। এই সবটাই হচ্ছে কলকাতার নির্বাচনী এলাকা গুলির হিসাব। '৭৭ সালে এখানে বামফ্রন্ট শতকরা ৫০ ভাগের বেশী ভোট পেয়েছিল মাত্র দুটি কেন্দ্রে, আর '৮০ সালের ভোটের হিসাবে দেখা গেল যে, বামফ্রন্ট কলকাতার পাঁচটি কেন্দ্রে শতকরা ৫০ ভাগের বেশী ভোট পেয়েছে। সেই পাঁচটি কেন্দ্র হচ্ছে, (১) মানিকতলা, (২) বেলেঘাটা, (৩) এন্টালি, (৪) বেলগাছিয়া (পূর্ব) এবং ঢাকুরিয়া। আর আমরা, বামফ্রন্ট ১৯৮২ সালের বিধানসভা নির্বাচনে আরো বেশী ভোট পেয়েছি। অবশ্য '৮২ সালে কংগ্রেসের তুলনামূলকভাবে কিছু ভোট বেড়েছে, কিন্তু আমাদের অনেক বেশী বেড়েছে। '৮০ সালে কংগ্রেস পেয়েছিল ৪২'২৪, '৮২ সালে সেখান থেকে

বেড়ে হয়েছিল ৪৫'৩৪। আর আমাদের কি হলো? '৮০ সালে আমরা পেয়েছিলাম ৪৩'২৪, সে জায়গায় '৮২ সালে হলো ৪৯'৯৩ শতাংশ ভোট। আর '৮০ সালে আমরা মাত্র ৫টি আসনে শতকরা ৫০ ভাগের বেশী ভোট পেয়েছিলাম, সে জায়গায় ১৯৮২ সালে আমরা ১০টি আসনে শতকরা ৫০ ভাগের বেশী ভোট পেয়েছি। এর থেকে পরিষ্কার দেখা যাচ্ছে যে, ৭৭, ৮০ এবং ৮২ সালে যে নির্বাচন হয়েছে তাতে আমাদের বামফ্রন্টের ভোট বেড়েছে এবং কংগ্রেসেরও ভোট বেড়েছে, কিন্তু তুলনামূলকভাবে আমাদের বেশী বেড়েছে। শুধু তাই নয় কংগ্রেস যেটা পেয়েছে সেটার বিরাট অংশ হচ্ছে যারা '৭৭ সালে জনতাকে সমর্থন করেছিল তাদের। এখন ভোটের সংখ্যাটা যদি আমরা তুলনা করে দেখি, তাহলে দেখব যে, ১৯৮২ সালে কংগ্রেস পেয়েছিল মোট ৬ লক্ষ ১ হাজার ১৯২টি ভোট,আর বামফ্রন্ট পেয়েছিল ৬ লক্ষ ৯১ হাজার ৯১৯টি ভোট।.

[7-50—8-00 p.m.]

আর জনতার সাথে যদি তাদের মিত্র শক্তি, জনতার সব আমরা যোগ করে দেখি তাহলে তাঁরা পেয়েছেন ৬ লক্ষ ৪৫ হাজার ৫৪৮ আর আমারা পেয়েছি ৬ লক্ষ ৯১ হাজার ৯১৯, অর্থাত তাতেও আমরা দেখছি ৪৬ হাজার ৩৭১ ভোট আমরা পেয়েছি। কংগ্রেসের সাথে ব্যবধান আমাদের ৯০ হাজার ৭২৭। আর কংগ্রেসের সাথে যদি সবাইকে যোগ করা যায় তহেলে আমাদের হয় ৪৬ হাজার ৩৭১। তাহলে আপনারা দেখুন রাজনীতি করনের কথা দেবুবাবু বললেন, এগুলো একটু বিশ্লেষন করে দেখুন আমাদের ক্ষমতা হ্রাস হয়নি, আমাদের ক্ষমতা বেড়েছে। আমাদের মাননীয় সদস্য লক্ষ্মী দে মহাশয় আপনাদের সামনে আর একটি তথ্য দিয়েছেন যে কর্পোরেশনের হিসারটা কি? কর্পোরেশনে কি আমরা দিনে দিনে দুর্বল হয়ে পড়েছি? কর্পোরেশনের নির্বাচন ধরুন, ১৯৫২ সালে নির্বাচন হল, আসন সংখ্যা ছিল ৭৫, কংগ্রেস পেয়েছিল ৪৩, আর আমরা ইউ. সি. সি. তে যারা ছিলাম, আমরা পেয়েছিলাম ২০। ১৯৫৭ সালে আসন সংখ্যা ছিল ৮০, কংগ্রেস ৪২, আমরা ইউ. সি. সি. ২৬, ১৯৬১ সালে আসন সংখ্যা ছিল ৮০, কংগ্রেসে ৪০, আমরা ৩১, ১৯৬৪ সালে ১৯৬৫ সালে নির্বাচনের আগে ঐ ৮০টি সিট বাড়িয়ে একই বেলায় ১০০ সিট করে ফেললেন। যাই হোক কংগ্রেস পেল ৪৯, আর আমরা ইউ. সি. সি পেল ৩৫, আর প্রোগ্রেসিভ ইউ. জি. সি বুক ৮। তাহলে ৪৯, ৩৫ আর ৮ আপনারা ধরতে পারেন ৪৩, ১৯৬৭ সালে কি হল তারপর ১৯৬৯ সালে সেই ১০০টি আসন, ১৯৬৫ সালের নির্বাচন যা হল ৬৯ সালে ইউনাইটেড ফ্রন্ট আমরা পেলাম ৭২টি আসন যা কংগ্রেস পেল ২২টি। তাহলে ১৯৫২ সাল থেকে যত নির্বাচন হয়েছে নির্বাচনের গতি প্রকৃতি যদি দেখেন তাহলে কি দেখবেন? কপোরেশনের নির্বাচনে ধীরে ধীরে কংগ্রেসের অবক্ষয় হচ্ছে, আর আমাদের ইউ. সি. সি. এবং পরবর্তীকালের যুক্তফ্রন্ট আর তারপরে বামফ্রন্ট আমরা ধীরে ধীরে শক্তি বৃদ্ধি করছি। সুতরাং আমাদের তো কোন রাজনৈতিক কারণে এখন সংযুক্তি করণের প্রয়োজন নেই এবং যেকথা একটু আগে মাননীয় যামিনী সাহা মহাশয় বলেছেন তার ইতিহাসটা একটু দিতে চাচ্ছি। কলকাতা কর্পোরেশনের ইতিহাসে কি করে ধীরে

ধীরে নতুন নতুন এলাকায় সংযুক্তি করণ হল এটা—আমার মনে হয়—জানা দরকার। না হলে দেবু বাবু যিনি ব কলমে কংগ্রেস আছেন, কংগ্রেসের নীতি অনুসরণ করেন—ওঁরা যখন এখন নেই, তখন উনিই শুনিয়ে দেবেন কংগ্রেসী দলকে—আমি তাঁর সামনে বলতে চাই, কর্পোরেশনের এলাকা ১৮৮৮ সালে ছিল আপনারা যাকে বলেন সার্কুলার রোড এখন যেটা আচার্য জগদীশ বোস রোড এবং আচার্য প্রফুল্ল চন্দ্র রায় রোড এই যে রাস্তাটা মিলেছে এটা ছিল ১৮৮৮ সাল পর্যন্ত এর সীমানা। আমরা ১৮৮৮ সালে কর্পোরেশনের ইতিহাসে দেখতে পাই পূর্ব দিকে এণ্টালী, বেনেপুকুর, ট্যাংরা, তপশিয়া এবং অন্যান্য সমস্ত নোনা জলের অঞ্চল সেটা যুক্ত হল, আর দক্ষিণ দিকে বালিগঞ্জ, ভবানীপুর, কালীঘাট, চেতলা, আলীপুর এবং খিদিরপুর এই গুলি যুক্ত হল। তারপর আপনারা জানেন দীর্ঘদিন চলে গেছে। আপনারা জানেন রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ ১৯২৩ সালে আইন প্রবর্তন করলেন তাতে তিনি সেখানে বললেন যে কাশীপুর, চিৎপুর, মানিকতলা ও গার্ডেনরীচ এবং নিউ ডক এক্সটেনসন বলে আরো একটা এলাকা, তিনি সমস্ত এলাকা তাঁর আইনের মধ্যে এনে যে বিল এখানে আনলেন তার মধ্যেই সংযুক্তি করণের সুপারিশ রাখলেন এবং সেটা গৃহীত হল ১৯২৪ সালে। ১৯২৩ সালের আইন ১৯২৪ সালে সংযুক্তি করা হল যদিও গার্ডেনরীচ পরবর্তী সময়ে কর্পোরেশন থেকে বেরিয়ে গিয়েছিল। আরও আপনারা জানেন ১ ৪৮ সালে ডাঃ বিধানচন্দ্র রায় কর্পোরেশনকে বাতিল করে দেন এবং সি. সি. বিশ্বাসকে বসিয়ে একটা কমিশন করে।।

কমিশন রিপোর্ট দেন। সেই রিপোর্টের মধ্যে দিয়ে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ সাধারণ প্রতিনিধিদের হাতের ক্ষমতা কেড়ে নিয়েছিলেন। ১৯৫১ সালে যে কলকাতা পৌর আইন করেছিলেন তাতে তিনি একজন আমলার হাতে সমস্ত ক্ষমতা তুলে দিয়েছিলেন। সেই ১৯৫১ সালের আইনে কি ছিল ? ১৯৫১ সালে যে আইন পাশ হোল তা কিন্তু তখনই প্রয়োগ হল না। সেটা ১৯৫২ সালের এপ্রিল মাসে চালু হোল। এর এক বছর বাদে ১৯৫৩ সালে তিনি আবার সংশোধনী আনলেন। সংশোধনী এনে টালিগঞ্জ অঞ্চলকে কলকাতা কর্পোরেশনের সঙ্গে সংযুক্ত করলেন। আইন এনেছিলেন ১৯৫১ সালে, কিন্তু সংযুক্তিকরণ ঘটল ১৯৫৩ সালে। আমরা এরপর ১৯৭৯ সালে ধাপা এলাকার একটি অংশকে এর মধ্যে ঢুকিয়েছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আমরা আসছি ১৯৮৩ সালের ব্যাপারে। আমরা তিনটি পৌর এলাকা — যাদবপুর, বেহালা, গার্ডেনরীচকে সংযুক্তিকরণের কথা বলছি। এখানে অনেকেই রাজনৈতিক কারণ দেখেছেন ! আমি এখানে বলছি যে এই সংযুক্তির কথা আমরাই বলিনি। এর বহু আগে ১৯৪৪ সালে বেঙ্গল এ্যাডমিনিস্ট্রেশন এনকোয়ারী কমিটি যা তদানীন্তন লিগ সরকার গঠন করেছিলেন, সেই কমিটি এই পৌরসভাগুলো সম্পর্কে আলোচনা করেছিলেন। সেই সময় অবশ্য টালিগঞ্জও কলকাতা কর্পোরেশনের সঙ্গে যুক্ত হয়নি। সেই সময় বেঙ্গল এ্যাডমিনিস্ট্রেশন এনকোয়ারী কমিটি টালিগঞ্জ, বেহালা এবং গার্ডেনরীচ পৌরসভা সম্পর্কে যে রিপোর্ট দিয়েছিলেন তা আমি একটু পড়ে শোনাচ্ছি। রিপোর্ট অফ দি বেঙ্গল এ্যাডমিনিস্ট্রেশন এনকোয়ারী কমিটি, ১৯৪৪-৪৫-এতে বলা হয়েছে।

South of Calcutta lie three suburban Municipalities, some of which ar already dependent upon the City for a portion of their amenities. If there i to be any planned development of Calcutta, and if the crowded citizens are t be encouraged to live in the suburbs, it appears to us most desirable that thes three Municipalities should be amalgamated with the Calcutta Corporation, an that the very extensive rural areas within their boundaries should be develope as residential sities, with the modern amenities which only a great city ca provide. It has been written that Calcutta is one of the few big cities in th modern world to record no outward movement to the suburban areas, and it i suggested that the explanation is to be found in the bad communications an unhealthy environment in the areas around the city. As a result, the city' centre becomes more congested, whilst around its borders has grown u a belt of slums, effectively discouraging the citizens from making their homes i the countryside beyond.

It has been objected that any increase in the area to be controlled by th Corporation would be unwise ; that the Corporation is big enough already and that its record of administration inspires no confidence. We have n desire to entire into controversy ; we are concerned only with suggestin improvements ; and it is our belief that no great city can develop satisfactoril if it is hedged in by malarious villages, and by local bodies which have no the resources to undertake substantial schemes of development.

If this recommendation is not accepted, we would urge that the sou thern Municipalities should consider the advisability of uniting amongs themselves.

[8-00—8-10 p.m.]

এটা হচ্ছে তখনকার লীগ সরকারের। তাঁরা বলেছিলেন, এই ব্যবস্থা না গ্রহণ করলে কলকাতা কখনই বাঁচতে পারে না। আমরাও একই কথা বলছি। ১৯৭১-৮১ সাল পর্যন্ত কলকাতার গ্রোথ রেটটা কি তা একবার দেখুন। গ্রোথ রেটটা একবার নিন দেখবেন, জনসংখ্যা বৃদ্ধি হয়নি এমন বছর খুঁজে পাবেন না। কলকাতার উপকণ্ঠে যে সব পৌর প্রতিষ্ঠানগুলি আছে, তাদের জনসংখ্যা বৃদ্ধির কথা আমরা জানি। আজকে কলকাতাকে যদি বাঁচিয়ে রাখতে হয়, তাহলে পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে আমাদের যেতে হবে এবং সেই সমস্ত অঞ্চলগুলির ডেভালপমেণ্টের মধ্যে দিয়েই কলকাতার ঘনবসতি এলাকাগুলির খানিকটা সুরাহা আমরা করতে পারি। আপনারা জানেন, প্রতিদিন কলকাতার বুকে ১৫ লক্ষ মানুষ আসেন এবং তার ফলে কলকাতা শহরের যে অবস্থার সৃষ্টি হচ্ছে, আজকে এই অবস্থার মোকাবিলার জন্য আমাদের দরকার হচ্ছে কলকাতার মধ্যে থেকে কিছু কিছু অফিসকে পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে স্থানান্তরিত করা। এই কাজ যদি আমরা করতে পারি, তবেই আমরা সেখানকার নাগরিক জীবনকে স্বাচ্ছন্দ দিতে পারব। এই ভাবে পরিকল্পনা মাফিক ব্যবস্থা গ্রহণ করেই আমরা কলকাতার নাগরিকদের অসুবিধাগুলিকে ধীরে ধীরে দূর করতে পারব। কংগ্রেসী প্রশাসন যখন

বজায় ছিল সেই সময়ে ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয় বৃহত্তর কলকাতা ও কনসেপ্ট নিয়ে এসেছিলেন। আপনাদের নিশ্চয়ই মনে আছে, ১৯৬১ সালে ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেশন গঠন করেছিলেন এবং তার পরেই প্লানিং শুরু হয়েছিল। সেই প্ল্যানিং-এর জন্য তবে কি বলা হবে। ১৯৬৪ সালে কোন কোন এলাকায় প্ল্যানিং হবে, তার জন্য একটা বিল আনা হয়েছিল। বিলটি এনেছিলেন তখনকার মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন মহাশয়। সেই বিল উত্থাপন করার সময়ে যে উদ্দেশ্য নিয়ে বিলটি তিনি এনেছিলেন, তা আমি সংক্ষেপে পড়ে দিচ্ছি। In the meantime extensive developments of lands are being undertaken by the people in the greater Calcutta area in a haphazard manner and unless immediate steps are taken to prevent such haphazard development the task of p'anned development of the area which has been undertaken by the Calcutta Metropolitan Planning Organisation constituted by the State Government by resolution No. such and such dt. the 12th May, 1961 will be rendered extremely difficult. সুতরাং এই যে কনসেপ্ট, এটা আমাদের কনসেপ্ট নয়। আবার এই কনসেপ্ট ডাঃ বিধান চন্দ্র রায় বা প্রফুল্ল চন্দ্র সেন — এঁদের কারোরই নয়। এই ধরণের কনসেপ্ট — শহরকে বাঁচাবার ধারণা — লণ্ডন থেকে আসে। ১৯৬৩ সালে লণ্ডনে এই ধরণের একটা এ্যাক্ট গৃহীত হয়েছিল — 'লণ্ডন এ্যাক্ট, ১৯৬৩' নামে। সেই অনুযায়ী গ্রেটার লণ্ডন কাউন্সিল, সংক্ষেপে যাকে জি. এল. সি. বলা হয়, সেটা গঠিত হয়েছিল। এটি গঠিত হবার পরই তাঁরা ডেভালাপমেণ্টের প্রোগ্রাম শুরু করেছিলেন। আমাদের এখানে সেই অনুসারেই প্রফুল্ল চন্দ্র সেন একটা বিল এনেছিলেন এবং ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেশন গঠিত হয়েছিল। তার পরের বছরই, ১৯৬৫ সালে তিনি ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং এরিয়া ( ইউজ অফ ডেভালাপমেণ্ট অফ ল্যাণ্ড ) কনট্রোল এ্যাক্ট, ১৯৬৫ পাশ হয়েছিল। এই নিয়ে নির্দিষ্ট করে দিয়েছিলেন কলকাতাকে। বৃহত্তর কলকাতার উন্নয়ণের জন্য একটি গণ্ডি আছে। সেই গণ্ডির উন্নয়ণের জন্য সি. এম. পি. ও. কাজ শুরু করে বেসিক ডেভোলাপমেণ্ট প্ল্যান হিসাবে ১৯৬৬ সালে। অর্থাৎ বেসিক ডেভেলাপমেণ্ট প্ল্যানে এই সংগঠন কাজ গ্রহণ করেছিল। তখন মুখ্যমন্ত্রী ছিলেন শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন, সেই সময়ে এই ব্যবস্থার সাথে সাথে আরেকটি আইন প্রণয়ন করেছিলেন ১৮৬৬ সালে — সেটা হচ্ছে ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশান এ্যাক্ট ১৯৬৬। এটি একটি গুরুত্বপূর্ণ অথরিটি। এই অথরিটি নিয়ে ক্যালকাটা করপোরেশান কি বলতে চেয়েছে ? অথরিটি আসার পরে দেখা যাচ্ছে রেজাল্ট হিসাবে যে কংগ্রেসের অবক্ষয় হয়ে আসছে এবং তার জন্য শুধু করপোরেশানের উপর ভরসা করতে পারছে না। এখন তো সি. এম. ডি. এ. হয়েছে আগে সি. এম. পি. ও. ছিল। এখন বুঝতে হবে পারপাস অফ দি গভর্ণমেণ্ট এই করপোরেশানের উদ্দেশ্যটা কি অর্থাৎ কি উদ্দেশ্যে এই করপোরেশান তৈরী হয়েছে — এর উদ্দেশ্য হচ্ছে রাস্তাঘাট তৈরী করা, রাস্তায় রাস্তায় আলো দেওয়া এবং পানীয় জল সরবরাহ করা এবং পয়ঃপ্রণালী ও জঞ্জাল পরিষ্কার করা। এর সঙ্গে বৃহত্তর কলকাতায়

আরেকটি সংগঠন কংগ্রেসী আমলে গড়ে উঠেছিল কেন — সেই সংগঠনের নাম হচ্ছে ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেশান অথরিটি। এই স্যানিটেশান অথরিটির পারপাস কি — Whereas it is expedient to provide for the establishment of an Authority for the maintenance, development and regulation of water-supply, sewerage and drainage services and for the collection and disposal of garbage in the Calcutta Metropolitan District with a view to the promotion of public health and for matters connected therewith ; অর্থাৎ তারা এখানে পানীয় জল দেবেন, স্যানিটারি ড্রেনেজ বা পয়ঃপ্রণালীর ব্যবস্থা করবেন, জঞ্জাল পরিষ্কার করবে এবং জল সরবরাহ করবে ক্যালকাটা করপোরেশানের কাজের সুবিধার জন্য। There is a greater Calcutta administration for the same and for which either Calcutta Corporation or the other municipalities have been organized. তারপরে বাকী যেগুলি ছিল যেমন যাদবপুর মিউনিসিপ্যালিটি, গারডেন রীচ মিউনিসিপ্যালিটি এবং সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটি — এইগুলিকে অরগ্যানাইজড্ করে করপোরেশানের আওতায় আনা হচ্ছে। অবশ্যি এর মধ্যে দমদম এবং বরানগর মিউনিসিপ্যালিটিকে যুক্ত করার পরিকল্পনা ছিল তবে পরে সেগুলিকে বাদ দিয়ে দেওয়া হয়। এবং বরানগর এবং দমদম মিউনিসিপ্যালিটিতে অরগ্যানাইজেশান বসিয়ে দেওয়া হোল তারাই সেই মিউনিসিপ্যালিটিগুলি পরিচালনা করেন। আজকে যারা এই বিলের জন্য চিৎকার করছেন তাদের পূর্বসূরীরাই এই পরিবর্তন এবং সংশোধন করেছেন, নতুন নতুন ভাবে আইন করেছেন। আমরা শুধু তার সংশোধনই করছি। আমি আগেও বলেছি এবং এখনো বলছি যে সরকারী ভাবে আর্থিক উন্নয়নের জন্য কলকাতাকে বুঝতে হবে। বাইরের অঞ্চলগুলিকে এর সাথে যুক্ত করতে হবে। কলকাতাকে উন্নত করার জন্য এর সম্প্রসারণ একান্ত প্রয়োজন। আজকে কলকাতা সারা পূর্ব ভারতের মধ্যে একমাত্র শহর যেখানে সব রাজ্যের লোক বাস করে। এখানে উত্তর ভারত, উত্তর প্রদেশ প্রভৃতি সব দেশের লোকেরা এখানে এসে হাজির হয়। সারা ভারতবর্ষে কলকাতার মত এমন কোন শহর নেই। আজকে এই কলকাতা শহরটি চাকুরীস্থান, শিল্প, কারখানা, বাণিজ্য, বন্দর সব কিছু এখানে। সেইজন্য মানুষ আকৃষ্ট হয়ে রাস্তায় থাকছে, ফুটপাথে থাকছে, কেউ ঘর করে থাকছে, কেউ আবার ব্যবসা করছে এখানে। সুতরাং কলকাতা এতবড় একটা রিজিয়ানে মানুষ থাকতে না পারে হিনটার ল্যাণ্ড এলাকায় গিয়ে বসবাস করছে। এই বৃহত্তর কলকাতায় বাস করতে না পেরে কলকাতার উপকণ্ঠে চলে যাচ্ছে। সুতরাং কলকাতা শুধু এই পূর্ব ভারতের প্রধান শহর নয় সারা ভারতবর্ষের মধ্যে প্রধান শহর, এর জন্য চিন্তা করতে হবে, ভাবতে হবে।

[8-10—8-21 p.m.]

সঙ্কীর্ণ চিন্তাধারা করে থাকেন তাঁরা কি করে ভাববেন কোলকাতার উন্নয়নের কথা? পার্শ্ববর্তী নাগরিকদের উন্নতির কথা তাঁরা চিন্তা করতে পারেন না। তাঁরা দলীয় রাজনীতি করতে অভ্যস্ত বলে এসব কথা বলেন। গ্রেটার লণ্ডন কাউন্সিল

হয়েছিল এবং তাদের যে ডেভালাপমেন্ট প্রোগ্রাম হয়েছিল তা দেখে ডাঃ রায় এবং শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন বৃহত্তর কোলকাতার কথা চিন্তা করেন। এবং তারপরেই বৃহত্তর কোলকাতার ডেভালাপমেণ্ট প্ল্যান হয়েছিল। তারপরেই ক্রমে ক্রমে সি. এম. ডি. ও, সি. এম. পি. ও. ইত্যাদি করে এক একটা প্ল্যানিং অরগ্যানিজেশান করা হয়। এই সব প্ল্যানিং অরগ্যানিজেশান ছোট ছোট শহরের জন্য পরিকল্পনা করতে পারে সেসব দেখার কথা। সি. এম. ডি. এ. যখন আইনে পরিণত হল তখন সেখানে দেখবেন An act to provide for the establishment of an authority for the formulation and execution of plans. তাকে একজিবিসানের ক্ষমতা দেয়া হল। কিন্তু এটা থাকা উচিত ছিল না। সি. এম. ডি. এ. যদি পরিকল্পনা করে দেয় তাহলে অন্যান্য পৌরসভাগুলি কাজ করতে পারবে। তার কনসেপ্ট এই যে বৃহত্তর কোলকাতার পানীয় জল, ড্রেনেজ, জঞ্জাল পরিষ্কারের কথা তাঁরা বলেছেন এবং পরিকল্পনাকে কার্যকরী করার জন্য সি. এম. ডি. এ. অরগ্যানিজেশান করা হয়। সুতরাং রাজনৈতিক কারণে তাঁরা বলছেন এটা ঠিক হয়নি। তাঁরা যে বলছেন উদ্দেশ্য প্রনোদিত তা ঠিক নয়। এটা হল সমস্ত এলাকার উন্নয়নের জন্য। ১৯২৪ সালে কাশীপুর, মানিকতলা, গার্ডেনরীচ বেরিয়ে গেল। এখন কাশীপুর, মানিকতলার অনেক উন্নয়ন হয়েছে। ১৯৭০ সালে আমরা দেখেছি যদি বৃষ্টি হয় তাহলে কি অবস্থা হয়। কিন্তু আজকে অবস্থার অনেক উন্নতি হয়েছে। ডাঃ রায় ১৯৫৩ সালে টালিগঞ্জ নিয়ে নিলেন। ১৯৫৪ সালে নির্বাচন হল। আমরা পৌর প্রতিনিধি হিসেবে কর্পোরেশানের মধ্যে সংগ্রাম করেছি। টালিগঞ্জ ডেভালাপমেণ্ট করেছি। গার্ডেনরীচ থাকলে তারও উন্নতি হোত। ১৯৫০ সালে বম্বে শহরের বিরাট এলাকা হোল। ১৯৫৭ সালে আবার বিরাট এলাকা তারা গ্রহণ করলো। এই বৃহত্তর বম্বে এলাকার প্রশাসন যে এত সুন্দর আমি খুব কম দেখেছি। তারা এ্যাডমিনিস্ট্রেশান জানে। তাদের আয় শুনলে আপনি অবাক হয়ে যাবেন। ১৯৮০-৮১ সালে ৩৬৩ কোটি টাকা আয়। এখানে সরকারের কোন অনুদান নেই। তাদের মধ্যে বম্বে ষ্টেট ট্রান্সপোর্ট এবং ষ্টেট ইলেকট্রিসিটি আছে। ৩৬৩ কোটি টাকার মধ্যে ১১৩ কোটি টাকা বাদ দিলে ২৫০ কোটি টাকার মত আয়। আর আমাদের কর্পোরশানের ইনকাম হচ্ছে ৩০ কোটি টাকার মত। আর আমাদের ষ্টেট গভর্ণমেণ্ট আরো ৩০ কোটি টাকা দেয়, তবেই কর্পোরেশান চলে। আজকে বোম্বের সাথে যদি আমরা একই হারে ট্যাক্স নিই তাহলে আমরাও এখানে ১৫০/২০০ কোটি টাকা আয় করতে পারি। বোম্বের ট্যাক্স কত জানেন? ১৯৫১ সালের যে আইন সেই আইনে আমাদের এখানে সর্বনিম্ন ট্যাক্স হল ১৫ পার্সেণ্ট, আর ওদের হল ৪১.৯ পার্সেণ্ট। সেখানে কোন স্ল্যাব নেই, ৪০ বছর আগের যে বাড়ী তাদের এই রেট অব ট্যাক্স ছাড়াও আরও ৩৪ শতাংশ দিতে হয়। যাদের বাড়ী ৩০ বছরের তাদের ২৮ শতাংশ দিতে হয়। যাদের বাড়ী ২৬ বছর বা তার চেয়ে কম তাদের ১৮ শতাংশ দিতে হয়। তাহলে ৪১.৯-এর সাথে ৩৪ যোগ করুন, ৪১.৯ এর সাথে ২৮ যোগ করুন এবং ৪১.৯ এর সাথে ১৮ যোগ করুন, শতকরা দাঁড়াচ্ছে ৮৪ ভাগ। তাহলে সেখানে ১০০ টাকায় ৮৪ টাকা ট্যাক্স দিতে হয়। (শ্রীদেবপ্রসাদ সরকার: বোম্বের এ্যামেনিটিজ অনেক বেশী।) আমাদের এখানে দেখুন — ১৯৭৭ সালে যে রাস্তা

দেখেছি আজকে সেখানে স্বর্গরাজ্য হয়েছে। সেই আমলে যা করা হয়েছে তার সঙ্গে আজকে তুলনা করে দেখুন দেখবেন স্বর্গরাজ্য হয়েছে। আমরা একথা বলতে পারি এই কয়েক বছরে আমরা কাজ করেছি আমরা কাজ করতে চাই, আমরা বিভিন্ন এলাকার উন্নয়ন চাই। সাধারণ মানুষ বামফ্রন্ট সরকারকে জনগণের সরকার বলে। সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটি, গার্ডেনরিচ মিউনিসিপ্যালিটি, যাদবপুর মিউনিসিপ্যালিটির মানুষের স্বাচ্ছন্দ্য পাওয়া দরকার। আজকে যদি তারা কর্পোরেশানের সাথে আসে তা হলে অনেক বেশী স্বাচ্ছন্দ্য সুযোগ পাবে। কিন্তু তাদের বিভ্রান্ত করা হচ্ছে এই করে যে কর্পোরেশানে এলে তাদের অনেক বেশী ট্যাক্স বেড়ে যাবে এখন যে ভ্যালুয়েশান আছে তার চেয়ে। ক্যালকাটা কর্পোরেশানে এসে শতকরা ৬০ ভাগ বাড়ীর ট্যাক্স লাগবে না। কারণ, মিউনিসিপ্যাল এলাকার এগজেম্পসান হল ১০০ টাকা। ক্যালকাটা কর্পোরেশানের যে আইন করেছি তা'ত সেখানে এলে তাদের ছাড় হবে ৩০০ টাকা, তাতে শতকরা ৬০ ভাগ বাড়ীর ছাড় হয়ে যাবে, সেখানকার নাগরিকদের উন্নয়ন হবে, সেজন্য এই এলাকাগুলি আমরা সংযুক্ত করতে চাচ্ছি। এখানে কোন রাজনৈতিক উদ্দেশ্য নেই, কিন্তু তাঁরা সাধারণ মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Debi Prasad Sarkar that the Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1983, be circulated for the purpose of eliciting opinion thereon, were then put and lost.

The motion of Shri Prasanta Kumar Sur that the Calcutta Municipal corporation (Amendment) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 to 19

The question that Clauses 1 to 19 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 20

**Mr Speaker :** There is an amendment on Clause 20 by Shri Niranjan Mukherjee (Amendment No 7). Shri Mukherjee may move his amendment.

### Clause 20

**Shri Niranjan Mukherjee :** Mr. Speaker, Sir, I beg to move that in clause in Schedule II, in—

(i) **Ward No. 30 :** In line 2, for the words "Chandra Naskar", the words "Hem Chandra Naskar" may be substituted.

(ii) **Ward No 80 :** In line 2, line 3 and line 9, the word "former" may be inserted before the word "Garden".

(iii) **Ward No. 92 :** In line 4 and line 6, the words "former" may be inserted before the word "Haltu".

(iv) **Ward No. 102 :** In line 5, the words "Northern Bank of Northern Jheel" be deleted.

(v) **Ward No. 104 :** In line 4, the words "Vivekananda Sarani" be deleted, In line 9, the word "Mazumdar" be added after the words "Kali Kumar".

(vi) **Ward No. 106 :** In line 4, the words "Vivekananda Sarani" be deleted. In line 7, the words "Haltu Main Road" be deleted.

(vii) **Ward No. 116 :** In line 4, the words "and B. L. Sha Road" shall be added after word "Nullah".
In line 5, the words "Bama Charan Roy Road" be substituted for the words "Buda Shibtala Main Road".

(viii) **Ward No 118 :** In line 4, for the figures and letters "23A/50F", the figures letters "23A/60F" and for the figures and letters "23A/50D", the figures and letters "23A/60D" shall be substituted.

(ix) **Ward No. 119 :** In line 4, for the words and figure "Block 3", the words and letter "Block J" shall be substituted.
In line 5, for the figures "476", the figures "478" shall be substituted.

(x) **Ward No. 125 :** In line 4, for the figures "6617", the figures "6817" shall be substituted.

(xi) **Ward No 126 :** In line 3, for the figures "2175", the figures "2176" be substituted.
In line 4, for the figures "2169", the figures "2168" shall be substituted.
In line 7, for the figures "2175", the figures "2179" shall be substituted.
In line 9, the words and "Diamond Harbour Road" be added after the word "mauza".
In line 13, for the figures "2288", the figures "2208 shall be substituted.

(xii) **Ward No. 127 :** In line 13, for the figures "1548", the figures "1648" shall be substituted.

(xiii) **Ward No. 128** In line 7, for the word "Baludanga", the words "Beledanga" shall be substituted.

(xiv) **Ward No. 133 :** In line 2, the words and "Mudiali 1st Lane" shall be added after the words "Paharpur Road".

(xv) **Ward No. 134 :** In line 3 and line 8, the word "Dhanksheti" shall be inserted before the word "Khal".

(xvi) **Ward No. 135 :** In line 2 and line 5, the word "Dhanksheti" shall be inserted before the word "Khal".
In line 4, the words "Mudiali 1st Lane" shall be added after the words "Muduali Road".

(xvii) **Ward No. 137 :** In line 4, for the words "Lichu Bagan Lane and Mithatalab Lane", the words "and Halderpara Lane" shall be substituted.
In line 5 and line 6, the words "Murray Road and Railway Siding" shall be deleted.

In line 7, for the words "Cotton Mills Lane, Panchpara Road", the words "Murray Road and Halderpara Lane" shall be substituted.

(xviii) **Ward No. 138 :** In line 2, for the words "Mithatalab Lane and Lichu Bagan Lane", the words "Halderpara Lane" shall be substituted.

In line 4, for the words "Cotton Mill Lane and Panchpara Road", the words "Murray Road and Halderpara Lane" shall be substituted.

In line 5, the words "Murray Road" be deleted.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I accept the amendment.

The question that Clause 20, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 21 and Preamble**

The question that Clause 21 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Prasanta Kumar Sur :** Mr. Speaker. Sir, I beg to move that The Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1983 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjuornment**

The House was then adjourned at on 8·21 P.M. till 1 P.M. to Tuesday, the 13th September, 1983, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 13th September, 1983 at 1 p.m.

### Present

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 12 Ministers, 14 Ministers of State and 181 Members.

### Starred Question
(to which oral answers were given)

[1-00—1-10 p.m.]

*112. (Held over)

### কারা পরিদর্শক

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮২।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কারা পরিদর্শকগণের নামের তালিকা প্রস্তুত আছে কি ?

(খ) থাকিলে, কোন্ কোন্ জেলখানায় কে কে পরিদর্শক আছেন ; এবং

(গ) উক্ত পরিদর্শকগণ সরকারের নিকট হইতে নিযুক্তপত্র পাইয়াছেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) কেবলমাত্র পদাধিকারবলে সরকারী কারা পরিদর্শকগণের তালিকা প্রস্তুত আছে।

(খ) পশ্চিমবঙ্গের স্বাস্থ্য অধিকর্তা সমস্ত ধরনের জেলখানা এবং মহকুমা কারার পদাধিকারবলে সরকারী পরিদর্শক। এ ছাড়া, বিভাগীয় ভুক্তিপতিগণ, জেলাশাসকগণ, অতিরিক্ত জেলাশাসকগণ, জেলার হেড কোয়ার্টারের সিনিয়ার ডেপুটি ম্যাজিস্ট্রেট, জেলা জজ, মহকুমা শাসক, জেল সমূহের স্বাস্থ্য বিভাগের প্রধান মেডিকেল অফিসারগণ, মহকুমা স্বাস্থ্য অফিসারগণ, জেলা অথবা সহকারী স্কুল-ইন্সপেক্টরগন তাঁহাদের নিজ নিজ এলাকার কারা অথবা কারাসমূহের অথবা বিভিন্ন ধরনের কারাসমূহের অথবা মহকুমা কারাসমূহের পদাধিকার বলে সরকারী পরিদর্শক।

প্রেসিডেন্সী জেলের পদাধিকার বলে সরকারী পরিদর্শকগণ হইতেছেন কলিকাতার নগরপাল, কলিকাতার সেরিফ, কলিকাতার প্রধান ও অতিরিক্ত প্রধান প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট, মেডিকেল কলেজের মেডিকেল জুরিসপ্রুডেন্সের অধ্যাপক, কলিকাতা পুলিশের হেড কোয়ার্টারের উপ-নগরপাল, ২৪ পরগণার জেলা স্কুল ইন্সপেক্টার।

**নোট ঃ** সহ স্বাস্থ্য অধিকর্তা (কুষ্ঠ) এবং সহ স্বাস্থ্য অধিকর্তা (যক্ষ্মা) পদাধিকার বলে যথাক্রমে মেদিনীপুর সেণ্ট্রাল জেল এবং সিউরি জেলের পদাধিকার বলে সরকারী পরিদর্শক।

(গ) সরকারী অফিসার সমূহের পরিদর্শক হিসাবে কোন নিযুক্ত পত্রের দরকার হয় না। পদাধিকার বলে তাঁহারা কারা সমূহের সরকারী পরিদর্শক হইয়া থাকেন।

**শ্রীশান্তশ্রী চ্যাটার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বিভিন্ন কারাগারে বেসরকারী পরিদর্শক নিযুক্ত করার যে ব্যবস্থা আছে, সেটা পশ্চিমবাঙ্গলায় চালু হচ্ছে না কেন ?

**শ্রীদেবপ্রসাদ বন্দোপাধ্যায় :** বেসরকারী ভিজিটার নিয়োগ করার কথা রয়েছে। আমি আগে কথা দিয়েছিলাম যে চালু করবো। জেল কোড রিভিসন করে নন অফিসিয়াল ভিজিটারসদের নিয়োগ করবো এবং জেল কোড এ্যাডভাইসারী কমিটি তা সুপারিশ করেছে। তবে একটু দেরী হয়ে গেল। এ সমস্ত কিছু প্রসেসিং চলছে। আমরা নভেম্বর মাসের মধ্যেই চালু করার চেষ্টা করবো।

**শ্রীকমল সরকার :** আমি ঐ একই প্রশ্ন করতে চেয়েছিলাম। ঐ প্রশ্নের মধ্যেই সেটা পড়ে গেছে। বৃটিশ আমলে যা ছিল তার পরিবর্তন দরকার। বেসরকারী পরিদর্শকদের কাছে তারা মন খুলে কথা বলতে পারে, যেটা সরকারী পরিদর্শকের কাছে পারে না। উনি যখন প্রতিশ্রুতি দিয়েছেন নভেম্বর মাসের মধ্যে করবেন, তখন আমাদের অপেক্ষা করা ছাড়া উপায় নেই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** ক্রিমিন্যালদের মন পরিবর্তন করার জন্য মৌলবী এবং ধর্ম যাজকদের কারা পরিদর্শনের কোন সুযোগ আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** না।

**শ্রীজ্ঞান সিং সোহন পাল :** Will the Hon'ble Minister in Changes be pleased to state since when the non-official visitors are not there ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** from 1970-80

## হাওড়া পৌরসভার কর্মচারিগণের বর্দ্ধিত বেতন

*১১৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১০০ ) **শ্রীঅশোক ঘোষ :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের পৌর কর্মীদের ১-৪-৮১ থেকে বর্দ্ধিত বেতন বাবত বকেয়া টাকা হাওড়া পৌরসভার কর্মচারীরা এখনও পান নাই ; এবং

(খ) সত্য হইলে এ ব্যাপারে ( পৌর বোর্ডের প্রতি ) সরকারী কোন নির্দেশ ছিল কিনা ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** (ক) ইহা সম্পূর্ণ সত্য নয়। (১.৪.৮১ থেকে ৩০.৬.৮১ পর্যন্ত এই তিন মাসের বকেয়া বেতন আগেই দেওয়া হয়েছে)।

(খ) না।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে বকেয়া বেতন যেটা দেওয়া হয়েছে, সেটা কোন কোন মাস বাবদ দিয়েছেন এবং বাকী যদি থাকে সেটা কবে নাগাদ্ দিতে পারবেন ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমি তো বললাম যে ১.৪.৮১ থেকে তিন মাসের বকেয়া বেতন আগে দেওয়া হয়েছে। হাওড়ার আপীল আদালত থেকে যে নির্দেশ দেওয়া হয়েছে তাতে আগামী ৫ মাসের মধ্যে বকেয়া যা আছে দিয়ে দিতে হবে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** যে কারণে আপীল আদালতে হাওড়ার পৌর কর্মচারীরা গেছেন, তাদের মামলাটা বর্তমানে কি অবস্থায় আছে, মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় সদস্য একেবারেই মনোযোগ দিচ্ছেন না, আমি তো বলেই দিলাম যে আপীল আদালত ১.৭.৮৩ তারিখের নির্দেশে বলেছেন যে ৬ মাসের মধ্যে বকেয়া বেতন দিয়ে দিতে হবে।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ৬ মাসের মধ্যে দিতে হবে এই রকম নির্দেশ আছে, এখনও দেওয়া হয়েছে কি ? কারণ দু-মাসের উপর তো কেটে গেছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব দুঃখের, মাননীয় সদস্যরা মনোযোগ দিচ্ছেন না এবং বারেবারে প্রশ্ন করছেন, এটা ঠিক নয়।

## ক্ষুদ্র সেচ নিগমের হিসাব

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫।) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগমের ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০ সালের হিসাব তৈয়ারী হইয়াছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হইলে তাহার কারণ কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) ১৯৭৮-৭৯ সালের হিসাব তৈয়ারী হইয়া গিয়াছে। কম্পট্রোলার ও অডিটর জেনারেলের মন্তব্য পাইলেই তাহা আনুষ্ঠানিকভাবে গৃহীত হইবে। ১৯৭৯-৮০ সালের হিসাব সমাপ্তির পর্যায়ে আছে।

(খ) ১৯৭৯-৮০ সালের হিসাব এখনও তৈরী না হওয়ার কারণ উপযুক্ত সংখ্যক হিসাবকার্যে দক্ষ ও অভিজ্ঞ কর্মীর অভাব।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** ১৯৭৯-৮০ সালের হিসাব এখনও পর্যন্ত সম্পূর্ণ করতে পারলেন না, কিন্তু প্রশ্ন হচ্ছে, এই রকম দক্ষ কর্মচারীর যদি অভাব থাকে তাহলে ভবিষ্যতে চলবে কি করে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আমি বলেছি যে এখন ১৯৭৯-৮০ সালের হিসাব কর্পোরেশনের কর্মচারীরা করেছেন, ঐ সালের হিসাব তৈরী শেষ হলে, ১৯৮০-৮১, ১৯৮১-৮২, এই রকম পর পর শেষ হয়ে যাবে অল্প সময়ের মধ্যে।

[1-10—1-20 p.m.]

**ডাঃ মানস ভূইয়াঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন উপযুক্ত কর্মীর অভাবে ১৯৭৯-৮০ সালের হিসাব পরীক্ষা করা যাচ্ছে না। আপনি কি দয়া করে জানাবেন ঐ ধরণের কতগুলি পোষ্ট (হিসাব পরীক্ষকের) খালি আছে এবং কতদিন ধরে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** কাজ বাড়ার সঙ্গে সংগতি রেখে সংগঠনকে শক্তিশালী করার প্রয়োজনে দুজন একাউণ্ট্যান্টের পদ পূরণ করা হয়েছে এবং আরো ৮ জন সহায়কের পদ পূরন করার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ক্ষুদ্র সেচ নিগম দপ্তরের পদগুলি কতদিন ধরে খালি পড়ে আছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** এখন বলা সম্ভব নয়, নোটিস দিলে বলে দেব।

## শ্রীরামপুর-এ্যাসপ্ল্যানেড রুটে বাস চলাচলের সংখ্যা

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে শ্রীরামপুর-এ্যাসপ্ল্যানেড (এল ৩১) রুটে গড়ে দৈনিক কয়টি বাস যাতায়াত করে ; এবং

(খ) এই বাস সংখ্যা বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীরবীন মুখার্জি ঃ** (ক) ৬ (ছয়) খানি বরাদ্দ।

(খ) বর্তমানে নাই।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** এই যে ৬টি বাস বরাদ্দ করা আছে, সেগুলি নিয়মিত চলে কি ?

**শ্রীরবীন মুখার্জি ঃ** বাস চলাচলের ক্ষেত্রে মাঝে মাঝে ব্রেক ডাউন হয়। কাজেই ব্রেক ডাউন হলে কোন কোন সময়ে সংখ্যাটা কমে যায়।

**শ্রীঅরুণ কুমার গোস্বামী ঃ** দৈনিক একখানি করে বাস চলে, এটা কি আপনি জানেন ?

**শ্রীরবীন মুখার্জি ঃ** এই রকম কোন ইনফর্মেসন আমার কাছে নেই।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** এই বাস ব্যাণ্ডেল পর্যন্ত বাড়াবার কোন পরিকল্পনা আপনার আছে কি ?

**শ্রীরবীন মুখার্জি ঃ** এই প্রশ্নের সঙ্গে এই প্রসঙ্গটা আসে না, তবে এই রকম কোন ব্যবস্থা করার ইচ্ছা নেই।

**শ্রীতারাপদ সাধুখান ঃ** ৬ খানি বরাদ্দ করা বাসের মধ্যে গড়ে দৈনিক ক'টা বাস চলে সেই হিসাব কি আপনার কাছে আছে ?

**শ্রীরবীন মুখার্জি ঃ** সাধারণ ভাবে ৭০/৮০% বাস এ্যাভারেজে চলে। কোন বাসের ক্ষেত্রে অভিযোগ থাকলে দেবেন, সেটা আমি খোঁজ নিয়ে দেখব।

*117 (Held Over)

## দ্বিতীয় হুগলী সেতু

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭।) **শ্রীসরল দেব ঃ** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হুগলী সেতুর জন্য কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত (১) কত টাকা ঋণ বা অনুদান দিয়াছেন ও (২) রাজ্য সরকার কত টাকা ব্যয় করিয়াছেন ; এবং

(খ) উক্ত সেতুর কাজ কবে নাগাদ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** (ক) (১) এখন পর্য্যন্ত কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে এই প্রকল্প বাবদ ৫৭.১৩ কোটি টাকা ঋণ দিয়াছেন।

(২) রাজ্য সরকার নিজস্ব তহবিল হইতে এই প্রকল্পের জন্য এখন পর্য্যন্ত ৮.৮৯৪২ কোটি টাকা ঋণ দিয়াছেন।

(খ) সময়মত জমির অধিগ্রহণ, সিমেণ্ট ও ইস্পাতের নিয়মিত যোগান এবং ঠিকাদার-শ্রমিক সুসম্পর্ক সাপেক্ষে আশা করা যায় ১৯৮৭ সাল নাগাদ সেতুটির নির্মাণ-কার্য সম্পন্ন হইবে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই প্রকল্প সম্পন্ন করতে মোট কত টাকা লাগবে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** ১৫০ কোটি টাকা।

**শ্রীসরল দেব ঃ** কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আরো কিছু টাকা ঋণ হিসাবে পাবার সম্ভাবনা আছে কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** কেন্দ্রীয় সরকার সম্মতি দিয়েছেন পুরো ১৫০ কোটি টাকাই তারা দেবেন ঋণ হিসাবে।

**শ্রীলক্ষ্মণ শেঠ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই প্রকল্প শেষ হতে এত বিলম্ব হচ্ছে কেন ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বিশেষ কোন কাজ হয়নি।

**শ্রীঅরুণ কুমার গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, কেন্দ্রীয় সরকার যে ৫৭ কোটি টাকা দিয়েছেন তাতে কতটুকু কাজ হয়েছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** কোলকাতায় সেতুর প্রবেশ পথের ৫১ শতাংশ, হাওড়ায় সেতুর প্রবেশ পথের ২৪ শতাংশ, মূল সেতুর ৩৩ শতাংশ কাজ হয়েছে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত মোট কত টাকা এই প্রকল্পের জন্য খরচ হয়েছিল ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমার কাছে সে হিসাব এখন নেই, তবে বেশী টাকা খরচ করতে পারেননি কারণ মূল সেতুর কাজই ধরতে পারেননি। নোটিশ দিলে বলতে পারবো।

## পৌরসভার উন্নয়ন খাতে টাকা বরাদ্দ

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে রাজ্যের পৌরসভাগুলোকে উন্নয়ন খাতে টাকা দেওয়া হয়েছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হাঁ" হলে মালদহ, রায়গঞ্জ ও পশ্চিম দিনাজপুর জেলায় পৌরসভাগুলিকে উক্ত সালে উক্ত খাতে কত টাকা দেওয়া হয়েছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** (ক) ১৯৮২-৮৩ সালে সাধারণ উন্নয়ণ খাতে কোন পৌরসভাকেই টাকা দেওয়া হয়নি। নির্দিষ্ট কোন আবশ্যিক পরিকল্পনা রূপায়ণের জন্য কয়েকটি পৌরসভাকে কিছু আথিক সাহায্য দেওয়া হয়েছে।

(খ) মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলার কোন পৌরসভাকে ১৯৮২-৮৩ সালে সাধারণ উন্নয়ণ খাতে কোন টাকা দেওয়া হয়নি। মালদহ জেলার ইংলিশবাজার ... পৌরসভাকে শুধু Integrated Development of Small and Medium ... Towns প্রকল্পে ১৯৮২-৮৩ সালে ১৩ লক্ষ ৫০ হাজার টাকা কেন্দ্রীয় সরকারের ঋণ হিসাবে দেওয়া হয়েছে। ঐ বৎসর পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট পৌরসভাকে বস্তি উন্নয়ণ বাবদ ৩ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে।

**শ্রীআবদুল রউফ আনসারি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, টাকা যেটা দেওয়া হয়েছে তার কতটা খরচ হয়েছে সে সম্বন্ধে কোন রিপোর্ট আপনার কাছে আছে কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আপনি তো শুনলেন আমি বললাম টাকা দেওয়া হয়নি, তার প্রধান কারণ হল ইউটিলাইজেসান সার্টিফিকেট এখনও অনেক পৌরসভা দেয়নি।

**শ্রীভূপেন্দ্র নাথ শেঠ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ১৯৮২/৮৩ সালে বনগাঁ মিউনিসিপ্যালিটিকে কোন টাকা দেওয়া হয়েছিল কি ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** নোটিশ চাই।

## বীরভূম জেলায় গভীর নলকূপ ও নদী জলোত্তলন প্রকল্প নির্মাণ

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আথিক বছরে খরা মোকাবিলা করার জন্য বীরভূম জেলায় কতগুলি 'গভীর নলকূপ' ও নদী জলোত্তোলন প্রকল্প নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল ;

(খ) গৃহীত সব পরিকল্পনা কার্যকরী করা হইয়াছে কি ;

(গ) হইলে, পর্যায়ক্রমে, তার সংখ্যা কত ; এবং

(ঘ) ১৯৮৩ ৮৪ আথিক বৎসরে এই সব পরিকল্পনা আরও গ্রহণ করা হইয়াছে কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) ১০টি নদী জলোত্তোলন প্রকল্প গ্রহণ করা হইয়াছিল। কোন গভীর নলকূপ নির্মানের পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।

(খ) না, এখনও হয় নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) এবছর নূতন নদী জলোত্তোলন প্রকল্প স্থাপনের কোনও পরিকল্পনা এখনও গৃহীত হয় না নাই। তবে পশ্চিমবঙ্গে নূতন ২০০টি গভীর নলকূপ স্থাপনের একটি প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন আছে। প্রস্তাবটি গৃহীত হইলে ঐ গভীর নলকূপগুলির জেলাওয়ারী বণ্টনের ব্যবস্থা হইবে।

**শ্রীধীরেন্দ্র নাথ সেন ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানালেন যে পরিকল্পনা কার্যকরী হয়নি। আমার প্রশ্ন, সবগুলিই কি হয়নি, না, কতকগুলি হয়েছে কতকগুলি হয়নি এবং না হবার কারণ কি ও সেখানে কোন সময়সীমা বাঁধা ছিল কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আপনারা জানেন যে এই পরিকল্পনা কার্যকরী করতে গেলে প্রথমতঃ জমি রেজিস্ট্রেশান করা দরকার। প্রতিটি নদীজলোত্তোন প্রকল্পের জন্য ৩৩ ডেসিমেল করে জমি চাই। সেই জমিটা আমাদের ডিপার্টমেন্টের নামে রেজিস্ট্রি করতে হয়। অনেক জায়গায় রেজিস্ট্রি হচ্ছে, অনেক জায়গায় হয়নি। যেমন যেমন আসছে সেইরকম হচ্ছে।

[1-20—1-30 p.m.]

**শ্রীধীরেন্দ্র নাথ সেন ঃ** পরিকল্পনা কার্যকরী না হওয়ার কারণ কি জমি রেজিস্ট্রেশন'এর ব্যাপার, না আর্থিক ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** জমির ব্যাপার ছাড়াও আরো অনেক কারণ আছে। তার মধ্যে একটি অন্যতম হচ্ছে, বিভিন্ন জায়গায় পাম্পগুলি পাহারা দেবার জন্য চৌকিদার নিয়োগ করা দরকার। সে কারণেও দেরি হচ্ছে।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়াকরে জানাবেন কি, যে আর. এল. আই. গুলি পাওয়ারের অভাবে বন্ধ আছে সেগুলি জেনারেটরের মাধ্যমে চালাবার সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় সদস্যরা জানেন যে, যেখানে পাওয়ার চালু হয়নি, সেখানে আমরা আর. এল. আই. চালাচ্ছি জেনারেটর দিয়ে ডিজেলের মাধ্যমে।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** আমার প্রশ্ন হচ্ছে, যেগুলি ইতিপূর্বে পাওয়ারের সাহায্যে চালু হয়েছিল, কিন্তু বর্তমানে পাওয়ারের অভাবে যেগুলি বন্ধ আছে সেগুলি জেনারেটর দিয়ে চালু করবেন কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** সে গুলির ক্ষেত্রে আমরা প্রথমেই চেষ্টা করছি যাতে সেগুলিতে পাওয়ার কানেকসন আবার দেওয়া যায়। কোন পাম্প সেটের পাওয়ার কানেকসন নষ্ট হয়েগেলে সেক্ষেত্রে আবার পাওয়ার কানেকসন দেবার চেষ্টা করতে হবে। কারণ পাওয়ারে পাম্প চালানোর খরচ কম। সেই জন্য আমি এ ব্যাপারে পাওয়ার মিনিষ্টারকে বলেছি এবং তিনি আমাকে আশ্বাস দিয়েছেন যে, এ গুলির কাজ তাড়াতাড়ি করে দেবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় কি অবগত আছেন, এই বছর নিয়ে পর পর তিন বছর অনাবৃষ্টি বা খরা হয়েছে এবং আপনি বললেন পরিকল্পনা নেওয়া হয়নি আর. এল. আই'র ব্যাপারে এবং এবারে কিছু ডিপ টিউবওয়েল করার কথা চিন্তা করছেন, কিন্তু আপনাকে আমি চিঠি দিয়ে জানিয়েছি যে, যে ডিপ টিউবওয়েল সেন্টার গুলি আছে সেগুলি কার্যকরী অবস্থায় নেই। এক দিকে খরা, অন্য দিকে এ গুলি কার্যকরী হচ্ছে না, অর্থাত সরকার অবস্থার প্রতিকার করতে চাইছে না, এটাকে আপনি কণ্ট্রাডিকসন মনে করেন, না সরকারের অপদার্থতা মনে করেন ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় সদস্যকে জানাবার জন্য বলতে পারি যে, তিনি আমাকে যে ক'টি চিঠি দিয়েছিলেন সবকটির আমি উত্তর দিয়েছি এবং এই অবস্থার প্রতিকারের জন্য আমি আমার ক্ষমতা অনুযায়ী চেষ্টা চালিয়ে যাচ্ছি। দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় সদস্য একটা জিনিষ ভুল বুঝেছেন। এ বছর আমরা আর. এল. আই. প্রকল্প নিতে পারিনি। ইতি পূর্বে আমরা যে ৩০০টি আর. এল. আই. প্রকল্প নিয়েছিলাম তার সব গুলিকে সিস্টেমিটিক্যালি বসাতে হবে, পাইপ লাইন করতে হবে। কাজেই আমরা সেই কাজের উপর জোর দিয়েছি। এ বছর নতুন আর. এল. আই. স্থাপন করবার কোন পরিকল্পনা নেই। এ বছর ২০০টি গভীর নলকূপ করবার প্রস্তাব বিবেচনাধীন আছে এবং সেগুলি আমরা করবার চেষ্টা করছি।

**শ্রীবনমালী দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে ২০০টি গভীর নলকূপ বসাবার কথা বললেন সেগুলির কাজ কবে নাগাদ আরম্ভ হবে এবং বীরভূম জেলায় কত গুলি হবে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** এখনই বলা সম্ভব নয়। ২০০টির জন্য প্রস্তাব বিবেচনাধীন আছে। তার পরে তা জেলাপরিষদ গুলির কাছে যাবে। একটা নাম্বার ঠিক করে তার পরে তাদের কাছে জায়গার নাম চেয়ে পাঠাব। তাঁরা নাম পাঠাবার পর সেগুলি সিলেকসন হবে এবং তার পরে কাজ আরম্ভ হবে।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, তিনি ডিপ টিউবওয়েল করার বিষয়ে জেলা পরিষদের কাছ থেকে জায়গার জায়গার নাম চাইবেন। আমি তাঁর কাছ থেকে জানতে চাইছি যে, এই গভীর নলকূপ করার প্রস্তাব শেষ পর্যন্ত কার্যকরী হলে সাইট সিলেকসন কার দ্বারা হবে ? আমি প্রশ্নটি এই কারণে করছি, কেন না, গত বছর ৩০০টি আর. এল. আই. প্রকল্প গ্রহণ করেছেন তার সাইট সিলেকশন জেলাপরিষদ বা পঞ্চায়েত সমিতির মাধ্যমে না করে সরাসরি ডিপার্টমেণ্টের পক্ষ থেকে করেছিলেন এবং ডিপার্টমেণ্ট মানে হচ্ছে, সেখানে যে রাজনৈতিক নেতারা আছেন তাঁরাই স্থান গুলি নির্দিষ্ট করে দিয়েছেন। স্থান নির্দিষ্ট করার ক্ষেত্রে রাজনৈতিক অনুপ্রবেশ ঘটেছে। এ ক্ষেত্রেও সেটা যাতে না ঘটে, এই ২০০টি ক্ষেত্রেই জেলাপরিষদের মাধ্যমে কিম্বা পঞ্চায়েত সমিতির মাধ্যমে স্থান নির্বাচন করবেন কিনা, এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে পরিষ্কারভাবে জানতে চাইছি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় সদস্য জানেন, যা নিয়ম আছে ৭০ পারসেণ্ট তাঁরা করেন আর ৩০ পারসেণ্ট ডিপার্টমেণ্ট থেকে করা হয়, সেই অনুযায়ী গতবার করা হয়েছে, ভবিষ্যতেও করা হবে।

**Proposal for fixing up minimum freight rates for public carriers**

*123. (Admitted question No. *374.) **Shri Abdur Rauf Ansari** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether there is any proposal to fix minimum freight rates for public carriers statutorily ; and

(b) if so—

(i) what is the proposal.

(ii) the present position in the matter ; and

(iii) the action taken by the State Government ?

**Shri Rabin Mukherjee** : (a) Yes.

(b)(i) As detailed in the draft direction enclosed which was circulated earlier.

(ii) A good number of objections/suggestions have been received which are under consideration of the Govt.

(iii) Objections are being processed now and final direction will be issued after completion of necessary formalities.

Draft direction referred to clause (b) (i) of *123

No. 1119-WT

Government of West Bengal

Home (Transport) Department

**Notification**

Calcutta, the 14th Feb., 1983

The following draft of directions which the Governor, in exercise of the power conferred by clause (i) of sub-section (1) of section 43 of the Motor Vehicles Act, 1939 (4 of 1939), proposes to issue to the State Transport Authority, West Bengal, is hereby published as required by the proviso to sub-section (1) of section 43 of the said act, for the information of persons likely to be effected thereby.

The draft will be taken into consideration on or after the 11th April, 1983 and any objection or suggestion with respect thereto, which may be received by the under-signed before the 31st March, 1983, shall, in consultation with the State Transport Authority, West Bengal, be considered after giving the representatives of the interests affected by the proposed directions an opportunity of being heard.

**Draft Directions**

The State Transport Authority, West Bengal, is hereby directed to fix the minimum freights in respect of public carriers as specified in the Schedule below :—

**The Schedule**

| Distance | Freight for 9 metric ton load | Freight for 10 metric ton load |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| (i) 100 kilometres but not exceeding 250 kilometres | — | Rs. 600/- plus Rs. 2.60 for every additional km. beyond 100 km. |

| | (1) | (2) | (3) |
|---|---|---|---|
| (ii) | Exceeding 250 kilometres but not exceeding 400 kilometres | — | Rs. 1000/- plus Rs. 2.50 for every additional km. beyond 250 k.m. |
| (iii) | Exceeding 400 kilometres but not exceeding 625 kilometres | — | Rs. 1,375/- plus Rs. 2.25 for every additional km. beyond 400 km. |
| (iv) | Exceeding 625 kilometres but not exceeding 750 kilometres | Rs. 3/- per km. or 33 paise per tonne km. | Rs. 3.30 per km. or 33 paise per tonne km. |
| (v) | Exceeding 750 kilometres | Rs. 2.25 per km. or 25 paise per tonne km. | 2.50 per km. or 25 paise per tonne km. |
| (vi) | Minimum detention/waiting charges | | Rs. 200/- per day |

By order of the Governor,

Sd/- D. Rudra

Secy. to the Govt. of West Bengal

**শ্রীআবদুল রৌফ আনসারী :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি — এই সমস্ত অবজেকসন যে দেখান হয়েছে তার জন্য কোন টাইম ফিক্স করা হয়েছে কি ডিসিসন নেবার জন্য ?

**শ্রীরবিন মুখার্জী :** সবগুলিই প্রসেস করা হয়েছে এবং খুব কম সময়ের মধ্যেই করা হয়েছে। সম্ভবতঃ আগামীকাল ১৪ তারিখে এস. টি.-এ'র সাথে বসে খুব দ্রুত গতিতেই সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**শ্রীআবদুল মান্নান :** আপনারা যে মিনিমাম ফ্রেট রেট স্থির করেছেন তার জন্য গেজেটে কোন নোটিফিকেসন করেছেন কি ?

**শ্রীরবিন মুখার্জী :** অবজেকসন হলে আগে আমরা পাবলিস করব বিভিন্ন অর্গানাইজেসন থেকে অবজেকসন, সাজেসান ইত্যাদি যদি না আসে তাহলে খুব কম সময়ের মধ্যেই সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**Number of prisoners died in jails**

*124. (Admitted question No *395 ) **Shri Somen Mitra** : Will the Minister-in-eharge of the Home (Jails) Department be plaased to state—

(a) whether it is a fact that some prisoners died in the West Bengal jails during the past three years ; and

(b) if so—

(i) the number of prisoners died in jails during this period, and

(ii) the number of deaths due to lack of medicines, malnutrition or exposure to cold ?

**Shri Debabrata Bandopadhay:** (a) Yes.

(b) (i) 1980-1983 (till dated total No. 110

(ii) None.

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি আপনারা যে বলেছিলেন যে কোর্টের রিপোর্টে বলা হয়েছে ডিউ টু ল্যাক অফ মেডিসিন এবং ম্যাল নিউট্রেশনের জন্য কেউ মারা যায়নি, কিন্তু বিশিষ্ট সাংবাদিক তরুণ গাঙ্গুলী যে রিপোর্ট সাবমিট করেছেন তাতে বলা হয়েছে যে এই কারণেই মারা গেছে। আপনি এ খবর জানেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কোন সাংবাদিক কি বলেছেন আমি জানি না, কিন্তু মাননীয় বিচারপতি শ্রী পি. সি. বড়ুয়া বলছেন যে কেউ মারা যায়নি।

**শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state that what kind of prisoners are there ? I mean whether they are under trial prisoners or convicts or non-criminals lunatics.

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সব জানতে হলে আপনি নোটিশ দেবেন। তবে এখন পযন্ত ১১ হাজারের মধ্যে ১১০ জন মারা গেছে। বছরে '৩৩ ভাগ। ১৯৭২ থেকে ১৯৭৭ পর্য্যন্ত, এর মধ্যে এর ৩ গুণ মারা গিয়েছিল। অনেকে গুলিতেও মারা গিয়েছিল।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ধান ভানতে শিবের গীত গাইছেন, আমি একটি প্রশ্ন করছি, এই ১১০ জন কি কারণে মারা গেছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** যেমন ভাবে বহু লোক মারা যায়। স্বাভাবিক ভাবেই মারা গেছে।

*125. Held Over

*126. Held Over

### Goods Booking Agencies

*127. (Admitted question No. *338.) **Shri Abdul Mannan:** Will the Minister-in charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has any information about the goods booking agencies engaged in Calcutta in the business of collecting forwarding or distributing goods without obtaining necessary licence for the purpose from the Motor Vehicles Department ; and

(b) if so—

(i) the number of such goods booking agencies, and

(ii) the action taken and/or is proposed to be taken by the State Government against such goods booking agencies ?

[1-30—1-40 p. m.]

**Shri Rabin Mukherjee :** (a) State Govt. have had some information about goods booking agencies in Calcutta — running their business without valid licence from Motor Vehicles Deptt.

(b)(i) 328 Booking agencies are reported to operate.

(ii) Raids were launched to identify the firms engaged in the business of collecting, forwarding or distributing of goods without valid licence. But Calcutta Goods Tr. Asson. of 33A, J N. Road, moved Hon'ble High Court Calcutta against such raids and obtained an interim order of injunction. The operation has, therefore, been kept pending.

So far 21 cases have been detected.

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি — যে সমস্ত বুকিং এজেন্সী মোটর ভিকলস্ ডিপার্টমেণ্টের লাইসেন্স ছাড়াই বিজনেস চালাচ্ছে তাদের কণ্ট্রোল করবার জন্য কোন ব্যবস্থা নিচ্ছেন কিনা ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** আমি আপনাদের বলেছিলাম যে রেড অনেকগুলো এই রকম এজেন্সীর বিরুদ্ধে হয়েছিল। কিন্তু রেড করবার পর তার উপর হাইকোর্ট থেকে ইনজাংশন হয়। এই ইনজাংশন হবার ফলে ফারদার রেড করা বন্ধ হয়ে গেছে। পরবর্তীকালে ২১টি কেস ডিটেকটেড করা হয়েছে। পি. ভি. ডি. থেকে যে ইনজাংশন জারী হয়েছে আমরা সেই ইনজাংশন কনটেস্ট করছি। সুতরাং যতদিন ইনজাংশন ভ্যাকেট না হচ্ছে ততদিন পর্যন্ত সাধারণভাবে এজেন্সীগুলি অফিস ফাংশান করবে কিন্তু গুডস্ লোডিং এণ্ড আনলোডিং যাতে না করতে পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখা হবে।

**শ্রীআবদুল রৌফ আনসারি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি — বুকিং এজেন্সী ইন ক্যালকাটা যেগুলো আছে তাদের কলকাতা থেকে বাইরে নিয়ে যাবার জন্য কোন রকম প্ল্যান গ্রহণ করেছেন কিনা ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** এ সম্পর্কে অনেক প্ল্যানই আছে। বিশেষ করে কলকাতার আউটস্কার্টস্ অঞ্চলগুলো দেখা যাচ্ছে। কিছু কিছু অঞ্চল ইতিমধ্যে ঠিকও করা হয়েছে। আপনারা জানেন আমাদের বড় যে পরিকল্পনা এ ব্যাপারে আছে সে জন্য কোনাতে জমি গ্রহণ করবার জন্য কাজ বহুদূর অগ্রসর হয়েছে ইতিমধ্যে।

**শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ** Will the Hon'ble Minister-in-charge be pleased to state the previous Government decided to set up truck terminus outside the periphery and the work at Kona for truck terminus was taken — what has became further Development done by this Government,

**শ্রীরবীন মুখার্জী ঃ** কোনাতে যে পরিকল্পনা নেওয়া হয়েছে, সাধারণভাবে সেখানে সি. এম. ডি. এ. সহ অন্যান্য অথরিটির ট্রাক সামগ্রিকভাবে রাখার ব্যবস্থা হচ্ছে। আপনারা সবাই জানেন যে দিল্লী কিংবা বোম্বে শহরের মধ্যে এই সমস্ত ট্রাক সার্ভিস ঢোকে না। এই সমস্ত টোটাল পরিকল্পনা নিয়েই কোনার এই পরিকল্পনা গড়ে তোলা

হচ্ছে। কলকাতা শহরের মধ্যে যে সমস্ত এজেন্সী আছে তাদের সরে যেতে বাধ্য করা হবে।

*128. Held over

**National/Zonal permits for public carriers**

*129. (Admitted question No. *344 ) **Shri Humayoun Chowdhury** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) when were the applications for National/Zonal permits for public carriers last invited by the State Transport Authority, West Bengal ;

(b) the number of applications received in response thereto ; and

(c) the number of permits so far granted by STA, West Bengal, against such applications ?

**Shri Rabin Mukherjee** : (a) The applications for new Quota of National Permits were invited on 30th November, 1982 and for Zonal Permits on 20 8.1982.

(b) 2047 applications have been received in response to the advertisement for National Permits. Applications for Zonal Permits are as follows :—

| | | |
|---|---|---|
| North Zone | — | 487 |
| Central Zone | — | 1209 |
| East Zone | — | 1170 |

(c) Selection of candidates for National/Zonal permits will be made by S.T A. West Bengal very soon.

**শ্রীআবদুল মান্নান :** স্যার, আপনি বলছেন ভেরী সুন দেওয়া হবে। অন্যান্য স্টেটে দেখছি এই সমস্ত ন্যাশানাল পারমিট দেওয়া হয়ে গেছে। আমাদের এখানে এতো ডিলে হচ্ছে কেন ?

**শ্রীরবীন মুখার্জী :** ডিলে হবে কেন। এ্যাপ্লিকেসান যেগুলো আসছে সেই এ্যাপ্লিকেসানগুলো বিবেচনা করতে হবে এবং পরে ডিসিশান নিতে হবে। এই তো সবে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছ থেকে পাওয়া গেছে। যারা করবে সেই দরখাস্তগুলো আসতে সময় লাগবে। তারপর সেই দরখাস্তগুলো বিবেচনা করে দেখতে হবে। এতে তো একটু সময় লাগবে।

**Shri Gyan Singh Sohanpal** : Will the Hon'ble Minister be pleased to state as to when permission from the Centre was received for issue of National Permits ?

**Shri Rabin Mukherjee** : New additional quota of 450 National Permits was received from Government of India during 1982 Applications for the permits from the intending candidates were invited during November, 1982 to January, 1983. In response to that 2047 applications were received.

**Shri Gyan Singh Sohanpal** : Will the Hon'ble Minister be pleased to state the total number of National Permits alloted to the State and how many of them are still awating allotment ?

**Shri Rabin Mukherjee** : I have told you that 450 National Permits are pending.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I want to know the total number of National Permits alloted to the State Government.

**Mr. Speaker** : Mr. Sohanpal, the Minister has said that 450 new permits were received for which applications have been invited. The applications have been received and these are being processed.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I want to know the total number of National Permits allotted to the State Government by the Centre so far and the number which still remains to be allotted to the public.

**Shri Rabin Mukherjee** : I have told you that 450 new permits have been received. It is not possible for me to tell you the total number. I want notice.

## পার্বত্য এলাকার কারারক্ষী বাহিনীকে বিনামূল্যে জ্বালানী কাঠ সরবরাহ

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৬।) **শ্রীতারকবন্ধু রায়** : স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পার্বত্য এলাকার (দার্জিলিং, কার্শিয়াং, কালিম্পং) কারাগারগুলিতে কারারক্ষী বাহিনীর কর্মিগণকে শীত নিবারণের জন্য "বিনামূল্যে জ্বালানী কাঠ" সরবরাহের ব্যবস্থা আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** : হ্যাঁ, ব্যবস্থা আছে।

[1-40—1-50 p.m.]

**শ্রীসুভাষ গোস্বামী** : এই যে বিনামূল্যে জ্বালানী কাঠ সরবরাহের ব্যবস্থা আছে, তা কি শীতের পোষাকের পরিবর্তে দেওয়া হয় ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** : শীতের পোষাক ছাড়া দার্জিলিং, কার্শিয়াং এবং কালিম্পং-এর সাব-জেলাগুলিতে প্রত্যেক কারারক্ষীকেই মাথাপিছু শীত নিবারণের জন্য ১৬ই মার্চ থেকে ১৫ই নভেম্বর পর্যন্ত ১০ সের জ্বালানি কাঠ সরবরাহ করা হয়ে থাকে।

**শ্রীসুব্রত মুখার্জী** : শোনা যাচ্ছে, মন্ত্রীমহাশয়ের দপ্তরের গুরুত্ব কম বলে প্রশ্ন এবং উত্তরটি ওঁর নিজের, ইহা কি সত্য ?

**মিঃ স্পীকার** : এ প্রশ্ন ওঠে না।

## আরামবাগ শহরে ফায়ার ব্রিগেড কেন্দ্র স্থাপন

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯।) **শ্রীশিবপ্রসাদ মালিক** : স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগ শহরে ফায়ার ব্রিগেড কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপনের যে কাজ গত ৪ বৎসর পূর্বে শুরু হইয়াছে তাহা সম্পূর্ণ করিবার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কবে নাগাদ উক্ত কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** (ক) ভিত্তি প্রস্তর স্থাপনের কাজ শুরু হয়নি।

(খ) প্রশ্নই উঠে না।

**শ্রীশিবপ্রসাদ মালিক :** আরামবাগ শহরে ১৯৭৯ সালে ফায়ার বিগ্রেড কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপনের কাজ শুরু হইয়াছিল, তাহা সম্পূর্ণ হইবে কি ?

**মিঃ স্পীকার :** মন্ত্রীমহাশয় তো উত্তর দিয়েছেন, সুতরাং এ প্রশ্ন উঠে না।

*132. Heldover.

## মেদিনীপুর জেলায় বাসের ভাড়া বৃদ্ধি

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪।) **ডাঃ মানস ভুঁইয়া :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, বাসের ভাড়া বাড়ানোর ক্ষেত্রে মেদিনীপুর জেলায় স্টেজ ভিত্তিক ভাড়া না বাড়িয়ে কিলোমিটার ভিত্তিক ভাড়া বাড়ানো হয়েছে ?

**শ্রীরবীন মুখার্জী :** ইহা সত্য যে মেদিনীপুর জেলায় বাসের ভাড়া কিলোমিটার ভিত্তিতে বাড়ানো হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিভিন্ন জায়গায় কোথাও কি. মি., কোথাও বা স্টেজ ভিত্তিতে বাস ভাড়া বাড়ানো হয়ে থাকে—কোন ক্রাইটেরিয়ার ভিত্তিতে তা ঠিক করা হয় ?

**শ্রীরবীন মুখার্জী :** এটা কোন ক্রাইটেরিয়ানই নয়। আজকে এটা ঠিক হয় নি। অনেক আগে থেকেই পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় কোথাও কি. মি., আবার কোথাও বা স্টেজ ভিত্তিতে বাসের ভাড়া বাড়াবার পদ্ধতি চলে আসছে। মেদিনীপুরের ক্ষেত্রে ভাড়ার হার কিলোমিটারের ভিত্তিতে ২৫ পারসেণ্ট থেকে ২৭ পাররসেণ্ট বাড়ানো হয়েছে। কিন্তু পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় দেখা যায় যে ২৫ পারসেণ্ট থেকে ৩৩ পারসেণ্ট পর্যন্ত ভাড়া বৃদ্ধি করা হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া :** স্টেজ ভিত্তিক ভাড়া বৃদ্ধির পদ্ধতি কোন কোন ক্ষেত্রে প্রযোজ্য হয় জানাবেন কি ?

**শ্রীরবীন মুখার্জী :** স্টেজ ভিত্তিক ও কি.মি. ভিত্তিক ভাড়া বৃদ্ধির পদ্ধতি আগে থেকেই ছিল। কলকাতা শহর এবং আশপাশের অঞ্চলগুলিতে দুটি ব্যবস্থাই আগে থেকে চালু ছিল। মেদিনীপুর জেলা সহ অন্যান্য জেলাতেও এই নিয়মের ভিত্তিতে এটা ঠিক হয়েছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলায় অন্যান্য জেলার তুলনায় বাসের ভাড়ার হার বেশী কেন এবং বেশী হলে এই বৈষম্য দূর করার কথা আপনার সরকার চিন্তা করছেন কি ?

**শ্রীরবীন মুখার্জী :** আমি জানিয়েছি যে রাফলি ২৭ পারসেণ্ট ভাড়া বেড়েছে। অন্যান্য জায়গায় সেটা স্টেজ ভিত্তিক বেড়ে ২৫ পারসেণ্ট থেকে ৩৩ পারসেণ্ট হয়েছে। আগে যা ভাড়া ছিল তার ভিত্তিতেই বিভিন্ন জায়গায় ভাড়া বাড়ানো হয়েছে। ইউনিফর্ম রেটে সারা পশ্চিমবঙ্গের সব জায়গায় ভাড়া বাড়ানো হয়েছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আমার প্রশ্ন হচ্ছে এই বৈষম্য দূর কথার কথা আপনার সরকার চিন্তা করছেন কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** সমগ্র দেশের সমস্ত জায়গায় নানাবিধ বৈষম্য আছে। দেবপ্রসাদ সরকার মহাশয় জানেন নিশ্চয় যে এক সময়ে ট্রেনের ভাড়া বাসের ভাড়ার চেয়ে কম ছিল আজকে সেখানে ট্রেনের ভাড়া ৩ গুণ বেড়ে গেছে। এই ব্যাপারে বৈষম্য দেখে বসে আছেন কি করে ?

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, হলদিয়া বন্দর থেকে খড়্গপুর থানা পর্যন্ত যে বাস আছে সেই বাসের ভাড়ার মধ্যে একটা অসঙ্গতি দেখা যাচ্ছে, আপনি কি এই ব্যাপারে কোন সংশোধন করবেন ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** এটা আলোচনার বিষয়, খড়্গপুর মেদিনীপুর অঞ্চলের অন্তর্ভুক্ত। সুতরাং মেদিনীপুরের বাসের ভাড়া বৃদ্ধি বলে এখানেও ভাড়ার হার বৃদ্ধি হবে।

**শ্রীলক্ষ্মী চন্দ্র শেঠ ঃ** মেদিনীপুর জেলায় এই ভাড়া বৃদ্ধি হওয়াতে কংগ্রেস ( আই ) এবং এস. ইউ. সি. দলের লোকেরা ড্রাইভার এবং কণ্ডাকটরদের মারধোর করছে এব বাস অবরোধ করছে, এই ব্যাপারে আপনি কি কোন ব্যবস্থা নেবেন ?

**মিঃ স্পীকার ঃ** এর উত্তর হয় না।

*134. Held Over.

## কারারক্ষী বাহিনীর কর্মিগণকে পুলিশ বাহিনীর কর্মিগণের ন্যায় "ছুটির বিনিময়ে ভরতুকি বেতন" প্রদান

*১৩৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৫০। ) **শ্রীমনোহর টিরকি ঃ** স্বরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের কারারক্ষী বাহিনীর কর্মিগণকে পুলিস বাহিনীর কর্মিগণের ন্যায় বৎসরে ৩০ ( ত্রিশ ) দিনের বেতন "ছুটির বিনিময়ে ভরতুকি বেতন" হিসাবে দেওয়া হয় না যদিও উক্ত উভয় বাহিনীর কর্মীরা একই হারে বেতন ও মাগ্গী ভাতা ভোগ করেন ; এবং

(খ) সত্য হইলে, এই বৈষম্য দূর করার বিষয়ে সরকার কিছু চিন্তা করছেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি এখনো বিবেচনাধীন আছে। তবে সরকারের বর্তমান আর্থিক অবস্থার উন্নতি না হওয়া পর্যন্ত ইহা বিবেচনা করা সম্ভব হইতেছে না।

## বহরমপুরে বাস ষ্ট্যাণ্ড নির্মাণ

*১৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৩৫। ) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বহরমপুরে বাস স্ট্যাণ্ড নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে (১) ঐ বাবত কোন অর্থ মঞ্জুর হয়েছে কি, ও (২) কবে নাগাত ঐ পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ৪,১৯,০১২ টাকা এ পর্যন্ত মঞ্জুর হয়েছে,

(২) পরিকল্পনার প্রথম পর্বের কাজ শেষ হয়েছে এবং দ্বিতীয় পর্বের কাজ আংশিক সম্পন্ন হয়েছে। পরিকল্পনা বাস্তবায়িত করণের সঠিক সময় বলা যাচ্ছে না। তবে জেলা শাসকের কাছ থেকে প্রয়োজনীয় রিপোর্ট পেলে এবং বাজেটে বরাদ্দকৃত অর্থ প্রতিবন্ধক না হলে কাজটি আশু সম্পন্ন না হওয়ায় কোন কারণ দেখা যায় না।

[1-50—2-00 p m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কিছু কাজ হয়েছে, আমি আর টি এ এবং ঐ রুট কমিটির মেম্বার হিসাবে বলছি এখন পর্যন্ত ঐ পরিকল্পনার কাজ কিছু হয়নি, আপনি এই ব্যাপারে খোঁজ নেবেন কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** আপনি প্রশ্নটি শোনেননি, আমি আর একবার বলছি। বহরমপুর বাস স্ট্যাণ্ড দুটো ভাগে বিভক্ত। প্রথম পর্বের জন্য ২ লক্ষ ১৯ হাজার ১২ টাকা মঞ্জুর করা হয়েছিল, পরিকল্পনার প্রথম পর্বের কাজ শেষ হয়েছে। এটার মানে যা বোঝেন বুঝবেন, এর চেয়ে অন্য ব্যাখ্যা করা যায় না এবং এই উদ্দেশ্যে বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ ব্যয় করা হয়েছে। পরিকল্পনার দ্বিতীয় পর্বের কাজের জন্য ১২ লক্ষ ২৫ হাজার ৬০০ টাকার প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। এ পর্যন্ত এই পর্বের কাজের জন্য ২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। মুর্শিদাবাদ জেলা শাসকের কাছ থেকে প্রগ্রেস রিপোর্ট ও ২ লক্ষ টাকার ইউটিলাইজেসান সার্টিফিকেট এখনও পাওয়া যায়নি। উক্ত প্রগ্রেস রিপোর্ট এবং ইউটিলাইজেসান সার্টিফিকেটের জন্য অপেক্ষা করা হচ্ছে। উক্ত রিপোর্ট ও সার্টিফিকেট পাওয়ার পর ঐ বাস স্ট্যাণ্ড রূপায়নে অর্থ দপ্তরের অনুমতি সাপেক্ষে পুনরায় অর্থ মঞ্জুর করা হবে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** এটা কি সত্য ওখানে একটা ইউনিয়নের নামে বাস স্ট্যাণ্ড করবার জন্য ২ লক্ষ টাকা সেই মালিক ইউনিয়নের সেক্রেটারীর নামে মজুত আছে এবং তিনি সেটা বাস স্ট্যাণ্ডের জন্য দিচ্ছেন না ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** এটা আমার জানা নেই।

**শ্রীআবদুর রউফ আনসারি ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি কলকাতা শহরে পশ্চিমবঙ্গ সরকার গোপনে অর্ডার ইসু করেছেন যে ২৭ তারিখে রাত্রি বেলায় বাস এবং ট্রাম গ্যারেজে তালা মেরে দেওয়া হবে যাতে বাস এবং ট্রাম বেরুতে না পারে ?

**মিঃ স্পীকার ঃ** এটা প্রশ্ন হয় না।

**শ্রীআবদুল মান্নান ঃ** একটু আগে রুলিং পার্টির একজন মেম্বার বললেন মালিক ইউনিয়নের সেক্রেটারীর নামে টাকা আছে, আপনি বললেন আপনার জানা নেই। এই ঘটনা যদি সত্য হয় তাহলে খুব অন্যায়। এই ব্যাপারটা যদি মন্ত্রী মহাশয়ের নোটিশে আনি তাহলে মন্ত্রীমহাশয় তার ব্যবস্থা নেবেন কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** যদির উপর প্রশ্ন হয় না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি ঐ বাস ইউনিয়নের সদস্য যিনি সি. পি. এম.-র এ্যাকটিভ কেডার তাঁর বিরুদ্ধে লিখিত অভিযোগ আনলে আপনি কোন স্টেপ নেবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** দিস কোয়েশ্চেন ইজ ডিসএল্যাওড।

*137. Held Over

*138. Held Over

*139. Held Over

*140. Held Over

*141. Held Over

## সেচকর বৃদ্ধি

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৩।) **শ্রীমনোহর টিরকি, শ্রীদেবপ্রসাদ সরকার** এবং **শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার কৃষিকার্যের জন্য সম্প্রতি সেচকর বৃদ্ধি করেছেন ;

(খ) সত্য হলে,—

(১) কত তারিখ থেকে এই করবৃদ্ধি করা হয়েছে,

(২) বৃদ্ধির পর ধার্য সেচকরের হার কত হয়েছে, ও

(৩) বৃদ্ধির পূর্বে ধার্য সেচকরের হার কত ছিল ;

(গ) এই করবৃদ্ধির কারণ কি ;

(ঘ) কিসের নিরিখে এই করবৃদ্ধি করা হয়েছে ; এবং

(ঙ) এই করবৃদ্ধির ফলে সরকারের সমস্ত সেচের খরচ উঠে আসবে কিনা ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** ক্ষুদ্র সেচ প্রকল্প সমূহের সেচকর সমীকরণের প্রয়োজনে সরকার সম্প্রতি এই বিষয়ক আদেশের সংশোধন করেছেন, ফলে একদিকে যেমন সরাসরি সরকারী মালিকানার প্রকল্পের সেচকর বৃদ্ধি পেয়েছে, তেমনি অপর দিকে রাজ্য ক্ষুদ্রসেচ নিগমের ও সামগ্রিক এলাকা উন্নয়ন নিগমের অধীনস্থ প্রকল্পগুলির সেচকর হ্রাস পেয়েছে ;

(খ) (১) ১৯৮৩ সালের ১লা মে থেকে এই সংশোধন কার্যকর হয়েছে।

(২) সংশোধিত সেচকরের হার হয়েছে ৫.০০ টাকা প্রতি একর ইঞ্চি জলের জন্য।

(৩) সংশোধনের পূর্বে এই হার ছিল সরকার মালিকানার প্রকল্পের ক্ষেত্রে ১.৬০ টাকা প্রতি একর ইঞ্চি এবং অপর দুটি সংস্থার ক্ষেত্রে ১০.০০ টাকা প্রতি একর ইঞ্চি।

(গ) সরাসরি সরকারি মালিকানার প্রকল্প ও উপরিউক্ত সংস্থা দুটির অধীনস্থ প্রকল্প সমূহের হার ভিন্ন ভিন্ন থাকায় নানারূপ অসুবিধা এবং কৃষক সমাজে অসন্তোষ ছিল। তাছাড়া সরকারী মালিকানায় প্রকল্পগুলির সেচকর ১৯৭৩ সালের পর আর সংশোধন না হওয়ায় এবং পূর্বের সেচকর বর্তমান দ্রব্যমূল্য মানের ও মজুরী বৃদ্ধির নিরীখে অত্যন্ত কম থাকায়, সেচকরের সংশোধন ও সমীকরণ জরুরী হয়ে পড়ে।

(ঘ) সেচকর হারের সংশোধনের কারণ উপায় বলা হয়েছে। প্রতি একর ইঞ্চি জলের কর ৫ টাকা এই নিরিখ অনুসারে নানাবিধ ফসলের প্রদেয় হার সংশোধিত হয়েছে।

(ঙ) এই সংশোধনের ফলে সরকারের সমস্ত সেচের খরচ উঠে আসবে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** একর প্রতি প্রায় তিন শত টাকা বাড়িয়েছেন। খরচ যদি না উঠে তাহলে এই তিনগুণ কর চাষের উপর বাড়াবার কি যৌক্তিকতা থাকতে পারে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আপনি যেটা ৩০০ টাকা বলছেন, বোরোতে ৩০০ নয় ২৪০। দ্বিতীয় হচ্ছে আপনি দেখেছেন আমাদের গভর্ণমেণ্টের যে রেট তার সঙ্গে করপোরেসনের রেট ডিফারেণ্ট ছিল। করপোরেসন ৪৮০ টাকায় দিতো আর গভর্ণমেণ্টের রেট ছিল অত্যন্ত কম মাত্র ৯৫ টাকা। আমরা মোটামুটিভাবে নরম্যাল স্ট্যাণ্ডার্ড এনেছি। এটা আমরা ২৪০ টাকা করেছি। তবুও জিনিসপত্রের যে দাম তাতে যা খরচ হচ্ছে তাতে কুলোচ্ছে না। আজকে মেসিন পার্টস-এর এবং মেণ্টেনেন্স ৫০% বেড়ে গেছে। ৫ টাকা করে প্রতি একর ইঞ্চি করেও ৫০% সাবসিডি দিতে হচ্ছে।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** আপনি যে রেটের কথা বললেন ৯৫ থেকে ২৪০ করেছেন। বর্তমান আমন ধানের সময় রেট কত দাঁড়াবে বলতে পারেন ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আমি বলেছি ৫ টাক করে প্রতি একর ইঞ্চি করা হয়েছে। এই অনুপাতে অন্যান্য সময়েও যা রেট হয় যত পরিমাণ দাঁড়ায় সেই রকম করা হবে।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** কি রেট হয়েছে—এর জন্য সরকারী সারকুলার জেলায় জেলায় গিয়েছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** সর্বত্র সারকুলার পাঠানো হয়েছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছে যে সেচ কর বৃদ্ধি হবার পূর্বে যে সেচের হার ছিল, তাতে চাষীদের প্রয়োজন থাকা সত্ত্বেও তাদের আর্থিক সংকুলান না থাকার জন্য সেচ নিতে পারেনি চাষবাস ব্যাহত হয়েছে। আজকে আপনারা যে হার যেভাবে চালু করছেন, এর ফলে দরিদ্র চাষীরা আর চাষ করতে পারবে না। তাই দরিদ্র চাষীদের স্বার্থে সরকারী ভরতুকি বাড়িয়ে সেচ কর বৃদ্ধি যেটা হয়েছে এটা হ্রাস করার কথা পুনর্বিবেচনা করার চিন্তা করেছেন কিনা।

**মিঃ স্পীকার ঃ** এটা ম্যাটার অব ওপিনিয়ন প্রশ্ন হোল না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে কত বৃদ্ধি করেছেন—ডিপ টিউবওয়েল চালু অবস্থায় আছে—অথচ কোথায়ও বোরো চাষ করতে দিচ্ছেন—কোথায়ও দিচ্ছে না Although the farmers are agreable to pay the tax at the enhanced rate. এর কারণ জানাবেন কি—এবং এই কারণ দূর করবেন কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** এই প্রশ্নটা কৃষি বিভাগকে করলে ভাল হয়। আমার জল দেবার প্রশ্ন—কি চাষ করবে—না করবে, সেটা আমার প্রশ্ন নয়।

**Adjournment Motion**

**Mr. Speaker:** I have received two notices of adjournment motion today. One is from Shri Kashinath Mishra which deals with apprehension of flood in North Bengal and the second one is from Shri Abdul Mannan, which deals with the deplorable condition arising out of breakdown at the Palta Water Treatment Plant.

The subject matters of both the motions are not such as can merit the treatment of adjournment motion. Moreover, the members can bring in the matters in the form of Calling Attentions, Mentions.

I, therefore, withhold my consent to the motions. One member of the party may, however, read out the text of the motions as amended.

[2-00—2-10 p.m.]

**Shri Abdul Mannan:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, —.

The deplorable condition arising out of the major breakdown at the Palta Water Treatment Plant thereby affecting seriously water supply to Catcutta. There are reports that it would take more than 15 days to remove the defects and so long as the repair work is not completed people of Calcutta will have to suffer due to erratic supply of filtered water.

**Mr. Speaker:** আমি হাউসকে একটা ইনফরমেশন দিচ্ছি। এক্সেস এক্সপেন-ডিচার-এর ডিবেট সেটা পরে হবার কথা — সেটা পরে হবে।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker:** I have received 6 notices of Calling Attention namely :—

(1) Alleged attack on S.U.C.I. workers and other people involved in Bus fare rise resistance movement by Police and C P.I. (M) cadres — Shri Deba Prasad Sarkar.

(2) Alleged murder of the Bhabadev Goswamt at Kultaka, Bankura on 2.9.83 — Shri Subhas Goswami.

(3) Alleged attact on doctors, nursing staff and other workers of N R.S. Medical College and Hospital on 11.9. 83 — Mr. Manas Bhunia and Kashinath Misra.

(4) Adverse effect of power shortage on mills and factories in the state —Shri Asok Ghosh.

(5) Dead lock in N.R.S. Medical College and Hospital — Shri Sk. Imajuddin.

(6) Breakdown at the Palta Water treatment Plant — Shri Abdul Mannan.

I have selected the notice of Shri Subhas Goswami on the subject of Alleged murder of one Bhabadev Goswami at Kultala, Bankura on 2.9.83.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak** : 21st September.

MENTION CASES

**Mr. Speaker** : Now, Shri Bijoy Pal.

**শ্রীবিজয় পাল** : মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনাকে জানাচ্ছি। সেটা হচ্ছে এই যে আপনি জানেন যে সি. আই. এম. এস. নামে কেন্দ্রীয় সরকারের একটি শিল্প নিরাপত্তা বাহিনী আছে। সেই নিরাপত্তা বাহিনী কয়লাখনি অঞ্চলে দুর্গাপুর অঞ্চলে যে ঘটনা ঘটাচ্ছে তাতে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের শিল্প রক্ষা করছেন না বরং তাকে মেরে দিচ্ছে। তাদের ট্রেড ইউনিয়ন অধিকার কেড়ে নিচ্ছে। কারখানায় যেতে শ্রমিকদের বাধা দিচ্ছে। যে সমস্ত শ্রমিকরা কারখানায় যাচ্ছে অমনি তাদের পথে আটকাচ্ছে। এই যে সি. আই. এম. এস. বাহিনী শ্রমিকদের ট্রেড ইউনিয়ন অধিকার খর্ব করছে। তার ফলে সেখানে স্ট্রাইক হয়ে যাচ্ছে। সেখানে শুধু সি. আই. টি. ইউ. নয় সমস্ত ইউনিয়নের প্রতি দলমত নির্বিশেষে তাদের উপর হামলা করছে। এ সম্বন্ধে যদি ব্যবস্থা গ্রহণ না করে তাহলে শুধু সি. আই. টি. ইউ. নয় সমস্ত লোকের ক্ষতি হবে। এমন কি কয়েকদিন আগে আই. এন. টি. ইউ. সি.'র ঝানডা যেখানে ছিল, সেই তেরঙা ঝানডা ফেলে দিয়ে ঐ নিরাপত্তা বাহিনী এমন ভাবে উৎপাত করছে, মারধোর করছে শ্রমিকদের, যারফলে সেখানে একটা গণ্ডগোল হতে পারে। সেই জন্য আপনার মাধ্যমে এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি প্রথমে আপনাকে বিনয়ের সঙ্গে জানিয়ে রাখি যে আমরা কোন মন্ত্রী অথবা সদস্যের বিরুদ্ধে বক্তব্য রাখছি না। আমার বক্তব্যটা সম্পূর্ণভাবে যদি শোনেন তাহলে দেখতে পাবেন যে কতকগুলো ব্যাপক দুর্নীতি এবং ত্রুটি বিচ্যুতির কথা তুলে ধরতে চাই এবং যেগুলো পাবলিক ইনটারেস্ট সকলেরই এ্যাকসেপ্ট করা উচিত বলে মনে করি। স্যার, বিষয়টি গ্যাস টার্বাইন সংক্রান্ত। ইতিমধ্যে গ্যাস টার্বাইন সংক্রান্ত বহু ব্যাপারে বিচ্ছিন্ন ভাবে বহু ত্রুটি বিচ্যুতির কথা, দুর্নীতির কথা আপনার গোচরে এসেছে। আমরা পরবর্তীকালে কতকগুলো খবর সংগ্রহ করি। আমি যে সমস্ত খবর সংগ্রহ করেছি, কেউ কেউ এটার অপব্যাখ্যা করে বলতে পারেন যে এটা অডিট রিপোর্ট, এটা একজ্যাক্টলি অডিট রিপোর্ট নয়। কারণ আপনি জানেন যে অডিট রিপোর্ট এখানে প্লেস করার পরেই ইমিডিয়েটলি পি. এ. কমিটিতে চলে যায় এবং তারপর এখানে ফিরে আসে। তবুও সেই ধরণের কিছু সংবাদ, যেগুলো আমরা সংগ্রহ করেছি, সেইগুলো এখানে পেশ করতে চাই এবং চাই তার বিচারের জন্য। কার ত্রুটিতে লক্ষ লক্ষ নয়, কোটি কোটি টাকা বিদেশের সমস্ত মাল্টি ন্যাশন্যাল লোকেদের কাছে চলে যাচ্ছে এবং আমাদের দেশের সম্পদ এইভাবে মিসইউজ হচ্ছে, যদি ব্যুরোক্র্যাসি-এর জন্য দায়ী হয়, বিদ্যুৎ পর্ষদ এর জন্য দায়ী হয় তাহলে পরবর্তীকালে কি

ব্যবস্থা আপনি গ্রহণ করতে পারেন--আপনার হাতে সেই অধিকার আছে—কেউ বলতে পারেন, এটা পি. এ. কমিটির থ্রু দিয়ে আসার কথা। কিন্তু পি. এ. কমিটি মানেই জানেন—এখন আমার কাছে যতটুকু সংবাদ আছে, প্রায় ১২ থেকে ১৩ বছর আগেকার সমস্ত রিপোর্ট এখনও সাবমিট হয়নি। সুতরাং আমরা সেই সময় কে থাকবো, কে থাকবো না তাও জানি না। অলরেডি গ্যাস টার্বাইনের ব্যাপারে যে বিতর্কের সৃষ্টি হয়েছে, সেটার যদি নিস্পত্তি করতে হয় তাহলে আপনার হস্তক্ষেপ ছাড়া আইন সম্মত ভাবে আর কোন আমাদের উপায় থাকছে না। আপনি নিজে জানেন, তবুও আমি রিপিট করছি, আপনার হাতে রুলস অব প্রসিডিয়োরের ২৫২ পাতায় একটা আইন আছে, যেখানে আপনি, দি মেমবার্স of a Committee। আপনি আজকে এই কেসকে কেন্দ্র করে নিজে একটা কমিটি করে—কারণ এর কোন বিকল্প নেই, কোন আইন সম্মত বিকল্প নেই, এটা এক্সপোজ করার জন্য এবং দোষী ব্যক্তিকে সাজা দেবার জন্য। স্যার, এছাড়া আপনার যদি মনঃপুত না হয়, তাহলে মেজ প্রাকটিসের টোয়েনটিয়েথ এডিয়ন একটা প্রভিশন আছে, যেটা আপনার সামনে রাখছি, রেজলিউশনের মধ্যে দিয়ে আপনি একটা কমিটি করে, সেই কমিটিটা হাউসকে রিপ্রেজেণ্ট করবে, এই ভাবে আপনি একটা বিহিত করতে পারেন। সেখানে বলছে, টোয়েনটিয়েথ এডিশনের ৬৫৫ পাতায়, A committee of the whole house is appointed by a resolution that the House shall immediately or on a future day resolve itself into a committee of the whole House. আপনি করতে পারেন। আমি কেন করতে বলেছি, তার গুরুত্বটা উপলব্ধি করবার জন্য আমি কয়েকটি পয়েণ্ট আপনার সামনে উল্লেখ করছি। একটু সময় নেব। এ্যাকশন এগেনস্ট মিনিষ্টার, সুতরাং আপনাকে আমার কপি দেবার কোন ব্যাপার নেই। আপনি জানেন, আইনে আছে যে আমার যা সোর্স, আমি যে সোর্স থেকে খবর পেয়েছি, তা আপনাকে আমি বলতে বাধ্য নই। কিন্তু এই রিপোর্ট যে সোর্স থেকে পেয়েছি, আমার ধারণা এটা অথেনটিক, প্রাইমাফেসি ভাবে আমার তাই মনে হয়েছে। গ্যাস টার্বাইন কেনার কথা হয়েছিল, সেই অনুসারে গ্লোব্যাল-টেণ্ডার থেকে ১১টা টেণ্ডার আসে। এই ১১টা টেণ্ডার থেকে আটটি কোম্পানী টেকনিক্যাল গ্রাউণ্ডে বাতিল হয়ে যায়। মাত্র তিনটে কোম্পানী থাকে, ব্রাউন ইঞ্জিনিয়ারিং গ্যাস টার্বাইন্স ইউ. কে., মারুবানি কর্পোরেশন, জাপান এবং এ. কে. জি. কেনিস, ওয়েস্ট জার্মানি। এই তিনটে কোম্পানী শেষ পর্যন্ত আসে। আপনি অবাক হয়ে যাবেন, আমার কোন ইনডিভিজুয়্যাল এ্যাসপারসন নেই, আপনি বিচার করবেন এইগুলো, প্রাইস ফর ইভলিউশন অব দি কনসালট্যাণ্ট কোম্পানী, ইউ. কে.'র কোম্পানী দিচ্ছে ১৬ কোটি ৭৫ লক্ষ ১১ হাজার ৬৯০ টাকা, আর আমাদের বিদ্যুৎ পর্ষদ থেকে ইভলিউশন করছে ১৬ কোটি ৭৫ লক্ষ ৫০ হাজার ৬৯৯ টাকা।

[2-10—2-20 p.m ]

জাপানী কোম্পানীর দর হচ্ছে ১৬ কোটি ৪৯ লক্ষ ৫২ হাজার ৫১৮ টাকা, বোর্ড বলছে ১৬ কোটি ৯৩ লক্ষ ৫৫ হাজার ১৬৫ টাকা। ওয়েস্ট জার্মান কোম্পানীর ১৬ কোটি ৯৬ লক্ষ ৩৩ হাজার ৪৩০ টাকা, বোর্ড বলছে ১৭ কোটি ২৫ লক্ষ ৩৬

হাজার ৭১৫ টাকা। স্যার, সব চেয়ে ইণ্টারেস্টিং পার্ট হল লোয়েষ্ট টেণ্ডার ১৬ কোটি ৭৫ লক্ষ ২১ হাজার টাকা ইউ. কে. থেকে দেওয়া হল। কিন্তু পেমেণ্ট কত হয়েছে জানেন? পেমেণ্ট হয়েছে এ্যাট লাষ্ট ১৯ কোটি ৪২ হাজার টাকা ক্যান ইউ ইমাজিন? ইট ইজ নট এ্যাসপারসান এগনেস্ট ইউ। আমি মনে করি এই ব্যাপারে এনকোয়ারি করার জন্য প্রত্যেক সদস্যেরই এটা সমর্থন করার দরকার আছে। স্যার, কিরকম ইররেগুলারিটিজ হয়েছে সেটা একটু দেখুন। লোয়েষ্ট টেণ্ডারার ইউ. কে. কে ১৬ কোটি ৭৫ লক্ষ ২১ হাজার টাকায় টেণ্ডার দেওয়া হয়েছে ডিপ্রাইভিং জাপান কোম্পানী, ওয়েষ্ট জার্মান কোম্পানী, হোয়ারএ্যাজ পেমেণ্ট বেশী হয়ে যাচ্ছে। আমি কোন এ্যাসপারসান করছি না, আই এ্যাম নট সেয়িং সি. আই. টি. ইউ. চুরি করেছে, সি. পি. এম. চুরি করেছে, জ্যোতি বসু চুরি করেছে। আমি বলছি ইট ইজ এ ফ্যানট্যাস্টিক ম্যাটার। ১৬ কোটি ৭৫ লক্ষ ২১ হাজার টাকা লোয়েষ্ট টেণ্ডার বলে তাকে পেমেণ্ট করা হয়েছে ১৯ কোটি ৪২ লক্ষ টাকা। এটা একটা ফ্যানট্যাস্টিক ব্যাপার। এই সম্পর্কে অডিট রিপোর্টে তীক্ষ্ণ মন্তব্য করা হয়েছে। আমি অডিট রিপোর্টের কথায় আসছি না। কিন্তু তা সত্বেও আমি আপনাকে বলব এই অবজারভেসন সম্পর্কে মন্ত্রী মহাশয় এনকোয়ারি করতে এগ্রি হয়েছেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এটা যদি আপনার মধ্য দিয়ে কমিটি তৈরী করা হয় তাহলে আরো বেশী ফলপ্রদ হবে এবং এতে হাউসের গ্রাভিটি, ডিগনিটি বৃদ্ধি পাবে এবং আপনি একটা রেকর্ড করে যেতে পারবেন। আপনাকে বহুবার বলেছি. আপনি টোকেন হিসাবে একটা শুধু করে দৃষ্টান্ত স্থাপন করুন। ইররেগুলারিটিজ, গাফিলতির জন্য, কার ত্রুটির জন্য এই জিনিসগুলি ঘটছে এবং কোটি কোটি টাকা নয়ছয় হয়ে গেছে—এটা দেখা দরকার। গ্যাস টারবাইন সংগ্রহ করার দায়িত্ব বৃটিশ কোম্পানীকে দেওয়ার পর তার মিডল কোম্পানী মিডল-ম্যানের মত রইল, তার নাম হল ব্রাউন এজেণ্ট, ইউ. কে. কোম্পানী। সেই কোম্পানীর কাজ হল ষ্টেট গভর্নমেণ্টের কাছ থেকে টাকা নিয়ে ভারত সরকার যে টাকা জমা দেবে সেই টাকা অরিজিন্যাল কোম্পানীকে দেবে। এগ্রিমেণ্ট অনুযায়ী যদি ষ্টেট গভর্ণমেণ্ট টাকা দিতে দেরি করে তাহলে তার জন্য ইণ্টারেষ্ট দিতে হবে। কিন্তু জানি না কোন অদৃশ্য হাতে ভারত সরকারের কাছে ডিউ টাইমে বোর্ডের টাকা জমা দিল না, যার জন্য ৪২ লক্ষ ৯৬ হাজার টাকা আপ টু জুন, ১৯৮২ ইণ্টারেষ্ট গুনতে হয়েছে। কার টাকা? গৌরী সেনের টাকা এই ভাবে লুট হয়ে গেছে। ১/২/৩/৪/৫ জন বুরোক্র্যাটের জন্য এগ্রিমেণ্টের টাকা ডিউ টাইমে ফুলফিল করা হল না, দপ্তরের অভাবে ডিউ টাইমে জমা দেওয়া হবে না, ক্যাবিনেটে পাস হয়ে গেছে, টাকার অভাব হত না, কিন্তু তা সত্বেও দেওয়া হয়নি এবং তার জন্য ৪২ লক্ষ ৯৬ হাজার টাকা গভর্নমেণ্টকে এক্সট্রা গুনাগার দিতে হয়েছে ইণ্টারেণ্ট হিসাবে জুন ১৯৮২ পর্যন্ত। গ্যাস টারবাইনগুলি যখন আসে তখন কাসটম ডিউটি এর উপর ছাড়ের কোন আইন ছিল না। স্বভাবতইঃ ষ্টেট গভর্নমেণ্ট এবং ওদের মধ্যে বিতর্ক হয়। শেষ পর্যন্ত এগ্রিমেণ্ট হয় যে, আলটিমেটলি ঐ টাকা সাপ্লায়ারকে দিতে হবে। ১৯৭৯ সালের মার্চ পর্যন্ত কাস্টম ডিউটি বাবদ ১ কোটি ৫১ লক্ষ ২১ হাজার টাকা দিতে হয়েছে। ষ্টেট গভর্নমেণ্ট এ্যাডভান্স হিসাবে এই টাকা দিয়ে দিল। পরবর্তীকালে একটা আইন

হল যাতে সেণ্ট্রাল গভর্নমেণ্ট একটা ছাড় দেবার ব্যবস্থা করে দিল। সেখানে বলা হল গ্যাস টারবাইন নিয়ে এলে বিদ্যুতের উন্নতির জন্য কোন কাস্টম ডিউটি লাগবে না। কিন্তু আজ পর্যন্ত সেই টাকা ফিরে পাওয়া গেল না। লাণ্টলি কত টাকা পাওয়া গেল? ১ কোটি ২৮ লক্ষ ৫৪ হাজার টাকা পাওয়া গেল। ১ কোটি ৫১ লক্ষ ২১ হাজার টাকার মধ্যে ১ কোটি ২৮ লক্ষ ৫৪ হাজার সামথিং টাকা পাওয়া গেল, বাকি টাকা উধাও হয়ে গেল। এটা একটা অদ্ভুত ব্যাপার। আইন রয়েছে গ্যাস টারবাইন হয়ে যাবার পরে উইদাউট ডিউটি টাকা ফেরত যাবে, কিন্তু তার স্পেয়ার পার্টসের উপর ডিউটি দিতে হবে। অনেক টানা পোড়েন করে তার উপর এই পোরসান দিতে হল। তাতে হল কি? দিতে হ'ল কত টাকা? ১২৯ লক্ষ ৭১ হাজার টাকা। পরবর্তীকালে ক্যাটাগরিক্যালি বহুবার বলা হয়েছে সেণ্ট্রাল গভর্নমেণ্টের কাছে তদ্বির করা হোক। ডিপার্টমেণ্ট থেকে মন্ত্রীরা পর্য্যন্ত বলেছেন তদ্বির করা হোক, কারণ যে সরকার গ্যাস টারবাইনকে কাস্টম ডিউটি থেকে ফ্রি করে দিতে পারে সেই সরকারের ইনটেনসান্স ভেরি ক্লিয়ার যে তার পার্টস এবং আদার আনুষাঙ্গিক জিনিষগুলিও ফ্রি করে দিরে পারে। একটু তদ্বিরের অভাবে ১২৯ লক্ষ ৭১ হাজার টাকা যেটা স্টেট গভর্নমেণ্টের টাকা সেটা নয়ছয় হয়ে গিয়েছে। দপ্তরের সম্পূর্ণ গাফিলতির জন্য এই জিনিষ হয়েছে। তারপর সাপ্লায়ারের সঙ্গে পর্ষদের চুক্তি অনুযায়ী ১৪ দিন অতিবাহিত হবার পরে পার্টসের জন্য যদি অকেজো হয়ে থাকে তাহলে পার ডে ৫ হাজার টাকা করে পার ইউনিট পেনালটি দিতে হবে। তাতে টোটাল টাকার অঙ্ক দাঁড়ায় পেনালটি হিসাবে, কারণ পর্ষদকে সাপ্লাই করতে পারে নি, ২৯ লক্ষ ৮৫ হাজার টাকা। স্যার, আপনি শুধু এ্যামাউণ্টগুলি একটু লক্ষ্য করে দেখন—১৫০ লক্ষ, কোথাও কোটি এইসব এ্যামাউণ্ট। ২৯ লক্ষ ৮৫ হাজার টাকা পেনালটি হিসাবে পর্ষদের পাবার কথা আপটু ডেট কিন্তু আমি যে তথ্য সংগ্রহ করেছি তাতে বলতে পারি একটা ফুটো পয়সাও রিয়ালাইজেসান হয়নি-এটা ফ্যানটাসটিক। তারপর কনট্রাক্টরের সঙ্গে গ্যাস টারবাইন বসাবার জন্য যে চুক্তি হয় সেখানে যদি নির্দিষ্ট সময়ে বসাতে না পারে তাহলে সেই কনট্রাকটরের কিছু পারসেনটেজ ফেরত দেবার কথা। ১ লক্ষ ৯২ হাজার পাউণ্ডের সমমূল্যে টাকা ফেরত দেবার কথা যার এখানকার মূল্য হচ্ছে ৩০ লক্ষ টাকা। আজ পর্য্যন্ত কিন্তু ইউ. কে.র কম্পানী একটি পয়সাও ফেরত দেয়নি। স্যার, তারপর দেখুন ১৯৭৯/৮০ সালের আর্থিক বছরে ওভারটাইম এ্যালাউন্সেস হয়েছে ৫০ পারসেণ্ট। ১৯৮০/৮১ সালে ৩১.৭ পারসেণ্ট, ১৯৮১/৮২ সালে ৫৭.৬ পারসেণ্ট। ওভারটাইমের এ্যাভারেজ রেট হল ৫০০ থেকে. ৯০০ ঘণ্টা। কিন্তু স্যার, ফাক্টরি আইন বলে ৭৫ ঘণ্টা সেই গ্যাস টারবাইনে দুটি শিফট চলে, প্রথম শিফটে চাকরি করছে আর দ্বিতীয় শিফটে পুরো ওভারটাইম নিচ্ছে। ওভার টাইমের জন্য সেখানে প্রায় এক কোটি টাকার মতন লস হয়ে গিয়েছে। বেশী ওভারটাইম হতে পারে না। শিলিগুড়ির একটি ইউনিটের খবর বলি, সেখানে

( নয়েজ )

স্যার, ওদের গায়ে লাগছে কেন বুঝতে পারছি। এখন গ্যাস টারবাইনে গ্যাসই আছে নো টারবাইন। There was no turbine, Sir, there was only gas. There are make distributing the gas amongst the masses.

স্যার, ঐ কনসালটেন্সী ফার্ম কাজ না করেই ৫০ লক্ষ ৬০ হাজার টাকা পেয়েছে। ৫ পারসেণ্ট রিটেনসান ম্যানি জমা দেবার কথা, কিন্তু আজ পর্যান্ত একটি পয়সাও জমা দেয়নি, সেখানে ৫ লক্ষের মতন টাকা সেই ফার্মে পড়ে রয়েছে। এইভাবে সিভিল ওয়ার্ক না হওয়া থেকে আরম্ভ করে, কনট্রাকটরের কাছ থেকে আরম্ভ করে বহু টাকার ব্যাপার রয়েছে। কোটি কোটি টাকার মাল বিভিন্ন জায়গায় পড়ে আছে, অকেজো হয়ে পড়ে আছে। আজকে সমস্ত টারবাইনগুলিকে অকেজো করে রেখে দেওয়া হয়েছে। স্যার, আই বেগ জাসটিস ফ্রম ইউ। আপনি স্যার, আমাকে সময় দিলেন না কাজেই আমি বিস্তারিতভাবে বলতে পারলাম না। স্যার, এটা অডিট রিপোর্ট হিসাবে আমি প্লেস করতে পারি না কিন্তু তবুও বলছি ফর ইয়োর ইনফরমেশান, দিস ইজ অডিট রিপোর্ট। এর প্রতিটি লাইনে এইসমস্ত ত্রুটি বিচ্যুতি এবং অন্যায়ের কথা রয়েছে। স্যার, আপনি এটা এড়িয়ে যাবেন না, আপনার কাছে আমার অনুরোধ, আপনি এ ব্যাপারে একটি সর্বদলীয় কমিটি করুন।

[2-20—2-30 p.m. ]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার সহৃদয়তাতে আমাদের বিরোধী পক্ষের দ্বারা উত্থাপিত নো-কনফিডেন্স মোশান গৃহীত হয়েছে। এটা এই সরকারের বিরুদ্ধে দ্বিতীয়বার আনা হয়েছে। আমি অতীতেও আপনার দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে, এই সরকারের মধ্যে কণ্ট্রাডিকসন আছে। এঁরা আজকে যে কথা বলেন তিন মাস পরে তার বিরুদ্ধে কথা বলেন। এক দপ্তর এক কথা বলে, আর এক দপ্তর আর এক কথা বলে। কিন্তু আপনি জানেন লোকসভায় ৭ দিনের মধ্যে সদস্যদের কাছে ছাপান প্রোসিডিংস দেওয়া হয়। অথচ এখানে আমাদের কার্যকালের প্রোসিডিংস-ও আমাদের মধ্যে বিতরণ করা হয়নি। আপনি দেড় বছর ধরে স্পীকার আছেন এবং এই হাউসে আপনার প্রীডিসেসর আছেন, অথচ তাঁর কার্যকালের আগের প্রিনটেড প্রোসিডিংস-ও আমরা পাইনি। এ বিষয়ে ইতিপূর্বে আপনার কাছে আবেদন করেছিলাম, কিন্তু এখনো পর্যন্ত কোন ফল পাইনি। আমরা নো-কনফিডেন্স মোশান এনেছি, সরকারের কণ্ট্রাডিকসন, দুর্নীতি, দুষ্কৃতি, দুমুখো নীতি ইত্যাদি দেখাবার জন্য আমরা আপনার সেক্রেটারীর কাছে দরখাস্ত দিয়েছি আমাদের প্রোসিডিংস সাপ্লাই করার জন্য। আমি বলেছি, অন্তত সাপ্লাই মি আন-রিভাইসড় কপি অফ প্রোসিডিংস। কিন্তু এখনো পর্যন্ত আমরা তা পাইনি। হোয়াই দিস হ্যাজ নট বিং ডান? আমি আপনাকে আবার বলছি, কাইণ্ডলি লুক ইন টু দ্যাট।

**মিঃ স্পীকার ঃ** Dr. Abedin, I am looking into the matter. It will take some time more.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, Chief Minister assured us about this.

**মিঃ স্পীকার ঃ** ইয়েস, ইট ইজ প্রোসেসিং, কিন্তু ব্যাপারটা হচ্ছে, আই এ্যাম টু ইনফর্ম দি মেম্বারস এ্যাবাউট দি পাবলিকেসন অফ প্রোসিডিংস, এটা শুধু লাষ্ট এ্যাসেম্বিলির সময়ের নয়, এটা তার আগেরও। যখন ডাঃ আবেদিন মন্ত্রী ছিলেন তখন

তাঁরাও এই কাজ করেননি। ডাঃ আবেদিনও তখন গভর্ণমেণ্টকে এ বিষয়ে কিছু বলেননি। যাই হোক হবিবুল্লা সাহেব যখন স্পীকার ছিলেন তখন তিনি '৭৫ সাল পর্যন্ত প্রোসিডিংস ছাপিয়ে গেছেন। আমি ডাঃ আবেদিনকে বলব যে, আপনারা '৭৭ সাল পর্যন্ত ছাপিয়ে রেখে যেতে পারেননি। অবশ্য দেয়ার আর প্রবলেমস। এর চেয়ে বেশী আমি আর কিছু বলতে পারছি না। যাই, হোক we are looking into that and we are trying to solve it.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আর একটা পয়েণ্ট হচ্ছে, আমাদের লীডার অফ দি অপোজিসন সেদিন মাননীয় যতীন চক্রবর্তীর বিরুদ্ধে একটা প্রিভিলেজ মোশান আপনার কাছে রেখেছেন এবং ইউ ওয়্যার ভেরি কাইণ্ড টু এ্যাকসেপ্ট ইট, আপনি রুলিং রিজার্ভড্ রেখেছেন। We are very grateful for that and we expect Justice from you.

**মিঃ স্পীকার ঃ** Dr. Abedin, Please sit down. I will look into the matter.

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে একটা জিনিষ পড়ব, তার পরে আপনার কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখব।

স্যার, আপনি জানেন শ্রীঅরবিন্দের ট্রায়াল হয়েছিল আলিপুরে। In this room was held in 1908-1909 the historic trial of fighters for Indians emuncipation including Shri Aurobindo.

চিত্তরঞ্জন দাস যে কথাটা বলেছিলেন সেটা বলে আমি আরম্ভ করব। "He will be looked upon as a poet of patriotism, the prophet of nationalism and the Leader of huminity. His words will be echoed and re-echoed not only in Indian but across the distant seas and Lands". মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে শ্রীঅরবিন্দের বিচার হয়েছিল আলীপুরে এবং এই ট্রায়াল সারা ভারতবর্ষে একটা আলোড়ন সৃষ্টি করেছিল। ফোর্টিন্থ এ্যাডিশ্যানাল ডিস্ট্রিক্ট জাজ তাঁর কোর্টে যে চেয়ারে বসে এটা করেছিলেন সেটা আছে, যেখানে বিচার হয়েছিল সেখানে চেয়ারটা আছে। শ্রীঅরবিন্দের সমস্ত বই এবং তাঁর যে সমস্ত জাজমেণ্ট সেগুলি সবই আছে। তাঁর সমস্ত কাগজপত্র একটি আলমারীতে রেখে দেওয়া হয়েছে এবং সেই আলমারীটি — যে প্রস্রাবাগারে জাজেরা এবং অন্যান্য সকলে প্রস্রাব করেন — তার পাশের ঘরে আছে। শ্রীঅরবিন্দের সমস্ত কাগজ ও মূল্যবান নথিপত্র এবং সেই ট্রায়ালের খাঁচা, যেখানে শত শত শহীদের বিচার হয়েছিল সেখানে রেপ কেসের আসামী, খুনী কেসের আসামী এবং আরও অনেক রকম জঘন্য কেসের আসামীদের বিচার করা হচ্ছে। যে চেয়ারে বসে বিচার করা হয়েছিল সেই চেয়ারটা আছে। আমি আপনার কাছে এ বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয়কে বলার জন্য অনুরোধ করছি। যে ঘরে শ্রীঅরবিন্দের বিচার হয়েছিল, সে ঘরে মূল্যবান কাগজপত্রগুলি আছে সেই কাগজপত্র এবং ঘরটিকে সংরক্ষণ করে ঐ ঘরের পবিত্রতা মেনটেন করুন।

আমরা বাঙালী এবং ভারতবাসী বলে গর্বিত, যেহেতু আমরা শ্রীঅরবিন্দের দেশের লোক। তাই আমি আপনার কাছে বলছি ঐ ফোর্টিন্থ কোর্টের ঘরটাকে একটা সংগ্রহশালা রূপে গ্রহণ করে নিয়ে যেখানে যা আছে তা সংরক্ষণ করুন এবং আমি জুডিসিয়াল মিনিষ্টারের কাছে দাবী করছি যে ইমিডিয়েটলি ঐখানে ঐসব কেসের আসামীদের বিচার বন্ধ করে দিন। ঐখানে রেপ বা অন্যান্য জঘন্য কেসের আসামীর বিচার হচ্ছে এটাতে খুবই দুঃখ লাগে। আপনি ওটা প্রিজার্ভ করার ব্যবস্থা করুন। রাজ্যের বাইরে, অন্যান্য রাজ্য থেকে ফরেন থেকে যাঁরা বেড়াতে আসেন তাঁরা অনেক সময় শ্রীঅরবিন্দ সম্বন্ধে জানতে চান। তাঁদের ঐ কোর্ট দেখে লজ্জায় মাথা নীচু হয়ে গেছে। এটা একটা জাতীয় সম্পদ হিসাবে আপনি সংরক্ষণ করুন। এটার একটা ব্যবস্থা করুন।

**শ্রীশচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ কলকাতায় আবার সমাজ-বিরোধীদের দৌরাত্ম আরম্ভ হয়েছে। বিগত রবিবার দক্ষিণ কলিকাতার টালিগঞ্জ রোড এবং রাসবিহারী এ্যাভিনিউর মুখোমুখী কেওড়াতলা শ্মশানের শত শত সমাজ-বিরোধী অস্ত্র শস্ত্র নিয়ে মারামারি সুরু করে। দুই দলের মধ্যে প্রচণ্ড মারামারি সুরু হয়। তারপর যখন পুলিশ গিয়ে তাদের তাড়া করে তখন দুই দল এক কাট্টা হয়ে পুলিশের বিরুদ্ধে লেগে যায়। আপনি জানেন, বিগত এক বছর আগে এই অঞ্চলে সমাজ বিরোধীদের কার্য্যকলাপের ফলে বহু নিরীহ মানুষকে প্রাণ হারাতে হয়।

[2-30—2-40 p.m.]

বামফ্রন্ট সরকার তাঁর সীমিত ক্ষমতায় যে ব্যবস্থা করেছেন সেটা আশ্চর্যজনক ব্যাপার, সেটা ওঁনারা কোনদিন অনুধাবন করেননি। স্যার, ওঁদের সমালোচনা হল এখানে বই পাওয়া যাচ্ছে, ওখানে বই পাওয়া যাচ্ছে, এইসব কথা হাউসে অনেকবার বলেছেন, কিন্তু আজকে যেই মন্ত্রীমহাশয় সেই আনঅথরাইজড পজেসানের আইন এনেছেন তখন ওঁনারা সেটাকে সমর্থন করছেন না। ওঁনারা হাউসে দাঁড়িয়ে একরকম সমালোচনা করবেন আর যখন সেই সমালোচনার বিরুদ্ধে মন্ত্রী মহাশয় বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করলেন তখন ওঁনারা তার বিরুদ্ধে কথা বললেন। সুতরাং আজকে বেআইনী আনঅথরাইজড পজেসানকে উদ্ধার করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয় যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন আমি তাকে সাধুবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষের উচিত তাকে সাধুবাদ জানান। বই নিয়ে যে দুর্নীতি হচ্ছে সেই দুর্নীতির পথকে যখন মন্ত্রীমহাশয় বন্ধ করতে যাচ্ছেন তখন ওঁনারা চিৎকার করছেন, তাকে সাধুবাদ জানাচ্ছেন না। ক্লাস ওয়ান থেকে ক্লাস ফাইভ পর্যন্ত ন্যাশনালাইজড বুকের যে জুরিসডিকসান সেটাকে এনহ্যান্স করা হয়েছে, তাতে ক্ষতি কি হচ্ছে? বই ছাপানর ব্যাপারটা নির্ভর করে কাগজ সরবরাহের উপর, আপনাদের কাগজের পার্মিট দেওয়ার উপর। চাবিটা কেন্দ্রীয় সরকারের কাছে, আপনাদের হাতে রেখে দিচ্ছেন, রেখে দিয়ে বলছেন তোমরা এটা করছ না, ওটা করছ না। আসল চাবি-কাঠি আপনাদের হাতে, আপনারা কেন্দ্র থেকে সেইসব নিয়ন্ত্রণ করছেন। অনেক সময় অনেক অসুবিধা আছে, সেইসব অসুবিধা সত্ত্বেও আজকে বই ছাপানর ব্যাপারে যে পদক্ষেপ গ্রহণ করেছেন সেটা অত্যন্ত প্রশংসনীয়। আজকে আরো বেশী করে যাতে ন্যাশনালাইজড টেক্সট বুক প্রকাশ করা হয় তারজন্য মন্ত্রীমহাশয়কে আপনাদের ধন্যবাদ দেওয়া উচিত। বই নিয়ে যে দুর্নীতি চলছিল সেই দুর্নীতি বন্ধ করার জন্য মন্ত্রীমহাশয় যে ব্যবস্থা করেছেন সেই ব্যবস্থায় কংগ্রেসীরা ক্ষুব্ধ। কারণ, এঁদের দলের লোকজন এর সঙ্গে জড়িত আছে বলে সন্দেহ। আমরা দুর্নীতি বন্ধ করার চেষ্টা করছি, তারজন্য আইন এনেছি, সেজন্য এই আইনকে সমর্থন জানিয়ে মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে সংশোধনী এনেছেন, ওয়েস্ট বেঙ্গল ন্যাসনালাইজড টেক্সট বুকস্ (এ্যামেণ্ডমেণ্ট) বিল আমি তাকে সমর্থন করছি। এই সংশোধনীতে মূল কথা যেটা বলেছেন সেটা হচ্ছে ফর ক্লাশেস ওয়ান টু ফাইভ অর এনি স্কুল-এর জায়গায় দি ওয়ার্ডস ফর স্টাডিস ইন স্কুলস্ স্যাল বি সাবসটিটিউটেড। এই যে কথা তিনি বলেছেন তাতে ধরে নেওয়া হচ্ছে বিদ্যালয়ের সর্বোচ্চ সীমা পর্যন্ত অর্থাৎ ১২ ক্লাশ পর্যন্ত পাঠ্য পুস্তকের ব্যাপারে সরকার একটা নিয়ন্ত্রণ আনতে চাচ্ছেন। এটা নিঃসন্দেহে অভিনন্দন যোগ্য। আমরা শিক্ষক হিসেবে আজকে দেখছি পাঠ্য পুস্তক বিভিন্ন ক্লাশে যেটা চলছে সেটা নিয়ে স্কুলে একটা ব্যবসা হয়। বিভিন্ন লেখক বিভিন্ন ক্লাশের সিলেবাস অনুযায়ী বই যা লিখছেন সেই পাঠ্য পুস্তক কোন স্কুলে কিভাবে গৃহীত হবে তা নিয়ে সাবজেক্ট টিচার থেকে সুরু করে ম্যানেজিং কমিটি পর্যন্ত সকলের সঙ্গে পুস্তক ব্যবসায়ীদের একটা অলিখিত লেনদেনের

যে সম্পর্ক রয়েছে সে বিষয় কোন সন্দেহ নেই। স্যার, গ্রাম থেকে শহর পর্যন্ত সর্বত্র এই জিনিস চলছে। কাজেই সরকার যদি ন্যাসনালাইজড টেক্সট্ বুক প্রবর্তন করেন তা হলে আমরা একটা ইউনিফর্ম পাঠ্য পুস্তক দিতে পারব এবং পাঠ্যপুস্তককে কেন্দ্র করে বিদ্যালয়ে যে দুর্নীতি চলছে সেটাও দূর করতে পারব। তবে এক্ষেত্রে আমাদের লক্ষ্য রাখতে হবে সরকার যে পাঠ্যপুস্তক নির্ধারিত করবেন সেটা আমরা ছাত্রদের ঠিক ভাবে সরবরাহ করতে পারব কিনা। আমার একথাটা বলার কারণ হচ্ছে, বর্তমানে ক্লাশ ওয়ান থেকে ক্লাশ ফাইভ পর্যন্ত যে বই সরবরাহ করা হয় তাতে ৪ কোটি টাকা ব্যয় করা হচ্ছে, কিন্তু ব্যবস্থাপনা এমনই খারাপ যে সর্বত্র সেই বইগুলি ছাত্রদের কা. সময় মত পেঁ ৗছে দেওয়া যায় না। অনেক সময় দেখা গেছে এ্যানুয়াল পরীক্ষা এসে গেছে তখনও বই পাওয়া যায়নি। আমার মনে আছে কান্তিবাবু একথা হাউসেই স্বীকার করেছেন। কাজেই আমি মন্ত্রীমহাশয়কে বলব, ১০ বা ১২ ক্লাশ পর্যন্ত বা ক্লাশ এইট পর্যন্ত সমস্ত বই সরবরাহ করার দায়িত্ব সরকার যেটা নিতে চাচ্ছেন অর্থাৎ সরকারী আওতায় আনতে চাচ্ছেন তাতে সরকারকে দৃষ্টি দিতে হবে যাতে ঠিকভাবে এবং সময়মত বই দেওয়া হয়। হয়ত সব বই এখনই দেওয়া যাবে না, কিন্তু যেটা দেওয়া হবে তা যেন ঠিকভাবে এবং সময়মত দেওয়া হয়। মন্ত্রীমহাশয় যে দৃষ্টিভঙ্গী থেকে এই এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাতে এটা হবে যে, একটা ইউনিফর্ম পাঠ্যক্রম আমরা প্রয়োগ করতে পারব। মন্ত্রীমহাশয়কে এই বিল আনার জন্য অভিনন্দন জানাচ্ছি, ধন্যবাদ দিচ্ছি কারণ এতে বই নিয়ে যে দুর্নীতি হচ্ছে সেটা দূর হবে।

**শ্রী মহম্মদ আবদুল বারি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জবাবে আমার বিশেষ কিছু বলার নেই। যে সমস্ত মাননীয় সদস্য এই এমেণ্ডমেণ্ট বিলে অংশ গ্রহণ করেছেন তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি। কাশীনাথবাবু যে কথা বলেছেন তার জন্য আমি দুঃখীত। তিনি ঠিক বিলের উদ্দেশ্যটা বুঝতে পারেন নি। আমরা ছয় শ্রেণীর উপর কেন দায়িত্ব নিয়েছি। এটা কিন্তু ঘটনা নয়। ১৯৭৭ সালে ন্যাশান্যাল টেক্সট বুক আইনে সুনির্দিষ্টভাবে প্রথম থেকে পঞ্চম শ্রেণীর বই সম্পর্কে বলা আছে। ঐ বই যদি কোন আনঅথরাইজড সেল করে তাহলে তার শাস্তি হবে। পরবর্তী কালে ছয় শ্রেণীর অঙ্কর বই আমরা ছেপেছি। এখন ঐ অঙ্কর বই যদি কেউ বা কোন সেল বিক্রি করে তাহলে ঐ সেল এবং লোককে শাস্তি দেওয়া যাবে না। যার জন্য আমাদের এই ধারাটা করেছি। কেবলমাত্র পঞ্চম শ্রেণী নয়, এই পঞ্চম শ্রেণীর উর্ধে স্কুলের আমাদের ছাপানো বই বিক্রি করে তাহলে সে শাস্তি পাবে।

[5-30—5-40 p.m ]

দ্বিতীয়তঃ যেটা মাননীয় সদস্য অনিল মুখার্জী বলেছেন, চিৎকার করে বলেছেন যে বই এখানে ওখানে বিক্রি হচ্ছে ব্ল্যাকে। ঐ রকম ঘটনা আমরা পুলিশকে জানিয়েছি। পুলিশ গিয়ে দেখে বই তার কাছে আছে, কিন্তু সে বইটা বিক্রি করছে না। আইনে আছে বই বিক্রি করলে শাস্তি পাবে, যে জন্য আইনটা আমরা সংশোধন করলাম এই বলে যে আনঅথারাইজ ভাবে ডাইরেক্টারের কোন অনুমতি না নিয়ে বই রাখলে, যারা রাখবে তারা শাস্তি পাবে। এই দুটি উদ্দেশ্য নিয়ে আমরা এই এ্যামেণ্ডমেণ্ট বিল

এনেছি। সুতরাং আপনারা যে ভয়টা করছেন সে সমস্ত বই এর দায়িত্ব আমরা নিচ্ছি, এটা তা নয়। আমার মনে হয় কাশীনাথবাবু মনে করছেন যে সরকার যখন কোন ন্যাশনালাইজ করে, সরকার কোন জিনিসের দায়িত্ব নেন, তখন কিছু মানুষের অসুবিধা হয়, যারা পাবলিশার থাকেন, বই ছাপিয়ে ব্যবসা বানিজ্য করেন, তাদের জন্যই এই টেক্সট বুক সম্পর্কে এই আলোচনাগুলো হয়, এই আলোচনা ঐখান থেকে আসে, যাতে বইগুলো ঠিক মত ছাত্রদের কাছে পৌঁছে না দেওয়া যায়, এর জন্য বাধা যদি কেউ সৃষ্টি করতে পারে, সেই জন্য হয়তো বিভিন্ন জায়গা থেকে ষড়যন্ত্র থাকতে পারে। সেই বাধা সৃষ্টি করতে পারলে ছাত্রদের হাতে কিছু বই তুলে দেবার জন্য — বইটা বাইরে যদি চলে তাহলে তারা সুবিধা পাবে। বই-এর নোট তৈরী করে বিক্রি করলে সুবিধা পায়। এই ভাবে বইগুলো আজকে লুকিয়ে রাখার একটা চেষ্টা চলে। এমন কি আমার কাছে একটা খবর আছে, কোন কোন সদস্য এখানে অভিযোগ করেন যে বই আজও পাইনি। কিন্তু এমন একটা জায়গায় আমি জানি, সেই জায়গায় রাজনীতিগত ভাবে অন্য মতাদর্শে বিশ্বাস করেন বলে এমন একজন প্রধান শিক্ষক বইগুলো নিয়ে গিয়ে তাঁর বাড়িতে রেখে দিয়েছেন, ছাত্রদের কাছে দেননি। এই রকম ঘটনা যাতে না হয়, তার জন্য এই আইন আনা হয়েছে! এই বই মাস্টার মশাই-এর কাছে থাকলে তাকে শাস্তি দিতে পারা যাবে না। সেই মাস্টার মহাশয় যাতে বই না রাখতে পারেন তার জন্য আমরা এটা করেছি। আগামী দিনে মাননীয় সদস্য ভুপাল চন্দ্র পাণ্ডা মহাশয় যে ভাবে সাজেসন দিয়েছেন যে বইগুলো ঠিক সময়ে পেঁাছে দেবার জন্য — নিশ্চয়ই, আমরা এটা ভাবছি। দু তিন বছর ধরে এই যে উদ্যোগ নেওয়া হয়েছে, এই ব্যাপারে নিশ্চয়ই সহযোগিতা করবেন। সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গ ছাড়া কোথাও পঞ্চম শ্রেণী পর্য্যন্ত সমস্ত বই ছাত্রদের হাতে তুলে দেওয়া হয় না। সারা বছর ধরে এটা হয়। এই বছর বাজেটের টাকা এ্যালটমেণ্ট হওয়ার সঙ্গে সঙ্গে বই কি ভাবে ছাপাতে দেওয়া হবে, সমস্ত কাজ মোটামুটি শেষ করেছি এবং কাগজ কি ভাবে পাওয়া যাবে সেই ব্যবস্থা করা হচ্ছে এবং কোন্ কোন্ প্রেসে দেওয়া হবে, কোন্ প্রেসের যোগ্যতা আছে, সেই সব হিসাব নিকাশ করে নিয়ে আমরা এবার বই ছাপানোর কাজ তাড়াতাড়ি করবার চেষ্টা করছি এবং বই বিলির ব্যাপারে যে সমস্ত অসুবিধাগুলো ছিল, সেই অসুবিধাগুলো দূর করে কি ভাবে সেইগুলোকে সহজ করা যায়, কিভাবে সেইগুলোকে ছেলেদের হাতে তুলে দেওয়া যায়, সেই সমস্ত ব্যবস্থা করছি। মাননীয় সদস্য, আপনারা এখানে আছেন, ভবিষ্যতে আপনারা আমাদের সহযোগিতা করবেন। আমরা মনে করি, এটা সকল দিক থেকে উদ্যোগ নিয়ে কাজ না করলে সফল হবে না। এই বিল সম্পর্কে আমার আর কিছু বলার নেই। এই কথা বলে, কাশীবাবু যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon, was then put and lost.

The motion of Shri Md. Abdul Bari Biswas that the West Bengal Nationalised Text-Books (Amendment) Bill 1983, be taken into consideration, was then put and agreed to.

### Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 2

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that in clause 2, line 4, for the Words "for studies in schools" the words and figures "for Classes I to VI of any school" be substituted.

**Shri Md. Abdul Bari :** Sir, I do not accept the amendment.

The motion of Shri Kashinath Misra that in clause 2, line 4, for the words "for studies in schools" the words and figures "for Classes I to VI of any school be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 3

**Shri Kashinath Misra :** Sir, I beg to move in clause 3 in the proposed section 3A of the Principal Act, line 4, for the words "issued by the Director" the words "issued by the Education Department" be substituted.

**Shri Dhirendranath Sarkar :** Sir, I beg to move that in clause 3, in the proposed Section 3A of the Principal Act, line 4, for the words "issued by the Director" the words "issued by the State Government" be substituted.

**Shri Md. Abdul Bari :** No.

The motion of Shri Kashinath Misra that in Clause 3 in the proposed section 3A of the Principal Act, line 4, for the words "issued by the Director" the words "issued by the Education Department" be substituted, was then put and lost.

The motion of Shri Dhirendranath Sarkar that in Clause 3, in the proposed Section 3A of the Principal Act, line 4, for the words "issued by the Director" the words "issued by the State Government" be substituted, was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 4 and Preamble

The question that Clause 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Md. Abdul Bari :** Sir, I beg to move that the West Bengal Nationalised Text-Books (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**শ্রীকাশী নাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য রাখলেন তাতে আমি শুধু এইটুকুই বলতে পারি যে, একেবারে সমালোচনা করে কিছু

বলিনি, প্রকৃত সত্য জিনিসটাই কেবল বলেছি। আজকে যেটুকু কাগজ পাওয়া যাচ্ছে তার প্রপার ইউটিলাইজেসন হচ্ছে না। আপনারা কাগজ পাচ্ছেন অথচ ছাপতে এত দেরী হচ্ছে কেন? আপনারা মেনলি বিদ্যুতের ব্যাপারটা এড়িয়ে গেলেন। আপনারা যদি বলতেন বিদ্যুৎ আসছে না বলেই বিভিন্ন প্রেস বন্ধ থাকছে, ছাপা হচ্ছে না, তাহলে আমরা বুঝতাম। প্রেসগুলি বন্ধ হবার জন্য আজকে ছাপা হচ্ছে না। আপনারা তো বিভিন্ন সময় বাইরের প্রেসকে দিয়ে কাজ করান। আপনাদের দোষটা আপনারা স্বীকার করুন। আপনারা ওয়ান টু ফাইভের বই দিতে পারেননি। শুধু কাগজের অভাব বলে দিলেন। আপনারা যে কাগজ পেয়েছিলেন সেটা কোথায় গেল? এর প্রপার ডিস্ট্রিবিউসন হচ্ছে? আপনারা যা দিয়েছেন তার কতটা কালো বাজারে বিক্রী হচ্ছে সেই হিসাব দিয়েছেন? তার একটা হিসাবও দেননি। আপনার কাছে তথ্য আছে, আপনি জানেন, কিন্তু স্বীকার করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কাগজ নিয়ে কেলেঙ্কারি হচ্ছে। আজকে গোটা শিক্ষা ব্যবস্থা বানচাল হতে বসেছে। প্রাথমিক শিক্ষা কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা একটু দেখুন। আমি মন্ত্রী মহাশয়কে কোন রকম অশ্রদ্ধা করে কিছু বলছি না, কিন্তু এটা অত্যন্ত দুঃখের বিষয় যে ব্যাপারটা তিনি উপলব্ধি করলেন না। তাই প্রকৃত ঘটনাটা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জানালাম।

**শ্রীমহম্মদ আবদুল বারি :** মিঃ স্পীকার, স্যার, কাশীবাবু 'ধান ভানতে শিবের গীত' গাইলেন — এর উত্তর দেবার কিছু নেই।

The motion of Shri Md. Abdul Bari that the West Bengal Nationalised Text-Books (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[5-40—5-50 p.m.]

## 30TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Speaker :** I beg ro present the 30th Report of the Business Advisory Committee. The Commiitee met in my Chamber to-day and recommended the following programme of Business and allocation of time order from 14th September to 16th September, 1983.

| | | | |
|---|---|---|---|
| Wednesday, 14.9.83 ... | (i) | The West Bengal Appropriation (Excess Expenditure, 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74) Bill, 1983 (Introduction, Consideration & passing) | ... ½ hour |
| | (ii) | Discussion on the Motion of No-Confidence | ... 4 hours |
| Thursday, 15.9.83 ... | (i) | Discussion on the Motion of No-Confidence | ... 2 hours |
| | (ii) | The Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of undertakings) Bill, 1983 (Introduction, Consideration & Passing) | ... 1 hour |

(iii) The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of vacancies in Services and Posts) (Amendment) Bill, 1983 (Introduction, consideration and Passing ... 1 hour

Friday, 16.9.83 ... (i) The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing) ... 1 hour

(ii) The Calcutta University (Second Amendment) Bill, 1983 with Statutory Resolution (Introduction,Consideration and Passing

(iii) The Kalyani University (Amendment) Bill, 1983 with Statutory Resolution (Introduction, Consideration and Passing)

(iv) The North Bengal University (Amenment) Bill, 1983 with Statutory Resolution (Introduction), Consideration and Passing) ... 1 hour

(v) The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1983 (Introduction, Consideration & Passing) ... 1 hour

(vi) The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983 with Statutory Resolution (Introduction, Consideration and Passing) ... ½ hour

(vii) Private Members' Business ... 2½ hours

There will be no question or Mention cases on 16th September, 1983.

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৩০ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভায় প্রস্তাব উত্থাপন করছি।

The motion was then put and agreed to.

**মিঃ স্পীকার ঃ** আশা করি সকলেই এতে সম্মত হবেন। এই প্রস্তাব গৃহীত হল।

**The West Bengal Primary Education (Amendment) Bill 1983**

**Shri Md. Abdul Bari :** Sir, I beg to introduce the West Bengal Primary Education (Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Shri Md. Abdul Bari :** Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 1983, be taken into consideration.

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় প্রাইমারী শিক্ষকদের এবং প্রাইমারী স্কুল সংক্রান্ত মূল আইনের কিছু সংশোধন এখানে

উপস্থিত করেছেন। স্যার, এই সংশোধনীটি উপস্থিত করার সময় থেকে আমার মনের ভেতরে এমন একটা ভাব এসে উপস্থিত হতে সুরু করেছে যা আমি ভাষায় প্রকাশ করতে পারছি না। স্যার, আমরা জানি এই শিক্ষক সমাজ জাতির মেরুদণ্ড। শিক্ষক সমাজ সমস্ত জাতিকে শিক্ষার আলোকে আলোকিত করবার একটা বিরাট ভূমিকা পূরণ করছেন। এই শিক্ষক সমাজের কাজ করার ক্ষেত্রে বিশেষ কতকগুলি অসুবিধা রয়ে গিয়েছে। শিক্ষাদান কার্যে সুষ্ঠুভাবে ছাত্রদের পড়াশুনার কাজে যে সমস্ত অসুবিধাগুলি রয়ে গিয়েছে সেগুলির প্রতি বিন্দুমাত্র নজর না দিয়ে তিনি 'শিক্ষক কাহাকে বলে' এটা সংশোধনের জন্য বিল উপস্থিত করেছেন। 'শিক্ষক কাহাকে বলে' এর অর্থ তিনি বুঝতে না পারায় একটা বিল আকারে সেটাকে তিনি নিয়ে এসেছেন। স্যার, এই শিক্ষক সমাজ আজকে একটা অসহায় অবস্থায় দিন যাপন করছে। সমস্ত পশ্চিম বাংলার প্রাইমারী শিক্ষকদের বিভিন্ন রকমের সমস্যা রয়েছে।

প্রথম সমস্যা হচ্ছে, আজকে অন্যান্য সমাজের মানুষের কাছ থেকে শিক্ষক সমাজকে গ্লানি এবং অপমান সহ্য করতে হচ্ছে। তাদের অভিযোগ হচ্ছে, স্কুলে শিক্ষকরা পড়াশুনা করান না, স্কুলে শিক্ষকরা পড়াশুনা করানোর জন্য যান না। এটা একটা লজ্জার ব্যাপার এবং এর জন্য আজকে এই সরকার দায়ী। এই সরকার নিয়ম করেছে, স্কুলে কোন পরীক্ষা নেওয়া যাবে না। অবশ্য আজকে এবিষয়ে সমস্ত ছাত্ররা এবং অভিভাবকরা ক্ষুব্ধ। কারণ এর ফলে ছাত্রদের অসুবিধার সম্মুখীন হতে হতে হচ্ছে। প্রাইমারী স্কুলে ছাত্রদের কোন রকম পরীক্ষা দিতে হচ্ছে না, অথচ পরবর্তীকালে তারা যখন হাই স্কুলে ভর্তি হতে যাচ্ছে তখন প্রাইমারী স্কুলের একজন সাধারণ হেড মাস্টারের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে হাই স্কুলে ভর্তি হতে যেতে হচ্ছে। অথচ শুধু সেই সার্টিফিকেট দেখিয়ে তারা হাই স্কুলে ভর্তি হতে পারছে না। তাদের একটা অসহায় অবস্থার সম্মুখীন হতে হচ্ছে। সেখানে গিয়ে তাদের আবার ভর্তি হবার জন্য পরীক্ষা দিতে হচ্ছে। যারা সেই পরীক্ষায় পাশ করতে পারছে না তাদের ক্লাশ ফাইভ বা সিক্সে ভর্তি হওয়া সম্ভব হচ্ছে না। এর ফলে সেই সমস্ত ছাত্রদের অভিভাবকরা শিক্ষক সমাজের উপর ক্ষুব্ধ হচ্ছেন এবং তাঁরা বলছেন, শিক্ষকরা পড়াশুনা করান না, যার ফলে আমাদের ছেলে-মেয়েরা হাই স্কুলে ভর্তি হতে পারছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু এই নয়, এই সরকার বৃত্তি পরীক্ষাগুলিও তুলে দিয়েছেন। এই সমস্ত কারণে আজকে শিক্ষক সমাজকে অসহায় অবস্থায় পড়তে হয়েছে। এ ছাড়াও আজকে শিক্ষকদের অন্যান্য দিক দিয়েও বিভিন্ন রকম হয়রানির মধ্যে পড়তে হচ্ছে। বিভিন্ন রকম অফিসিয়াল হয়রানি রয়েছে, অফিস থেকে হঠাৎ হঠাৎ শিক্ষকদের কাছে চিঠি যাচ্ছে, অফিসে এসে হাজির হও বলে। তখন তাঁদের এস. আই. অফিসে গিয়ে দেখা করতে হয়, নানারকম কৈফিয়ত দিতে হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এছাড়াও আজকে গোটা শিক্ষক সমাজকে সি. পি. এম.-এর ছত্র-ছায়ায় নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে নিখিলবঙ্গ শিক্ষক সমিতির মাধ্যমে। তারা শিক্ষকদের ওপর বিভিন্ন রকম জোর জবরদস্তি চালাচ্ছে, বিভিন্ন ভাবে হয়রানি করছে। বিভিন্ন স্কুলের শিক্ষকদের আজকে তাঁদের ইচ্ছের বিরুদ্ধে অন্য জায়গায় ট্রান্সফার করা হচ্ছে। এই সমস্ত জিনিষ আমরা দিনের পর দিন দেখছি। শিক্ষকদের এই সমস্ত

অসুবিধাগুলির প্রতিকারের জন্য মন্ত্রী মহাশয় যদি একটা কমপ্রিহেনসিভ বিল আনতেন তাহলে ভাল হ'ত, কিন্তু তিনি তা না করে, 'শিক্ষক কাকে বলে' এই সংজ্ঞা মূল বিলে নেই, এটার নাকি প্রয়োজন দেখা দিয়েছে মূল বিলে জুড়ে দেওয়া, তাই তিনি এই বিলটা এখানে হাজির করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, তিনি শিক্ষক সমাজের দুরবস্থা দূর করার দিকে একটু নজর দিন। তিনি এখানে তা না দিয়ে এখানে 'প্রাথমিক বিদ্যালয় কাকে বলে' এটা নিয়ে একটা সংশোধনী প্রস্তাব এনেছেন এবং প্রাথমিক স্কুল যাকে বলে তার সঙ্গে নিম্ন বুনিয়াদি বিদ্যালয়কেও জুড়ে দিয়েছেন। কিন্তু এখানে প্রশ্ন হচ্ছে এই সরকার পশ্চিম বাংলায় কয়টি নিম্ন বুনিয়াদী বিদ্যালয় স্থাপন করেছেন? ইতিপূর্বে পশ্চিম বাংলায় একটা মন্ত্রীসভা ছিল, যাঁরা পশ্চিম বাংলায় এই বিদ্যালয় স্থাপন করে গেছেন। প্রথম এবং দ্বিতীয় বারের বামফ্রন্ট সরকার পশ্চিম বাংলার কোথাও নতুন করে নিম্ন বুনিয়াদী স্কুল স্থাপন করেননি। এঁরা নতুন করে কোথাও একটিও নিম্ন বুনিয়াদী বিদ্যালয় করতে পারেননি। অথচ সেগুলিকে আজকে এখানে এই বিলের মধ্যে জুড়ে দিয়েছেন। আজকে আমি শিক্ষা মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই যে, এই সমস্ত নিম্ন বুনিয়াদী বিদ্যালয়গুলিতে ছাত্রদের শিক্ষা দেওয়ার জন্য যে সমস্ত উপকরণ সরবরাহ করা প্রয়োজন সে সমস্ত কি আপনারা সরবরাহ করতে পারবেন? না আপনারা এ বিষয়ে ব্যর্থ হয়েছেন। আমরা দেখছি শিক্ষকরা নিম্ন বুনিয়াদী শিক্ষণ গ্রহণ করার জন্য বিভিন্ন শিক্ষণ কেন্দ্রে হাজির হ'ন এবং তাঁদের ১ বছর ধরে ট্রেনিং দেওয়া হয়। সেখান থেকে তাঁদের শিশুদের শিক্ষা দেবার জন্য যে সমস্ত ফরমুলা করে দেওয়া হয়, সেই অনুযায়ী কিন্তু উপকরণ সে-সমস্ত প্রতিষ্ঠানে সাপ্লাই করা হয় না।

ফলে কি হয়েছে? সেই শিক্ষকের পিছনে শিক্ষণ কেন্দ্রে প্রচুর টাকা খরচ হল বটে, কিন্তু তিনি শিক্ষণ কেন্দ্র থেকে ফিরে এসে তাঁর নিজের স্কুলে সেই পদ্ধতিতে ছাত্র পড়াতে সক্ষম হলেন না। এটা একটা বিরাট বিপর্যয়। এই সঙ্গে আমি বলতে চাই বুনিয়াদী শিক্ষণ কেন্দ্র, বুনিয়াদী স্কুল এবং নিম্ন বুনিয়াদী প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষার উপকরণগুলি সরবরাহ করার একান্ত প্রয়োজন। আমি বলতে চাই, মন্ত্রী মহাশয় এই বিল, যা এখানে উপস্থিত করেছেন তার উদ্দেশ্যটা একটু প্রচ্ছন্ন রয়েছে, পরিষ্কার করে কিছু বলতে পারেননি, সেইজন্য আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

**শ্রীনীরোদ রায় চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা সংশোধন বিল ১৯৮৩, যে সংশোধন বিল এখানে এনেছেন সেই বিলকে আমি পুরোপুরি সমর্থন করছি। এই সমর্থনের মধ্যে থেকে দু-একটি কথা বলতে হয়। তিনি এই বিল এনে পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষকদের মধ্যে একটা নূতন জাগরণ, একটা নূতন চেতনার সৃষ্টি করেছেন তাতে কোন সন্দেহ নাই। মাননীয় সদস্য যিনি কংগ্রেস বেঞ্চ থেকে বললেন এতে প্রাথমিক শিক্ষকদের যে সংজ্ঞা তা তিনি বুঝতে পারলেন না, এতে প্রাথমিক শিক্ষকদের স্বীকৃতি নেই ইত্যাদি বললেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে চেয়েছেন। প্রাথমিক শিক্ষক কাদের

বলে ? প্রাথমিক শিক্ষক তাঁরা, যাঁরা পশ্চিমবঙ্গ সরকারের দ্বারা কোন স্বীকৃত বিদ্যালয়ে সর্বক্ষণের জন্য বা আংশিক সময়ের জন্য শিক্ষক বা তাঁদের সহযোগী হিসাবে কাজ করেন তাঁদের শিক্ষক বলে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের মধ্যে আর একটা জিনিষ অন্তর্নিহিত আছে। সেই জিনিষ, প্রাথমিক শিক্ষকদের কোন সংজ্ঞা এ পর্যন্ত ছিল না। যাঁরা জুনিয়ার বেসিক স্কুলে কাজ করেন, পশ্চিমবঙ্গে এই রকম বহু শিক্ষক বা শিক্ষয়িত্রী আছেন, তারা বছরের পর বছর চাকরি করেছেন জুনিয়ার বেসিক স্কুলে, কিন্তু সেই জুনিয়ার বেসিক স্কুলে যে মাইনে দেওয়া হয় সেটা কোন কমিটির হাতে থেকে যায়। সেই জুনিয়ার বেসিক স্কুল তাঁদের হাতে থাকার জন্য তাঁদের গ্র্যাচুইটি, প্রভিডেণ্ট ফাণ্ড, ছুটি, বদলি এর কোন ব্যবস্থা তাঁদের জন্য নেই। আজ পর্য্যন্ত এই পশ্চিমবঙ্গে প্রায় দেড় হাজার, দুই হাজার জুনিয়ার বেসিক স্কুলের শিক্ষক, শিক্ষয়িত্রী আছেন, যাঁদের আজ পর্য্যন্ত কোন সার্ভিস বুক হয়নি। শুধু সার্ভিস বুক নয় তাঁদের গ্র্যাচুইটি, প্রভিডেণ্ট ফাণ্ড এবং কোন তারিখ থেকে কোন তারিখ অবধি তাঁরা চাকরি করছেন সেই সব হিসেবের কোন বালাই নেই। সব কিছুই তাঁদের হাতে সীমাবদ্ধ রয়েছে। এই দুই রকম ব্যবস্থা। তাঁরা পশ্চিমবঙ্গ সরকারের মাইনে পাবেন, কিন্তু অন্যান্য ব্যবস্থাগুলি থাকবে তাঁদের হাতে, এই রকম একটা ব্যবস্থা চলতে পারে না। এর ফলে পশ্চিমবঙ্গের হাজার হাজার শিক্ষক আজকে অসুবিধার মধ্যে পড়ে আছেন। তাতেই শিক্ষা জগতে একটা নৈরাজ্য সৃষ্টি হয়েছিল। এই আইনে সেটার পরিবর্তন ঘটছে, সমস্ত জুনিয়ার বেসিক স্কুলের শিক্ষক শিক্ষয়িত্রীরা আজকে পশ্চিমবঙ্গ সরকারের আওতায় এলেন। এবার শিক্ষা একটা স্বাভাবিক অবস্থায় চলবে, নির্দিষ্ট গতিতে চলবে। এই বিলের মধ্যে মাননীয় মন্ত্রীমহাশয় সেটা করতে পেরেছেন এই জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই জন্য যে পশ্চিমবঙ্গ সরকার শিক্ষায় একটা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে সুরু করেছেন এবং শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজান হচ্ছে এবং শিক্ষার মান উন্নত হতে চলেছে এই জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গের শিক্ষা মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন এই বিধানসভায় তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। দীর্ঘদিন ধরে প্রাইমারী স্কুলের শিক্ষকদের জুনিয়ার বেসিক স্কুলের শিক্ষকদের একটা অংশ কোন জায়গায় এঁদের স্থান ছিল না। ডি. আই. বা ডি. পি. আই. তাঁরাও এঁদের গ্র্যাচুইটি ডি. এ. এমনকি মাইনে পর্য্যন্ত ঠিকমত ব্যবস্থা করতে পারেননি।

দীর্ঘদিনের এই অবহেলিত প্রাথমিক শিক্ষকদের শিক্ষকের পর্যায়ে আনবার জন্য আজ যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন মাননীয় মন্ত্রী, তা পাশ হলে পশ্চিমবাংলার হাজার হাজার শিক্ষক উপকৃত হবেন। উপকৃত হবেন শুধু তাই নয়, আগামী দিনে যে স্কুল বোর্ড গঠিত হবে সেখানে তাঁরা ভোট দিতে পারবেন। এতদিন পর্যন্ত তাঁরা জানতেন না যে কোন সংস্থার মধ্যে তাঁরা বাস করছেন।

দ্বিতীয়তঃ, এই প্রাইমারী স্কুলসমূহের শিক্ষকরা বহুদিন ধরে অবহেলিত হয়ে ছিলেন। এঁদের কোন সামাজিক মর্যাদা ছিল না। তাঁরা সময়মত বেতন

পেতেন না, নামমাত্র বেতন পেতেন, ১/২ মাস দেরী হত বেতন পেতে। আজকে আমাদের সামান্য ক্ষমতার মধ্যে দিয়েও তাঁদের একটি জায়গায় পৌঁছে দেবার চেষ্টা করেছি। আগে তাঁরা মুদি দোকানে গেলে বাকী পেতেন না, ভাগিয়ে দেওয়া হোত। কিন্তু আজকে তাঁরা মুদির দোকানে বাকীতে জিনিষ পান। আমরা মাষ্টারমশাইদের আজকে একটি সম্মানজনক অবস্থায় পৌঁছে দিয়েছি বলেই কংগ্রেসীদের জ্বালা সুরু হয়েছে। আজকে আমরা এই জন্য গর্বিত, বামফ্রন্ট সরকার আজকে সে কারণে পশ্চিমবাংলার মানুষের কাছে ধন্যবাদার্হ।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোন কোন জায়গায় জুনিয়র বেসিক স্কুলের বদলীর কোন এ্যারেঞ্জমেণ্ট নেই। জুনিয়র বেসিক স্কুলের শিক্ষকদের বদলীর ক্ষেত্রে সুষ্ঠু এ্যারেঞ্জমেণ্টের জন্য যাতে এস. আই., ডি. আই.-দের বলে সার্কুলার দেওয়া হয় — এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীতারকবন্ধু রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল আজকে এখানে উপস্থিত করেছেন তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্য ধীরেনবাবু যেকথা বলে গেলেন তাতে মনে হচ্ছে উনি বিলটি পড়েননি কিংবা পড়বার ধৈর্য ও'র ছিল না। উনি বলে গেলেন যে নিম্ন বুনিয়াদী স্কুলগুলিতে এ্যাপারেটাস ঠিকমত পৌঁছাচ্ছে না। কিন্তু ও'রা কি বলতে পারেন যে দশ বছর আগে ও'দের যে অবৈতনিক শিক্ষা চালু করবার কথা ছিল এবং ১০ থেকে ১৪ বছরের ছেলেমেয়েদের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা-ব্যবস্থা চালু করবার কথা ছিল সেটা তাঁরা করেছিলেন কিনা? কিন্তু বামফ্রন্ট সরকার এ ক্ষেত্রে কি করেছে সেটা বলবার কি অবকাশ রাখে? তিনি কিন্তু সে কথা বললেন না। তারপর তিনি শিক্ষকদের নিয়োগের ক্ষেত্রে বলতে গিয়ে বলেছেন যে এতে শিক্ষকদের মর্যাদা হানি ঘটেছে। কিন্তু ও'র কাছে আমার জিজ্ঞাস্য, শিক্ষকদের শিক্ষক বলবো না তো কি বলবো? এতে অপমানিত হবার সুযোগ কোথায়? আমি জলপাইগুড়ি জেলা থেকে এসেছি। আমি ঐ জেলায় দেখেছি প্রাথমিক স্কুল শিক্ষকরা ১৪ টাকা, ১৬ টাকা করে বেতন পেতেন ও'দের আমলে। ও'রা ঐ সমস্ত শিক্ষকদের মর্যাদা দিতেন বলেই ঐ রকম বেতন দিতেন! আমরা আন্দোলন করেই আজকে শিক্ষকদের একটি সম্মানজনক স্থানে পৌঁছে দিতে সক্ষম হয়েছি।

[6-00—6-10 p.m.]

এইগুলো ভাল করে ওনারা দেখেন না। আমি কয়েকটা ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৭৩ সালে এই বিলের এ্যামেণ্ডমেণ্ট হয় এবং পরে ১৯৮০ সালে এই বিলের এ্যামেণ্ডমেন্ট হয়। তারপর আবার ১৯৮৩ সালে এই বিলের কিছু এ্যামেণ্ডমেণ্টের জন্য এই হাউসে উপস্থিত করানো হয়েছে। আমি মনে করি এতেও কিছু অসম্পূর্ণতা থেকে গেছে। সেই দিকটা একটু ভেবে দেখা প্রয়োজন। এ্যাক্টে যে দায়িত্ব ন্যস্ত করা আছে সেই সম্পর্কে দায়িত্ব সঠিকভাবে পালন করা হচ্ছে না। তারপর আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই প্রাইমারী স্কুল অনেক রকমের আছে। এই বিলে বলার চেষ্টা করেছেন যে এডুকেসান ডিপার্টমেণ্টের টাকা যারা

পাবে তারা শিক্ষক হবে। আরো যে স্কুল আছে যেমন জুনিয়ার বেসিক স্কুল, সেণ্ট্রালী স্পনসার্ড স্কুল এবং স্পেসাল কেডার্স যারা আছে এবং টেম্পোরারী পোষ্টে যে সমস্ত শিক্ষক আছে — কোথায় কোথায় দেখা যায় এক থেকে বারো ক্লাশ পর্যন্ত টেম্পোরারী শিক্ষক আছে — তারা কোন পর্যায়ে পড়বে এটা দেখা দরকার। পরিশেষে প্রাইমারী এডুকেসান এ্যাক্ট যেটা তৈরী হলো তার রুলস্ কোথায়। এটা ভেবে দেখা দরকার। কাজেই যে বিল আনা হয়েছে — যদিও এটাতে কিছুটা অসম্পূর্ণতা থেকে গেছে — এটা একটা যুগান্তকারী বিল। এই বিল প্রাইমারী স্কুলের ডেফিনেসান এবং শিক্ষকদের ডেফিনেসান সহ মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন। সেই জন্য আমি এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ধীরেনবাবু যে কথা বললেন সেটা শুনে মনে হলো তিনি যে দায়িত্ব পালন করবার জন্য এখানে এসেছেন সেটা কতটুকু পালন করলেন সেটা আমি বুঝতে পারিনি। বিল সম্পর্কে আলোচনা করতে হলে বিলটা পড়া দরকার। বিলের যে মুল অংশ সেটা বুঝতে হবে এবং তারপর আলোচনা করা উচিৎ। বিলের ব্যাপারে আমরা কেন সংশোধনী এনেছি এবং কি সংশোধনী এনেছি সেটা বিলে লেখা আছে। এই সব কিছু না পড়ে কেবলমাত্র শিক্ষকদের সম্পর্কে এবং তাদের দায়িত্ব সম্পর্কে কিছু উপদেশ দিয়ে তিনি বক্তব্য শেষ করলেন। এই যে বোঝার অক্ষমতা, এটা এসেছে কোথা থেকে? আমাদের রাজ্যে ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত এই সময়ে যারা গ্রাজুয়েট বা এম. এ. পাস করেছে তারা পরীক্ষার সময় এক হাতে ছোরা এবং আর এক হাতে কলম নিয়ে পরীক্ষা দিয়েছে। উনি ঐ সময় পরীক্ষা দিয়েছেন কিনা সেটা দেখা দরকার। অন্যান্য মাননীয় সদস্য এই বিল সম্পর্কে যে কথা বলেছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের এই সংশোধনী বিল নিয়ে আসার আগে ১৯৭২ সালে এই বিলের সংশোধন হয় এবং তারপর একবার ১৯৮০ সালে সংশোধন হয়। এর পরে আইনের যে রুল অর্থাৎ যে মুল আইনটা তৈরী হয়েছিল সেই আইনটা প্রয়োগ করতে গিয়ে দেখি আমাদের সামনে একটা প্রশ্ন এসে দাঁড়ায়, শিক্ষক কারা। শিক্ষক হিসাবে যারা ভোট দেবে মুল আইনে তার সংগা নেই। সেই সঙ্গার প্রয়োজন আছে। আমরা অনেকের সঙ্গে পরামর্শ করে সেই পরামর্শ অনুযায়ী শিক্ষকদের সঙ্গা ঠিক করেছি। সেই জন্যই আমরা এই বিলটা এনেছি।

প্রাথমিক শিক্ষকদের মর্যাদা বাড়াবার জন্য এবং সেই সঙ্গে ১৯৭৩ সালের যে আইন ১৯৮০ সালে সংশোধিত হয়েছিল, তাকে সংশোধন করে প্রয়োগ করার জন্য আমরা জেলা কাউন্সিল গঠন করেছি। এই আইন অনুসারে পরিচালন ও পুনর্গঠিত করার কাজকে আরও ত্বরান্বিত করবার জন্য এই বিল আমরা এখানে এনেছি। এখানে উল্লেখ করা দরকার যে, বিলের মধ্যে একটি ধারা আছে, সেই অনুসারে প্রাথমিক বিদ্যালয় বলতে আমরা কেবলমাত্র ৪র্থ শ্রেণী পর্যন্ত যে সমস্ত বিদ্যালয়ে পড়ানো হয়ে থাকে, তাকেই মনে করা হয়েছে। কিন্তু আমাদের রাজ্যে অনেকগুলি জুনিয়র বেসিক স্কুল আছে, যেখানে আমাদের পাঠ্যসূচী অনুসারেই পড়ানো হয়, অথচ সেগুলির জন্য প্রাথমিক বিদ্যালয়ের মতো কোন মুল আইন না থাকার জন্য আমাদের ঐ ভাবেই বলতে

হবে। এই দিকে লক্ষ্য রেখে এই আইনটি কার্যকর করার জন্য এই বিলটি আনা হয়েছে। এই সংশোধনী বিলটি উত্থাপন করার কারণ সম্পর্কে খুব বেশী বলার কিছু নেই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে আমাকে উদ্দেশ্য করে, আমার নাম করে কতকগুলি অসঙ্গতিপূর্ণ এবং অবমাননাকর কথা বলেছেন। তিনি বলেছেন যে, একটা সময় ছিল যে সময়ে, তাঁর ভাষায় কোন লেখাপড়া হত না এবং সেই সময়ে আমি বি. এ. পাশ করেছি। এটা সম্পূর্ণ অসত্য কথা। আমি ১৯৬৫ সালে এস. এফ. পাশ করেছি, তারপরে কোন প্রতিষ্ঠানে আমি পড়াশোনা করিনি। এই প্রসঙ্গে বলে রাখি, আমার কিন্তু একাধিক ডিগ্রি আছে। কিন্তু উনি না জেনে যে সমস্ত অসত্য ও অবমাননাকর কথা বলেছেন, আমি তার প্রতি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সেই সঙ্গেই আমি দাবী জানাচ্ছি, আমার সম্বন্ধে যে সমস্ত অবমাননাকর উক্তি মন্ত্রীমহাশয় করেছেন, সেগুলি যেন প্রসিডিংস্ থেকে বাদ দেওয়া হয়।

The motion of Shri Md. Abdul Bari that the West Bengal Primary Education (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and preamble**

The question that clauses 1 to 3 and preamble, do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Md. Abdul Bari** : Sir, I beg to move that The West Bengal Primory Education (Amendment) Bill, as settled in the Assemlby, ba passed.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় আজকে যে বিল এখানে পেশ করলেন তার মধ্যে শিক্ষকদের সম্বন্ধে কিছুই নেই। কিন্তু শিক্ষক কথাটা বর্তমানে ব্যবহার যোগ্য কিনা বা তাকে আরও ব্যাপক অর্থে নিয়ে আসা যায় কিনা সে সম্বন্ধে তিনি যদি অবতারণা করতেন, তাহলে প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধে, তাদের স্কুলে কার্য পদ্ধতি সম্পর্কে কিছু জানার সুযোগ পেতাম। বর্তমানে প্রাথমিক স্তরে পূর্বতন পরীক্ষা পদ্ধতি একেবারে উঠিয়ে দেওয়া হয়েছে। বৃত্তি পরীক্ষাকে একেবারে উঠিয়ে দেওয়া হয়েছে। ছাত্রদের শিক্ষাগত মান বা মানসিক বিকাশের উন্নতি কতদূর হল তা যাচাই করবার সুযোগ একেবারেই শিক্ষকরা পাচ্ছেন না। ছাত্র-ছাত্রীদের পড়াশোনা সম্বন্ধে যে মানসিকতা আগে ছিল, পরীক্ষা পদ্ধতি বর্তমানে উঠিয়ে দেওয়ার ফলে তা বিলুপ্ত হতে চলেছে। পরীক্ষার জন্য তাদের যে মনোবল তৈরী হত, তা এখন আর হচ্ছে না। এবং তার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষকদেরও অন্ততঃ ক্লাস ফোর পর্যন্ত, নিয়ম করে ক্লাসে যেতে হচ্ছে না। ছাত্রদের মধ্যে শিক্ষাদান ও তাদের পড়াশোনা নিয়ে শিক্ষকমহাশয়দের মনে এর ফলে অন্য রকম মানসিকতা গড়ে উঠছে।

[6-10—6-13 p.m.]

এই অসুবিধাগুলি দূর করবার জন্য পরীক্ষা পদ্ধতি চালু করা দরকার। আজকে যে জন্য পরীক্ষা পদ্ধতি বাতিল করতে চাইছেন সেটা কখনোই ফলপ্রসু হবে না। এই

ছাত্র-ছাত্রীরা কোনদিনই শিক্ষকদের মানতে চাইবে না। শুধু বই দিলেই হবে না, সেখানে যাতে পড়াশুনো ঠিকমত হয় সেটাও আপনার দেখা উচিত। সেখানে যদি পড়াশুনো না হয় এবং শিক্ষকদের যদি শিক্ষকতার মনোভাব না থাকে তাহলে চলবে কি করে ? সেই ব্যাপারে আপনার অন্তত শিক্ষকদের একটু শিক্ষা দেওয়া দরকার এবং এই দিকে দৃষ্টি দেবেন।

**শ্রী মহঃ আবদুল বারি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বলার কিছু ছিল না কিন্তু মাননীয় সদস্য কাশীবাবু ভুল বুঝেছেন যার জন্য জবাব দেওয়া প্রয়োজন। পরীক্ষা পদ্ধতি তুলে দিয়েছি বলে আপনি যে অভিযোগ করেছেন এটা ঠিক কি ? আমি যেটা করেছি সেটা হচ্ছে ৫ম শ্রেণী পর্যন্ত একটা মূল্যায়ন পদ্ধতি অনুসারে পরীক্ষা পদ্ধতি চালু করেছি সেটা সারা বিশ্বে এখন প্রচলিত আছে। সারা বিশ্বের সমগ্র বিজ্ঞানিরা এই ব্যাপারে একমত বলে মনে করেন এবং আমিও সেই পরামর্শ অনুসারে সেই নীতি এখানে চালু করেছি। সেই পদ্ধতি হচ্ছে মাসের পর মাস ছাত্ররা পড়াশুনো করেছে তার উপরই মূল্যায়ন হবে। সেটা কোথাও মাসের মাস বা কোথাও সপ্তাহে সপ্তাহে উপর ভিত্তি করে করা হয়। তার যে রেকর্ড তার উপর ভিত্তি করে ছাত্র-ছাত্রীদের ক্লাশে উঠানো হয়। এটা জেনে রাখা দরকার যে সারা বিশ্বে কমপালসারি এডুকেশান করতে গেলে ইউনিট করে নো ডিটেনশান পলিসি চালু রাখা দরকার। আমরা সেইভাবে ৫ম শ্রেণী পর্যন্ত এই ব্যবস্থা চালু রাখার দায়িত্ব পালন করেছি। শিক্ষকরা তাদের দায়িত্ব ঠিকমত পালন করছেন কিনা তা দেখবার জন্য প্রতিটি স্কুলে পরিদর্শক যাওয়ার ব্যবস্থা আরো সুদৃঢ়ভাবে রাখা হয়েছে। আগেকার দিনে প্রাথমিক শিক্ষকদের মানুষ শিক্ষকতার যোগ্য বলে কখনো মনে করেনি। সেখানে আমরা প্রাথমিক শিক্ষকদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা করেছি। এইভাবে শিক্ষাকে নিয়ে যে অপব্যাখ্যা করলেন সেটা ঠিক করলেন না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Motion of Shri Md. Abdul Bari that the West Bengal Primary Education Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6.13 p.m. till 1 p.m. on Wednesday, he 14th September, 1983, at the Assembly House, Calcutta-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 14th September, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 16 Ministers of State and 211 Members.

**Starred Questions**
(to which oral answers were given)

[1-00—1-10 p. m.]

**রাজ্যের চারটি মহকুমা ও জয়পুরে তথ্যকেন্দ্র স্থাপন**

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭০।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের চারটি মহকুমায় এবং জয়পুরে (রাজস্থান) তথ্যকেন্দ্র স্থাপনের কাজ কোন্ পর্যায়ে আছে ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকারঃ** রাজ্যের ৪টি স্থানে যথা শ্রীরামপুর, রাণাঘাট, মাথাভাঙ্গা এবং তুফানগঞ্জে তথ্যকেন্দ্র খোলার বিষয়টি বিবেচনাধীন আছে। বর্তমানে বোম্বেতে রাজ্য তথ্য কেন্দ্র খোলার বিষয়টি হাতে নেওয়া হয়েছে। এ কাজ সম্পূর্ণ হলে জয়পুরে তথ্যকেন্দ্র খোলার বিষয়টি হাতে নেওয়া হবে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** জয়পুরে তথ্যকেন্দ্র খোলার ব্যবস্থা ছাড়া অন্যান্য রাজ্যে বামফ্রণ্ট সরকারের যেসব গুরুত্বপূর্ণ কাজ চলছে সে সম্বন্ধে যথাযথ প্রচার করার জন্য অন্যান্য রাজ্যে তথ্যকেন্দ্র খোলা হবে কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকারঃ** বর্তমানে রাজ্যের বাইরে কয়েকটি জায়গায় তথ্যকেন্দ্র আছে — যেমন দিল্লী, মাদ্রাজ, কটক, বিহার ইত্যাদি। এরপর বম্বেতে হওয়ার পর জয়পুরে হবে। অন্যান্য জায়গায় বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে আমরা আমাদের কাজ কর্মগুলি প্রচার করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** সমস্ত মহকুমা শহরে তথ্যকেন্দ্র খোলার কাজ শেষ হয়েছে কি ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকারঃ** ৪৯টি জায়গায় হয়েছে, কয়েকটি জায়গায় বাকী আছে তা আর্থিক দায় দায়িত্বের জন্য হচ্ছে না।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়াঃ** তথ্যকেন্দ্র হিসেবে ছোট অফিস মাথাভাঙ্গা, তুফানগঞ্জে ছিল এবং সাবডিভিসানাল ইনফরমেশান অফিসার এবং জেলায় জেলা ইনফরমেশান অফিসার ছিলেন। নতুন করে যেসব খোলা হচ্ছে তাদের কি মর্যাদা হবে ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকারঃ** মহকুমা তথ্যকেন্দ্র কার্যালয় এবং তথ্যকেন্দ্রের মধ্যে

২টি বিশেষ তাৎপর্য আছে। তথ্যকেন্দ্রে সংবাদবহুল বিষয়গুলি প্রকাশ করা হয় এবং সাধারণ মানুষ প্রয়োজনীয় জিনিষ সেখান থেকে পেতে পারে।

## তিলপাড়া ব্যারেজের জল ছাড়া সম্পর্কে অভিযোগ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯১।) **শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে খরিফ মরসুমে ময়ূরাক্ষী সেচ প্রকল্পের অধীনে তিলপাড়া ব্যারেজ হইতে ২০শে জুলাই, ১৯৮৩ হইতে সেচ-সেবিত এলাকার কিছু স্থানে জল ছাড়া শুরু করা হয়; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যারেজ হইতে ২২শে জুলাই, ১৯৮৩ এবং ২৩শে জুলাই, ১৯৮৩ তারিখে ব্যারেজের উত্তর দিকস্থ সেচ-সেবিত বহু এলাকায় জলের প্রয়োজন থাকা সত্বেও সেদিকে জল না ছাড়িয়া ব্যারেজের মেন গেট খুলিয়া দিয়া নদীতে জল ছাড়িয়া দিবার কারণ কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) হ্যাঁ।

(খ) ব্যারেজে জল সংরক্ষণ ক্ষমতা সীমিত। সেইজন্য ব্যারেজের উপরের এলাকায় অল্প সময়ে হঠাৎ প্রবল বৃষ্টিপাত হইলে সেই বৃষ্টিপাত জনিত জল ব্যারেজের গেট খুলিয়া নদীগর্ভে ছাড়িয়া দিতে হয়। ২২-৭-৮৩ ও ২৩-৭-৮৩ তারিখে সেইরূপ তিলপাড়া ব্যারেজের গেট খুলিয়া উপরের জল ছাড়িয়া দিতে হইয়াছিল।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ময়ূরাক্ষী সেচ ডিপার্টমেণ্টের ক্যানেল উত্তর খালে যখন জল একেবারেই নেই, কেন জল দেওয়া হয়নি, সেই উত্তর খালে জল দেবার জন্য ব্যাবস্থা না করে ডেউচা ব্যারেজ এবং ব্রাহ্মনী ব্যারেজের জল নদীতে ছেড়ে দিয়ে নষ্ট করা হয়েছে, এর কোন যুক্তি আছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এর যুক্তি হল খালের জল ধারণের ক্ষমতা সীমিত। হুড় হুড় করে যদি জল উপর থেকে আসে এবং সেই জল যদি খালের মধ্যে সবটা ঢুকিয়ে দেওয়া হয় তাহলে রেগুলেটর থেকে আরম্ভ করে নন-রেগুলেটেড ক্যাচমেণ্ট এরিয়ার অনেক জায়গায় ক্ষতি হতে পারে। যদি হঠাৎ জল আসে এই আশঙ্কা করে আমাদের অনেক সময় জল ছেড়ে দিতে হয় রেগুলেটর এবং খালের যে বাঁধ সেগুলিকে বাঁচানর জন্য।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** আমাদের ওখানে বিভৎস বন্যায় যখন বাঁধ ভেঙ্গে গিয়েছিল তখন আমরা শুনেছিলাম আনপ্রিপেয়ার্ডনেস অন দি পার্ট অব দি অফিসার্স কনসার্নড এণ্ড দি এমপ্লয়ীজ কনসার্নড আমাদের বাঁধ ভেঙ্গে গিয়েছিল। আমাদের যদি এই রকম সন্দেহ হয় যে জল যখন বৃদ্ধি পেয়েছিল তিলপাড়াতে সেই তিলপাড়া ব্যারেজের জল নদীতে ডিসচার্জ না করে যদি সময়মত ডেউচা ব্যারেজ এবং ব্রাহ্মনী ব্যারেজে জল ঢুকিয়ে দেওয়া হত এবং আউটলেট দিয়ে নর্থ ক্যানেলে জল ছেড়ে দেওয়া হত তা হলে সেখানে চাষ করতে বিলম্ব হত না। পরবর্তী সময়ে ২৮ তারিখে জল দিয়েছেন, আর জল ছেড়েছেন অনেক আগে। এর পিছনে কোন কারণ আছে কিনা সেটা তদন্ত করে দেখবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যের নিশ্চয়ই মনে আছে যে তিনি বিষয়টা আমাকে বলেছেন। তারপর আমি নিজে গিয়ে এনকোয়ারী করেছি, সেই রকম কোন প্রমাণ পাওয়া যায়নি। মাননীয় সদস্য জানেন যে আমরা ভেবেছিলাম ময়ূরাক্ষীর জল এই ক্যানেল দিয়ে কিছু আগে দিতে পারব। কিন্তু নানা কারণে শেষ পর্যন্ত ২৫ তারিখ বা ২৭ তারিখে ঐ সমসাময়িক কালে আমরা জল দিতে পেরেছি। আমি আগেই বলেছি ক্যাচমেণ্ট এরিয়ায় প্রবল বৃষ্টি হওয়ার ফলে এবং হঠাৎ উপর থেকে হুড় হুড় করে জল আসায় রেগুলেটরকে বাঁচানর জন্য এবং সেই সঙ্গে সঙ্গে খালের বাঁধগুলিকে ঠিক রাখার জন্য জল নদীতে ছেড়ে দিতে হয় এবং সেইভাবে ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রীসুন্দর নস্কর ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ম্যাসাঞ্জোর ড্যামে যে জল আছে বৃষ্টি যদি না হয় তাহলে সেই জল দেওয়া সম্ভব হবে কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এখন আমরা জল সঞ্চয় করছি ড্রউটের সময় যাতে জল দিতে পারি তারজন্য। ম্যাসাঞ্জোর ড্যামে মোটামুটি ভালই জল আছে, মাঝে মাঝে ময়ূরাক্ষী নদীতে জল ছেড়ে দিতে হচ্ছে।

[1-10—1-20 p.m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** সমস্ত ক্যানেলে জল ছাড়ার পর কি নদীতে জল ছেড়েছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য আমার উত্তরটা শোনেননি। তখন জল দেওয়া সুরুই হয়নি। প্রবল বৃষ্টির ফলে বেশী জল জমে যাওয়ায় সেটা ছেড়ে দিতে হয়েছে।

## কর্তব্যরত অবস্থায় মৃত চৌকিদার ও দফাদারদের পরিবারের সদস্যদের জন্য চাকুরির সুযোগ

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চৌকিদার ও দফাদার যদি কর্তব্যরত অবস্থায় মারা যান সেস্থলে তাঁর পরিবারের যোগ্য ব্যক্তি চাকুরির সুযোগ পান কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে ১৯৮১ সালের এপ্রিল মাস হইতে ১৯৮৩ সালের জুন মাস পর্যন্ত কতজন চৌকিদার ও দফাদারের পরিবারের লোক উক্ত সুযোগ পাইয়াছেন ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** (ক) হ্যাঁ।

(খ) আলোচ্য সময়ের মধ্যে ১৫ জন চৌকিদার ও দফাদারের নিকট আত্মীয় উক্ত সুযোগ পেয়েছেন।

**শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** চাকুরীর ক্ষেত্রে পদ শূন্য থাকা সত্ত্বেও কর্তব্যরত চৌকিদার বা দফাদার কেউ মারা গেলে তার পরিবারের লোক যে চাকুরী পাচ্ছে না এ সম্বন্ধে কিছু বলবেন কি ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** কর্তব্যরত কোন চৌকিদার বা দফাদার মারা গেলে তার পরিবারে যদি কোন যোগ্য ব্যক্তি থাকে অর্থাৎ মাধ্যমিক পাশ হয় তাহলে তাকে

সচিবের পদ দেওয়া হয় এবং ১৯৮০ সালের জুন মাস পর্যন্ত ১৫ জনকে চাকুরী দেওয়া হয়েছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** আপনি হ্যাঁ, হ্যাঁ করে একটা উত্তর দিলেন এবং নীতির কথা বললেন এবং এটাও বললেন যে, স্কুল ফাইন্যাল বা সেই রকম কোন পরীক্ষায় পাশ করলে তাদের চাকুরী দেওয়া হয়। আমার প্রশ্ন হচ্ছে, চৌকিদার বা দফাদারের ঘরের কজন ছেলে স্কুল ফাইন্যাল পাশ করতে পারে? আপনি বলুন, তাদের চাকুরী দেবেন এটা নীতি হিসেবে গ্রহণ করবেন কিনা?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** মোট ২২ জন এসেছিল। ১৯৮৩ সালের জুন মাস পর্যন্ত ১৫ জনকে চাকুরী দিয়েছি এবং জুন মাসের পর আরও ৭ জনকে চাকুরী দেওয়া হয়েছে। শেষে যে প্রশ্নটি আপনি করেছেন সেটা এর সঙ্গে আসে না।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** চৌকিদার বা দফাদার নিয়োগের পদ্ধতি জানাবেন কি?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** এই প্রশ্ন এর সঙ্গে আসে না।

**শ্রীসরল দেব :** রাজ্যসরকারের কোন কর্মচারী যদি ডায়েড ইন হার্নেস্ হয় তাহলে পরিবারের যিনি উত্তরাধিকারী তাঁর ক্ষেত্রে ওই মাধ্যমিক পাশ ইত্যাদির প্রশ্ন আসে না, তাঁকে ক্লাশ থ্রি -বা ক্লাশ ফোর কর্মচারী হিসেবে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়। আমার প্রশ্ন হচ্ছে, চৌকিদার, দফাদার যারা এমনিতেই পশ্চাতপদ তাদের পরিবারের লোকের ক্ষেত্রে আপনার ওই নীতি পরিবর্তন করার কথা ভাবছেন কি?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** আপনি আলাদা প্রশ্ন দিলে উত্তর দেব।

**মিঃ স্পীকার :** দি কোশ্চেন ইজ এ ম্যাটার অব পলিসি। মন্ত্রীমহাশয় বলেছেন যারা স্কুল ফাইন্যাল পাশ করেছে তাদের নিয়োগ করেছেন। ইট ইজ এ ম্যাটার অব গভর্ণমেণ্ট পলিসি। মাননীয় সদস্য জানতে চেয়েছেন যারা স্কুল ফাইন্যাল পাশ করেনি তাদের কেস কন্সিডার করবেন কিনা?

**শ্রীসুনীল কুমার মজুমদার :** সেটা এখনও ঠিক হয়নি।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** এরকম কি কোন সিদ্ধান্ত হয়েছে যে, চৌকিদার বা দফাদারদের পরিবারের কোন লোক যদি স্কুল ফাইন্যাল পাশ করে তবেই চাকুরী পাবে এবং স্কুল ফাইন্যালের নীচে হলে চাকুরী পাবে না?

**মিঃ স্পীকার :** সেটা এখনও ঠিক হয়নি।

## আরামবাগে কাগজের কল স্থাপন

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৯।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগে কাগজের কল স্থাপন করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে কতদিনে উক্ত কল স্থাপনের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীপ্রলয় তালুকদার :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই আরামবাগ থেকে প্রচুর বাঁশ বাইরে বিক্রি হয়ে যাচ্ছে। যেখানে এই রকম কাঁচা মাল রয়েছে সেখানে কাগজের কল করার পরিকল্পনা না নেবার কারণ কি ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** এই রকম কোন পরিকল্পনা আমাদের দপ্তরের নাই। এবং এ নিয়ে কেউ কোন দরখাস্তও আমাদের দপ্তরে সাবমিট করেনি। এবং কেউ এ্যাপলিকেসন সাবমিট করেনি বলে আমরা কোন উদ্যোগ নিইনি। আপনি যদি কাউকে উদ্যোগী করে দরখাস্ত দেওয়াতে পারেন তাহলে আমরা চেষ্টা করবো এবং সাহায্যও করবো।

**শ্রীসরল দেব ঃ** হুগলী জেলার আরামবাগ মহকুমায় এই পেপার মিল হওয়ার জন্য যে উপাদান দরকার হয় সেটা সেখানে যথেষ্ট আছে। সেইজন্য ক্ষুদ্র পেপার মিল খোলার জন্য আপনি ডি আই সি-কে নির্দেশ দিবেন কি ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** আমাদের যে ব্যবস্থা অনুসারে কেউ যদি উদ্যোগ নিয়ে আছে, সেই ব্যবস্থা ডি আই সি-র কাছে আসে তখন আমরা তার টেকনোলজিক্যাল, ফাইন্যানসিয়াল এ্যাসপেক্ট একজামিন রেজিস্ট্রেসন দিই। হুগলী জেলার আরামবাগ মহকুমা থেকে এখনও পর্যন্ত কেউ এই ব্যাপারে কোন উদ্যোগ নিয়ে আমাদের কাছে আসেনি। উদ্যোগ নিয়ে এলে আমরা সেটা দেখবো।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে কত টন প্রোডাকসন হলে অর্থাৎ ৫০/৬০/১০০—এই রকম কত টন প্রোডাকসন হলে ক্ষুদ্র শিল্পের আণ্ডারে আসে।

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন আসে না।

## কেন্দ্রীয় সরকার কর্তৃক রাজ্যের রুগ্ন কারখানার পরিচালনভার

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শিল্প পুনঃকরণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার এ রাজ্যে অবস্থিত কতকগুলি রুগ্ন কারখানার পরিচালনভার ছাড়িয়া দিবার সিদ্ধান্ত করিয়াছেন—এই মর্মে কোন তথ্য সরকারের নিকট আছে কিনা ; এবং

(খ) থাকিলে, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে উক্ত বিষয়ে কোন আলোচনা করিয়াছেন কিনা ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) দপ্তরে প্রাপ্ত তথ্য ও কাগজ পত্রাদি হইতে যতদূর জানা যায় যে কেবলমাত্র Carter Pooler & Co. নামক শিল্প প্রতিষ্ঠানটি কেন্দ্রীয় সরকার ছাড়িয়া দিবার সিদ্ধান্ত করিয়াছেন।

(খ) হ্যাঁ।

**শ্রীশান্তশ্রী চ্যাটার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে কার্টার পোলার কোম্পানীটির নাম দিয়েছেন, এ ছাড়া আরও কতগুলি শিল্প কেন্দ্রীয় সরকার ছেড়ে দেবার সিদ্ধান্ত করেছেন। কারণ এই মর্মে সংবাদপত্রে সংবাদ প্রকাশিত হয়েছে, লোকসভায় প্রশ্নোত্তর হয়েছে। পশ্চিমবাংলার পক্ষ থেকে ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের

সঙ্গে এ বিষয়ে কি কি বিষয় আলোচনা হয়েছে এবং তাতে কেন্দ্রীয় সরকারের কি মনোভাব জানা গিয়েছে ?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য্য ঃ** এটা সংবাদপত্র মারফত এবং আই আর সি আই মারফত আমরা জানতে পেরেছি যে আরও ৫টি কেন্দ্রীয় সরকার ছেড়ে দেবেন। এখনও ছেড়ে দেননি এই প্রস্তাব তারা নাকি বিবেচনা করছেন। এই কথা শুনে আমরা কেন্দ্রীয় সরকার যাতে না দেন তার জন্য চিঠিপত্র লিখি এবং আমাদের মুখ্যমন্ত্রীও কেন্দ্রীয় মন্ত্রীদের সঙ্গে কথাবার্তা বলেছেন। কাটার পোলার ছাড়া অন্য কারখানা ছেড়ে দেবার এখনও কোন ডিসিসন হয়নি। আর কনটেনার বোল্ডার-এর এক মাস ডেট এক্সটেণ্ড হয়েছে। আমাদের দপ্তরে এ সম্বন্ধে কোন খবর নাই।

[1-20—1-30 p. m.]

**শ্রীশান্তশ্রী চ্যাটার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই একমত হবেন, এটা গোটা পশ্চিমবাংলার অর্থনীতির সঙ্গে জড়িত এবং এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন, যেহেতু পশ্চিমবাংলার সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন এবং রাজনৈতিক দল জাতীয়করণের প্রশ্নে একমত, সেই জন্য পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে একটা অল পার্টি ডেলিগেশন নিয়ে যাবার কথা মন্ত্রী মহাশয় ভাবছেন কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** সমস্ত দল যদি এই ব্যাপারে কোন কিছু সিদ্ধান্ত নিয়ে আসেন, তাহলে আমার ডেলিগেশন নিয়ে যাবার ব্যাপারে কোন অসুবিধা হবে বলে মনে হয় না।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে আশঙ্কার কথা বলছেন যে কয়েকটি কারখানা কেন্দ্রীয় সরকার ছেড়ে দেবেন, তার মধ্যে কি হাওড়ার ইণ্ডিয়ান রাবার ম্যানুফ্যাকচারিং কোম্পানী আছে কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** হ্যাঁ, আছে।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি, যে চারটি কারখানা অলরেডি ইউনিয়ন গভর্ণমেণ্ট ডিনোটিফাই করেছেন এবং সেই সম্পর্কে মুখ্যমন্ত্রী এবার যখন দিল্লী গিয়েছিলেন, সেই সময় অর্থমন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে কথা বলেছিলেন, এই খবর কি ঠিক ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** চারটি ডিনোটিফাই করেছেন, এটা বলা ঠিক নয়। তবে মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন এটা খবরের কাগজ থেকে আমি গতকাল জেনেছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** এই যে ক্যাটার পুলার সেণ্ট্রাল গভর্ণমেণ্ট ছেড়ে দিচ্ছেন, এর জন্য আমাদের এখান থেকে ডেলিগেশন সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে গিয়েছিলেন, আপনি হয়তো এই ব্যাপারে অবগত আছেন, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট যাতে এই কোম্পানীটা ছেড়ে না দেন, সেই জন্য তাদের ইনসিস্ট করে, এই রকম কোন ব্যবস্থা নিচ্ছেন কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এই ব্যাপারে অর্থমন্ত্রী প্রণব মুখার্জীর সঙ্গে আমার কথাবার্তা হয়েছে। তিনি বলেছেন, আমি এই সম্পর্কে বিবেচনা করে দেখতে পারি। এর বেশী কিছু বলেননি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** শিল্প পুনঃকরণ যে বিভাগ, এটার মানে কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এটা আমি করিনি, ওরা করেছেন। এটা হচ্ছে ইণ্ডাস্ট্রিয়াল রিকন্সট্রাকশনের বাংলা।

## ঝড়খালি মৎস্য প্রকল্প

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৭।) **শ্রীসুভাষ নস্কর ঃ** বিগত ৩০শে মার্চ, ১৯৮৩ তারিখের প্রশ্ন নং *২৬৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৩)-এর উত্তর উল্লেখে উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) ঝড়খালি মৎস্য প্রকল্পের কাজে মোট কত টাকা ব্যয় হবে বলে আসা করা যায় ; এবং

(খ) উক্ত প্রকল্পে মোট কত জনের কর্মসংস্থান হবে বলে আশা করা যায় ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় ঃ** (ক) বিশ্বব্যাঙ্ক অনুমোদিত পরিকল্পনা অনুসারে ঝড়খালি মৎস প্রকল্পের কাজে আনুমানিক ৭৬.৪২ লক্ষ টাকা খরচ হবে বলে আশা করা যায়।

(খ) উক্ত প্রকল্পে বিশ্বব্যাঙ্ক অনুমোদিত পরিকল্পমা অনুসারে আনুমানিক ১৫০ জন লোকের প্রত্যক্ষভাবে কর্মসংস্থান হইবে বলিয়া আশা করা যায়।

## মালদহ জেলায় মহানন্দা নদীর ভাঙনে ক্ষতিগ্রস্ত গ্রাম

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৯।) **শ্রীফণি ভূষণ রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলায় মুচুয়া অঞ্চলের সোলাপট্টি গ্রামটি মহানন্দা নদীর ভাঙনে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) যতদূর খবর পাওয়া গিয়াছে ভাঙনের পরিমাণ উল্লেখযোগ্য নয়।

(খ) ইহা সেচ দপ্তরের পর্য্যবেক্ষণাধীন আছে। সমীক্ষান্তে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা হইবে।

**শ্রীফণী ভূষণ রায় ঃ** আমার প্রশ্ন হচ্ছে, আমার মনে হয় এই খবরটা সত্য নয়। বিশেষ করে তিনি এটা জানেন কি না, ভাঙ্গনটা গত বছর থেকে হচ্ছে, আর একটা প্রশ্ন, এই মহানন্দার ভাঙ্গন যে ভাবে কলাবতী গ্রামে ঢুকতে শুরু করেছে. সেটা সামনে টাংগন নদীর মধ্যে দিয়ে ঢুকে গোটা এলাকা কেটে দেবে কি না, এই ব্যাপারে তাদের ইঞ্জিনিয়াররা কোন খবর রাখেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যের অবগতির অন্য জানাচ্ছি যে, এই বিষয়ে আরো বিশেষভাবে অনুসন্ধান করা হচ্ছে।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** শুধু এই নদী নয়, আরো অনেক নদী আছে, যে নদীগুলি গ্রামের পর গ্রাম ভেঙে নিয়ে চলে যাচ্ছে। এই নদীগুলির দুটি পাড়ের কোন্ কোন্ গ্রামের কি পরিমান অংশ ভাঙ্গছে এটা লক্ষ্য করার জন্য কি কোন সংস্থা আছে এবং যদি

থাকে তাহলে একটি গ্রামের কত অংশ ভাঙ্গলে সেই গ্রামটি সরকারী আওতাভুক্ত হয়ে যাবে—এটা কি আপনি দয়া করে বলবেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এটা জন্য ধরনের প্রশ্ন, এর সঙ্গে কোন সম্পর্ক নেই।

## মহম্মদবাজার থানায় কোয়ারি হইতে রাজস্ব আদায়

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪।) **শ্রীধীরেন্দ্র নাথ সেন ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মহম্মদবাজার থানার অন্তর্গত ব্যক্তিগত মালিকানাভুক্ত সমস্ত কোয়ারিগুলি হইতে রাজস্ব আদায়ের ভার "রিসিভারের" উপর দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, কবে হইতে উক্ত রাজস্ব আদায়ের ভার দেওয়া হইয়াছে ; এবং

(গ) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ আর্থিক বছরগুলিতে উক্ত কোয়ারিগুলি হইতে কি পরিমাণ অর্থ রাজস্ব বাবত আদায় করা হইয়াছে ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** (ক) হ্যাঁ।

(খ) "রিসিভার" নিয়োগের তারিখ অর্থাৎ ৬.৯.৭৯ তারিখ হইতে উক্ত রাজস্ব আদায়ের ভার দেওয়া হয়েছে।

(গ) রিসিভারের নিকট হইতে বিবরণ এখনও পাওয়া যায়নি।

**শ্রীধীরেন্দ্র নাথ সেন ঃ** এই রিসিভার নিয়োগের কারণ কি এবং এই ব্যবস্থা কতদিন পর্যন্ত চালু থাকবে ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** হাই কোর্টের অর্ডারে রিসিভার নিয়োগ করা হয়েছে এবং কেস শেষ হয়ে গেলেই রিসিভার উঠে যাবে।

**শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** আপনি (গ) প্রশ্নের উত্তরে বলেছেন রিসিভারের নিকট হইতে বিবরণ এখনো পাওয়া যায়নি। এই জন্যই কি রাজস্ব আদায় কমে গেছে ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** হাই কোর্ট ইনিসিয়েটিভ নিয়ে রিসিভার নিয়োগ করেছে। সেই হিসাব আমাদের কাছে এখনো এসে পেঁছায়নি। এই বিষয়ে আমাদের কাছে কোন খবর নেই।

## রেজিষ্ট্রীকৃত ক্ষুদ্রায়তন ইঞ্জিনিয়ারিং শিল্পে কর্মচারী

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭০।) **শ্রীজয়কেশ মুখার্জী ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে ৩১শে ডিসেম্বর, ১৯৭৭ এবং ৩১শে ডিসেম্বর, ১৯৮২ তারিখে যথাক্রমে স্থায়ী রেজিস্ট্রীকৃত ক্ষুদ্রায়তন ইঞ্জিনিয়ারিং শিল্পের সংখ্যা এবং সেগুলিতে কর্মরত লোকসংখ্যা কত ছিল ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** ৩১ ডিসেম্বর-১৯৭৭ তারিখে স্থায়ী রেজিষ্ট্রিকৃত ক্ষুদ্রায়তন ইঞ্জিনিয়ারিং শিল্পের সংখ্যা ছিল ৫৯,৭৯২ এবং সেগুলিতে কর্মরত লোকসংখ্যা ছিল ৪,৪৫,৪৫০। ৩১ ডিসেম্বর ১৯৮২ তারিখে ঐ সংখ্যা ছিল যথাক্রমে ৮৭,১৬৬ এবং ৬,৪৯,৩৮৭।

**শ্রীজয়কেশ মুখার্জি** : আপনি কি বলতে পারেন এই সময়ের মধ্যে কতগুলি কারখানা বন্ধ হয়েছে এবং বিদ্যুতের জন্য কতগুলি বন্ধ হয়েছে ?

**শ্রীপ্রলয় তালুকদার** : এই সম্পর্কে ডিটেলস রিপোর্ট আমার কাছে নেই। এই বিষয়ে সেনসাস শুরু হয়ে গেছে এবং আমরা আশা করছি আগামী ৬ মাসের মধ্যে সেনসাস রিপোর্ট পাব। সেনসাস রিপোর্ট পেলে আমরা বুঝতে পারব যে, কতগুলি ইউনিট রেজিস্ট্রি হয়েছে, কতগুলি বন্ধ হয়েছে এবং কি কি কারণে বন্ধ হয়েছে। আর কোন্ কোন্ ইউনিট ভাল চলছে, কেন চলছে ইত্যাদি বিষয় সেনসাস রিপোর্ট পেলে আমরা বুঝতে পারব। আমরা গত আগষ্ট মাস থেকে সেনসাসের কাজ শুরু করে দিয়েছি।

**শ্রীজয়কেশ মুখার্জি** : বাইরের অন্য জায়গা থেকে অর্ডার না পাবার জন্য এই শিল্প বিপদগ্রস্ত হচ্ছে কি ?

**শ্রীপ্রলয় তালুকদার** : এই প্রশ্নের সঙ্গে এটার কোন সম্পর্ক নেই। কারণ বাইরে থেকে কি অর্ডার পাওয়া যায় না যায় সেই বিষয়ে আপনি আলাদা প্রশ্ন করলে আমি তার উত্তর দিয়ে দেব।

**শ্রীজয়কেশ মুখার্জি** : এই সময়ে শ্রমিক সংখ্যা কমেছে, না বেড়েছে ?

**শ্রীপ্রলয় তালুকদার** : আমি তো বললাম শ্রমিক সংখ্যা বেড়েছে। ১৯৭৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত যেখানে কর্মরত লোকের সংখ্যা ছিল ৪,৪৫,৪৫০, সেখানে ৩১শে ডিসেম্বর ১৯৮২ তারিখ পর্যন্ত ৬,৪৯,৩৮৭ জন হয়েছে। অর্থাৎ ২ লক্ষের মত লোক বেড়েছে।

**Abandonment of Aspirin Project of Kalyani**

*153. (Admitted question No. *315.) **Shri Abdul Mannan** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation (WBPPDCL) has abandoned Rs. 6.90 crore Aspirin Project of Kalyani ; and

(b) if so,

(i) what are the reasons,

(ii) is there any possibility of the scheme being revived, and

(iii) when did the letter of intent for this project expire ?

**Dr. Kanailal Bhattacharyya** : (a) No.

(b) (i) does not arise.

(ii) does not arise.

(iii) The validity of the letter of intent for this project has been extended upto 30.9.83.

**হুগলী জেলার নিয়ালা মৌজায় বালির খাদ**

*১৫৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৮৩। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী** : ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় পাণ্ডুয়া থানায় নিয়ালা মৌজায় বর্তমানে কোন বালির খাদ আছে কিনা ; এবং

(খ) থাকিলে,

(১) উক্ত খাদের সংখ্যা কত,

(২) উহাতে কি পরিমাণ কৃষি জমি নষ্ট হইয়াছে,

(৩) উক্ত জমি বালির খাদে রূপান্তর করিবার জন্য সরকার কোন অনুমতি দিয়াছিলেন কিনা, ও

(৪) উক্ত বালির খাদগুলি হইতে রয়্যালটি বাবত এ পর্যন্ত সরকারের কত টাকা অনাদায়ী আছে ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ১০টি।

(২) কোন কৃষি জমি নষ্ট হয়েছে বলে জানা নেই।

(৩) ১০টির মধ্যে ৭টি ক্ষেত্রে সরকারী অনুমতি প্রদান করা হয়েছে। বাকী ৩টি ক্ষেত্রে হাইকোর্টের আদেশ বলে বালি তোলা হয়েছে।

(৪) ৬টি ক্ষেত্রে কোন রয়্যালটি অনাদায়ী নেই। অপর একটি ক্ষেত্রে রয়্যালটির পরিমাণ নির্ধারণ ও আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

বাকি তিনটি ক্ষেত্রে হাইকোর্টের আদেশ থাকায় রয়্যালটি নির্ধারণ ও আদায় সম্ভব হয়নি।

**শ্রীশান্তশ্রী চ্যাটার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, হাইকোর্টে কেস ডিফেণ্ড করার জন্য সরকার কোন স্টেপ নিয়েছেন কি ?

**শ্রীসুনীল কুমার মজুমদার ঃ** হ্যাঁ, নেওয়া হয়েছে।

**Publication of notification on fixation of freight rates**

*156. (Admitted question No. *341.) **Shri Humayoun Chowdhury :** will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether West Bengal Government Press, Calcutta-27, had received notification No. 1119-WT, dated 14th February, 1983, containing draft direction regarding fixation of freight rates, from the Home (Transport) Department for publication in the Official Gazette ; and

(b) if so,

(i) when was the notification received and published in the Official Gazette,

(ii) when were the copies of the published Gazette notification sent to the Home (Transport) Department, and

(iii) the reason for delay, if any, in publication of the notification in the Gezette ?

**Dr. Kanailal Bhattacharya :** (a) Yes.

(b) (i) The Notification was received by the Press on 17.2.83 and was published on the 9th September, 1983.

(ii) The copies of the published notification were sent to the Home (Transport) Department on 12.9.83.

(iii) As the West Bengal Government Press, Alipore was pre-occupied with urgent printing of Budget, Assembly work and Panchayat Elections, the notification could not be published in time.

## কলিকাতা-২৪-পরগণা টালীর নালা সংস্কার

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪১।) **শ্রীতারকবন্ধু রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতা-২৪-পরগণা টালীর নালার উভয় তীরে অবৈধভাবে বস্তি বানানো হয়েছে এবং জবরদখল চলছে এইরূপ কোন অভিযোগ সরকারের নিকট এসেছে কি ;

(খ) এসে থাকলে, সে সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) উক্ত নালাটি সংস্কারের জন্য কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) হ্যাঁ, সরকার এ সম্পর্কে অবগত আছেন।

(খ) টালীর নালার উভয় তীরে জবর দখল বসতি অপসারণের জন্য ২৪ পরগণা জেলা শাসক এবং বিভিন্ন কর্তৃপক্ষ থানা ও আদালতের মাধ্যমে বিভিন্ন সময়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছেন ও করছেন।

(গ) সম্প্রতি সি. এম. ডি. এ. কর্তৃপক্ষ এই নালাটি সংস্কারের কাজে অগ্রণী হয়েছেন। উক্ত সংস্থা কর্তৃক প্রদত্ত অর্থে গড়িয়া থেকে ভাগীরথী নদীর মুখ পর্য্যন্ত নালাটি সংস্কারের একটি পরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে।

[1-30—1-40 p.m.]

**শ্রীতারক বন্ধু রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই নালা সংস্কারের কাজ কতদিনে শেষ হবে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি আগেই জানিয়েছি যে পরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে কাজেই সংস্কারের কাজ কবে শেষ হবে সেটা এখনই সুনিদিষ্টভাবে বলা যাচ্ছে না। তবে এই প্রসঙ্গে আমি জানাতে চাই যে গত ১৯.৭.৮৩ তারিখে সি. এম. ডি. এ. এবং পৌর ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী শ্রীপ্রশান্ত কুমার শূর, পরিবেশ দপ্তরের মন্ত্রী শ্রীভবানী মুখার্জী এবং আমি একটি বৈঠকে বসেছিলাম অফিসারের নিয়ে এই টালির নালা কিভাবে সংস্কার করা যায় সেটা দেখার জন্য। সেখানে বিভিন্ন উন্নয়ন সংস্থা যেমন টালিগঞ্জ উন্নয়ন সংস্থা তারাও যা দিয়েছিলেন সেগুলি বিচার করেছিলাম। ওখানে আমাদের মধ্যে কাজটা ভাগাভাগি করে নেওয়া হয়। এরমধ্যে সেচ দপ্তরের ভাগে পড়ে এর পরিকল্পনা প্রস্তুত করা, কাজ করার ব্যবস্থা করা এবং কত টাকা

লাগবে তার ব্যবস্থা করা। আমি আগেই বলেছি সি. এম. ডি. এ. থেকে টাকা দেবার ব্যাপার আছে। পরিবেশ দপ্তর, সি. এম. ডি. এ. যে সমস্ত জবরদখল বস্তি আছে তার অপসারণ এবং শহরের বিশেষ করে টালিগঞ্জ অঞ্চলের যে সমস্ত নোংরা জল এসে পড়ে সেগুলি যাতে না আসে সে দিক ব্যবস্থা গ্রহণ করবেন এই সিদ্ধান্ত হয়। সেই সিদ্ধান্ত অনুসারে সেচ বিভাগ ঐ নালার সংস্কারের কাজের পরিকল্পনা প্রস্তুত করতে আরম্ভ করেন।

**শ্রীতারক বন্ধু রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। কবে নাগাদ কাজ শুরু করা হতে পারে জানাবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্যঃ** এটাতো গাছে কাঁঠাল গোঁপে তেলের মত। আমি বলেছি যে পরিকল্পনা প্রস্তুতি করা হচ্ছে। সেটা তৈরী হবে তারপরে কাজ আরম্ভ হবে।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে টালিনালার কাছে যে সমস্ত অবৈধ জবরদখলকারীরা আছে, তাদের উচ্ছেদ করে অন্য জায়গায় বসবাস করার ব্যবস্থা কোন পরিকল্পনা আছে কি না।

**শ্রীননী ভট্টাচার্য্যঃ** আমি গোটা টালীনালা ঘুরে দেখেছি—হেস্টিং থেকে গড়িয়া স্টেশন পর্য্যন্ত সমস্ত জায়গায় ঘুরে দেখেছি। সেখানে অনেক জায়গায় বিভিন্ন ধরণের জবরদখলকারী বসতি আছে। সেখানে পাকা বাড়ীও আছে, আবার কাচা বাড়ীও আছে। তাদের পুনর্বাসনের ব্যবস্থা কিভাবে হবে সেটা আমাদের পরে ভাবতে হবে। সেখানে খাটালও আছে। কাজেই তাদের অন্য জায়গায় পাঠানো যাবে কিনা এটা আমাদের দেখতে হবে।

### Sick Units

*158. (Admitted question No. *382) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that some units, which have received financial assistance from West Bengal Industrial Development Corporation (WBIDC), have either become sick and/or have shown signs of incipient sickness ; and

(b) if so,

(i) the number of such units, and

(ii) total investments involved in such units ?

**Dr. Kanailal Bhattacharya :** (a) Yes. There are a few units which have received financial assistance from WBIDC have either become sick or have shown signs of incipient sickness ;

(b) (i) 32 number of units have become sick till 31st March, 1983 and 30 number of units have shown signs of incipient sickness till 31st March, 1983.

(ii) Investment involved is Rs. 660.00 lakhs.

**শ্রীঅম্বিকা ব্যানার্জীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই অবগত আছেন যে যারা টাকাটা নেই, এই আনসক্রুপুলাস বিজনেসম্যান, তারা মনে করে টাকাটা তাদেরই। এই যে ইণ্ডাস্ট্রি সিক হয়ে যাচ্ছে বা যাবে, এই ব্যাপারে আপনাদের তরফ থেকে প্রপার

ইনভেষ্টিগেশান করার কোন ব্যবস্থা আছে কিনা এবং অসৎ উপায়ে যদি কেউ নেয় তাহলে তাদের শাস্তির কোন ব্যবস্থা আছে কিনা জানাবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আমরা টাকা দেবার আগে নানা দিক থেকে সরকারের পক্ষ থেকে অনুসন্ধান করে টাকা দেই। অর্থাৎ তার Product তৈরী করার ক্যাপাসিটি আছে কিনা ইত্যাদি দেখে দেই। একটা কোম্পানী চলতে চলতে যদি দেখা যে সেটা সিকের দিকে যাচ্ছে তাহলে তার প্রিভেনশানের জন্য আমাদের সেল আছে এবং ভিতর দিয়ে আমরা চেষ্টা করি ফারদার হেল্প কিভাবে করা যায়, ম্যানেজমেণ্ট হেল্প কিভাবে করা যায় যাতে সিক না হয়। আপনি বললেন যে দেয়ার আর সার্টেন আনস্ক্রুপুলাস বিজনেসম্যান — এটা ঠিক, সব জায়গায় এটা আছে, আমাদের দেশেও আছে। এর হাত থেকে পরিত্রাণ পাবার জন্য আমাদের সকলের সমবেত প্রচেষ্টা দরকার। তবে আইনে এমন কোন পেনাল অফেন্সের ধারা আছে বলে মনে হয়নি যায় ভিত্তিতে ওদের বিরুদ্ধে হাই কোর্টের কেস করা যায়। আমরা হাইকোর্টে টাকা না দেবার জন্য কেস করতে পারি। এ ছাড়া আর কোন উপায় নেই।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে টাকা দেবার আগে নানা দিক থেকে অফিসাররা দেনে, কিন্তু তারপরেও ইণ্ডাস্ট্রি সিক হয়ে পড়ে। অনেক সময়ে দেখা যায় যে সমস্ত জিনিস পরীক্ষা করলে টাকা দিলেও ভায়েবল হবে কিনা সন্দেহ থাকে সে ক্ষেত্রে কোন পার্টিকুলার অফিসার এ্যাভয়েড করে যায় ইন কেস অব সিকনেস অব এনি ইণ্ডাষ্ট্রি এবং তারা ভায়েবল সার্টিফিকেট দিয়ে দেয় তাহলে আপনাদের তরফ থেকে এগুলি ঠিক মত দেখার জন্য কোন ব্যবস্থা আছে কিনা ?

[ 1-40—1-50 p.m. ]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** কোন অফিসারের গাফিলতির জন্য টাকা নেবার পরেও যদি কোন ইউনিট সিক হয়ে যায় এবং সে সম্পর্কে সংবাদ ও তথ্য যদি মাননীয় সদস্য আমাকে দিতে পারেন, তাহলে তা আমি নিশ্চয়ই দেখব। তবে এখন পর্যন্ত আমার আমার কাছে এই জাতীয় কোন খবর নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, সিক ভারপ্রাপ্ত মন্ত্রী যদি সিক্ হন, তাহলে ইউনিটগুলি কি তাড়াতাড়ি সিক্ হতে ইউনিটের পারে ?

( নো রিপ্লাই )

## বরতি বিল সংস্কার

***১৫৯।** ( অনুমোদিত প্রশ্ন নং *১৬২। ) **শ্রীনীহার কুমার বসু ঃ** গত ২২এ সেপ্টেম্বর ১৯৮২ তারিখের প্রশ্ন নং *২৭১ ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৮ )-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ব্যারাকপুর মহকুমার "বরতির বিল" সংস্কার সহ নাওসুতি, হারোয়াগও বেসিন জলনিকাশী প্রকল্পটি বর্তমানে কোন্ অবস্থায় আছে ;

(খ) উক্ত প্রকল্পটির কাজ কবে নাগাত শুরু হবে ; এবং

(গ) উক্ত পরিকল্পনা রূপায়ণে আনুমানিক ব্যয় কত হবে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) হাড়োয়াগাঙে-কুলটিগাঙ, নোনাগাঙ, সুতী, নোয়াই, বাণীকন্ঠ ইত্যাদি প্রধান নিকাশী খাল লইয়া "হাড়োয়াগাঙ-কুলটিগাঙ বেসিন ড্রেনেজ স্কীম নামে একটি সম্পূর্ণ প্যান তৈরী হচ্ছে। এই প্রকল্পের জরীপ ও অনুসন্ধানের কাজ বর্তমান পর্য্যায়ে শেষ হয়েছে। Mathemetical model-এর কাজও শেষ হয়েছে; এর resut এখন analysis করে দেখা হচ্ছে। আশা করা যায় ১৯৮৩-৮৪ সালের মধ্যে schemeটি তৈরীর কাজ শেষ করা যাবে।

(খ) ও (গ) এখনই সঠিকভাবে বলা সম্ভব নয়।

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে, বরতি বিল পশ্চিমবঙ্গের অন্যতম বড় বিল, অথচ এর সংস্কারের কাজ দীর্ঘ দিন ধরে অবহেলিত হচ্ছে। এটার সংস্কার হলে চাষবাসের সুবিধা হবে এবং খাদ্য শস্য উৎপাদন বাড়বে। কাজেই এই দিকে নজর রেখে এই প্রকল্পের কাজ যাতে তাড়াতাড়ি শুরু করা যায় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় কি চেষ্টা করবেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এ বিষয়ে চট করে কোন প্রতিশ্রুতি দেওয়া সম্ভব নয়। কারণ এ বিষয়ে নানা সমস্যা এবং জটিলতা আছে। পুরোন বেসিন জল নিকাশী প্রকল্পের পরিবর্তে একটি নতুন প্রকল্পের কাজ শুরু হয়েছে। কারণ ইঞ্জিনিয়ারস কমিটি এবং বোর্ড অফ টেকনিক্যাল কনসালটেন্টদের পরীক্ষা নিরীক্ষার পর অনেক প্রকল্পের ক্ষেত্রেই অনেক পরিবর্তন ঘটে। সুতরাং এখানেও যে, এই রকম ঘটবে না এবং তাড়াতাড়ি এই স্কীমের কাজ শুরু করা যাবে, একথা এখনই বলা যাচ্ছে না। দু' নম্বর কথা হচ্ছে, আরো বলা যাচ্ছে না, কারণ টাকা পয়সার উপর অনেক কিছু নির্ভর করছে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই অবগত আছেন যে, এই বিলটি বারাসাত এবং ব্যারাকপুর মহকুমার বিদ্যাধরী প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট এবং এই প্রকল্পটি ঠিক মত না হওয়ায় প্রতি বছর ২ লক্ষ মেট্রিক টন খাদ্য শস্য নষ্ট হচ্ছে। সেই জন্য জরুরী প্রকল্প হিসাবে—ষষ্ঠ পরিকল্পনা তো চলে গেল—৭ম পরিকল্পনায় যাতে হয় তার জন্য আপনি ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** নিশ্চয়ই বিবেচনা করে দেখা হবে। তবে মাননীয় সদস্য জানেন গতকাল মাননীয় চিত্ত বসু এম. পি. এবং বারাসাতের অন্যান্য এম. এল. এ.-দের সঙ্গে আমি বসেছিলাম এবং এই জলনিকাশী প্রকল্প সম্পর্কে আমাদের বিস্তারিত আলোচনা হয়েছে। আমরা এটাও ভাবছি যে, এই স্কীম রূপায়ন করতে যদি খুব বেশী টাকার প্রয়োজন হয় তা হলে মাষ্টার প্ল্যানের মধ্যে ছোট ছোট আকারের প্রকল্প করা যায় কিনা। তবে মাষ্টার প্ল্যানের ক্ষতি যাতে না হয় তার জন্য চিন্তা ভাবনা হচ্ছে।

**শ্রীঅজিত বসু ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ইতিপূর্বে আপনার পূর্বসূরী যিনি সেচমন্ত্রী ছিলেন তিনি বরতির বিল সংস্কারের জন্য একটা সার্ভে করেছিলেন এবং সেখানে চাষবাসের ব্যবস্থা করার চেষ্টা করেছিলেন, এ সম্পর্কে আপনার বিভাগ কতদূর অগ্রসর হয়েছে এবং বর্তমানে কাজ কোথায় আটকে আছে তা আপনি দয়া করে আমাদের জানাবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এই রকম কোন রিপোর্ট অন্ততঃ আমি এখন দেখিনি।

**শ্রীকমল সরকার ঃ** মিঃ স্পীকার স্যার, বরতি বিলের এলাকাতে যবে থেকে আলোচনা হচ্ছে, বামফ্রন্ট আসার পর থেকে আজ পর্য্যন্ত এবং কংগ্রেস আমলেও অনেক অনেক আলোচনাচনা হয়েছিল। কিন্তু এখন ওখানে অনেক বড় বড় বাড়ী উঠে গেছে এবং সম্পূর্ণভাবে একটা এলাকা থেকে আর একটা এলাকায় নতুন করে বিদ্যাধরী পর্যন্ত নিয়ে যাবার পরিকল্পনা হয়েছিল সেটা আদৌ সম্ভব কিনা সে সম্বন্ধে আপনাদের ইঞ্জিনীয়াররা কিছু ভেবেছেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** ঐ জায়গায় জবর দখল বাড়ী, এই সমস্ত হয়েছে এমন খবর আমার কাছে আসেনি। কিন্তু কতখানি সম্ভবপর সেটা স্কীম তৈরী করার সময় বিচার বিবেচনা করেই স্কীম তৈরী হয়েছে। সুতরাং সেগুলি ইঞ্জিনীয়ারা বিচার বিবেচনা করেই করবেন।

## সরকার-পরিচালিত রুগ্ন কারখানা বিক্রি বা হস্তান্তর

*১৬০। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৬৮ । ) **ডাঃ মানস ভূঞ্যা ঃ** শিল্প পুনঃ-করণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার পরিচালনাধীন কোন রুগ্ন শিল্প প্রতিষ্ঠান বিক্রি অথবা ব্যক্তিগত মালিকানায় হস্তান্তর করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** ভারত সরকার কর্তৃক ঘোষিত নীতিগত সিদ্ধান্ত অনুযায়ী শিল্প ( উন্নয়ন ও নিয়ন্ত্রণ ) আইন ১৯৫১ মাধ্যমে অধিগৃহীত কোন শিল্প-সংস্থার ভবিষ্যৎ কাঠামো নিম্নলিখিত বিকল্প ব্যবস্থাগুলির সাহায্যে নির্ধারণ করা যায় ঃ—

(১) শিল্প সংস্থাটির কাঠামোগত পরিবর্তন ;

(২) শিল্প-সংস্থাটির একত্রীকরণ অথবা কোন বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ;

(৩) শিল্প সংস্থাটির জাতীয়করণ ;

(৪) অন্য কোন বিকল্প উপায়ে সমাধান।

রাজ্য সরকারের নিয়ন্ত্রিত অধিগৃহীত শিল্প সস্থাগুলির ভবিষ্যৎ কাঠামো নির্দ্ধারণের জন্য রাজ্যসরকার সমস্ত বিকল্প ব্যবস্থাগুলিই বিবেচনা করিতেছেন।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর কাঠামো এবং পলিসির কথা বললেন। কিন্তু আমরা লক্ষ্য করলাম কয়েকদিন আগে মাননীয় মন্ত্রীরা এবং বিভিন্ন ট্রেড ইউনিয়নের নেতৃবৃন্দ এবং মুখ্যমন্ত্রী তাঁদের সংবাদপত্রে বিভিন্ন পরস্পর বিরোধী কতগুলি সংবাদ, ৬টি কারখানা হস্তান্তর এবং বিক্রির কথা প্রকাশ হয়েছিল। সে ব্যাপারে কিছু জানাবেন কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** কেন্দ্রীয় সরকার কর্তৃক যেগুলি বলা হয়েছিল সেই ব্যবস্থাগুলি সরকার বিবেচনা করছেন। এর মধ্যে একটা শিল্প কারখানা এ ডিজটিলারিজ এই সেসনেই রাষ্ট্রীয় করণ করা হবে। বিল আসছে; সেগুলি সম্পর্কে চিন্তা ভাবনা করা হচ্ছে। এখনও ফাইনাল ডিসিসন কিছু নেওয়া হয়নি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছেন, আমি আর একটি প্রশ্ন করছি। ব্যক্তিগত কোন মালিকের কাছে কোন কারখানা বিক্রির কোন স্পেশিফিক প্রশ্ন আছে কিনা ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এখন পর্যন্ত সে রকম কোন প্রশ্ন আমার কাছে আসেনি।

## নিম্ন দামোদর পরিকল্পনায় হাওড়া জেলার গড়চুমুকে স্লুইশ গেট নির্মাণ

*১৬১। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৯৮। ) **শ্রীঅশোক ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নিম্ন দামোদর পরিকল্পনায় হাওড়া জেলার গড়চুমুকের নিকট স্লুইস গেট-এর কাজ বর্তমানে বন্ধ রহিয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) নিম্ন দামোদর পরিকল্পনার কাজ বন্ধ থাকায় বন্যা হওয়ার যে আশঙ্কা আছে, তাহা প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) একথা সত্য নয়। নিম্ন দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত গড় চুম্বকের নিকট ৫৮ য়ুকার বিশিষ্ট স্লুইস গেটের নির্মাণের কাজ শেষ হয়েছে।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) নিম্ন দামোদর পরিকল্পনার ( মডিফায়েড স্কীম ) বর্তমানে ভারত সরকারের বিবেচনাধীন আছে।

Palliative measure হিসাবে কিছু কিছু মজে যাওয়া খালের সংস্কার করা হয়েছে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই স্লুইস গেট শেষ হয়েছে বললেন সেটা কবে নাগাদ শেষ হয়েছে, কদিন আগে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এখন বলা আমার পক্ষে সম্ভব নয়।

[1-50—2-00 p.m.]

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—স্লুইস গেটের কাজ শেষ হয়েছে বলছেন কিন্তু নিম্ন দামোদরের কাজ বর্তমানে বন্ধ কিনা জানাবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** কাজ বন্ধ নেই। তবে মোডিফায়েড স্কীম যেটা, সেটা কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী নিশ্চয়ই জানেন যে এই পরিকল্পনায় কোটি কোটি টাকা খরচ হয়েছে এবং এই পরিকল্পনা করতে গিয়ে প্রচুর কৃষক পরিবার উচ্ছেদ হয়েছে। আমার জিজ্ঞাসা, এই দামোদর পরিকল্পনার দ্বারা ঐ অঞ্চলের কৃষকদের কতটা উন্নতি ঘটেছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এটা আমার পক্ষে বলা সম্ভব নয়। এর মোডিফায়েড স্কীম বর্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। এ বিষয় নিয়ে গঙ্গা ফ্লাড কণ্ট্রোল কমিশনের চেয়ারম্যান মিঃ স্যান্নালের সাথে কথাও হয়েছে।

## পলাশী সুগার মিল

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৫।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে পলাশী সুগার মিল বন্ধ হইবার উপক্রম হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত শিল্পকে রক্ষা করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এটা কি সত্য যে রামনগর সুগার মিল চাষীদের পাওনা ৪০ লক্ষ টাকা দিতে পারেনি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** ৪০ লক্ষ টাকা নয়, চাষীদের সঙ্গে বসে ৪০ লক্ষ টাকার মধ্যে কিছু টাকা দিয়ে দেওয়া হয়েছে। এখনও আখ-চাষীদের পাওনা আছে ২২ লক্ষ ৯৩ হাজার টাকা।

**শ্রীদেবসরণ ঘোষ ঃ** মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, গত তিন মাস ধরে মাসের মাহিনা কর্মচারীরা পাচ্ছেন না।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** হ্যাঁ। তবে সেটা দেবার জন্য আমার মাধ্যমে বন্দোবস্ত হচ্ছে। এ ব্যাপারে চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগও করেছি। গত পরশুদিন তাঁর আসার কথা ছিল আমার কাছে কিন্তু অসুস্থ থাকবার জন্য তিনি আসতে পারেননি। আগামীকাল বসবার কথা আছে। এই চাষীদের এবং কর্মচারীদের যে টাকা তাঁরা বাকী রেখেছেন সেটা দিয়ে দেবার জন্য সরকার পক্ষ থেকে নিশ্চয়ই তাঁর উপর চাপ সৃষ্টি করবো—এটুকু আমি মাননীয় সদস্যকে জানাতে পারি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে—বর্তমানে রামনগর সুগার মিলের যা অবস্থা তাতে ঐ মিল বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। এই কারণে ঐ মিলকে ন্যাশনালাইজ করবার কথা চিন্তা করেছেন কিনা ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** না, এ ব্যাপারে কোন চিন্তা ভাবনা করা হচ্ছে না।

**শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি—যে টাকা চাষীদের বাকী আছে, সেটা কবে পেমেণ্ট দেওয়া হবে ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আগামী কাল মিলের ডাইরেক্টর এবং ডি. এম দের সঙ্গে বসে এ ব্যাপারে যা করবার করবো।

**শ্রীসুভাষ বসু ঃ** ইহা কি সত্য যে মিলের যে ৩৩ বিঘা জমি আখ চাষের জন্য রয়েছে, তার মধ্যে মাত্র ৫ বিঘা জমি চাষ করা হচ্ছে এবং বাকিটা বিক্রী করে দেবার চক্রান্ত করা হচ্ছে ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** ৩৩ বিঘা জমির বেশির ভাগই চাষ করেনি বলে খবর আছে। বিক্রী করবার চেষ্টা হচ্ছে—এই খবর আসার পর জেলা কর্তৃপক্ষ এ

ব্যাপারে হুসিয়ারী দিয়েছে যাতে তাঁরা এটা করেন না। সরকার এ ব্যাপারে সজাগ আছে।

**শ্রীমাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই সুগার মিল স্টেট ব্যাঙ্কের কাছ থেকে কত টাকা ঋণ নিয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** ৮৫ লক্ষ, না জানি ৮৮ লক্ষ। ইট ইজ এ্যাবাউট ৮৫ ক্রোরর্স।

## ভাগীরথী ও ভৈরবী নদীর ভাঙ্গন রোধে স্পার বাঁধ নির্মাণ

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৮।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভাগীরথী ও ভৈরবী নদীর ভাঙ্গন রোধে স্পার বাঁধ নির্মণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কোন্ কোন্ স্থানে উক্ত বাঁধ নির্মাণ করা হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত বাবত কত টাকা অনুমোদন করা হড়েছে?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) হ্যাঁ, ভাঙ্গন রোধের পরিকল্পনা আছে।

(খ) ভাগীরথীর বামতীরে বিনপারা গ্রাম রক্ষার্থে এবং ভৈরব নদীর বামতীরে হরহরিয়া গ্রামরক্ষার্থে ভাঙ্গন রোধের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(গ) ভাগীরথী নদীর উভয় তীরে বিভিন্নস্থানে ভাঙ্গনরোধ পরিকল্পনার জন্য ১৯৮৩-৮৪ সালে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা এবং অনুরূপভাবে ভৈরব নদীর বিভিন্নস্থানে ভাঙ্গন রোধের জন্য ৫ (পাঁচ) লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি ভাগীরথী, ভৈরবী এবং জলংগী নদীতে ভাঙ্গন প্রতিরোধ করার জন্য যে পরিকল্পনা গৃহীত হয়েছে সেটা সম্বুক গতিতে এগোচ্ছেন কেন? এর ফলে ব্যাপক ভাঙ্গন দেখা দেবে। আপনি কাজগুলি তরান্বিত করার জন্য নির্দেশ দেবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** বর্ষকালে কোন স্থায়ী কাজ হতে পারে না, এটা মাননীয় সদস্যদের জানা উচিত। কেবল ভাঙ্গন রোধ করার জন্য প্যালিয়েটিভ কিছু কিছু কাজ হাতে নেওয়া হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে জয়ন্তবাবু যে কাজটির কথা বললেন সেই কাজটি কি পূর্ত দপ্তর যেমন উইদাউট টেণ্ডারে কাজ করান সেই রকম কি এই দপ্তরে উইদাউট টেণ্ডারে কাজ হয়?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন হয় না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** রঘুনাথগঞ্জ থেকে জলঙ্গী পর্যন্ত এই অঞ্চলে ভাঙ্গন রোধ করার জন্য যে ২৫ লক্ষ টাকা স্যাংসান করা হয়েছে এটা কি আপনি যথেষ্ট বলে মনে করেন?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

## খড়গপুরের মেটাল বক্স ইণ্ডিয়ার বিয়ারিং প্ল্যাণ্ট

*১৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৫১। ) **শ্রীসুমন্তকুমার হীরা ঃ** শিল্প পুনঃকরণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, টাটা ইস্পাত কোম্পানি মেটাল বক্স ইণ্ডিয়ার খড়গপুরের বিয়ারিং প্ল্যাণ্ট অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্য হলে, সরকার উক্ত অধিগ্রহণের ব্যাপারে প্রয়োজনীয় অনুমোদন প্রদানে রাজি আছেন কিনা ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) সরকার এই সিদ্ধান্তের কথা শুনেছেন।

(খ) এ ব্যাপারে রাজ্য সরকারের কোনও অনুমোদনের প্রশ্ন ওঠে না।

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি মেটাল বক্স কারখানার মালিক কারা কারা ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** মেটাল বক্স কারখানার মালিক হলো মেটাল বক্স কোম্পানী। টাটা এটা নিতে চলেছে। পয়লা অক্টোবর এটা হ্যাণ্ড ওভার হবে।

**শ্রীশিশির অধিকারী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি উক্ত কারখানাটি রাষ্ট্রায়ত্ব করার জন্য বামফ্রণ্ট সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** কারখানাটি তো ভালো ভাবেই চলছে, রাষ্ট্রায়ত্ব করার কোন প্রশ্নই ওঠে না।

**শ্রীকামাক্ষা চরণ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই কারখানা টাটা কোম্পানী নিয়ে নিলে যে সমস্ত শ্রমিক কর্মচারী আছে তাদের কাজ থাকবে কি থাকবে না ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** তাদের কাজ থাকবে, এই রকমই তো আমার জানা আছে। যদি কাজ না থাকে তাহলে লেবার ডিপার্টমেণ্টে আসবেন আমরা তার প্রতিকার করার ব্যবস্থা করবো।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই খড়গপুরে মেটাল বক্স কারখানায় কত জন কর্মচারী কাজ করেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এটা আমি জানবো কি করে ? এর জন্য নোটিশ দিতে হবে।

## তমলুক মাষ্টার প্ল্যান

*১৬৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৭১৪। ) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে তমলুক মাস্টার প্ল্যানের কাজ আরম্ভ হইবে কিনা ; এবং

(খ) হইলে, উক্ত প্ল্যানের অধীনে (১) প্রতাপখালী খালটির সংস্কারের কাজ ও (২) উক্ত খালের নারায়ণপুরে অবস্থিত মূল স্লুইসটির মেরামতের কাজ বর্তমান বছরে শুরু হইবে কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) বর্তমান আর্থিক বছরে তমলুক মাষ্টার প্ল্যানের প্রাথমিক কাজকর্ম শুরু হওয়ার সম্ভাবনা আছে।

(খ) (১) বর্তমান আর্থিক বছরে তমলুক মাষ্টার প্ল্যানের জন্য বরাদ্দ অর্থের পরিমাণ যথেষ্ট না হওয়ায় প্রতাপখালি খালের সংস্কার এ বছর করা সম্ভব নয়।

(২) উক্ত স্লুইসটির মেরামতের কাজ প্রায় প্রতি বছরই করা হয়ে থাকে।

[2-00—2-10 p.m.]

**শ্রীকামাখ্যা চরণ ঘোষ ঃ** এই মাষ্টার প্ল্যান কতদিন আগে হয়েছে জানাবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এ তো একবার হচ্ছে, একবার বদলাচ্ছে—এই রকমই চলছে।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ** যে টাকা বরাদ্দ হয়েছে তাতে প্রতাপখালি খালটি সংস্কার করা সম্ভব হবে না বললেন। আমার প্রশ্ন হচ্ছে, কোন কোন খাল সংস্কারের কাজ আরম্ভ করবেন, জানাবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** পূর্ণ বিবরণ এখনই আমি দিতে পারছি না। আর এক্ষেত্রে সবগুলি প্রাসঙ্গিক নয়। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, আমি নিজে গিয়ে সেখানে দেখে এসেছি। সুতরাং এখন আবার কিছু বিচার বিবেচনা করা হচ্ছে।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ** আপনার কাছে এই প্রসঙ্গে আবেদন রাখছি—মাষ্টার প্ল্যানিং'এর মধ্যে প্রতাপখালি খালটির গুরুত্ব খুব বেশী—আপনি যখন বিভাগীয় অফিসারদের সঙ্গে বা ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথাবার্তা বলবেন, তখন আপনি এ বিষয়ে আলোচনা করবেন বলে আশা রাখছি।

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এটা বিবেচনার মধ্যে রাখা হবে।

**মিঃ স্পীকার ঃ** এখন কোশ্চেন আওয়ার শেষ। বাদ বাকী কোশ্চেনের অ্যানসার রিটিন্ হয়ে আসবে।

## STARRED QUESTIONS
### ( to which answers were laid on the table )

### শ্রীরামপুরে ইণ্ডিয়া বেলটিং কারখানা

*১৬৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৭৬। ) **শ্রীঅরুণ কুমার গোস্বামী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার অন্তর্গত শ্রীরামপুর শহরে ইণ্ডিয়া বেলটিং কারখানায় ১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সালের জুন মাস পর্যন্ত কত টাকা লোকসান হয়েছে ; এবং

(খ) উক্ত কারখানার উন্নতি ও উহাকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার কোনও পরিকল্পনা আছে কিনা ?

**Minister-in-charge of Commerce and Industries Department :**

(ক) উক্ত সময়ে কারখানাটিতে প্রায় ৪৭ লক্ষ ৬২ হাজার টাকা লোকসান হয়েছে।

(খ) হ্যাঁ। উক্ত সংস্থাটিকে স্বয়ম্ভর করার জন্য নানাবিধ ব্যবস্থা বিবেচনাধীন আছে।

## হলদিয়া পেট্রোকেমিক্যালস

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭১২।) শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, হলদিয়া পেট্রোকেমিক্যালস-এর নির্মাণকার্য কবে নাগাত শুরু হবে বলে আশা করা যায় ?

**Minister-in-charge of Commerce and Industries Department :**

কেন্দ্রীয় সরকারের সহিত আলোচনার পরিপ্রেক্ষিতে হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রকল্পে উৎপাদন সামগ্রীর কিছু পরিবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তদনুযায়ী একটি বিস্তৃত প্রকল্প-প্রতিবেদন প্রস্তুত করা হইতেছে। কেন্দ্রীয় সরকার এই প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় আনুষ্ঠানিক অনুমোদনের জন্য উহা পরীক্ষা করিবেন। কেন্দ্রীয় সরকারের নিকট হইতে ঐ অনুমোদন পাওয়ার পরই কেবলমাত্র প্রকল্প নির্মাণের আসল কাজ আরম্ভ করা যাইবে। এই কারণে ঠিক এই মুহূর্তে সুনির্দিষ্টভাবে প্রকল্পটির কাজ আরম্ভের সময়কাল বলা সম্ভব নয়।

### Oxygen gas plant at Kalyani

*168. (Admitted question No. *919.) **Sri Deoki Nandan Poddar :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether any industrial licence has been granted to Messrs Ellenbarrie Industrial Gases Ltd. for setting up oxygen gas plant at Kalyani ;

(b) if so, whether implementation of this project is held up due to non-availability of power ; and

(c) what steps have been taken by the State Government to ensure commissioning of this unit before the industrial licence lapses or is cancelled for non-implementation within due date ?

**Minister-in-charge of Commerce and Industries Department :**

(a) Yes. (b) Yes.

(c) The matter has been taken up with the Power Department of this Government and it has been assured by that Department that the requisite power will be sanctioned to the Company by the 21st September, 1983.

## UNSTARRED QUESTIONS
### ( to which answers were laid on the table )

## নদিয়ায় তুঁত চাষ

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭।) শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় কোন্ কোন্ ব্লকে তুঁত চাষ হয় ;

(খ) ঐ জেলায় তুঁত চাষ সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের আছে কি এবং থাকিলে কোন্ ব্লকে ; এবং

(গ) তুঁত চাষে আগ্রহী কৃষকগণ কি কি সুযোগ সুবিধা পেয়ে থাকেন ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) মোট নয়টি (৯) ব্লকে যথা—(১) চাকদা, (২) চাপরা, (৩) মাঝদিয়া, (৪) নাকাশীপাড়া, (৫) কৃষ্ণগঞ্জ, (৬) তেহট্ট, (৭) রাণাঘাট (১ম), (৮) রাণাঘাট (২য়) এবং (৯) হরিণঘাটা।

(খ) হ্যাঁ। (১) মাঝদিয়া ব্লকে শিবনিবাসে (তফসিলী জাতির জন্য), (২) নাকাশীপাড়া, (৩) চাপরা, (৪) কৃষ্ণগঞ্জ, (৫) হরিণঘাটা, (৬) তেহট্ট, (৭) রাণাঘাট (১ম), (৮) রাণাঘাট (২য়), এবং (৯) চাকদা।

(গ) (১) বিনামূল্যে "মালবারী কাটিংস" সরবরাহ করা হয়, (২) রিয়ারিং হাউস তৈয়ারী, তুঁত চাষ ও পালনের সাজসরঞ্জাম কেনার জন্যে এবং সেচের জন্যে সরকারী অনুদান দেওয়া হয়, (৩) কৃষকগণকে ৩ মাসের জন্যে বিশেষ ট্রেনিং দেওয়ার ব্যবস্থা আছে। ট্রেনিংকালে কৃষকগণ মাথাপিছু ১০০ টাকা মাসিক স্টাইপেণ্ড পান, (৪) কৃষকগণ যাতে তাঁদের উৎপাদনের বাজার সহজেই খুঁজে পান তার জন্য সরকারী সহযোগিতা করা হয়। প্রয়োজনে প্রথম ২/৩ বৎসর নতুন রেশম চাষীদের উৎপাদন সরকার কিনে থাকেন।

## কৃষ্ণনগর পৌরসভা

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষ্ণনগর পৌরসভার ওয়ার্ডসমূহের মধ্যে আয়তনগত ও জনসংখ্যাগত (১৯৮১-জনগণনা) অসমতা আছে; এবং

(খ) সত্য হইলে, ওয়ার্ডভিত্তিক বিবরণ ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) জনগণনা অধিকার কর্তৃক ১৯৮১ সালের আদমসুমারী অনুযায়ী পৌরসভাগুলির ওয়ার্ডভিত্তিক লোকসংখ্যার কোনও পুস্তিকা এখনও প্রকাশিত হয় নাই।

বঙ্গীয় পৌর আইনের ২০ ধারাবলে কোনও পৌরসভাকে উক্ত এলাকার জনসংখ্যা, ভৌগোলিক অবস্থা ও বাণিজ্যিক গুরুত্ব অনুযায়ী বিভিন্ন ওয়ার্ডে ভাগ করা হয়। সুতরাং ওয়ার্ডগুলিতে কিছু আয়তনগত ও জনসংখ্যাগত পার্থক্য থাকা স্বাভাবিক।

(খ) যেহেতু জনগণনা অধিকার জনসংখ্যাভিত্তিক কোন পুস্তিকা প্রকাশ করেন নাই, সেইহেতু কৃষ্ণনগর পৌরসভার ওয়াডভিত্তিক জনসংখ্যা দেওয়া এখনই সম্ভব নয়।

## কৃষ্ণনগর পৌরসভাকে অর্থ বরাদ্দ

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর পৌরসভাকে পশ্চিমবঙ্গ সরকার ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালের ৩১এ জুলাই পর্যন্ত কোন্ খাতে কত টাকা দিয়েছেন ;

(খ) রাজ্য সরকার উক্ত পৌরসভাকে প্রদত্ত টাকার 'সদ্ব্যবহার পত্র' ( ইউটিলাইজেশন সার্টিফিকেট ) পেয়েছেন কি ;

(গ) ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে উক্ত পৌরসভাকে প্রদত্ত টাকার 'সদ্ব্যবহার পত্র' রাজ্য সরকার পেয়েছেন কি ; এবং

(ঘ) '(খ)' ও '(গ)' প্রশ্নের উত্তর 'না' হইলে, সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) রাজ্য সরকার কৃষ্ণনগর পৌরসভাকে বিভিন্ন খাতে মোট ৫০,৯৮,৭৬৭ টাকা দিয়েছেন। বিশদ বিবরণের একটি তালিকা নিম্নে দেওয়া হল।

(খ) 'সদ্ব্যবহার পত্র' সংগ্রহ করা হচ্ছে।

(গ) 'সদ্ব্যবহার পত্র' আংশিকভাবে পাওয়া গেছে।

(ঘ) বকেয়া 'সদ্ব্যবহার পত্রের' জন্য ঐ পৌরসভাকে পত্র প্রেরণ করা হয়েছে।

*Statement referred to in reply to Clause 'Ka' of Question No. 28 (Admitted Question No. 233)*

| | Items | | Amount sanctioned during 1982-83 | Amount sanctioned during the period from 1-4-1983 to 31-7-83 |
|---|---|---|---|---|
| | | | Rs. | Rs. |
| (1) | Octroi Grant | ... | 12,48,732 | 4,09,211 |
| (2) | Fixed grant for D. A. Subvention | ... | 5,71,280 | 1,42,820 |
| (3) | Additional D. A. Subvention | ... | 6,76,309 | 46,400 |
| (4) | Arrear Additional D. A. Subvention | ... | 45,005 | 1,20,050 |
| (5) | Motor Vehicle Grant | ... | 38,960 | Nil |
| (6) | Ways and means loan for integrated development of Krishnagar Town | ... | 18,00,000 | Nil |
| | Total | ... | 43,80,286 | 7,18,481 |

## জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

২৯। ( অনুমোদিত প্রশ্ন নং ২৬৮। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** উন্নয়ন ও পরিকল্পনা ( জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের মোট খরচ কেন্দ্রীয় ও রাজ্য সরকারকে সমান হারে বহন করতে হয় ; এবং

(খ) সত্য হইলে,

(১) ১৯৮০-৮১, ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে ( জুলাই মাস পর্যন্ত ) জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে রাজ্য সরকার কত টাকা ব্যয় করেছেন ;

(২) উক্ত টাকা রাজ্য সরকারের কোন্ খাত হতে কি কি বাবত ব্যয় হয়েছে ;

(৩) ১৯৮৩-৮৪ সালে জুলাই পর্যন্ত উক্ত গ্রামীণ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কত ?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত অর্থ ও রাজ্য সরকারের দেয় সমপরিমান অর্থ একত্রিত করে পঞ্চায়েতগুলিকে সেই অর্থ দফায় দফায় বরাদ্দ করা হয়। এই অর্থ থেকে এফ সি আইকে খাদ্য শস্যের মূল্যও দিতে হয়।

১৯৮০ সালের ১৫ই ডিসেম্বর থেকে পশ্চিমবঙ্গে গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প চালু হয়েছে। প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী প্রকল্পে ব্যবহৃত খাদ্যশস্যের মূল্যসহ খরচের হিসাব নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| ১৯৮০-৮১ | ... | ৯১২.৯৩ লক্ষ টাকা |
| ১৯৮১-৮২ | ... | ১,৯৭৫.৪২ লক্ষ টাকা |
| ১৯৮২-৮৩ | ... | ৩,৪০৬.০৫ লক্ষ টাকা |
| ১৯৮৩-৮৪ | ... | ৫২৭.৯০ লক্ষ টাকা |

( মে মাস পর্যন্ত )

জুন ও জুলাই মাসের রিপোর্ট সব জেলা জেলা থেকে এখনও পাওয়া যায় নাই।

(২) সম্পূর্ণ টাকা গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প খাত থেকে প্রকল্পের অন্তর্ভুক্ত বিভিন্ন স্কীমে ও তার পরিচালনা বাবত ব্যয় করা হয়েছে।

(৩) বর্তমান আর্থিক বৎসরে কোন কেন্দ্রীয় অর্থ বরাদ্দ এখনও পর্যন্ত পাওয়া যায় নাই। তবে একত্রিশ হাজার মেট্রিক টন গম বরাদ্দ করে কেন্দ্রীয় সরকারের আদেশনামা পাওয়া গেছে। এর মূল্য স্থানীয় এফ সি আই অফিসে রাজ্য সরকারকেই দিতে হবে, এরকম নির্দেশও পাওয়া যেছে।

## সেলস্ ট্যাক্স বাবত কর সংগ্রহ

৩০। ( অনুমোদিত প্রশ্ন নং ২৭৩। ) **শ্রীকাশী নাথ মিশ্র ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ এর জুলাই মাস পর্যন্ত সেল্স ট্যাক্স হতে কত কর সংগৃহীত হয়েছে ( জেলাওয়ারী হিসাব ) ; এবং

(খ) সরিষার তেল, চালের উপর হতে ১৯৮৩ সালের মে মাস থেকে জুলাই পর্যন্ত সময়ে আদায়ীকৃত সেল্স ট্যাক্সের পরিমাণ কত ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বিক্রয়কর সংগ্রহের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গকে কয়েকটি আঞ্চলিক কার্যালয়ে ( চার্জ অফিস ) বিভক্ত করা হয়েছে। চার্জ অফিসের উপরে বৃত্ত বা সার্কেল অফিস। চার্জ অফিসের সীমানার সঙ্গে জেলার সীমানার

হেরফের থাকায় জেলাওয়ারী বিক্রয় কর সংগ্রহের হিসাব রাখা সম্ভব হয় না। কলিকাতা, হাওড়া ও আলিপুর ট্রেজারির উৎস থেকে এবং আঞ্চলিক অফিসগুলির উৎস থেকে হিসাব করা ১৯৮২-৮৩ সালে এবং ১৯৮৬-৮৪ সালের এপ্রিল থেকে জুলাই মাস পর্যন্ত বিক্রয় কর আদায়ের পরিমাণ নীচে দেওয়া হল ঃ—

| | | | ( হাজার টাকার হিসাবে ) | |
|---|---|---|---|---|
| | | | ১৯৮২-৮৩ | ১৯৮৩-৮৪ (জুলাই পর্যন্ত) |
| (১) | কলিকাতা পে অ্যাণ্ড অ্যাকাউণ্টস অফিস | ... | ১,১৬,৯৬,৫৭ | ৬০,১৬,৮০ |
| (২) | কলিকাতা কালেকটরেট | ... | ২,১৭,০৯,৮১ | ৪৪,৭৪,৬৫ |
| (৩) | আলিপুর ট্রেজারি | ... | ১০,০০,৪২ | ৩,১৫,৩২ |
| (৪) | হাওড়া ট্রেজারি | ... | ১০,৫৬,৯২ | ২,৫০,০০ |
| (৫) | আসানসোল সার্কেল অফিস | ... | ২৮,৫৪,০৯ | ৭,৯২,৩৩ |
| (৬) | হাওড়া সার্কেল অফিস | ... | ৫,৫৯,৪০ | ১,৮৪,১৫ |
| (৭) | জলপাইগুড়ি এবং শিলিগুড়ি সার্কেল অফিস | ... | ৫,৪১,৯০ | ১,৩৮,৪২ |
| | মোট | | ৩,৯৪,১৯,১১ | ১,২১,৭১,৬৭ |

(খ) সরষের তেল এবং চাল ১৯৪১ সালের বঙ্গীয় অর্থ ( বিক্রয়কর ) আইনবলে করযোগ্য। এই আইনে দ্রব্যভিত্তিক সেল্‌স ট্যাক্‌স আদায়ের পরিমাণের হিসাব রাখা হয় না। ব্যবসায়ী কর্তৃক দেয় রিটার্ন থেকে এই হিসাব প্রয়োজনবোধে আলাদা সংগ্রহ করতে হয়। এই রিটার্ন সাধারণতঃ ত্রৈমাসিক ভিত্তিতে জমা দিতে হয়। চালের উপর বিক্রয়কর ১৯৮৩ সালের ১লা জুন থেকে ধার্য হওয়ায় রিটার্ন জমা দেবার সময়সীমা এখনও শেষ হয়নি। ফলে এই দ্রব্যের উপর আদায়ীকৃত বিক্রয় করের পরিমাণ এখনও হিসাব করা হয়নি। সরষের তেলের উপর সেল্‌স ট্যাক্স ১৯৮৩ সালের ১লা এপ্রিল থেকে ধার্য করা হয়েছে এবং এই দ্রব্য থেকে আদায়কৃত বিক্রয়করের পরিমাণ এখন হিসাব করা হচ্ছে।

**Demand of W. B. Truck Operators' Association**

31. (Admitted question No. 297.) **Shri Lutful Haque** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has examined the demand of West Bengal Truck Operators' Association of 15 Phears Lane, Calcutta-12, for effective control of the State Government over the goods booking agencies and other intermediaries engaged in the business of collecting, forwarding or distributing goods carried by public carriers ; and

(b) if so—

(i) the present position,

(ii) whether the State Government has any control over the goods booking agencies and other intermediaries, and

(iii) what is the State Government's contemplation in the matter ?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (a) Yes.

(b) (i) Calcutta Corporation, RTA, Calcutta and Calcutta Police are jointly endeavouring to assess the situation and to take proper action in terms of relevant rules of Bengal Motor Vehicles Rules, 1940. But of late Goods Transport Association, Calcutta, have filed a suit with Calcutta High Court against the action taken by Government and have obtained a rule. The State Government is contesting the case.

(ii) Such agencies are to obtain agents' licences from the concerned Transport Authorities (RTA or STA).

(iii) The State Government's contemplation is to ensure that these agencies function in accordance with the relevant provisions of the Act and Rules.

## মালদা জেলার রতুয়ায় অতিবর্ষণে ক্ষতিগ্রস্তদের জন্য ত্রাণ ব্যবস্থা

৩২। ( অনুমোদিত প্রশ্ন নং ৪১২। ) **শ্রীসমর মুখার্জী ঃ** ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদা জেলার রতুয়া ১ নং ব্লকের কাহানা গ্রাম পঞ্চায়েতের ১০ হাজার মানুষ মহানন্দা বাঁধের দরুন ও অতিবৃষ্টির ফলে জলবন্দী হইয়া আছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ জলবন্দী মানুষের উদ্ধারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ২৪০টি পরিবার ২৪এ জুলাই, ১৯৮৩ তারিখের অতিবর্ষণের ফলে ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ) ত্রিপল ও বিশেষ খয়রাতি সাহায্য বিতরণ সহ বিভিন্ন ত্রাণ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

## মেদিনীপুর জেলায় এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়াম

৩৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৯৫। ) **শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়ামে রোগীদের জন্য খাদ্যদ্রব্য সরবরাহের দায়িত্বে যে যে কন্ট্রাক্টর রয়েছেন তাঁদের নাম ও ঠিকানা কি ;

(খ) কোন্ কোন্ কন্ট্রাক্টর কোন্ কোন্ খাদ্যদ্রব্য সরবরাহ করেন ; এবং

(গ) কতদিন ছাড়া কন্ট্রাক্ট দেওয়া হয় ?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১। শ্রীগোপাল চন্দ্র দত্ত, ক্যাটাগরী (১), কর্ণগড়, পোঃ ঘাটাল, মেদিনীপুর।

২। শ্রীসুশীলচন্দ্র প্রতিহার, ক্যাটাগরী (২), দেবচা, পোঃ সাত বাঁকুড়া, জেলা মেদিনীপুর।

৩। মেসার্স মেদিনীপুর মিল্ক কো-অপারেটিভ প্রোডিউসার ইউনিয়ন লিঃ, ক্যাটাগরী (৩), রাঙ্গামাটি, মেদিনীপুর।

৪। শ্রীমতী সাধনা পাল, ক্যাটাগরী (৪), চিরিমারশাই, মেদিনীপুর।

(খ) ১। শ্রীগোপালচন্দ্র দত্ত, ক্যাটাগরী (১), যথা চাল, ডাল, আটা, মশলা ইত্যাদি।

২। শ্রীসুশীলচন্দ্র প্রতিহার, ক্যাটাগরী, (২), যথা—মাছ, মাংস, ডিম ইত্যাদি।

৩। মেসার্স মেদিনীপুর মিল্ক কো-অপারেটিভ প্রোডিউসার ইউনিয়ন লিঃ ক্যাটাগরী (৩), যথা—দুধ, দই, ঘি ইত্যাদি।

৪। শ্রীমতী সাধনা পাল, ক্যাটাগরী (৪), যথা—ফল, পাঁউরুটি, বিস্কুট ইত্যাদি।

(গ) প্রতি এক বৎসর অন্তর।

## মেদিনীপুর জেলায় ডিগ্রী, এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়ামে রোগীদের খাদ্য তালিকা

৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৯৮। ) **শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ডিগ্রী এম আর বাঙ্গুর টি বি স্যানাটোরিয়ামে রোগীদের জন্য প্রাতঃকালীন, দ্বিপ্রহর, বৈকালিক ও সান্ধ্যকালীন খাদ্য তালিকায় কি কি ও কত পরিমাণ খাদ্য দ্রব্য সরবরাহ করা হয়;

(খ) ঐ স্যানাটোরিয়ামে রোগীদের মাথাপিছু দৈনিক কত টাকা খাদ্যের জন্য বরাদ্দ করা আছে; এবং

(গ) (১) বর্তমানে উক্ত তালিকার মূল্যমানে কোন বদল করা হয়েছে কি,

(২) হয়ে থাকিলে, তার কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

(ক) প্রাতরাশ

| | | | |
|---|---|---|---|
| ১। | আটা | ... | ৮০ গ্রাম |
| ২। | আলু | ... | ১০০ গ্রাম |
| ৩। | চিনি | ... | ২০ গ্রাম |

মধ্যাহ্ন ভোজ

| | | | |
|---|---|---|---|
| ১। | চাল | ... | ২৫০ গ্রাম |
| ২। | সব্জী | ... | ১০০ গ্রাম |
| ৩। | আলু | ... | ৫০ গ্রাম |
| ৪। | ডাল | ... | ৪০ গ্রাম |
| ৫। | মশলাদি | ... | ১৫ গ্রাম |
| ৬। | সরষের তেল | ... | ১০ গ্রাম |

মাছ সপ্তাহে তিন দিন ৫০ গ্রাম ক'রে, ডিম সপ্তাহে দুই দিন ১টি করে।

অতিরিক্ত আলু বা সব্জী সপ্তাহে দুই দিন ( ১৫০ গ্রাম ক'রে )।

নৈশ ভোজ

| | | | |
|---|---|---|---|
| ১। | চাল | ... | ২০০ গ্রাম |
| ২। | সব্জী | ... | ১০০ গ্রাম |
| ৩। | আলু | ... | ৫০ গ্রাম |
| ৪। | ডাল | ... | ৪০ গ্রাম |
| ৫। | মশলাদি | ... | ১৫ গ্রাম |
| ৬। | সরষের তেল | ... | ১০ গ্রাম |

(খ) মাথাপিছু ৪ টাকা ৫০ পয়সা ক'রে।

(গ) (১) না। (২) প্রশ্ন ওঠে না।

## শরণার্থী ত্রাণ বাবত কেন্দ্রীয় সাহায্য

৩৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৫০৮। ) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০-৭১ সালে তৎকালীন পূর্ব পাকিস্তান হইতে পশ্চিম বাংলায় আগত লক্ষ লক্ষ শরণার্থীর ত্রাণ ইত্যাদি বাবত ভারত সরকার পশ্চিম বাংলা সরকারকে কত টাকা দিয়াছিলেন ;

(খ) সে টাকা কিভাবে ব্যয় করা হইয়াছিল ; এবং

(গ) (১) উক্ত আগত শরণার্থীদের ত্রাণ ইত্যাদি বাবত ব্যয়িত অর্থের হিসাব ১৯৭২-৭৭ সালের রাজ্য সরকার ভারত সরকারকে দাখিল করিয়াছিলেন কিনা, ও

(২) হিসাব না দিয়া থাকিলে, বর্তমানে সেই টাকার হিসাব কি অবস্থায় আছে?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ঐ সময়ের মধ্যে বিভিন্ন দফায় মোট ১১৪ কোটি ৬২ লক্ষ ৫০ হাজার টাকা দিয়াছিলেন।

(খ) তৎকালীন পূর্ব পাকিস্তান হইতে ভারতে আগত শরনার্থীদের বিবিধ ত্রাণ কার্য যেমন শরণার্থীদের জন্য খাদ্য, বস্ত্র, শিবির নির্মাণ, চিকিৎসা, পরিবহণ, শিবির কর্মচারীদের বেতন, শিবিরগুলির শান্তি ও শৃঙ্খলা রক্ষা সহ যাবতীয় কাজে ব্যয় করা হইয়াছিল।

(গ) (১) ব্যয়িত অর্থের আংশিক হিসাব দাখিল করা হইয়াছিল। নিয়ম অনুযায়ী ভারত সরকার উক্ত আংশিক হিসাবের এ জি ডব্লু বি কর্তৃক অডিট সার্টিফিকেট চাহিয়াছেন। সেই অনুযায়ী এ জি ডব্লু বি কে অডিট সার্টিফিকেট দেওয়ার জন্য লেখা হইয়াছে।

(২) ব্যয়িত অর্থের অবশিষ্ট অংশের হিসাব তৈরী করার জন্য সংশ্লিষ্ট সংস্থা-গুলির কাছ থেকে প্রয়োজনীয় নথিপত্রাদি সংগ্রহ করার কাজ চলিতেছে।

## পাকা প্রাথমিক বিদ্যালয় গৃহ

৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৫২৬। ) **শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে এই রাজ্যে কতগুলি পাকা প্রাথমিক বিদ্যালয় গৃহ তৈয়ারী করা হইয়াছে ; এবং

(খ) ইহা কি সত্য যে,

(১) কিছু কিছু ক্ষেত্রে অর্থপ্রদান করা সত্বেও উহার কাজ শেষ হয় নাই ; ও

(২) ঐ কিছু কিছু নির্মিত বিদ্যালয়গৃহ ইতিমধ্যেই পড়িয়া গিয়াছে ?

**শিক্ষা ( প্রাথমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) এ রাজ্যে পাকা প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণের কোন প্রকল্প গ্রহণ করা হয়নি, তবে ১৯৭৮-এর বন্যায় বিধ্বস্ত বিদ্যালয়গুলি পর্যায়ক্রমে পুনর্নির্মাণ, করা হচ্ছে। এ পর্যন্ত প্রায় ৪৭১১টি বিদ্যালয়গৃহ নির্মিত হয়েছে তবে প্রশ্নে উল্লিখিত সময়ের মধ্যে প্রতি বছরে কটি বিদ্যালয়গৃহ নির্মিত হয়েছে এরূপ পরিসংখ্যান নেই।

(খ) (১) এরূপ সংবাদ সরকারের কাছে নেই।

(২) হ্যাঁ। বিভিন্ন জেলায় কতগুলি বিদ্যালয় নির্মাণকার্য শেষ হওয়ার আগে বা পরে প্রধানতঃ প্রবল ঘূর্নিবাত্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে।

## কারাবন্দী

৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৩৯। ) **শ্রীসত্যপদ ভট্টাচার্য :** স্বরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কিছু আজীবন কারাবন্দী কুড়ি বা তদুর্ধ সময় কারাভোগের পরেই ছাড়া পায় নাই ;

(খ) ইহা সত্য হইলে ১৯৮২ সালের ১লা জানুয়ারিতে এই রকম কারাবন্দীর সংখ্যা কত ছিল ; এবং

(গ) বর্তমানে কুড়ি বা তদুর্ধ বৎসর অবধি কারাদণ্ড ভোগ করিতেছেন এমন বন্দীর সংখ্যা কত ?

**স্বরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সত্য।

(খ) ৫৭ জন।

(গ) ১০৮ জন।

## মুর্শিদাবাদ জেলায় গ্রামীণ পাঠাগার

৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৬২৬। ) **শ্রীমতী ছায়া ঘোষ :** শিক্ষা ( সামাজিক, প্রথাগত ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— .

(ক) ১৯৭৯-৮০, ১৯৮০-৮১, ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ সালে মুর্শিদাবাদ জেলায় মোট কতগুলি গ্রামীণ পাঠাগার অনুমোদন পেয়েছে ( বৎসরভিত্তিক) ;

(খ) অনুমোদিত পাঠাগারগুলির সবগুলিতে লাইব্রেরীয়ান নিয়োগের কাজ শেষ হয়েছে কিনা ; এবং

(গ) না হয়ে থাকলে (১) কোন্ বৎসরেরর কোন্ কোন্ অনুমোদিত পাঠাগারে লাইব্রেরীয়ান নিয়োগ করা এখনও হয়নি, ও (২) না করার কারণ কি ?

**শিক্ষা ( সামাজিক, প্রথাগত ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক)

| | |
|---|---|
| ১৯৭৯-৮০ সালে | ৭০টি |
| ১৯৮০-৮১ সালে | ০ |
| ১৯৮১-৮২ সালে | ৩৭টি |
| ১৯৮২-৮৩ সালে | ০ |

(খ) না।

(গ) (১) ১৯৭৯-৮০ সালে অনুমোদিত ৭০টি পাঠাগারের মধ্যে ৫৭টিতে লাইব্রেরীয়ান নিয়োগ এখনো হয়নি। (নামের তালিকা নিম্নে দেওয়া হইল)। ১৯৮১-৮২ সালে অনুমোদিত ৩৭টি পাঠাগারের মধ্যে মাত্র একটিতে লাইব্রেরীয়ান নিয়োগ এখনো হয়নি।

(২) ১৯৭৯-৮০ সালের ক্ষেত্রে ৫৭টি পাঠাগারে লাইব্রেরীয়ান নিয়োগের ব্যাপারে মহামান্য কলিকাতা হাইকোর্টে মামলা রুজু হয়েছে। ১৯৮১-৮২ সালে আইনানুগ বাধার জন্য বেলডাঙ্গা ১ নং ব্লকে ১টি লাইব্রেরী এখনো জেলা সমাজ শিক্ষা উপদেষ্টা পর্ষদ, মুর্শিদাবাদ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়নি। কাজেই লাইব্রেরীয়ান নিয়োগের প্রশ্ন ওঠে না।

*Statement referred to in reply to clause 'ga(i)' of Unstarred Question No. 38 (Admitted Question No. 626.)*

১। মহলিশপুর পল্লীমঙ্গল সমিতি।
২। মাগনপাড়া প্রগতি সংঘ।
৩। নেতাজী পাঠাগার, পাঠিকাবাড়ী।
৪। সর্বদয় সংঘ, ঝাউবোনা।
৫। ত্রিমহিনী প্রোগ্রেসিভ ইউনিয়ন।
৬। রঘুনাথ ক্লাব, চোয়া।
৭। নবারুণ সংঘ এ্যাথেলেটিক ক্লাব, বিহারিয়া।
৮। সাহাজাদপুর মিলন সংঘ।
৯। বিলাসপুর জনকল্যাণ পাঠাগার।
১০। ভগীরথপুর স্টুডেন্টস লাইব্রেরী।
১১। ধূলাউরি পল্লী উন্নয়ন সমিতি।
১২। মাধুলিয়া সত্যপদ সংঘ।
১৩। শিবপুর পল্লী উন্নয়ন সমিতি।
১৪। বাইশ ব্রাদার্স, ইসলামপুর।
১৫। চক্ মহামায়া ক্লাব।
১৬। পাঁচগ্রাম তরুণ সংঘ।
১৭। ইন্দ্রডাঙ্গা পল্লী উন্নয়ন সংঘ।
১৮। বাঁটী প্রগতি সংঘ।
১৯। ওরাহর দীনবন্ধু পাঠাগার।
২০। ইসমাইল স্মৃতি পাঠাগার, কান্তনগর।

২১। সাধনা ক্লাব পাঠাগার, লক্ষ্মীনারায়ণপুর।
২২। সেখেরপাড়া নওজোয়ান ক্লাব।
২৩। সেবক সংঘ, মোল্লাডাঙ্গা।
২৪। নেহেরু সংঘ, হেরমপুর।
২৫। গাগীলা নবীন সঙ্ঘ।
২৬। বালুটুঙ্গী বর্ণালী সংঘ।
২৭। ডি এফ ডি পল্লী মঙ্গল ক্লাব।
২৮। সুবর্ণমৃগা মিতালী সংঘ।
২৯। শরৎ স্মৃতি শিক্ষাকেন্দ্র, পুরবন্দরপুর।
৩০। উগ্রা ভাটপাড়া সুহৃদ সংঘ।
৩১। বালিয়া পল্লী মঙ্গল সমিতি।
৩২। খরজুনা পাবলিক লাইব্রেরী।
৩৩। শরৎচন্দ্র স্মৃতি পাঠাগার, বালিয়ান্দি।
৩৪। জজান মিলনী লাইব্রেরী।
৩৫। দেচাপড়া পল্লী উন্নয়ন সমিতি।
৩৬। মালিহাটি দাস সরলাবালা ছাত্রসমাজ।
৩৭। কাগ্রাম নবারুণ সংঘ।
৩৮। সালার তরুণ সংঘ।
৩৯। ফুলশহরী মিলন সংঘ।
৪০। বালিয়া নেতাজী সংঘ।
৪১। দোহালী মিলন সংঘ।
৪২। খলতা আশুতোষ লাইব্রেরী।
৪৩। জঙ্গীপুর সরস্বতী ক্লাব।
৪৪। গণকর রবীন্দ্র সংঘ।
৪৫। সেকেন্দ্রা নেতাজী লাইব্রেরী।
৪৬। রামপুর মিতালী সংঘ।
৪৭। বহুতালী যুবক সমিতি।
৪৮। বংশবাটী ইউনিয়ন লাইব্রেরী।
৪৯। দেবযানী সমিতি, সাদিকপুর।
৫০। বাণী পাঠাগার, সর্ব্বদয়পুর।
৫১। ত্রৈলোক্যনাথ স্মৃতি পাঠাগার।
৫২। সাহীম অসসান লাইব্রেরী, গাজীনাবাদ।
৫৩। বিদ্যুৎ সংঘ, ভাসাই পাইকর।
৫৪। কাঁকুড়িয়া সর্বমঙ্গল সমিতি।
৫৫। দেউলাপুর প্রগতিশীল সংঘ।
৫৬। ফ্রেণ্ডস্ ইউনিয়ন, অর্জুনপুর।
৫৭। সার্বকুর পাবলিক লাইব্রেরী।

**মৎস্যজীবী সমবায় সমিতিকে ঋণ ও অনুদান প্রদান**

৩৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৩০। ) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলার মৎস্যজীবী সমবায় সমিতিগুলিকে সরকার মোট কত টাকা ঋণ ও অনুদান দিয়েছেন ;

(খ) কোন্ কোন্ ব্লকে কি পরিমাণ টাকা উক্ত খাত দুটিতে মঞ্জুর করা হইয়াছে ; এবং

(গ) (১) লালগোলা পদ্মা মৎস্যজীবী সমবায় সমিতিকে উক্ত সময়ে কত টাকা ঋণ ও অনুদান দেওয়া হয়েছে ;

(২) এই সমিতি জেলার কতগুলি জলাশয় কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হইতে বন্দোবস্ত পেয়েছেন, ও

(৩) এই সমিতির মোট সদস্য সংখ্যা কত ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলার মৎস্যজীবী সমবায় সমিতিগুলিকে নিম্নোক্ত পরিমাণ টাকা ঋণ ও অনুদান হিসাবে দেওয়া হয়েছে—

| | | | টাকা |
|---|---|---|---|
| ঋণ | ... | ... | ২৫,০০০.০০ |
| অনুদান | ... | ... | ৩,৮৪,৯৩৯.০০ |
| | | মোট | ৪,০৯,৯৩৯.০০ |

মুর্শিদাবাদ জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের নিকট হইতে প্রাপ্ত উক্ত ২৫,০০০ টাকা ছাড়াও আরও ২৫,০০০.০০ টাকা সিডিউলড্ কাস্ট ও ট্রাইবালস ফিনান্সিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশন লিমিটেডের নিকট হইতে মার্জিন মানি বাবত পাওয়া গিয়াছে।

| (খ)<br>ব্লকের নাম | | ঋণ<br>( টাকা ) | অনুদান<br>( টাকা ) | মোট<br>( টাকা ) |
|---|---|---|---|---|
| বহরমপুর | ... | — | ১,৬২,০৯৮.০০ | ১,৬২,০৯৮.০০ |
| কান্দি | ... | — | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ... | — | ২৯,৩৬০.০০ | ২৯,৩৬০.০০ |
| ভগবানগোলা-১ | ... | — | ৫,০০০.০০ | ৫,০০০.০০ |
| লালগোলা | ... | — | ২৬,৮৮৬.০০ | ২৬,৮৮৬.০০ |
| হরিহরপাড়া | ... | — | ৬,০০০,০০ | ৬,০০০,০০ |
| বেলডাঙ্গা-১ | ... | *২৫,০০০.০০ | ৯০,৮৭৮.০০ | ১,১৫,৮৭৮.০০ |
| বেলডাঙ্গা-২ | ... | — | ৪,৫১২.০০ | ৪,৫১২.০০ |
| নবগ্রাম | ... | — | ৪,৯৯৯.০০ | ৪,৯৯৯.০০ |
| ডোমকল | ... | — | ১৩,৯৯৪.০০ | ১৩,৯৯৪.০০ |
| রঘুনাথগঞ্জ-১ | ... | — | ২৩,৯৯২.০০ | ২৩,৯৯২.০০ |
| নোয়াদা | ... | — | ১৬,২২০.০০ | ১৬,২২০,০০ |
| মোট | | ২৫,০০০.০০ | ৩,৮৪,৯৩৯.০০ | ৪,০৯,৯৩৯.০০ |

*মুর্শিদাবাদ জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের নিকট হইতে প্রাপ্ত উক্ত ২৫,০০০ ছাড়াও আরও ২৫,০০০ টাকা সিডিউলড্ কাস্ট ও ট্রাইবালস ফিনান্সিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশন লিমিটেডের নিকট হইতে মার্জিন মানি বাবত পাওয়া গিয়াছে।

(গ) (১) ঋণ—কিছুই নয়। অনুদান—২৬,৮৮৬.০০ টাকা।

(২) ছয়টি।

(৩) ১,৯২২ জন।

## মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৯।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা কত ; এবং

(খ) আনুমানিক কত সংখ্যক ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক স্তরে ভর্তি হওয়ার সুযোগ এ পর্যন্ত লাভ করেছে ?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১,২৬,৭৯৬ (এক লক্ষ ছাব্বিশ হাজার সাত শত ছিয়ানব্বই) জন।

(খ) কোন ছাত্রছাত্রীর ভর্তি না হতে পারার কোন খবর নেই।

## বাঁকুড়া জেলায় "চীনামাটি" ওয়াশারী কারখানা স্থাপন

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৪।) **শ্রীগুণাধার চৌধুরী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় "চীনামাটি" (চায়না ক্লে) ওয়াশারী কারখানা স্থাপন করার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে,

(১) উক্ত ওয়াশারী কারখানা কোন্ জায়গায় স্থাপিত হইবে, ও

(২) উক্ত ওয়াশারী কারখানা কবে নাগাত স্থাপিত হইবে বলিয়া আশা করা যায় ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত কারখানাটি বাঁকুড়া জেলার পাটাখোলা মৌজায় স্থাপিত হইবার কথা আছে।

(২) এখনই বলা সম্ভব নহে।

## কেন্দ্রীয় সরকার কর্তৃক খাদ্য সরবরাহের পরিমাণ

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৪।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে কি পরিমাণ খাদ্য সরবরাহ করেছে ; এবং

(খ) পশ্চিমবঙ্গে ঘাটতি খাদ্যের পরিমাণ উপরোক্ত বৎসরগুলিতে কত ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কেন্দ্রীয় সরকার কর্তৃক কেন্দ্রীয় ভাণ্ডার হতে বিভিন্ন বৎসরে পশ্চিমবঙ্গে খাদ্যশস্য সরবরাহের বিবরণ নিচে দেওয়া হল ঃ

| সাল | | খাদ্যশস্যের সরবরাহ (হাজার মেঃ টনে) |
|---|---|---|
| ১৯৭৭ | ... | ১,৮১৭.৫ |
| ১৯৭৮ | ... | ১,২৫৬.৮ |
| ১৯৭৯ | ... | ১,৫৪৬.৯ |
| ১৯৮০ | ... | ২,১৩১.০ |
| ১৯৮১ | ... | ১,৯৬৪.৫ |
| ১৯৮২ | ... | ২,৭৬৪.৯ |
| ১৯৮৩ (জুলাই পর্যন্ত) | ... | ১,৭১৪.৬ |

(খ) রাজ্যে মোট চাহিদা এবং রাজ্যে মোট উৎপন্ন খাদ্যশস্যের ( সিরিয়ালস ) যে অংশ খাদ্য হিসেবে ব্যবহারের জন্য পাওয়া যায় বিভিন্ন বৎসরে এই দুয়ের মধ্যে অনুমিত ব্যবধান ( ডেফিসিট অন দি বেসিস অব লোকাল প্রোডাকশন অ্যাণ্ড কনজ়ম্পশন রিকোয়ারমেণ্ট ) নিচে দেওয়া হল ঃ

| সাল | | হাজার মেঃ টনে প্রায় |
|---|---|---|
| ১৯৭৭ | ... | ১,৮৯২.৮ |
| ১৯৭৮ | ... | ৯৩৩.২ |
| ১৯৭৯ | ... | ১,৭৬২.৫ |
| ১৯৮০ | ... | ২,৭৮৩.৮ |
| ১৯৮১ | ... | ১, ৭১৬.০ |
| ১৯৮২ | ... | ৩,৬২০.৩ |
| ১৯৮৩ | .. | ৪,৬৪০.৪ |

## পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় গো-খাদ্য বাবদ অর্থ বরাদ্দ

৪৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৮২১। ) **শ্রীসুভাষ মাহাত ও শ্রীকাশীনাথ মিশ্র ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮২-৮৩ সালে পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় খরার জন্য গো-খাদ্য বাবদ অর্থবরাদ্দ করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, কত টাকা পঞ্চায়েত সমিতিকে বরাদ্দ করা হইয়াছিল ( ব্লক-ওয়ারী হিসাব ) ; এবং

(গ) (১) উক্ত টাকায় কি কি খাদ্য বিতরণ করা হইয়াছিল, এবং (২) কোথা হইতে এবং কিভাবে ঐ খাদ্য ক্রয় করা হইয়াছিল ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) হ্যাঁ, সত্য।

**(খ)** পুরুলিয়া জেলার জন্য একজিকিউটিভ অফিসার, পুরুলিয়া জেলা পরিষদ ও ডেপুটি কমিশনার পুরুলিয়াকে ২৭,৯৩,০০০ টাকা এবং বাঁকুড়া জেলার জন্য একজি-কিউটিভ অফিসার, বাঁকুড়া জেলা পরিষদ ও জেলা সমহর্তা, বাঁকুড়াকে মোট ২৪,০৪,২০০ টাকা এর জন্য বরাদ্দ করা হয়েছিল। ব্লকওয়ারী হিসাব সংগ্রহ করা এখনও পর্যন্ত সম্ভব হয়নি।

(গ) (১) উক্ত টাকায় খড় বিচালি, খইল ও সুষম পশু খাদ্য দেওয়া হয়েছে।

(২) খড় বিচালি ও খইল স্থানীয় এলাকা থেকে এবং সুষম পশু খাদ্য ডেয়ারী ও পোলট্রি কর্পোরেশন, পশ্চিমবঙ্গ ও হিমালয়ান মিল্ক ইউনিয়ন লিঃ থেকে ক্রয় করা হয়েছে।

## এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফৎ কর্মে নিযুক্ত ব্যক্তির সংখ্যা

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৮।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৮২ সালের জানুয়ারি থেকে ১৯৮৩ সালের জুলাই পর্যন্ত বিভিন্ন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফৎ জেলাভিত্তিক মোট কত লোককে কাজ দেওয়া হয়েছে; এবং

(খ) সরকারী এবং বেসরকারী দপ্তরে নিয়োগের হিসাব কিরূপ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) এবং (খ)

| জেলা | শূন্যপদ পূরণের সংখ্যা—সরকারী | শূন্যপদ পূরণের সংখ্যা—বেসরকারী | শূন্যপদ পূরণের মোট সংখ্যা |
|---|---|---|---|
| কলিকাতা | ৪,৪২৫ | ২৭৭ | ৫,২০২ |
| ২৪-পরগণা | ১,৫২৫ | ৪৫ | ১,৫৪০ |
| নদীয়া | ২৪৬ | ৪৬ | ২৯২ |
| মুর্শিদাবাদ | ৩৩৫ | ৪৪ | ৩৭৯ |
| হাওড়া | ৬৫৯ | ৩২ | ৬৯১ |
| হুগলী | ৭৬৮ | ১৪০ | ৯০৮ |
| বর্ধমান | ১,৫৫৩ | ৪৬ | ১,৫৯৯ |
| বীরভূম | ৬৫৩ | ২ | ৬৫৫ |
| বাঁকুড়া | ৯০১ | ১৩ | ৯১৪ |
| মেদিনীপুর | ১,৪৪৬ | ২২৮ | ১,৬৭৪ |
| পুরুলিয়া | ৪৯৮ | ২৫ | ৫২৩ |
| দার্জিলিং | ১,১৩৫ | ২০ | ১,১৫৫ |
| জলপাইগুড়ি | ৫১৯ | ৪ | ৫২৩ |
| কোচবিহার | ৪৬৩ | ৩৭ | ৫০০ |
| মালদহ | ৫৩৩ | ৬ | ৫৩৯ |
| পশ্চিম দিনাজপুর | ৩৫১ | ১২২ | ৪৭৩ |
| | ১৬,২১০* | ১,০৮৭* | ১৭,২৯৭* |

*সংশোধন সাপেক্ষ

## বেলডাঙ্গা চিলিং প্ল্যান্টে নষ্ট দুগ্ধের পরিমাণ

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৬।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী** ঃ পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার্স ইউনিয়নের অন্তর্গত বেলডাঙ্গা প্ল্যাণ্ট গত ১০ই হইতে ১৫ই ফেব্রুয়ারী সময়ের মধ্যে যে ৯৮,৬১৯ লিটার দুগ্ধ নষ্ট হইয়াছে তাহার অর্থমূল্য কত, এবং

(খ) ঐ ক্ষতি সরকারের উপর বর্তাইবে কি ?

**পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়** ঃ (ক) উক্ত সময়ে বেলডাঙ্গা চিলিং প্ল্যাণ্টে নষ্ট হওয়া ৯৮,৬১৯ লিটার দুগ্ধের অর্থমূল্য হইল ২,৯৭,৮২৯ টাকা (প্রায়) (দুই লক্ষ সাতানব্বুই হাজার আট শত উনত্রিশ)।

(খ) না। ভাগীরথী মিল্ক ইউনিয়ন কোনও সরকারী সংস্থা নয়—সে কারণে ঐ ক্ষতি সরকারের উপর বর্তাইবে না।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** I have received seven notices of Calling Attention, namely :—

1. Alleged attack by Police and C.P.I (M) cadres on S.U.C I. workers and other people involved in Bus fare rise resistance movement from Shri Deba Prasad Sarkar.

2. Apprehended closure of Ramnagar Sugar Mill at Plassey from Shri Jayanta Kumar Biswas.

3. Problem of admission of students in Bio-Science Stream in the different Colleges in West Bengal from Dr. Manas Bhunia.

4. Alarming flood in Jalpaiguri, Malda, Murshidabad and in other districts from Shri Kashinath Misra and Shri Shaikh Imajuddin.

5. Request for distribution of rape seed oil through modified Ration Shops in Darjeeling during Puja Season from Smt. Renu Leena Subba.

6. Acute scarcity of kerosene oil and coal in Howrah from Shri Asok Ghosh.

7. Deplorable condition of Arambagh Sub-Divisional Hospital from Shri Abdul Mannan.

I have selected the notice of Shri Deba Prasad Sarkar on the subject of Alleged attack by Police and C.P.I.(M) cadres on S.U.C.I. workers and other people involved in Bus fare rise resistance movement.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Patit Paban Pathak :** ১৬ তারিখে স্টেটমেণ্ট দেব।

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Irrigation and Waterways Department to make a statement on the subject of stoppage of flow of the river Ichhamati at Krishnaganj, Bongaon due to accumulation of stones and silt.

(Attention called by Shri Bhupendra Nath Seth on the 9th September, 1983).

**শ্রীননী ভট্টাচার্য ঃ** মাথাভাঙ্গা নদী পদ্মার একটি সিম্পল চ্যানেল। বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে মাথাভাঙ্গা নদীয়া জেলায় ভারতে প্রবেশ করেছে। কৃষ্ণগঞ্জের কাছে মাথাভাঙ্গা নদীর একটি শাখা ইছামতী নদী নাম নিয়ে প্রবাহিত। আর মাথাভাঙ্গার মূল প্রবাহ চূর্ণী নদী হয়ে পড়েছে ভাগীরথীতে, আর ইছামতী মিশছে হিঙ্গলগঞ্জ শহরের কাছে কালিন্দী নদীতে। কালিন্দী শেষ পর্যন্ত এসে যোগ দিয়েছে বঙ্গোপসাগরের অন্যতন প্রধান ক্রিক রায়মঙ্গলের সঙ্গে।

বনগাঁ শহরের কাছাকাছি পর্য্যন্ত ইছামতী নদীতে মোটামুটি জোয়ার-ভাঁটা খেলে। কৃষ্ণগঞ্জ থেকে বনগাঁ পর্য্যন্ত ইছামতী নদীতে পলি জমেছে কারণ মাথাভাঙ্গার যে অল্প-স্বল্প জল, তা এই নদীতে আসে না। আবার মাথাভাঙ্গা নদীতে বন্যার জল নামে তা ইছামতীতে প্রবেশ ক'রে দুকূল প্লাবিত করে। কারণ ইছামতীর দুই পাড়ে এতদঞ্চলে কোন বাঁধ নেই। এ সবের ফলে সন্নিহিত অঞ্চল সমূহে আর-এল-আই ঠিকমত কাজ করে না। আবার অন্যদিকে কচুরীপানার পচনে জল দূষিত হয়।

ইছামতী একটি আন্তর্জাতিক নদী। ২৪ পরগণা জেলার বনগাঁ মহকুমায় ইছামতীকে পুনরুজ্জীবিত করার কোন পরিকল্পনা আপাততঃ নেই। অবশ্য নদীটির এই অংশটুকুর উন্নতি বিধান কল্পে কোন পরিকল্পনা প্রস্তুত করা যায় কিনা তারজন্য প্রয়োজনীয় জরীপ ও অনুসন্ধান কার্য চালাবার একটি প্রস্তাব করা হচ্ছে। স্থানীয়ভাবে এর পলি ও কচুরিপানা অপসারণের কোন পরিকল্পনা এই দপ্তরের নেই।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত দুদিন আগে এই হাউসের মধ্যে সন্মার্গ পত্রিকার যে সম্পাদক তাকে খুন করার হুমকির একটা প্রসঙ্গ অবতারণা করেছিলাম। আমি বলেছিলাম যে তথাকথিত আকালিদলের নাম করে তার লেখাকে চ্যালেঞ্জ করে হত্যার হুমকি দিয়েছে বিভিন্নভাবে চরিত্র হননের চেষ্টা করছে। আগষ্ট মাসের ৩১ তারিখে রাম অবতার গুপ্ত যিনি সম্পাদক তিনি একটি চিঠি মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে দিয়েছেন এবং তাতে তিনি লিখেছেন যে হুমকি দেওয়া হয়েছে আকালি দলের নাম কার। সেই চিঠি আপনার কাছে শোনাচ্ছি। তিনি যা বলেছেন খুব ক্লীয়ারলি।

Editor, Ram Avtar Guptaji, We regret to say that you are also following the footsteps of Lala Jagat Narain of Punjab had followed. You are well aware of the end he faced You have started writing against Sikh religion in your Newspaper which will be stopped very soon by your murder. We have tolerated you since long but now the water has gone above the head. As such our Organisation has decided that no other alternative left but to take your life. We are not only in Punjab but in each and every corner of the world. Anyone who will raise the finger to criticise our religion will be murdered like Lala Jagat Narain. Bhindrawala Zindabad, Nachchittar Singh (Killer of Lala) Zindabad, Dal Khalsa Zindabad.

আমি স্যার, এটা মেনশেন করলাম এবং প্রিভিলেজের সাথে এ্যাটাচ করে দিচ্ছি। একটি চিঠি আকালি দলের অফিসিয়ালস্ প্যাডে লেখা একটি চিঠি সেই চিঠিতে আমার

চরিত্র হনন করে ছাপা হয়েছে। তার জন্য আমি প্রিভিলেজ এনেছি। সেটাই আজকে হাউসে পড়ে শোনাচ্ছি।

To

The Secretary, West Bengal Legislative Assembly, Calcutta.

Dear Sir,

I beg to state that on 12th September, 1983 I mentioned under Rule 351 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly regarding a demonstration of some Akali Dal supporters inside the office of 'Sonmarg' a local Hindi daily.

Now it appears that one Shri Bacchan Singh Saral, General Secretary, Akali Dal, Bengal, 31, Rash Behari Avenue, Calcutta-26, printed a statement casting aspersion on me and contradicting my allegation made on the floor of the House. The said printed statement reflected on the proceedings of the House and my conduct as a member of the House. Thus the action of Shri Saral amounts to breach of privilege and/or contempt of the House. It has been mentioned in the Practice and Procedure of Parliament by M. N. Kaul & S. L. Shakdher in page 223—"It is a breach of privilege and contempt of the House to make speeches, or to print or publish my libels reflecting on the character or proceedings of the House or its committees, or any member of the House for or relating to his character or conduct as a member of parliament". It further stated "Speeches and writings reflecting on the House or its committees or members are punished by the House as a contempt on the principle that such acts" tend to obstruct the Houses in the performance of their functions by diminishing the respect due to them".

It has also been stated in the Parliamentary Practice by Erskin May (P-152) "In 1701 the House of Commons resolved that to print or publish any books or lebels reflecting on the proceedings of the House is a high violation of the rights and privileges of the House. Indignities offered to their House by words spoken or writings published reflecting on its character or proceedings have been constantly punished by both the Lords and the Commons upon the Principle that such acts tends to obstruct the House in the performance of their functions by diminishing the respect due to them".

So, I intend to raise the matter under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly on the floor of House at to-day's sitting. The relegant document is attached herewith.

Thanking you,

Yours sincerely,
Sd. Subrata Mukherjee,
Chief Whip, Congress Legislature Party.

আশাকরি আমার এই প্রস্তাবটি প্রিভিলেজ কমিটিতে পাঠাবেন।

[2-10—2-20 p.m.]

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** স্যার, পুরুলিয়া রামকৃষ্ণ মিশন নিয়ে আমি এবং অম্বিকা ব্যানার্জি, অতীশ সিংহ এবং সুনীতি চট্টরাজ মুখ্যমন্ত্রীর কাছে দরবার জানাতে গিয়েছিলাম। সেই সময় তিনি কতকগুলি অশালীন কথা বলেছিলেন। আমি আপনার কাছে অনুমতি চেয়েছিলাম মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কেস করার জন্য, কিন্তু আপনি অনুমতি দেননি। তখন বাধ্য হয়ে আমি রাজ্যপালের স্মরণাপন্ন হই যে আপনি পারমিশান না দেওয়ায় আমি কেস করতে পারছি না। আমি গভর্ণরকে চিঠি দিয়েছিলাম তার উত্তর ৩ মাস বাদে তিনি আমাকে দেন। আমি সেই চিঠিটা পড়ে শোনাচ্ছি :—

Subject : Leave to sanction for prosecuting the Hon'ble Chief Minister of West Bengal, Shri Jyoti Basu.

Dear Sir,

Please refer to your letter dated 31st March, 1983 addressed to the Governor on the above subject. I am desired to convey the following words of the Governor on your aforesaid letter. "I have carefully considered the letter of 31st March, 1983 of Shri Satya Ranjan Bapuli, MLA, regarding his prayer for sanction to prosecute Shri Jyoti Basu, Chief Minister of West Bengal on the ground of his allegation that the Chief Minister used unparliamentary and defamatory language on 1.3.83 when Shri Bapuli and some other MLAs were squatting in front of the chamber of the Chief Minister in the West Bengal Legislative Assembly premises. I have also considered the relevent facts and the legal aspects of the matter. After due consideration of the facts and circumstances of the case, I find that sanction to prosecute Shri Jyoti Basu, Chief Minister, West Bengal in a court of law cannot be granted in the present case".

Yours faithfully,
Sd/- L. R. K. Prasad
Secretary to the Governor of
West Bengal

আপনি জানেন যে আমাদের প্রিভিলেজ আছে। আমরা গালাগালি খেয়েছি, অপমানিত হয়েছি। আপনি প্রোটেকশান দিচ্ছেন না, গভর্ণরও প্রোটেকসান দিচ্ছেন না। কিন্তু আপনি জানেন দেওয়ানী মামলা করতে গেলে কারুর স্যাংসান নিতে হয় না। আমরা জ্যোতিবাবুর বিরুদ্ধে ১ লক্ষ টাকার ক্ষতিপূরণের জন্য দেওয়ানী মামলা করবো যার জন্য কোন স্যাংসান নিতে হবে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, পশ্চিম বাংলার দুর্নীতির কথা বলবো না। সেটা আপনাদের আছে, আমাদেরও আছে। খুব বেশি এটা নিয়ে আলোচনা করে লাভ নেই। ছোটখাট দুর্নীতির কথা নিয়ে আলোচনা করে লাভ নেই। আমরা কেউ মহাপুরুষ নই। বামফ্রন্টের দুর্নীতির কথা বলছি না। কিন্তু চরম একটা অগণতান্ত্রিক প্রথা পশ্চিম বাংলার উপর চাপিয়ে দেবার জন্য এবং মানুষের উপর অত্যাচারের রাজনীতি চাপিয়ে দেবার জন্য দারুন একটা ষড়যন্ত্র হচ্ছে সেই কথাই জানাচ্ছি। পশ্চিম বাংলার

বহু গ্রামে পঞ্চায়েত নির্বাচনের অগে বামফ্রন্টের চেয়ারম্যান ঘোষনা করেছিলেন যে গ্রামে গ্রামে তিনি বাহিনী পাঠাবেন। কি বাহিনী সেটা আপনি নিশ্চয় জানেন। পঞ্চায়েত নির্বাচনের আগে কোলকাতা থেকে ছেলেরা গিয়ে গ্রামে গ্রামে আতঙ্ক সৃষ্টি করেছিল। এই ভাবে একটা নতুন ষড়যন্ত্র পশ্চিম বাংলায় হতে চলেছে। সম্পূর্ণ অগণতান্ত্রিক প্রথায় ১৯৭৭ সালে এই বামফ্রণ্ট সরকার যখন প্রথম ক্ষমতায় আসে সেই সময়ে রাজবন্দী রূপে অনেক বন্দীকে মুক্তি দিয়ে দিলেন। যাদের মধ্যে অনেকে বিভিন্ন তার চুরি, পকেটমার, বিভিন্ন চুরি জোচ্চুরি কেসের আসামী ছিল। এদের ছেড়ে দেওয়ার পর আপনি লক্ষ্য করেছেন ইলেক্‌ট্রিসিটি বোর্ডের তার চুরির সংখ্যা বেড়ে গেল। বিভিন্ন জায়গায় ট্রান্সমিসান লাইনের তার চুরি হয়ে যাচ্ছে, বিদ্যুৎ সরবরাহের লাইনের তার চুরি হয়ে যাচ্ছে, ট্রান্সফরমার চুরি হয়ে যাচ্ছে। থানায় জেনারেল ডায়েরী করা হয়েছে, থানায় সাধারণ মানুষ গিয়ে এফ আই আর করেছে কিন্তু নো এ্যাকসান। এই সমস্ত মানুষ যারা তার চুরি করছে তারা ১৯৭৭ সালের আগে হাজতে ভরা ছিল, হাজত থেকে ছাড়া পেয়ে তারা এই তার চুরির টাকা আলিমুদ্দিন স্ট্রীটে জমা দেয়। আজকে বিদ্যুত বিভাগের এই তার চুরি রোধ করার জন্য ৪০ হাজার সি. পি. এম. কেডারকে বিদ্যুত রক্ষী নামে নেওয়ার জন্য নতুন একটা পরিকল্পনা করা হয়েছে। এদের দৈনন্দিন ১০ টাকা করে ভাতা দেওয়া হবে। বামফ্রন্ট কেন্দ্রের কাছে টাকা চাইছে যে আমাদের টাকা নেই, টাকা দাও। অথচ অগণতান্ত্রিক পদ্ধতিতে এইভাবে ৪০ হাজার সি. পি. এম. কেডারকে গ্রামে-গঞ্জে ছড়িয়ে দেওয়া হচ্ছে সরকারী পয়সায় যে পয়সা কেন্দ্র হয়ত রিলিফের জন্য দিচ্ছে। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি, আমার কাছে ডেফিনিট ডি. ও. আছে, যেখানে বিদ্যুত পরিষদের চেয়ারম্যান বলছেন দৈনিক ১০ টাকা হারে এদের মজুরী দেওয়া অনেক ক্ষেত্রে অসম্ভব হবে। অগণতান্ত্রিক ভাবে সম্পূর্ণ আনকন্সটিটিউসন্যাল ওয়েতে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের নিয়ম ভঙ্গ করে এদের নেওয়া হচ্ছে। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি এই বিদ্যুত রক্ষী বাহিনী নামে একটা সি. পি. এম. কেডারের প্রশাসন যন্ত্র চলছে। আমি বলছি না যে কংগ্রেস কর্মীদের এ্যাপয়েণ্টমেণ্ট দিন। এটা পশ্চিমবঙ্গের মানুষের রক্তের পয়সায় তৈরী। আপনি এর বিরুদ্ধে স্টেপ নিন।

( এই সময় বক্তা অধ্যক্ষ মহাশয়ের নির্দেশে বক্তব্য অসমাপ্ত রাখিয়া বসিতে বাধ্য হইলেন। )

**ডাঃ সুকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল থেকে আমি আপনার মাধ্যমে এই হাউসে মাননীয় সদস্যদের কাছে যে কথাটা বলবার চেষ্টা করে গেছি অথচ পারিনি সেটা একটা গুরুত্বপূর্ণ বিষয় পুরুলিয়া জেলা পরিষদ সম্বন্ধে। আপনি হয়ত জানেন কিংবা জানেন না যে পুরুলিয়াতে আমাদের গভর্ণমেণ্ট থেকে যিনি আছেন স্টেট এ্যাফেয়ার্সের দায়িত্বশীল ব্যক্তি তিনি সেখানে রুটিন ইনস্‌পেকসানে যান এবং সেখানে গিয়ে তিনি দেখেন পুরুলিয়া জেলা পরিষদের যে রেজিষ্টার সেটা ইররেগুলারিটিজে ভর্তি, সম্পূর্নভাবে সঠিক আর্থিক চিত্র কোন জায়গায় তিনি দেখতে পাননি যদিও অনেক অফিসার সেখানে গলদঘর্ম হয়ে গিয়েছিলেন। আলটিমেটলি তিনি রিপোর্ট লিখতে বাধ্য হয়েছেন এটা প্যানডোরাজ বক্স হয়ে গেছে, এতে শুধু ইররেগুলারিটিজ দেখছি।

সেখানে যে ইররেগুলারিটিজ আছে, আমার প্রত্যেকটা জিনিস মনে নেই, সেই ইররেগুলা-রিটিজগুলি মাননীয় সদস্যদের জানা দরকার। যদি গভর্ণমেণ্টের কোন কনসার্ন থাকে সেই ইন্সপেকসান রিপোর্ট এই হাউসে আনা হোক এবং প্রত্যেকটা হাউসের মেম্বারকে জানান হোক।

[2-20—2-30 p.m.]

এবং যে সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার সেটা করবেন কারণ এটা গভর্ণমেণ্ট কনসার্ন। শুধু তাই নয়, গভর্ণমেন্টের যে গ্রাণ্ট দেওয়া হয় তার ফিগারগুলি পর্যন্ত ম্যানিপুলেট করা হয়েছে। যে রিপোর্ট এসেছে সেটা এখান থেকে পাঠান হয়েছে। স্যার, আপনি শুনে আশ্চর্য্যান্বিত হবেন, সেই রিপোর্ট পরিবর্তন করা হয়েছে এবং তার ফিগারগুলি পর্যন্ত চেঞ্জ করা হয়েছে। বিভিন্ন উন্নয়ন খাতে সিমেণ্টের জন্য ৪৭ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, কিন্তু সিমেণ্টের সেই টাকা দিয়ে তারা ব্যবসা করেছে এবং এটা করেছে ওই পঞ্চায়েত সমিতি। আপনারা পঞ্চায়েতের কাজকর্মের কথা বলেন এবং একথাও বলেন আমরা ৪০০ কোটি টাকা বরাদ্দ করেছি। এই টাকার মধ্য থেকে কয়েক কোটি টাকা যা পুরুলিয়ায় গিয়েছিল তার কি হাল হয়েছে সেটা আপনাদের দেখা উচিত। এই ব্যাপারে আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে বলছি তিনি যেন এই সম্বন্ধে বিধানসভায় জবাব দেন কারণ ইন্সপেকসন রিপোর্টে গ্রস ইররেগুলারিটিস-এর কথা বলা হয়েছে।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় এবং বিশেষ করে উত্তরবঙ্গের পশ্চিম দিনাজপুরে দীর্ঘদিন ধরে চুরি, ডাকাতি উল্লেখযোগ্যভাবে বেড়ে চলেছে এবং এই সংখ্যা এতই উল্লেখযোগ্য যে সাধারণ মানুষ বুঝতে পারছে না পশ্চিম দিনাজপুরে প্রশাসন আছে কি নেই। তথাকথিত সমাজবিরোধীরা সি. পি. এম. এবং আর. এস. পি.-র মদতে পশ্চিম দিনাজপুরের থানায় প্রশ্রয় পাচ্ছে। এবং তার ফলে অপরাধমূলক কাজ বেড়েই চলেছে। আমাদের কুশমণ্ডী থানা বাংলাদেশের সীমান্তবর্তী এলাকা। এখানে সমাজবিরোধী এবং কালোবাজারীদের দৌরাত্ম্যে সাধারণ সাধারণ মানুষ ভয়ানক বিপদে পড়েছে। এই অবস্থা সামাল দেবার জন্য আমি প্রস্তাব করছি কুশমণ্ডী থানার অন্তর্গত চণ্ডীপুর মৌজায় একটি বি. ও. পি. ক্যাম্প স্থাপন করা হোক কারণ এই চণ্ডীপুরে কালোবাজারীদের বিরাট ঘাঁটি রয়েছে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টিতে আনছি। অবশ্য আমি জানি এই ব্যাপারটি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে রয়েছে। স্যার, সাম্প্রতিককালে বারাসতে ডবল লাইন হবার ফলে মধ্যমগ্রাম এবং বারাসতে যখন লেবেল ক্রসিং-এ রেলওয়ে গেট বন্ধ করে দেওয়া হয় তখন দীর্ঘ সময় হাজার হাজার যাত্রীকে দাঁড়িয়ে থাকতে হয়। কাজেই ওখানে যদি একটা ফ্লাই ওভার অথবা সাব-ওয়ের ব্যবস্থা করা হয় তাহলে যাত্রীসাধারণের খুবই সুবিধা হবে। আমি রাজ্যসরকারের কাছে অনুরোধ রাখছি তাঁরা যেন এই ব্যাপারে কেন্দ্রীয় রেলওয়ে মন্ত্রীর কাছে দাবী পেশ করেন। এই ফ্লাইওভার বা সাব-ওয়ের ব্যবস্থা হলে মধ্যমগ্রাম এবং বারাসতের হাজার হাজার যাত্রীর উপকার হবে।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কয়েক বছর যাবত একটা নিয়ম চালু হয়েছে যে কোন ছাত্র-ছাত্রী মাধ্যমিক বা হায়ারসেকেণ্ডারী পাশ করে সেই বছরের মধ্যে যদি কলেজে ভর্তি না হয় তাহলে পরবর্তীকালে সে কোন কলেজে ভর্তি হতে পারবে না। এই অবস্থায় তাদের পড়াশুনা বন্ধ করে দিতে হয়। মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয় জানেন যে কোন ছাত্র-ছাত্রী ইচ্ছাকৃতভাবে সাময়িকভাবে পড়াশুনা বন্ধ করে না। পারিপার্শিক অবস্থার চাপে পড়ে তাদের লেখা পড়া বন্ধ করতে হয়। আপনাদের এই নিয়মে যে তারা পড়াশুনার সুযোগ পাবে না এটা বন্ধ করুন। ব্রেক অব স্টাডি হলে ২/৩ বৎসর পরেও তারা ভর্তি হতে পারবে, এই নিয়ম চালু করুন।

**শ্রীনীরোধ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গতকাল শিয়ালদা-বনগাঁ সেকসনে দুপুর সাড়ে তিনটা থেকে সারা রাত ট্রেন চলাচল বন্ধ ছিল। যাত্রী সাধারণকে বিনিদ্র রজনী যাপন করতে হয়েছে। শুধু আমাকে নয় হাজার হাজার রেল যাত্রীকে এইভাবে রাত কাটাতে হয়েছে। ঘটনাটা হচ্ছে দত্তপুকুর ও বিরার মাঝখানে ওভারহেড তার ছিড়ে যায়। বেলা সাড়ে তিনটার সময় এই তার ছেঁড়া যায়। এবং আমরা জানতে পেরেছি যে এই তার জুড়তে আধ ঘণ্টার বেশী সময় লাগে না। দেখা গেল রাত সাড়ে তিনটা পর্যন্ত কোন কিছু হয়নি। রাত্র ১২টার সময় শিয়ালদা থেকে লোক সেখানে গিয়ে বসে রইলো। তারপর সাড়ে তিনটার সময় তার জুড়ে দিল। বিভিন্ন ষ্টেশনে হাজার হাজার যাত্রী যে কি কষ্টে রাত কাটিয়েছে তা ভাষায় ব্যক্ত করা যায় না। বাচ্চা ছেলেপুলে কান্নায় ফেটে পড়েছে। বারাসত ষ্টেশনে একখানা বিস্কুটের দাম ৩০ পয়সা পযন্ত হয়েছে—তাও ১২টার পর আর পাওয়াই যায়নি। সাড়ে চারটার সময় ট্রেন এলো—লোককে বাড়ী গিয়ে পৌঁছাতে সকাল ৮/৯টা হয়ে গেছে। এই অবস্থায় আমি বলতে চাই এই ডিপার্টমেণ্ট তুলে দেওয়া হোক। কোন মন্ত্রীর অধিকার নেই গদিতে বসে থাকার। আমি দাবী করছি এই ঘটনা ঘটার কোন মন্ত্রীর আর গদিতে বসে থাকা চলতে পারে না। আমি এই মন্ত্রীর পদত্যাগ দাবী করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় সদস্যদের কাছে রাখছি। আপনি বাঁকুড়ার অবস্থা নিশ্চয় জানেন এবং বাঁকুড়া জেলা অর্থনৈতিক দিক থেকে কি অবস্থার মধ্যে রয়েছে তাও আপনি জানেন। সেখানে বাঁকুড়া জেলায় সম্ভাব্যতা দেখা দিয়েছিল সেটাও আজকে কিছুটা ম্লান হতে চলেছে। এখানে শাসকদল এবং আমরা বিরোধী দলের মাননীয় সদস্যরা কয়েকদিন ধরে বাঁকুড়া জেলার অর্থনৈতিক অবস্থা তথা ভারতবর্ষের যে অর্থনৈতিক বিপর্যয় চলেছে সে সম্বন্ধে এই বিধান সভায় রেখেছি। স্যার, আপনি জানেন বাঁকুড়া জেলার মেজিয়া থানার অন্তর্গত কালীদাসপুর সহ সালতোড়া গঙ্গাজলঘাটি, বড়জোড়া অঞ্চলে ব্যাপক কয়লা রয়েছে। প্রোজেক্টও আছে।

[ 2-30—2-40 p.m. ]

আজকে সেটা বন্ধ হওয়ার উপক্রম হয়েছে এবং সেখান অলরেডি ক্লোজার হয়ে গেছে। প্রায় ২।। হাজারের মত শ্রমিক কর্মচারী সেখানে বিভিন্ন ভাবে ক্ষতিগ্রস্ত

হচ্ছে। ঐ এলাকায় যে উজ্জল সম্ভাবনা দেখা দিয়েছিল, সেটা বন্ধের মুখে। একটা ষড়যন্ত্রমূলক রাস্তা নেওয়া হচ্ছে, যেখানে ৬৬০ মেগাওয়াটের থার্মাল পাওয়ার স্টেশন হওয়ার কথা ছিল গঙ্গাজলঘাঁটি এবং লটিবানিতে হওয়ার কথা, এখানে বার বার মন্ত্রী মহাশয় বলেছেন যে কেন্দ্রীয় সরকার অনুমতি দিয়েছেন, কিন্তু আজকে তা বন্ধের মুখে। সেই কারণে আমি আপনার মাধ্যমে এখানে প্রস্তাব রাখছি, এই হাউসের নেতা, বিরোধী দলের নেতা এবং শাসক দল এবং বিরোধী দলের সদস্যদের নিয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি একটা টিম তৈরী করে দিন, শিল্প মন্ত্রী সহ, যাতে এই বিধান-সভার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে পারে। আপনি একটা কমিটি করে দিন, যাতে তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে এই প্রকল্পের দাবী জানাতে পারেন।

**শ্রীবিশ্বনাথ চৌধুরী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় যে ভাবে ম্যালেরিয়ার প্রকোপ বাড়ছে এবং কলকাতা শহরেও যে ভাবে ম্যালেরিয়ার প্রকোপ বাড়ছে—খোদ এম. এল. এ. হস্টেলেও বিশাল ভাবে ম্যালেরিয়ার প্রকোপ দেখা দিয়েছে। সেখানকার যে সব কর্মচারীরা আছেন, তারা বারবার এই রোগে আক্রান্ত হচ্ছেন। সরকারী ভাবে এই ব্যাপারে অবিলম্বে একটি ব্যবস্থা নেওয়া প্রয়োজন, ব্যাপক ভাবে ডি. ডি. টি. স্প্রে করার ব্যবস্থা এবং অন্যান্য উপযুক্ত ব্যবস্থা যাতে নেওরা হয় তার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীঅখিলাল মণ্ডল** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্ব পূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রান ও পুনর্বাসন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার মানিকচক কেন্দ্রে ২রা আগষ্ট থেকে ৪ঠা পর্যন্ত একটা ভয়াবহ কাণ্ড সেখানে ঘটেছে। মানিকচক কেন্দ্রের ভুতনি দিয়াড়ায় উপেন মণ্ডল এবং আরও প্রায় ৩০ জনের বাড়ি একদল সমাজ বিরোধীর দ্বারা আক্রান্ত হয় এবং চার পাঁচটি বাড়ি ভেঙ্গে দেওয়া হয়েছে, লুঠপাট করা হয়েছে, গরু বাছুর সব লুঠ করে নিয়ে গেছে, ধন সম্পত্তি লুঠ করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত সেখানে কোন পুলিশের তত্পরতা নেই। আগে ওখানে একটা পুলিশ ক্যাম্প ছিল, বর্তমানে সেটা তুলে নেওয়া হয়েছে। এই যে ধনসম্পত্তি লুঠ করে নেওয়া হয়েছে, বাড়িগুলোকে ভেঙ্গে দেওয়া হয়েছে, এর কোন প্রতিকার সেই সব ক্ষতিগ্রস্ত মানুষরা তো পায়নি বরং সেই সব মানুষদের ঐ এলাকায় ঢুকতে দেওয়া হচ্ছে না, সকলেই বাড়ি ছাড়া হয়ে রয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়দের কাছে আমি দৃষ্টি আকর্ষণ করছি, তাঁরা যেন ঐ সব বাড়ি ছাড়া লোকেদের পুনর্বাসনে ব্যবস্থা করেন এবং যে সব বাড়ি ঘর ভেঙ্গে দেওয়া হয়েছে, সেইগুলো নুতন করে সারিয়ে দেওয়ার ব্যবস্থা করেন রিলিফের ব্যবস্থা করেন।

**শ্রীহাজারী বিশ্বাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি অত্যন্ত জরুরী বিষয়ে মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি জানেন বামফ্রন্ট সরকার সমবায় নীতির মধ্যে দিয়ে পিছিয়ে পড়া মানুষের জীবন ধারণের মানকে তোলবার চেষ্টা করছেন। আজকে মৎসজীবী সম্প্রদায়ের মধ্যে একটা অসহনীয় অবস্থার সৃষ্টি হচ্ছে। মৎসজীবী সমবায় সমিতিগুলিতে যে পুরাণ ডায়াবেল

প্রোগ্রাম ছিল, সেই আইন যদি মেনে চলতে হয় তাহলে তাদের একটা অসহনীয় অবস্থায় পড়তে হয়। সুতরাং সেই পুরাণ ভায়াবেল প্রোগ্রামকে নুতন করে ভাবনা চিন্তা করে, নুতন আইন করে, এই সব মৎসজীবীদের সামনে যে সমস্যার সৃষ্টি হয়েছে, তা সমাধান করুন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমরা জানি পশ্চিমবাংলায় যদি কোন প্রশাসনিক অফিসার বা পুলিশ অফিসার শাসনের রাজত্ব কায়েম করার চেষ্টা করে তাহলে তাকে রিওয়ার্ড দেওয়া হয়। স্যার, বীরভূম জেলার নানুর থানায় যেখানে জঙ্গলের রাজত্ব ছিল, দিনে ডাকাতি হত, ধান লুঠ, চুরি, ধর্ষণ ইত্যাদি হিসাবের বাইরে চলে গিয়েছিল সেখানে একজন পুলিশ অফিসার জুন মাসে জয়েন করে দিনে ডাকাতি তো দূরের কথা রাতের ডাকাতিও বন্ধ করে দিয়েছিলেন। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি তার আমলে জঙ্গলের রাজত্বের অবসান হয়ে আইনের রাজত্ব ফিরে এসেছিল। এই নানুর থানা হাতের বাইরে চলে গিয়েছিল। এমন অনেক গ্রাম ছিল যেখানে ঢুকতে পারা যাচ্ছিল না, সেখানে ঢোকার ব্যবস্থা করে দিয়েছিলেন। স্যার, এই অফিসার ইন চার্জ কংগ্রেস আমলেও সাসপেণ্ড হয়েছিল। কারণ, তিনি কংগ্রেস আমলে আইন শৃঙ্খলা ফিরিয়ে আনার চেষ্টা করেছিলেন। তার কারণ উর্দ্ধতন কর্তৃপক্ষ এই পুলিশ অফিসারকে সাসপেণ্ড করেছিল। আজ আমরা লক্ষ্য করলাম সেই পুলিশ অফিসার যখন একই ব্যাপারে সি. পি. এম. রাজত্বে সি. পি. এম. কমরেডদের হাত থেকে আইন শৃঙ্খলা ফিরিয়ে আনার চেষ্টা করছিলেন ঠিক সেই সময় ৩ মাসের মধ্যে তাকে ট্রান্সফার করে দেওয়া হল। সরকার নীরব, পুলিশ অফিসার থাকতে পারবে না, দেশের নিরাপত্তা, শান্তি শৃঙ্খলা বজায় থাকবে কিনা—এই ব্যাপারটা আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি।

**শ্রীদ্বিজেন্দ্র নাথ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বালুরঘাট থানা থেকে কুমারগঞ্জ থানায় যাবার পথে ইছামতী নদী রয়েছে। সেই নদীর উপর বহু পুরানো সেতু রয়েছে। সেই ব্রীজটি বেশ কিছুকাল ধরে ভাঙ্গনের মুখে—অকেজো হয়ে পড়ে রয়েছে। এর উপর দিয়ে প্রচুর বাস, ট্রাক, তেলের গাড়ী, গরুর গাড়ী, মোষের গাড়ী, পায়ে হেঁটে সাধারণ চলাফেরা করে। খুব শীঘ্র নতুন করে সেতুটি তৈরী না করলে যে কোন সময় সেতুটি ভেঙ্গে পড়ে গিয়ে বহু লোকের জীবনহানি ঘটতে পারে। এই সেতুটি দ্রুত নির্মাণ করার জন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় ফুড এণ্ড সাপ্লাই মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছু দিন ধরে হাওড়া জেলার গ্রামাঞ্চল ও শহরাঞ্চলের বিভিন্ন জায়গায় কয়লা ও কেরোসিনের অভাব দেখা দিয়েছে। গত সপ্তাহ থেকে এই প্রবলেম এ্যাকিউট হয়ে দাঁড়িয়েছে। সেখানে ৩ ডাম্প কয়লা খালি হয়ে গেছে, কয়লা পাওয়া যাচ্ছে না। কাঠের অভাবও দেখা দিয়েছে। আপনি জানেন লোড সেডিং-এর সময় কি রকম কেরোসিনের প্রয়োজন হয়—সামনেই বিশ্বকর্মা পূজা আসছে। এই সময় কেরোসিনের

ডিমাণ্ডটা একটু বেশী হয়। কলকারখানা পরিষ্কার করতে একস্ট্রা কেরোসিনের দরকার হয়। কেরোসিনের অভাব দেখা দেওয়ায় ব্ল্যাকমার্কেটে কেরসিন বিক্রী হতে আরম্ভ করেছে। অবিলম্বে হাওড়া শহরে কেরসিন সাপ্লাই দেওয়ার জন্য স্পেশাল স্টেপ নিতে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[2-40—2-50 p.m.]

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৯ই আগষ্ট মহিষাদল-এর রাজ কলেজে গভর্নিং বডির কর্মকর্তা নির্বাচন ছিল। এই নির্বাচন সুষ্ঠুভাবে চলছিল। এরপর যখন সেখানে সেখানকার প্রাক্তন সভাপতি নির্বাচিত হতে পারলেন না তখন তিনি সেখান থেকে চলে যান এবং তারপর ঐ এলাকার কিছু দুষ্কৃতকারী তারা ঐ কলেজে হামলা চালায়। তারা হামলা করে সেখান থেকে রেজলিউশানের খাতাটি কেড়ে নিয়ে চলে যায় ফলে সেখানে কর্মকর্তা নির্বাচন বাতিল হয়ে যায়। স্যার, সেখানকার প্রাক্তন সভাপতি ছিলেন ঐ এলাকার বড় জমিদার রাজা দেবপ্রসাদ গর্গ। তারই চক্রান্তে কিছু দুষ্কৃতকারী ঐ কলেজের অফিসে হামলা চালায় এবং সমস্ত নির্বাচন বাতিল করে দেয়। স্যার, এই দুষ্কৃতকারীরা ঐ এলাকার পরিচিত ছাত্রপরিষদ এবং কংগ্রেসের সমাজবিরোধীরা। তারাই এইসব কাজের নেতৃত্ব দিয়েছে। স্যার, পশ্চিমবাংলার শিক্ষা জগতে এই ভাবে হামলা চালিয়ে তারা একটা নৈরাজ্য ফিরিয়ে আনতে চাইছে। স্যার, এ সম্পর্কে আমি মাননীয় মন্ত্রীমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের দাবী জানাচ্ছি।

**Shrimati Renu Leena Subba :** Mr. Speaker, Sir, I want to draw your kind attention to the fact that the poor people of Darjeeling District are not getting rape seed oil through ration shops. So, I request the Food Minister to make proper arrangement for the distribution of rape seed oil in the Darjeeling District during the Puja season.

**মিঃ স্পীকার :** পতিতবাবু, আপনি ফুড মিনিষ্টারকে বলবেন দার্জিলিং ডিসট্রিক্টে পূজার আগে যেন রেপসিড অয়েল দেওয়া হয়।

**শ্রীহিমাংশু কুনার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১০ই আগষ্ট '৮৩ রাত্রি ১০টা ৪৫ মিনিটের সময় মেদিনীপুর জেলার জেলাপরিষদের উন্নয়ন পরিকল্পনা ও ভূমি সংস্কার কাজের স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ জামসেদ আলি মহাশয়কে কংগ্রেস ( ই )-র খুনীবাহিনী নৃশংসভাবে হত্যা করে। তার গলা কেটে ধড় থেকে নামিয়ে দেওয়া হয় এবং একটি ভোজালি তার পেটে আমূল ঢুকিয়ে দেওয়া হয়। তার অপরাধ এবারের পঞ্চায়েত নির্বাচনে সে কেশপুর এক নং কেন্দ্র থেকে বিপুল ভোটাধিক্যে জয়ী হয়েছিল। স্যার, যেহেতু তিনি বিপুল জনসমর্থন পেয়েছিলেন সেইহেতু তাঁকে জনগণের কাছ থেকে সরিয়ে দেবার জন্য ওরা

এই পথ নিলেন এবং তা নিয়ে জামসেদ আলি মহাশয়কে খুন করলেন। আমি এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে খুনী সহ সমস্ত চক্রান্ত-কারীদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তি বিধানের দাবী জানাচ্ছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, স্বাস্থ্যদপ্তরের অবস্থা আগে থাকতেই খারাপ ছিল, এখন দিন দিন আরো খারাপ হচ্ছে। জুনিয়ার ডাক্তারদের আন্দোলন থেকে আরম্ভ করে প্রতিটি হাসপাতালের অবস্থা খারাপ হচ্ছে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর হাসপাতালগুলিতে চিকিৎসা তো হচ্ছেই না উল্টে সেখানে দেখছি প্রতিটি বড় বড় মেডিক্যাল কলেজে একটি করে বোর্ড গঠন করে দিচ্ছেন। তাতে আর. এস. পি. বা ফরোয়ার্ড ব্লকের সদস্যরা নেই বললেই হয়, কোথাও কোথাও দু একজন থাকতে পারেন, সেখানে সব সি. পি. এম-এর সদস্য এবং তাদেরই চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান করে বোর্ড গঠন করা হচ্ছে। স্যার, আমরা দেখেছি এই বোর্ডগুলি দুর্নীতির এক একটি আখড়াই পরিণত হয়েছে। তাদের পশ্চিমবাংলার বড় বড় সব হাসপাতালগুলিতে খবরদারী করার জন্য পাঠানো হচ্ছে। তারা এ্যাডমিনিস্ট্রেশানের উন্নতি না দেখে কি করে আরো বেশী করে দুর্নীতি করা যায় সেটাই দেখছেন। স্যার, আগে নন-অফিসিয়াল ভিজিটার্স বলে একটি সংস্থা ছিল, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলব, তিনি সেটাই বজায় রাখুন। সেখানে বোর্ড তৈরী করে চুরির আর একটা নতুন পথ খুলে দেবেন না। একেই তো হাসপাতালগুলিতে ঔষধ নেই, চিকিৎসা হয়না তার উপর এই ব্যবস্থার ফলে হাসপাতালগুলির অবস্থা আরো খারাপ হয়ে পড়ছে। স্যার, আপনি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলুন, স্বাস্থ্যমন্ত্রীমহাশয় যে বোর্ড গঠন করার পরিকল্পনা নিয়েছেন বা করছেন সেগুলি তিনি যেন অবিলম্বে বাতিল করে দেন। নন-অফিসিয়াল ভিজিটার্স তারাই এটা দেখুন, তারা দেখলে অনেক কাজ হবে। সি. পি. এম-রা সব চুরি করছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের হোমগার্ডদের বেতন দফায় দফায় অসামরিক প্রতিরক্ষা মন্ত্রী, রাম চ্যাটার্জী বাড়াচ্ছেন এবং এটাতে নিঃসন্দেহে আমরা অভিনন্দন জানাই। কিন্তু রাজ্যের হোম গার্ডের একটা বিরাটা অংশ অর্গানাইজড বাহিনীতে পরিণত হয়েছে এবং এই হোমগার্ডদের একটা ব্যাপক অংশ কংগ্রেসের আমলে নিয়োগ করা হয়েছিল। সেই সময় কোন বাছবিচার করা হয়নি। এই হোম-গার্ডদের একটা বড় অংশ পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসের টিকিটে জয়যুক্ত হয়েছে এবং এদের উপরে গ্রামাঞ্চলের মফস্বল শহরের আইন-শৃঙ্খলার দায়িত্ব দেওয়া হয়েছে। আমরা প্রতিটি ক্ষেত্রে দেখছি যে সংঘবদ্ধ গুণ্ডা বাহিনী হোমগার্ডদের নামে শান্তি রক্ষার পরিবর্তে বেশী করে বিশৃঙ্খলার সৃষ্টি করছে। বহু ক্ষেত্রে মুর্শিদাবাদে এই জিনিষ আমরা দেখছি এবং মাননীয় রাম চ্যাটার্জীর দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু উনি বলেন কোন কিছু করার নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্দ্দিষ্ট অভিযোগ দিলেও কিছু করার নেই। আমার কথা হচ্ছে, রাজ্যের হোমগার্ড বাহিনীর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। সেটা যদি কোন রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর দ্বারা পরিচালিত হয় এবং বিশেষ রাজনৈতিক দল, কংগ্রেসের দ্বারা পরিচালিত হয় তাহলে তাদের উপর আইন-শৃঙ্খলার

দায়িত্ব দেওয়া যায় কিনা সে সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়কে চিন্তা-ভাবনা করতে হবে এবং হোমগার্ডদের বিরুদ্ধে যেখানে যেখানে অভিযোগ এসেছে গোটা বিষয়টি তদন্ত করে দেখতে হবে। আমি আবার বলছি যে হোমগার্ড একটা গুণ্ডা বাহিনীতে এবং চোর বাহিনীতে পরিণত হয়েছে।

**শ্রীরাম চ্যাটার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনে জয়ন্তবাবু হোমগার্ড বাহিনী সম্পর্কে অভিযোগ করেছেন। ঐ হোমগার্ড বাহিনীর অনেকে এমার্জেন্সীর সময় থেকে শুরু করে কংগ্রেস টাইমে রিক্রুট হয়েছিল। পুলিশ তাদের দিয়ে খুন থেকে শুরু করে অনেক কুকাজ করিয়েছে। জয়ন্তবাবুর এটা বোঝা উচিত যে আমরা এমন একটা সরকারে রয়েছি, যে সরকার কংগ্রেস বাছেনা, সি. পি. এম বাছেনা, অন্য কিছু বাছেনা, শুধু মানুষ বাছে। সেখানে সেই সরকার এসে দেখলো যে কংগ্রেসের টাইমের সমস্ত লোক ভরে আছে। আমরা ওদের মত বলিনা যে তাদের সকলকে ছাঁটাই করে দিতে হবে। যদি হোমগার্ড বাহিনীর কেউ কংগ্রেস করে, সরকার থেকে কেউ বলেনি তাদের তাড়িয়ে দেবার কথা। আপনারা নির্দ্দিষ্ট অভিযোগ করলে আমরা নিশ্চয়ই বিচার-বিবেচনা করবো। আর আমি সব নই, আমার উপরেও উপরওয়াল রয়েছে। হোম ডিপার্টমেণ্টের হোম মিনিষ্টার আছেন, আমি তার সঙ্গে এই ব্যাপারে কথা বলবো। আপনাদের আমি এই কথা বলি যে হোমগার্ড বাহিনী আগের চেয়ে ভাল চলছে। আমরা চেষ্টা করবো যাতে এই বাহিনীকে আরো সুশৃঙ্খল ভাবে যাতে চালান যায়।

[2-50—3-00 p.m.]

**শ্রীশেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় জয়ন্ত কুমার বিশ্বাস যে কথা বললেন তাতে তিনি হোম গার্ডদের একটা সংগঠিত গুণ্ডা বাহিনী বলে উল্লেখ করলেন। আমি ঐ কথার তীব্র প্রতিবাদ করছি। হোম গার্ডরা অত্যন্ত স্বল্প বেতন পেয়ে থাকেন।

**মিঃ স্পীকার :** Mr. Imajuddin, no debate is going on. It is mention hour, and you are to put your mention only.

**শ্রীশেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলার গ্রাম পঞ্চায়েতে মোট ৪০০০ আদায়কারী আছে। তারা বিভিন্ন সময়ে বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের কাছে অনেক আবেদন নিবেদন করছে, অনেক দাবী পত্র পেশ করেছে। কিন্তু তারা কোন ফল পায়নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের আপনার মাধ্যমে তাদের দাবীর প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, তাদের দাবীগুলি ন্যায্য, সুতরাং তিনি সেগুলি বিবেচনা করে দেখতে পারেন। তাদের এক নং দাবী হচ্ছে, আদায়কারীদের মাসে মিনিমাম ৩৬০ টাকা করে বেতন দিতে হবে। তার পরে প্রতিটি গ্রাম পঞ্চায়েতের জন্য একজন করে আদায়কারী নির্দিষ্ট করে দিতে হবে। তাদের ১লা এপ্রিল ১৯৮০ সাল থেকে ২৪০ টাকা করে বেতন দেওয়া হচ্ছে। কিন্তু বর্তমানে নতুন পদ্ধতি চালু করার ফলে অনেক আদায়কারীকে বিভিন্ন অজুহাতে ছাঁটাই করা হয়েছে। তাদের আর একটা দাবী হচ্ছে ছাঁটাই করা আদায়কারীদের

পুনর্বহাল করতে হবে। ইতিপূর্বে বামফ্রণ্ট সরকার কথা দিয়েছিলেন যে, প্রত্যেক পঞ্চায়েত সমিতিতে একজন করে পিওন থাকবে। সে অনুযায়ী তহশিলদার এবং আদায়কারীদে দাবী হচ্ছে, এই কাজে তাদের নিয়োগ করতে হবে। এ ছাড়াও তাদের আরো বিভিন্ন দাবী আছে। অবিলম্বে তাদের দাবীগুলি পূরণ করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

( উল্লেখ )

**শ্রীভূপেন্দ্র নাথ শেঠ ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ক্ষুদ্র সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন উত্তর ২৪-পরগণা ফসল উৎপাদনে একটা অগ্রনী ভূমিকা গ্রহণ করেছে। উত্তর ২৪-পরগণায় নদী সেচ প্রকল্প আছে ১৩৬টি এবং তার মধ্যে বনগাঁতে আছে ৫২টি। এই ৫২টি আর. এল. আই. স্কীমে ২০ হর্স পাওয়ারের ১০৪ টি মোটর আছে। কিন্তু ক্ষুদ্র সেচ বিভাগের এ্যাসিসট্যেণ্ট ইঞ্জিনিয়ার এগ্রি মেকানিক্যালের দুর্নীতির ফলে এই সব কটি নদী সেচ প্রকল্প বন্ধ হতে চলেছে এবং ফসল উৎপাদনে অসুবিধা দেখা দিয়েছে। সেই সঙ্গে এখানে সরকারী কর্মচারীদের যে কো-অর্ডিনেশন কমিটি আছে তার সদস্যদের অত্যাচারে সাধারণ চাষীদের ফসল উৎপাদন ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই বিভাগ থেকে '৮১ সালের জানুয়ারী মাস থেকে নভেম্বর মাস পর্য্যন্ত মোটর মেরামতের জন্য ২ লক্ষ ৪ হাজার ৮৮৪ টাকা ৮৭ পয়সা খরচ দেখান হয়েছে। ১৯ টি মোটর রিপেয়ারিং এবং মেন্টেনেন্স'এর জন্য নাকি এই টাকা খরচ হয়েছে। স্যার, এ ছাড়াও ঐ সমস্ত সরকারী কর্মচারী, ও. সি. এম.'রা এলাকায় এলাকায় নদী সেচ প্রকল্প অধীনস্থ চাষীদের কাছ থেকে মোটর মেরামতিবাবদ টাকা কালেকশন করেছে এবং তারা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে নতুন গ্রাম নদী সেচ প্রকল্পে ৪ মাস জল না দিয়ে লক্ষ টাকার ফসল নষ্ট করেছে। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে উপযুক্ত তদন্ত করার জন্য অনুরোধ করছি।

**শ্রীতারক বন্ধু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বামফ্রণ্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আনন্দবাজার কাগজে আছে জলপাইগুড়ি জেলার অলিপুরদুয়ার শহরের দক্ষিনাংশ জলমগ্ন হয়েছে এবং আজকে ১৫ হাজার মানুষ বন্যার কবলে পতিত হয়েছে। অথচ সেখানে রিলিফের ব্যবস্থা ঠিক মত হচ্ছে না। বিশেষজ্ঞদের মত হচ্ছে, হিমালয় পাহাড়ের উপরে কোথাও কোথাও নাকি বহু জল জমে আছে। আমার মনে হয় সেই জল যে কোন মুহূর্তে নীচে নেমে আসতে পারে এবং উত্তর বংগের বিভিন্ন এলাকায় বন্যা দেখা দিতে পারে।

উল্লেখ

আমাদের অতীতের ১৯৬৮ সালের বন্যার কথা মনে আছে। কাজেই আমি বামফ্রণ্ট সরকারকে এই বিষয়ে সজাগ থাকার জন্য আপনার মাধ্যমে আমি তাঁর কাছে আবেদন রাখছি।

**শ্রীঅবন্তী মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করছি। মেদিনীপুর জেলার কালিন্দী গ্রাম পঞ্চায়েতের অধীনে রামনগর ২ নম্বর ব্লকে পোচবনিয়া মৌজার ১৮ নং দাগে একটি জায়গা, সেটি মৎস্য চাষের উপযোগী স্থান। স্থানীয় শত শত মৎস্যজীবি পুরুষানুক্রমে এ স্থানটি থেকে মৎস্য শিকার করে তাঁদের অন্ন সংস্থান করে থাকেন। সেই সমস্ত মৎস্যজীবিরা একটি সমবায় সমিতি গঠন করেছেন ডেরা-কালিন্দী সমবায় সমিতি নামে। কিন্তু দুঃখের বিষয় একজন স্থানীয় বিত্তবান ও দুর্নীতি পরায়ন ব্যক্তি নানারকম অপকৌশলে স্থানীয় প্রশাসনকে প্রভাবিত করে স্বনামে এবং বেনামে ঐ মৎস্য চাষের উপযোগী স্থানটিকে বন্দোবস্ত নেওয়ার চেষ্টা করছেন। আমি তার তীব্র প্রতিবাদ করছি এবং আপনার মাধ্যমে উভয় বিভাগের মন্ত্রীর নিকট আবেদন ও দাবী করছি যে ঐ শত শত মৎস্যজীবি যাঁরা ডেরা-কালিন্দী সমবায় সমিতি নাম দিয়ে সমিতি পরিচালনা করে আসছেন তাঁদের কাজে সেই ব্যক্তি বাধা সৃষ্টি করছেন। এর প্রতিকারের জন্য আমি বিভাগীয় মন্ত্রীদের নিকট আবেদন ও দাবী করছি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ক্ষুদ্র সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলা চির খরা প্রপীড়িত অঞ্চল। আপনি জানেন, এখানে যে সেচ ব্যবস্থা আছে তা এই জেলার পক্ষে যথেষ্ট নয়। সেজন্য ভূগর্ভ নিম্নস্থ যে জল আছে সেই জলের সদ্বব্যবহার করা দরকার। স্বাভাবিকভাবে বাঁকুড়া জেলার বিভিন্ন অঞ্চলে যে সমস্ত ক্ষেত আছে সেখানে গভীর নলকূপ আর. এল. আই স্কীমের মাধ্যমে সেই সমস্ত জলের সদ্ব্যবহার যদি করা যায় তাহলে সেইসব অঞ্চলে বাঁকুড়া জেলায় দু-তিনটি ফসল উৎপাদন হওয়া সম্ভব। আমি এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, তিনি এ বিষয়ে একমত যে এই খরা প্রপীড়িত জেলাগুলিতে ভূগর্ভ নিম্নস্থ যে জল আছে তার সদ্ব্যবহার করার জন্য তাঁরা কেন্দ্রীয় সাহায্য দেবেন। সুতরাং এই বিষয়ে আমি আপনার মাধ্যমে রিভার লিফ্‌ট ইরিগেসন স্কীম এবং মাইনর ইরিগেসন স্কীম বিভাগের যিনি মন্ত্রী আছেন তিনি যেন এই বিষয়ে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে এই খরা প্রপীড়িত অঞ্চলগুলিতে ক্ষুদ্র সেচের ব্যবস্থা করেন।

**শ্রীপ্রশান্ত কুমার প্রধান ঃ** মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত বিদ্যুৎ মন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় বেশ কিছু দিন ধরে দেখা যাচ্ছে এক শ্রেণীর সমাজ বিরোধী যারা কংগ্রেস কর্মী নামে পরিচিত তারা বিদ্যুতের তার কেটে রুরাল ইলেকট্রিফিকেসনের কাজের ক্ষতি করার চেষ্টা করছে।

[3-00—3-10 p.m.]

সাধারণ মানুষ ওদের বাধা দেবার জন্য এগিয়ে আসছে। এ ব্যাপারে তাঁরা প্রতিরোধ বাহিনী গড়ে তুলেছে। এই রকম একটি ঘটনা হাউসের সামনে তুলে ধরতে চাই। গত ১১.৯.৮৩ তারিখে আমার এলাকায় কোটবার গ্রামে এইরূপ এইরূপ একটি ঘটনা ঘটে। তার কেটে নিবার সময় কিছু সমাজবিরোধী এই রক্ষীবাহিনীর হাতে ধরা পড়ে। যারা ধরা পড়েন তাদের ছাড়িয়ে নেবার জন্য কংগ্রেসী গ্রাম পঞ্চায়েত সদস্য

বোমা পিস্তল নিয়ে চড়াও হয়। আমি প্রস্তাব করছি, গ্রামে গ্রামে সাধারণ মানুষদের নিয়ে কমিটি গঠন করা হোক যাতে সমাজ বিরোধীরা কংগ্রেসী মদতে এই সমস্ত সমাজ বিরোধী কাজ না করতে পারে। আমি এ ব্যাপারে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**শ্রীশিশির অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৩১.৫.৮৩ তারিখে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেছে। নির্বাচনের পর, আপনি জানেন স্যার, ব্যালট পেপারগুলি সমস্তটাই সীল করে জমা দিতে হয়। অদ্ভুত ব্যাপার হচ্ছে—কাঁথির ১ নং বুকে রায়পুরে তিনটি গ্রাম পঞ্চায়েতের ব্যাপারে হাইকোর্টে মামলা দায়ের করা হোল। এখানে ব্যালট বক্স ভেঙ্গে অন্য ব্যালট পেপারে ছাপ মেরে ঢুকিয়ে পুনরায় সীল করা হয়েছে। এটা গনতন্ত্রের পক্ষে অত্যন্ত বিপজ্জনক। এটা কংগ্রেস বা সি. পি. এম.-এর ব্যাপার নয়। ব্যালট পেপার বক্সে ঢুকে সীল হবার পর বি. ডি. ও.-র কাছ থেকে নিয়ে এসে অন্য ছাপ মারা পেপার ঢোকানো হয়েছে। এ ব্যাপারে সেখানকার প্রধান জড়িত। এ ব্যাপারে এফ. আই. আর. করা হয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, এ ব্যাপারের সঙ্গে যারা জড়িত এবং যারা গণতন্ত্রকে ধ্বংস করতে চাইছে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নিন।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষ্ণনগরে নদীয়ার জেলা হাসপাতালে গত কয়েক মাস ধরে ই. সি. জি. মেশিন বন্ধ রয়েছে এবং আউট ডোরে চিকিৎসার কোন অর্ডার হাসপাতাল কর্তৃপক্ষ দিচ্ছেন না। বিশেষজ্ঞ চিকিৎসকদের জেলা হাসপাতালে না রেখে তাঁদের অন্যত্র ডিউটি দেওয়া হচ্ছে। ফলে ওখানে যাঁরা চিকিৎসিত হতে আসছেন, বিশেষ করে গরীব ও মধ্যবিত্ত রোগীরা—তাঁরা সরকারী চিকিৎসার কোন সুযোগই পাচ্ছেন না। বাধ্য হয়ে তাঁরা প্রাণের দায়ে বাইরে ডাক্তারদের ফি দিয়ে চিকিৎসা করাতে বাধ্য হচ্ছেন এবং সর্বসান্ত হচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এর প্রতিকারের জন্য আবেদন করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েক দিন পূর্বে মুখ্য সচিবের একটি বিবৃতি বিভিন্ন কাগজে প্রচারিত হয়েছে যে সেপ্টেম্বর মাস থেকে খরা ত্রাণের সমস্ত কাজকর্ম বন্ধ থাকবে এবং বুক লেভেল-এর ড্রাউট মনিটারি সেল্ কৃষি বিভাগের সঙ্গে যুক্ত হয়ে যাবে। এ বিষয়ে আপনার মাধ্যমে জানতে চাই যে গত দুই বছরের মত খরা না হলেও এবং চাষবাসের অবস্থা অপেক্ষাকৃত ভাল হলেও ছাতনী ও শালতলী অঞ্চলে চাষবাস ভাল হয়নি। এমনিতে চাষবাস ভাল হলেও ঐ অঞ্চলে সিজিন্যাল আন-এমপ্লয়মেণ্ট প্রবলেম আছে। বাঁকুড়ার এটা একটা সর্বকালীন সমস্যা। তাই আমি মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি যেন সেপ্টেম্বর, অক্টোবর মাস পর্যন্ত খরার ত্রাণ কার্য চালিয়ে যান।

**শ্রীমাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার তেহট্ট থানায় শ্রীরামপুর গ্রামে এক ব্যক্তিকে কুপিয়ে কুপিয়ে খুন করা হয়েছে। সেই

ব্যক্তিটির নাম হলো মহঃ মানিক মণ্ডল। এই ব্যক্তিটি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অনুরক্ত। কিছুদিন আগে মানিক মণ্ডল গ্রামের বাইরে গিয়েছিল। সে যখন গ্রামে ফিরছিল তখন কিছু দুস্কৃতকারী তার উপর ঝাঁপিয়ে পড়ে এবং তাকে কুপিয়ে কুপিয়ে হত্যা করে। সেই দুস্কৃতকারীরা খুন করে গ্রামের একটি বিলে পাটের জাঁকের তলায় সেই মৃতদেহটি লুকিয়ে রাখে। সেই মৃতদেহটি উদ্ধার করে পুলিশের হাতে দেওয়া হয়েছে। কিছুদিন আগে একদল দুস্কৃতকারী মানিক মণ্ডলের বাড়ি আক্রমন করে এবং দোকান তছনছ করে। এই ব্যাপারটি পুলিশকে জানানো হয়। এর আগে মানিক মণ্ডল এবং বাড়ির অন্যান্য লোকের উপর এবং তার দাদার উপর আক্রমন হতে পারে এই মর্মে থানায় ডায়রী করা হয়েছিল। যে অবস্থাটা লক্ষ্য করা যাচ্ছে সেটা হলো পঞ্চায়েত নির্বাচনের আগে এবং পরে একদল দুস্কৃতকারী গ্রামে খুন-খারাপি করার জন্য তৎপর হয়েছে। এই দুস্কৃতকারীরা কংগ্রেসের আশ্রয়পুষ্ট এবং সুপরিকল্পিত ভাবে এই সব ঘটনা ঘটাচ্ছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুলিশ এই ব্যাপারে ভাল ভাবে তদন্ত করে দুস্কৃতকারীদের খোঁজে বার করে এবং তাদের গ্রেপ্তার করে।

**শ্রীসুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার চাগদা ব্লকে চাঁদুড়িয়া এবং সান্যালচর গ্রামে প্রতিদিন ১০ কাটা থেকে এক বিঘা পর্যন্ত জমি গঙ্গার ভাঙ্গনে চলে যাচ্ছে। এর ফলে গ্রাম নিশ্চিন্ন হবার উপক্রম হতে চলেছে। আমি জানাতে চাই অবিলম্বে গঙ্গার ভাংগন রোধ করার জন্য অনিচ্ছুক কেন্দ্রীয় সরকারকে জানানো হোক। এই ভাংগন রোধ না করতে পারলে গ্রাম নিশ্চিন্ন হয়ে যাবে। এই ব্যাপারটা বিভাগীয় মন্ত্রী মহাশয়কে নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীবংকিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে সেপ্টেম্বর, অক্টোবর এবং নভেম্বর মাসে যখন গ্রামের দরিদ্র মানুষ অত্যন্ত দারিদ্রে পড়েছে তখন গ্রামবাংলায় রেশন ব্যবস্থা আরো সীমিত করা হচ্ছে। এখন ইউনিট প্রতি চালের হার ধার্য করা হয়েছে ৪০০ গ্রাম এবং গমের হার ধার্য করা হয়েছে ৩০০ গ্রাম। আগে যেখানে চাল এবং গমের হার ছিল যথাক্রমে ৬০০ গ্রাম এবং ৪০০ গ্রাম এখন সেটা ৪০০ গ্রাম এবং ৩০০ গ্রাম করা হয়েছে। এর ফলে দরিদ্র মানুষের অত্যন্ত অসহায় অবস্থায় পড়ে গিয়েছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখতে চাই তিনি যেন এই তিন মাস গ্রাম বাংলায় রেশনে মাথা পিছু ৬০০ গ্রাম করে চাল এবং ৬০০ গ্রাম করে গম দেবার ব্যবস্থা করেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে আগে আমি এই হাউসে বলেছিলাম। তমলুক মহকুমার জেলা শাসক সব্যসাচী সেনগুপ্ত এমন সব কাজ-কর্ম করেছেন যাতে গনতন্ত্র রক্ষা হয় না এবং সংবিধানের যে কাঠামো আছে তার বাইরে গিয়ে অনেক কিছু কাজ করছেন। সরকারী প্রশাসনের ক্ষেত্রে, পঞ্চায়েতর ক্ষেত্রে এমন সব কাজ-কর্ম করছেন যাতে

জন-জীবনে বিপর্যয়ের সৃষ্টি হচ্ছে। বাঁকুড়ার ২ নং ব্লকে ৮.৯.৮৩ তারিখে পঞ্চায়েত সমিতিতে যে স্থায়ী কমিটি হবার কথা তার জন্য রিটার্ণিং অফিসার ছিলেন এস. ডি. ও.।

[3-10—3-20 p.m.]

অত্যন্ত দুঃখের ব্যাপার, দুদিন বাদেই দেখা গেল একটা ইলেকশান নোটিশ গিভেন বাই এস. ডি. ও. হিমসেল্‌ফ—তিনি পঞ্চায়েত সমিতি নির্বাচনের ব্যাপারে ছিলেন রিটার্ণিং অফিসার—ঐ নোটিশে তিনি নির্দ্ধারিত দিনটি পোস্‌পন করে দিয়েছেন। নোটিশ দিয়ে তিনি জানিয়ে দিয়েছেন যে আগে ধার্য্য করা ডেটে ইলেকশান হবে না। এ এক অদ্ভুত ব্যাপার। আমরা পরে খোঁজ নিয়ে জানতে পারি যে দুজন এম. পি.—একজন সি. পি. আই. এবং অপরজন সি. পি. আই. ( এম )—আন-অফিসিয়ালি উক্ত এস. ডি. ও. সাহেবকে ঐ দিনে তাঁরা থাকতে পারবেন না বলে জানিয়ে দিয়েছেন। সেই কারণেই নাকি এস. ডি. ও. সাহেব স্থায়ী সমিতি গঠণের পূর্ব নির্দ্ধারিত দিনটি বাতিল করে দিয়েছেন। কিন্তু এ কাজ অসাংবিধানিক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন আইনবিদ, আপনিও আমার সঙ্গে একমত হবেন বলে আমি নিশ্চিত বিশ্বাস রাখি। পঞ্চায়েত সমিতির একজন সদস্য এই ঘটনার বিরুদ্ধে প্রতিকারের আশায় মহামান্য হাইকোর্টে ইনজাংশন প্রার্থনা করেন। মহামান্য হাইকোর্ট থেকে প্রার্থনা মঞ্জুর হয় এবং ৮/৯/৮৩ তারিখে পূর্ব নির্দ্ধারিত দিন বহাল রাখার পরিপ্রেক্ষিতে রায় দেন। পঞ্চায়েত সমিতির সদস্যটি মহামান্য হাইকোর্টের ইনজাংশন সম্বলিত কাগজটি নিয়ে এস. ডি. ও. বাহাদুরের কাছে যান। কিন্তু তা গ্রহণ করতে তিনি বা তাঁর কোন প্রতিনিধি সেখানে উপস্থিত ছিলেন না। পরে একজন হেড ক্লার্ককে ঐ ইনজাংশনের নোটিশ ধরিয়ে দেওয়া হয়। অত্যন্ত দুঃখের ব্যাপার, ঐ একই জায়গায় এবং এবং একই দিনে ২৪ জন সদস্য উপস্থিত থেকে স্থায়ী সমিতিগুলি গঠন করেছেন। মহামান্য হাইকোর্টের ইনজাংশন গ্রহণ করার জন্য এস. ডি. ও. বা তাঁর কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না, আগে থেকেই সরে গিয়েছিলেন। এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়, এর সঙ্গে সংবিধানের প্রশ্ন জড়িত। এটি মৌলিক কাঠামোর ব্যাপার। সেজন্য আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে মেদিনীপুরের উক্ত এস. ডি. ও.—সব্যসাচী সেনগুপ্ত—একজন পার্টির লোকের মত স্বেচ্ছাচারিতা না করেন এবং তিনি স্থায়ী সমিতি গঠনের ব্যাপারে যে অসাংবিধানিক আচরণ করেছেন, তার বিরুদ্ধে যথা-বিহিত ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার দিয়াড়াগুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চাঁদপাড়ায় একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র বামফ্রণ্ট সরকারের উদ্যোগে নির্মিত হয়েছে। এক বছর হল নির্মাণের কাজটি শেষ হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত সেখানে কোন ডাক্তার নিয়োগ করা হয়নি বা চিকিৎসার জন্য কোন ঔষধপত্র নেই। সেজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে চিকিৎসার জন্য সর্বপ্রকার বন্দোবস্ত করা হয়। গ্রামের সাধারণ মানুষের কল্যাণের জন্য বামফ্রণ্ট সরকারের যে কর্মসূচী আছে, এটি তার

অন্যতম। সেইদিকে লক্ষ্য রেখে অবিলম্বে এই উপস্বাস্থ্য কেন্দ্রটি যাতে চালু হয়, সেই মর্মে ব্যবস্থা নিতে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীশচীন্দ্রনাথ হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত ও সড়ক বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলায় আরামবাগে ধরমপোতা থেকে জগতপুর, পুড়সুড়া, বালিপুর ও বড় দিগরিই ও আরামবাগ থেকে বন্দর পর্য্যন্ত যে রাস্তাগুলি আছে, সেগুলি দীর্ঘদিন যাবত মেরামত হয়নি। তার ফলে উক্ত রাস্তাগুলিতে গাড়ী চলাচল-এর পক্ষে খুবই অসুবিধা হচ্ছে। যে কোন মুহূর্তে, যে কোন সময়েই এ্যাকসিডেণ্ট হওয়ার যথেষ্ট সম্ভাবনা আছে। এই রাস্তাগুলি যাতে অবিলম্বে মেরামত করার ব্যবস্থা হয়, সেজন্য আমি আপনার মাধ্যমে সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীপতিত পাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই দেব প্রসাদ সরকার কর্তৃক আনীত একটি কলিং এ্যাটেনশানের জবাব আমি ১৬ তারিখে দেব বলেছিলাম কিন্তু দেখছি এর জন্য অন্য জায়গা থেকে তথ্য আনতে হবে, সেইজন্য এর জবাব ২৩ তারিখে দেব।

The West Bengal Appropriation (Excess Expenditure, 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74) Bill, 1983.

**Dr. Ashok Mitra** : Sir, I beg to introduce the West Bengal Appropriation (Execss Expenditure, 1968-69, 1969 70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Dr. Ashok Mitra :** Sir, I beg move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74) Bill, 1982 be taken into consideration.

আমার সামান্য একটু বক্তব্য আছে। আমি এই বিধানসভায় গতকাল ১৯৬৮-৬৯ সাল থেকে ১৯৭৩-৭৪ সাল পর্যন্ত অনুমতির বাইরে যে ধরণের খরচা সরকারের তরফ থেকে খরচ করা হয়েছিল সেগুলির অনুমতি মঞ্জুরি করে দিয়েছি, যদিও এই অনুমতির ব্যাপারে একটু বিলম্ব হয়েছিল। কিন্তু তারপরেও একটা কথা থেকে যায় যার জন্য এই এপ্রোপ্রিয়েশান বিলের প্রয়োজন। আমি অনুমতি নিয়েছিলাম ব্যয় মঞ্জুরির এবং সেই মঞ্জুরির টাকা সরকারী অর্থভাণ্ডার থেকে যাতে বিল করে নতুন করে খরচ করা যায় তারজন্য এই এপ্রোপ্রিয়েশান বিলের ভূমিকা। অবশ্যি এই টাকা ইতিমধ্যে অর্থ ভাণ্ডার থেকে অবৈধভাবে খরচ করা হয়েছে এবং সেই অবৈধ টাকা বৈধ করবার জন্য আজকে এই বিলটি আনা হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার কাছে কৃতজ্ঞ এই কারণে যে কালকে আমি যে প্রশ্নের অবতারণা করেছিলাম আপনি তাতে অংশগ্রহণ করেছিলেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে বিষয়টি পরিষ্কার করার জন্য থেকে যাচ্ছে। পক্ষান্তরে ভক্তিবাবু যিনি একদিন মন্ত্রী ছিলেন তিনি কিছু বক্রোক্তি করার চেষ্টা করে-ছিলেন। তার জন্য এই জবাবের প্রয়োজন আছে বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যাকোরডিং টু কনষ্টিটিউশান, আর্টিকেল নং ২০৫(বি) এখানে একটা

প্রভিশান আছে। আপনি তার সুযোগ নেওয়ার চেষ্টা করেছিলেন। যেহেতু এখানে এর সময় বেঁধে দেওয়া যায় না, যে কোন বছর বা যে কোন দিন আনা যায় এবং ধরুন এমনও হতে পারে শতাব্দীর শেষের দিকেও আনা যায় সেইহেতু আপনি এর সুযোগ নেওয়ার চেষ্টা করেছিলেন। মাননীয় অর্থ মন্ত্রীমহাশয় বিশিষ্ট অর্থনীতিবিদ তিনি বলেছেন পাবলিক এ্যাকাউণ্টস্ কমিটি বলেছে বলেই এটা এনেছি। আমি তার সামনে ২টি দৃষ্টান্ত আনতে চাই। মোটামুটি যে অপ্রশাসনিক ব্যবস্থা তাতে ওয়েষ্ট মিনিষ্টার স্টাইল সেখানে পর্যন্ত হাউস অফ কমন্সে একই সঙ্গে একসেস এক্সপেণ্ডিচার, এসটিমেটেড এক্সপেণ্ডিচার, এ্যাণ্টিসিপেটেড সাপলিমেণ্টারী এক্সপেনডিচার সেম বছরে আসে। সেইজন্য আমি ২৮তম এডিশান উল্লেখ করে আপনার দৃষ্টি গোচর করছি। Twenty eighth edition, page 752. In March the House also considers the amount, if any, by which the expenditure of any department in the previous financial year exceeded the amount of supply voted, including supplementary estimates, for that year. These so called "excess votes" are few in number. They represent a failure (may be a blameworthy failure) by a department to keep its expenditure.

[3-20—3-30 p m.]

অর্থমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে এটা অবৈধ খরচ হয়েছে এবং আমরা এটাকে বৈধ করতে চাইছি।

Within the limits of its income, in spite of the opportunities of presenting a supplementary estimate. It is because the excess expenditure has been incurred right at the end of the financial year—after the latest time for getting a supplementary estimate voted—that it has to be carried over and voted as a special excess vote in the following year. Thus the House is presented before the end of March with estimates relating to three separate financial years i.e. : (i) any excess for the previous year ; (ii) supplementaries for the closing months of the current yeır ; (iii) estimates (including interim provision) for the coming hear,

এখানে আর একটা বিষয় অবতারণা করছি যে আপনি অংশ গ্রহণ করেছিলেন বলে আমি কৃতজ্ঞ। সময় বলা নেই। সংবিধানের আর্টিকেল ২০৫ সময় বলা নেই। কিন্তু মেজ পার্লামেণ্টারী প্রাকটিসে ক্লিয়ার যে পরের বছরে আনা উচিত ছিল। লোক-সভায় একটা পি. এ. সি. আছে। এক্সেস এক্সপেণ্ডিচার তাদের স্ক্রুটিনিতে যায়। সেখানে একটা নজির ওরা স্থাপন করেছে।

Practice and Procedure of Parliament by Shri Kaul and Shakdher, page 698 ; In order to expedite the regularisation of excesses over grants, the Committee has recommended that the Comptroller and Auditor General should report these excesses to Parliament in advance of his Audit Peport on the Appropriation Accounts.

যদি এই ব্যবস্থা ৩টি গ্রহণ করা হয় তাহলে আজকে যে অবৈধ মঞ্জুরী করার জন্য এই হাউসের অনুমতি চাওয়া হয়েছে তার প্রয়োজন হয় না। ভক্তিবাবু বললেন

আমরা খরচ করেছিলাম। ১৯৬৯ সালের শেষে মাত্র ৯ কোটি টাকা আপনারা খরচ করেছেন। মুস্কিল হচ্ছে মানুষের উপরে টিকি থাকে। রবীন্দ্রনাথের ভাষায় হাত পা খালি ভুল করে। যে কাজ করে সে ভুল করে। তাই ভক্তিবাবুর মন্তব্য করা কি ঠিক হয়েছে ? আপনারা যুক্তফ্রণ্ট সরকার ১৯৬৭ সালে করেছিলেন। আপনারা দ্বিতীয় যুক্তফ্রণ্ট করে প্ল্যানের সর্বনাশ করেছিলেন, বাংলার সর্বনাশ করেছিলেন। You are the author of 36 lakhs unemployed youths, প্রথম যুক্তফ্রণ্ট আজকে লেফট ফ্রণ্টের পূর্বসূরী। দ্বিতীয় পরিকল্পনায় ছিল ১৫৪ কোটি টাকা। পরিকল্পনা কমিশন-এর যে ভিত্তি তাতে পরবর্তী পরিকল্পনায় দ্বিগুন হয়ে যায়। আমাদের তৃতীয় পরিকল্পনায় ৩০৫ কোটি টাকা হল। অর্থমন্ত্রী জানেন ২ বছর প্ল্যান হলিডে ছিল। ৪র্থ পরিকল্পনার বছরে আজকের যিনি মুখ্যমন্ত্রী তিনি তদানীন্তন অর্থমন্ত্রী ছিলেন। ৪র্থ পরিকল্পনার সাইজ ৬১০ কোটি টাকা হয়নি, ৩১৭ কোটি হয়েছিল। আপনি বললেন পরের ছেলে মানুষ করছি। নিজেরা তৈরী করতে পারেন না—You are so imbecile on the point of creation. আপনি তো মৎস মন্ত্রী ছিলেন আপনি জানেন সমুদ্রকে এক্সপ্লয়েট করার জন্য আমরা ৪টা ট্রলার এনেছিলাম। আপনি ৬ বছরে কটা কিনেছেন ? এত অপদার্থ আপনারা ? ওরা ভাইজাগে পাঠিয়ে দিলেন। You could not exploit the resources of Bay of Bengal. নিজেদের অপদার্থতা অন্যের উপরে চাপান উচিত নয়। অর্থমন্ত্রীর কাছে কৃতজ্ঞ যে তিনি উদাত্ত কণ্ঠে স্বীকার করলেন এক্সপেণ্ডিচার অবৈধ।

তার মানে কি আপনারা বলতে চাইছেন একটা বই যে চুরি করেছে সে চোর নয়, একটা র‍্যাক যে চুরি করেছে সে চোর ?

(Noise)

**Mr. Speaker:** Dr. Abedin, may I remind you that in the year 1969 the then government was removed by President's Rule.

(Noise)

**Dr. Zainal Abedin :** You cannot say so Sir. It was not removed.

(Noise)

**Mr. Speaker :** Dr. Abedin, do you mean to say that if a government could not do this within its tenure then it is incompetent ? Your government also could not do many things within the tenure. Do you mean to say that your government was incompetent ?

(Noise)

**Dr. Zainal Abedin :** You are wrong, Sir. That Government was not removed. Mr. Ajoy Mukherjee, the then Chief Minister termed that government as barbarous and savage. He resigned and the government failed due to lack of majority.

(Noise)

**Mr. Speaker :** You have developed this system. I have requested the Finance Minister so that this does not recur in future.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি যেটা মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই তিনি যেটা অবৈধ স্বীকার করেছেন, পার্লামেণ্টের যে নজীর আমি দিলাম যে কম্পট্রোলার এখানকার এ জি বেঙ্গল এ্যাডভার্স রিপোর্ট টু দি লেজিসলেচার দিতে পারেন কিনা, তা হলে লেজিস-লেটিভ কম্পিটেন্স লেজিসলেটিভ কণ্ট্রোল ওভার দি পাবলিক ফাইন্যান্স অন এক্সচেকার থাকে আর যদি আজকে ১৩ বছরের পোষ্টমর্টেম কেস আমাদের করতে হয় ইট মিন্‌স মিয়ার এ্যাপ্রুভ্যাল এণ্ড ফর্ম্যালিটি, এ রুটিন ওয়ার্ক ওনলি, সো ইট সুড বি ব্রট টু দি হাউস ইন দি নেকস্ট ইয়ার। এটা যদি না করেন তাহলে লেজিসলেটিভ কণ্ট্রোল ওভার দি পাবলিক ফাইনান্স হয় না, এটাই আমার আর্গুমেণ্ট। আমি মন্ত্রী প্রবরকে এই বিষয়ে অনুরোধ করব, এর বেশী বলার কিছু নেই। আজকে যে বিল উত্থাপন করেছেন এতে এ্যামেণ্ডমেণ্টের সুযোগ নেই, এ্যাপ্রোপ্রিয়েশান বিলে দেয়ার ইজ নো স্কোপ অব এ্যামেণ্ডমেণ্ট, তা না হলে আমি এ্যামেণ্ডমেণ্ট দিতাম। আমি শুধু এটা সতর্ক করে দিতে চাই একবার বলবেন আমরা ৬ কোটি টাকা ব্যয় করেছি, আপনারা ৫২ কোটি টাকা ব্যয় করেছেন—আমরা সৃষ্টি করেছি, হোয়াট ইজ ইওর ক্রিয়েশান ডিউরিং দ্যাট সিক্স এণ্ড হাফ ইয়ার—জিরো। সে কথা ছেড়ে দিন। আমি এই কথা বলে আজকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে এই পদ্ধতির পরিবর্তন হোক, উন্নতি হোক এবং মাননীয় অর্থনীতিবিদ অশোক মিত্র মহাশয় এই দিকে দৃষ্টি দেবেন এই আমার শেষ কথা।

**শ্রীভক্তি ভূষণ মণ্ডল ঃ** স্যার, আই ওয়াণ্ট টু সে এ ফিউ ওয়ার্ডস ইন দিস রেসপেক্ট। উনি যে কথাটা বললেন ঐ বইটা নিয়ে উনি সুপ্রীম কোর্টের যে রুলিং আছে সে সম্বন্ধে কিছু জানেন না। অবশ্য ওনার না জানাই স্বাভাবিক তার কারণ হচ্ছে উনি ওকালতি পড়েননি। যদি স্ট্যাটুটরী প্রভিসান থাকে তাহলে ইংলণ্ড বা লণ্ডন বা অন্য দেশের কোন প্রিসিডেন্স চলবে না এটা ওনার জানা উচিত। আমি বলে রাখলাম ফর ফিউচার এটা জেনে রাখবেন। আমি আবার বলছি স্ট্যাটুটরী প্রভিসান যদি কিছু থাকে ইণ্ডিয়ান স্ট্যাটুটে বা সর্বোচ্চ যে কনস্টিটিউসান অব ইণ্ডিয়ায় তাহলে যে কোন প্রিসিডেন্স সেটা হাউস অব লর্ডসের হোক সারা পৃথিবীর কোন জায়গার হোক সেটা চলবে না দিজ ইজ দি রুলিং অব দি সুপ্রীম কোর্ট এবং তারপর হতে ওটা আর ইউজ করা উচিত নয়, এটা হল আমার ১ নং কথা। আর উনি যে কথাটা বলতে চাইছেন আমার মনে হয় একটু যদি ডিসেণ্ট হন এবং টেষ্ট থাকে তাহলে আমি এখন মিনিষ্টার নেই, সেই ব্যাপারটা এখানে বলা উচিত নয়। কারণ, উনি যখন মিনিষ্টার ছিলেন না তখন আমি মিনিষ্টার থাকলেও আমি ওঁর বহু খারাপ জিনিস দেখেছি কিন্তু কোননিন মেনসান করিনি এবং সেটা করা উচিত নয়।

(গোলমাল)

[3-30—4-00 p.m. including adjournment]

**Dr. Zainal Abedin**: I must throw an open challenge to the utterances made by Mr. Bhakti Bhusan Mondal.

**ডাঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন সাহেব দুটি আলাদা মন্তব্য করেছেন। প্রথমে উনি হাউস অব কমনস্—এর একটি নজীর

টেনেছেন। হাউস অব কমনস্—এ কি হয় না হয় আমি তা জানি না। আমরা সাধারণতঃ মার্চ-এপ্রিল মাসে বাজেট পেশ করি। যে বছর শেষ হয়ে যায় সেই বছরে যদি নিয়মের, অধিকারের এবং অনুমতির বাইরে কিছু খরচ হয় তখন আমরা সাপলিমেণ্টারী বাজেট এনে সেটা পুরণ করার চেষ্টা করি। কিন্তু বর্তমান ক্ষেত্রে ৩/৪/৫ বছর পর ধরা পড়েই। ১৯৮২/৮৩ সালে যেটা নিয়ম বহির্ভূতভাবে খরচ হয়েছে সেটা ঠিক পরের বছরেই ধরা পড়ে না কারণ আমরা হিসেব পাই পরে এবং সেই জন্যেই এই সমস্যা দেখা দেয়। এটা ঠিক কথা, সময়ের ব্যবধান যত কম করা যায় তার ব্যবস্থা করা দরকার। কম্পট্রোলার এ্যাণ্ড অডিটর জেনারেল এবং পি এ কমিটির অভিমত আমাদের মানতে হয়। সমস্ত প্রণালীটা কিভাবে পরিবর্তন করা যায় সেই চিন্তা আমরা করছি। দ্বিতীয় কথা ডাঃ আবেদিন বলেছেন, "আমি স্বীকার করেছি এটা অবৈধ"। আমি এখানে শুধু একটা বিবৃতি রেখেছি। এতে স্বীকার করা কোথায় হল? উনি যদি "স্বীকার" কথাটা ব্যবহার না করতেন তাহলে আমার কোন আপত্তি ছিল না। এটাতো আমার দায় নয় কাজেই আমার স্বীকার করার প্রশ্ন এল কি করে? তবে আমরা যদি পাটিগণিত এবং ব্যাকরণ মানি তাহলে বলতে হবে সেটা অবৈধভাবে খরচ হয়েছে সেটাকে আমরা বৈধ করছি। যাহোক, আমার মনে হয় পুরাণ কাসুন্দি আর না ঘেটে এই ব্যাপারটার এখানেই শেষ হোক।

**শ্রীসরল দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এন ভি এফ-এর ৪ হাজার লোক তাদের এইজ রিলাকসেসনের জন্য এবং আরও বিভিন্ন রকম দাবী দাওয়ার জন্য বাইরে অপেক্ষা করছেন এবং তাঁরা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চান। আপনি অনুগ্রহ করে মুখ্যমন্ত্রীকে বলুন যাতে তিনি তাঁদের সঙ্গে দেখা করেন।

**মিঃ স্পীকার :** আপনারা হাউসের নিয়ম কানুন মানবেন তো। এখন একটা বিষয় নিয়ে আলোচনা হচ্ছে কাজেই এখন এসব কথা কি করে বলছেন?

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Appropriation (Excess Expenditure, 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3, Schedules I to III and preamble**

The question that clauses 1 to 3, schedules I to III and preamble do stand part of the bill, was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয় নিয়ে আলোচনা আর বাড়ান ঠিক নয় একথা সরকার পক্ষও স্বীকার করছেন। এবারে আমি মাননীয় সদস্য ভক্তিবাবুর কথার উত্তর দেব। তিনি আমার সম্বন্ধে বলেছেন, তিনি আমার অনেক কাজকর্ম দেখেছেন যেটা বলছেন না। এই সরকার গঠিত হবার পর তাঁরা যে ৫টি কমিশন বসিয়েছিলেন তার ৪টি কমিশন উঠে গেছে। তিনি আমার কি কি কাজকর্ম দেখেছেন।

**Dr. Zainal Abedin** : He had not mentioned it. He should have this decency. I throw him an open challenge—let him bring charges against me before the committee......Legislative control over the public finance. If any emergency comes it should be brought to the notice of the House after the report is available to the government.

এবার আমি অন্য কথায় আসি। "স্বীকার করা" এই যে কথাটা আমি বলে ছিলাম তাতে অর্থমন্ত্রী মহাশয় আপত্তি তুলেছেন। মন্ত্রীমহাশয় বলেছিলেন অবৈধভাবে যেটা খরচ হয়েছে আমরা তার বৈধকরণের চেষ্টা করছি—অর্থাৎ লেজিসলেটিভ কণ্ট্রোল ওভার দি পাবলিক ফাইনান্স। ইফ এনি ইমারজেন্সী কামস্ ইট স্যুড বি ব্রট টু দি নোটিশ অব দি হাউস আফটার দি রিপোর্ট ইজ এভেলেবেল টু দি গভর্ণমেণ্ট।

**শ্রীঅশোক মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটু বলি যে আমার স্বীকার করার কোন প্রশ্ন নাই—কারণ এই ব্যয় বরাদ্দের দায় আমার নয়। সুতরাং অতীতে একটা কিছু হয়েছে—তার মধ্যে আমি যেতে চাই না। সংবিধান অনুসারে অডিটার জেনারেল অনুরোধ করেছে, আমি সেই অনুরোধ পালন করছি। এখানে স্বীকৃতি বা অস্বীকৃতি কথা যদি বলি তাহলে অনেক পুরানো কিছু ঘাঁটতে হবে। আমি তা ঘাঁটতে চাই না।

( বিরতি )

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Appropriation (Excess Expenditure, 1968-69, 1969-70, 1970-71, 1971-72, 1972-73 and 1973-74) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

(At this stage the House was adjourned till 4 p.m.)

(After adjournment

[4-00—4-10 p.m.]

**শ্রীমনীন্দ্র নাথ বর্মন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২/৯/৮৩ তারিখের রাত আটটা থেকে ১৩/৯/৮৩-র সকাল ১০ পর্যন্ত সমগ্র কোচবিহার জেলায় প্রায় ৩২০ মিলিমিটার বৃষ্টিপাত হয়। এর ফলে জেলার পাঁচটি প্রধান নদীর, যেমন, কালজানী, রায়ডাক, গঙ্গাধর, ঘরঘরিয়া, তোর্ষা নদীর জল সমগ্র জেলাতে প্লাবন ডেকে আনে। আমার কাছে যে খবর আছে, তাতে এখনও পর্য্যন্ত প্রায় দুই লক্ষাধিক লোক ক্যাম্পে আছেন। তার মধ্যে তুফানগঞ্জ মহাকুমায় এক লক্ষ লোক ক্যাম্পে আশ্রয় নিয়েছেন। এখনও পর্য্যন্ত অনেককে উদ্ধার করা সম্ভব হয়নি। অবিলম্বে ত্রাণ, খাদ্য, বস্ত্র, ঔষধ, ত্রিপল, বেবিফুড' গো খাদ্য সামগ্রী পাঠাবার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। জেলা সদরের দুজন মারা গেছেন বলে খবর পাওয়া গেছে। প্লাবিত এলাকা হচ্ছে, তুফানগঞ্জের ২১টি গ্রাম সভা, সদর-১-এর আটটি গ্রাম সভা, সদর-২-এর ৬টি গ্রাম সভা, মাথাভাঙ্গার ৪টি গ্রাম সভা, শিতল মুচির কিছু এলাকা এখনও পর্য্যন্ত বিচ্ছিন্ন হয়ে রয়েছে। সমগ্র তুফানগঞ্জ ও সদরের দু-এর প্রতিটি এলাকাই সাংঘাতিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এমন কি কোচবিহার শহরে দুতিন ফুট জলের তলায়। শহরের এক নং ও ৩ নং ওয়ার্ডে দুজন মারা গেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, This House expresses its want of confidence in the Council of Ministers.

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ডাঃ আবেদিন নো কনফিডেন্স মোশন মুভ করেছেন, তাঁর সঙ্গে আমিও আছি, সুব্রত মুখার্জী এবং শ্রীমতি রেণু লিনা সুব্বাও আছেন। সুতরাং আমিও মুভ করছি, This House expresses its want of confidence in the Council of Ministers. স্যার, তার কারণ, কেন এই মোশন নিয়ে এলাম প্রশ্ন উঠতে পারে। আমরা গত বাজেট অধিবেশনে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছিলাম, সেই অনাস্থা প্রস্তাব আনার পরেও আমরা দেখছি পশ্চিম বাংলার কোন ইমপ্রুভমেণ্ট হয়নি। আমার প্রথম অভিযোগ হচ্ছে, সকল স্তরে, সর্বস্তরে এই সরকারের ব্যর্থতা। পশ্চিম বাংলাকে এই সরকার গত ৬ বছরে একটা দেউলিয়া রাজ্যে পরিণত করেছে, এটা হচ্ছে এক নং অভিযোগ। দু নং অভিযোগ হচ্ছে, আপনি জানেন, ল এ্যাণ্ড অর্ডারের যে প্রশ্ন, সেখানে এই পশ্চিম বাংলার আইন শৃঙ্খলা বলতে কোন বস্তু নেই। এখানে জংগলের রাজত্ব চলছে এবং এখানে মানুষের রক্তের মূল্য রুটির চেয়ে অনেক সস্তা। অর্থাৎ এখানে মানুষ খুন হলে, বিশেষ করে যদি কংগ্রেসের লোক খুন হয়, তার কোন বিচার হয় না এবং আমি দেখাবার চেষ্টা করবো যে আমাদের কর্মীরা খুন হয়েছেন এবং এই সরকারের পুলিশকে আসামীর নাম দেওয়া সত্বেও, এফ. আই. আর.-এ নাম দেওয়া সত্বেও তাদেরকে কখনও এ্যারেস্ট করা হচ্ছে না।

এবং মোটামুটিভাবে গোটা পশ্চিম বাংলায় আজকে এই অবস্থা চলেছে। আমর খুন করে থাকলে সেখানে সরকার যদি কোন ব্যবস্থা না নিতে পারে তাহলে সেটা এই সরকারের দুর্বলতা। খুন যেই করুক না কেন, কংগ্রেস, সি. পি. এম., আর. এস. পি., সি. পি. এম. আর. এস. পি.-কে খুন করুক—আমার কথা হচ্ছে খুন ইজ খুন, যিনি খুন করবেন তিনি এর জন্য দায়ী থাকবেন এবং তার জন্য ল উইল টেক ইটস ওন কোর্স, আইন তার রাস্তা নেবে। কিন্তু এখানে দেখা যাচ্ছে আইন কতিপয় ব্যক্তির হাতে চলে গেছে। অর্থাৎ আজকে যারা রাষ্ট্র চালাচ্ছে তার মধ্যে প্রধান শরিক হচ্ছে সি. পি. এম. পার্টি, তাদের প্রত্যেকে থানায় গিয়ে এমন কি এম. পি. পর্যন্ত থানায় গিয়ে সমস্ত কিছু কণ্ট্রোল করছে। আজকে চোর, ডাকাত এই ধরণের লোকেরা এসে আশ্রয় নিয়েছে। যে খুন করেছে, লুঠ করেছে সে সি. পি. এম. পার্টিতে আশ্রয় নেবার ফলে প্রশাসন, পুলিশ কিছু ব্যবস্থা নিচ্ছে না। তারপর আর একটি অভিযোগ হচ্ছে সর্বস্তরে দুর্নীতি ছেয়ে গেছে। এমন কি মন্ত্রীদের মধ্যেও দুর্নীতি ছেয়ে গেছে। স্যার, আপনি জানেন কালকে আমাদের মুখ্য সচেতক একটি সাংঘাতিক অভিযোগ নিয়ে এসেছেন মুখ্যমন্ত্রী এবং তার ভাগ্নে অমল দত্তের বিরুদ্ধে। তার আগে যতীন চক্রবর্তীর বিরুদ্ধে চার দফা অভিযোগ এনেছিলেন। যতীন চক্রবর্তীর নাম বলতেই আর. এস. পি. হৈচৈ করতে আরম্ভ করে দিয়েছে। আমি যখন মুখ্যমন্ত্রীর নাম করছিলাম তখন তারা চুপচাপ বসেছিলেন। স্যার, বিভিন্ন স্তরে আজকে দুর্নীতি দেখা দিয়েছে এবং পঞ্চায়েতের মাধ্যমে এই দুর্নীতি আরো ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। এই সরকার পশ্চিম বাংলাকে একটা রোগগ্রস্ত, দুর্নীতিগ্রস্ত রাজ্যে পরিণত করেছে। পরশুদিন একটা প্রশ্নের উত্তরে লেবার

মিনিস্টার বলেছেন ১৯৭৭ সালে ১২ লক্ষ বেকার ছিল, সেই বেকার বাড়তে বাড়তে আজকে ৩৬ লক্ষে পরিণত হয়েছে। এই বেকার সমস্যা সমাধানের কোন লক্ষ্য নেই। বেকার ভাতা দিয়ে বেকার সমস্যার সমাধান হয় না। আজকে ৩৬ লক্ষ রেজিস্টার্ড বেকার রয়েছে। এটা আপনাদেরই দেওয়া তথ্য। এটাই হল এই সরকারের একটা বড় ব্যর্থতা। সর্বস্তরে ব্যর্থতা থাকার ফলে এই সরকার জনগণের দাবী, সমস্যা মেটাতে পারছে না বলেই ২৮ তারিখে বন্ধ ডেকেছেন। তারা বলছেন এর জন্য আমরা দায়ী নই, এই ব্যর্থতার জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ চালানোর জন্য এই সরকার রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত বন্ধ ডেকেছেন। এই যে বন্ধ ডাকা হয়েছে এর জন্য সাধারণ গরীব মানুষের কোন উপকার হবে না, এতে পশ্চিম বাংলার উৎপাদন ব্যাহত হবে এবং কয়েক হাজার কোটি টাকা নষ্ট হবে। এই সরকার নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য বন্ধ ডেকেছেন। ক্ষমতায় থেকে যে সরকার পশ্চিম বাংলায় বন্ধ ডাকতে পারে আমি নিশ্চয় বলতে পারি সেই সরকারের একদিনও গদিতে থাকার অধিকার নেই। আজই এই সরকারের চলে যাওয়া উচিত। এই বন্ধ ডেকে কৃষক, মজুর, শ্রমিকদের কোন লাভ হবে? এর দ্বারা উৎপাদন বাড়বে? যারা দিন আনে দিন খায় তাদের কি হবে? যে লোক ছোট্ট ব্যবসা করে তার কি লাভ হবে? এই যে বন্ধের ডাক দিয়েছেন এর দ্বারা কি গরীব মানুষের কিছু লাভ হবে? সব চেয়ে মারাত্মক ব্যাপার হল পশ্চিম বাংলার ১॥/২ হাজার কোটি টাকার উৎপাদন ব্যাহত হবে এবং এই এক দিনের বন্ধ ডাকার ফলে কয়েক কোটি টাকার উৎপাদন নষ্ট হয়ে যাবে। একেই তো ওরা উৎপাদন করতে পারছে না, তারপরে আবার যেটুকু উৎপাদন হচ্ছে সেটাও এই বন্ধের ফলে নষ্ট হয়ে যাবে। এই সব বিভিন্ন অভিযোগ এই সরকারের বিরুদ্ধে আছে। তাই আমরা এই প্রস্তাব নিয়ে এসেছি। আমি জানি না হাউস কি করবে—হাউস কি করবে তাও জানি। কিন্তু তবুও আমি বলছি এই সরকার ভাঁওতা দিয়ে জনগণের ভোট নিয়েছে এবং এই সরকার জনগণের সমস্যার সমাধান করতে ব্যর্থ হয়েছে।

[4-10—4-20 p. m.]

এবারে আমি একে একে দেখাবো কি ভাবে এই সরকার পশ্চিমবাংলাকে দেউলিয়া করছে। আমি যে হিসাবগুলি দিচ্ছি সেগুলি অডিটার এ্যাণ্ড কম্পট্রোলার জেনারেলের রিপোর্ট এবং ইকনমিক রিভিউতে যা বেরিয়েছে তারই ভিত্তিতে দেব। আপনারা এর থেকে দেখুন সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার কি অবস্থা। ওঁরা বলেছেন, আমরা ইনটারন্যাল রিসোর্সেস অনেক মবিলাইজ করেছি। কংগ্রেস আমলে যা হয়েছে তার চেয়ে বেশী হয়েছে আমি স্বীকার করছি কিন্তু সেটা স্বাভাবিক কারণেই হয়েছে। এখন আপনারা সেই টাকাটা কোন খাতে ব্যয় করেছেন? সেই টাকাটা আপনারা পরিকল্পনা বহির্ভূত খাতে ব্যয় করেছেন এবং তার ফলেই আজকে এই শনির দশা পশ্চিমবঙ্গে নেমে এসেছে। আপনারা হাসপাতাল বাড়ান আমাদের আপত্তি নেই, শিক্ষা খাতে টাকা বাড়ান আমাদের আপত্তি নেই কিন্তু আপনারা কি করেছেন? আজকে হাসপাতালগুলির অবস্থা কি? কটা হাসপাতাল আপনারা বাড়িয়েছেন? আর যে সমস্ত হাসপাতাল আছে

সেগুলিই বা আপনারা কি ভাবে চালাচ্ছেন ? আজকে রোগীদের কাছে আর হাসপাতাল নয়, সেগুলি যমালয়ে পরিণত হয়েছে, মানুষ সেখানে গিয়ে কোন চিকিৎসা পায় না। মফঃস্বলের হাসপাতালগুলিতে গিয়ে দেখুন সেখানে চরম দুরাবস্থা চলছে। ঔষধ চুরি ও নানান রকমের অব্যবস্থার ফলে হাসপাতালগুলি আজকে যমালয়ে পরিণত হয়েছে। হয়েছে। আজকে সুইপাররা হাসপাতাল চালাচ্ছে, কম্পাউনডাররা হাসপাতাল চালাচ্ছে এবং এইভাবে আপনারা আজকে হাসপাতালগুলিকে যমালয়ে পরিণত করেছেন। তা ছাড়া আমি রিপোর্ট থেকে দেখাবো হাসপাতালের টাকা সেও আপনারা খরচ করতে পারেননি, এডুকেশানের টাকা সেও খরচ করতে পারেননি এবং এইভাবে আমি দেখাবো প্রতিটি স্তরে অব্যবস্থা রয়েছে। আপনারা রিসোর্স মবিলাইজ করে প্ল্যান খাতে সেই টাকা ব্যয় করতে পারেননি। ৩ হাজার ৫শো কোটি টাকার ষষ্ঠ পরিকল্পনা, ৪ বছরে তার যে খরচ দেখা যাচ্ছে ১৯০৭·১৭ কোটি টাকা, তারমধ্যে কেন্দ্রীয় সরকার দিয়েছে ১৬০০·৩৯ কোটি টাকা মোট সেণ্ট্রাল আউটলে আপটু মার্চ '৮৪। ৩ হাজার ৫০০ কোটির মধ্যে ৪ বছরে যদি ১৯০৭ কোটি টাকা ব্যয় হয় তাহলে ১৬০০ কোটি টাকা থাকে, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি আগামী এক বছরে ১৬০০ কোটি টাকা রিসোর্স মবিলাইজ করে খরচ করতে পারবেন ? আজকে যদি ৩ হাজার ৫০০ কোটি টাকা খরচ করতে পারতেন তাহলে আগামী সেভেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে ৩ হাজার ৫০০ কোটি টাকার জায়গায় ৭ হাজার কোটি টাকা পেতেন। এটা যদি হ'ত তাহলে মাথাপিছু প্ল্যান বাজেট বাড়তো। আপনারা বলেছেন মাথাপিছু প্ল্যান বাজেট কম, দ্যাট ইজ নট দি সিসটেম, সেখানে মাথাপিছু কমের কারণ সেণ্ট্রাল গভর্ণমেণ্ট নয়, তার কারণ হচ্ছে বর্তমানের পশ্চিমবঙ্গ সরকার। এই সরকার বলছি এই কারণে যে ৩ হাজার ৫০০ কোটি টাকার যে পরিকল্পনা সেখানে আপনারা রিসোর্সেস ঠিকমত মবিলাইজ করতে পারেননি। Between 1980-81 and 1983-84 actual plan outlay was Rs. 1907.17 crores—centrally administered resources accounted for Rs. 1600.39 crores and the State's own resources for the plan outlay for the period between 1980-81 and 1983-84 originally estimated to be 1,028.40 crores.

কিন্তু আজ পর্যন্ত সেখানে ৩০৬ কোটি ৭৮ লক্ষ টাকা আপনারা দিয়েছেন, যেখানে ১ হাজার ২৮ কোটি টাকা দেবার কথা, যেটা প্লান বাজেট। আপনারা নন প্লান বাজেটে খরচ করছেন। মাননীয় অশোক মিত্র মহাশয় বলেছেন যে তিনি গর্বিত। আমরা গর্ব করার জন্য বলছি না, আরো গর্ব করুন। আমরাও গর্বিত। কিন্তু গর্ব করার কারণ কি ? আপনি প্লান বাজেটে যতক্ষণ ঠিক ঠিক মত খরচ করতে পারবেন না ততক্ষণ মাথাপিছু ইনকাম বাড়তে পারে না। আপনি মাথাপিছু বাজেট ঠিক রাখুন, আপনি রিসোর্স মোবিলাইজ করুন। আপনি হাসপাতাল সব জায়গায় লেস করলেন। স্কুল বাড়িয়েছেন সেটা ভাল কথা। কিন্তু কয়টা স্কুল হয়েছে ? কয়টা বিল্ডিংস হয়েছে ? কয়টা ছেলে এ্যাডভান্সমেণ্ট অব লিটারেসি পড়ছে ? আপনি নিজে স্বীকার করেছেন যে কিছু বাড়েনি। আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। যে পরিমাণ টাকা করেছেন সেই পরিমাণ কিছুই বাড়েনি। ন্যাশান্যাল ইনকামের ব্যাপারে আসুন।

১৯৭০-৭১ সালকে যদি বেস ইয়ার ধরা হয় তাহলে দেখা যাবে যে নেট আউটপুট ১৯৭৭-৭৮ সালে ছিল ৪৪০৬২ কোটি টাকা। ১৯৮১-৮২ সালের গোটা ভারতবর্ষের কথা বলছি, ৪৯৮৮৭ ক্রোরস ইনক্রিজড বাই ১৩.২২ পার সেণ্ট। আর ওয়েস্ট বেঙ্গলে ইনকামের নেট আউটপুট হচ্ছে ১৯৭৭-৭৮ সাল ৪ হাজার কোটি টাকা, আর ১৯৮১-৮২তে ৩ হাজার ৯৭৭ কোটি টাকা অর্থাৎ ডিক্রিজড বাই ১.৫০ পার সেণ্ট। সারা ভারতবর্ষে যখন ন্যাশানাল ইনকাম বাড়ছে তখন পশ্চিমবঙ্গে কমছে। অন্যান্য জায়গায় তো সি. পি. এম. আসেনি। আপনি বলবেন যে আমাদের সীমিত ক্ষমতা কিন্তু গভর্ণরের মাধ্যমে আপনারা বলেছিলেন যে এমন সমন্বয় স্থাপন করবেন যাতে সকলে সুখে-শান্তিতে থাকে। কিন্তু আজকে ন্যাশান্যাল ইনকাম কেন কমছে? শুধু তাই নয়, ১৯৭৭-৭৮ সালে গোটা ভারতবর্ষের কথা বলেছি। এবারে পার ক্যাপিটা নেট আউটপুট কত সেটা দেখুন। ইণ্ডিয়াতে পার ক্যাপিটা নেট আউটপুট ১৯৭৭-৭৮ সালে ১৬৯.৮, আর ১৯৮১-৮২-তে ২১৩.৭ অর্থাৎ ইনক্রিজড বাই ৩.৫০ পারসেণ্ট। আর ওয়েস্ট বেঙ্গলে পার ক্যাপিটা নেট আউটপুট হচ্ছে ১৯৭৭-৭৮ সালে ১০০.৯ আর ১৯৮১-৮২ সালে ৯০.৬ ডিক্রিজড বাই ৯.৩৭। সুতরাং গোটা ভারতবর্ষে যখন আমাদের পার ক্যাপিটা, ইনকাম বাড়ছে ইনক্লুডিং বিহার, উড়িষ্যা, তখন আমাদের পশ্চিমবঙ্গে কমছে। যখন গোটা ভারতবর্ষের ফিগার নেওয়া যাচ্ছে তখন বাড়ছে। ১৯৭০/৭১ সালকে যদি বেস ইয়ার ধরা যায় তাহলে দেখাযাবে যে ইণ্ডিয়াতে ডিউরিং দি পিরিয়ড ১৯৭৭-৭৮ টু ১৯৮০-৮১ ইনক্রিজড বাই ৩-৫০ যেটা আমি বলেছি ফ্রম রুপিস ৬৯৫ টু ১৯৭৭-৭৮ টু ৭২০ ইন ১৯৮১-৮২। অর্থাৎ ১৯৭৭-৭৮ সালে ৬৯৫ কোটি টাকা ছিল পার ক্যাপিটা ইনকাম গোটা ভারতবর্ষের এবং সেখানে ১৯৮১-৮২ সালে ৭২০ কোটি টাকা হয়েছে। আর ডিউরিং দি সেম পিরিয়ড পশ্চিমবঙ্গের অবস্থা যা তাতে ডিক্রিজড বাই ৯.৩২ পারসেণ্ট। অর্থাৎ সেখানে ৭৯৪ কোটি টাকা ছিল ১৯৭৭-৭৮ সালে সেটা নেমে এসেছে ৭২০ কোটি টাকায়। সুতরাং পার ক্যাপিটা ইনকাম গোটা ভারতবর্ষে বাড়ছে, আর পশ্চিমবঙ্গে কমছে। অথচ আপনারা বলছেন যে পশ্চিম বাংলাকে সুজলা সুফলা শষ্য শ্যামলা করে তুলবেন।

[4-20—4-30 p.m.]

এর পরে ইণ্ডাস্ট্রির দিকে আসুন। ইণ্ডাস্ট্রিয়াল প্রোডাকসনের ক্ষেত্রে ১৯৭০ সালকে বেস ইয়ার যদি ধরা হয় তাহলে index number has increased by 19% আর industrial production 138.3 in 1977 to 164.6 in 1981 এইটা বেড়েছে, কিন্তু পশ্চিম বাংলায় কি হয়েছে? পশ্চিমবাংলায় has decreased by 1.23% from 121.9 in 1977 to 120.4 in 1981 সুতরাং আমরা ইণ্ডাস্ট্রির ক্ষেত্রে দেখতে পাচ্ছি, অন্য জায়গায় বাড়ছে, আর এখানে কমছে এবং এইভাবে এখানে প্রত্যেকটা জিনিষের উৎপাদন কমছে।

পাওয়ারের ক্ষেত্রে আসুন। বিদ্যুৎ নিয়ে অনেক কথা হয়েছে। আজকে পশ্চিম-বাংলার অর্থনীতিকে যদি কেউ পঙ্গু করে দিয়ে থাকে তাহলে তাহচ্ছে বিদ্যুৎ। বিদ্যুতের অভাবে, লোড সেডিং-এর ফলে পশ্চিমবাংলায় কি কৃষি, কি ইণ্ডাস্ট্রি, সর্বত্র বিপর্যয়

দেখা দিয়েছে। পাওয়ার ইনস্টলেসন বেড়েছে, কিন্তু জেনারেসন কমেছে। কি ভাবে ? Over the period between 1978-79 to 1980 81 the installation capacity of electricity is claimed to have increased by 12.26% from 17,32.6 thousand K. W. in 1978-79 to 1945.16 thousand K. W. in 1980-81. সুতরাং ইনস্টলড্ ক্যাপাসিটি বেড়েছে, কিন্তু জেনারেসন নেই। Actual power generation has however falled by 5·44%. এ্যাকচুয়াল পাওয়ার জেনারেসন কমেছে, অথচ ইনসটলড্ ক্যাপাসিটি বাড়ছে। শুধু এই অবস্থায়ই নয়, বিদ্যুৎ ঘাটতির ফলে উৎপাদন ব্যাহত হচ্ছে বছরে দেড় হাজার কোটি টাকার। ( সরকার পক্ষ থেকে একটি ধ্বনি ঃ—আনন্দবাজার থেকে বলছেন। ) আনন্দবাজার থেকে বলতে যাব কেন ? আমি ফিগার দিয়ে বলছি। ইকনমিক রিভিউতে এই সমস্ত ফিগার আছে। আর যদি আনন্দবাজারই হয়, তাতেই বা কি হয়েছে ? আনন্দবাজারের ওপর আপনাদের এত রাগ কেন ?

আজকে প্রতিটি ক্ষেত্রে এই জিনিষ চলছে। এই সরকার প্রতিটি ক্ষেত্রে ফেল করেছে। এখন আসুন স্যার, Central investment to public sector projects in West Bengal. এটা ইনক্রিসড্ হয়েছে ১৯৭৮ থেকে ৮৩'তে। ২৫টি নতুন প্রোজেক্ট হয়েছে। ২৫টি নতুন সেণ্ট্রাল প্রোজেক্টস হ্যাভ স্যাংসণ্ড ইন ওয়েষ্ট বেঙ্গল এবং যাতে ইনভেষ্ট হয়েছে ৮৬০ কোটি টাকা। এবং সিক ইণ্ডাষট্রি যেটা আছে, সিক ইণ্ডাষট্রিস ইন দি ষ্টেট অফ ওয়েষ্ট বেঙ্গল, তারা received on an average 83 percent from the industrial re-construction corporation. সুতরাং পশ্চিম বাংলাকে কেন্দ্র দেখতে পারে না, পশ্চিম বাংলার প্রতি কেন্দ্র বিমাতৃসুলভ মনোভাব দেখাচ্ছে, এসব কথা বলা উচিত নয়। এসব সত্য নয়। পশ্চিম বাংলা টাকা পাক তা আমরা চাই এবং তাকে আমরা সমর্থন করি। কিন্তু পশ্চিম বাংলায় টাকার সেই টাকা নিয়ে যদি এই সরকার দান-খয়রাতি করে সব বিলিয়ে দেয়, তাহলে তা সদ্ব্যবহার হওয়া দরকার। আমরা সমর্থন করিতে পারি না। এই সরকার এগ্রিকালচার সেক্টরকে একদম শেষ করে দিয়েছে। এটা শুধু আমার কথা নয়। এই সরকারের মন্ত্রী কমল গুহ কি বলছেন দেখুন।

কমল গুহ মহাশয় এবার জলপাইগুড়িতে এক কৃষক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে বামফ্রণ্টের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে বলেছেন, 'সব ব্যাপারে দিল্লিকে দোষারোপ করলে চলবে কেন। নিজেদের দোষ তো দেখতে হবে। কথায় কথায় ভিক্ষার ঝুলি হাতে নিয়ে দিল্লির দোরে গিয়ে চাই চাই করলে চলবে না, নিজেদের কিছু করতে হয়। এই অবস্থা চলছে। আপনি জানেন স্যার, যে আমাদের অর্থনীতির মূল যে কৃষি—এখানে বিশ্ববিখ্যাত অর্থনীতিবিদ আছেন, তিনি কি বলবেন জানিনা—তবে আমি মনে করি পশ্চিমবঙ্গে অন্ততপক্ষে কৃষিটাই হচ্ছে মূল অর্থনীতির ভিত। কৃষি যদি অবহেলিত হয় কৃষির উৎপাদন না বাড়ে তাহলে—আপনারা যেখানে হাত দেবেন দেখবেন ভাল নয়, সর্বক্ষেত্রে প্রত্যেকটি ব্যাপারে আজকে উৎপাদন কমছে। আজকে আসুন, আপনাদের ১৯৭৫-৭৬ সালে যেটা এরিয়া অফ সিরিয়েলস্ বেস ক্রপ ছিল ১১২.১৮ সেটা ১৯৮১-৮২ সালে—১৯৭৫-৭৬ সালে আপনারা জানেন তখন আমরা ছিলাম দোষ দেন আর যাই

দেন—সেটা এখন ডিক্লাইণ্ড টু ১৯৮১-৮২ ১০১'৩৮। সুতরাং এরিয়া অফ সিরিয়েলস কমে গেল, আপনি ইকনমিক রিভিউতে ৩৫ পেজে দেখবেন। প্রোডাকসান কমেছে। ১৯৭৫-৭৬ সালে সিরিয়েল প্রোডাকসান, আমি পয়েণ্টস হিসেবে বলছি ১১৩'৬৭ ছিল, সেখানে ১৯৮১-৮২ সালে ডিক্লাইণ্ড টু ৯০'৩৭, তাহলে ১১৩'৬৭ থেকে ৯০'৩৭ নেমে যাচ্ছে। কেবল প্রোডাকটিভিটি নয়, উৎপাদন যা হয় সেখানে দেখা যাবে প্রোডাকটিভিটি কমছে। ১৯৭৫-৭৬ সালে ১০১'৩৮ আর ১৯৮১-৮২তে সেটা ৮৯'১৪ পারসেণ্ট কমেছে। এটা আমি ইকনমিক রিভিউ থেকে বলছি। আপনি আসুন প্রোডাকসান অফ প্রিন্সিপ্যাল ক্রপ সেটা কি হয়েছে? চালের দর আজকে ৫ টাকা। যখন দু টাকা ছিল তখন বলতেন আমরা করেছি। যখন ৫ টাকা তখন কেন্দ্র যখন বাড়ছে তখন কেন্দ্র, আর যখন সস্তা হয় তখন আমরা এই হচ্ছে আপনাদের নীতি। ১৯৭৯ সালে টোটাল গ্রেন ছিল ৮০ লাখ ৪৪ হাজার ৫০০ মেট্রিক টন, ফুড গ্রেন প্রোডাক্সান ১৯৭৮-৭৯। আর ১৯৭৯-৮০ সালেতে সেটা নেমে হল ৭০ লাখ ৬২ হাজার ১০০ মেট্রিক টন। ১৯৮১-৮২তে ৬৫ লাখ ৫০ হাজার মেট্রিক টন, ১৯৮২-৮৩তে গত বছরে আরও নেমে ৫৫ লাখ হল। ১৯৭৬-৭৭এ সেখানে টারগেট ৯০ লাখ ছিল প্রোডাকসান হয়েছিল ৮৭ লাখ মেট্রিক টন। দেখুন কমতে কমতে কি হয়েছে? আপনারা যখনই আসেন আপনারা তো ভগবান মানেন না, তবে দুটো ভগবান আপনারা মানেন সেটা হচ্ছে খরা ভগবান আর বন্যা ভগবান।

[4-30—4-40 p.m.]

এই খরা বন্যা সব সময়েই ভগবান আপনাদের দিচ্ছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে—আপনারা জানেন যে ইরিগেশন ব্যবস্থা যেখানে আছে সেখানে গম উৎপন্ন হয়। এখানে ক্ষুদ্র সেচ মন্ত্রী বসে আছেন। আমরা যে বছর চলে যাই, ১৯৭৬-৭৭ সাল,—সেই বছর ১১'৫০ লক্ষ টন গম হয়েছিল। কিন্তু বর্তমানে তা ৩'৫০ লক্ষ টনে নেমে এসেছে। অথচ আপনারা বলছেন পশ্চিমবাংলাকে শস্যশ্যামলা করেছেন! পশ্চিমবঙ্গে আজ যে কৃষির এই অবস্থা হয়েছে সেটা এই খাতে টাকা কাটার জন্যই হয়েছে। শুধু তাই নয়, হাউসের ক্ষেত্রে দেখুন। ১৯৭৬-৭৭ সালে যেখানে হয়েছিল ৯ লক্ষ টন, সেখানে ১৯৮০-৮১ সালে হয়ে ৫ লক্ষ টন, ১৯৮১-৮২ সালে হয়েছে ৬ লক্ষ টন। আজ শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল সব শেষ হয়ে গেছে। আজকে আমি বলছি এই সব ব্যর্থতা ঢাকবার জন্য আজকে তাঁরা ২৮শে সেপ্টেম্বর বন্ধ ডেকেছেন। আমি বলছি এই বন্ধ দুর্ভাগ্যজনক। আজকে সেমিনার হোক। আজকে পশ্চিমবাংলাকে যে টাকা দেওয়া হয়েছে আমরা, কংগ্রেসীরা যখন ক্ষমতায় ছিলাম তার থেকে বেশী টাকা দিয়েছে কেন্দ্রীয় সরকার। সেই টাকা নিয়ে এঁরা আজকে পঞ্চায়েতের মাধ্যমে যেভাবে টাকা চুরি করছে—সেই দুর্নীতির ফলেই আজকে পশ্চিমবাংলার এই অবস্থা। আজকে পরিকল্পনা খাতে টাকা ব্যয় না করে, উৎপাদনমুখী পরিকল্পনায় টাকা ব্যয় না করে পরিকল্পনা বহির্ভূত ক্ষেত্রে টাকা এঁরা ব্যয় করছেন। যদি মাথা পিছু উৎপাদন বাড়াতে চান তাহলে আপনাদের বাজেটে সিক্সথ ফাইভ ইয়ার্স প্ল্যানের টাকা পরিকল্পনা খাতে ব্যয় করুন। তবে গ্যাডগিল ফর্মুলা অনুযায়ী কেন্দ্রীয় সরকার এক টাকা দিলে আপনাদেরও

এক টাকা ব্যয় করতে হবে, এই সূত্র অনুযায়ীই আপনাদের ব্যয় করতে হবে। ডাঃ অশোক মিত্র নিজের এলাকায় হেরে গিয়ে অন্য জায়গা থেকে নির্বাচিত হয়ে ফিরে এসেছেন। তাঁকে ধন্যবাদ দিচ্ছি তিনি আজ গর্বিত। কিন্তু আপনি দয়া করে একবার হাসপাতালগুলিতে যান, দেখতে পাবেন যে টাকা খরচ করে কি উপকার করেছেন। আজ রোগী ওষুধ পাচ্ছে না সেখানে। আজ আর সেগুলো হাসপাতাল নেই, যমালয়ে পরিণত করেছেন আপনারা। আজকে আপনাদের সামনে কেবল ২৮শে সেপ্টেম্বর। আজকে ওঁরা বেকার সমস্যা সম্পর্কে কোন কথা বলছেন না। এখানে মিনিষ্টার ইন চার্জ লেবার রয়েছেন। আমাদের সামনে ৩.৬.১৯৭৭ সালে যেখানে রেজিষ্ট্রিকৃত বেকারের সংখ্যা ছিল মাত্র ১২,০৬,১১৭, সেখানে আজকে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৬,৮৪,০০০-তে। কিন্তু আজকে ওঁরা বেকার সমস্যা সমাধানের কথা কিছুই বলছেন না। শুধু তাই নয়, আমি আর একটি উদাহরণ দিচ্ছি। এ কথা স্বয়ং আর. এস. পি. মন্ত্রী মহাশয় বলেছেন। শ্রীননী ভট্টাচার্য্য মহাশয়কে আমরা একজন সৎ ব্যক্তি হিসাবেই জানি। তিনি বলেছেন যে আজকে ল এ্যাণ্ড অর্ডারের প্রশ্ন আছে পশ্চিমবঙ্গে। আমার কাছে হিসাব আছে নোটিফিকেশনের পর ১৭জন কংগ্রেস কর্মী খুন হয়েছেন। আমার কাছে তাঁদের নামও আছে। কংগ্রেস কর্মীদের রক্ষা করবার কোন ব্যবস্থাই হয়নি। আমি একটি চিঠি পড়ে শোনাচ্ছি। ননীবাবু দিয়েছিলেন মাননীয় মুখ্যমন্ত্রীকে।

"Our supporters and workers were mercilessly beaten by the C. P. I. (M) men in the presence of the police who arrived much later after the incident. Moreover, our men were arrested on false charges and not the murders. Considering the seriousness of the matter, I thought it fit to draw your attention to the state of affairs. Among the attackers were ten and/or 15 others who pass themselves as C. P. I. (M) men. But most of them have a shady past. Some of them are facing charges of murder and dacoity in the past, according to police records. Such an incident of house-raiding, turning the house into a rubble and looting is not only inhuman but its result is bound to be serious and far-reaching."

This is the letter written by Shri Nani Bhattacharya.

স্যার, আমার আর সময় নেই, আমার আরো অভিযোগ ছিল। আমি যে সমস্ত অভিযোগগুলি করেছি এবং আমার পরের বক্তারা যে সব অভিযোগগুলি করবেন তার জন্য এই সরকারের আর গদি আটকে থাকা উচিত নয়। আমার সবচেয়ে বড় যেটা অভিযোগ সেটা হলো এই সরকার পশ্চিমবাংলাকে দেউলিয়া এবং শ্মশানে পরিণত করেছে। এই সরকারের আমলে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বলে কোন বস্তু নেই। এই সরকারের আমলে পশ্চিম বাংলায় চুরি ডাকাতির হারবারে পরিণত হয়েছে। তাই এই সরকারের এক দিনও গদি আটকে থাকা উচিত নয়। এই সরকারই আবার বন্ধ ডেকেছে।একদিনও এই সরকারের থাকা উচিৎ নয়, এখনই চলে যাওয়া উচিৎ।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্যার, আমার একটা পয়েণ্ট অফ অর্ডার আছে। মাননীয় সদস্য সাত্তার সাহেব আলোচনার সময় অডিট রিপোর্টের রেফার দিয়ে বলেছিলেন। আমি বলেছিলাম যে অডিট রিপোর্ট এখানে প্লেস হয় এবং তার সঙ্গে সঙ্গে সেটা রিপোর্ট

হয় পি. এ. সি.-তে এবং অডিট রিপোর্ট নিয়ে কোন আলোচনা হবে না till the report is examined by the Public Accounts Committee and the report is placed by the Committee on the floor of the House. সেইদিন আলোচনার সময় জয়নাল সাহেব জানতে চেয়েছিলেন যে কোথায় এটা আছে। আমি সেটা এখানে পড়ে দিচ্ছি। পারলামেনটারী প্রসিডিয়োর ইন ইণ্ডিয়া বাই এ. আর. মুখার্জী থেকে পড়ে দিচ্ছি। উনি তো পি. এ. কমিটির চেয়ারম্যান, তাই আমি এটা তুলে দিচ্ছি। Although there is no specific rule for the discussion of the report of the Public Accounts Commitee, there are rules which provide that no discussion on the accounts of the State shall take place until the Public Accounts Committee is reported its findings.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অমলেন্দ্রবাবু একটা রেফারেন্স তুলে বললেন যে ডিসকাসন করা যায় না। সাত্তার সাহেব এই পয়েণ্টে ডিসকাসন করেননি, শুধু রেফার করেছেন মাত্র। উনি যে রেফার করতে পারেন না সেটা কোথাও নেই। সাত্তার সাহেব যেটা করেছেন সেটা ঠিকই করেছেন। উনি ডিসকাসন করেননি। হি ক্যান রেফার এনি ম্যাটার।

**মিঃ স্পীকার ঃ** In course of debate if something is referred that is also part of discussion. I shall show you tomorrow from May's Parliamentary Practice.

[4-40—4-50 p.m.]

**শ্রীশ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় স্পীকার স্যার, বিরোধীদলের নেতা মাননীয় আবদুস সাত্তার সাহেব দীর্ঘ সময় ধরে অনাস্থা প্রস্তাবের সমর্থনে বক্তব্য উপস্থাপিত করছিলেন। সাত্তার সাহেব খুবই দক্ষ বিতার্কিক সন্দেহ নেই। আমি বিধান সভায় আসার পর থেকে তাঁর বিতর্ক শুনে আসছি। তিনি খুবই সুন্দরভাবে তাঁর বক্তব্যের বিষয়গুলি উপস্থাপিত করে থাকেন, যা কিছু অস্বচ্ছ তাকে স্বচ্ছ, যা কি অসরল তাকে সরল করে উপস্থাপনার দিক থেকে তাঁর মত বিতার্কিক বোধ হয় খুব কমই আছেন। তিনি সারাক্ষণ ধরে যে বক্তৃতা করলেন, তা থেকে বোঝা গেল পশ্চিমবাংলা যেন সারা ভারতবর্ষের মধ্যে একটা রাজ্য নয়, পশ্চিমবাংলা বুঝি ভারতীয় যুক্তরাষ্ট্রের বাইরে কোন একটা রাজ্য। পশ্চিমবাংলাকে যে ভারত যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক কাঠামোর মধ্যে দিয়ে চলতে হয়, আমরা যে ওঁদেরই সৃষ্ট অর্থনীতির মধ্যে দিয়ে চলছি, এই সহজ সত্যটিকে খুব সুচতুর বাকচাতুর্যের প্রয়োগে পাশ কাটিয়ে চলে গেলেন। বিরোধী দলের নেতা পাশ কাটিয়ে গিয়ে বুঝিয়ে দিতে চেয়েছেন—কতকগুলো অভিযোগ, একটা ভাঙা রেকর্ড প্লেয়ারকে বারে বারে বিধানসভার চার দেয়ালের মধ্যে একই সুর ধরে, একই বক্তব্য উৎথাপিত করে অনাস্থা প্রস্তাব উৎথাপিত করেছেন। এবারের অনাস্থা প্রস্তাব এখানে নিয়ে আসা হয়েছে ঠিক তখন, যখন পশ্চিমবাংলার বুকে মাত্র দিন আগে পঞ্চায়েতের নির্বাচন হয়ে গিয়েছে। ওঁরা ভেবেছিলেন, ভারতবর্ষের অন্য কয়েকটি

রাজ্যে ওদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী নির্বাচনের মাধ্যমে যেমনভাবে বাস্তুঘুঘুদের ফিরিয়ে আনতে সক্ষম হয়েছিলেন, সেইভাবে পশ্চিমবাংলার বুকেতেও বাস্তুঘুঘুদের ফিরিয়ে আনতে পারবেন পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে। কিন্তু পশ্চিমবাংলার মানুষ বিগত দিনের অভিজ্ঞতার প্রেক্ষাপটের কথা চিন্তা করে পঞ্চায়েত নির্বাচনে ওঁদের প্রতি অনাস্থা জ্ঞাপন করেছেন। গ্রাম বাংলার মানুষ পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বুঝিয়ে দিয়েছেন—'তুমি ঘুঘু দেখেছ, কিন্তু ফাঁদ দেখনি।' পশ্চিমবাংলার মানুষ পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে ওঁদেরই পাতা ফাঁদে ওঁদের নেতাকে পুরে ফেলেছেন। সারা পশ্চিমবাংলার মানুষের কাছে ওঁরা মুছে গিয়েছেন। গ্রাম বাংলা তথা পশ্চিমবাংলার সর্বস্তরের মানুষের কাছে যখন ওঁদের প্রতি অনাস্থার ছাপ স্পষ্ট হয়ে গিয়েছে, ঠিক তখনই বিধানসভার এই চার দেওয়ালের মধ্যে ওঁরা অনাস্থা প্রস্তাব এনে, পশ্চিমবাংলার মানুষ ওঁদের প্রতি আস্থা জ্ঞাপন করেছেন এবং আমাদের প্রতি অনাস্থা জ্ঞাপন করেছেন, এরকম একটা দৃষ্টান্ত স্থাপনের ব্যর্থ চেষ্টা করছেন। কারণ ওঁরা ভাল ভাবেই বুঝতে পেরেছেন যে, পশ্চিমবাংলার মানুষের কাছে ওঁদের প্রকৃত অবস্থা কি। সেই অসহনীয় অবস্থার ও মানসিক ভারসাম্যহীনতার বোঝা আমাদের ঘাড়ে চাপাতে চাইছেন এই চার দেওয়ালের বিধানসভার বুকে অনাস্থা প্রস্তাব উত্থাপন করার মধ্য দিয়ে। এখানে ওঁরা যত বেশী চীৎকার চেঁচামেচি করুন না কেন, এই দেওয়ালের বাইরে তাকিয়ে দেখলে আসল চিত্র ধরা পড়বে। কাজেই, পশ্চিমবাংলার বামফ্রণ্টের সমর্থনে কোটি কোটি মানুষ যেখানে একতাবদ্ধ, ওঁদের দিকে মুখ তুলে একবারও তাকায় না, সেখানে চার দেওয়ালের মাঝখানে মুষ্টিমেয় কয়েকজন এম. এল. এ., যারা মানুষের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছে, এখানে বসে বারে বারে একই কথার পুনরাবৃত্তি করা ছাড়া অন্য কোন উপায় আছে বলে মনে হয় না। সেজন্যই ওঁরা এখানে বসে একই সূত্র ধরে চীৎকার, চেঁচামেচি করে চলেছেন। মাননীয় আবদুস সাত্তার সাহেবের মত বক্তৃতা করার দীর্ঘ সময় বরাদ্দ নেই বা অবকাশ নেই। গত কয়েক বছর, ১৯৭৭ সাল থেকে ক্ষমতায় আসার পর লক্ষ্য করেছি, কংগ্রেসী গুণ্ডাদের নির্দ্দেশে আমাদের বামপন্থী সমর্থকদের খুন করা হয়েছে এবং আমরা তা কাগজে ছাপিয়ে বাংলার মানুষকে জানিয়ে দিয়েছি। আমরা কিছু লুকিয়ে রাখি না বা সাত্তার সাহেবের মত ব্যাগের মধ্যে রেখে বাইরে চীৎকার, চেঁচামেচি করি না। ওঁদের বহু সমর্থক খুন হয়েছে বলে, লিষ্টকে ব্যাগের মধ্যে পুরে রেখে যখন বারে বারে চীৎকার করে মানুষকে নিরর্থক বোঝাতে চেয়েছেন এখানে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই, সেই সময়ে আমাদের মুখ্যমন্ত্রী যখন নিজে ওঁদের কাছে লিষ্ট চেয়েছিলের, তখন কিন্তু দেখাতে পারেন নি। আমরা ওঁদের মত ব্যাগের মধ্যে পুরে রেখে চেঁচাই না, কাগজে ছাপিয়ে মানুষের কাছে প্রচার করে দেই, সত্যকে প্রকাশ্যে তুলে ধরার সৎসাহস আমরা রাখি। কিন্তু ওঁরা তা কখনও পারেন না।

যখন বললাম লিস্ট দিন তখন ওরা চুপ করে যায়, আজ পর্যন্ত সেখানে কোনলিস্ট জমা পড়ে নি। এমন কি ১৯৮৩ সালের ১৯ মে থেকে এখন পর্যন্ত আমাদের বামপন্থী দলের ৬৬ জন লোককে খুন করা হয়েছে আর ইন্দিরা কংগ্রেসীর খুন হয়েছে ১১ জন। তারমধ্যে আবার নিজেদের দলের মধ্যে সংঘর্ষের ফলেই এই খুন হচ্ছে। কোথাও

সুব্রত মুখার্জীর বা কোথাও সোমেন মিত্রের দলের মধ্যে সংঘর্ষের ফলে এই পরিণতি হচ্ছে। পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নেই ওরা যে বললো তারজন্য আমি কোন প্রমাণ দেওয়ার দরকার বলে মনে করি না। আমি গণশক্তি-পত্রিকার কথাও বলবো না বা আমি মুখ্যমন্ত্রীর জ্যোতিবসুর বক্তব্যও উদ্ধৃত করবো না। কেন্দ্রীয় সরকারের প্রকাশিত হোম ডিপার্টমেণ্ট, স্বরাষ্ট্র দপ্তরের রিপোর্ট দেখলে দেখা যাবে যে সেখানে বলেছে আইন-শৃঙ্খলা সম্পর্কে। There have been vident communal incidence in Behar, U. P., Gujarat, Karnataka, Tamil Nadu, Kerala. কিন্তু সেখানে কোথাও পশ্চিমবঙ্গের নাম নেই অথচ পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য সব রাজ্যের মোটামুটি নাম আছে। একটি কেন্দ্রীয় সরকারের প্রচারিত এটি আমাদের কোন কথা বললাম না। রাজ্যসভার প্রশ্নোত্তরকালে স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রীকে জিজ্ঞাসা করা হয়েছিল ভারতবর্ষের কোথায় কতজন হরিজন হত্যা হয়েছে। তিনি যখন হরিজন হত্যার লিস্ট দিলেন তখন দেখা গেল সারা ভারতবর্ষে ৪৯৬ জন হরিজন হত্যা হয়েছে ১৯৮২ সালের অক্টোবর মাস পর্যন্ত। তিনি বহু রাজ্যের নাম করলেন কিন্তু পশ্চিমবঙ্গের নাম তিনি উচ্চারণ করতে পারলেন না। কারণ গত কয়েক বছরে একজনও হরিজন হত্যা হয়নি এই পশ্চিমবঙ্গে। অথচ সাত্তার সাহেব বললেন যে পশ্চিমবাংলা আজকে জঙ্গলের রাজত্বে পরিণত হয়েছে। আমি শুধু বলতে চাই তাঁদেরই নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যেখানে দিল্লী শহরে আছেন সেই দিল্লী শহরের অবস্থাটা কি সেটা কি তাদের দৃষ্টি গোচর হয় না। আপনারা বলছেন যে পশ্চিমবঙ্গে জ্যোতি বাবুর সরকারকে পদত্যাগ করা উচিত, এক-দিনও আর ক্ষমতায় থাকা উচিত নয়, আমিও সেইজন্য সাত্তার সাহেবকে চ্যালেঞ্জ করে বলছি এবং এই বিধানসভায় দাঁড়িয়ে বলছি যে কারণে আজকে আমাদের সরকারের পদত্যাগ করা উচিত সেই একই কারণে আগে মিসেস গান্ধীর পদত্যাগ করা উচিত। কি হচ্ছে দিল্লীতে আপনাদের দৃষ্টিতে আসছে না? প্রত্যেকদিন সেখানে ৭-৮টি করে, অপরাধমূলক কাজ হচ্ছে, খুন হচ্ছে অথচ আপনারা সেখানে নীরব আছেন। ১৯৮২-৮৩ সালের হিসাব অনুসারে শিশুহরণ এবং খুন হয়েছে ৯৩৬টি, এ ছাড়া নারী ধর্ষণ, মানুষের উপর অত্যাচারের কথা তো এখানে উল্লেখ করলাম না। আপনারা আইন-শৃঙ্খলার কথা বললেন—কয়েকদিন আগে কি ঘটনা ঘটেছে মালদহ জেলায়। মালদহের শান্ত নিবীড় ছোট্ট পাম এই মালোপাড়া যেখানে শান্তিপ্রিয় মানুষের বাস, সেই শান্তিপ্রিয় মানুষের উপর কি বর্বর অত্যাচার আপনারা করেছেন? সেখানের কয়েকজন মানুষকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে এবং সুসংগঠিতভাবে এবং সুপরিকল্পিতভাবে এই গ্রামের ১১জনকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। সেই ১১ জন মানুষের রক্তে মালদহের মাটি লাল হয়ে গেল। সেখানে কে উসকানি দিয়েছিলেন—আবুল বরকত আতাউর গণিখান চৌধুরী। তার উসকানিতেই এতবড় একটা হত্যাকাণ্ড সংগঠিত হয়েছিল। শুধু তাই নয় মালদহের এই নৃশংস হত্যায় যখন সমগ্র ভারতবর্ষ স্তম্ভিত এবং গোটা পশ্চিমবঙ্গ ধিক্কার দিচ্ছে সেই সময়ে কেন্দ্রীয়মন্ত্রী এ. বি. এ. গণিখান চৌধুরী বললেন এটা গণহত্যা নয়, এটা গণ অভ্যুত্থান।

**মিঃ স্পীকার ঃ** এ্যাকোরডিং টু রুল কোন মেম্বার যখন তিনি সদস্য থাকেন না তার নাম উল্লেখ করা যায় না। আপনি কেন্দ্রীয়মন্ত্রী বলতে পারেন কিন্তু কোন নাম উল্লেখ করবেন না।

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি সব শুনলাম, আপনি যখন রুলিং দিচ্ছেন যে কোন মেম্বার সদস্য না থাকলে তার নাম উল্লেখ করা উচিত নয় তখন আমার প্রশ্ন হচ্ছে লিডার অফ দি অপজিশান যখন অমল দত্তের নাম উল্লেখ করলেন—হি ইজ নট ইন দি হাউস তার ক্ষেত্রে কিছু বললেন না কেন ?

**মিঃ স্পীকার ঃ** ওটা এক্সপাঞ্জ হবে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আমি আউট সাইড দি হাউস বলেছি এবং এটা আমি বলতে পারি।

[4-50—5-00 p.m.]

আমরা দেখছি এতে উল্লাস প্রকাশ করা হয়েছে। এটা হচ্ছে গণ অভ্যুত্থান। গণ অভ্যুত্থান কাকে বলে সেটি একটু ইতিহাসের পাতা থেকে দেখে নিন। সেখানে তাঁদের শেষ পরিণতি কি হয়েছিল। হিটলারকে আত্মহত্যা করতে হয়েছিল। মুসোলিনীর মৃতদেহের উপর দিয়ে লোকে চলে গিয়েছিল পদাঘাত করে। ওরা ইতিহাসের একটা পাতা পড়েন, অপর পাতা থেকে শিক্ষা গ্রহণ করেন না। ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বামফ্রন্ট কর্মীদের যে খুন করা হয়েছিল তার একটিরও বিরুদ্ধে পুলিশে কেস দায়ের করা হয় নি। ওরা যদি অনাস্থা প্রস্তাব পাশ করাতে পারেন তাহলে এখানে কি ঘটনা হতে পারে সেটা আমরা পুরানো দিনের অভিজ্ঞতা থেকে বলতে পারি। সাত্তার সাহেবকে বলছি আমাদের বঞ্চনা করা হয়েছে। তিনি পরিসংখ্যান দিয়ে বলেছেন সেণ্ট্রালি অ্যাডমিনিস্টার রিসোর্স থেকে পশ্চিমবাংলাকে বেশি দেয়া হয়েছে এবং বলেছেন ১২১৪ কোটি ৭০ লক্ষ টাকা। তিনি একটু বলেছেন, আর একটু বলেন নি। আপনারা জানেন যুধিষ্ঠিরকে এক সময়ে মিথ্যা কথা বলতে হয়েছিল। তিনি বলেছিলেন 'অশ্বথামা হত', ইতি গজটা আস্তে বলেছিলেন। সাত্তার সাহেব হয়ত সর্বদাই সত্য কথা বলেন, অসত্য কথা বলতে আটকে যায় বলে বললেন" অশ্বথামা হত ইতি গজটা বললেন আসতে। তিনি বললেন সেণ্ট্রালি অ্যাডমিনিস্টার রিসোর্স বেশি দেয়া হয়েছে। আমি বলছি বেশি দেয়া হয়েছে কিন্তু তার নীচে স্টার মার্ক করে বলা আছে প্রনব বাবুর প্রেস কনফারেন্স করে বলা আছে সেণ্ট্রালি অ্যাডমিনিস্টার রিসোর্স-এ কি বলছে না মার্কেট বরোয়িং। পশ্চিমবঙ্গ সরকার মার্কেট থেকে যে ধার নেয় সেটা কেন্দ্রীয় সরকার দেয় না। নিগোসিয়েট লোন, মিড টার্ম লোন, ডেফিসিট অন আর, বি আই ইত্যাদি সব পশ্চিমবঙ্গ সরকার নিগোসিয়েট করে নেয়। এর জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি নিতে হয়। ওরা বলছেন সবটাই সেন্ট্রালি অ্যাডমিনিস্টার রিসোর্সেস। আমি এ বিষয়ে ২।১ টা উদাহরণ দেবো। ওর কথার জবাব দিয়ে দেখাব ইণ্ডাসট্রিয়াল ফিন্যান্স কর্পোরেশান অফ ইণ্ডিয়া মহারাস্ট্রে ৩১ কোটি, গুজরাটে ৪৮ কোটি, অন্ধ্রপ্রদেশে ২৬ কোটি, সেখানে পশ্চিম-বাংলাকে দিয়েছেন ৬ কোটি টাকা। তবুও বলছেন পশ্চিম বাংলাকে বেশি দেয়া

হয়েছে। আই. ডি. বি. আই মহারাষ্ট্রকে ১৯৪ কোটি টাকা, গুজরাটকে ১৮৯ কোটি টাকা, তামিলনাড়ুকে ২৫১ কোটি টাকা, অন্ধ্রকে ১০০ কোটি টাকা, উত্তর প্রদেশকে ৯১ কোটি টাকা এবং সেখানে পশ্চিমবাংলাকে দেওয়া হয়েছে ৬২ কোটি টাকা। অঙ্কের হিসেবে ৬২ কম না ২৫০ বেশি? ওদের যাঁরা দিল্লীতে আছেন তাঁরা মাঝে মাঝে সত্য কথা বলেন, না হলে প্রিভিলেজে দেওয়া হবে। এ বিষয়ে আমি গণশক্তির পরিসংখ্যান দেবো না, স্টেটসম্যান পত্রিকা থেকে বলি।

স্টেটসম্যান পত্রিকায় ২২শে আগস্ট বেরিয়েছে প্রণব মুখার্জী চিৎকার করছেন তোমরা আভ্যন্তরীন সম্পদ সংগ্রহ করতে পারনি। আমাদের পশ্চিমবঙ্গের মন্ত্রীসভা থেকে বলা হচ্ছে আমরা যা করছি এর উপর বেশী করব না, কারণ, তা করলে দেশের সাধারণ মানুষের উপর আরো বেশী করে কর ধার্য করতে হবে। তা সত্বেও করা হয়েছে। ইণ্টারন্যাল রিশোর্সেস আভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ করা হয়েছে। কি করা হয়েছে—"Mr. Mukherjee accepted the claim made by Mr. Ashok Mitra, West Bengal's Finance Minister that in the last few years West Bengal's additional resource mobilisation had been nearly highest of all the States" এবং বলে তিনি বলছেন, মানে প্রণব মুখার্জী বলেছেন অশোক মিত্র যে দাবি করেছেন সেই দাবি আমি গ্রহণ করছি। সেই দাবি হল আভ্যন্তরীন সম্পদ সংগ্রহে সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ হচ্চে সর্বোচ্চ। এই কথা বলে তিনি বলছেন আই মাস্ট প্রেজ দেম ফর ইট, আমি এরজন্য নিশ্চয়ই তাঁদের প্রশংসা করব। এই কথা প্রণব মুখার্জী বলেছেন, আর এঁরা চিৎকার করছেন যে আভ্যন্তরীন সম্পদ আমরা সংগ্রহ করছি না। মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে পশ্চিমবঙ্গ থেকে আমরা রাজ্যের হাতে আরো ক্ষমতা দেবার দাবি করছি। আমরা যে ২৮ তারিখে বন্ধের আহ্বান করেছি পশ্চিমবঙ্গের বামপন্থী দলের পক্ষ থেকে ওঁরা বলছেন ওঁরা জানেন না। আমাদের বক্তব্য কি—আমাদের বক্তব্য সহজ এবং সরল। সাত্তার সাহেব বলছিলেন পশ্চিমবঙ্গের মানুষের জন্য যদি অনেক বেশী দেওয়া হয় তাহলে তিনি সমর্থন করবেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে ওঁদের দলের কেন্দ্রীয় সরকার যখন পশ্চিমবঙ্গ সরকারকে তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করেন তখন ওঁরা উল্লাসে চিৎকার করেন। পশ্চিমবঙ্গের জনগণের প্রতি এই যে বিশ্বাসঘাতকতা এটা কোনদিন কেউ করতে পারেনি একমাত্র মির্জাফর ছাড়া। কেন্দ্রীয় সরকার ২ হাজার ৫ কোটি টাকা পশ্চিমবঙ্গ থেকে রাজস্ব সংগ্রহ করে কিন্তু পশ্চিমবঙ্গকে তার মধ্যে দেয় ৬শো কোটি টাকা। স্যার, আমরা এসেছি ১৯৭৭ সালে, ১৯৬৫ সাল থেকে ওঁরা ছিলেন, কিন্তু ১৯৬৫ সালের পর থেকে পশ্চিমবঙ্গের জন্য কোন ভারী শিল্প ওঁরা করতে পারেন নি। ওঁরা বিদ্যুত ঘাটতির কথা বলেছেন, আমি বলব ওঁদের পার্লামেণ্ট থেকে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজাধ্যক্ষ কমিশন বিদ্যুৎ সংক্রান্ত যে রিপোর্ট দিয়েছেন তাতে বলা হয়েছে দুই হাজার সালে সারা ভারতবর্ষে মোট বিদ্যুৎ ঘাটতির পরিমাণ হচ্ছে ৫ হাজার মেগাওয়াট। এটা আমাদের কথা নয়। মিঃ স্পীকার, স্যার, আমি বলি যে আমরা কেন কেন্দ্র-রাজ্য সম্পর্ক সম্পর্কে এত বেশী কথা বলতে চাই। এটা শুধু পশ্চিমবঙ্গের কথা নয়, পশ্চিমবঙ্গ,

বিহার, উড়িষ্যা, আসাম, ত্রিপুরা সমস্ত রাজ্যের কথা। ও'রা জানি আতঙ্কিত হবেন। সংসদীয় রাজনীতিতে আজ আমরা আছি, আগামীকাল ও'রা আসতে পারেন, কিন্তু সমস্ত রাজ্যগুলি যাঁরা পরিচালনা করছেন তাঁদের সকলেই একই অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে এবং অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে বলেই অষ্টম অর্থ কমিশনের কাছে সমস্ত কংগ্রেস ( আই ) শাসিত রাজ্যগুলি আরো বেশী ক্ষমতার দাবি করেছে এবং মিঃ জগন্নাথ মিশ্র, বিহারের মুখ্যমন্ত্রী, তাঁকেও শেষ পর্যন্ত ঠুঁটো জগন্নাথ হয়ে বিদায় নিতে হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আমরা পশ্চিমবঙ্গে ২৮ তারিখে যে বন্ধ আহ্বান করেছি এই বন্ধ আমাদের নিজস্ব কোন সিদ্ধান্ত নয়, গত সাধারণ নির্বাচনের সময় পশ্চিমবঙ্গের বামপন্থী দলের পক্ষ থেকে আমরা মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়ে ছিলাম যদি পশ্চিমবঙ্গ তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হয় তাহলে পশ্চিমবঙ্গের মানুষ তার বিরুদ্ধে আন্দোলন পরিচালনা করবে। আমরা আমাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছি, তাই নির্বাচনের প্রতিশ্রুতি মেনে নিয়ে ২৮ তারিখে সমস্ত বাংলা বন্ধ পালন করছি।

[5-00—5-10 p;m.]

পশ্চিমবাংলার মানুষের বিরোধিতা করার সাহস যদি এঁদের হয়ে থাকে তাহলে আমি বলব, দয়া করে পশ্চিমবাংলার মানুষের বিরোধিতা করবেন না। আপনারা কি সমুদ্রের গর্জন শুনতে পাচ্ছেন না? মনে রাখবেন কেন্দ্রীয় সরকারের অবিচারের বিরুদ্ধে সমুদ্রের প্রবল তরঙ্গের মুখে কংগ্রেসকে ভেসে যেতে হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্যামলবাবু যখন নো কনফিডেন্স মোসনের বিরুদ্ধে বক্তব্য রাখছিলেন তখন আমার মনে পড়ছিল শিউড়ির বড়বাগানে একটি বাউড়ি ফ্যামিলির অভিভাবক নিজ হাতে নিজ হাতে তার ৩জন ছোট ছোট বাচ্চাকে কুচি কুচি করে কেটে তারপর নিজে গলায় দড়ি দিয়ে ঝুলেছেন এবং চিঠি লিখে জানিয়েছেন, জেলা পরিষদের সভাপতি, বি. ডি. ও. ডি. এম. প্রত্যেকের দরজায় হানা দিয়েছি ৪ কে. জি. জি. আর.-এর জন্য কিন্তু এই সরকারের প্রশাসন আমাকে সেই ৪ কে. জি. জি. আর. দেয়নি। স্যার, অনাহারের জ্বালায় বাউড়ি ফ্যামিলির ৪ জন লোক শেষ হয়ে গেল।

**Mr. Speaker :** Dr. Abedin, my attention has been drawn to certain rules that the members of the Assembly cannot refer the name of any person who is not a member of this House. But Shri Chattaraj is referring the names of certain persons. This is not right.

(Noise)

**Dr. Zainal Abedin :** (At this stage Dr. Abedin rose to speak but nothing was heard due to noise and interruption)

**Mr. Speaker :** I only ask you to observe the rules. Shri Chattaraj refers the name of certain persons, Those names will be expunged.

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্য বলেছেন, অমুকের কাছে গেছে, তমুকের কাছে গেছে এবং সেসব কথা তিনি লিখে গেছেন। এসব কথা বলা যায় না—ইট উইল বি এক্সপাঞ্জড।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এতদিন দেখেছি বক্তব্য রাখবার সময় সরকার পক্ষের সদস্যরা বাধা দিয়েছেন। কিন্তু আজকে স্পীকার মহাশয় বাধা দিচ্ছেন দেখে খুবই দুঃখ পেলাম।

**মিঃ স্পীকার ঃ** এটাও এক্সপাঞ্জড হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এইভাবে যেখানে বাউড়ি ফ্যামিলির লোকেরা পৃথিবী থেকে চলে গেল তখন সি. পি. এম. সদস্যের ওইসব কথা শুনে আমি আশ্চর্য হলাম।

স্যার, নো কনফিডেন্স মোসন সম্বন্ধে আলোচনা করার আগে আমি অন্য একটি কথা বলতে চাই। যেখানে স্নেহাংশু আচার্যের মত লোক কমিউনিস্ট, জ্যোতি বসুর মত লোক কমিউনিস্ট, সোমনাথ চ্যাটার্জীর মত লোক কমিউনিস্ট এবং ধনীর দুলাল অমল দত্তের মত লোক কমিউনিস্ট সেখানে কমিউনিজম-এর চেহারা এর চেয়ে বেশী কিছু আশা করা যায় না। আমি ভেবেছিলাম শ্যামলবাবু গরীব মানুষদের কথা বলবেন, অনাহারে যারা মরছে তাদের কথা বলবেন। আজ ফরওয়ার্ড বুক এবং আর. এস. পি. দল যেটা বলছে শ্যামলবাবু সেটা স্বীকার করবেন এটা আমি আশা করেছিলাম। আমি জানি না রিগিং করে সরকারে এসে শ্যামলবাবুরা এখন কি ভাবছেন। ইণ্ডিয়ান কন্সটিটিউসনের আর্টিকেল নাইনটিন যাঁরা মানছেন না, ফাণ্ডামেণ্টাল রাইটস্ যাঁরা পশ্চিমবাংলায় পদদলিত করছেন তাঁরা আগামী দিনে আর্টিকেল থ্রি ফিফটিসিক্স-এর জুজুর ভয় দেখছেন কিনা জানি না। আমি পশ্চিমবাংলার মানুষের তরফ থেকে বলছি আজকে মাননীয় সদস্য আমাদের বিরোধী দলের নেতা আবদুস সাত্তার এবং জয়নাল আবেদিন, সুব্রত মুখার্জী এই সরকারের বিরুদ্ধে নো-কনফিডেন্স মোসন এনেছেন সেটা মুষ্টিমেয় কমিউনিষ্ট পার্টির লোক তা সমর্থন করেন না কিন্তু পশ্চিমবাংলার খেটে খাওয়া মেহনতী মানুষ সাধারণ মানুষ মধ্যবিত্ত মানুষ, মেজরিটি মাস যারা আজকে সি. পি. এম.-এর অত্যাচারে জর্জরিত কোন এ্যাডমিনিষ্ট্রেসনের হেল্প পাচ্ছে না, তারা আজকে নো-কনফিডেন্সের সমর্থক কিনা সেটা একবার বাইরে গিয়ে কান পেতে শুনুন। আজকে ঐসব মানুষের প্রশ্ন যে ইন্দিরা গান্ধী জ্যোতির সরকারকে কেন জিইয়ে রেখেছে। গ্রামে গঞ্জে যান সেখানে এই সব কথা শুনতে পাবেন। আপনারা ষ্ট্যাটাসটিক্স নিয়ে দেখুন। ওঁরা হয়তো বলবেন সরকারের উপর পুরো আস্থা আছে এবং আস্থা আছে বলেই তারা আজকে তাদের নির্বাচিত করেছে। আমি ষ্ট্যাটাসটিক্স দেবো এবং আমাদের দলনেতাও ষ্ট্যাটাসটিক্স দিয়েছে। এ্যাডমিনিষ্ট্রেসন কেমন চলছে মাননীয় অর্থমন্ত্রী আছেন নিশ্চয় তাঁর কিছু নজরে আছে। উনি তো নদী সাগর সব কত কথা বলে গেলেন। উনি বলেছেন কেন্দ্র পশ্চিমবাংলাকে টাকা দিচ্ছে না। একটা ঘটনা জানাই দুর্গাপুর ৬নং ইউনিট ১২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করে। ঐ ডি. পি. এল-কে কেন্দ্রের এনারজি মিনিষ্টারের কাছে হিসাব পাঠাতে হয়। ডি. পি. এল-এর অথরিটিকে ডিরেক্টলি পাঠাতে হয়। এখন দেখছি ডি. পি. এল. কেন্দ্রীয় এনারজি মিনিষ্ট্রারকে যে হিসাব পাঠিয়েছে এবং মাননীয় অর্থমন্ত্রী যে হিসাব দিয়েছেন তার মধ্যে ৭ কোটি টাকার ফারাক। এই রকম বিভিন্ন ৭ কোটি ১০ কোটি ১২ কোটি টাকার ফারাক সেখানে কেন্দ্রে কেন সঙ্কুচিত হবে না? কেন্দ্র চিন্তা করবে না? যে টাকা বামফ্রণ্ট সরকারকে দিচ্ছি

সেই টাকা ঠিকমত খরচ করছে কিনা দেখবে না? এই রকম সব হিসাব দেখিয়ে টাকা সব নয়ছয় করছে তছনছ করছে। পাণ্টের কথা বলছেন। কিন্তু এই এ্যাড-মিনিষ্ট্রেসন কি রকম চলছে। এই যে এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট—অর্থ মন্ত্রী নিশ্চয় জানেন কি অবস্থা সেখানে। হোয়াই দিস এ্যাডমিনিষ্ট্রেশন। এই রকম প্রতিটি জায়গায় হচ্ছে। সাঁওতালদি, কোলাঘাট, প্রতিটিতে কিছু পরিমাণ কেন্দ্রীয় সাহায্য আছে - কিন্তু প্রতিটি জায়গায় হিসাবের গোলমাল।

[5-10—5-20 p.m.]

প্রতিটি জায়গায় দেখা যাচ্ছে কেন্দ্র যে ভাবে টাকা দিচ্ছে, সেই টাকা তছনছ হচ্ছে। কি ভাবে হচ্ছে, আপনি নিশ্চয়ই জানেন। শ্যামলবাবু যে কথা বললেন, হ্যাঁ, কেন্দ্র বলেছে রেভিনিউ অত্যন্ত ভাল হয়েছে পশ্চিমবাংলার, আমি মেনে নিলাম, হ্যাঁ, রেভিনিউ কালেকশন অত্যন্ত ভাল হয়েছে পশ্চিমবাংলায়। কিন্তু সেই রেভিনিউ কালেকশনের পর সেটা ব্যয় কিভাবে হয়েছে, আন-প্রোডাক্টিভ ওয়েতে হয়েছে—আপনারা কি হাসপাতাল করেছেন, স্কুল করেছেন, আপনারা নতুন কোন ইণ্ডাসষ্ট্রি করেছেন? কিছুই করেন নি। আপনারা সরকারী কর্মচারীদের মাইনে বাড়িয়েছেন, বোনাস দিয়েছেন, আলিমুদ্দিন ষ্ট্রীটের ক্যাডারদের—এই ৪০ হাজার ক্যাডার, ৪০ হাজার ঠ্যাংগাড়ে বাহিনী সৃষ্টি করার জন্য—যেমন বিদ্যুত রক্ষী বাহিনী নামে ৫০ হাজার ঠ্যাংগাড়ে বাহিনী করার পরিকল্পনা করেছেন, এই ভাবে টাকা অপব্যয় করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিনয়ের সঙ্গে আমি বলছি, এই সরকার, যে সরকার আজকে কেন্দ্রের টাকা নিয়ে তছনছ করছে, যে টাকা ওরা আনপ্রোডাক্টিভ ওয়েতে খরচ করছে, সেই সরকারের উপর আস্থা থাকা উচিত কি উচিত নয়, মুষ্টিমেয় বিধানসভার সদস্য, আমরা তো বলবোই, পশ্চিমবাংলার মানুষ বলবে কি না দেখতে হবে। সরকার কেমন চলছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিনয়ের সঙ্গে সেই সম্পর্কে বলবো, মাননীয় কমলবাবু, মাননীয় যতীনবাবু, এঁদের বিরুদ্ধে অনেক কথা বলা হয়েছে। কিন্তু আমরা জানি, বর্তমান এই সরকারের আমলে ডি. এম. এবং এস. পি., ব্রিটিশ আমল থেকে জেলায় যাঁরা একটা নিরপেক্ষ এ্যাডমিনিষ্ট্রেশন দেবার চেষ্টা করে আসছে, সেই ডি. এম. এবং এস. পি. দের কি হয়েছে? তাঁরা বর্তমানে জেলা পরিষদের হেড এ্যাসিষ্ট্যাণ্ট রূপে কাজ করছেন। এমন এমন ঘটনা আমি জানি, ডি. এম. এবং এস. পি. তাঁরা তাঁদের স্বাধীন সত্তা হারিয়ে ফেলেছে। এ্যাডমিনিষ্ট্রেশন চালানোর ক্ষমতা তারা হারিয়ে ফেলেছে। এই রকম পঙ্গু অবস্থা করে দিয়েছে ঐ জ্যোতি বোস। মিঃ স্পীকার স্যার, এই অনাস্থা প্রস্তাবের সমর্থনে আমার বলার অনেক তথ্য ছিল, আপনি প্রথম থেকেই লাল লাইট জ্বালিয়ে দিলেন। আমি একটা কথা বলি, আজকে পুলিশ শাসন ব্যবস্থার একটা উদাহরণ দিই। যেখানে নিরপেক্ষ পুলিশ অফিসাররা মানুষের স্বাধীনতা রক্ষার জন্য, ইণ্ডিয়ান কনষ্টিটিউশনকে রক্ষা করার জন্য উঠে পড়ে লেগেছেন—আমরা অনেকেই দেখেছি হাইকোর্টে কেস জমে আছে, সেই সমস্ত পুলিশ অফিসারদের ট্রান্সফার করা হচ্ছে, বদলি করা হচ্ছে।

( এই সময় মিঃ স্পীকার বক্তাকে সময় শেষ হয়ে
যাওয়ার জন্য থামতে নির্দেশ দেন )

আমার লাষ্ট কথা, এই সরকার, যে সরকারের এক মন্ত্রী আর এক মন্ত্রীর বিরুদ্ধে কুৎসা করে, যে সরকারের এক মন্ত্রীর আর এক মন্ত্রীর উপর কোন আস্থা নেই, আমাদেরও সেই সরকারের উপর কোন আস্থা থাকা উচিত নয়, জনগনের স্বার্থে থাকা উচিত নয়। লাষ্ট কথা, এই সরকারের মন্ত্রী যতীন চক্রবর্তীর বিরুদ্ধে অনেক অভিযোগ এসেছে—

( মিঃ স্পীকার এই সময় শ্রীভক্তি ভূষণ মণ্ডল মহাশয়কে
তাঁর বক্তব্য রাখবার জন্য ডাকেন )

আমাদের কাছে অভিযোগ আছে, এই সমস্ত ঘটনার নায়ক অমল দত্ত মাননীয় মুখ্যমন্ত্রীর ভাগ্নে—

( মিঃ **স্পীকার :**—এক্সপাঞ্জ হবে অমল দত্ত — )

[ এই সময় শ্রীসুনীতি চট্টরাজ মহাশয়ের মাইক বন্ধ হয়ে যায় ]

এই সরকার আলিমুদ্দিন ষ্ট্রীট দ্বারা পরিচালিত সরকার। এই সরকারের উপর আমাদের কোন আস্থা নেই। এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** মিঃ স্পীকার, স্যার, আমি এই নো-কনফিডেন্স মোসানের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। কারণ আমি এইগুলি এই হিসাবে দেখতে চাই যে সমস্ত বিষয়টি সামগ্রিকভাবে চিন্তা ভাবনা করে বলা উচিত এবং সেই হিসাবে যদি আমরা দেখি তাহলে দেখব যে এই নো-কনফিডেন্স মোসান আনাটা একেবারে সম্পূর্ণ ছেলেখেলার ব্যাপার হয়েছে। ওরা যেন ছেলেখেলা শুরু করেছেন। নিশ্চয় তাদের পার্লামেণ্টারি পলিটিক্সে অধিকার আছে এই মোসান আনার। কিন্তু একটি জিনিস সাধারণ মানুষ বলার চেষ্টা করবে যে দেয়ার মাস্ট বি সাম সাবস্ট্যান্স ইন ইট। কিন্তু আমি দেখলাম লিডার অব দি অপোজিসন যে কথাগুলি বললেন তার মধ্যে বহু ভুল ত্রুটি আছে। লিডার অব দি অপোজিসনের কাছ থেকে এই জিনিস আসা ঠিক হয়নি। উইথ ফুল কনফিডেন্স আমি বলছি সাত্তার সাহেব যে ষ্ট্যাটিসটিক্স নিয়ে এলেন এবং সেগুলি এত ভুল ভাবে প্লেস করলেন তাতে আমাদের সকলেরই লজ্জাবোধ হচ্ছিল। আমি নিজে ষ্ট্যাটিসটিক্সের ছাত্র। এই বিষয়ে একটু শিক্ষা দিতে হয়। ষ্ট্যাটিসটিক্স বই এর ভিতর আসে না, ষ্টাটিসটিক্সের সোর্স কোথা হতে এসেছে এটা দেখতে হবে। পশ্চিমবাংলার লিডার অব দি অপোজিসন ভুল বললে আমাদের লজ্জার ব্যাপার হয়। অন্য কেউ বললে আমি এটা বলতাম না। লিডার অব দি অপোজিসন এই স্ট্যাটিসটিক্স দিয়ে বুঝতে হবে পশ্চিমবাংলার সত্যিই খুব দুর্দিন এসেছে। আমি এগ্রিকালচার ডিপার্টমেণ্ট সম্পর্কে আসছি—উনি এগ্রিকালচার ডিপার্টমেণ্ট সম্পর্কে অনেকগুলি ষ্ট্যাটিসটিক্স দিয়েছেন। উনি বলছেন ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্টের স্ট্যাটিসটিক্স ডিপার্টমেণ্ট থেকে এই তথ্য সংগ্রহ করেছেন। আপনি একটু ভালভাবে এটার খোঁজ নেবেন। আপনাদের আমল ১৯৭২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত যে সিরিয়্যালস হয়েছে তার এ্যাভারেজ হচ্ছে ৭৫ লক্ষ টন। আর আমাদের পিরিয়ড

অর্থাৎ ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত যে সিরিয়্যালস হয়েছে তার এ্যাভারেজ হচ্ছে ৭৮ লক্ষ টন। ত'হলে কোনটা হায়েষ্ট, কম হয়েছে না বেশী হয়েছে সেটা আপনারা বিবেচনা করে দেখুন। টোটাল সিরিয়্যালসটা এইভাবে ধরতে হবে। ব্রেক ডাউন করলে কি হয়? হয়ত দেখা গেল পাল্স বেশী হয় নি, হুইট কম হয়েছে, রাইস হয়ত বেশী হয়েছে দেখা গেল। সেই জন্যই আমি টোটাল এ্যাভারেজটা বলছি যে কোন আমলে বেশী হয়েছে সেটা আপনারা বিচার বিবেচনা করে দেখুন। ১৯৭২ টু ১৯৭৭ পর্যন্ত ৭৫ লক্ষ টন হয়েছে, আর ১৯৭৭ টু ১৯৮২ পর্যন্ত ৭৮ লক্ষ টন হয়েছে। আর হাইয়েষ্ট রেঞ্জ হচ্ছে ১৯৭৭-৭৮ সালে ৮৯'৭০ লক্ষ টন হয়েছে। এটা হল সিরিয়্যালসের ব্যাপার। এবার তিল এবং মাষ্টার্ড অয়েলে আসুন। ১৯৭২ টু ১৯৭৬ মাষ্টার্ড অয়েল হয়েছে ৫০'৯ হাজার টন।

[5-20—5-30 p.m.]

আর ১৯৭৭ থেকে ১৯৮২ সালে সেটাকে বাড়িয়ে করা হয়েছে ১০৪'০০ টন। ক্যজেই এবারে আপনারা জিনিষটা বিচার করে দেখুন। এরপর জুটে আসুন। জুট ১৯৭২/৭৬ সাল পর্যন্ত ৩০'৩ লক্ষ বেল হয়েছিল আর ১৯৭৭ থেকে ১৯৮২ সালে সেটা হচ্ছে ৪০'৬ লক্ষ বেল। এ ক্ষেত্রে কত বেড়েছে সেটাও একটু বিচার করে দেখুন। এবারে আলুতে আসুন। ১৯৭২/৭৬ সাল পর্যন্ত আলু হয়েছিল ১৩'০৭ লক্ষ টন আর আর ১৯৭৭/৮২ সালে সেটা হয়েছে ২০'৫২ লক্ষ টন। এবারে তাহলে টোট্যাল অবস্থাটা দেখুন যে ক্রাশ ক্রপ এবং সিরিয়ালস সেটা কত বেশী হয়েছে। কাজেই আমি বলব, দেয়ার ইজ নো গ্রাউণ্ড ফর গ্রিভানসেস। এরপর আমি অন্য আর একটি প্রসঙ্গে আসবো। আপনারা জানেন, এর মাঝে ওল্ড এজ পেনসন দেওয়া হয়েছে যেটা আপনাদের সময় ইনট্রোডিউস করা হয়নি. আমাদের সময় হয়েছে এবং এটা একটা নতুন জিনিষ। এই সিসটেমটা ঠিক কিনা আপনারা বলুন। তারপর আর একটা সিসটেম চালু করা হয়েছে সেটা হচ্ছে ক্রপ ইনস্যুরেন্স—এটা একটা সিসটেম চালু করা হয়েছে। এই ক্রপ ইনস্যুরেন্স সিসটেম যেটা চালু হয়েছে তার মধ্যে হয়ত ডিফেক্ট কিছু কিছু থাকতে পারে, সেটা নিশ্চয় দূর করার ব্যবস্থা করা যেতে পারে কিন্তু এই সমস্ত সিস্টেম কোনদিনই আপনারা চালু করেন নি, আমরা করেছি। তারপর ১২ লক্ষ মিনিকিট দেওয়া হয়েছে। এই সমস্ত জিনিষগুলি আপনাদের বিচার করে দেখতে হবে। কাজেই আপনারা যে বলছেন ফেলিওর অব এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট সেটা যে কত ভুল তা আমি দেখালাম। তারপর আপনারা কমলবাবু সম্পর্কে একটা কথা বলেছেন। আপনারা বলেছেন, কমলবাবু নাকি বলেছেন, 'শুধু সেণ্ট্রালকে দোষ দিলেই হবে না।' কমলবাবু কিছু ভুল বলেছেন বলে আমি মনে করি না। সেণ্ট্রাল ভাল কিছু কাজ করলে বলা যেতে পারে কিন্তু সেখানে দেখতে হবে সেণ্ট্রাল যে ভালোর চেয়ে মন্দ বেশী করছে কি না। আমি একথা বলছি এই কারণে এ পর্যন্ত সেণ্ট্রাল এতবেশী খারাপ করেছে যে ভালো যা সামান্য করেছে সেটা ধুয়ে মুছে যাচ্ছে। এর কারণটা বলছি। এটা যখন ফেডারেল ষ্টেটের মনে করা হয়েছিল, তখন যে পাওয়ারটা দেওয়া হয়েছিল সেটা লিষ্ট ওয়ান, টু, থ্রিতে

দেওয়া আছে। সেটা ছাড়া আরো কতকগুলি জিনিষ আছে, সেটা হচ্ছে প্রশাসনিক ব্যাপার।

প্রশাসনিক হেডে যারা আছেন, তারা ইলেকটেড রিপ্রেজেনটেটিভ নয়, তারা বেশীর ভাগই আই. পি. এস। এরা কাদের দ্বারা কন্ট্রোল হয়? প্রশাসনিক ব্যাপারটা ভাল করে লক্ষ করুন। আই. পি. এস বলুন, আই. এ. এস বলুন বা অন্য বলুন, সবই ঐ সেণ্ট্রালের। যদি কোন খরচ করা হয় তার জন্য তারাও অনেকটা দায়ী এবং তারা আপনাদের লোক সেটা মনে রাখতে হবে। এই জিনিস মনে না রাখলে ভুল হবে। তারপরে দেখুন, ফাইনান্স সবটুকু নিয়ে চলে যাচ্ছে। যেটুকু পাওয়া দরকার কিছুই পাওয়া যাচ্ছে না। এটা একটা মিউনিসিপ্যালিটির মত দাঁড়িয়েছে যে সাবসিডির উপরে বাঁচতে হবে এবং সেখানে দুই রকম নজর হবে। সেখানে নিজেদের গভর্ণমেণ্ট আছে সেখানে বেশী দেবেন, আর যেখানে পার্টির গভর্ণমেন্ট নেই সেখানে কম দেবেন। এটাতো সাধারণ কথা। আর যদি দেন এমন কায়দায় দেবেন যে সেটা খরচ করার সময় থাকবে না। আমি যখন মিনিষ্টার ছিলাম তখন আমি দেখেছি যে অনেক ক্ষেত্রে এমন সময় টাকা দেওয়া হয়েছে যে সেই টাকা খরচ করা যায়নি। আবার অনেক জিনিস স্যাংশান হয় না যেটা স্যাংশান না হলেও চলে না। কাজেই দিয়ে লোককে দেখান যে আমরা দিলাম কিন্তু ওরা খরচ করতে পারলো না। আপনারা প্রয়োজন হলে যাচাই করে দেখবেন যে পশ্চিমবাংলার ক্ষেত্রে এই জিনিস হয়েছে কি না। যাই হোক, আমি এই কথা বলতে চাই, সুনীতে বাবু যে কথা বললেন যে দারিদ্রের জন্য ৩টি না কয়টা ছেলেকে কেটেছে, আমার মনে হয় শিউড়িতে এই রকম ঘটনা হয়নি সেটা আপনাদের কাছে বললাম। কারণ আমি প্রাকটিস করি, এই রকম ঘটনা ঘটলে নিশ্চয়ই আমি জানতাম। দারিদ্র আছে। আমাদের দেশে দারিদ্র নেই এই কথা বলছি না। সারা পৃথিবীতে দারিদ্র আছে এবং মানুষ খেতে পারছে না এটা সত্য কথা। অন্যান্য ষ্টেটের মানুষরাও কি খেতে পারছে? খেতে পারছে না। তবে আপনাদের কাছে এই কথা বলতে চাই যে ঐ রকম ঘটনা যদি ঘটে তাহলেও আশ্চর্য্য হবার কিছু নেই। কিন্তু এই রকম ঘটনা ঘটেনি অথচ এ্যাসেম্বলীতে এই রকম একটা যাত্রা দলের মত নাটকীয় অভিনয় করে গেলেন। আমার মনে হয় এটা ঠিক নয়। আমাদের সরকার এসে কয়েকদিনের মধ্যে সব ভাল করে দেবেন, সেই ক্ষমতা তাদের নেই। সারা পৃথিবীতে দারিদ্র আছে। ভারতবর্ষেও দারিদ্র আছে এবং আমাদের পশ্চিমবঙ্গেও দারিদ্র আছে। এই দারিদ্র কেউ দূর করতে পারে নি এবং পশ্চিমবঙ্গও দূর করতে পারে নি। আপনাকে এই কথা বলতে চাই যে সেণ্ট্রালের ক্ষমতা যেটা আছে, সেই ক্ষমতা যদি সম্পূর্ণভাবে ভেঙ্গে চুরমার না করা যায় তাহলে হবে না। কারণ আমি অন্যান্য দেশে দেখেছি— আমি চীন দেশ দেখেছি, আরো অন্যান্য সোসালিষ্ট কানট্রি দেখেছি। কিন্তু একটা বিষয়ে একমত হওয়া যায় যেটা কমিউনিষ্ট সিস্টেম-এ করেছে চায়নাতে। সারা পৃথিবীতে এটা একটা নতুন সিস্টেম তারা তৈরী করেছে, যে সিস্টেমে সত্যিকারের মানুষ খেতে পায় তার ব্যবস্থা করা হয়েছে। আমরা কি সেটা পশ্চিমবাংলায় করতে পারি না? সেট্য করতে গেলে ঐ ভারতবর্ষ থেকে আরম্ভ করতে হবে। আজকে যারা নো-কনফিডেন্স এনেছেন,

সারা ভারতবর্ষে তাদের পার্টিই রুল করছে। সে জন্য আমি বলছি যে আপনাদের এই নো-কনফিডেন্স আনা ঠিক হয়নি। এটা আপনারা নিজেরাই বিচার করলে দেখতে পারবেন। কারণ মূল যদি বলা যায় তাহলে সেটা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট। কাজেই আপনাদের নিজেদের পার্টির গভর্ণমেণ্টকে আগে ঠিক করুন। তারপরে যা করার করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, I rise to support and speak on the No-Confidence Motion not because I am compelled to do so. My honourable friends Shri Syamal Chakraborty and my senior friend Shri Bhakti Bhusan Mondal from the Government Bench, have spoken against the motion because they have no other alternative but to speak against. Sir, after I speak in support of my motion, I am confident that all the members of the Government Bench will support me. Sir, this government headed by Shri Jyoti Basu has turned itself into a laughing stock. The people of the whole of West Bengal are living in a most terrorised situation. But the honourable member Shri Syamal Chakraborty has told the reverse and he has repulsed the Congress leaders. In this connection, Mr. Speaker, Sir, I went to say about an incident. It is an admitted matter that human beings werekilled. The mass killing of the human beings could have been prevented. But this government could not prevent that because the administrative state of affairs is shaking. Secondly, whatever Shri Abdus Sattar, the Leader of the Opposition, has spoken, has been purposefully denied and disputed by the members of the Government Bench. I will refer to it later. Let me only refer to the position which is an admitted position, which cannot be denied or disputed. There cannot be any dispute about that. I will only refer to a certain incident. A reputed woman like Srimati Usha Uthup had become a target of our PWD Minister, Shri Jatin Chakraborty. The matter that the Minister said it was not a Bengali culture was brought to the notice of Shri Jyoti Basu, Chief Minister. But the Chief Minister disputed the contentions on the other hand and a report says that the Chief Minister Shri Basu has said that it is a culture. That woman like Shrimati Usha Uthup has a right to sing. Taking into account the charge from the end of Shri Jatin Chakraborty, the Minister in Charge of the Public Works Department, does it not mean that Shri Chakraborty has shown disrespect to the Chief Minister when the Chief Minister had supported the cultural performances of Shrimati Usha Uthup ? Furthermore, this PWD Minister admitted, in a public function where I was also present last Sunday that his personal relationship with the Chief Minister had eroded. People are laughing at them because one Minister a Cabinet Minister of this left Front Government says that his personal relationship with the Chief Minister has eroded. I ask myself can Jyoti Basu's Government, can this government of West Bengal run any administration which can look after the interest of the people of West Bengal. I get

a reply—no it cannot. Now look at this. In fact, you know that a privilege notice has been given by us against the PWD Minister, Shri Jatin Chakraborty because he has no respect for the judiciary. Judiciary is an important limb of our Constitution. But, Sir, judiciary now-a-days is being threatened. Now look at what the Advocate General of West Bengal has said in an interview with the magazine. He said: "Judiciary should be demolished now and here. This monopolo of lawyers and judges should beended. Some other system has to be evolved. Let the common man decide it. In the existing framework they cannot get justice, particularly when justice is a purchasable commodity". Furthermore, to a question, he said : "If we get defeated in the Court, we'll take the issue to the streets, to the villages, jute mills and to the gardens".

Sir, I am not speaking is absence of Advocate-General of the State. In this respect I wrote a letter to the Governor of West Bengal on 19th August, 1983 with copy to the Hon'ble Chief Minister because under the Constitution it is the duty of the Government of West Bengal, duty of the Council of Ministers—I would refer to article 160(3), clause 1 and article 164—to see that the learned Advocate-General appointed by them function constitutionally but he does not do so and he attacks the judiciary system. He has shown disrespect to the Calcutta High Court and to the judiciary system which is the limb of the Constitution. I, therefore, say that this Council of Ministers are also acting unconstitutionally and in an undemocratic manner. Sir, the next point is as regards respect of law. The other day I objected to the introduction of the Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1983 But the Minister did not give a reply to the points raised by me. Sir, if the Government have any respect for law, they could have called the Advocate-General before the House to reply to the points raised by me and to enlighten this House whether my points are worthy of consideration, if not, why not—but they did not do so. Sir, you know the issue whether the High Court but still the Hon'ble Finance of the State Government can impose a tax on T. V., is being held up by the State has thought it fit to bring it under its purview by way of further imposition of taxes on colour T. V. I raised the question of propriety. Does the Government have any respect for law ? Do they believe in rule of law ? Do they have any sanctity for judiciary ? I asked myself before the House I get the reply—no, the do not have. Sir, in this wat the and Government is functioning. The Advocate-General has stated that he can take the issue to the streets. Our party particularly have no confidence in him. Let him go to the streets. If you wish to run the Govern ment you must respest the law, you must run it in a democratic way and not in a hypocritic manner. Now, Sir, look at the public sovereignty. I am now giving an example of executive of an adminis tration. Sir, one Joint Secretary of a Department in an affidavit stated, "I have no personal knowledge whether Shri Saral Deb is an elected member of the West Bengal

Legislative Assembly or Shri Jayanta Biswas is an elected member of the West Bengal Legislative Assembly or Shri Abdus Sattar, Leader of the Opposition, belonging to Congress Party is an elected member of the Legislative Assembly." Sir, an Officer of the stature of Joint Secretary, who is a public servant, shows disrespet to a member of the Legislative Assembly. I was surprised that he says in an affidavit that" I have no personal knowledge that Mr. Rajesh Khaitan is an elected representative in the West Bengal Legislative Assembly. This is being tolerated by the Council of Ministers after an Officer, who is a Joint Secretary, shows disrespect to the Legislature. Sir, is this a democracy ? The Government have now become a laughing stock. The other day I read in the newspapers that the Hon'ble Chief Minister has told the members of the Treasury Benches that the should not ask any question to any Minister which will embarrass the Left Front Government and will tarnish the image of the Left Front. Sir, I know when I will sit down the members of the Left Front will support me from their mind but they will not be able to do it openly because they are afraid of the Chief Minister.

[5-40—5-50 p.m.]

Do not be afraid. This is the high time for you to stand up. We are living in a democracy. I speak to R.S.P. and Forward Block—do not be afraid. This Council of Ministers headed by C.P.M. does not believe in democracy. This is high time and you should realise your mistakes. You cannot realise your mistakes because you are afraid. India is still a democratic country and it will remain. The question whether West Bengal will continue to remain—we do not know. That is why we have lost confidence in this Council of Ministers.

(At this stage the red light was lit and the Hon'ble member having reached his time limit resumed his seat)

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাইরে গিয়েছিলাম সেই সময় শুনলাম আমি যে অভিযোগ এখানে তুলেছি সেকথা অর্থাৎ অনাহারে থাকার কারণে জেলার একজন লোক তার নিজের তিন ছেলেকে মেরে ফেলেছে—সেই অভিযোগ মাননীয় ফরোয়ার্ড বুক নেতা শ্রীভক্তি ভূষণ মণ্ডল ডিনাই করেছেন। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি যে ঘটনার কথা আমি বলেছি সেটা তদন্ত করতে মাননীয় ভক্তিবাবুকে দায়িত্ব দিন কারণ ঘটনাটা আমার নির্বাচন কেন্দ্র সিউড়িতে ঘটেছে এবং তিনি তা অস্বীকার করছেন। উনিই এটার তদন্ত করুন। উনি তদন্ত করে যদি রিপোর্ট দেন যে আমি যে অনাহারে মৃত্যুর ঘটনার কথা বলেছি সেটা অসত্য তাহলে আমি এই হাউসের সদস্য পদে ইস্তফা দেবো।

**শ্রীমতিশ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা অতীশ সিংহ মহাশয় আজকে মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের সমর্থনে যে বক্তৃতা রেখেছেন আমি সেটা ধৈর্য ধরে শুনেছি। মাননীয় সিংহ মহাশয় এই বিধান সভায় হাজির করতে চেয়েছেন যে গত ছয় বছর ধরে বামফ্রণ্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায়

থেকে যে কাজগুলো করেছেন তা জনসাধারণে স্বার্থে হয়নি, পক্ষান্তরে তা জনগণের স্বার্থকে ক্ষুন্নই করেছে। আমি প্রথমে বলতে চাই আমরা এই সভার সদস্যপদ নেবার সময় শপথ নিয়েছিলাম ভারতবর্ষের সংবিধানকে লক্ষ করেই। কিন্তু আমরা যারা রাজ্য সরকারের অংশ হিসাবে আছি, আমরা জানি এই সংবিধানের সীমাবদ্ধতা কোথায়। প্রথমে বলে দিতে চাই, যে সংবিধান ভারতবর্ষ তথা পশ্চিমবাংলার মানুষদের বাঁচার অধিকার দেয়নি, যে সংবিধান সমস্ত ভারতবর্ষে কর্তৃত্ব করবার এবং রাজ্যগুলিকে ঠুঁটো জগন্নাথ করে রেখে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করবার অধিকার কেন্দ্রীয় সরকারকে দিয়েছে, সেই সংবিধানের আওতায় থেকে একটি রাজ্যসরকার জনগনের জন্য সার্বিক কল্যাণমূলক এবং জনগণের যা প্রয়োজন সেটা কখনই মেটাতে পারে না। সাত্তার সাহেব বলতে চেষ্টা করেছেন যে অর্থনৈতিক দিক থেকে পশ্চিমবঙ্গ সরকার দেউলিয়া হয়ে গেছে। আমি সাত্তার সাহেবকে বলি, একবার দিল্লীর দিকে তাকিয়ে দেখুন। আজ গোটা ভারতবর্ষের ৬৫ কোটি মানুষকে বিদেশের হাতে তুলে দিয়েছেন দেশের নামে যে টাকা তিনি বিদেশ থেকে ঋণ করেছেন, তার জন্য। যার জন্য প্রতি বছর আমাদের কেন্দ্রীয় সরকারকে প্রায় দেড় হাজার কোটি টাকা সুদ গুনতে হয়। ভারতবর্ষের মানুষকে কোটি কোটি টাকা বিদেশী সাম্রাজ্যবাদের হাতে দিতে হচ্ছে। ইন্দিরা গান্ধী জানেন যে তাঁর হাতে ক্ষমতা আছে। সাত্তার সাহেব জানেন আমাদের মুখ্যমন্ত্রীর সীমাবদ্ধতা কোথায়। আমাদের হাতে নাসিক সিকিউরিটি প্রেস নেই। আমাদের যখন অর্থনৈতিক সংকট অসে তখন আমরা সেই কথা রাজ্যের জনগণকে বলি। জনগণের সাহায্য নিয়ে সেই সংকট আমরা কাটিয়ে ওঠার চেষ্টা করি। ইন্দিরা গান্ধীর যখন সেই সংকট আসে তখন তিনি ট্যাক্স বাড়িয়ে আর নোট ছাপিয়ে সেই ঘাটতি পূরণ করেন। রাজ্যের কতখানি সীমাবদ্ধতা আর কেন্দ্রের কতখানি ক্ষমতা সেটা তুলনা করলেই বোঝা যাবে। রাজ্যের সংকট সমাধানের পথ কোথায় আর কেন্দ্রের সেই সংকট মেটানোর পথ কি সেটা কেন্দ্রীয় সরকারের নীতি থেকেই বোঝা যায়। ভারতবর্ষে কেন্দ্রীয় সরকারের নীতিই দিনের পর দিন ভারতবর্ষের জনগণের দুঃখের কারণ হয়ে দাঁড়াচ্ছে। আমি যে কথা বলছি, এটা আমার কথা নয়। রিজার্ভ ব্যাংকের বুলেটিনে বিভিন্ন সময় বেরিয়েছে যে ভারতবর্ষের ২২ কোটি মানুষ আজকে রিডানডেণ্ট হয়ে দাঁড়িয়েছে। তারজন্য বামফ্রণ্ট সরকার দায়ী নয়, কেন্দ্রীয় সরকার দায়ী। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার গোটা ভারতবর্ষে যে অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তুলেছে তার ফলে বড় লোক আরো বড় হচ্ছে এবং গরীব আরো গরীব হচ্ছে এবং ভারতবর্ষের মানুষকে অমানুষের দিকে নিয়ে যাচ্ছে। কিছু দিন আগে কাগজে বেরিয়েছে যেটা বামপন্থী দলের কাগজে নয় বা বামপন্থী নেতারও বক্তব্য নয় সেটা হলো, কেন্দ্রীয় সরকার যাদের নিয়ে রাজ্য চালাচ্ছেন—টাটা, বিড়লা এবং সিংহানিয়া তাদের সম্পর্কে ভারতবর্ষের প্রবাসী শিল্পপতি [ সরোজ পাল ] বলেছেন।

**মিঃ স্পীকার ঃ** কোন লোকের নাম এখানে উল্লেখ করা যাবে না।

**শ্রীমতীশ রায় ঃ** যে ভারতবর্ষের পুঁজিপতি মালিকরা ২৭ হাজার কোটি টাকার পুঁজির কর্তৃত্ব করছেন। কিন্তু উক্ত পরিবারগুলির মোট পুঁজির পরিমান মাত্র ১১৭ কোটি টাকা। এই ঘটনা থেকে প্রমান করে যে ভারতবর্ষের প্রকৃত অর্থনৈতিক

অবস্থাটা কি। কেন্দ্রীয় সরকার ভারতবর্ষে যে অর্থনৈতিক বুনিয়াদ তৈরী করেছে তাতে মানুষকে অমানুষের পথে নিয়ে এসেছে। মাননীয় সাত্তার সাহেব যে তথ্য তুলে ধরেছেন তার পাল্টা তথ্য আমি তাঁর কাছে তুলে ধরছি। ১৯৮১-৮২ সালে রিজার্ভ ব্যাংকের বুলেটিনে বেরিয়েছে কেন্দ্রীয় সরকারের আমদানি রপ্তানি খাতে ৬ হাজার কোটি টাকার ঘাটতি বাজেট হয়েছে। শুধু পেট্রলজাত দ্রব্য বাদ দিয়ে যে জিনিষ আমদানি করা হয়, খনিজ তেল বাদ দিয়ে যে সমস্ত জিনিষ ইমপোর্ট হয় তাতে ইমপোর্টের ক্ষেত্রে ডেফিজিট হয়েছে ৬ হাজার কোটি টাকা। অল ইণ্ডিয়া স্ট্যাটিসটিক্স থেকে দেখা যায় ভারতবর্ষের অগ্রগতি ক্রমশ নষ্ট হয়ে যাচ্ছে। সেই জন্য আমরা বলতে চাই পশ্চিমবাংলা আমাদের গর্ব। ৬ বছরের মধ্যে দু-দুবার খরা হয়ে গেল, সেই ভয়ংকর খরায় বামফ্রন্টের তরফ থেকে শষ্য কম হওয়া সত্বেও, খাদ্য কম থাকা সত্বেও, যতদিন কেন্দ্রীয় সরকার খাদ্য দেয় নি—সেই খাদ্যকে সমান ভাগে ভাগ করে দেওয়া হয়েছে।

[5-50—6-00 p. m.]

কারণ আমাদের প্রতিজ্ঞা ছিল পশ্চিমবাংলার মানুষকে আমরা না খেয়ে মরতে দেব না। আমরা সেই দায়িত্ব পালন করেছি। এ খবর আনন্দবাজার বা যুগান্তর কাগজে বেরোয় না যে পশ্চিমবাংলার মানুষ অনাহারে মারা গেছে। কিন্তু অন্য কয়েকটি রাজ্য সম্বন্ধে আমরা এ খবর জানি, খবরের কাগজে বেরিয়েছিল। উড়িষ্যাতে কত লোক খরার ফলে এবং অনাহারের দরুণ মারা গিয়েছিল তা আমরা সংবাদপত্র থেকে জেনেছি। অন্ধ্রপ্রদেশে এবং উত্তর প্রদেশে কত লোক অনাহারে ও খরার ফলে মারা গিয়েছে তাও আমরা জানি, খবরের কাগজে এ খবর বেরিয়েছিল। পশ্চিমবাংলাতে আমরা এই ঘটনা একটাও ঘটতে দিই নি। এটাই হচ্ছে বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপরে আমি আইন-শৃঙ্খলা নিয়ে কতকগুলি তথ্য আপনার কাছে তুলে ধরতে চাই। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার প্রশ্নে মাননীয় সাত্তার সাহেব প্রশ্ন তুলেছেন যে, এখানে নাকি আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে। এখানে আমি একটি উদাহরণ দিতে চাই যে, কিছু দিন আগে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী ছিলেন [ **বিশ্বনাথ প্রতাপ সিং।** ]

**মিঃ স্পীকার ঃ** আপনি কারোর নাম উল্লেখ করতে পারেন না।

**শ্রীমতীশ রায় ঃ** তিনি মুখ্যমন্ত্রীত্বের পদে ইস্তফা দিয়েছেন। তাঁর পদত্যাগের কারণ সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানিয়েছিলেন যে, উত্তর প্রদেশে আইন-শৃঙ্খলার প্রশ্নে ডাকাতি এবং নারী ধর্ষণের ঘটনা দমনে ব্যর্থ হয়েছেন। সেই কারণেই তিনি পদত্যাগ করলেন। এমনি ভাবে কংগ্রেস শাসিত প্রতিটি রাজ্যে আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে এবং কংগ্রেস দলের লোকেরাই তারজন্য মূলতঃ দায়ী। সেই কারণেই উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী পদত্যাগ করেছিলেন। বিহারে, উড়িষ্যাতে এবং মধ্য প্রদেশে আইন-শৃঙ্খলার অবস্থা কি ধরণের তা আমরা সংবাদপত্রে দেখতে পাই। সংবাদপত্র থেকে জনগণ সর্বভারতীয় তথ্য কি তা জেনেছেন। এই তথ্যের ভিত্তিতে, আইন-শৃঙ্খলার অবনতির প্রশ্নে পশ্চিমবাংলার স্থান সবার নীচে। উপরে হচ্ছে, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ,

বিহার এবং রাজস্থান। এর জন্যই দিল্লী আজকে দেখি গর্ব করে। মাননীয় কংগ্রেস বন্ধুদের এবং আমাদের বিভিন্ন কাজের জন্য দিল্লীতে যেতে হয়। সেখানে রাত ৯টার পর ঘরের মেয়েরা বেরোতে পারেন না। কিন্তু কলকাতাতে রাত ১১টার পরেও প্রয়োজনে মেয়েরা নির্ভয়ে যাতায়াত করতে পারেন, এরকম চিত্র শুধুমাত্র পশ্চিলবাংলাতেই দেখা যায়। তুলনামূলক ভাবে আইন-শৃঙ্খলার দিক থেকে দিল্লীর অবস্থান কোথায় তা আমরা সকলেই জানি। খাদ্যের দিক থেকে বলুন, আইন-শৃঙ্খলার দিক থেকে—যেদিক দিয়েই বলুন না কেন—পশ্চিমবাংলাকে নিয়ে আমরা গর্ববোধ করতে পারি। তবু এখানে উল্লেখ করা প্রয়োজন, আমরা বামপন্থীরা যেভাবে আইন-শৃঙ্খলার স্তরকে গড়ে তুলতে চেয়েছিলাম সম্পূর্ণভাবে এখনও তা পারিনি। এর কারণ হিসাবে আমরা সরকারের তরফ থেকে বারে বারেই বলেছি, প্রশাসনের মধ্যে একটা অংশ আছে, যারা ওদের ইঙ্গিতে বামফ্রণ্ট সরকারের সমস্ত কর্মসূচীকে বানচাল করার জন্য পেছন থেকে ছুরি মেরে পঙ্গু করে দিতে চাইছে। কিন্তু আমাদের আশার কথা, পশ্চিমবাংলার বৃহত্তম জনগনের শক্তি নিয়ে আমরা এ রাজ্যের শাসন ক্ষমতায় আছি, তাঁরা আমাদের পেছনে আছেন। সাত্তার সাহেব বিদ্যুতের সঙ্কট নিয়ে বলেছেন। এ সম্বন্ধে আমরা সজাগ আছি, বিদ্যুতের জন্য আমরা সবাই দুঃখিত। কিন্তু এ ব্যাপারেও আমরা যদি তুলনা করি—উত্তর প্রদেশ, বিহার বা সর্ব ভারতীয় স্তরের কথা যদি বলা হয়—তাহলে আমরা দেখব—আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী থাকা কালে তথ্য দিয়ে, বিভিন্ন রিপোর্ট উল্লেখ করে দেখিয়েছিলেন—পশ্চিমবাংলার স্থান নীচে নেই। সর্ব ভারতীয় ভিত্তিতে আমাদের অবস্থা অনেক ভাল। সেখানে আজকে বলতে চাই যে ওদের গড়া বস্তাপচা অভিযোগ ওরা অতীতেও যেমন এনেছিল আজকেও তেমন সেই কথাগুলি বলতো, অবশ্যি তা দিয়ে কিছু হবে না। কিন্তু আজকে পশ্চিমবঙ্গের যে সমস্যা, পশ্চিম-বঙ্গের মানুষের যে সমস্যা এবং প্রতিটি গ্রামে গঞ্জে সাধারণ মানুষের যে সমস্যা কেন্দ্রীয় সরকার সেই সমস্যার কতটুকু পূরণ করতে পেরেছে? কেন্দ্রীয় সরকারের এই ব্যাপারে কিছু দায়িত্ব আছে। আজকে যে যানবাহন সমস্যা এতে কেন্দ্রীয় সরকারেরও দায়িত্ব, তার কতটুকু কেন্দ্রীয় সরকার পূরণ করছেন? আমরা কিছুদিন আগে গোয়াতে গিয়েছিলাম, পি. ইউ. সি.-র সদস্য হিসাবে—সেখানে গিয়ে জানতে পারলাম যে গোয়া রাজ্যের ট্রান্স-পোর্ট করপোরেশানকে কেন্দ্রীয় সরকার ৮২ কোটি টাকা আর্থিক সাহায্য দিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেই ধরণের কোন পরিকল্পনা বা আর্থিক সাহায্য দেওয়ার ইচ্ছা কেন্দ্রীয় সরকারের নেই। সেইজন্য আজকে কেন্দ্রীয় সরকারের যে সাহায্যের কথা আমাদের মাননীয় বন্ধু শ্যামল চক্রবর্তী মহাশয় তথ্য দিয়ে বললেন আমি সেই কথা দ্বিতীয়বার বলতে চাই না। আমি যেটা বলছি যে কেন্দ্রীয় সরকারের পশ্চিমবঙ্গের প্রতি একটা বিশেষ দৃষ্টিভঙ্গি আছে, সেই দৃষ্টিভঙ্গীটি হচ্ছে পশ্চিমবঙ্গকে আর্থিক দিক থেকে পঙ্গু করে দেওয়ার চেষ্টা। আমরা মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আবেদন করেছিলাম যে পশ্চিমবঙ্গের পাট শিল্প একটা মূল শিল্প—সেই পাট শিল্প আজকে যে জায়গায় এসে দাঁড়িয়েছে তাতে রাষ্ট্রীয়করণ করা ছাড়া কোন উপায় নেই। দিল্লীর প্রধানমন্ত্রী আমাদের বক্তব্য শুনলেও কিন্তু দুএকদিন পরে কেন্দ্রীয় সরকারের বিবৃতির মাধ্যমে বললেন যে জাতীয়করণ করা সম্ভব নয়। আজকে বড়লোকদের আরো বড়লোক

করছে এই কংগ্রেস দল। এই কংগ্রেসদল বড়লোকদের পদলেহন করে তারা তাদের বড়লোক করে তুলছে অথচ ভারতবর্ষের গরীব মানুষ, শ্রমিকদের দিনের পর দিন তাদের উপর করের বোঝা চাপান হচ্ছে। ট্যাক্সের বোঝা চাপিয়ে দিয়ে তাদের মুখের খাবার কেড়ে নেওয়া হচ্ছে। তাদের জীবন আরো দুর্বিষহ করে তুলেছে। সুতরাং এই কংগ্রেসী সরকারের চেহারা আজকে খেটে-খাওয়া মানুষরা চিনতে পেরেছে। সেইজন্য আজকে যে প্রস্তাব সাত্তার সাহেব আপনার মাধ্যমে এনেছেন সেই প্রস্তাবকে বস্তাপচা অনাস্থা প্রস্তাবের বিরোধীতা আমি করছি এবং সরকার পরিচালন নীতি যেটা গ্রহণ করেছেন সেটা আমি সমর্থন করছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, এই বিলটি The West Bengal Legislative Assembly (Member's Emoluments) (Amendment) Bill, 1983. এসেছে, সেখানে পেজ ২৯২৬ (৪) ক্লজ ৩ (এ) ইন সাব-ক্লজ (১) সেখানে বলা হয়েছে for the words "at the rate of twenty rupees per dieam", the words "at such rate as is admissible to a Minister under the West Bengal Salaries and Allowances Act. 1952", এই মেনশনটি বিচার-বিবেচনা করুন, এটা একটু ক্লীয়ার করুন। আপনি হ্যাণ্ডবুকটা দেখুন, তাহলে দেখবেন সেখানে ধারাবাহিকভাবে The Bengal Legislative Assembly (Member's Allowances) Rules, 1959, সেখানে The West Bengal Legislative Assembly (Medical Facilities to Members) Rules, 1980. সেখানে সেম রুলস্ কিন্তু মিনিষ্টার অফ ষ্টেট এবং ডেপুটি মিনিষ্টার এ্যাণ্ড আদারস্ আলাদা আছে। এইক্ষেত্রে আপনি যদি একটা স্পেশিফিক এ্যামাউণ্ট না দেন তা হলে মিনিষ্টারের সঙ্গে তুলনা করা যেতে পারে না। আজকে এটা যদি মেনশন না করেন তাহলে এটা এ্যামেণ্ডমেণ্ট হয়ে ডিস্ট্রিবিউট হয়ে যাবে।

**মিঃ স্পীকার ঃ** আপনি এই ব্যাপারে পার্লামেণ্টারী এ্যাফেয়ারস্ মিনিষ্টারের সঙ্গে আলোচনা করে ঠিক করে নিন।

[6-00—6-10 p.m. ]

**Smt. Renu Leena Subba :** Mr. Speaker, Sir, having seen the performance I find that there is no confidence in the Left Front Government. So I support this motion.

In my constituency in Kalimpong as also in Darjeeling, CPM murdered my men in 1978. Our Trade Union Leader was also murdered by the Left Front Cadre. I am mentioning here the news published in the Amrita Bazar Patrika dt. the 4th Sept., 1983 relating to the death of a freedom fighter. "Reports of a ghastly murder of the 76-year old freedom fighter Bhabadev Goswami of village Kultuka under Gorga anchal of Saltore block on Friday by a group of anti-socials numbering about 200 led by local CPI(M) leaders have been received here."

It was learnt that the attacker had a target to kill Aditya Goswami, ex-RSP Anchal Pradhan, the son of the victim. As Aditya Goswami was

not in the house at the time the father was attacked and murdered brutally. The other inmates including women and children were also manhandled with lathi, axe etc. Five had to be hospitalised one of whom named Anil Bouri died in the hospital today.

The whole gang left the place after the operation shouting "CPM zindabad" we want the head of Aditya Goswami etc." Is this democracy ? I want to ask, "Is this democracy ?" Director General of Police said that during the last Panchayet Election, 45 people were killed in West Bengal. In addition to that there are many cases of murder in West Bengal. Who is responsible for that ? Can Chief Minister deny it ? Strikes, Gheraos, haratals and murders are prevailing in West Bengal. It is a very funny thing not only in West Bengal, but also in the history of the country. A government in power call for 'Hartal'. What a funny thing ' Mr. Syamal Chakrabarty spoke about Delhi. I ask him to look at the villages of West Bengal-Midnapur, Bankura, Purulia and Cooch Behar. You know the incident of Barnali Dutta. Every day when we look at the newspapers, we see lots of incidents of rape, murders etc. etc. are happening throughout West Bengal. Then, where is democracy ? There is no democracy.

Now, I want to say something about the educational policy of this Left Front Government. English, the International Language, has been withdrawn from the primary stage. Therefore, the students of West Bengal are not getting proper education, whereas the ministers and the MLAs are sending their children to English medium schools. It is a very funny thing. Is this democracy ? Is this socialism ? Sir, this government is a hopeless government.

My next point is about power position. Sir, you know that the power position is very bad in West Bengal.

So, I hope that this government should resign because it is not acting in the interest of the people. The ministers are cheating the people of West Bengal. Thank you, Sir.

**শ্রীলক্ষণ চন্দ্র শেঠ ঃ** মিঃ স্পীকার, স্যার, বিরোধী দল যে অনাস্থা প্রস্তাব বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে এনেছে তার সম্পূর্ণ বিরোধিতা করে কয়েকটি বক্তব্য এই সভায় উপস্থিত করতে চাই। কংগ্রেসীরা প্রতি সভাতে আমরা লক্ষ্য করেছি যে অনাস্থা প্রস্তাবকে তাদের বক্তব্য রাখার হাতিয়ার হিসাবে ব্যবহার করে বিধান সভায় ঝুরি ঝুরি অসত্য কথা বলে সভাকে বিভ্রান্ত করার চেষ্টা তাঁরা করে এসেছেন। তাঁরা বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে বলেন পশ্চিমবংগে আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে, পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা নেই। এটা ঠিকই যে সারা পশ্চিমবাংলায় মাঝে মাঝে আইন শৃঙ্খলার অবনতি ঘটে থাকে এবং তার সম্পূর্ণ দায়িত্ব এই কংগ্রেসীদের। কারণ, পঞ্চায়েত নির্বাচনের আগে থেকে আজ পর্যন্ত যদি হিসাব করি তাহলে দেখা যাবে বামফ্রণ্টের বিশেষ করে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির ২৫/২৬ জন কর্মী এই কংগ্রেসী গুণ্ডাদের দ্বারা নিহত হয়েছে। এরাই আবার আইন শৃঙ্খলার কথা বলে। আমাদের

মেদিনীপুর জেলার জেলা পরিষদের কর্মাধ্যক্ষ জামসেদ আলি পার্টি অফিসের মিটিং সেরে খাটিয়ায় বসে যখন বিশ্রাম করেছিলেন তখন কংগ্রেসী গুণ্ডারা অতর্কিতে মুখে কালো কাপড় বেঁধে ভোজালি দিয়ে তাঁকে খুন করে। ১৪ই জুলাই আমরা হলদিয়াতে সিটুর নেতৃত্বে আমাদের দাবি-দাওয়ার ভিত্তিতে যখন মিছিল করছি তখন ওদের আই এন টি ইউ সি নামধারী কংগ্রেসী গুণ্ডারা পিছন থেকে বোমা নিক্ষেপ করে আমাদের একজন কর্মীকে খুন করেছে।

[6-10—6-20 p.m.]

পঞ্চায়েত সমিতির নির্বাচনে দেখেছি যারা কণ্টাই এবং কাঁথি বুকে থাকে তাদের বাড়ীতে চড়াও হয়ে গুলি করে হত্যা করা হয়েছে। বিরোধীদলের নেতা বললেন তাঁদের দলের ১৭জন লোক খুন হয়েছে পঞ্চায়েত নির্বাচন থেকে এ পর্যন্ত। কিন্তু তিনি কি ভুলে গেছেন মালদহের মালোপাড়ায় স্পষ্ট দিবালোকে একদিনে ১৩জন লোককে খুন করা হয়েছে এবং তাদের হত্যাকাণ্ডের কবল থেকে কেউ রেহাই পায়নি। স্যার, এই হত্যাকাণ্ড সভ্য সমাজকে লজ্জিত করেছে। পশ্চিমবাংলার বাইরে সারা ভারতবর্ষে যেখানে কংগ্রেস ( আই )-র শাসন চলছে সেখানে দেখুন আইন শৃঙ্খলার অবনতি কিভাবে ঘটেছে। বিহার এবং উত্তরপ্রদেশে প্রতিদিন হরিজন মহিলারা লাঞ্ছিত হচ্ছেন. তাঁদের বাড়ীঘর পুড়িয়ে তাঁদের দেওয়া হচ্ছে, তাঁদের পশুর মত বলি দেওয়া হচ্ছে। মাননীয় সদস্য শ্যামলবাবু বলেছেন কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তর-এর রিপোর্টে বলা হয়েছে সারা ভারতবর্ষে আইন শৃঙ্খলা প্রতিদিন প্রতিমুহূর্তে অবনতির দিকে যাচ্ছে পশ্চিমবঙ্গ ছাড়া। পশ্চিমবঙ্গের জনগনের আশীর্বাদ নিয়ে আমরা এখানে শান্তি শৃঙ্খলা রক্ষা করছি। তবে মাঝে মাঝে যে অবনতি ঘটছে তার দায়িত্ব কংগ্রেসের। সারা ভারতবর্ষে পুঁজিবাদি এবং আধা সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থা চলছে বলেই সমাজ-বিরোধীদের জন্ম হচ্ছে। গত ৩৫ বছর ধরে কংগ্রেস সরকার সামন্ততন্ত্র এবং পুঁজি-বাদের পদলেহন করেছে এবং তার ফলে ভারতবর্ষে অর্থনৈতিক সংকট বেড়েছে, সমাজ-বিরোধীরা জন্ম লাভ ক রছে এবং সেটা আরও বাড়ছে এবং বাড়বে। স্বাধীনতার পর ওঁরাই দেশ শাসন করেছে কাজেই এটা ওঁদেরই দায়িত্ব, আমাদের দায়িত্ব নয়। আমরা পশ্চিমবাংলায় শান্তি শৃঙ্খলা রক্ষা করবার চেষ্টা করছি কিন্তু ওঁরা আমাদের বামফ্রণ্ট সরকারের ভাবমূর্তিকে হেয় করবার চেষ্টা করছেন। আমরা যখন গণচেতনা বৃদ্ধি করবার চেষ্টা করছি, জমিদার শ্রেণীকে দুর্বল করবার চেষ্টা করছি তখন তাঁরা বিভিন্ন ধরনের হামলা সৃষ্টি করছেন। ক্ষমতা হারিয়েছেন তাই একেবারে মরিয়া হয়ে উঠেছেন এবং এই সমস্ত কাজ করছেন। স্যার, আগামী ২৮ তারিখ বাংলা বন্ধের বিরুদ্ধে বিরোধীদলের নেতা বক্তব্য রাখলেন। কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন ধরে আমাদের প্রতি যে বৈষম্যমূলক আচরণ করেছেন তারজন্য এটা শুধু আমাদের পার্টি বা বামফ্রণ্ট সরকারের দাবী নয়, এটা পশ্চিমবাংলার সমস্ত জনসাধারণের দাবী এবং এই দাবী আজ শুধু পশ্চিমবাংলায় সীমাবদ্ধ নয়, সারা ভারতবর্ষের দিকে দিকে এই দাবী উঠেছে। আজ ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের মুখ্যমন্ত্রীরা এই দাবী তুলেছেন এবং তাঁরা সকলেই ক্ষমতার পুনর্বিন্যাস চাচ্ছেন। আমি মনে করি পশ্চিমবাংলার কথা,

সারা ভারতবর্ষের অন্যান্য প্রদেশের কথা, সাংবিধানিক সীমাবদ্ধতার কথা যদি তাঁরা চিন্তা করতেন তাহলে আমাদের বিরোধিতা করতেন না। তাঁরা বললেন শিক্ষার জন্য আমরা নাকি কিছুই করিনি। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত দেখেছি শিক্ষা জগতে কি নৈরাজ্য ছিল। কবে পরীক্ষা হবে, কবে ফল প্রকাশিত হবে তার কোন ঠিক ছিল না। গণটোকাটুকি চরমভাবে চলেছিল। কিন্তু আমরা সেই দুদিনের অবসান ঘটিয়েছি। আজ ঠিক সময় পরীক্ষা হয়, ঠিক সময় পরীক্ষার ফল প্রকাশ করা হয়। মাধ্যমিক স্কুলে ছাত্র সংখ্যা বৃদ্ধি হয়েছে, প্রাথমিক স্কুলে প্রায় ২০ লক্ষ ছাত্র সংখ্যা বৃদ্ধি হয়েছে এবং তার কারণ হচ্ছে ১২ ক্লাস পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা হয়েছে। আমরা শিক্ষক এবং কর্মচারীদের সামাজিক মর্যাদায় প্রতিষ্ঠিত করতে চলেছি এবং তার ফলে শিক্ষা জগতে নৈরাজ্য দূর হয়েছে, ধীরে ধীরে শিক্ষার মান বাড়ছে এবং তার ফলে ধীরে ধীরে শিক্ষার মান বাড়ছে এবং আশাকরি যদি এই অবস্থা চলতে থাকে তাহলে শিক্ষার ক্ষেত্রে আমরা আরও অনেক উন্নতি করতে পারবো। গত ৩৫ বছরে এরা গ্রামীন শিক্ষাকে নূতন রূপ দিতে পারে নি—শিক্ষাকে গণমুখী করতে পারে নি এবং তার জন্য কোন সুব্যবস্থা করতে পারে নি। গত ৩৫ বছরে ওরা গ্রাম শহর মিলে মাত্র ৭০০টি লাইব্রেরী করতে পেরেছিল। আমরা এই ছয় বছরে অতিরিক্ত দেড় হাজার লাইব্রেরী করতে পেরেছি এবং আরও লাইব্রেরী গড়ে তোলার চেষ্টা করছি। শিল্প ক্ষেত্রে ১৯৬৫-৬৬ সাল থেকে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলায় কোন শিল্প গড়ে তোলার কোন রকম প্রচেষ্টা করে নি। আমরা সেই জায়গায় এই পশ্চিমবাংলায় অনেক রুগ্ন শিল্পকে জাতীয়করণ করেছি এবং আরও করার চেষ্টা করছি। আজকে কেন্দ্রীয় সরকারের যদি চেষ্টা থাকতো তাহলে আমরা শিল্প ক্ষেত্রে আরও অনেক উন্নতি করতে পারতাম। আজকে পশ্চিমবাংলায় শিল্প বিকাশ হচ্ছে না তার মূল কারণ হচ্ছে পরিবহন মাশুলের বৈষম্য দূর হচ্ছে না—কাঁচা মাল ঠিকমত সরবরাহ হচ্ছে না। আজকে পাট শিল্প কয়লা শিল্প ইঞ্জিনীয়ারিং শিল্প যেগুলি হোল পশ্চিমবাংলার অর্থনীতির স্তম্ভ, এগুলি উন্নতি করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন সাহায্য আমরা পাচ্ছি না। আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি। এদের কোন নৈতিক দায়িত্ব নেই। দীর্ঘ ৩৫ বছর ধরে পুঁজিবাদী পথে দেশের অর্থনীতিকে ওঁরা গড়ে তোলার চেষ্টা করেছে এবং তার ফলে দেশে যে বেকার বাড়ছে একথা ওঁদের মনে রাখা উচিত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdur Rauf Ansari** : Mr. Speaker, Sir, I stand to support the motion moved by Shri Abdus Sattar, Leader of the Opposition—the motion of No-confidence. Sir, the people of West Bengal has lost confidence in the Council of Ministers. It is definite that a day will come when the people of West Bengal observed a day of relief from the rule of Left Front Government. This Government has failed in discharging its responsibility in all spheres of lives. There is a *Kabita* in Urdu.

Sir, this is the situation. Every department of this Government has failed in its activities. I am now giving an example of a murder. Shri Sunil Kumar

Sarkar, son of Shri Pravat Kumar Sarkar was killed on 31/7/77. His father wrote a letter to the Chief Minister in this regard.

**Mr. Speaker :** Mr. Ansari, please do not mention any name who is not in the House.

**Shri Abdur Rauf Ansari :** Sir, I am only mentioning the incident. His father wrote a letter to the Chief Minister on 31/8/77 and the Chief Minister gave a reply on 9/2/78 stating that 'the matter is being looked into'.

**Mr. Speaker :** Mr. Ansari, you are referring to an incident occurred at a time when, I think, there was no Left Front Government.

**Shri Abdur Rauf Ansari :** Sir, the fact remains that the Chief Minister replied on 9/2/78 to say that the 'matter is being looked into.' Till to-day there is no further reply. I am only saying this. Sir, if you do not want to listen about tyranny, about failure of the administration, about law and order, it is a very sorry state of affair.

[6-20--6-30 p.m.]

Sir, I am just finishing my speech because the time at my disposal is very short. I was listening to the speech of Shri Shyamal Chakravorty, who is the Chairman of the Calcutta State Transport Corporation. He spoke so many things. But may I ask him that what he has done for the benefit of the common people of West Bengal ? He has been the in charge of the Transport Department Sir, and we all know what is the position. Only 60 percent of the buses are running in the streets whereas 40 percent of the same are lying in the garages. Out of these 60 percent running buses how many buses are maintaining the scheduled trips ? Only 30 percent buses are maintaining the scheduled trips. That is why the poor common people of the city are suffering. Instead of increasing the number of buses you are increasing the number of your cadres. That is why people are suffering. General public are travelling in the buses like animals. Similar in the case of Calcutta Tramways. Only 40 percent of the trams are plying in the streets. Lakhs and Lakhs of rupees are spent for the purchase of spare parts but in vain. The Local Self Government and Urban Development Minister, who was once the Councillor of Calcutta Corporation, is here. What is the picture of the Calcutta Corporation now ? Generally the streets are repaired before Pujas. But no steps have yet been taken for the repair of the roads. The roads are totally damaged. Where the money goes ? The money is going to the party fund. The Municipalities are under your control. You are extending the area of the Calcutta Corporation. What benefit will be given to the people of those areas Sir ? Every where there is mismanagement—in the case of water supply, in the case of eleetrieith, in the case of transport etc. etc. Thousands and thousands of rupees have bave been spent for the maintenance of Tala-Palta Pumping Station. But see what is the condition. People of Caleutta are not getting drinking

water. You have spent lakhs and lakhs of rupees for the boosting station at Raja Subodh Mullick Sq. for supply of water in the Central Calcutta area.

কিন্তু আমরা কি দেখলাম ? দ্বারোদ্ঘাটনে মন্ত্রীর ছবি কাগজে বেরোল কিন্তু জল বেরোলো না।

Sir, see the position of the garbages of the city. The corporation purchases the new lorries to carry the garbages. But what is the position ? All most one third of the lorries are lying in the garages for want of spare parts. Most of the spare parts are going to Mullick Bazar. Continuous theft has been a regular feature. Nepotism and corruption are penetrating every where. There is no law and order in the state. Common people are being murdered every day. What is the position of the police stations ? The police are not controlled by the Lalbazar, they are controlled by the Alimuddin Street. It is a matter of shame. People are not getting protection. Innocent people are murdered every day. You have failed to protect the innocent people. It is a matter of shame.

(Noise)

(At this stage the red light was lit and the Hon'ble Member having reached the time limit resumed his seat)

(Noise)

**Mr. Speaker** : Mr. Answari, are you opposing this motion

(Noise)

**Mr. Abdur Rauf Ansari :** No—Yes Sir.

**ডাঃ মানস ভূঞ্যা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের তরফ থেকে এই সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব তোলা হয়েছে তার পক্ষে আমার কতকগুলি স্পেসিফিক প্রশ্ন তুলে আলোচনা শুরু করতে চাই। ট্রেজারি বেঞ্চের তথা-কথিত সুবক্তা মাননীয় শ্যামলবাবু গণেশ এভিনিউ-এর স্টেট্ট ট্রান্সপোর্ট অফিসের চেয়ারম্যানসিপের চেয়ার থেকে বামফ্রণ্টের এই অসুস্থ এবং পঙ্গু মন্ত্রীসভাকে কোন রকমে সমর্থন করার জন্য দৌড়তে দৌড়তে ছুটে এসেছিলেন। আমি জানি না তিনি কলকাতার চীৎপুরে পাড়ায় যাত্রাদলে রিহার্সাল দেন কিনা। আমার মনে হয় উনি নিশ্চয় রিহার্সাল দেন, তানাহলে পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থার কথা বলতে গিয়ে উনি এবং ওর সঙ্গে আর. এস. পি. দলের বয়ঃজ্যেষ্ঠ সদস্য মতীশবাবু পর্যন্ত এই রকম বক্তৃতা দিলেন কেন—ওরা উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহারের দৃষ্টান্ত দিলেন। আমি তাদের একটি কথা বলতে চাই যে, ঐতিহাসিক এবং সামাজিক পটভূমিকায় যে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে তারা রাজনীতি করেন সেটা যদি তারা একটু বিশ্লেষণ করে দেখতেন তাহলে ভাল হত। মতীশবাবু বলছেন, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং কাগজে বিবৃতি দিয়ে বলেছেন আমার রাজ্যে আইন শৃঙ্খলা রক্ষা করতে পারলাম না, ডাকাত দলকে শায়েস্তা করতে পারলাম না, তাই পদত্যাগ করলাম। আমি মনে করি তিনি ঠিক কাজই করেছিলেন। কারণ সাধারণ মানুষের কাছে তিনি যে প্রতিশ্রুতি দিয়ে দায়িত্বভার গ্রহণ করেছিলেন সেটা যখন রক্ষা করতে পারলেন না

তখন সাধারণ মানুষের সেই নীতি বোধের প্রতি সম্মান জানানোর জন্য পদত্যাগ করলেন। মতীশবাবু, শ্যামলবাবু তাঁরা এই রাজ্যে কি এমন একটাও দৃষ্টান্ত দেখাতে পারবেন ? তারা কি এই দৃষ্টান্ত দেখাতে পারবেন উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহারে পশ্চিমবাংলার মত হাজার হাজার রাজনৈতিক হত্যা হচ্ছে ? উত্তরপ্রদেশে ডাকাত দলের সঙ্গে ডাকাত দলের সংঘর্ষে হত্যা হচ্ছে। উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশে সামাজিক দিক বিচারে এই যে হত্যাকাণ্ড হচ্ছে এটা আমরা মেনে নিচ্ছি---নিশ্চয় এটা খারাপ জিনিষ, এটাকে কণ্ট্রোল করতে হবে। মতীশবাবু এবং শ্যামলবাবু তথ্য দিয়ে প্রমাণ করতে চাইলেন যে অন্যান্য প্রদেশের থেকে এখানে হত্যাকাণ্ড কম হচ্ছে। কিন্তু আমি আপনাকে বলতে চাই এখানে অরাজকতা সৃষ্টি হয়েছে, হাজার হাজার রাজনৈতিক হত্যাকাণ্ড হচ্ছে, খুন, রাহাজানি, চুরি, ছিনতাই, ডাকাতি, ধর্ষণ, ধান লুঠ, পাট লুঠ ইত্যাদি সব কিছু লুঠপাট হয়ে যাচ্ছে। মাঠে ঘাটে লুঠপাট করে, ডাকাতি, চুরি ছিনতাই করে যখন রাইটার্স বিল্ডিংসে এসে হাজির হয়েছে তখন পশ্চিমবাংলাকে যে লুট করবে, পশ্চিমবাংলার শিক্ষা, সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি, ইতিহাসকে যে শেষ করবে, এতে আর আশ্চর্য্য হবার কি আছে—মাননীয় স্পীকার, স্যার, আমি একটি দৃষ্টান্ত দিতে চাই। স্যার, আপনি দেখেছেন দ্বিতীয়বার বামফ্রণ্ট ক্ষমতায় এসে গদিতে বসেই বলতে শুরু করলেন দপ্তর পুনর্বিন্যাস করতে হবে। খুব ভাল কথা। কিন্তু স্যার, আমাদের বিভাগে কি দেখলাম ? স্বাস্থ্য দপ্তরে কি ঘটছে সেটা একটু দেখুন। এই কলকাতার বুকে হাসপাতালগুলিতে দিনের পর দিন কি ঘটে চলেছে সেটা আপনি একটু লক্ষ্য করে দেখুন। আজ চতুর্থ শ্রেণীর কর্মচারী থেকে শুরু করে অধ্যক্ষ এবং সুপারিনটেনডেণ্ট পযন্ত কেউ নিশ্চিন্তে তাদের ক্যাম্পাসের মধ্যে কাজ করতে পারছেন ? এর উত্তর হচ্ছে না, কাজ করতে পারছেন না। আজকে জুনিয়র ডাক্তার, ইণ্টারনিসিপ থেকে শুরু করে প্রত্যেকটি হাসপাতালের কর্মচারীরা সাধারণ মানুষের দাবী দাওয়ার সঙ্গে তাদের প্রফেসনের বিভিন্ন দাবী দাওয়া নিয়ে রাস্তায় আন্দোলনে নেমেছে। মন্ত্রী মহাশয় বলছেন এটা নাকি রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত— তাই তিনি লালবাজার থেকে টেলিফোন করে বলছেন নকশাল বাহিনী যাচ্ছে, ব্যবস্থা নেওয়া হবে। কোথায় আছি আমরা, সেটা একটু ভেবে দেখুন। ৪ দিন ধরে নীলরতন সরকার হাসপাতাল বন্ধ হয়ে আছে। রামনারায়নবাবু আজকের কাগজে বিবৃতি দিয়েছেন দেখলাম। তিনি বলছেন লীনা দাস মুন্সী যে মারা গেছে তিনি নাকি একজন কংগ্রেস নেতার আত্মীয়া আমি তর্কের খাতিরে ধরেই নিলাম যে তিনি কংগ্রেসী নেতার আত্মীয়া।

[6-30—6-40 p.m.]

কেন ল এ্যাণ্ড অর্ডার মেনটেন করা হয়নি ? কেন সেই মিসক্রিয়েণ্টকে গ্রেপ্তার করা হয়নি ? কেন একটা সাধারণ অবস্থা সেখানে ফিরিয়ে আনা যাচ্ছে না ? মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয় এসব প্রশ্নের উত্তর দেবেন কি ? আজকে স্যার, এইসব প্রশ্নের উত্তর আমরা পাচ্ছি না তাই তো অনাস্থা প্রস্তাব এনেছি। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন হাসপাতালের প্রশাসনকে মেনটেন করার নামে ম্যানেজ-

মেণ্টের মধ্যে কতগুলি চ্যাংড়া এবং রাজনৈতিক ফাটকাবাজকে সামনে বসিয়ে রাখা হয়েছে এবং সেইভাবে হাসপাতালের এ্যাডমিনিস্ট্রেশান চালানো হচ্ছে। এরা হাসপাতালের এ্যাডমিনিস্ট্রেশানের এ, বি, সি, ডি জানে না। স্যার, এমন দৃষ্টান্তও আছে যে হাসপাতালের ম্যানেজমেণ্টের সঙ্গে যুক্ত একজন সদস্য তিনি সেই হাসপাতালে চুরির সঙ্গে যুক্ত আছেন। নীলরতন সরকার হাসপাতালে সেই ঘটনা ঘটেছে। আজ পর্যন্ত সেখানে কোন এ্যারেষ্ট করা হয়নি। ঐ সদস্য সুপারিশ করেছেন এণ্টালি থানাকে যে ঐ চোরকে ছেড়ে দেওয়া হোক। এরা উত্তরপ্রদেশের কথা বলেন কিন্তু আমি কি জানতে পারি বাঁকুড়ার সুরমা নন্দী এবং কোচবিহারের বর্ণালী দত্ত খুন হয়ে গেল এবং যেটা নিয়ে মন্ত্রীসভার সদস্য শ্রীননী ভট্টাচার্য্য মহাশয় বিবৃতি দিলেন সেই তদন্ত কমিটির রিপোর্ট আজ পর্যন্ত প্রকাশিত হল না কেন? কেন আজ পর্যন্ত কোন মিসক্রিয়েণ্টকে এ্যারেষ্ট করা হয়নি? এইসব প্রশ্নের উত্তর অর্বাচীন বামফ্রণ্ট সরকার দিতে পারবেন না জানি এবং সেইজন্যই আমরা এই অনাস্থা প্রস্তাব এনেছি। স্যার, এখানে শুনলাম হলদিয়ার মাননীয় সদস্য শ্রীলক্ষণ শেঠ মহাশয় বললেন যে আই. এন. টি. ইউ. সি'র কর্মীরা গোলমাল করছে। তিনি জামসেদ আলির উদাহরণ দিলেন। স্যার, আপনার মাধ্যমে আমি সমস্ত পশ্চিমবাংলাকে জানাতে চাই যে, সি. পি. এম-এর অফিসিয়াল গোষ্ঠী এবং বিরুদ্ধ গোষ্ঠীর শিকার হচ্ছে ঐ জামসেদ আলি। লক্ষণবাবু বলেছেন, জামসেদ আলি পার্টি অফিসের মধ্যে বসে থাকা অবস্থায় খুন হয়েছেন। স্যার সি. পি. এম-এর বিক্ষুব্ধ গোষ্ঠীর নেতা তরুন রায় নিজের প্রার্থীকে পঞ্চায়েত সমিতির সভাপতির পদে নির্বাচিত করার যে লড়াই সুরু করেছিলেন তারজন্যই এই অবস্থা। এই তরুণ রায় ১৯৮০ সালে এল. সি'র সেক্রেটারি ছিলেন এবং পঞ্চায়েত সমিতির সভাপতি ছিলেন। ঐ জামসেদ আলি জেলা কর্তৃপক্ষের মদতে তাকে সরিয়ে দিয়েছিলেন। সেই তরুণ রায়-ই পার্টি অফিসের মধ্যে জামসেদ আলিকে খুন করেছে। এ সম্বন্ধে যে ৭ জনকে এ্যারেষ্ট করা হয়েছে তারা সি. পি. এম-এর কর্মী। আমি দায়িত্ব নিয়ে এইসব কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি বলতে চাই যে এই সরকার পশ্চিমবঙ্গকে এমন একটি পর্যায়ে নিয়ে গিয়েছেন যে এখানে সাধারণ মানুষ তাদের নিজস্ব স্বকীয়তা নিয়ে, স্বাধীনতা নিয়ে ব্যক্তিস্বত্তা নিয়ে, বাক স্বাধীনতা নিয়ে বাঁচতে পারবেন না, সে অধিকার তাদের দেয়। বামফ্রণ্টের চেয়ারম্যান একটি বিবৃতি দিয়ে বললেন কুচবিহারের ধনপল গ্রামে যেখানে সন্তোষ রায় মহাশয়কে মারার চেষ্টা হয়েছিল সেখানে নাকি সি. পি. এম.-এর লোকরা নেই। আবার পুরুলিয়ায় সুভাষ মাহাতোকে যখন মারার চেষ্টা হল তখন সেখানেও তিনি বললেন, ঐ গ্রামে নাকি সি. পি. এম-এর লোক নেই। স্যার, এই যদি অবস্থা হয় তাহলে দেখা যাবে সারা পশ্চিমবাংলার কোন গ্রামেই সি. পি. এম-এর লোক নেই কারণ সারা পশ্চিমবাংলার গ্রামগঞ্জেই ওঁরা খুন, লুঠ, ঘর পোড়ানো ইত্যাদি নানান জিনিস করে চলেছেন। স্যার, আজ যে অনাস্থা প্রস্তাব এসেছে তাকে আমি পরিপূর্ণ ভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীকামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের নেতা আবদুস সাত্তার সাহেব যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তার বিরোধীতা করছি। স্যার, মাননীয়

সদস্য ভক্তিবাবু বললেন, বিরোধীরা একটু ভেবেচিন্তে দেখুন। তিনি বললেন, আপনারা অনাস্থা প্রস্তাব এনে ঠিক করেননি। আমি কিন্তু বলব স্যার, এখানে ভেবে দেখবার কোন অবকাশ নেই। গত ৯ই জুলাই দিল্লীর যে সংবাদ বেরিয়েছে আনন্দবাজার পত্রিকাতে, তাদের নিজস্ব প্রতিনিধির দেওয়া সংবাদ, তাতে দেখছি, দিল্লীতে ওদের যে প্রধান অফিস আছে তারা বলছেন, পশ্চিমবাংলায় তোমরা একটু ততপর হও বামফ্রণ্ট সরকারের বিরুদ্ধে। কাজেই আমি মনে করি, তাদের নির্দেশেই এই অনাস্থা প্রস্তাব আনা হয়েছে।

এই অনাস্থা প্রস্তাবের ব্যাপারে ওরা ল এ্যাণ্ড অর্ডারের প্রশ্ন তুলেছেন। আমি মানসবাবুর কথা শুনে অবাক হয়ে গেলাম। কমরেড জামসেদ আলী খুন হয়েছেন। তিনি সি. পি. এম.-এর অফিসে খুন হননি, তিনি বাইরে খুন হয়েছেন। তিনি রাত্রি বেলায় খাওয়া-দাওয়ার পরে বসে ছিলেন। সেখানে হঠাৎ কয়েকজন লোক এসে তাকে নৃশংসভাবে গলায় পোচ মারে এবং পেটে ভোজালি বসিয়ে দেয়। আমরা শুনেছি যে ৮ হাজার টাকা ঐ সমস্ত ক্রিমিন্যাল পাণ্ডাদের দেওয়া হয়েছে যাতে তাকে খুন করা হয়। কমরেড তরুন রায় একজন পরীক্ষিত এবং পরিচিত কমিউনিষ্ট নেতা। তার বিরুদ্ধে দুষ্কর্ম করার যে অভিযোগ এনেছেন, আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে একথা বলতে পারছেন, কিন্তু বাইরে গিয়ে বলতে পারবেন না। আমি চ্যালেঞ্জ করছি আপনাকে বাইরে বলার জন্য। একই ঘটনা ঘটেছে কাঁথিতে। সেখানে হিমাংশু জানা, সর্বজনপ্রিয় মানুষ, হঠাৎ তার বাড়িতে গিয়ে তার ছেলেমেয়েদের সামনে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। তমলুকে পঞ্চায়েত নির্বাচনের পরে অভিরাম বলে একজন কমিউনিষ্ট কর্মীকে তার বাড়ীতে হত্যা করা হয়েছে। আমি জিজ্ঞাসা করি কোন রাজ্যে এই রকম ঘটনা আছে? মালদায়ও এই রকম ঘটনা আছে। পশ্চিমবঙ্গে আজকে বামপন্থী কর্মীদের উপর এই জিনিষ হচ্ছে। কংগ্রেস আমলে পুলিশ-এর মধ্যে একটা থার্ড ডিগ্রী মেথড চলতো। একটা ঘটনাও ওরা কাগজে প্রকাশ করতো না। কাজেই ল এ্যাণ্ড অর্ডার রাখার জন্য যেভাবে বামফ্রণ্ট সরকার দায়িত্ব নিয়েছে, তারা সেটা পুরোপুরি ভবে পালন করছে এবং তার স্বীকৃতি সারা ভারতবর্ষে আছে। আমি অবাক হয়ে গেলাম মানসবাবুর কথায়। তিনি সার্টিফিকেট দিলেন যে যেসমস্ত কংগ্রেসী রাজ্যে আছে সেখানে ল এ্যাণ্ড অর্ডার খুব ভাল চলছে। এই সব কথা এ্যাসিম্বলীতে হচ্ছে যদি তারা শুনে তাহলে তারা হাসবে। কেউ তো ওনার সার্টিফিকেট চায়নি। কেউ সার্টিফিকেট দেয়নি একথা বলার জন্য। যাই হোক, ল এ্যাণ্ড অর্ডারের কথা গেল।

এখন বিদ্যুতের সম্পর্কে যে সব কথা বলা হয়েছে সেই সম্পর্কে দু'একটা কথা বলি। বিদ্যুতের ব্যাপারে আমাদের লক্ষ্য ছিল ষষ্ঠ পরিকল্পনাতে ৯,৩৮১ মেগাওয়াট। কিন্তু সেটা হয়েছে ৭,০৫৮ মেগাওয়াট। অর্থাৎ ২ হাজার মেগাওয়াট কমে গেল। বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হবে এমন কোন ইঙ্গিত নেই, সেখানে অবনতি ঘটারই ইঙ্গিত ষষ্ঠ প্লানিং কমিশন দিচ্ছেন। বিদ্যুৎ শক্তির সামগ্রীক চাহিদার সঠিক মূল্যায়ন এবং উৎপাদন ক্ষমত্য সৃষ্টির লক্ষ্য নির্দিষ্ট করা হয়নি। বরং যে লক্ষ্য ছিল সেটাও পূরণ হয়নি। বিভিন্ন যোজনায় ঘোষিত অতিরিক্ত বিদ্যুৎ শক্তি সৃষ্টির ক্ষমতার একটি লক্ষ্যও পূরণ হয়নি। অথচ চাহিদা বাড়ছে। পশ্চিমবাংলায় এই অতিরিক্ত

বিদ্যুৎ সৃষ্টির পরিমাণ অত্যন্ত নগন্য। যেটা ছিল ১৫৩০, সেটা এসে দাঁড়িয়েছে ১৬২৫ মেগাওয়াটে। অর্থাৎ ১৪ পারসেণ্ট কমেছে। কাজেই এই রকম একটা কনকারেণ্ট সাবজেক্টে আগে থেকে যদি প্লান করে বিদ্যুত ইনস্টলেশান না হয় তাহলে পৃথিবীর কোন জায়গা বিদ্যুৎ বাড়তে পারে না। আর বিদ্যুৎ যদি না বাড়ে, পাওয়ার যদি না পাওয়া যায় তাহলে কলকারখানা বাড়ে না। আমরা দেখেছি যে কিভাবে কেন্দ্র পশ্চিমবঙ্গের উপরে আঘাত করছে। ইণ্ডাস্ট্রিয়াল ডেভলপমেণ্ট ব্যাঙ্ক যে ঋণ দিয়েছে তাতে মহারাষ্ট্র —১৯৮০-৮১ সালে ২৪৯ কোটি ৫৭ লক্ষ এবং ১৯৮১-৮২ সালে ২৭০ কোটি ৩ লক্ষ পেয়েছে। গুজরাট পেয়েছে ১৯৮০-৮১ সালে ৩৪০ কোটি ২১ লক্ষ এবং ১৯৮১-৮২ পেয়েছে ২৭২ কোটি ১১ লক্ষ। সেখানে পশ্চিমবাংলা সবচেয়ে কম। পশ্চিমবাংলা পেয়েছে মাত্র ৯ কোটি ৩১ লক্ষ। ১৯৮১-৮২-তে ওরা সেখানে পেয়েছে ৭০ কোটি, সেখানে পশ্চিমবঙ্গ পেয়েছে ৬ কোটি ৭ লক্ষ।

[6-40—6-50 p.m.]

এই ভাবে দেখা যাচ্ছে বানিজ্যিক ব্যাঙ্কগুলি আমানতের টাকার যে পরিমান টাকা ঋণ হিসাবে অগ্রিম দিয়েছে তার হার হলো মহারাষ্ট্র ৮০'৮% পেয়েছে, আর সেখানে পশ্চিমবঙ্গ মাত্র ৫৮'৭% পেয়েছে। চণ্ডিগড় পেয়েছে ১২৮, অন্ধ্রপ্রদেশ ৭৫'৩, কর্ণাটক ৭৭, তামিলনাডু ৯৫'১%। পশ্চিমবঙ্গ সবচেয়ে কম। কাজেই পশ্চিমবঙ্গের উন্নতির ক্ষেত্রে কেন্দ্র পশ্চিমবঙ্গের সঙ্গে যেরকম ব্যবহার করছে তাতে পশ্চিমবঙ্গের উন্নতি ব্যাহত হচ্ছে।

শুল্ক খাতে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্র শুল্ক বাবদ পশ্চিমবঙ্গ থেকে নিয়ে গেছে ১৯৭৮/৭৯ সালে ৫২৫'০০ কোটি টাকা, ১৯৭৯/৮০ সালে ৫৯১'১২ কোটি টাকা, ১৯৮০/৮১ সালে ৬২৪'০৫ কোটি টাকা, ১৯৮১/৮২ সালে ৬৯২'৪২ কোটি টাকা, ১৯৮২/৮৩ সালে ৭২২'৯৩ কোটি টাকা। আর এর থেকে পশ্চিমবঙ্গ পেয়েছে কত? ১৯৭৮/৭৯ সালে পেয়েছে ৯৮'১০ কোটি টাকা, ১৯৭৯/৮০ সালে ২০৬'৯৫ কোটি টাকা, ১৯৮০/৮১ সালে ২২৬'৯৪ কোটি টাকা, ১৯৮১/৮২ সালে ২৬৫'৭৬ কোটি টাকা, ১৯৮২/৮৩ সালে ২৮৬'৮৯ কোটি টাকা।

কাজেই আমরা দেখতে পাচ্ছি কেন্দ্র পশ্চিমবঙ্গের সঙ্গে সর্বক্ষেত্রে অবিচার করে চলেছে। সবচেয়ে বড় কথা হচ্ছে পশ্চিমবঙ্গের ওপর ওঁদের এত আক্রোশ কেন? আজকে কেন এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হচ্ছে, না পশ্চিমবাংলার গ্রাম বাংলার মানুষ দীর্ঘদিন গ্রামের কায়েমীস্বার্থের দ্বারা অত্যাচারিত, লুন্ঠিত হয়েছে, তাদের কোন অধিকার ছিল না, আজকে তারা—সেই তলার মনাুষরা—মাথা তুলে দাঁড়িয়েছে, কায়েমী স্বার্থের তাদের ওপর হুকুম করার অধিকার আর নেই, সেই জন্য অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। কায়েমী স্বার্থের সেই সব অধিকার হরণ করা হয়েছে, তাদের যে সামাজিক প্রতিষ্ঠা ছিল, সেই প্রতিষ্ঠা আজকে আর নেই। আজকে শোষিত শ্রেণী, অত্যাচারিত শ্রেণী তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছে এবং নিজেদের অধিকার কায়েম করছে, আর বামফ্রণ্ট সরকার তাদের সেই কাজে সাহায্য করছে।

অতীতে আমরা দেখেছি ইণ্ডাস্ট্রিতে মজদুরদের ধর্মঘট করবার অধিকার ছিল না, আজকে তারা ধর্মঘট করছে, লড়াই করছে, কিন্তু পুলিশ তাদের বিরূদ্ধে যাচ্ছে না।

অথচ আমরা দেখছি মালিক শ্রেণী কেন্দ্রের সাহায্য নিয়ে লক-আউট করছে, ফলে হাজার হাজার মজদুর বেকার হয়ে যাচ্ছে।

পশ্চিমবঙ্গের খাদ্য উৎপাদনের কথা এখানে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে আমার বন্ধুরা অনেক তথ্য দিয়েছেন, আমি আর সে সম্বন্ধে কিছু বলতে চাই না। আমি শুধু বলতে চাই পর পর গত তিন বছর খরা হয়ে গেছে, অথচ এই খরায় পশ্চিমবাংলার কোন মানুষ মারা যায় নি। জিনিষ-পত্রের দাম বাড়ছে? কেন্দ্রীয় সরকার তার জন্য দায়ী। কেন্দ্রীয় সরকারের জন্য দাম বাড়ছে, আমরা তাকে ঠেকাতে পারছি না। এখানে বিরোধী পক্ষ থেকে অভিযোগ করা হচ্ছে, বামফ্রণ্ট কেরানী কর্মচারীদের, মেহনতী মানুষদের আয় বাড়িয়েছে, বেতন, মহার্ঘ ভাতা বাড়িয়েছে এবং ওঁরা বলছেন এর ফলে নন-প্ল্যান খরচ বেড়ে গেছে। আমি তাঁদের বলছি, হ্যাঁ বেড়ে গেছে, কিন্তু কি করা যাবে, মানুষগুলিকে তো বাঁচাতে হবে। তাদের বাঁচাবার দায়িত্বই বামফ্রণ্ট সরকার নিয়েছে এবং ভবিষ্যতেও নেবে। আমি সেই জন্য বিরোধী পক্ষকে বলতে চাই যে, অনাস্থা প্রস্তাব আপনারা বিধানসভার ভেতরে আনতে পারলেও, বাইরের জনসাধারণের আস্থা সম্পূর্ণভাবে বামফ্রণ্ট সরকারের ওপর আছে। আগামী দিনে জনসাধারণ প্রমান করবে যে, ইতিপূর্বে যতটুকু আস্থা আপনাদের ওপর ছিল, আজ তার ততটুকুও নেই।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় যে অনাস্থা প্রস্তাব উত্থাপন করা হয়েছে তার বিরুদ্ধে বা তার পক্ষে কোন কথা বলার কোন প্রশ্নই আসে না, কোন কারণেই আসে না। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ঘোষিত ২৮ তারিখের বামফ্রণ্ট সরকারের বাংলা বন্ধ যেমন একটা নকল যুদ্ধ, ঠিক তেমন কংগ্রেস(ই) এবং অন্যদের পক্ষ থেকে উত্থাপিত এই নো-কনফিডেন্স মোশানও একটা নকল যুদ্ধের সামিল।

এই কারণে কেন্দ্রের কংগ্রেস সরকার এবং পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার উভয়ে আজকে ভারতবর্ষের পুঁজিপতি, জোতদার মালিকশ্রেণীর স্বার্থে সরকারের ক্ষমতায় অধিষ্ঠিত থেকে সরকার পরিচালনা করছেন। ফলে কংগ্রেস হাজার মাথা কুটে মরলেও তাঁরা যে জনগণের স্বার্থে নো কনকিডেন্স এনেছেন এটা সাধারণ মানুষের বিশ্বাসযোগ্য হবে না, যেমন বিশ্বাসযোগ্য ২৮ তারিখের বাংলা বন্ধ, যেটা বামফ্রণ্ট ডেকেছে। কেন কার স্বার্থে? যাই হোক আমি যে কথা বলতে চাইছিলাম, প্রত্যেকটি নীতি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্য নীতি বলুন, কর নীতি বলুন, মূল্য স্তর নীতি বলুন, বাজেট, দর যে নীতিই বলুন সর্বক্ষেত্রে দেখা যাবে কেন্দ্রের সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গের বামফ্রণ্টের কোন তফাত নেই এবং আমি সেই কারণেই বলছি, আজকে পশ্চিমবঙ্গে যে ভয়াবহ খাদ্যসংকট দেখা দিয়েছে এর মূল কারণ বামফ্রণ্ট সরকারের ফাটকাবাজ, মজুতদার এদের তোষণকারী নীতির ফলে এই রকম একটা ভয়াবহ খাদ্যসংকট দেখা দিয়েছে। সকলেই উপলব্ধি করতে পারছেন যে কলকাতা শহরে রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। কোন পরিবার তাঁর প্রয়োজনীয় জিনিষ এক সপ্তাহের রেশন থেকে পান না। সংশোধিত রেশন এলাকায় রেশন সরবরাহের দুরবস্থার কথা না বলাই ভাল। আপনি জানেন পশ্চিমবাংলার গ্রামবাংলায় দুবছর ধরে খরা, অনাবৃষ্টি, আজকে বিস্তীর্ণ গ্রামাঞ্চল জুড়ে গরীব চাষী, ক্ষেতমজুর, বর্গাদার, প্রান্তিক চাষী তাদের ঘরে ঘরে দুর্ভিক্ষের

মত পরিস্থিতি দেখা দিচ্ছে। একদিকে এই রকম অবস্থা আর বামফ্রণ্ট সরকার জোতদারদের স্বার্থ দেখছেন। জোতদারদের কোন লেভী করেন না, মালিকের উপর কোন লেভী করেন না, আভ্যন্তরীণ সংগ্রহের দিকে দৃষ্টি দেন না, ফলে জোতদার, কালবাজারী মুনাফাখোর এরা অবাধে দেশকে শোষণ করে দিচ্ছে। এর ফলে খাদ্য সমস্যা আরও মারাত্মক হয়ে উঠেছে এবং সাথে সাথে আমরা দেখছি যে কেন্দ্রীয় সরকার আজকে যখন ডেফিসিট স্টেট বলছেন, অথচ খাদ্যের দিক থেকে তাঁদের যে দায়িত্ব সেটা পালন করছেন না, রাজ্য সরকারও কেন্দ্রের নীতি নিয়ে চলছেন। পশ্চিমবঙ্গের প্রশ্নটা আজকে এই রকম হয়েছে। মূল্যবৃদ্ধির প্রশ্নও ঐ একই জিনিষ। আজকে কেন্দ্রীয় সরকার যেমন মূল্যবৃদ্ধি করছেন, তাঁরা বাজারে ডিজেল, পেট্রল, কেরোসিন ইত্যাদির দাম বাড়াচ্ছেন, রেলের মাশুল বাড়াচ্ছেন, অন্যান্য জিনিষ পত্রের দাম বাড়াচ্ছেন সেইরকম বামফ্রণ্ট সরকারও কেন্দ্রের পদাঙ্ক অনুসরণ করে মূল্যবৃদ্ধিতে সাহায্য করছেন। ঐ রকম করের বোঝা চাপাচ্ছেন এবং এবারে পশ্চিমবঙ্গে একটা নজির সৃষ্টি করেছেন। বাজেট বহির্ভূতভাবে বিপুল পরিমাণ করের বোঝা জনগণের উপর চাপিয়ে দিলেন। কেন্দ্রীয় সরকার ডিজেলের দাম বাড়িয়েছেন, এঁরাও ডিজেলের উপর গত ৮১-৮২ সালে ৩ শতাংশ কর বাড়িয়েছেন। কয়লার দাম বাড়িয়েছেন কেন্দ্রীয় সরকারের পদাঙ্ক অনুসরণ করে। বিদ্যুতের দাম দফায় দফায় বাড়িয়েছেন, ৪ দফায় বাড়িয়েছেন, এইভাবে বাড়িয়ে চলেছেন। সমস্ত দিক থেকে আজকে যদি বিচার বিবেচনা করা যায় আজকে সরকারী নীতির প্রশ্নে কেন্দ্রের কংগ্রেসের সঙ্গে বামফ্রণ্টের কোন পার্থক্য দেখতে পাওয়া যাবে না। এঁরাও মিউনিসিপ্যাল, পঞ্চায়েত এদের উপর কর চাপিয়ে যাচ্ছেন। কেন্দ্রীয় সরকার রেলের ভাড়া বাড়াচ্ছেন বাসের ভাড়া বাড়াচ্ছেন। কেন্দ্রীয় সরকার মিলিটারীর বাড়াচ্ছেন জনগণের স্বার্থ না দেখে, এঁরাও পুলিশের বাজেট বাড়িয়ে চলেছেন। কেন্দ্রীয় সরকার দেশের প্রয়োজন না দেখে যেমন এম. পি.-দের ভাতা বাড়াচ্ছেন, এঁরাও এম. এল. এ.-দের ভাতা বাড়াচ্ছেন। ফলে এইরকম অবস্থা হয়েছে। আজকে ২৮ তারিখের যে বাংলা বন্ধ সেটা নকল যুদ্ধ, একটা প্রহসন হতে চলেছে।

[6-50—7-00 p.m.]

এদিকে জ্যোতিবাবু বলেছেন কেন্দ্রের সঙ্গে সংঘর্ষ নয়—প্রতিযোগিতা। এই প্রতিযোগিতা বলতে উনি কি বুঝাতে চাইছেন যে সরকারী ক্ষমতায় বসে কে কত বেশী মালিক পক্ষের স্বার্থে জনগণকে কঠোরভাবে শোষণ করতে পারবে এবং সেই শোষণের বিরুদ্ধে যাঁরা গনআন্দোলন করবে তাঁদের কে কত বেশী দমন করতে পারবে, মালিক শ্রেণীর আস্থাবান হতে পারবে ? আজকে এটাই বিচার্য বিষয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তাঁদের এই এই বাংলা বন্ধ ডাকবার নৈতিক অধিকার থাকতো যদি তাঁরা সরকারী ক্ষমতায় থেকে পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে কাজ করতেন। কিন্তু দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার যেরকম ভাবে জনসাধারণের সমস্যাগুলি সমাধান করা তো দূরে থাক, সেগুলো এ্যাগ্রাভেট করবার চেষ্টা করে চলেছে, আন্দোলন দমন করবার চেষ্টা করছে, এখানেও দেখছি জনগণের ন্যায়সঙ্গত

গন আন্দোলনকে বামফ্রণ্ট সরকার ঠিক সেইভাবে পুলিশ, টিয়ারগ্যাপ, গুলি, ঠাঙ্গারে বাহিনী দিয়ে দমন করছে। পশ্চিমবাংলায় বিগত ১৫ই মার্চ থেকে বাস ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে এস. ইউ. সির নেতৃত্বে যে নতুন অধ্যায় সৃষ্টি হয়েছে সেই আন্দোলনকে দমন করবার জন্য এঁরা কিভাবে নির্বিচারে গুলি চালিয়েছে, ঠ্যাঙ্গারে বাহিনী লেলিয়ে দিয়েছে, মা বোনদের উপর আক্রমন করছে! কিন্তু মনে রাখবেন যে জনসাধারণের ন্যায়সঙ্গত গণ আন্দোলনকে এইভাবে শেষ করে দেওয়া যায়না, মৃত্যু বাধা হয়ে ওঠেনা। আজ পশ্চিমবাংলায় জেলায় জেলায় বাস ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন চলছে। সেই আন্দোলনকে দমন করবার জন্য বিগত কয়েক মাস ধরে বামফ্রণ্ট সরকার নির্বিচারে লাঠি, টিয়ারগ্যাস, গুলি চালাচ্ছে। মানিকতলায় আন্দোলনকারীদের একটি প্রাণ বামফ্রণ্ট সরকার ইতিমধ্যেই কেড়ে নিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বামফ্রণ্ট সরকারের নেতৃবৃন্দকে শুধু এটুকু বলতে চাই, আপনারা ক্ষমতায়, গদিতে বসেছেন। ভেবে দেখুন ১৯৫৯, ১৯৬৬ সালের খাদ্য আন্দোলনের কথা! মনে পরেনা কি ১৯৬৬ সালের সেই আন্দোলনের শহীদ আনন্দ হাইত, নুরুল ইসলামের মায়ের কান্না? আজকে সেই সব আন্দোলনের শহীদের রক্তের বিনিময়ে ক্ষমতায় বসেছেন আপনারা। তাঁদের চোখের জলের কোন মূল্যই কি দেবেন না আপনারা? সেই সব শহীদের স্বপ্নকে সার্থক করে তুলুন! আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নেতা আবদুস সাত্তার সাহেব এই হাউসে যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যাঁরা নীচুতলায় বাস করে এবং যাঁদের সংখ্যাই সর্বাধিক, সেই সমস্ত মানুষের অবস্থা কোথায় গিয়ে পঁৗছেছে! আমরা দেখতে পাচ্ছি, এই সমস্ত শ্রেণীর মানুষের আর্থিক এবং সামাজিক, বিশেষ করে অর্থনৈতিক দুরাবস্থার কথা এই বামফ্রণ্ট সরকার কোন চিন্তাই করছেন না। তাই লক্ষ করা যায় যে এই সব অবহেলিত মানুষের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনাএঁরা আজ পর্যন্ত গ্রহন করেনি। এর ফলে লক্ষ লক্ষ মানুষ যাঁদের ভোটে আজ এঁরা ক্ষমতাবান হয়েছেন তাঁদের অবস্থার কোন উন্নতি করা সম্ভব হয়নি। এই কথা আজকে পশ্চিমবাংলার মানুষ সোচ্চারে বলতে চায় কিন্তু এখানে গনতন্ত্র নেই, এখানে প্রতিবাদ করা যাবেনা। এখানে প্রতিবাদ করতে গেলে লালঝাণ্ডা-বাহিনীর লাঠি আছে! মাননীয় অধাক্ষ মহাশয়, আমি এই কথাগুলো আপনার মাধ্যমে জানাতে চাই যাতে অন্তত: সেই সমস্ত মানুষের কল্যাণের স্বার্থে এঁদের শুভবুদ্ধি আসে। আমি আরও বলতে চাই এই বামফ্রণ্ট সরকারের একজন মন্ত্রী, তিনি একটি অভিযোগ করেছেন।

সারা পশ্চিমবাংলর মানুষ আজ নানা অভিযোগ করেছে। অভিযোগ কেবল মাত্র আমরাই করি নি। অভিযেগ অনেক অনেক মন্ত্রীও করেছেন। ২৩শে আগষ্ট আনন্দবাজার পত্রিকায় আমরা দেখেছি মাশনীয় মন্ত্রী কমল গুহ মহাশয়ও এই সরকারের বিরুদ্ধে অভিযোগ করেছিলেত। সংগঠন অগ্রগামী কিষান সভার এক সম্মেলনে তিনি একটি পরিষ্কার অভিযোগ করেছেন। তিনি বলেছেন 'বামফ্রণ্ট প্রথম

পাঁচ বছরে সামগ্রিক ভাবে কোন পরিকল্পনা গ্রহন করেননি। দ্বিতীয় পর্যায়েও ১ বছর চলে গেল—এখনও কেন পরিকল্পনা মতো কাজ হচ্ছে না'। আজকে তাই দেখতে পাচ্ছি শুধু বিরোধী দলই করছে না, তাঁদের যে সমস্ত মন্ত্রী রয়েছেন এবং যে সমস্ত সদস্যারা রয়েছেন তাঁদের মধ্যেও ক্ষোভ দানা বেঁধে উঠেছে। তাঁদের প্রতিবাদ জোরালো ভাবে আনতে পারছেন না। কারণ কারণ সি. পি. এম যে ঠ্যাংগাড়ে বাহিনী রয়েছে তাদের ভয়ে কিছু বলতে পারছেন না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই এই বামফ্রণ্ট সরকার সাধারন ভাবে কৃষির উন্নতি কিছু করতে পারেন নি। কোন রকম উন্নতি তাঁরা দেখাতে পারেন নি। কৃষির উন্নতি করতে গেলে প্রথমে কৃষকদের চাঙ্গা করতে হবে। পশ্চিমবাংলায় তাঁরা যে অর্থনৈতিক কাঠামো গড়ে তুলেছেন তাতে কৃষকরা আরো দরিদ্র হয়ে পড়ছে। তদের জন্য কোন পরিকল্পনা গ্রহন করা হয় নি, তাদের জন্য কেউ চিন্তা করেন না। সাধারন মানুষ এবং কৃষকদের জন্য এই বামফ্রণ্ট সরকার কোন পরিকল্পনা গ্রহন করেন নি। তাঁরা কেবল অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে এই জিনিষটা এড়িয়ে যাবার সুযোগ করে নিচ্ছেন। এর তীব্র প্রতিবাদ করা দরকার এবং সংগত কারনেই এই অনাস্থা প্রস্তাব এনে এর প্রতিবাদ করছি। এখানে সমস্ত কারখানা বিপন্ন হতে চলেছে এবং তাদের উৎপাদন আজ কোথায় গিয়ে আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে! আমরা দেখতে পাচ্ছি বিদ্যুৎ উৎপাদন ক্রমশ কম চাচ্ছে। প্রতিদিন এবং প্রতিমাসে বিদ্যুৎ ঘাটতি থেকেই যায়। এই বিদ্যুৎ ঘাটতির জন্য সমস্ত কারখানানয় সাধারন উৎপাদন ব্যহত হচ্ছে। এই উৎপাদন ব্যহত হওয়ার জন্য সারা পশ্চিমবাংলা মার খাচ্ছে। এ ছাড়া এখানে রয়েছে নানা ধরনের উপদ্রব। এই উপদ্রবের ভয়ে অনেক কারখানার মালিকরা করখ্যনা বন্ধ করে দেবার চেষ্টা করছে। অনেক কারখানা এখান থেকে উঠে গিয়েছে এবং অনেকে উঠে যাবার চেষ্টা করছে। তাদের এই সমস্ত কার্যকলাপ দেখে কারখানার মালিকরা বিকল্প ব্যবস্থা নেবার চেষ্টা করছে। এই সমস্ত কিছু জেনেও ওনারা এখানে চিৎকার করছেন এবং প্রস্তাবের বিরোধীতা করছেন। স্যার, এবারে আমি আইন-শৃঙ্খলার ব্যাপারে আসছি। গ্রামবাংলার আইন-শৃঙ্খলা এই সরকার কোথায় পেঁছে দিয়েছেন সেটা যদি চিন্তা করে দেখেন তাহলে আর এখানে এই ভাবে চিৎকার করার অবকাশ থাকে না। এই সমস্ত কিছু পশ্চিমবাংলার মানুষের চোরে সামনে ভেষে উঠছে। অনেক গ্রামে বিদ্যুৎ যায়নি এবং যেখানে বিদ্যুৎ গেলেও আলো জলে না। পশ্চিমবাংলায় গ্রামে ডাকাতির সংখ্যা বেড়ে যাচ্ছে। এখানে রাজনৈতিক ক্ষমতায় যায়া অধিষ্টিত সেই ক্ষমতাসীন দলের মদতের ফলে গ্রামে চুরি ছিনতাই, ডাকাতি দিনের পর দিন বেড়ে যাচ্ছে। গ্রামে আইন-শৃঙ্খলা বলতে কিছু নেই। সেখানে একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছে। সাধারন মানুষ আজ তাদের ভয়ে ভীত। গ্রামের মানুষের অনেকের ঘর নেই, তারা কুঁড়ে ঘরে বসবাস করে। আপনারা তাদের ঘর করে দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত তাদের ঘর করে দিতে পারেন নি। তার উপর আবার রাতের অন্ধকারে চুরি, ডাকাতি, ছিনতাই করছেন। এর তীব্র প্রতিবাদ হওয়া উচিৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা উদাহরণ তুলে ধরতে চাই। ১৬ই আগাষ্ট কাগজে যেটা বেরিয়েছিল সেটা আমি

এখানে উল্লেখ করছি। সম্প্রতি পশ্চিমবাংলায় কি হারে খুনোখুনি হচ্ছে সেই ব্যাপারে আমি বলতে চাই। বর্তমানে জানুয়ারীর গোড়া থেকে আগষ্ট পর্যন্ত ৬৫ জন কংগ্রেস কর্মী খুন হয়েছে এই পশ্চিমবাংলায়। এটা দিল্লী থেকে প্রকাশিত হয়েছে। এই তথ্য কেন্দ্রীয় সরকার প্রকাশ করেছে এবং এটা আনন্দবাজার পত্রিকাশ প্রকাশিত হয়েছে।

[7-00—7-10 p.m.]

আমরা দেখেছি এ রাজ্যে প্রায় প্রতিদিনই কংগ্রেস কর্মীদের খুন করা হচ্ছে। নিম্মৎ থাকলে এই সংবাদের বিরুদ্ধে প্রতিবাদ করুন না দেখি। আপনাদের যদি ক্ষমতা থাকে, তাহলে কোর্টে গিয়ে এর বিরুদ্ধে কেন করুন না দেখি। আমাদের সংবাদপত্র প্রতিষ্ঠান তাঁদের পবিত্র দায়িত্ব পালন করতে বদ্ধ পরিকর এবং সংবাদপত্রের মাধ্যমেই মশ্চমবাংলার মানুষ দেশের প্রকৃত চিত্র জানতে পারছে। ১৯৮৩ সালের জানুয়ারী মাস থেকে আগষ্ট—এই আট মাসে পশ্চিমবাংলার বুকে আইন-শৃখলার অবস্থা দেখতে কেন্দ্রীয় সরকারের অফিসারবৃন্দ এসেছিলেন। তাঁরা দেখেছেন এই আট মাসে কত কংগ্রেস কর্মী এই রাজ্যে খুন হয়েছে। শুধু তাই নয়, সংবাদ সংগ্রহ করতে এসে তাঁরা রাজ্য সরকারের পুলিশের কাছ থেকে নানাভাবে বাধাপ্রাপ্ত হয়েছেন। তাঁদের অপরাধ—তাঁরা পশ্চিমবাংলার বুকে কত খুন হয়েছে বা হচ্ছে তা সংগ্রহ করতে এসে-ছিলেন। কিন্তু সরকারী পুলিস অফিসার ও আমলারা সেই তথ্য সংগ্রহে বাধা দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই রাজ্যে বিচার ব্যবস্থা বলে কিছু নেই, আইন-শৃখলা তো একেবারেই নেই। কয়েক বছর আগে এই সরকারই ক্ষমতায় ছিলেন। সেই সময়ে ( ১৯৮০ সালে ) পশ্চিম দিনাজপুরে ৬৭টি বন্দুক লুঠ হয়েছিল, বহু মানুষ খুন হয়েছিল। কিন্তু প্রকৃত ক্রিমিন্যালদের একজনকেও গ্রেপ্তার করা হয় নি। যাদের সন্দেহ করে ধরা হয়েছিল, তাদের একজনও শাস্তি পায় নি, বুক ফুলিয়ে তারা ঘুরে বেড়াচ্ছে। এই তো হচ্ছে পশ্চিমবাংলায় আইন-শৃংখলা ও বিচার ব্যবস্থার অবস্থা। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের দলনেতা যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমলানন্দ মুখার্জী:** মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব বামফ্রণ্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি তাকে বিরোধিতা করছি। এই প্রসঙ্গে আমি খুব কৌতুক বোধ করছি—যারা পশ্চিমবাংলার মানুষের কাছ থেকে বারংবার পরিত্যক্ত হয়েছে, যাদের উপরে পশ্চিমবাংলার মানুষ অনাস্থা জানিয়েছে, তারাই এখানে একটা জনপ্রিয় সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছে। অনাস্থা প্রস্তাব এরা বাজেট সেসানেও একবার এনেছিল। ইতিহাসের কি পরিহাস। স্মরণ করি পিছনের দিনগুলিকে, মনে পড়ছে, পশ্চিমবাংলার মানুষ দাঙ্গা রোখবার জন্য শান্তি বাহিনী গঠন করেছিলেন, সালটি ছিল ১৯৪৭। ১৯৪৭ সালে কালোবাজারী দমনের জন্য তদানিন্তন স্বরাষ্ট্রমন্ত্রী সেই শান্তি সেনাকে বে-আইনী ঘোষনা করেছেন। এদের চোখে এটাই ছিল গণতন্ত্র। এরপর পশ্চিমবাংলার প্রথম কংগ্রেস সরকার বৃটিশ আমলের ওয়েষ্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট প্রয়োগ করেছিলেন। ১৫ই আগষ্ট, ১৯৪৭ সালে আমরা স্বাধীন হয়েছিলাম, ক্ষমতা হস্তান্তর হয়েছিল বৃটিশদের

কাছ থেকে আমাদের কাছে। স্বাধীনতার অব্যবহিত পরেই ডিসেম্বরের শেষের দিকে কংগ্রেস সরকার কালা কানুন প্রয়োগ করেছিলেন। এর বিরুদ্ধে সেদিন মিছিল হয়েছিল, আন্দোলন হয়েছিল। মিছিলের উপরে গুলি চলেছিল, শহীদ হয়েছিলেন শিশির মণ্ডল। এরপরে আরও নানান আন্দোলন হয়েছিল—উদ্বাস্তুদের মধ্যে থেকেও আন্দোলন হয়েছিল আরও বহু কিছু নিয়ে। এ ইতিহাস দীর্ঘকালের। স্মরণ করুন ১৯৫৭ সালের কথা। ঐ সময়ে কেরালাতে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছিল—এক নির্বাচিত সরকার। স্মরণ করুন, কি ভাবে তাদের ভেঙে দেওয়া হয়েছিল। স্মরণ করুন ১৯৫৯ সালে অত্যাচারের কথা। সেদিন কৃষক রমনীরা এসেছিলেন পুলিশী আবেষ্টনী ভেদ করে এসপ্লানেডের প্রত্যেকটা অলিতে গলিতে। ট্রেনে ট্রেনে শয়ে শয়ে রমণী আসছেন মিছিলে যোগ দেওয়ার জন্য কিন্তু তাদের আসতে না দেওয়ার অনেক চেষ্টা হয়েছে। তবুও এসপ্যানেডের মিছিলে কয়েক লক্ষ মানুষ জমা হোল। তাদের লাঠি-পেটা করা হোল, সেখানে কৃষক রমণীদের উলঙ্গ করে দেওয়া হোল। সারা শহরে ছড়িয়ে গেল আন্দোলন। এই আন্দোলনে ৮০ জন মারা গেল। এটা কি গণতন্ত্রের পরিচয়? আবার ১৯৫৫ সালে বসিরহাটে কেবোসিনের কেরোসিনের দাবী জানিয়েছিলেন নুরুল ইসলাম, তাকে হত্যা করা হোল। অথচ আপনারাই কিনা গণতন্ত্রের কথা বলেন। আপনাদের পার্টিতে গণতন্ত্র বলে কিছু আছে? ১২ বছর ধরে আপনাদের পার্টিতে কোন নির্বাচন হয়নি। কোন মুখে গণতন্ত্রের কথা বলেন? ১৯৭১ সালে নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠ আমরা হলাম। কিন্তু তবুও বামফ্রন্ট সরকারকে শাসন ক্ষমতা দেওয়া হোল না। একটা মাইনোরিটি সংখ্যালঘু সরকারের হাতে শাসন ক্ষমতা চাপিয়ে দেওয়া হোল। ১৯৭২ সালের নির্বাচনের কথা নিশ্চয়ই আপনারা সকলেই জানেন। চুরি করে ভোটের আগেই ভোট হয়ে গেল। মুখে বলেই সব কথার শেষ নয়। এরপরে আপনারা আইন হাতে নিতে চাইলেন। ১১ বছরের মধ্যে কোন যুদ্ধ নেই, কোন আপত্তি নেই অথচ আপনাদের নেতৃ জারি করলেন কোন নিরাপত্তা বোধ করছেন না এবং সেই সময়ে রেলের ধর্মঘট চলছে। এই রেলওয়ে ধর্মঘটের ফলে আপনাদের নেতৃ শ্রীমতী ইন্দিরা গান্ধী আফগানিস্থান যাওয়ার আগে বলে গেলেন তিনি গৃহযুদ্ধের আশঙ্কা দেখছেন; সুতরাং জরুরী অবস্থা জারি হোল। কিভাবে অত্যাচার করলেন তার একটা দৃষ্টান্ত দিচ্ছি কাঁচড়াপাড়া রেল ষ্টেশানে কিভাবে মেয়েদের হাত-পা বেঁধে ধরে নিয়ে যাওয়া হোল। কি নির্মম অত্যাচার করা হোল এখানে বাসিন্দাদের উপর সেটা আপনাদের সকলেরই স্মরণ আছে নিশ্চয়ই। শুধু তাই নয় প্রিভিনেটিভ ডিটেমশান এ্যাক্ট চালু হোল এবং এতেই সীমাবদ্ধ থাকলো না মিশা চালু হোল। বিনা বিচারে আটক এবং এই আটকের কারণ হিসাবে কিছু দর্শানো হবে না। এমন আইন যে যতদিন ইচ্ছা জেলে রেখে দিতে পারেন, হয়তো পরস্পরের মধ্যে ঝগড়া হচ্ছে সেখানে জোর করে জেলে নিয়ে যেতে পারে এবং এরজন্য কোন কারণ দর্শানো হবে না এবং যতদিন ইচ্ছা আটক রাখতে পারে। এই তো হচ্ছে আপনাদের কালের অবস্থা। এই অবস্থা কি সকলে বিস্মৃত হয়ে গেছে? তারসরে আপনারা স্মরণ করুন সেই গণ-টোকাটুকির চেহারাটা আপনারা জানেন যে ওই সময়ের বহু ছাত্র-ছাত্রীদের বইয়ের সঙ্গে কোন সম্পর্ক নেই, লেখা পড়ার কও জানেন না অথচ সেকেণ্ড

ডিভিশানে পাশ করে গেল। পরীক্ষার খাতা বাইরে দেখা হোল। সেই চেহারা নিশ্চয় মনে আছে আপনাদের? তারপরে আসছি চাকুরীর ব্যাপারে—স্মরণ করে দেখুন কিভাবে ক্যাবিনেট সাব-কমিটিতে সিদ্ধান্ত নিয়ে নিজেদের খেয়াল-খুশীমত সমস্ত আইন লঙ্ঘন করে, সমস্ত নিয়ম লঙ্ঘন করে চাকুরী দিয়েছেন। এক একজন এম. এল. এ. প্রতি কোটা হিসবে চাকুরী দিয়েছেন। এক একজন এম. এল. এ. একসাথে ৩০ জন করে তাদের দলের লোকের চাকুরী দিয়েছেন। আজকে শাসন ব্যবস্থা বিশৃঙ্খল ব্যবস্থা কারা বলছে? আজকে কারা অনাস্থা প্রস্তারের কথা বলছেন? আমি এই ব্যাপারে একটি ছোট ঘটনার কথা বলি—আমার নির্বাচন কেন্দ্র শান্তিপুরে একটি শান্তি মিছিল হোল। ৬০-৭০ জন লোক এই মিছিলে গেলেন, প্রাক্তন কংগ্রেস এম. এল. এ. এই মিছিলের পিছনে ছিলেন। কারা আজকে বন্ধের কথা বলছেন সেখানে কাদের কেন্দ্র করে বন্ধ ডাকা হয়েছিল—যারা গরীব মানুষ তাদের খাদ্যের দাবীতে এবং তাদের রুজি-রোজগার যাতে বন্ধ না হয় তারজন্য এই বন্ধ ডাকা হয়েছিল। কিন্তু এই মিছিল যখন যাচ্ছিল তখন মানুষ সেই মিছিলের পাশ দিয়ে যেতে পারছিল না, পচা গন্ধে লোকে নাক বন্ধ করে হাঁটছিল। এই মিছিলে যে লোক ছিল সে হচ্ছে একজন কুখ্যাত ডাকাত, তাদের নিয়ে মিছিল করা হয়েছিল। তারপরে মিছিল কংগ্রেস অফিসে গিয়ে পলিথিনের কাগজে মুড়ে একটি তেরঙ্গা ঝাণ্ডা উড়িয়ে দিলেন। সুতরাং বুঝতেই পারছেন কি রকম সম্মান প্রদর্শন করা হয়েছিল? তারা নাকি কংগ্রেস করে। কাদের জন্য কংগ্রেস করছেন, মনে করে দেখুন আপনারা বললেন ওদের জন্য বন্ধ, ওই গরীব মানুষের জন্য বন্ধ, তাদের জন্য নাকি আপনারা চোখের জল ফেলেন। আপনাদের এই চোখের জল ফেলা শুধু বিড়ম্বনা মাত্র। সুতরাং এইভাবে আপনারা অতীতে বন্ধ ডেকে নিজেরাই নিজেদের স্বরূপ দেখিয়েছেন জনসাধারণের কাছে।

[7-10—7-20 p.m.]

অবস্থা কোথায় দাঁড়িয়েছে? অবস্থা এখানে দাঁড়িয়েছে আজ গণতন্ত্রের কান্না, গণতন্ত্রের কণ্ঠরোধ করা, গণতন্ত্রের হত্যা করার চেহারা। আমরা দেখেছি সংবাপত্র নিয়ন্ত্রন আইনের প্রতিবাদে সমস্ত সংবাদপত্রে সাদা লেখা হয়েছে। লেখা নেই, সাদা প্রকাশ করতে হয়েছে। এসব হয়নি? অথচ আজ তাঁরা গণতন্ত্রের কথা বলছেন, অনাস্থা প্রকাশ করছেন। কি করেছেন তাঁরা দেশের মানুষের জন্য? ২৮ কোটি টাকার মালিক আজ ১৬০০ কোটি টাকার মালিক। সেদিনেও পেট্রোলের দাম বাড়িয়েছেন। অথচ আন্তর্জাতিক বাজারে পেট্রোলের দাম কমে গেছে। কয়লার দাম বাড়িয়েছেন। ২৫ টাকার কয়লা আজ ২০০ টাকা টন। মাল বহন করার যে মালগাড়ী তার উপর পড়বে। আজ প্রফিট, প্রফিট, সুপার প্রফিট। এইসব ইন্দিরা গান্ধী করেছেন। আজ মানুষকে নিঃস্ব করেছেন কয়লার দাম, তেলের দাম বাড়িয়ে এই সব আপনারা করছেন। আমাদের ত্রুটি আছে। সীমাবদ্ধ অবস্থার মধ্যে ত্রুটি থাকবে। কিন্তু আমরা কি করেছি? গ্রামের মানুষের হাতে ক্ষমতা দিয়েছি। গান্ধীজির কথায় ক্ষমতার বিকেন্দ্রীকরণ আমরা করেছি। গ্রামের নির্বাচিত মানুষের হাতে ক্ষমতা আমরা দিয়েছি। আপনারা বড় লোকের কথা চিন্তা করেছিলেন। গ্রামের নির্বাচিত মানুষ আজ কাজ

করছে। তারা নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করছে। তারা অধিকার ভোগ করছে। যাদের আপনারা যুগ যুগ ধরে ছোটলোক বলতেন আজ তারা মানুষের মত আত্মমর্যাদায় ফিরে এসেছে। আপনারা গণতন্ত্রের কথা বলেন সেই গণতন্ত্রকে তো আপনারা হত্যা করেছিলেন। মিটিং মিছিল করতে পারবে না। অফিস পুড়িয়ে দিতেন। জোর জুলুম করে চাঁদা আদায় করতেন। কোলকাতায়, মফস্বলে যাঁরা আছেন তাঁরা জানেন ৫০০ টাকা, হাজার টাকা চাঁদা না দিলে হোত না। মস্তান বাহিনী সব ছেড়ে দিয়েছিলেন। তাদের অত্যাচারে রাস্তাঘাটে চলা যেত না। তখন বোমা পিস্তলের যুগ ছিল। অতএব আমি তীব্রভাবে এই অনাস্থা প্রস্তাবের বিরোধীতা করছি।

**Shri Abdur Rauf Ansari:** Sir, while making my speech on the No Confidence Motion if I had said 'I am opposing the motion'—was a mistake. The correct expression is, I fully support the motion.

**Mr. Speaker:** You said that you opposed the motion, and I asked you also about this. That is on record.

**শ্রীঅবন্তী মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা এই অধিবেশনে পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন তাকে পূর্ণ সমর্থন করছি। কারণ ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সালের ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত ৬ বছরের উর্ধকাল পশ্চিম বাংলার শাসন ক্ষমতায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়ে জনসাধারণের কাজ করছেন যেগুলি জনস্বার্থ বিরোধী কাজ যার জন্য পশ্চিম বাংলা জঙ্গলের রাজত্ব বলে প্রমাণিত হয়েছে।

যদি তাদের নজীরগুলি তুলে ধরতে যাই তাহলে দিনের পর দিন সেই নজীরগুলিকে ইতিহাস আকারে লিখলে সেই ইতিহাস লেখা শেষ হবে না। ট্রেজারী বেঞ্চ থেকে চিৎকার করা হচ্ছে ভাল কথা, কিন্তু আমি কিছু নমুনা তুলে ধরব, সেই নমুনার উত্তরগুলি আমি ট্রেজারী বেঞ্চ থেকে চাই। কেন অনাস্থা প্রস্তাব সমর্থন করছি তার প্রথম কারণ হচ্ছে পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি ঘটেছে। পশ্চিমবঙ্গে বহু মায়ের কোল থেকে সন্তানকে ছিনিয়ে নিয়ে হত্যা করা হয়েছে। পশ্চিমবঙ্গের বহু বোনের সিঁথি থেকে সিঁদুর মুছে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের বহু বাড়ী লুঠ করা হয়েছে, বহু বাড়ীতে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের বহু জায়গায় দাঙ্গা বাঁধিয়েছে। সুতরাং আমি মনে করি যে পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার পরিস্থিতির চরম অবনতি ঘটেছে। হলদিয়ার প্রতিনিধি লক্ষণ বাবু আইন শৃঙ্খলা পরিস্থিতির কথা বললেন, আমি তাঁকে জিজ্ঞাসা করি তাঁর এলাকায় হাই কোর্ট থেকে নিযুক্ত ল-ইয়ার বিনীত চক্রবর্তী গত ১১ই আগষ্ট থেকে আজ পর্যন্ত কোথায় গেছেন তার পাত্তা পাওয়া যাচ্ছে না কেন? জিজ্ঞাসা করি ৬০ বছরের বুড়ী হেমাঙ্গিনী হাইতকে হত্যা করল কারা? ছাত্র নেতা সুদেব বর্মণকে কারা হত্যা করল? দ্বিতীয় কথা হচ্ছে সারা পশ্চিমবঙ্গে সুদক্ষ ও অভিজ্ঞ কৃষকদের তাদের জমি থেকে কারা উচ্ছেদ করেছে? কৃষি ও শিল্পকে প্রগতির পথে এগিয়ে নিয়ে যাওয়া তো দুরের কথা কৃষি ও শিল্পের ক্ষেত্রে উৎপাদন এরা কমিয়ে দিয়েছে। এরা শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টি করেছে, প্রশাসনকে

সর্বতোভাবে দলীয় স্বার্থে ব্যবহার করেছে, দুর্নীতিকে অবলম্বন করে নিজেদের দলের সদস্যদের অর্থনৈতিক মানের উন্নতি ঘটিয়েছে। এরা দুর্নীতির দ্বারা সংগৃহীত অর্থে আলিমুদ্দিন স্ট্রীটে পার্টি কার্যালয়ের নামে প্রাসাদবাড়ী বানিয়েছে। গ্রাম বাংলার খেটে খাওয়া মানুষের ফুড ফর ওয়ার্কের জন্য কেন্দ্রীয় সরকারের দেওয়া হাজার হাজার টন গম চাল এবং লক্ষ লক্ষ টাকা এরা আত্মসাৎ করেছে। বেকার সমস্যা সমাধানের জন্য কোন প্রকল্প এরা গ্রহণ করতে পারেনি, বেকার সমস্যা বেড়েছে। পশ্চিমবঙ্গের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পে টাকা এদের অপদার্থতার জন্য খরচ হয়নি, সেই টাকা ফেরত গেছে। এরা নিজেদের ব্যর্থতাকে ঢাকবার জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে নানা প্রকার অভিযোগ তুলে ২৮শে সেপ্টেম্বর বাংলা বন্ধ ডেকেছে।

7-20—7-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তাকে পূর্ণভাবে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে বলছি এই অপদার্থ বামফ্রণ্ট সরকারের আর একদিনও শাসন ক্ষমতায় বসে থাকার কোন অধিকার নেই। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিখিলানন্দ সর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করতে উঠে প্রথমেই আমার মনে হচ্ছে এই অনাস্থা প্রস্তাব আনার ব্যাপারে বিরোধীদল তেমন কোন গুরুত্ব দেননি কারণ হাজিরার দিক থেকে দেখছি অন্যান্য দিন যেমন সাদা মাঠা অবস্থা থাকে আজও সেই অবস্থা। কাজেই আমি বুঝতে পারছি না এই অনাস্থা প্রস্তাব আনার ব্যাপারে তাঁরা কতটা যত্নবান। ওঁরা সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন, কিন্তু আমার সন্দেহ হয় ওঁদের নিজেদের দলের প্রতি ওঁদের আস্থা আছে কিনা। কারণ আজকে স্টেটসম্যান পত্রিকায় দেখলাম দিল্লী থেকে ব্ল্যাকমেল করা হচ্ছে ওঁদের নেতাদের কাকে সভাপতি করা হবে, কার গ্রুপের লোক বেশী করে নিতে হবে। স্যার, যাঁদের দলের এই অবস্থা তাঁরা আজকে অনাস্থা প্রস্তাব এনেছেন বামফ্রণ্ট সরকারের বিরুদ্ধে। কোন সুনির্দিষ্ট কার্যক্রম নেই, নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য এবং আগামী ২৮শে সেপ্টেম্বরের আগে গ্যাস দিয়ে দলের কর্মীদের চাঙ্গা করতে হবে তারজন্যই এই অনাস্থা প্রস্তাব এনেছেন। নতুন কথা আপনারা কি শোনালেন ? আমি তাঁদের কাছে প্রশ্ন করি, এরকম আস্থা ভারতবর্ষের আর কোন রাজ্যে আছে কি ? এখনও দেখছি দুটি রাজ্য অপেক্ষা করছে। হরিয়ানার মুখ্যমন্ত্রীর প্রতি কি আচরণ করা হচ্ছে, কেন বিহারের মুখ্যমন্ত্রীকে যেতে হল ? নানা রকম দুর্নীতির কথা শুনছি এবং সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী বরখাস্ত হচ্ছেন। আপনারা জানেন এই অনাস্থা প্রস্তাবের ভাগ্যে কি আছে এবং এটা নুতন কিছু নয়। গণ আন্দোলনের জোয়ার যদি থাকত বা নুতন ইস্যু যদি কিছু থাকত তাহলে বুঝতাম। বিরোধী দলের নেতা কয়েকটি প্রশ্ন তুলেছেন, দুর্নীতির কথা বলেছেন এবং নানা রকম সমালোচনা করেছেন। গোটা ভারতবর্ষের তাবর তাবর নেতার চেহারা দেশের মানুষ দেখছে কারা দুর্নীতিপরায়ণ। পঞ্চায়েত নির্বাচনের আগে গোটা পশ্চিম বাংলায় একটা হাওয়া ছিল, পঞ্চায়েত চোর। তার জবাব পশ্চিম বাংলার মানুষ দিয়েছে পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে। শিক্ষানীতি নিয়েও নুতন সুরে তাঁরা কথা

বলেছেন, বেকার সমস্যার কথাও বলেছেন। রেজিস্ট্রি করা বেকারের সংখ্যা ১৯৭৭ সালে কত ছিল এবং আজকে কত হয়েছে সেকথা বার বার উল্লেখ করেছেন। নূতন রেজিস্ট্রি করা বেকারের সংখ্যা কেন বেড়েছে তার উত্তর দেওয়া হয়েছে। আমি তাঁদের কাছে জিজ্ঞেস করছি কত বেকারকে তাঁরা শিল্পে কাজ দিয়েছিলেন ১৯৭৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ? ১৯৬৩ সাল থেকে ১৯৬৮ সাল পর্যন্ত ভারতবর্ষের বিভিন্ন জায়গায় শিল্পে কত শ্রমিক নিযুক্ত হয়েছিল সেটা আমি আপনাদের কাছে বলছি। মহারাষ্ট্র ২ লক্ষ ৯৬ হাজার, তামিলনাড়ু ২ লক্ষ ৩৬ হাজার, গুজরাট ১ লক্ষ ৭৪ হাজার, কর্ণাটক ১ লক্ষ ২৮ হাজার এবং পশ্চিমবাংলায় আপনারা নিযুক্ত করেছেন মাত্র ৯ হাজার। এরপর আপনাদের লজ্জা করে না কথা বলতে।

এবারে আপনারা শুনুন এই বামফ্রণ্ট সরকারের আমলে ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পের ক্ষেত্রে কতখানি উন্নতি হয়েছে। আমি আপনাদের কাছে ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের হিসেব দিচ্ছি। ১৯৭৭ সালে বামফ্রণ্ট সরকার যখন ক্ষমতায় আসে তখন ক্ষুদ্র এবং কুটির শিল্পে নিযুক্ত ছিল ৪ লক্ষ ৯৫ হাজার ৪৫০ জন। ১৯৮২ সালে সেই সংখ্যা বেড়ে দাঁড়াল ৬ লক্ষ ১৯ হাজার ২৭৩ জন এবং ১৯৮৩ সালে আরও ২৮/৩০ হাজার বাড়বে। ক্ষুদ্র এবং কুটির শিল্পে এতগুলো লোক যে নিযুক্ত হল সেটা বিরোধী দল দেখলেন না। বিরোধীদলের নেতা আইন শৃঙ্খলার প্রশ্ন তুলেছেন এবং একথাটা আরও অনেক সদস্য বলেছেন। স্যার, বর্ধমান জেলা বামপন্থীদের ঘাঁটি সেকথা সকলেই জানেন। কিন্তু সেখানে আমরা কি দেখলাম ? দুটি আসন দখল করবার জন্য ওই দলের প্রাক্তন এম. এল. এ মিহির উপাধ্যায় খুন করেছে আমাদের কমরেড গোপাল রাহাকে। দলের একজন নেতা হয়ে এই জঘন্য কাজ তিনি করেছেন। তারপর, বন্ধের ব্যাপার নিয়ে অনেক কান্নাকাটি করেছেন। দিন আনে দিন খায় তাদের কি হবে ? জিজ্ঞেস করি গত ৩৫ বছর ধরে কি হয়েছিল ? আজকে পশ্চিম-বাংলার মানুষ দুবেলা ভরপেট খেতে পাচ্ছে, কিন্তু এর আগে তো দেখেছি এই ভাদ্র-আশ্বিন মাসে অনেকে শুধু তাল খেয়ে দিন কাটিয়েছে। এই সমস্ত লোকের সমস্যার সমাধানের জন্যই আমরা এই আন্দোলনের ডাক দিয়েছি এবং তারা সকলেই এই বন্ধের সামিল হবে। বিরোধীদলের নেতা অনেক মায়া কান্না কেঁদেছেন, দু কে. জি. গম সরকার দিতে পারে নি একথা মাননীয় সদস্য সুনীতি বাবু বলেছেন। আমি তাঁদের কাছে জিজ্ঞেস করছি, কেন্দ্রীয় সরকারের অবিচারের বিরুদ্ধে আপনারা পশ্চিমবাংলার দাবী কতখানি সমর্থন করেছেন ? আমি তো দেখছি আপনারা পদে পদে বিরোধিতা করছেন আমাদের। মাননীয় সদস্য রাজেশ খৈতান বললেন কোর্টের প্রতি এদের কোন শ্রদ্ধা নেই। জিজ্ঞেস করি, দিল্লীর গ্রেট মাদারের আইনের প্রতি, কোর্টের প্রতি কোন শ্রদ্ধা আছে কি ? গোটা দেশে ইমারজেন্সী জারি করে যিনি শুধু নিজের স্বার্থের কথা ভেবেছেন সেই গ্রেট মাদারের পেট সন-রা আজ বলছেন বামফ্রণ্ট সরকারের আইনের প্রতি শ্রদ্ধা নেই। দেবপ্রসাদবাবুকে কি আর বলব। তিনি তো দেখছি সার্কাসের ব্যালান্সের খেলা, তারের খেলা দেখাচ্ছেন। কোনটা সঠিক পথ, কোনটা সঠিক পথ নয় সেটা দেখা দরকার। যদি দুটোই খারাপ হয় তাহলে কোনটা কম খারাপ সেটা দেখা উচিত। তিনি কি বলতে চান, কি তার অর্থ আমি বুঝতে পারছি না। এঁরা যে অনাস্থা প্রস্তাব এনেছেন তাতে

মূল বক্তব্য কি তাও কিছু বুঝতে পারছি না বা দেখছি না। আমরা কখনও বলিনি যে, আমরা পশ্চিমবাংলার মৌলিক সমস্যার সমাধান করব, আমরা একটা কর্মসূচী নিয়ে চলছি। কিকরে আশা করেন আমরা এই সময়ের মধ্যে পশ্চিমবাংলার মৌলিক সমস্যার সমাধান করে ফেলব? এই সভায় আমরা বারবার উল্লেখ করেছি কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক নীতির ফলে শুধু পশ্চিমবাংলা নয়, ভারতবর্ষের সমস্ত রাজ্য জ্বলে পুড়ে খাক হয়ে যাচ্ছে। প্রাদেশিকতা এবং বিচ্ছিন্নবাদীদের উস্কানি দেওয়া হচ্ছে, প্রকাশ্যে মদত দেওয়া হচ্ছে। স্যার, কয়েকদিন আগে কাটোয়াতে দেখলাম যুবকর্মীদের শিক্ষা শিবির। নাম করা নিষেধ তাই বললাম না। এই রাজ্যের কংগ্রেস সভাপতি এবং বর্ধমান জেলার একজন নাম করা কংগ্রেস নেতা ওখানে শিক্ষা দিতে গেলেন। দুদিন ধরে শিক্ষা দিলেন কিন্তু তৃতীয় দিনে শিক্ষাগুরু সভাপতিকে এমন ঠেঙানি দিলেন যে তিনি ঘরে ঢুকে দরজায় খিল দিতে বাধ্য হলেন এবং বর্ধমান জেলার নেতার দাঁত ভেঙ্গে গেল। এবারে আপনারা ভেবে দেখুন কি রকম ছাত্র তৈরী হয়েছে।

[7-30—7-43 p.m.]

এবং তাদের কি শিক্ষা দিচ্ছেন, এটা পশ্চিমবাংলার মানুষের বুঝতে বাকি থাকার কথা নয়। অন্যদিকে আমরা যে কথা বলতে চেয়েছি বারে বারে, আজকের দিনে কি সব জিনিস চলেছে? এ'তো আমাদের কথা নয়? কি বলে গেলেন ভারতীয় শিল্পপতি, এখন যিনি ব্রিটিশ নাগরিক, তিনি ভারতবর্ষে এলেন,—বোমা ফাটিয়ে দিয়েছেন। পরিষ্কার প্রতিটি মানুষ বুঝতে পেরেছে, আজকে একচেটিয়া পুঁজি গোটা ভারতবর্ষের অর্থনীতিকে কিভাবে কব্জা করে রেখেছে। কিভাবে শাসক শ্রেণীকে তারা চালাচ্ছে। এর পরে লোকের বুঝে নিতে অসুবিধা হচ্ছে না, আই. এম. এফ. এর ঘৃণ্য সর্ত আমরা দেখতে পাচ্ছি। বেকারীর জন্য কাঁদছেন, liberalised import policy. দুর্গাপুরে দেখছি এ্যালয় ষ্টীলের বিরাট পাহাড় জমে আছে, আর বিদেশ থেকে এ্যালয় ষ্টীল আমদানি করা হচ্ছে। এই করে বেকারত্ব ঘোঁচাবেন? কারখানা চালু রাখবেন? এটা কখনও সম্ভব? ফাইন্যানশিয়াল ইররেগুলারিটির কথা উঠলো, গতকাল হলো, আজকে এ্যাপ্রোপ্রিয়েশন বিল হলো. আমি জিজ্ঞাসা করি, এই ৫৮ কোটি টাকার ওভার ড্রাফ্‌ট আমাদের নিতে হতো না, এটা কম হতো, তাই আমরা নিশ্চয়ই সহযোগিতা চাইবো আপনাদের কাছ থেকে। এই ৫৮ কোটি টাকা এই সরকারের ঘাড়ে দায় দায়িত্ব চাপা উচিত নয়। এই টাকা যাতে আমরা কেন্দ্রের কাছ থেকে পেতে পারি, তার জন্য নিশ্চয়ই আপনাদের সহযোগিতা থাকবে, কারন এরজন্য দায় দায়িত্ব আপনাদেরও আছে। তার সঙ্গে সঙ্গে শুধু এইটুকু জিজ্ঞাসা করি, একটা আধটা নয়, সাত সাতটা ফাইনান্স কমিশন পার হয়ে গেছে, আট নম্বর চলছে। এখনও সঠিক জাতীয় আর্থিক বণ্টন নীতি আপনারা গ্রহণ করতে পারেননি। সুসম অধিকার গোটা দেশে গ্রহণ করা দরকার, তারজন্য যে সঠিক নীতি, তা আজ পর্যন্ত আপনাদের কেন্দ্রীয় নেতৃত্বের কাছ থেকে তার কোন ইঙ্গিত দেশের মানুষ পায়নি। অন্যদিকে আজকে যেটা আমরা বলতে চাই, পশ্চিমবাংলার প্রতিকুল অবস্থা, বন্যা, খরা, এইগুলো বিবেচনা করে দেখবেন। এই খরা পরিস্থিতিতে এবারে কি আওয়াজ উঠেছিল আপনাদের? পশ্চিম-

বাংলায় হাহাকার পড়ে যাবে, আপনাদের ফুড়তি হচ্ছিল, আকাশে শকুন উড়বে। কোন মানুষ বাড়িতে বসে ভাতের থালা নিয়ে খেতে পারবে না। অন্যজন কেড়ে নিয়ে যাবে। আপনাদের সেই কল্পনা, কল্পনাতেই থেকে গেছে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কারোর দয়ার দানে টিঁকে নেই যেমন করে হোক পশ্চিমবাংলার মানুষকে বাঁচিয়ে রাখবার দায়িত্ব নিয়েছে এবং বাঁচিয়ে রেখে যাবে। জিজ্ঞাসা করি, আপনাদের নেতা ঐ আসামে যখন বাঙ্গালীদের সঙ্গে গোলমাল শুরু হয়, শুরু করানো হয়, তিনি সেনাপতি সেজে ছুটেছিলেন শিলিগুড়িতে রাস্তা অবরোধ করতে। বাইরের বাঙ্গালীদের ঐ সেনাপতি যদি দায়িত্ব নিতে চান ভাল কথা। কিন্তু আসুন পশ্চিমবাংলার প্রতিটি মানুষকে বাঁচাবার জন্য সেনাপতির দায়িত্ব যদি নিতে চান, তাহলে আমরা তা দিতে প্রস্তুত আছি, কিন্তু আমরা পিছনে পিছনে যাবো। কিন্তু তার সঙ্গে সঙ্গে যেন খেয়াল থাকে সেনাপতি হবেন—মীরজাফরও সেনাপতি ছিলেন। এইটুকু খেয়াল রাখবেন। আমরা চাই, প্রতিটি মানুষ, এক যোগে পশ্চিমবাংলার প্রতি যে বৈষম্য হচ্ছে, সেই বৈষম্য-এর প্রতি-বিধানের ক্ষেত্রে সমস্ত দলমতের উর্ধে থেকে আজকে সঠিক পথে আমরা এগিয়ে যেতে চাই। এই কথা বলে, এই অনাস্থা প্রস্তাবকে সম্পূর্ণভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দল ইন্দিরা কংগ্রেসের পক্ষ থেকে বামফ্রন্টের উপরে যে অনাস্থা প্রস্তাব এসেছে, এটা একটা হাস্যকর ব্যাপার, সেই জন্যই আমি এর পুরোপুরি বিরোধিতা করছি। ওরা নিজেরাই জানে না যে কোথায় আছে—আজকের কাগজেই বেরিয়েছে, ওদের পরিষদীয় দলের নেতা কে হবেন সেটাই ওরা ঠিক করতে পারছেন না, অথচ এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন। নিজেদের দিকে একটু তাকিয়ে দেখুন আপনারা কোথায় আছেন। এখানে আপনারা বিরোধী পক্ষে বসেছেন, কিন্তু অন্যান্য প্রদেশে সরকার চালাচ্ছেন। সেখানে কি হচ্ছে? সেখানে একের পর এক মন্ত্রীকে দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হচ্ছে এবং এক একজন মুখ্যমন্ত্রীকে চলে যেতে হচ্ছে। কিছু দিন আগে নির্বাচন হয়ে গেছে জম্মু এবং কাশ্মীরে, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশে। সেখানে কি অবস্থা আপনারা দেখলেন? আপনারা সেখানে নির্মূল হয়ে গেছেন। আমরা জনগণের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছি, না আপনারা যাচ্ছেন সেটা একটু তাকিয়ে দেখুন। ওরা আসল কংগ্রেস নয়, নিজেদের কংগ্রেস বলে জাহির করতে চায়। ওরা কংগ্রেসের ভূত দেখছেন। কংগ্রেস যদি হত তাহলে দুর্নীতিমুক্ত কংগ্রেস হিসাবে পরিচয় রাখতে পারত। কিন্তু ওরা দুর্নীতিমুক্ত নয়, দুর্নীতিযুক্ত। ওরা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত রাজত্ব চালিয়েছেন। সেই সময় ওরা কি করছেন? ওদের রাজত্বের সময় এই দেশের ভাল ভাল ছেলেকে সি. পি. আই. এম. (এল) বলে দেশ থেকে নিশ্চিহ্ন করে দিয়েছে। গোটা দেশে একটা রক্তের বন্যা বইয়ে দিয়েছে। সেই অভিশাপের জন্যই আজকে এই অবস্থা হয়েছে। ওরা বলছেন বামফ্রন্ট দেশের ক্ষতি করছে, আইন শৃঙ্খলা সব ভেঙে দিচ্ছে। আপনাদের সময়ে আইন শৃঙ্খলা বলে কিছু ছিল? সেদিনও আইন শৃঙ্খলা ছিল না। সেদিন ছেলেরা স্কুল কলেজে পড়তে পারত না। সেদিন ছেলেরা রিভলবার দেখিয়ে প্রিন্সিপ্যাল, হেডমাষ্টারের কাছ থেকে পরীক্ষা না দিয়ে পাস সার্টিফিকেট আদায়

করেছে। জাল সার্টিফিকেটের কংগ্রেসী চক্র ধরা পড়েছে। কংগ্রেস থেকেই সার্টিফিকেট জাল করা হোত। গতকাল আমি মেনসান দিয়েছিলাম এই বিষয়ে। আজ ছেলেদের হাতে রিভলবার নেই। সেই জন্য এই বুদ্ধিজীবীরা আজকে এত চীৎকার করছেন, অর্থাৎ ওরা দেশকে আরো দুর্নীতিগ্রস্থ করে তুলতে চাইছেন। এই দুর্নীতির কর্তা হচ্ছেন সাত্তার সাহেব। সেই জন্য উনি এই অনাস্থা প্রস্তাব এনেছেন। উনি কোথাকার লোক সেটা ভুললে চলবে না। ইতিহাসের কথা আমাদের ভুললে চলবে না। নবাব সিরাজদৌলার সেনাপতি ছিলেন মিরজাফর। আমরা মনে করি ইন্দিরা কংগ্রেসের হচ্ছে এই মিরজাফর এবং এই মীরজাফরের দল গদিতে বসে দেশকে আরো দুর্নীতির পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। সেই মিরজাফরের রাজত্ব এখানে প্রতিষ্ঠিত হতে পারে নি। ওরা পঞ্চায়েতের উপর দোষারোপ করছেন। ওরা সত্যিকারে পঞ্চায়েতের উপর কোন ক্ষমতা দেন নি। ওরা গান্ধীজীর কথা ঝেড়ে ফেলে দিয়েছিলেন। গান্ধীজীর বক্তব্য, নীতিকে আমরা পঞ্চায়েতের মাধ্যমে বাস্তবে রূপায়িত করেছি বলেই ওদের গায়ে এত জ্বালা ধরেছে। আজকে দেশের মানুষের হাতে ক্ষমতা এসেছে, দেশের জনগণের হাতে ক্ষমতা এসেছে, এটা ওরা নিজেরা ভালভাবে দেখতে পাচ্ছেন। জনগণ নিজেদের কাজ নিজেরা করতে পারছেন। এতেই ওদের এত জ্বালা ধরেছে। ওরা দীর্ঘদিন ধরে পঞ্চায়েতের নির্বাচন করেন নি। আপনারা ১৪ বছর পঞ্চায়েতের নির্বাচন করেন নি। আপনারা কৃষি উৎপাদন বাড়াতে পারেন নি। সত্যিকারে কৃষি, কৃষকদের নিরন্ন করে রাখার জন্য কৃষি উৎপাদনের জন্য যা কিছু প্রয়োজন যেমন সার, সেচের ব্যবস্থা ইত্যাদি কিছুই করেন নি। আজকে বামফ্রন্ট সরকার সেটা করতে পেরেছে। কৃষকের মুখে আজ হাসি ফুটে উঠেছে। কৃষকের হাতে আজ ধনসম্পদ এসেছে, পয়সা এসেছে। সেই জন্য এই ধনিকগোষ্ঠীর দল ভাবছে এদের নিশ্চিহ্ন করা দরকার, শেষ করে দেওয়া দরকার। তাই আজকে কতকগুলি মুখরোচক কথা বলে এই অনাস্থা প্রস্তাব এনে মানুষের মন জয় করার চেষ্টা করছেন। কিন্তু আপনাদের কথায় মানুষ কিছুই ভুলবে না।

এরা শিক্ষার কথা বলেছেন। ১৯৭২/৭৭ সাল পর্য্যন্ত এরা মেদিনীপুর জেলাতে একজন শিক্ষককেও নিয়োগ করেন নি, একটি নতুন প্রাইমারী স্কুলকেও অনুমোদন দেননি। সেখানে দেখা গিয়েছে একদল লোক ইনটারভিউ নিয়ে প্যানেল তৈরী করেছেন অপর দিকে আর একদল হাইকোর্টে চলে গিয়েছেন। এইভাবে তারা ছেলেদের বেকার করে রেখেছিলেন। ৫ বছর ধরে ওরা পশ্চিমবাংলায় শিক্ষা বিস্তারের কোন প্রচেষ্টাই করেননি অথচ আজকে ওরা বলছেন পশ্চিম বাংলায় শিক্ষা বিস্তার হয়নি। আমি ওদের বলব, আপনারা পেছনের দিকে তাকান, ইতিহাসটা পর্য্যালোচনা করুন কারণ ইতিহাস কখনও অসত্য কথা বলে না। সেই ইতিহাস যদি আপনারা পর্য্যালোচনা করেন তাহলে দেখবেন শিক্ষার জন্য আপনারা কিছুই করেননি। তারপর আপনারা দুর্নীতির কথা বলেছেন। স্যার, দুর্নীতির ব্যাপারে আমরা জানি রজনীকান্ত দলুই মহাশয় যিনি ১৯৭২/৭৭ সাল পর্য্যন্ত এম. এল. এ. ছিলেন তাকে সিদ্ধার্থ রায় মহাশয় মিসায় আটক করেছিলেন দুর্নীতির জন্য। আর সুনীতিবাবুর মন্ত্রীত্ব চলে গিয়েছিল ঐ সিদ্ধার্থবাবুর জন্য। সেই সিদ্ধার্থবাবুর অবশ্য আজকের কংগ্রেসে জায়গা হয়নি। স্যার, আজকে ওরা যে

অনাস্থা প্রস্তাব এনেছেন সেটা ওরা পশ্চিমবাংলার মানুষকে ভ্রান্ত পথে নিয়ে যাবার জন্য এনেছেন। কিন্তু এইভাবে হয় না সেটা আপনাদের আমি জানিয়ে দিতে চাই। তারপর ওরা খুনের কথা বলেছেন। অনেক খুন ওরা করেছেন সেটা সকলেই জানেন। এমন কি ওরা নিজেরা নিজেদের মধ্যে খুনখারাবি অনেক করেছেন। ওরা বলেছেন, বামফ্রণ্ট খুন, লুঠ, দাঙ্গা ইত্যাদি করছেন কিন্তু আমরা জানি ১৯৭২/৭৭ সালে গ্রামে গঞ্জে ওরাই এইসব কাজ করে গিয়েছিলেন এবং এখনও সেইসব করার চেষ্টা করছেন। ওদের নেতাদের ওদের কর্মীরা মানেন না, ওদের নেত্যায় নেতায় প্রায় যুদ্ধ লেগেই আছে। আমি তাই বলব, আগে নিজেদের ঘর সামলান তারপর অন্যকে দোষ দেবেন। তারপর ওরা বলেছেন, বামফ্রণ্ট বিদ্যুৎ দিতে পারেননি। আমার প্রশ্ন, আপনারা কি করেছিলেন? কাজেই আমি বলব, এইসব কথা বলে মানুষের মন জয় করা যাবে না। আপনারা গঠনমূলক পন্থায় সমালোচনা করুন, মানুষের জন্য কাজ করে মানুষের মন জয় করার চেষ্টা করুন, মানুষের মুখে হাসি ফোটান, মানুষের খোরাক যোগাবার চেষ্টা করুন এবং মানুষকে শিক্ষিত করার চেষ্টা করুন। পরিশেষে আমি আপনাদের বলব, আপনারা দিল্লীতে গিয়ে শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বলুন, যদি আপনাদের এখানে প্রতিষ্ঠিত হতে হয় তাহলে তিনি যেন আপনাদের সহজ পথে এখানে চলতে দেন, উপর থেকে নির্দেশনামা জারি করে বামফ্রণ্টের কিছু করতে পারবেন না। এই কথা বলে বিরোধী কংগ্রেস পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব এসেছে তার সম্পূর্ণরূপে বিরোধিতা করে এবং তাকে ধিক্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Adjournment**

The House was then adjourned at 7-43 p.m. till 1 p.m. on Thursday, the 15th September, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 15th September, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 15 Ministers, 19 Ministers of State and 208 Members.

**Obituary**

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker** : Before taking up the business of the day, I rise to refer to the sad demise of Shri Jagatpati Hansda, an ex-member of this Assembly. Shri Hansda breathed his last on the 8th September, 1983 at his residence at the age of 62. He was born at Kalmepukhuria, Nayagram in the district of Midnapur. He was elected to the West Bengal Legislative Assembly from Gopiballavpur constituency in 1952 and 1957. He was again elected from Nayagram (S. T.) Constituency with a Bangla Congress Ticket in 1967 and 1969. He was a member of District Tribal Welfare Committee of Midnapur. He was associated wtth many social organisations. He was the author of "Susar Dahar" and "Khalard Rashe" in Santhali language. We have lost a senior politician and a social worker at the demise of Shri Hansda.

Now I request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(Members rose in their seats and observed two minutes silence as a mark of respect to the memory of the deceased)

Thank you, Ladies and Gentlemen, Secretary will send the message of condolence to the members of the family of the deceased.

## Starred Questions
( to which oral answers were given )

### ডি ভি সি কর্তৃক বিদ্যুৎ সরবরাহ

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রীঅমলেন্দ্র রায় :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, গত ১৮ই জুলাই, ১৯৮৩ তারিখে ডি ভি সি ক্যালকাটা সিস্টেমকে কত মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করেছিল ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** ২৯ মেগাওয়াট।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই কথা কি সত্য যে ডি. ভি. সি'র কংট্রাক্টচুয়ার টার্ম অনুযায়ী নিম্নতম যে মেগাওয়াট ক্যালকাটা সিসটেমকে দেবার কথা সেটা না দেবার ফলে পশ্চিমবাংলায় বিদ্যুতের অবস্থা বেহাল হচ্ছে বেশ কিছুটা ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এটা ঠিকই।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, তার কি এটা জানা আছে যে ডি. ভি. সি'র পূর্বতন চেয়ারম্যান যিনি ছিলেন তার গোচরে ডি. ভি. সি. পাওয়ার নিয়ে দুর্নীতি করার ফলে এবং চুরি করার ফলে অর্থাত যেখানে পাওয়ার কম দেবার কথা সেখানে বেশী দিয়ে যেখানে বেশী দেবার কথা সেখানে কম দেওয়া— এই রকম একটা অবস্থা চালু করেছিলেন যার ফলে পশ্চিমবঙ্গকে সাফার করতে হচ্ছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এটা ঠিক নয়। এখন আমাদের ৯৫ মেগাওয়াট দেবার কথা। কিন্তু কেন্দ্রীয় সরকার একতরফা ভাবে পশ্চিমবংগের সঙ্গে কোন পরামর্শ না করে একটা সিডিউল ঘোষনা করে। এই সিডিউলের অনুযায়ী এখন দেওয়া হয়। যখন এটা ঘোষণা করা হয় তখন পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এর বিরোধিতা করা হয়েছে।

সেই হিসাবটা হচ্ছে ৯০০ মেগাওয়াট যদি ওদের হয় তাহলে আমাদের ৯৬ মেগাওয়াট দেবে, ৮৫০ হলে ৮০'৪০ মেগাওয়াট দেবে, ৮০০ হলে ৬৬'১০ মেগাওয়াট দেবে, ৭৫০ মেগাওয়াট হলে ৫৯'৪০ মেগাওয়াট দেবে, ৭০০ মেগাওয়াট হলে ৫৩'২০ মেগাওয়াট দেবে, ৬৫০ মেগাওয়াট হলে ৪২'২০ মেগাওয়াট দেবে, এটা তারা একতরফা-ভাবে ঘোষণা করে, আমাদের সঙ্গে পরামর্শ না করেই।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে, ডি ভি সি বহুবার যে পাওয়ার দিয়েছে সে পাওয়ার সি. ই. এস. সি বা আমাদের সরকারী সংস্থা নিতে পারেনি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এ রকম কোন ঘটনার কথা আমার জানা নেই।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে কেন্দ্রীয় সরকার একতরফা-ভাবে সিদ্ধান্ত গ্রহণ করে পশ্চিমবাংলাকে বঞ্চিত করল, এর বিরুদ্ধে আপনি কেন্দ্রীয় মন্ত্রীর কাছে কোন প্রতিবাদ পত্র পাঠিয়েছেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবঙ্গের পক্ষ থেকে প্রতিবাদ পাঠান হয়েছে।

**শ্রীসুভাষ বসু ঃ** ডি ভি সি'তে পশ্চিমবাংলা, বিহার এবং কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিরা আছে, তাদের সকলকে বাদ দিয়ে কি ডি ভি সি একতরফা-ভাবে সিদ্ধান্ত নিয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** ডি ভি সি'র মধ্যে পশ্চিমবঙ্গ এবং বিহারের প্রতিনিধি আছে। বিহার এবং পশ্চিমবঙ্গের প্রতিনিধির সঙ্গে কোন রকম পরামর্শ করা হয়নি। এমন কি সেখানে যে কমিটি আছে সেই কমিটিতে আলোচনা করেও এটা করা হয়নি।

**রতুয়া থানার মালোপাড়া গ্রামে হত্যাকাণ্ড**

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি—

(ক) গত ৫ই জুলাই, ১৯৮৩ তারিখে মালদহ জেলার রতুয়া থানায় মালোপাড়া গ্রামে হত্যাকাণ্ডের কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কিনা;

(খ) এসে থাকলে, উক্ত হত্যাকাণ্ডে (১) আহত ও নিহতের সংখ্যা কত; (২) অন্যান্য ক্ষতির পরিমাণ কিরূপ; এবং

(গ) ঐ হত্যাকোণ্ডের ঘটনা কোন রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত কি?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত ঘটনায় মোট ১৬ জন আহত ও ১৩ জন নিহত হন;

(২) প্রকৃত ক্ষতির পরিমান খতিয়ে দেখা হচ্ছে;

(গ) কংগ্রেস (ই) উক্ত ঘটনার জন্য দায়ী বলে তদন্তে জানা গিয়েছে।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ঘটনায় যারা অভিযুক্ত তাদের কতজনকে গ্রেপ্তার করা হয়েছে?

**শ্রীজ্যোতি বসু ঃ** ৪৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং আরো কিছুকে খোঁজা হচ্ছে।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীর মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, যাদের নামে এফ. আই. আর দাখিল করা হয়েছে তাদের মধ্যে কিছু ব্যক্তিকে নিয়ে জনৈক কেন্দ্রীয় মন্ত্রী মালোপাড়া গ্রামে গিয়ে উত্তেজনা সৃষ্টি করেছিলেন, এ রকম কোন সংবাদ কি সরকার অবগত আছে?

**শ্রীজ্যোতি বসু ঃ** এটা আমি খবর নিয়ে বলতে পারব, আপাতত আমার কাছে এই খবর নেই।

**শ্রীসরল দেব ঃ** স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় কি জানাবেন, এ পর্যন্ত যারা গ্রেপ্তার হয়েছে তারা কোন্ রাজনৈতিক দলের সদস্য বা সমর্থক?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি তো আগেই বলেছি, ওরা সবাই কংগ্রেস (ই) দলের সমর্থক এবং কংগ্রেস (ই)'র পক্ষ থেকে ওখানে ইস্তাহার বিলি করে বলা হয়েছে যে, এটা জনগণের রোষের দরুন হয়েছে এবং এই লোক খুন করাটা ভাল কাজ হয়েছে।

[ 1-10—1-20 P.M. ]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—আমরা সংবাদপত্রে দেখলাম যে ঐ রতুয়া থানার ও. সির কর্তব্যহীনতার জন্য তাঁকে সঠিক সময়ে-বারি সাহেব যিনি জেলা পরিষদের সভাপতি তিনি ইনফরমেশন দেওয়া সত্ত্বেও ও. সি. সময় মত পৌঁছান নি। আমার জিজ্ঞাসা যে ঐ ও. সি'র বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহন করা হয়েছে কি?

**শ্রীজ্যোতি বসু ঃ** ব্যবস্থা গ্রহণ করা হয়নি। রিপোর্ট আছে, আমরা সেটা, তদন্ত করছি, জায়গাটা একটু দূরে, সেজন্য ভাবনা চিন্তা করতে হচ্ছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ঐ ঘটনার আগে ৪ঠা জুলাই ওখানে কংগ্রেস (আই) এর কোন কর্ম কর্তা কিংবা সদস্য সি. পি. এমের হাতে খুন হয়েছে কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমাদের এখানে যা রিপোর্ট আছে, মাশুদ আলম কংগ্রেসের একজন সমর্থক ৪. ৭. ৮৩ তারিখে খুন হয়েছেন। তিনি একটি ক্ষেত্রে আসামী ছিলেন চাঁদমণিপুরের আবদুল মান্নানকে খুন করার ব্যাপারে। ঐ আবদুল মান্নান ছিলেন সি. পি. আই এমের প্রধান, তাঁকে খুন করার পর এই ব্যক্তি খুন হন। তারপর ঐ যেটা বলছিলাম যে ১৩ জন খুন হয়েছে।

১৭১। ( স্থগিত )

## ডি ভি সি-র হেড অফিস স্থানান্তরকরণ

*১৭২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৬। ) **শ্রীসরল দেব ঃ** মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) ডি ভি সি-র হেড অফিস কলকাতা থেকে পাটনায় স্থানান্তরকরণের প্রচেষ্টার কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) এসে থাকলে, উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না। প্রশ্ন উঠে না।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—সম্প্রতি বিভিন্ন সংবাদপত্রে এই ধরণের সংবাদ প্রকাশিত হয়েছে যে কলকাতা থেকে ডি. ভি. সি.-র হেড অফিস পাটনায় নিয়ে যাবার জন্য একটা কেন্দ্রীয় চক্রান্ত চলছে, এই সম্পর্কে কিছু জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** চক্রান্তের বিষয় আমরা কিছু জানি না। তবে একটা বিবৃতি দেখেছিলাম, জগন্নাথ মিশ্র যিনি মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি একটা বিবৃতিতে বলেছিলেন যে আমাদের প্রয়োজনমত বিদ্যুৎ ডি. ভি. সি. থেকে পাওয়া যাচ্ছে না, সেজন্য আমাদের এখানে অফিস নিয়ে আসা উচিত।

## পশ্চিম দিনাজপুরে তপন থানার ১ নং অঞ্চলে ডাকাতির ঘটনা

*১৭৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১৭৭। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় তপন থানার ১ নং অঞ্চলে ১৯৮২ সালের মার্চ মাস থেকে ১৯৮৩ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে, এবং

(খ) এ পর্যন্ত কতজন আসামীকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) উক্ত সময়ের মধ্যে ঐ অঞ্চলে কোন ডাকাতির ঘটনা ঘটে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি— ঐ দিনাজপুর এবং ঐ সব সীমান্তবর্তী জেলাগুলির সীমান্ত অঞ্চলে চুরি, ডাকাতি, রাহাজানির ঘটনা প্রায়শই ঘটে থাকে। আমার বক্তব্য হচ্ছে বি. এস. এফ.-এর কাছে এজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে এই সব অপরাধের প্রতিকারের জন্য ব্যবস্থা গ্রহণের কথা জানান হয়েছে কি?

**শ্রীজ্যোতি বসু :** আমরা দু-একবার এই রকম ঘটনার কথা ওদের অফিসারদের জানিয়েছি বিশেষ বিশেষ কতকগুলি ঘটনা নিয়ে। আমরা বলেছি বি. এস. এফের আরও ফোর্স ওখানে দেওয়া উচিত। আর বিশেষ বিশেষ ঘটনার উপর নির্ভর করে বি. এস. এফের দু-একজনের দৃষ্টি আকর্ষণ করেছি।

## নদীয়া জেলার কো-অপারেটিভ ল্যাণ্ড ডেভেলপমেণ্ট ব্যাঙ্কের পরিচালকমণ্ডলীর ভ্রমণ বাবত ব্যয়

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ হইতে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত সময়ে নদীয়া জেলা কো-অপারেটিভ ল্যাণ্ড ডেভেলপমেণ্ট ব্যাঙ্ক লিঃ-এর পরীচালকমণ্ডলীর সদস্যগণ কর্তৃক ভ্রমণ ভাতা বাবত কি পরিমাণ অর্থ ব্যয় করা হইয়াছে;

(খ) তন্মধ্যে কোন্ কোন্ সদস্যের কোন্ কোন্ স্থান ভ্রমণের জন্য মোট কত টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(গ) উক্ত ব্যয় ব্যাঙ্কের পরিচালকমণ্ডলী কর্তৃক অনুমোদিত হইয়াছিল কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** (১) ৫১,৫৮১.৭৮ টাকা।

(২) ক। পরিচালকমণ্ডলীর সদস্যদের সমিতির সভা এবং ব্যাঙ্ক-কার্য সংশ্লিষ্ট অন্যান্য সভায় যোগদানের জন্য উপরোক্ত সময়ে ২৫,৪২১ টাকা ৮ পয়সা ব্যয় করা হয়েছে।

খ। শিক্ষা ভ্রমণের জন্য ১৯৭৯ সালের সেপ্টেম্বর/অক্টোবর মাসে তৎকালীন সমিতির নিম্নোক্ত সভ্যগণ উত্তর ভারত (হরিয়ানা, পাঞ্জাব, উত্তর প্রদেশ, হিমাচলপ্রদেশ, জম্মু ও কাশ্মীর এবং নতুন দিল্লী) ভ্রমণের উদ্দেশ্যে ভ্রমণ ভাতা হিসাবে মোট ২৬,১৬০ টাকা ৭০ পয়সা ব্যয় করেছিলেন। (ক্রোড়পত্র দ্রষ্টব্য)

উক্ত টাকা ২৫. ৯. ৮০ তারিখে মঞ্জুরীকৃত হয়। পরিচালক মণ্ডলী উহা মঞ্জুর করেন।

(৩) হ্যাঁ।

**Statement referred to in reply to clause (Kha) of Starred Question No. 175**

## ক্রোড়পত্র

| সভ্যের নাম | অন্যান্য ভ্রমণ ভাতা ( টাকায় ) | তারিখ | শিক্ষাভ্রমণ ভাতা ( টাকায় ) |
|---|---|---|---|
| (১) বিমল কুমার বিশ্বাস | ৯১২১.৮৮ | ২৫.৯,৮০ | ১৭৪২.১১ |
| (২) কানাইলাল মুখার্জী | ১২২০.৩০ | ঐ | ১৭৪৬.৮৬ |
| (৩) ক্ষিতীশ চন্দ্র সরকার | ৪৯০.০০ | ঐ | ১৭৪২.২৬ |
| (৪) অতুল কুমার বিশ্বাস | ৫৬৭.৯৪ | ঐ | ১৭৩৩.৬০ |
| (৫) ক্ষিতীশ চন্দ্র প্রামাণিক | ১৫০৭.২২ | ঐ | ১৭৪৬.৪৮ |
| (৬) পাতান আলি শেখ | ৭২৪.৭০ | ঐ | ১৭৪৫.৬৬ |
| (৭) একতার আলি শেখ | ২০০.২৪ | ঐ | ১৭৪৩.৯০ |
| (৮) রাম গোপাল মোদক | ৭৯১.৩২ | ঐ | ১৭৪৪.৫৪ |
| (৯) হিমাদ্রী কুমার সাহা | ৬৯২.০০ | ঐ | ১৭৪২.১১ |
| (১০) সুকুমার চক্রবর্তী | ১১৭.২০ | ঐ | ১৭৪৬.১৪ |
| (১১) গোপাল চন্দ্র ঘোষ | ১০১৮.৮২ | ঐ | ১৭৫৫.৫৪ |
| (১২) গিরিন্দ্রনাথ বিশ্বাস | ২১৩.০০ | ঐ | ১৭৬৪.৯৮ |
| (১৩) সুখোদা প্রসাদ মণ্ডল | ৬৩৩.৫০ | ঐ | ১৭৪২.২৬ |
| (১৪) অমিয় রঞ্জন দত্ত | ৯৫৪.১৬ | ঐ | ১৭৪২.২৬ |
| (১৫) অমরেশ চন্দ্র বিশ্বাস | ৫৫২.০০ | ঐ | ১৭২২.০০ |
| (১৬) হরিগোপাল সাহা | ১১৪.৮০ | | —— |
| (১৭) চিত্তরঞ্জন ঘোষ | ৬৮৯.২০ | | ২৬১৬০.৭০ |
| (১৮) ইরফানুল হক্ মণ্ডল | ৪৭৬.০০ | | —— |
| (১৯) সৃষ্টিধর ঘোষ | ১২৫.০০ | | |
| (২০) নৃপেন্দ্র নাথ ব্যানার্জী | ১১৮১.০০ | | |
| (২১) গোলকবিহারী পাল | ১০২.৪০ | | |
| (২২) কৃষ্ণগোপাল বিশ্বাস | ২৪২.০০ | | |
| (২৩) কুমার চন্দ্র মণ্ডল | ১৮১.৬০ | | |
| (২৪) রসময় মণ্ডল | ৩৯১.৫০ | | |
| (২৫) কমল পদ মণ্ডল | ১৩২.০০ | | |
| (২৬) আজিজুল গাইন | ৭২.০০ | | |
| (২৭) নরেন্দ্র নাথ সরকার | ২২২০.৮০ | | |
| | —— | | |
| | ২৫৪২১.০৭ | | |
| | —— | | |

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** আমি জানতে চাইছি, যখন এই ভ্রমণ-ভাতা বাবদ এত টাকা সরকারের ব্যয় হয়েছে, সেই সময় কত কর্মচারীর বেতন কমিয়ে দেওয়া হয়েছিল ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এ ব্যাপারে নোটিশ চাই।

**শ্রীমাধবেন্দু মহান্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কতজন সভ্য বাবদ এই টাকাটা খরচ হয়েছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আমার কাছে যা লিস্ট আছে তাতে দেখতে পাচ্ছি ২৭ জন সভ্য বাবদ এই টাকাটা খরচ হয়েছে।

## বাঁকুড়া জেলার লোটিয়াবনি মৌজাতে ডি. ভি. সি.-র তাপবিদ্যুৎ কেন্দ্র

***১৭৬।** ( অনুমোদিত প্রশ্ন নং *২৭৫। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য, বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটির নিকটবর্তী লোটিয়াবনি মৌজাতে ডি. ভি. সি. কর্তৃক ৬৩০ মেগাওয়াট-এর ( ২১০ মেগাওয়াট-এর তিনটি ) একটি তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছেন।

(খ) সত্য হলে, কেন্দ্রীয় সরকারের নিকট হতে অনুমোদন কবে নাগাত রাজ্য সরকার পেয়েছেন ;

(গ) ঐ তাপবিদ্যুৎ কেন্দ্রটির জন্য রাজ্য সরকার কত পরিমাণ জমি অধিগ্রহণ করবেন এবং উক্ত জমি অধিগ্রহণের জন্য গেজেট নোটিফিকেশন হয়েছে কিনা ; এবং

(ঘ) তাপবিদ্যুৎ কেন্দ্রটির জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) এ প্রকল্পটি রাজ্য সরকারের নয়। কাজেই এ প্রশ্ন ওঠে না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) ডি. ভি. সি.-র নিকট থেকে এখনও কোন অনুরোধ পাওয়া যায়নি।

(ঘ) এ প্রশ্নও ওঠে না।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে রাজ্য সরকার কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে এই পরিকল্পনা অনুমোদনের জন্য কোন যোগাযোগ করেছিলেন কিনা এবং যদি করে থাকেন তাহলে তাঁরা অনুমোদন দিয়েছেন কিনা ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আমরা যতদূর জানি কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ অর্থাৎ সি. ই. এ. এব্যাপারে কারিগরী এবং আর্থিক অনুমোদন দিয়েছে। এটা স্থাপনের জন্য যে টাকা মঞ্জুর করেছে, যতদূর জানি, তার পরিমান হচ্ছে ৪৬০ কোটি টাকা।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে অনুমোদন বা টাকা ইত্যাদি পাচ্ছেন, বাঁকুড়া জেলার কালীডাঙ্গা কোলীয়ারী ক্লোজার থাকায় এই প্রকল্পের কোন ক্ষতি হবে কিনা ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এটা আমি বলতে পারছি না।

### Threatening on Ministers' lives

*177. (Admitted question No. *343.) **Shri Humayoun Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) If it is a fact that of late, some Ministers have received letters threatening their lives; and

(b) if so,

(i) whether the West Bengal Police has investigated into the matters,

(ii) what are their findings, and

(iii) what action has been taken by the State Government to ensure safety and security of the Ministers?

**Shri Jyoti Basu:** (a) Yes. Shri Benoy Krishna Chowdhury, Minister, Land & Land Revenue Department and Panchayet Department West Bengal, received two such letters in the 1st week of August, 1983.

(b)(i) Yes. (ii) the writers of the letters could be traced as yet. (iii) Security arrangements for the Minister concerned have been stepped up.

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মুখ্যমন্ত্রী অনুগ্রহ করে জানাবেন কি—আমরা মাঝে মাঝেই কাগজে দেখে থাকি যে আনন্দমার্গীরা মুখ্যমন্ত্রীর জীবন নাশের হুমকি দিয়ে চিঠি দিয়েছে। এ ধরণের চিঠি সম্পর্কে আপনি অবহিত আছেন কিনা?

**শ্রীজ্যোতি বসু :** আমি এই রকম দু'একটি চিঠি পেয়েছি। অবশ্য কখনই তাঁরা নিজেদের নামে লেখেন না। আমি সেগুলো ওয়েস্ট পেপার বক্সে ফেলে দিয়ে দিয়েছি।

### Dearness allowance for the employees of Co-operatives and Land Development Banks

*178. (Admitted question No. *361.) **Shri Abdur Rauf Ansari:** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) whether it has been decided that dearness allowance of some employees of the Co-operatives and Land Development Banks would not be increased; and

(b) if so, what are the reasons thereof?

**Shri Jyoti Basu:** (a) No.

(b) The question does not arise.

### মহানন্দটোলায় পুলিস ফাঁড়ি

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২২।) **শ্রীসমর মুখার্জী :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি, রতুয়া ১ নং ব্লকের মহানন্দটোলায় পুলিশ ফাঁড়ি স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

[1-20—1-30 p.m.]

**শ্রীজ্যোতি বসু :** না এরকম কোন পরিকল্পনা সরকারের নেই।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই মহানন্দটোলায় সম্প্রতিকালে প্রচণ্ড পরিমানে খুন খারাপি হচ্ছে, এই সম্বন্ধে আপনি কিছু চিন্তা করেছেন কি ? for protection of lives and property of the citizens there.

**শ্রীজ্যোতি বসু :** খুন খারাপি হলে যা ব্যবস্থা নেওয়া হয় তাই করা হচ্ছে। এখানে কটা খুন হয়েছে এবং কি হয়েছে সেই সম্বন্ধে নোটিশ দেবেন আমি বলে দেব।

**Exemption from the regulation of Energy Order, 1983**

*180. (Admitted question No. *450.) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether there is any proposal to exempt some industries from the West Bengal Regulation of Energy Order, 1983 ; and

(b) if so,

(i) what are the industries which are proposed to be exempted from the order, and

(ii) whether the exemption is to include cold storages as well ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** (ক) হ্যাঁ।

(খ)(১) (২) সংশোধিত শক্তি নিয়ন্ত্রণ আদেশ অনুযায়ী কেবলমাত্র হিমঘরকে এই আদেশ থেকে রেহাই দেওয়া হয়েছে।

**সবং থানায় গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচী**

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৭।) **ডাঃ মানস ভূঞ্যা :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে মেদিনীপুর জেলার সবং থানার কতগুলি মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচী অনুমোদন করা হয়েছে ; এবং

(খ) ঐ থানার আরও কতগুলি মৌজায় ঐ পরিকল্পনার প্রসারণ সরকারের বিবেচনাধীন রয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** (ক) বর্তমান ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে মেদিনীপুর জেলার সবং থানার কোন মৌজায় বৈদ্যুতিকরণ কর্মসূচী নাই।

(খ) বর্তমানে সবং থানার বাকী মৌজাগুলিতে বৈদ্যুতিকরনের কোন পরিকল্পনা নাই।

( হেল্ড ওভার )

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বর্তমান আর্থিক বছরে সবং থানায় বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা নেই। আপনি কি অবগত আছেন যে আপনার দপ্তরের অধিনস্থ একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এই বুক সারভে করে কতকগুলো রিপোর্ট দিয়েছেন যে মেনটেনেন্সের অভাবের জন্য এই থানায় বিদ্যুৎ লাইন দেওয়া যাবে না ?

**মিঃ স্পীকার ঃ** এই কোশ্চেন তো হয় না। এটা ফ্যাক্ট কিনা সেটা জিজ্ঞাসা করুন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আমি তো ফ্যাক্টাই জিজ্ঞাস করছি। উনি এটা জানেন কি না সেটা জিজ্ঞেস করছি।

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এই রকম কোন রিপোর্ট আমার কাছে নেই। তবে যতদূর জানি এই সবং এবং পিংলা থানায় ১৬০টি পাম সেট বৈদুতিকরণের একটা পরিকল্পনা সি. এস. পি. অর্থাৎ স্পেশাল প্রোজেক্ট অফ এগ্রিকালচার এর অধীনে আছে। আর পাম্প সেটের মালিকরা যদি ব্যক্তিগত ভাবে দরখাস্ত করে তাহলে পরিকল্পনা অনুযায়ী সেটা বৈদ্যুতিকরণ হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বললেন সেই ব্যাপারে তাঁর অবগতির জন্য জানাই যে আমাদের সবং বুকে বৈদ্যুতিকরণের জন্য যদি দরখাস্ত করতে হয় তাহলে তারজন্য দুটি অফিসে যোগাযোগ করতে হয়।

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন ওঠে না; নো, আই উইল নট এ্যালাও ইট।

## শিক্ষক শিক্ষণ কলেজ

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৬।) **শ্রীনীহারকুমার বসু ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি শিক্ষক শিক্ষণ (বি. টি.) কলেজ আছে; এবং

(খ) উক্ত কলেজগুলিতে মোট আসন সংখ্যা কত?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) পশ্চিমবঙ্গে বর্তমানে সাধারণ ডিগ্রী কলেজ ও বিশ্ব-বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত ২১টি শিক্ষক শিক্ষণ বিভাগ সহ মোট ৪৫টি সরকারী ও বেসরকারী শিক্ষক শিক্ষণ (বি. টি.) কলেজ আছে।

(খ) উক্ত কলেজগুলিতে মোট আসন সংখ্যা ৭২৯৯ (আনুমানিক)।

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিজে জানেন যে আজকাল মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে বি. টি. আবশ্যক। সেই ক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত বি. টি. কলেজ রয়েছে তা প্রয়োজনের তুলনায় এটা অপ্রতুল, এটা আপনি স্বীকার করেন। এই পরিস্থিতিতে সরকার বি. টি. কলেজ স্থাপন করবার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা জানাবেন কি?

**শ্রীশম্ভু চরণ ঘোষ ঃ** এই রকম কোন পরিকল্পনা আপাতত নেই।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহোদয় নিশ্চয়ই জানেন যে বহরমপুরে খৃষ্টান বি. এড. ট্রেনিং কলেজে খৃষ্ট ধর্মাবলম্বীরা ভর্তির ব্যাপারে বিশেষ সুবিধা ভোগ করে থাকেন, যার ফলে ঐ কলেজে এ্যাডমিশন পাওয়ার জন্য অনেকে খৃষ্টধর্ম গ্রহণ করে থাকেন। আপনার কাছে এ রকম কোন খবর আছে কি?

**শ্রীশম্ভু চরণ ঘোষ ঃ** এই রকম কোন সংবাদ জানা নেই।

**শ্রীআবদুল মান্নান ঃ** বি. এড. কলেজে ভর্তির ব্যাপারে ডেপুটেড টিচারদের জন্য নির্দিষ্ট সংখ্যক সিটের ব্যবস্থা থাকে, অথচ ফ্রেশারদের ক্ষেত্রে সে ভাবে কোন ব্যবস্থা নির্দিষ্ট থাকে না। সরকার থেকে কি এই ধরণের নির্দেশ আছে বলেই এই রকম অবস্থা ?

**শ্রীশম্ভু চরণ ঘোষ ঃ** ডেপুটেশনে যে সমস্ত টীচার বি. এড. ট্রেনিং নিতে আসেন, তাঁদের জন্য শতকরা ৫০ ভাগ এবং ফেশারদের জন্য ১০ ভাগ সিট নির্দিষ্ট আছে।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের মধ্যে ফেসারদের ক্ষেত্রে কোন রিজার্ভেশানের ব্যবস্থা আছে কি ?

**শ্রীশম্ভু চরণ ঘোষ ঃ** সমস্ত ভর্তিই মেধার ভিত্তিতে হয়ে থাকে।

## গড়বাড়িতে সমবায় বিভাগের হাস্কিং মিলের যন্ত্রপাতি নষ্ট

*১৮৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৬২। ) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আরামবাগের গড়বাড়িতে সমবায় বিভাগের হাস্কিং মিলটিতে দীর্ঘদিন যাবত অব্যবস্থার ফলে বহু মূল্যবান যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত হচ্ছে এই মর্মে কোন সংবাদ সরকারের নিকট আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, ঐ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** আপনি কি জানেন, আরামবাগে কো-অপারেটিভ হাস্‌কিং মিলটি নষ্ট অবস্থায় পড়ে আছে ?

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনি ইনফরমেশন নিয়ে দেখবেন। আপনি এক্সপাঞ্জ করতে পারেন। কিন্তু আপনি খবর নিয়ে দেখুন তিনি মুখ্য মন্ত্রীর আত্মীয় কিনা। আমাদের পশ্চিম বাংলার ক্রীড়ামোদীদের ডিপ্রাইভ করে কোটি কোটি টাকা লাভ করছে। একথা বলতে পারি জানি না তিনি বামফ্রণ্টের কোন নেতার আত্মীয় কিনা। কিন্তু আমার কাছে ইনফরমেশন আছে আপনাকে অনুরোধ করছি আপনি খবর নিয়ে দেখুন যে যে লোকটি কোটি কোটি টাকা আত্মসাত করছে তিনি মুখ্যমন্ত্রীর আত্মীয় কিনা।

**শ্রীঅশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ যা বললেন সে সম্পর্কে বলি যে এই সল্ট লেক টেণ্ডিয়ামের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা একটি পয়সাও পাইনি।

( গোলমাল )

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আমি যদি ডকুমেণ্ট দিই তাহলে আপনি কি পদত্যাগ করবেন ?

**শ্রীঅশোক মিত্র ঃ** দেখাতে পারবেন না — কেন বাজে কথা বলছেন।

**মিঃ স্পীকার ঃ** Mr. Chattaraj, please take your seat.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমি Police vehicle used for party—C.P.M. Party. ৩রা জুলাই 'দি উইকলি' কাগজে বেরিয়েছে যে পঞ্চায়েত ইলেকসনের সময় এরা এই কাজ করেছে। আবার বড় বড় কথা বলেন। আমি আপনার মাধ্যমে রাখতে চাচ্ছি এতে জ্যোতিবাবুর কথাও আছে এবং গাড়ীর নম্বরও দেওয়া আছে। পঞ্চায়েত নির্বাচনের সময় সি. পি. এম. পার্টির তরফ থেকে পুলিশের জীপ এবং গাড়ী নিয়ে এবং পুলিশ বাহিনীকে মবিলাইজেসন রেখে নিজেদের দলের লোক নিয়ে ভোট করেছে। শুধু তাই নয় নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েসন যাকে ওঁরা মদত দেন সেই এ্যাসোসিয়েশনের একজন অডিনারী কনষ্টেবল সে রেডিওগ্রাম পাঠাচ্ছে, যে এখানে এতো পুলিশ পাঠাও ওখানে এতো পুলিশ পাঠাও এবং ঐ অডিনারী কনষ্টেবলের রেডিওগ্রামে কোম্পানী পুলিশ যাচ্ছে বিভিন্ন জায়গায়। কারণ তিনি নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েসনের সেক্রেটারী। আমি মাননীয় সদস্যদের বলতে চাচ্ছি যে এদের বক্তব্য সারশূন্য—কারণ একজন কনষ্টবল যেহেতু সে নন গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েসনের সেক্রেটারী সে হোল পুলিশ মবিলাইজেসনকে মুভ করাচ্ছে। লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে পঞ্চায়েত নির্বাচনে। কিন্তু তার আগে সাড়ে তিন কোটি টাকা বিলিবণ্টন করা বিভিন্ন জায়গায় এবং তার সাথে সাড়ে চার শত পুলিশ ভ্যান বিভিন্ন স্থানে বিলিবণ্টন করা হয়েছে। এটা অত্যন্ত কলঙ্কজনক। পুলিশের লোকের মাঝখানে ওদের লোকদের বসিয়ে নিয়ে এসে ভোট দিইয়েছে। আমার কাছে তথ্য আছে পঞ্চায়েত নির্বাচন পুলিশ দিয়ে হয়েছে, টাকা দিয়ে হয়েছে। এই কাগজের কপি দিতে হবে এবং আমি সেই কপি দিইনি, সেইজন্য আমি বলতে

পারছি না যে * * বিরুদ্ধেও এখানে লেখা আছে। আমি বলবো না যেহেতু আমি কাগজটা দিইনি।

**মিঃ স্পীকার ঃ** মুখ্যমন্ত্রী কথাটা এক্সপাঞ্জ হবে প্রসিডিংস থেকে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আমি মুখ্যমন্ত্রী সম্বন্ধে কিছু বলিনি। কেন না আমি এই কাগজটা দিতে পারছি না। আপনি বৃটিশ পার্লামেণ্টারী প্রসিডিওর দেখবেন। আমি যদি বলি যে আমি বলতে পারছি না যেহেতু আমি এটা দিইনি, সেটা আপনি বাদ দিতে পারেন না। আপনি চেয়ারে আছেন বলে দিতে পারেন বাদ যাবে। কিন্তু এটা আমি বিশ্বাস করি না। আমি যেটা বলেছি আমি কাগজ দিতে পারছি না বলে আনতে পারছি না—এটা প্রসিডিংস থাকা দরকার। কারণ ওটা প্রসিডিংসের মধ্যে থাকা দরকার। আমি আপনার মাধ্যমে বলবো, মুখ্যমন্ত্রীকে বলুন এই কাগজটা দেখিয়ে, তাঁকে একটা স্টেটমেণ্ট দিতে, কারণ তিনি পুলিশ মন্ত্রী। পুলিশমন্ত্রীর গাড়ী সি. পি. এম. ক্যাডাররা, আর. এস. পি.-র নয়, ফরওয়ার্ড বুকের নয়, সি. পি. এম.-এর লোকেরা ব্যবহার করেছে, লক্ষ লক্ষ টাকার পেট্রল পুড়িয়েছে, পঞ্চায়েতে এই ভাবে নির্বাচন হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি এখানে একটা স্টেটমেণ্ট দিন।

**শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় এবং শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এর আগেও এই ব্যাপারটার উল্লেখ এখানে করেছিলাম। কয়েকদিন আগে বঙ্গবাসী কলেজে এক হামলা হয়েছিল। বঙ্গবাসী কমার্স কলেজের ছাত্র পরিষদ (ই)-র কিছু কর্মী একজন অধ্যাপককে মারধোর করে, তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়, তাঁর মাথায় স্টিচ পর্যন্ত করতে হয়েছে। গত ৯ তারিখে সিটি কমার্স কলেজে সারা রাত্রি ধরে ছাত্র পরিষদ (ই)-র কর্মীরা প্রফেসার, অধ্যাপকদের আটক করে রাখে। উমেশচন্দ্র কলেজে ছাত্র পরিষদের কর্মীরা জোর করে কলেজ বন্ধ করে রেখেছে। মধ্য কলকাতার কয়েকটি কলেজে, যেমন বঙ্গবাসী, সিটি-কমার্স, উমেশচন্দ্র কলেজ, সেণ্ট পলস্ কলেজ, এই সব কলেজে ছাত্র পরিষদ (ই)-এর কর্মীরা প্রফেসার, অধ্যাপকদের মারধোর করছে, এবং বিভিন্ন ভাবে অত্যাচার করছে। এই ব্যাপারটা দেখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়দের অনুরোধ করছি। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শিক্ষাক্ষেত্রে যে অরাজক অবস্থার সৃষ্টি করেছিল এই ছাত্র পরিষদ (ই), সেই রকম আবার অরাজক অবস্থা সৃষ্টি করার জন্য বর্তমানে একটা চক্রান্ত চলছে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, কয়েকদিন আগে কলকাতায় দীর্ঘ ৩০ ঘণ্টা ধরে কোন পানীয় জলের সরবরাহ ছিল না এই জল না। থাকার জন্য কলকাতার মানুষের অবস্থা অত্যন্ত দুবিসহ হয়ে উঠেছিল। বর্তমানে দেখা যাচ্ছে লেক টাউন থেকে আরম্ভ করে কলকাতার বিভিন্ন

Note : **Expunged as ordered by the Chair.

স্থানে জলের অভাব চলছে। অবিলম্বে যদি জলের এই সরবরাহ ব্যবস্থা সুষ্ঠু না করা যায় তাহলে কলকাতার এই জনবহুল এলাকাতে একটা প্রচণ্ড মহামারী দেখা দেবে। লেক টাউনে গত ৬/৭ দিন ধরে জলের সরবরাহ নেই এবং কলকাতা শহরাঞ্চলের অন্যান্য স্থানেও জলের প্রেসার কম। এর ফলে একটা গুরুতর সমস্যা দেখা দিয়েছে। আমি জানি যদিও মাননীয় পৌর মন্ত্রী অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি আছেন। তবুও অন্যান্য মন্ত্রীরা রয়েছেন, তাঁরা এই ব্যাপারে একটা ব্যবস্থা নিন যাতে পানীয় জলের সুব্যবস্থা হয়, সমস্ত কলকাতা শহরে জল সরবরাহ ব্যবস্থা সুষ্ঠু হয়।

**শ্রীঅপরাজিতা গোপ্পী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৪ তারিখে আনন্দ বাজার পত্রিকায় একটা সংবাদ প্রকাশিত হয়েছে চিঠিপত্রে, সেই সংবাদ পড়ে আমরা খুব মর্মাহত। ঘটনাটি হচ্ছে, মেট্রোপলিটান ইনস্টিটিউশনের শিক্ষিকা উমা রায়, তিনি অসুস্থ্য অবস্থায় অবসর গ্রহণ করতে বাধ্য হন। তারপর তিনি হাসপাতালে ভর্তি হন। কিন্তু আশ্চর্য্য ঘটনা, গত তিন বছরের চেষ্টাতেও তিনি তাঁর পেনশন আদায় করতে পারেননি। এই পেনশন আদায় না করতে পেরে, টাকার অভাবে তিনি হাসপাতালে মারা গেলেন। তাঁর ছোট বোন একটা চিঠি দিয়ে আবেদন করেছেন। আমি বলতে চাই, এই পেনশন সংক্রান্ত যে অব্যবস্থা, এই সম্পর্কে আরও বহু সুনির্দিষ্ট অভিযোগ আমার কাছে আছে। বহু শিক্ষক তাঁরা পেনশন পান না বছরের পর বছর ধরে। এই অব্যবস্থার দুরীকরণ করা হোক। এই ধরণের পেনশন সংক্রান্ত ব্যাপারে যারা কাজকর্ম দেখাশুনা করেন, তাদের মধ্যে যে ধরণের চক্রান্ত চলে,

[2-00—2-10 p.m.]

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** এবং এই ঘটনা যেটা প্রকাশিত হয়েছে সংবাদ পত্রে সেটা কতটা সত্য এই বিষয়ে তদন্ত করতে আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি। ঘটনাটা সত্য হয়ে থাকলে অত্যন্ত দুঃখের কথা বলতে হবে। তিনি অসুস্থতার জন্য অবসর গ্রহণ করতে বাধ্য হয়েছিলেন, অথচ এই পেনসানের টাকা ৩ বছরের চেষ্টাতেও আদায় করতে না পেরে মৃত্যুমুখে পতিত হয়েছেন। তার ছোট বোন এই ধরণের চিঠি প্রকাশ করেছেন। আমার কাছেও এই ধরণের চিঠি পাঠিয়েছেন, কয়েকজন শিক্ষিকাও দেখা করেছেন। সেইজন্য আমি বলছি এই রকম ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে সেটা শিক্ষামন্ত্রী যেন নজর রাখেন। অবসর গ্রহণ করার পরে শিক্ষক, শিক্ষিকারা যাতে তাদের প্রাপ্য পেনসান ঠিকমত পান সেই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নিতে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রীমতী রেণুলীনা সুব্বা :** মিঃ স্পীকার, স্যার আজকের স্টেটসম্যান পত্রিকায় একটি নিউজ বেরিয়েছে। সেখানে বলা হচ্ছে আর. এস. পি.-র মাননীয় সদস্য জয়ন্ত কুমার বিশ্বাস হোম গার্ডসদের ব্লেম দিয়েছেন।

Mr. Jayanta Biswas (R.S.P.) said that the Home Guard force, under the Minister, Mr Ram Chatterjee had turned into a "force of goondas". Mr. Biswas claimed that the Home Guards instead of maintaining law and order,

were themselves violating the law. Sir, he cannot blame all the home guards because there are so many home guards, specially lady home guards who are doing well, who are serving the people well in the Darjeeling districts and in the other districts also. So, he eannot blame all the home guards.

স্যার, উনি এটা বলতে পারেন না। উনি বলেছেন সব হোম গার্ডস গুণ্ডা। এটা উনি কখনই বলতে পারেন না। এটা ওকে উইথড্র করতে হবে। আমি নিজের চোখে দেখেছি ল্যাণ্ড স্লাইড হলে, ফ্লাড এপিডেমিক দেখা দিলে এই হোম গার্ডসরা দারুণ কাজ করে। কাজেই উনি হোম গার্ডসদের গুণ্ডা বলে তাদের মর্যাদার উপর কলঙ্ক লেপন করেছেন। আপনি ওকে এটা উইথড্র করতে বলুন। নাহলে এ্যাকসান নেবেন বলে দিন। আপনি জানেন হোম গার্ডসরা কম টাকায় পাবলিক সার্ভিস দেয়। কাজেই তাদের সম্বন্ধে এইভাবে ব্লেম দিতে পারেন না। এটা ওকে উইথড্র করতে বলুন। আমি জানি দার্জিলিং-এ লেডি হোম গার্ডরা খুব ভাল কাজ করে। উনি একজন রেসপনসিবল মেম্বার হয়ে হোম গার্ডদের এইভাবে গুণ্ডা বলতে পারেন না। এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমি কালকে হোম গার্ডদের সম্বন্ধে বলেছিলাম, মেয়ে হোমগার্ডদের প্রসঙ্গ উত্থাপন করিনি। মেয়ে হোম গার্ডরা ওর মত তেজস্বিনী। আমি বলেছি হোম গার্ডদের এক অংশ সংগঠিত গুণ্ডা বাহিনী—এই আমার বক্তব্য ছিল।

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত পঞ্চায়েত নির্বাচনে কালনা থানার একটি দুই আসন বিশিষ্ট কেন্দ্রে দুজন কংগ্রেস (ই) প্রার্থী ছিলেন। এদের একজনের নাম হচ্ছে শ্রীনগেন হালদার।

**মিঃ স্পীকার ঃ** আপনি নাম করতে পারবেন না, পঞ্চায়েত সদস্য বলুন।

**শ্রীমতী অঞ্জু কর ঃ** স্যার, ঐ দুজন প্রার্থীই শোচনীয়ভাবে পরাজিত হয়েছিলেন। এদের মধ্যে একজন গত জুন মাসে সরলা সরকার বলে একজন মহিলাকে ধর্ষণ করার অপরাধে অভিযুক্ত হন এবং তার নামে থানায় এফ. আই. আর.-ও করা হয়েছে কিন্তু তাকে আজ পর্যন্ত এ্যারেস্ট করা হয়নি। এ ব্যাপারে ওদের স্থানীয় নেতৃত্বের মদত আছে আছে বলেই লোকের ধারণা। দ্বিতীয়জন গত ২০.৯.৮৩ তারিখে বাজারের মধ্যে একদল মস্তানকে নিয়ে ঢুকে একজন মাছ বিক্রেতার উপর অকারণে অত্যাচার চালায় এবং বাজারের অনেক জিনিষপত্র লুঠ করে। স্থানীয় লোকেদের ধারণা ঐ ব্যক্তি ঐ এলাকায় বিদ্যুতের তার কাটার সঙ্গেও যুক্ত আছে। স্যার, ওরা মুখে মেয়েদের সম্মানের কথা বলেন, আইনশৃঙ্খলা রক্ষার কথা বলেন অথচ ওর ই গ্রামাঞ্চলে এইসব ঘটনা ঘটিয়ে অশান্তির সৃষ্টি করছেন। আমি এ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের দাবী জানাচ্ছি।

**শ্রীঅবন্তি মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ডাঃ বিধান চন্দ্র রায়ের মানসকন্যা দীঘা পর্যটন কেন্দ্র এবারে পূজার সময় অন্ধকারে ডুবতে বসেছে। এর মূল কারণ হচ্ছে বিদ্যুৎ দপ্তরের অপদার্থতা, অযোগ্যতা এবং অপরিনামদর্শিতা এবং

সি. পি. এম. দলের প্রশাসনের উপর দলীয় চাপ সৃষ্টির চেষ্টা। স্যার, এরা পুলিশ ও প্রশাসনের উপর নিজেদের দলীয় প্রভাব বিস্তারের জন্য এবং একে নিজেদের কাজে লাগাবার জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। স্যার, ডি. ভি. সি. থেকে হিজলী, এগরা হয়ে দীঘা পর্যন্ত বিদ্যুতের লাইন গিয়েছে, এর মধ্যে কেশিয়ারী থেকে হিজলী পর্যন্ত এর দূরত্ব হচ্ছে ৩৫ কিলোমিটার। কেশিয়ারী থেকে হিজলী পর্যন্ত এই ৩৫ কিলোমিটারের এ্যালুমিনিয়ামের তার চুরি হয়ে গিয়েছে যার মূল্য প্রায় ২ লক্ষ ১০ হাজার টাকা। এখন তারা জি. আই. তার ব্যবহার করতে চাইছেন কিন্তু ইঞ্জিনিয়াররা বলছেন যে যদি জি. আই. তার ব্যবহার করা হয় তাহলে এনার্জি কমে যাবে। এনার্জি কমে যাবার দরুন দীঘাতে যে বিদ্যুৎ পৌঁছাবে সেটা ৭ কে. ভি.-তে গিয়ে দাঁড়াবে। তা হলে যে ২২০ ভোলটেজের বাল্ব দীঘাতে জ্বলে তখন তার ভোল্টেজ গিয়ে দাঁড়াবে ১১০-এ। ১১০ ভোল্টেজ দাঁড়ালে দীঘা অন্ধকার থাকবে। দীঘার হোটেলে এর ফলে জল পাওয়া যাবে না, ফিশারি ডিপার্টমেণ্টের অসুবিধা হবে, আইস ফ্যাক্টরী চলবে না।

[2-10—2-20 p.m ]

সুতরাং পূজার পূর্বে এই পরিস্থিতি যদি দাঁড়ায় তাহলে পর্য্যটকের সংখ্যা কমে যাবে। কাজেই মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এ্যালুমিনিয়ামের তার লাগিয়ে ঐ লাইনে বিদ্যুতের ব্যবস্থা অবিলম্বে করা হয়।

**শ্রীবিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েত নির্বাচনের পূর্বে আসানসোল এলাকার কয়েকটি এলাকায় আমরা আশঙ্কা করেছিলাম যে সেখানে গুণ্ডামী, মারপিট, দাঙ্গা হতে পারে। সেই সম্পর্কে আমরা পুলিশকে সমস্ত জানিয়েছিলাম। কিন্তু যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা করতে না পারার জন্য সেখানে ২ জন মার্ডার হয়েছিল। কংগ্রেসের গুণ্ডাদের হাতে মার্ডার হয়েছে। আমরা আশঙ্কা করছি যে সামনে ২৮শে সেপ্টেম্বর যে বাংলা বন্ধ ডাকা হয়েছে সেই বন্‌ধকে ব্যর্থ করার জন্য আসানসোলে একটা অত্যন্ত ষড়যন্ত্রমূলক কাজ করা হচ্ছে। সেখানে আর্মড এ্যাণ্ড এ্যামিউনেশানস জড়ো করা হচ্ছে এবং কংগ্রেসের গুণ্ডাদের মোতায়েন করা হচ্ছে যাতে ২৮ তারিখের বাংলা বন্‌ধকে বানচাল করা যায়। কাজেই এই সম্পর্কে যদি সরকার সচেষ্ট না হন তাহলে এর পরিনাম অত্যন্ত ভয়াবহ হতে পারে। সেজন্য আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে মাননীয় প্রাথমিক মন্ত্রী মহাশয় এবং সমগ্র ক্যাবিনেটের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ৬৪ লক্ষ প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রির মধ্যে অন্ততঃ ৩২ লক্ষ ছাত্র-ছাত্রির পড়াশুনা এবং মানুষ হওয়ার বিষয়টি এর সঙ্গে জড়িত। আমি দায়িত্ব নিয়ে বলছি যে যুগান্তর পত্রিকায় যে সমীক্ষা দিয়েছে তাতে পশ্চিম বাংলার বিভিন্ন জেলার বিভিন্ন প্রাথমিক স্কুলে ৫০ পারসেণ্ট বই আজ সেপ্টেম্বর মাস চলছে, এখনও এসে পৌঁছায়নি। আমি দেখছি যে এই সম্পর্কে একটা ডাটা দিয়েছে। এটা কোন মনগড়া ডাটা নয়। এটা একটা সংশ্লিষ্ট স্কুলের প্রধান

শিক্ষক-এর স্বাক্ষরিত রিপোর্টে এই ভাবে ডাটা দিয়েছে। আমি সেই ডাটাটা আপনাকে পড়ে দিচ্ছি—মুর্শিদাবাদ জেলার তেজনগর প্রাথমিক স্কুলের প্রথম শ্রেণীতে ১০২ জনের মধ্যে ৫০ জন বই পায়নি। ঐ স্কুলের তৃতীয় শ্রেণীতে ৩৩ জনের মধ্যে ২৮ জন বই পায়নি। হুগলী জেলার বাসুদেবপুর জি. এস. এফ. পি. স্কুলে প্রথম শ্রেণীতে ৪৭ জনের মধ্যে ৪০ জন বই পায়নি। মেদিনীপুর জেলার নিত্যানন্দপুর নিম্ন বনিয়াদী স্কুলের দ্বিতীয় শ্রেণীতে ৫২ জনের মধ্যে ৩৩ জন সহজ পাঠ বই পায়নি। ঐ জেলার পাশকুঁড়া প্রাইমারী স্কুলের প্রথম শ্রেণীতে ১২০ জনের মধ্যে ১০৩ জন কিশলয় বই পায়নি এবং চতুর্থ শ্রেণীতে ৬০ জনের মধ্যে ৪৮ জন ইতিহাস বই পায়নি। জলপাইগুড়ি জেলার কাথাপাড়া জুনিয়র বেসিক স্কুলের প্রথম শ্রেণীতে ৪২ জনের মধ্যে একজনও কিশলয় পায়নি এবং তৃতীয় শ্রেণীতে একজনও ইতিহাস বই পায়নি। ২৪-পরগণা জেলার কাকদ্বীপ চালিনগর বেরা কে. এফ. পি. স্কুলের প্রথম শ্রেণীতে ৩৯ জনের মধ্যে কেহই কিশলয়, সহজপাঠ এবং গণিত বই পায়নি। কলকাতায় ন্যাশনাল হাই স্কুলের প্রথম এবং দ্বিতীয় শ্রেণীতে কোন বই পায়নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে যে পশ্চিমবঙ্গে এই পাঠ্য পুস্তক ছাপাবার জন্য ৪ কোটি টাকার পাবলিক এক্সচেকার থেকে যাচ্ছে। অথচ সেপ্টেম্বর মাস চলে গেল কোন পাঠ্য পুস্তক এল না। যুগান্তর পত্রিকায় যদি মিথ্যা সংবাদ দিয়ে থাকে তাহলে মন্ত্রী এটার বিরুদ্ধে প্রিভিলেজ আনুন। আর তা যদি না হয় তাহলে পশ্চিম বাংলার মানুষের কাছে, বিধানসভার সদস্যদের কাছে এর জবাব দিন। আজকে ছাত্র-ছাত্রীদের এই অবস্থা কেন এই মর্মে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা বিবৃতি দিতে বলুন। আজকে পাঠ্য পুস্তক কোথায় যাচ্ছে, টাকা কোথায় যাচ্ছে? আজকে যুগান্তর পত্রিকা যে সমীক্ষা দিয়েছে সেটা যদি মিথ্যা হয় তাহলে তার বিরুদ্ধে মন্ত্রী মহাশয় প্রিভিলেজ আনুন, আর তা না হলে এই সম্পর্কে বিবৃতি দিন।

( উল্লেখ )

**শ্রীকমল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুরাতন একটি বিষয় আবার নতুন করে তুলতে চাইছি। বিষয়টি হচ্ছে, এই হাউসে আমরা সমস্ত পার্টি এক মত হয়ে সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব পাশ করে চট শিল্পের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম যে, অবিলম্বে চট শিল্পকে জাতীয়করণ করা হোক। সেই পরিপ্রেক্ষিতে আমরা এখান থেকে সমস্তদলের প্রতিনিধিদের নিয়ে দিল্লীতে এবিষয়ে প্রধান মন্ত্রীর সঙ্গে আলোচনা করতে গিয়েছিলাম। সেখানে প্রধানমন্ত্রী প্রথমে আমাদের বলেছিলেন যে, চট-কল বা চটের কোন ভবিষ্যৎ নেই। কিন্তু আমাদের সঙ্গে আলোচনার পরে—আমরা যখন দেখালাম চীনে নতুন করে চট-কল হচ্ছে, পৃথিবীর সমস্ত জায়গায় চট-কল আগের চেয়ে সংখ্যায় বাড়ছে—তিনি আমাদের আশ্বাস দিয়েছিলেন যে, বিষয়টি তিনি পুনর্বিবেচনা করবেন এবং এ বিষয়ে সমস্ত রকম তথ্য সংগ্রহ করবেন। তার পরে তিন মাস হয়ে গেছে, এখনো পর্যন্ত এ বিষয়ে কিছুই হয়নি। এখানে কংগ্রেস আমলে ১৯৭৫ সালের ২৩শে এপ্রিল এবং ১৯৭৬ সালের ২৩শে এপ্রিল এ বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছিল, কিন্তু তখন তাঁরা জাতীয়করণের দাবী করেননি। কিন্তু পরবর্তীকালে এখানকার কংগ্রেস সদস্যরা আমাদের প্রস্তাবকে সমর্থন করেছেন।

আমরা ১৯৭৯ সালের ১৬ই ফেব্রুয়ারী এবং ১৯৮১ সালের ১৮ই ফেব্রুয়ারী চট শিল্প জাতীয়করণের দাবীতে এখান থেকে প্রস্তাব পাশ করেছি, ওঁরা আমাদের সমর্থন করেছেন। সেই প্রস্তাব নিয়ে তিন মাস আগে আমরা সব দলের প্রতিনিধিরা যখন দিল্লীতে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে যাই তখন সেখানে কংগ্রেসী প্রতিনিধিরাও ইন্দিরা গান্ধীকে এ বিষয়ে বলেছিলেন এবং তাঁরা সেখানে আমাদের সুরের সঙ্গে সুর মিলিয়ে কথা বলেছিলেন। সেসময়ে প্রধান মন্ত্রী আমাদের এ বিষয়ে পুনর্বিবেচনার আশ্বাস দিয়েছিলেন, কিন্তু আমরা দেখছি আজও এ বিষয়ে কিছু হয়নি। সেই কারণে আজকে আমি আপনাকে অনুরোধ করছি যে আপনি এবং পরিষদীয় মন্ত্রী, আপনারা দু'জনে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এ বিষয়ে তাঁদের শেষ ইচ্ছাটা একটু জানবার চেষ্টা করুন। আজকে পশ্চিম বাংলায় এই শিল্পের সঙ্গে ৪০ লক্ষ পাট চাষী এবং কয়েক লক্ষ চট-কল শ্রমিকের ভাগ্য জড়িত। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই আমি অবিলম্বে কেন্দ্রীয় সরকার বিষয়টি পুনর্বিবেচনা করে চট-শিল্প জাতীয়করণের পক্ষে রায় দিন, এই দাবী আবার আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল মান্নান ঃ** স্পীকার স্যার, বিধান সভায় কোন পোষ্টার লাগান বা ব্যাজ পরে ঢোকা নীতি বিরুদ্ধ বলেই আমরা জানি। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি এখানে বেশ কিছু কর্মচারী ব্যাজ পরে ঢুকেছে। এটা কি নিয়ম বিরুদ্ধ নয় ?

**মিঃ স্পীকার ঃ** The rules relate to the Members of this House only. The staff do not exist under the rules inside the Chamber.

**Sri Abdur Rauf Ansari :** Mr. Speaker Sir, through you I want to draw the attention of the Land and Land Revenue Minister, Shri Benoy Krishna Chowdhury about the Calcutta Thika Tenancy Act of 1981 which directly interferes with the personal law of both Hindus and Muslims. About three and half million people are residing in the Busti area of Calcutta. According to the Thika Tenancy Act, no thika tenant can se'l his property or give that property to any religious or charitable organization. Even Sir, any widow cannot sell her property for the purpose of her daughter's marriage or give it to any religious or charitable organization. So, I would request the Hon'ble Minister to make sufficient changes in the Act so that there may not be any interference with the personal law of both the Hindus and the Muslims to sell the property or to give it to any religious or charitible organization.

[2-20—2-30 p.m.]

**শ্রীমীর ফকির মহম্মদ ঃ** মিঃ স্পীকার স্যার, নদীয়া জেলার অবস্থিত রামনগর সুগার মিল ভারতবর্ষের বৃহত্তম মিল। সেই মিলটি আজকে বন্ধ হবার রাস্তায়। রামনগর সুগার মিলে যে সমস্ত কৃষক আখ বিক্রি করেছেন তাঁদের আখের দাম ৩২ লক্ষ টাকা, শ্রমিকদের মাইনে ৯ লক্ষ টাকা, প্রভিডেণ্ট ফাণ্ডের ১৮ লক্ষ টাকা মোট প্রায় ৬০ লক্ষ টাকা এবং যেসব ঠিকাদার এই মিলে আখ দিয়েছিলেন তাঁদের টাকা হিসাবের বাইরে, এই রকম প্রচুর টাকা আত্মসাত করে মিলের মালিক সরে পড়বার তালে আছেন।

মিলে কোন অফিসার নেই, মিল সারাবার জন্য নূতন কোন স্পেয়ার পার্টস জোগার হচ্ছে না, মিল এবং তার যে হেড অফিস কলকাতায় আছে এই দু জায়গার ইলেকট্রি-ফিকেসন এবং টেলিফোন কেটে দেওয়া হয়েছে। মিলের যে ১১ হাজার একর জমি আছে তাও তলে তলে শঙ্করদাস ব্যানার্জীর ছেলে শিবদাস ব্যানার্জীকে বিক্রি করার ষড়যন্ত্র হচ্ছে এবং সেটা ধরা পড়ে গিয়েছে। উনি বাইরে প্রচার করছেন যে মিল চলবে কিন্তু ভেতরে ভেতরে সমস্ত জমি বিক্রী করার তাল করছেন এবং প্রায় ৬৬ লক্ষ টাকা আত্মসাত করে পালিয়ে যাবার চেষ্টা করছেন। অবিলম্বে এই মিনিষ্ট্রির পক্ষ থেকে একটা তদন্ত কমিশন গঠন করা হোক মিল মালিকের ষড়যন্ত্র সরেজমিনে তদন্ত করে মিল চালাবার ব্যবস্থা করা হোক। এই ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করার জন্য আমি এই মিনিষ্ট্রির কাছে দাবী রাখছি।

**শ্রীপ্রশান্ত কুমার প্রধান ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী এবং বিচার বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি একটি ঘটনার উল্লেখ করছি। কাঁথি দু নম্বর পঞ্চায়েত সমিতির নির্বাচিত সদস্য শ্রীহিমাংশু জানা মহাশয়কে কংগ্রেস দলের থেকে মিছিল করে তাঁর বাড়ী ঘেরাও করে। তারপর তাকে পাইপগান দিয়ে নীচে থেকে গুলী করে মারা হয়, তিনি যখন বলছিলেন আমি তোমাদের বক্তব্য শুনব, তোমরা এসব বন্ধ কর। তিনি মারা গেলে তাঁর ছেলে যখন তাদের বলে এই নিন, আমার বাবার ডেড বডি আপনাদের উপহার দিলাম, দেখুন আপনারা কি কাজ করেছেন। তখন তাঁর ছেলের পায়ে গুলী করা হয়। তাঁর ছেলেও পঞ্চায়েতের সদস্য। তার ছেলে এই কয়েকদিন হল বি. ডি. হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন। তাঁর স্ত্রীর প্রায় অপ্রকৃতিস্থ অবস্থা। তারপর তারা তাঁর বাড়ীর সমস্ত জিনিষপত্র লুট করে নিয়ে যায়। এই ঘটনার সঙ্গে জড়িত কংগ্রেস দলের নেতা, তাঁকে এখন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান করে দেওয়া হয়েছে এই ঘটনাটিকে চেপে দেওয়ার জন্য।

মাননীয় বিধান সভার সদস্য শ্রীশিশির অধিকারী তাঁর নিজের বাড়ীতে আসামীদের লুকিয়ে রেখেছিলেন—এই ঘটনা প্রকাশিত হয়েছে। দেখা গেছে যে সম্পূর্ণ পরিকল্পিতভাবে একটি সন্ত্রাস সৃষ্টি করবার জন্য শিশিরবাবু এই ঘটনা ঘটিয়েছেন। আজকে এইভাবে একটি সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করবার চেষ্টা করছে ওরা। আমি আপনার মাধ্যমে দাবী করছি—এই পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হোক এবং যে তাকে চেয়ারম্যান নিয়োজিত করেছে তাকে বরখাস্ত করা হোক—এটা হচ্ছে নৈতিক দাবী।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানতে চাই যে বনগাঁ মিউনিসি-প্যালিটি পৌরমন্ত্রী মহাশয়ের অধীন কিনা ? এখানে যিনি চেয়ারম্যান আছেন, আমার মনে হয় তাঁর সেপারেট মিউনিসিপ্যাল এ্যাক্ট আছে এবং সেই এ্যাক্ট অনুযায়ী তিনি কাজ করছেন এবং প্রতিটি কাজই হাইকোর্টে যাচ্ছে। রিসেণ্টলি তিনি টু এ্যাপয়েণ্ট সাম ক্যাজুয়াল লেবার একটি প্রস্তুতি নিয়েছেন। জানি না, যে মিউনিসিপ্যালিটির নিজস্ব কোন সংগ্রহ নেই, কালেকশনের অবস্থা যেখানে খুবই খারাপ, একজিষ্টিং ষ্টাফদের যেখানে মাস মাহিনা দিতে পারছে না—প্রতিটি ক্ষেত্রেই যেখানে অন্য ফাণ্ড থেকে ডাইভার্ট করে কাজ করতে হচ্ছে, মন্ত্রীর ষ্টেটমেণ্ট অনুযায়ী যেখানে ১৯৮০ সাল

থেকে এ পর্যন্ত বনগাঁ মিউনিসিপ্যালিটিতে উন্নয়ণমূলক খাতে কোন টাকা অ্যালটমেণ্ট নেই—এই অবস্থায় ক্যাজুয়াল লেবার অ্যাপয়েণ্টমেণ্ট দেবার ব্যবস্থা করছে ঐ মিউনিসিপ্যালিটিতে যে সড়িক দলগুলো আছে অর্থাৎ সি. পি. আই., সি. পি. এম. এবং ফরোয়ার্ড বুক। এরা ৬১ জনকে ক্যাজুয়াল এ্যাপয়েণ্টমেণ্ট দেবার জন্য প্রস্তুতি চালাচ্ছে। কে কত ভাগ পাবে সেটা তাঁরা ঠিক করে নিয়ে ২০/২১টি করে ভাগ করে নিয়েছে নিজেদের মধ্যে। সেখানে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে এ ব্যাপারে কিছু জানাবার প্রয়োজন বোধ তারা করেননি। এই ভ্যাকান্সী ক্রিয়েশন এবং গ্র্যাণ্ট-ইন-এড-এর জন্য মিউনিসিপ্যাল কর্পোরেশন মন্ত্রী প্রশান্ত শূর মহাশয়ের ডিপার্টমেণ্ট সেক্রেটারিয়েটে ফাইল সাবমিটও করেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে এই সমস্ত এ্যাপয়েণ্টমেণ্ট—তা ক্যাজুয়াল এ্যাপয়েণ্টমেণ্টই হোক বা যে কোন এ্যাপয়েণ্টমেণ্টই হোক তা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হোক—এই আবেদন রেখে বক্তব্য শেষ করছি।

**শ্রীবনমালি দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল মাননীয় সদস্য শ্রীসুনীতি চট্টরাজ নানুর থানার ও. সি.-র বদলি সম্পর্কে বলেছেন। তিনি নাকি অত্যন্ত দুঃখিত হয়েছেন এই বদলির ব্যাপারে! আমি সভার মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে চাই উনি যা বলেছেন এবং আমি যা বলছি—এই বিষয়গুলি যাচাই করে দেখবেন এবং সুনীতিবাবু কতটা সত্য কথা বলে থাকেন বুঝবেন। তার রাজনৈতিক চরিত্র পরিস্ফুট হোক—এটাই আমি চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পঞ্চায়েত নির্বাচনের আগে ঐ ও. সি. নানুর থানায় বদলি হয়ে আসেন। তিনি ঐ নির্বাচনে ৪৬ নং বুথ এবং ৪৭ নম্বর বুথের প্রিসাইডিং অফিসারকে দিয়ে নানা রকম কারচুপি করবার জন্য সচেষ্ট হন, কিন্তু তিনি তাতে সক্ষম হননি। কিন্তু গরীব কৃষকদের উপর, জোতদার মহাজনদের অত্যাচারে এই ও. সি. মতদ জোগান এবং গ্রাম পঞ্চায়েতের সদস্যদের ইনফর্মেশন দিয়ে থানায় ডেকে নিয়ে গিয়ে তাঁদের মারপিট করেন। জনপ্রতিনিধিরা থানায় গেলে তাঁদের তাড়িয়ে দেন এবং বলেন যে এই থানায় কখনও আসবেন না। সাঁইথিয়া থানায় একজন সি. পি এম. সমর্থক খুন হয়. সেই খুনের আসামীকে পুলিশ ক্যাম্পে গার্ড দিয়ে রাখেন। এ ব্যাপারে থানায় ডাইরী করতে গেলে ঐ ও. সি. তা প্রত্যাখ্যান করেন।

[2-30—2-40 p.m.]

গ্রামের কৃষক, জনসাধারণ এবং গরীব লোকেরা যদি ডাইরী করতে যায় তাহলে তাদের ডাইরী নেয় না। নুরপুরে হিন্দু মুসলমানদের মধ্যে বিরোধ বাঁধাবার চেষ্টা করছে। গ্রামে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। গ্রামের লোকেদের মধ্যে মারপিট লাগিয়ে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। কংগ্রেস আমলে তার অনেক কাহিনী আছে এবং যার জন্য কংগ্রেস আমলে সে দুবার সাসপেণ্ড হয়েছিল। এই ব্যাপারে যথাযথ দৃষ্টি দেবার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকার উলুবেড়িয়া থেকে গড়চুমুক, উলুবেড়িয়া

থেকে বোয়ালিয়া, উলবেড়িয়া থেকে আমতা এবং উলবেড়িয়া মিউনিসিপ্যালিটির O. T. রোড দীর্ঘদিন যাবত এমন অবস্থায় পড়ে রয়েছে যে সেই রাস্তা দিয়ে বাস, রিক্সা এবং অন্যান্য যানবাহন চলতে পারছে না এবং এ্যাকসিডেণ্ট হচ্ছে। মানুষ রাস্তা দিয়ে যেতে গিয়ে পড়ে যাচ্ছে—রাস্তায় দু-এক হাতের মতো গর্ত। এই রাস্তায় বাস চালানো যাচ্ছে না বলে বাস মালিকেরা হরতাল করবে বলেছে। আমি নিজে একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে বলেছি এবং মন্ত্রীমহাশয়কেও বলেছি। কিন্তু এখনও পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। এখানে ৬২ নং, ৭৮ নং, ৭৮বি, ৭৮সি এবং ৬৫ নং বাস চলে। ছাত্র-ছাত্রীরা এই বাসে করে আসে। উলবেড়িয়ার বাস মালিকরা বাস বন্ধ করে দেবার চেষ্টা করছে। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি তিনি যেন তদন্ত করে এই রাস্তাগুলি মেরামত করার ব্যবস্থা করেন।

**শ্রীশেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে খবরের কাগজ পড়ে এবং আমি নিজে শিক্ষক হিসাবে বিভিন্ন জায়গায় খবর নিয়ে জানতে পারলাম যে এখনও পর্যন্ত—সেপ্টেম্বর মাস প্রায় শেষ হতে চললো—অনেক প্রাইমারী স্কুলে ছাত্র-ছাত্রীদের পাঠ্য পুস্তক পৌঁছয়নি। সরকারের তরফ থেকে যে বই দেবার কথা সেই বই এখন পর্যন্ত প্রত্যেক স্কুলে পৌঁছয়নি। গ্রামের গরীব অভিবাবক, যারা বই কিনে দিতে পারবে না, যারা নিরক্ষর, তাদের ছেলেরা এখন পর্যন্ত পাঠ্য পুস্তক পেল না। তারা যদি বই না পায় তাহলে স্কুলে পড়াশোনা হবে কি করে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বামফ্রণ্ট সরকারের মন্ত্রী তাঁদের নিজেদের দপ্তর নিয়ে খুব বড়াই করে। কিন্তু এই শিক্ষা দপ্তরে তিন জন মন্ত্রী থাকা সত্বেও আজ পর্যন্ত প্রত্যেক প্রাইমারী স্কুলে পাঠ্য পুস্তক গেল না। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। শুধু প্রাইমারী স্কুলে নয় পঞ্চম এবং ষষ্ঠ বিভাগেও পাঠ্য পুস্তক দেওয়ার কথা। কিন্তু অনেক জায়গায় সরকারের কথা মতো পাঠ্য পুস্তক পৌঁছয়নি। স্যার, আপনি জানেন জানেন যে পাঠ্য পুস্তকের নামে ৪ কোটি টাকা খরচ করা হয়েছে। কিন্তু এই টাকা কি ভাবে খরচ হলো বা এর সুফল কি হলো সেটা আমরা জানতে পারলাম না। এডভাইসারী কমিটির মিটিং জানুয়ারী মাসে হয়েছিল, এখন পর্যন্ত আর কোন মিটিং হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে যাতে প্রত্যেক স্কুলে পাঠ্য পুস্তক যায় তার ব্যবস্থা করেন।

**শ্রীতারকবন্ধু রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রণ্ট সরকারের যুগান্তকারী যে কার্যক্রম অপারেসান বর্গা, সেই সুযোগ থেকে উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার বহু ভাগচাষী বঞ্চিত হচ্ছে। খবর নিয়ে দেখলাম সেখানকার জমির সিট খুঁজে পাওয়া যাচ্ছে না। কারণ ১৯৬২ সালের ভয়ঙ্কর বন্যায় সমস্ত সিট হারিয়ে গেছে। আবার দেখলাম এবারে হাজার হাজার লোক বন্যার কবলে। আনন্দবাজার কাগজে দেখলাম ২৫ হাজারের মতো লোক বন্যার কবলে।

এবারে সেটি যদি ওঠে যায়, তাহলে আমরা যে প্লান করেছি—বামফ্রণ্ট সরকার যে প্লান করেছে—তা হবে না, আগামী ডিসেম্বরে আবার নতুন করে অপারেশন বর্গার

কাজ চালু করতে হবে। এর ফলে গরীব চাষীরা বঞ্চিত হবে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই কথা স্মরণ করিয়ে দিতে চাই, জলপাইগুড়ির সাপটিপাড়া ১।২ নং এবং পদমতী ১।২ নং বুক সহ অন্যান্য বহু বুকের বহু চাষী সাঁড়ের অভাবে চাষের কাজ বন্ধ রাখতে বাধ্য হবে। ক্ষুদ্র চাষীরা এর ফলে বঞ্চিত হবে। সাঁড়ের অভাবে তারা যাতে বঞ্চিত না হয়, সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকায় সুতাহাটা বিবেকানন্দ মিশন কলেজটি ১৯৭০ সাল থেকে চালু আছে। এই কলেজে শুধু মাত্র কলা ও বানিজ্য বিভাগ চালু আছে, তাছাড়া আর কোন বিভাগ সেখানে নেই। সুতাহাটার উক্ত কলেজটি তপশিলী জাতি ও উপজাতি অধ্যুষিত এলাকাভুক্ত। ছাত্র-ছাত্রীদের সংখ্যা প্রতিনিয়তই বাড়ছে। সেজন্য আমি প্রস্তাব রাখছি, অবিলম্বে সেখানে বিজ্ঞান বিভাগের কিছু কিছু গুরুত্বপূর্ণ বিষয়সহ অনার্স বিভাগ খোলার ব্যবস্থা করা হোক।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত এবং পৌর মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা কিছুদিন ধরে লক্ষ্য করছি কলকাতা ময়দান সহ শহরের বিভিন্ন জায়গায় অনেক মণীষীর স্ট্যাচু বসানো হচ্ছে। কিন্তু মাননীয় পৌরমন্ত্রীমহাশয়ের দৃষ্টি পণ্ডিত জওহরলাল নেহেরুর স্ট্যাচু বসানোর দিকে দেখা যাচ্ছে না। কিন্তু আমরা চাই তাঁর একটি স্ট্যাচু এখানে বসানো হোক। তিনি শুধু আমাদের স্বাধীন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন তাই নয়, তিনি ছিলেন স্বাধীনতা আন্দোলনের একজন পায়োনিয়ার। হি ওয়াজ দি ফ্রিডম ফাইটার এ্যাণ্ড অলসো দি ফাউণ্ডার অফ নন-এ্যালায়েণ্ড মুভমেণ্ট এ্যাণ্ড প্রোপাগেটর অফ ওয়ার্ল্ড পীস্। আমরা চাই শহীদ মিনারের সামনে তাঁর ফুল সাইজ একটা স্ট্যাচু বসানো হোক। সেই সঙ্গে সঙ্গে পৌর মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করি, পার্ক সার্কাস ময়দান মৌলানা আজাদ বা মৌলানা পার্ক নামে ঘোষিত হোক। এই দুটি দাবী আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে রাখছি।

**শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলাতে আমার এলাকা—আরসাতে ৪টি রিভার লিফট্ ইরিগেশানের স্কীম চালু হয়েছে। তার মধ্যে ৩টিই অকেজো হয়ে পড়ে আছে। ১নংটি হচ্ছে কোরানে। সেখানে আজ পর্যন্ত কোন কাজ আরম্ভ হয়নি। পাইপ লাইনের জন্য স্টাফ আছে, অথচ কাজ হয় না। ২নংটি হচ্ছে কলাবনিতে, নাম হচ্ছে কলাবনি সেচ প্রকল্প। সেখানে ৩টি পাম্পিং মেশিন আছে, কিন্তু দুটি সব সময়ই খারাপ হয়ে পড়ে থাকে। সেখানে কোন স্টাফ নেই, গ্রামের একজন ছেলে একটি মেশিন কৃষকদের কাছ থেকে কিছু পয়সার বিনিময়ে চালু রেখেছে। আমার দাবী হচ্ছে, কলাবনীতে রিভার লিফট্ ইরিগেশান প্রকল্পটিকে ইলেকট্রিফিকেশনে রূপান্তরিত করা হোক। কেননা, ওখানে বৈদ্যুতিকরণের পক্ষে কোন বাধা নেই। ওখানে ইলেকট্রিক লাইন আছে, অথচ আজ পর্যন্ত বৈদ্যুতিকরণ করার ব্যবস্থা হয়নি।

এই ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে উক্ত প্রকল্পটিতে বৈদ্যুতিকরণের ব্যবস্থা তিনি করেন এবং ক্ষুদ্র চাষীদের চাষের কাজে সহায়তা প্রদান করেন। তনংটি হচ্ছে জারাটাঁড়া সেচ প্রকল্প। এখানে যে মেশিন আছে তা কোন কাজে লাগে না, সেখানে কোন স্টাফ থাকে না। হেড কোয়ার্টার থেকে কোন অপারেটর সেখানে পাঠান নি। জারাটাঁড়ার কোন মানুষ সেখান থেকে চাষের জন্য জল পায় না। সেখানে একজন চৌকিদার, কংগ্রেস ( আই ) 'এর সমর্থক, এ্যাসিসট্যাণ্ট হিসাবে নিযুক্ত আছে। ঐ চৌকিদার সেখানে কোন স্টাফকে কাজ করতে দেয় না। উক্ত সেচ প্রকল্পকে স্থায়ীভাবে চালু করার জন্য অবিলম্বে উক্ত চৌকিদারকে ট্রান্সফারের নির্দেশ দিতে মাননীয় সেচ মন্ত্রীমহাশয়ের নিকট অনুরোধ জানাই।

[2-40—2-50 p. m.]

**শ্রীফণিভূষণ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্ত ও সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার ওল্ড মালদহ থেকে মহিষবাঁধানি পর্যন্ত ৫ কি. মি. দীঘ বিশিষ্ট একটি রাস্তা আছে। সেই রাস্তাটির বাম দিকে মহানন্দা নদী এবং ডান দিকে ৫ থেকে ৭ হাজার লোকের বসবাস রয়েছে। এই রাস্তাটির প্রতি আজ অবধি কেউ নজর দেওয়ার চেষ্টা করেননি। এই রাস্তাটির উপর প্রায় ৭ হাজার লোকের বাস। দিনের পর দিন এমন অবস্থা দাঁড়াচ্ছে যে মহানন্দা নদী এই গ্রামটিকে গ্রাস করতে চলেছে। আমার মনে হচ্ছে আগামী ২ বছরের মধ্যে এই গ্রামটিকে গ্রাস করে ফেলবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে দুজন মন্ত্রীকে অনুরোধ করছি, পূর্ত ও সেচ মন্ত্রীকে যাতে এই রাস্তাটি করা হয় এবং গ্রামটি যাতে ধ্বংস না হয়ে যায় তারজন্য ব্যবস্থা নিন।

**শ্রীমণীন্দ্রনাথ বর্মা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে—কংগ্রেসীরা যারা গান্ধীবাদী বলেন, অহিংস বলেন তারাই সন্ত্রাসের সৃষ্টি করছে। স্যার গত ৮ই জুলাই এই কংগ্রেসীরা নির্বাচনে হেরে গিয়ে খুন এবং সন্ত্রাসের সৃষ্টি করে মানুষের মনকে জয় করার চেষ্টা করতে চাইছে। গত ৮ই জুলাই কৃষক নেতা এবং পার্টির কমরেড গৌতম দে কে দরজা ভেঙ্গে তার ঘর থেকে বার করে বল্লম দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করেছে এবং সঙ্গে সঙ্গে মাথাভাঙ্গার নয়ের হাটে আচিন দাসকেও হত্যা করা হোল। সেখানকার রক্ত শুকতে না শুকতে আমাদের যুব ফেডারেশানের অঞ্চল কমিটির নেতা কমরেড সুবোধ দাশকে জল্লাদরা ঘর থেকে বের করে, তারপর তাকে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করলো। তারপরে গত ৮ই সেপ্টেম্বর এক আধিয়ারী কৃষক চিকাতো বর্মন নাম তাকে তার বাড়ীতে ডাকাতির নাম করে ঘরের মধ্যে বেড়া ভেঙ্গে তাকে খুন করেছিল। তিনজন কংগ্রেস এই ব্যাপারে হাতে-নাতে ধরা পড়েছিল, তারা অস্বীকার করতে পারেন নি। ওই জল্লাদরা এই ভাবে খুন করে বেরাচ্ছে অথচ গান্ধীবাদী বলছেন এবং এইভাবে কংগ্রেসীরা সংত্রাসের সৃষ্টি করছে। আমি এই ব্যাপারে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯৭৮ সালে বন্যার পর থেকে কয়েক বছর ধরে খরা চলছে। গোঘাট থানায় খরা চলছে। বর্তমান বছরে বৃষ্টি না হওয়ার ফলে বহু জমি অনাবাদী রয়ে গেছে এবং তাও শুকিয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীকে অনুরোধ করছি কংসাবতী নদী আছে এখানে, সেখান থেকে জল এনে যে জমিগুলি শুকিয়ে গেছে সেই জমিগুলিতে জল দেওয়ার ব্যবস্থা করুন।

**শ্রীআবদুল মান্নান ঃ** স্যার, আমি এর আগে বহুবার স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, এমন কি তাঁর সংগে ব্যক্তিগতভাবে দেখা করে তাঁর হস্তক্ষেপের দাবী জানিয়েছি। কিন্তু ব্যর্থ হয়ে আবার এই হাউসে বলছি যে আরামবাগ মহকুমা হাসপাতাল সারা পশ্চিম বাংলায় যতগুলি হাসপাতাল ধুক ধুক করছে তার মধ্যে এই হাসপাতালটি অন্যতম। এখানে ২৮০টি বেড থাকলে ৬০০ রুগী ভর্তি করতে হয়। রুগী এবং কুকুর, বেড়াল এখানে একসঙ্গে থাকে। এখানকার এক্স-রে মেশিন অচল, এস. ডি. এম. ও বহুদিন থেকে নেই, চোখের ডাক্তার নেই, বেডের তুলনায় ডাক্তার কম। এখানে যখন ৩ গুন রুগী ভর্তি হয় তখন কি অবস্থা হয় ভাবুন। সেজন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে অবিলম্বে যেন এই হাসপাতালটি রক্ষণাবেক্ষণ করা হয় এবং স্বাস্থ্যের পরিবেশ যেন ফিরিয়ে আনা হয়। হাসপাতালের চারিদিকে দেয়াল দিয়ে যেন কুকুর, বেড়ালের হাত থেকে রোগীদের রক্ষা করা হয় এবং ঔষধপত্র যেন ঠিক মত সরবরাহ করা হয়। গ্রাম বাংলায় যারা থাকে তাদের যেন ঔষধপত্র ঠিক মত দেয়া হয় সেদিকে দৃষ্টি রাখা দরকার। আর একটা হচ্ছে এখানে যে নিম্ন মানের খাদ্য দেয়া হয় তার গন্ধে ধারেকাছে যাওয়া যায় না। যে কোন সুস্থ মানুষ খেয়ে অসুস্থ হয়ে পড়বে। সেজন্য অনুরোধ করছি নিম্ন মানের খাবার যেন সরবরাহ করা না হয়।

**শ্রীপ্রভঞ্জন মণ্ডল ঃ** স্যার, দেবপ্রসাদবাবু এবং ইমাজুদ্দিন সাহেব প্রাইমারী পুস্তক বণ্টনের সম্পর্কে যে তথ্য দিলেন তাতে আমার কাছে অন্য রকম তথ্য আছে। সরকার থেকে ঠিক হয়েছিল যে প্রাইমারী পুস্তকগুলি গ্রামাঞ্চলে বিলি করা হবে গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে। কিন্তু আমরা দেখলাম আমার এলাকায় যখন পঞ্চায়েত সদস্যদের দ্বারা বিলি করা হয় তখন প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষক যে হিসাব দিচ্ছেন সেটা ফ্যাবুলাস। অর্থাৎ যে ক্লাসে যত ছাত্র আছে তার চেয়ে বেশি তাঁরা দিয়েছেন। এই রকম একটা বিকৃত মানসিকতা নিয়ে তাঁরা শিক্ষা ব্যবস্থা চালাতে চান। অবশ্য সব শিক্ষক এর মধ্যে পড়েন না।

**শ্রীসুকুমার মণ্ডল ঃ** স্যার, আপনার মাধ্যমে জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার হাঁসখালি থানার অন্তর্গত বাংলাদেশ সীমান্ত পর্যন্ত সম্প্রসারিত বগুলা মোনাগঞ্জ রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তাটি মেরামতের অভাবে বাস চলাচল ও লোক চলাচল করতে পারছে না। তাই আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর কাছে আবেদন যে অবিলম্বে এই রাস্তাটি প্রসস্থ করার সংগে সঙ্গে উপযুক্তভাবে মেরামত করা হোক।

**শ্রীমসলেউদ্দিন আমেদ ঃ** অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলবো বিগত পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম দিনাজপুরে বংশীহারী থানায় কংগ্রেস কর্মীদের উপর

সি পি এম কর্মীরা নির্মমভাবে অত্যাচার করেছিল। এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিশ্বস্তসূত্রে জানতে পারলাম দৌলতপুর হাটে সি পি এম কর্মীরা আমাদের কংগ্রেস কর্মীদের উপর হামলা করবে। এটা জেনে আমি ও. সিকে খবরটা জানিয়ে দিই। হাটের দিন সি পি এম কর্মীরা এবং তাদের গুণ্ডাবাহিনী আমাদের কংগ্রেস কর্মীদের মিছিলের উপর হামলা চালিয়েছিল।

[2-50—3-00 p.m.]

**শ্রীশচীন্দ্র নাথ হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার খানাকুল থানার কলকাতার সাথে যোগাযোগ খুব ভাল নয়। স্যার, কলকাতার ধর্মতলা থেকে গড়েরঘাট এবং ধর্মতলা থেকে বন্দর পর্যন্ত এই দুটো রাস্তায় যাতে স্টেট বাস চালু হয় তারজন্য পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় জানাতে চাই। পাণ্ডুয়ায় যে রেল স্টেশন আছে সেই রেল স্টেশনের পাশে যে জায়গা আছে সেটা রেল পুলিশের এক্তিয়ারে। সেই জায়গাতে কতকগুলি সমাজ বিরোধী লোক আড্ডা নিয়েছে। তারা ওখানে চোলাই মদ বিক্রি করে, রেলের সব মালপত্র নিয়ে চোরাই কারবার করে এবং অন্যান্য সমাজ বিরোধী কাজ করতে তারা শুরু করেছে। রেল পুলিশ এই সমস্ত অবগত হয়েও কিছু করছে না। আর কংগ্রেসীরা বামফ্রন্টের রাজত্বে শান্তি শৃংখলা নেই বলে তার সুযোগ নিচ্ছে। গত ১২ই মার্চ সেখানে রেলের মাল চুরি কতকগুলি হকার ধরেছিল। রেল পুলিশরা সেই অপরাধীদের না ধরার জন্য যারা চোরাই মালগুলি ধরেছিল তাদের উপর সেই অপরাধী সমাজ বিরোধীরা হামলা করে। পরবর্তীকালে সেই হকাররা যখন সম্মিলিতভাবে আন্দোলন শুরু করে তখন সেই চোরাই মাল ধরা হয় এবং সমাজ বিরোধীদের ধরা হয়। কিন্তু রেল পুলিশ চোরাই মাল উদ্ধারের..................

( এই সময় বক্তা অধ্যক্ষ মহাশয়ের নির্দেশে বক্তব্য অসমাপ্ত রাখিতে বাধ্য হইলেন। )

**শ্রীজোখিলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে মালদহ জেলার কালিয়াচক থানায় হাড়িয়াগড়ে সি পি এম কর্তৃক কংগ্রেস কর্মীদের উপর অকথ্য অত্যাচার হয়েছে। প্রহ্লাদ ঝা, বিজয় ঝা এবং আরো অনেকের বাড়ীঘর লুঠপাট করা হয়েছে, আম গাছ কেটে দেওয়া হয়েছে এবং তারা বাড়ীঘর ছাড়তে বাধ্য হয়েছে ওখানে পুলিশ ক্যাম্প থাকা সত্ত্বেও। যারা দোষী ব্যক্তি, তারা যে কোন পার্টির হোক, তাদের শাস্তি বিধানের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেখানে যাতে শান্তি ফিরে আসতে পারে এবং যে সমস্ত লোক ঘরছাড়া হয়েছে তারা যাতে তাদের ঘরে ফিরে আসতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা করা হোক।

**শ্রীযামিনী ভূষণ সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি এবং ক্যাণ্টনমেণ্ট বোর্ড

এলাকায় গত এক বছর ধরে ৬টা থেকে ১০টা পর্যন্ত লোড শেডিং থাকে। এটা শিল্পাঞ্চল, এখানে লোড শেডিং থাকা উচিত নয় এবং এস ই বি এলাকা হলেও বিভিন্নভাবে অফিসাররা ঐ বিদ্যুত চুরি করছেন যার জন্য, এই অঞ্চলটুকু চারিদিকে বিদ্যুত থাকা সত্বেও গত এক বছর ধরে ৬টা থেকে ১০টা পর্যন্ত এই সময়ে বিদ্যুত পাচ্ছে না। আমি আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই ব্যাপারটা দেখেন এবং এর দ্রুত প্রতিকারের ব্যবস্থা করেন।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়টা উল্লেখ করতে চাই ইতিমধ্যে কলিং এ্যাটেনসান হিসাবে আপনি সেটা এ্যাডমিট করছেন, তবুও অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আবার আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার দুটো বড় বড় হাসপাতালে এক অংশ জুনিয়র ডাক্তার, হাউস স্টাফ এবং ইণ্টারনিয়া যে কর্ম বিরতি চালিয়ে যাচ্ছে তাতে রোগীদের স্বাস্থ্য প্রচণ্ডভাবে বিপন্ন হচ্ছে। তাদের অভিযোগ যাই থাক রোগীদের স্বাস্থ্য নিয়ে ছিনিমিনি করা কোনমতেই বাঞ্ছনীয় নয়। বিষয়টা অত্যন্ত জরুরী এবং শুধু কলকাতার দুটো হাসপাতাল নয় বিভিন্ন জায়গায় এই সমস্যা দেখা যাচ্ছে। এই সম্পর্কে নিশ্চয়ই মন্ত্রী মহাশয় প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন আশা করছি।

**শ্রীহবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং মন্ত্রীসভাও জানেন যে মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২ নং ব্লকে পদ্মার ভাংগনের জন্য হাজার হাজার পরিবার সর্বস্বান্ত হয়ে রাস্তায় বাস করছে। বিগত কংগ্রেস সরকার পদ্মার ভাংগন রোধ করবার পরিকল্পনা হাতে নিয়েছিলেন, ফলে পদ্মার ভাংগন কিছুটা সংযত হয়েছিল এবং তখন এই পদ্মার ভাংগনের জন্য উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের পরিকল্পনাও কংগ্রেস সরকার নিয়েছিলেন এবং ৬ শতাধিক পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে। বর্তমানে বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসার পরে সেখানকার ভাংগন প্রতিরোধের কোন পরিকল্পনা করেননি, এমনকি কংগ্রেস সরকার ভাংগন প্রতিরোধের যে ব্যবস্থা করেছিলেন তার সংস্কারের কোন ব্যবস্থা এই সরকার করেননি।

এর ফলে পুনরায় সেখানে ভাংগন দেখা দিয়েছে। এছাড়াও বিভিন্ন গ্রামে ভাংগন চলছে এবং তার ফলে শত শত পরিবার গৃহহারা হয়ে গেছে। কাজেই আমি অনুরোধ জানাচ্ছি এই ভাংগনের ফলে যে সমস্ত মানুষ গৃহহারা হয়েছে, বিশেষ করে বীথিপুর এবং তার আশেপাশের মানুষ যারা গৃহহারা হয়েছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করুন।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর শহরের গোয়ারী বড়বাজার বলে একটা বিরাট বাজার রয়েছে এবং এটা হচ্ছে জেলার একটা প্রধান ব্যবসাকেন্দ্র। এই বাজারের বহু সংখ্যক মালিক নিজেদের মধ্যে গোলমাল সৃষ্টি করার ফলে আজ দীর্ঘদিন ধরে এই বাজারটি অবহেলিত অবস্থায় পড়ে রয়েছে। এই এলাকার বিপুল সংখ্যক বসবাসকারী মানুষ ( শহর এবং গ্রামের ) এই বাজার ব্যবহার করতে গিয়ে দারুন অসুবিধা এবং বিপদের সম্মুখীন হচ্ছে। অবস্থা যা হয়েছে তাতে যে কোন সময় একটা বিপদ ঘটতে পারে। এই বাজারের ক্রেতা, বিক্রেতা এবং স্থানীয় ব্যবসায়ীরা কয়েকমাস আগে পৌর

মন্ত্রীর কাছে একটি স্মারক লিপি দিয়ে আবেদন করেছেন এই বাজারটি সরকার নিজের হাতে নিয়ে ওখানে একটি দ্বিতল বাজার তৈরী করুন। আমি এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশীষ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সড়ক এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুতি থানার উপর দিয়ে যে জাতীয় সড়ক গেছে তার উপর দিয়ে সমস্ত স্টেট বাস নর্থ বেঙ্গল থেকে কোলকাতায় আসে এবং এটাই হচ্ছে একমাত্র রাস্তা। এখানে স্টেট ছাড়া লোকাল বাস-ও চলে। ঔরাঙ্গাবাদ বাজার হচ্ছে জনাকীর্ণ বাজার এবং এটি বিড়ি শিল্পের জন্য বিখ্যাত। এখানে জংগীপুর এবং তার আশেপাশের প্রচুর লোক আসে, কিন্তু সাজুর মোড় এবং চাঁদের মোড় বাস স্ট্যাণ্ডে কোন সেড না থাকার ফলে রোদ এবং বৃষ্টিতে মানুষ দারুণ কষ্ট পাচ্ছে। কাজেই আমি অনুরোধ করছি ওখানে দুটি সেড তৈরীর ব্যবস্থা করুন।

**শ্রীমানস ভুঁইয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি কারণ এর উপর নির্ভর করছে একটি ছাত্রের জীবন এবং ভবিষ্যত। রবীন্দ্রনাথ মুর্মু নামে একটি আদিবাসী ছেলে বেলদা কলেজে ভর্তি হতে এসেছিল ৬.৯.৮৩ তারিখে। কলেজে ভর্তি হবার শেষ তারিখ ছিল ২.৯.৮৩। আদিবাসী অধ্যুষিত এলাকায় এই কলেজটি অবস্থিত। এই ছেলেটি ৬.৯.৮৩ তারিখ যখন ভর্তি হতে এল তখন প্রিন্সিপাল তাকে ভর্তি করতে রাজী হননি। তখন ওখানকার ছাত্র পরিষদের সভাপতি চঞ্চল দাস আরও কয়েকটি ছাত্রকে সঙ্গে নিয়ে রবীন্দ্রনাথ মুর্মু যাতে ভর্তি হতে পারে তার জন্য প্রিন্সিপ্যালের ঘরের সামনে অবস্থান করেন।

[ 3-00—3-00 p. m. (including adjournment) ]

এই একমাত্র অজুহাতে আমাদের ছাত্র পরিষদের সভাপতি শ্রীদাসকে অধ্যক্ষ সাত দিনের জন্য সাসপেণ্ড করেছে without any show-cause. স্যার, কলেজ কাউন্সিলে অধ্যাপকরা প্রিন্সিপ্যালকে অনুরোধ করা সত্ত্বেও প্রিন্সিপ্যাল শুনেননি। ........ ......

**মিঃ স্পীকার :** মিঃ ভুঁইয়া আপনি বসুন। নাউ মিঃ নিহার বসু আপনি বলুন।

**শ্রীনিহার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জগদ্দল থানায় অবস্থিত ভাটপাড়া স্টেট হাসপাতালটিতে ঐখানের শহরাঞ্চলের এবং সংলগ্ন গ্রামাঞ্চলের হাজার হাজার লোক চিকিৎসার সুযোগ পায়। ঐ হাসপাতাল বাড়ীটি দীর্ঘ দিন হোল কোন সংস্কার না করার জন্য বর্ষার সময় সমস্ত হাসপাতাল ঘরের মধ্যে জল ঢুকে যায়। দ্বিতীয় হচ্ছে ঐ হাসপাতালের প্রাচীরটি ভেঙে রয়েছে। ফলে সমাজবিরোধীরা হাসপাতাল কম্পাউণ্ডে অবাধে বিচরণ করে বেরাচ্ছে, তাদের হাসপাতালটি বেশ একটি বিচরণ ক্ষেত্রে পরিণত হয়েছে। কর্তৃপক্ষকে বার বার জানানো হয়েছে এবং সরকারের কাছেও জানানো হয়েছে। কিন্তু কোন ফল হয়নি। ঐ হাসপাতাল বাড়ীটি অতি সত্বর সংস্কার করার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসরল দেব :** স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি নিশ্চয় জানেন যে চট এবং সুতী শিল্পে ত্রিপাক্ষিক চুক্তির মেয়াদ

দীর্ঘদিন হোল উত্তীর্ণ হয়েছে। চট শিল্পে যে ত্রিপাক্ষিক চুক্তি ছিল এবং তাতে মাননীয় শ্রমমন্ত্রী গ্রেড এবং স্কেল সম্বন্ধে যে রায় দিয়েছিলেন মালিকরা তা মানছে না এবং সুতি শিল্পে ভট্টা চার্য কমিটি যে রিপোর্ট দিয়েছেতাও মালিকরা মানছে না। আমি আপনার মারফত মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন অবিলম্বে মালিকদের বিরুদ্ধে প্রসিকিউসনের ব্যবস্থা করেন।

**শ্রীসুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে তুলে ধরছি। নাকাশীপাড়া থানার অন্তর্গত চেঙ্গা গ্রামে গত ১৪.৮.৮৩ তারিখে বেলা সাড়ে এগারটার সময় দুজন কৃষক নাম মেহের আলি সেখ, সবদন আলি সেখ মাঠ থেকে কাজ করে বাড়ী আসার সময় কিছু দুস্কৃতকারী এদের নৃশংসভাবে হত্যা করে এবং তার মাথা কেটে নিয়ে পালিয়ে যাবার সময় তার মা পা জড়িয়ে ধরে। তখন তারা পালিয়ে যায়। এরা সবই ঐ বিড়ালতপস্যী কংগ্রেসী গুণ্ডা। এদের জরুরী গ্রেপ্তার করার ব্যবস্থা করা হোক—এই আমার বিশেষ আবেদন।

### Presentation of the First Report of the Committee on Public Accounts, 1982-83

**Shri Abdus Sattar :** Sir, I beg to present the First Report of the Committee on Public Accounts, 1982-83, on the Appropriation Accounts, Finance Accounts and Reports of the Comptroller and Auditor General of India for the years 1974-75, 1975-76 and 1977-78 (Civi ) relating to the Tourism Department.

### Government Business

### Laying of Reports

### Audit Reports of the West Bengal Financial Corporation for the years 1973 74, 1974-75, 1975-76, 1976-77 and 1978-79

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission, I beg to lay the Audit Reports on the West Bengal Financial Corporation for the years 1973-74 1974-75, 1975-76, 1976-77 and 1978-79.

(At this stage the House was adjourned till 3-30 p.m.)

[3-30—3-40 p.m.]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব অর্ডার, আজকে যে বুলেটিন পার্ট টু দেওয়া হয়েছে, তাতে আমি যে কলিং এ্যাটেনশন নোটিশ দিয়েছিলাম ১৪ তারিখ, আমি হোম পুলিশ মিনিষ্টারের কাছে কলিং এ্যাটেনশনটা রেখেছিলাম এগেনস্ট পুলিশ এ্যাট্রসিটিজ। কিন্তু বুলেটিন পার্ট টুতে লেখা আছে Minister-in-charge, Home (Transport) Department to make a statement on Friday, the 23rd September, 1983, on the subject of alleged attack by police and CPI(M) cadres on SUCI workers and other people involved in bus fare rise resistance movement. হোম ট্রান্সপোর্ট মিনিষ্টার এর উপর ষ্টেটমেণ্ট করবেন, এটা খুব ফানি থিং।

**মিঃ স্পকার ঃ** আমি হোম পার্লামেণ্টারী এ্যাফেয়ার্স মিনিষ্টারকে বলেছি, হোম ট্রান্সপোর্ট মিনিষ্টার ২২ তারিখে উত্তর দেবেন।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হোম পুলিশ মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করে কলিং এ্যাটনশনটা রেখেছিলাম এগেনস্ট পুলিস এ্যাট্রসিটিজ, এটাই তো কনভেনশন। কারণ পুলিশ মিনিষ্টার ইজ কনসার্নড।

**মিঃ স্পীকার ঃ** চীফ মিনিষ্টার থাকতে পারবেন না বলে ট্রান্সপোর্ট মিনিষ্টার উত্তর দেবেন। I told him to make the statement. You wanted a statement from the government, and the government will make it.

**শ্রীবিভূতি ভূষণ দে ঃ** মাননীয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য ডাঃ ভুঁইয়া এখানে যা উল্লেখ করেছেন মেদিনীপুর জেলার বেলদা কলেজের ঘটনা সম্পর্কে, সেটি অসত্য। আসল কথা হলো, ঐ কলেজের ছাত্র পরিষদের নেতা চঞ্চল দাস একটি আদিবাসী ছেলে রবীন্দ্রনাথ মুর্মুকে ভর্তি করতে নিয়ে যায়, এই ঘটনা সত্য। কিন্তু তার পরের ঘটনা হচ্ছে, ঐ ছাত্র পরিষদের নেতা চঞ্চল দাস ঐ কলেজের অধ্যক্ষের সই জাল করে ব্যাক ডেট দিয়ে ঐ ছাত্রকে ভর্তি করতে নিয়ে গিয়েছিল এবং সেই সই জাল করা ফর্মটি এখনও কলেজের অধ্যক্ষের কাছে আছে। কলেজের যারা নন-টিচিং ষ্টাফ, যারা ছাত্র ভর্তি করেন, তাদের মধ্যে কংগ্রেস আই-এর সমর্থকও কিছু আছেন, তারা চঞ্চল দাসকে বলেন, এই তুমি এই সই করা ফর্ম কোথা থেকে পেলে, অধ্যক্ষের সই এই রকম নয়। আমি নিজে ঐ সময়ে ঐ কলেজে উপস্থিত ছিলাম, কারণ ঐ কলেজের আমি একজন অধ্যাপক। ছাত্র পরিষদ এই ভাবে জাল জোচ্চুরি করে ওদের কাছে আসছেন, আর উনারা এখানে এসে ওদের পক্ষ অবলম্বন করে গলা ফাটাচ্ছেন।

## No Confidence Motion

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নো-কনফিডেন্স মোসানের বিতর্কে অংশ গ্রহন করতে গিয়ে আজ প্রথমেই আমার একটি কথা মনে পড়ছে যে, পশ্চিম বাংলার ভাগ্যাকাশে কত আর দুদিন থাকতে পারে—যে অর্থমন্ত্রীর জ্বালায় আমরা জর্জরিত হয়েছিলাম ৫ বছর ধরে, তিনি আবার এসেছেন এবং তিনি পশ্চিম বাংলার ভাগ্যাকাশে একটি ধূমকেতু ছাড়া আর কিছুই নন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিরোধী দলে আছি বলে সরকার পক্ষ এত চীৎকার করছেন এবং তারা ভাবছেন আমরা বোধ হয় খুব একটা ভুল করে ফেলেছি। কিন্তু আমি আপনার কাছে কয়েকটি প্রশ্ন রাখতে চাই—এই পথে ছাড়া পশ্চিম বাংলার মানুষের কাছে পৌঁছে দেবার আর কোন উপায় নেই। স্যার, এটাই হচ্ছে সব চেয়ে শ্রেষ্ঠ সময় যে, পশ্চিম বাংলার মানুষের কাছে এই কথা এখনই পৌঁছে দিতে হবে যে এই সরকার অপদার্থ সরকার, ব্যর্থ সরকার এবং এই সরকারের মাধ্যমে পশ্চিম বাংলার মানুষের কোন উন্নতি হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিম বাংলায় কত লোকের গাড়ী চুরি হয়ে গেছে। কিন্তু মুখ্যমন্ত্রীর ছেলের যেদিন গাড়ী চুরি গেল সেদিন তিনি মস্কো থেকে ফিরে এলেন, অথচ আজ পর্যন্ত সেই গাড়ী উদ্ধার হল না। মুখ্যমন্ত্রীর ছেলের

যেই গাড়ী চুরি হয়ে গেল অমনি ১ ডজন পুলিশ দৌড়াল এবং চারিদিকে খুঁজল, কিন্তু গাড়ীর সন্ধান মিলল না। এই যদি অবস্থা হয় তাহলে আজকে কয়েকশত কোটি টাকা খরচ করে বিরাট পুলিশ বাহিনী লালবাজার, অন্যান্য সব জায়গায় রেখে দিয়ে লাভ কি ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কত লোকের কত কি অসুবিধা হয়, কত লোক খুন হয়ে যায়, কিন্তু একটা জায়গাতেও পুলিশ অফিসার যায় না। আর মুখ্য মন্ত্রীর ছেলে বলে তার জন্য আই. এ. এস., আই. পি. এস. অফিসাররা চারিদিকময় দৌড়াচ্ছে, তাদের রাতের ঘুম নেই। যদি সত্য বাপুলীর ছেলে হত, আপনার পুত্র হত তাহলে যেত ? কত লোক খুন হয়ে গেল, পুলিশ যায়নি, মুখ্যমন্ত্রীর সন্তান বলে পুলিশ যায়। এর চেয়ে দুর্ভাগ্য পশ্চিমবাংলার আর কি হতে পারে ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর সন্তান বেঙ্গল ল্যাম্পে চাকুরী করতেন, তাও আবার সিদ্ধার্থ শঙ্কর রায়ের অনুগ্রহে চাকরি পেয়েছিলেন। চাকরি পাবার পরে ৯০০ টাকা মাইনে পেতেন। এই ৯০০ টাকা মাইনের চাকরি করে নিশ্চয় বিস্কুট কারখানা তৈরী করতে পারতেন না, যদি না তিনি মুখ্যমন্ত্রীর সন্তান হতেন। * * না হয়ে যদি চন্দন বাপুলী হত তাহলে কি হত ? এই কারখানা কখনই করতে পারত না।

**মিঃ স্পীকার ঃ** চন্দন বোসের নামটা এক্সপাঞ্জ হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** কেন সম্ভব হয়েছে ? মুখ্যমন্ত্রীর সন্তান বলেই সম্ভব হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর সন্তানের নাম বললেই এক্সপাঞ্জ করবেন, তাই আমি আর নাম বলছি না। মুখ্যমন্ত্রীর সন্তান বলে এ. পি. জি.-র এ্যাডভাইসার হওয়া যায়। প্রলেতারিয়েত ক্লাস সর্বহারার নেতা জ্যোতি বসু এখন শিল্পপতির পিতা হয়েছেন। তিনি হাউসে অনেকবার বলেছেন পুত্রের সঙ্গে তার সম্পর্ক নেই। কিন্তু তিনি যখন অসুস্থ হয়ে পড়লেন তখন তার পুত্রের বাড়ী কুইন্স ম্যানসনে গিয়ে উঠলেন। তিনি হাউসে অসত্য কথা বলেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষ খুন হয়ে যাচ্ছে, গৃহ বধূ আত্মহত্যা করছে, দিনের পর দিন পশ্চিমবাংলার লোক অনাহার, অর্ধাহারে থেকে গ্রাম ছেড়ে কলকাতার ফুটপাথে এসে দাঁড়াচ্ছে, তখনও কি আমরা এই বিধান সভার চত্বরে দাঁড়িয়ে বলতে পারব না এই বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা উচিত ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মানুষের জীবনের মূল্য নেই। দিনে ৫/৭ জন মানুষ খুন হচ্ছে, মানুষের কোন মূল্য নেই। কাজেই এই অবস্থায় দাঁড়িয়ে আমরা বিধানসভায় যদি নো-কনফিডেন্স মোসান না আনি তাহলে এই অপদার্থ সরকারের বিরুদ্ধে আর কখন আনব।

[3-40—3-50 p.m.]

চালের দাম ৫ টাকা হয়ে গিয়েছে। সরষের তেলের কিলো যখন ১২ টাকা হয়েছিল তখন এরা চীৎকার করেছিলেন কিন্তু আজকে সেই সরষের তেল ১৬ টাকা, চাল ৫ টাকা কিলো হয়েছে কিন্তু তারা চীৎকার করছেন না। বামফ্রন্ট সরকার পশ্চিম বাংলার জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা তারা পালন করতে পারেননি। এই যেখানে অবস্থা সেখানে আনবো না আমরা নো-কনফিডেন্স ?

Note :—* Expunged as ordered by the Chair.

আজকে ইউনিভার্সিটি থেকে আরম্ভ করে কলেজ পর্যন্ত সমস্ত জায়গায় পড়ার নামে দলবাজি চলছে, গুণ্ডামি চলছে, হত্যা চলছে, অত্যাচার চলছে। এই যেখানে অবস্থা সেখানে আনবো না আমরা অনাস্থা প্রস্তাব? তারপর আমরা দেখছি স্যার, মুখ্য মন্ত্রীর ভাগ্নে হলে তিনি একটি কনট্রাক্টর থেকে কোটিপতি হতে পারেন। যার কোন জ্ঞান নেই তিনি যদি মুখ্যমন্ত্রীর আত্মীয় হন তাহলে তাকে সল্ট লেকে স্টেডিয়াম করার জন্য কনসালটেণ্ট নিযুক্ত করা যায়। স্যার, আমরা যখন বিচার চেয়েছি তখন আপনি দেখেছেন প্রতিটি ক্ষেত্রে আমরা সুনির্দিষ্টভাবে করাপসানের চার্জ এনেছি। গ্যাস টার্বাইনের ব্যাপারে আপনি দেখেছেন কোটি কোটি টাকা চুরি হয়েছে, তছরূপ হয়েছে। কাজেই এই সময় আনবো না তো কোন সময় আমরা অনাস্থা প্রস্তাব আনবো? পশ্চিম বাংলার মানুষের মঙ্গলের জন্য পশ্চিমবাংলা বিধানসভার সদস্য হিসাবে আমরা তাই আজ উদাত্ত কণ্ঠে, দ্ব্যর্থহীন ভাষায় বলব, এই হচ্ছে উপযুক্ত সময় আঘাত হানার এবং সেইজন্যই আমরা এই নো-কনফিডেন্স মোশান এনেছি। আজকে পশ্চিমবাংলা আকাশে দুর্যোগের ঘনঘটা। সংস্কৃতির নামে কি হচ্ছে দেখুন। দু মন্ত্রী দুরকম কথা বলছেন। উষা উথুপ, তিনি নিশ্চয়ই ভাল গান গান কারণ মুখ্য মন্ত্রীর ভাল লেগেছে। তিনি যদি কুইনস ম্যানসনে না থাকতেন মুখ্যমন্ত্রীর ছেলের বাড়ীর কাছে তাহলে এই সার্টিফিকেট মুখ্যমন্ত্রী তাকে দিতেন না। আজকে এক মন্ত্রীর সঙ্গে আর এক মন্ত্রীর ঝগড়া। ফরোয়ার্ড ব্লকের, আর. এস. পি.'র মন্ত্রী এক রকম বলেন তো সি. পি. এম.-এর মন্ত্রী আর এক রকম বলেন। এরা মন্ত্রগুপ্তির শপথ নিয়েছেন এবং একসঙ্গে কাজ করার কথা বলেছেন অথচ আমরা দেখছি মন্ত্রীতে মন্ত্রীতে ঝগড়া লেগেই আছে। স্যার, আমরা তাই বলতে চাই, এরা পশ্চিমবাংলার মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন সেটা তারা পালন করেননি, তারা বিশ্বাসঘাতকতা করেছেন। স্যার, এই যেখানে অবস্থা সেখানে কি আমরা বলব না গ্রামে গঞ্জে সি. পি. এম.-এর অত্যাচারের কথা, পঞ্চায়েত দখলের কথা? স্যার, এই পঞ্চায়েত দখলের নামে সি. পি. এম. কি করছে সেটা আপনি জানেন। আমার এলাকার মধ্যে শংকরপুরের এক পঞ্চায়েত সদস্যকে হত্যা করার চেষ্টা করা হয়েছিল সেটা আপনি কাগজেই দেখেছেন। তাকে এক মাস আটক করে রেখে তার উপর অত্যাচার করা হয়েছিল। স্যার, পশ্চিমবাংলার আকাশে যখন দুর্যোগ চরমে তখন পশ্চিমবাংলার দায়িত্বশীল বিরোধীদল হিসাবে আমাদের কর্তব্য গণতন্ত্রের এই পবিত্র মন্দিরের মাধ্যমে জনসাধারণকে জানানো যে পশ্চিমবঙ্গের আকাশে কালো মেঘ দেখা দিয়েছে অতএব তোমরা সাবধান হও। সেই কালো মেঘ হচ্ছে জ্যোতিবাবুর সরকারের অপদার্থতা, কুশাসন এবং ব্যার্থতা। এই সরকার শিল্প থেকে আরম্ভ করে প্রশাসন সব জায়গাকে একেবারে শেষ করে দিচ্ছে। স্যার, যে দেশের মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিং-এ বসে সরকারী কর্মচারীদের গালাগালি দেয়, যে দেশের মুখ্যমন্ত্রী বিধানসভার সদস্যদের গালাগালি দেয় তার বিরুদ্ধে নো কনফিডেন্স আনবো না তো কার বিরুদ্ধে আনবো? স্যার, আজকে পশ্চিমবাংলার শিল্পেই শুধু অরাজকতা, অশান্তি নয়, বিদ্যুতের ক্ষেত্রেই অরাজকতা শুধু নয় সারা পশ্চিম বাংলার মানুষের মনেও অশান্তি ছায়া নেমে এসেছে। আজকে এমন একটা পরিস্থিতির সৃষ্টি করা হচ্ছে যে গ্রামাঞ্চলে সি. পি. এম.-এর বিরুদ্ধে কথা বলে কেউ বাঁচতে পারবেন না।

আজকে তাই স্যার, গণতন্ত্রের এই পবিত্র মন্দিরে দাঁড়িয়ে বলতে চাই যে, যে সরকার পশ্চিমবাংলার মানুষের স্বাধীনতা খর্ব করেছে, বাক স্বাধীনতা হরণ করেছে, বাঁচার অধিকার কেড়ে নিয়েছে সেই সরকারের বিরুদ্ধে আমরা অনাস্থা জানাচ্ছি। আমরা পশ্চিমবাংলার জনগণের ভালো চাই বলেই, তাদের উন্নতি চাই বলেই আজকে বলতে চাই এই সরকারের একদিনও থাকা উচিত নয়। এই বলে অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্য বাপুলী মহাশয় এখানে অংগ ভংগিমা করে যে ভাবে বক্তব্য রাখলেন তাতে ওনার বোধ হয় সুবিধা হত এটাকে কৌতুক মঞ্চ হিসাবে ব্যবহার না করে এসপ্লানেড ইষ্ট বা ডালহাউসি স্কোয়ারের কোন জায়গায় করলে। কারণ হাস্য-কৌতুক যারা করেন, প্রখ্যাত শিল্পী যারা ছিলেন, ভানু বন্দ্যো-পাধ্যায়, নবদ্বীপ হালদার, তারা সকলেই প্রয়াত হয়েছেন, সেই রকম জায়গায় তিনি যাবার চেষ্টা করতে পারতেন। ওনার অসত্য, কুৎসিত ভাষণের কোন জবাব, কোন ইংগীত আমি করতে চাই না। মূল প্রস্তাব উপস্থিত করতে গিয়ে সাত্তার সাহেব যে সমস্ত তথ্য এবং যে বক্তব্য রেখেছেন, আমি চেষ্টা করবো আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে তার কিছু জবাব দিতে। কারণ আমাদের ক্ষমতা সীমিত, আমাদের অধিকার সীমাবদ্ধ, আমাদের যোগ্যতা সীমাবদ্ধ। তা সত্ত্বেও আমরা যা করেছি পশ্চিমবাংলার ৫।। কোটি মানুষ তা জানেন এবং ওনারাও জানেন। আর কি করেছেন গত ৫ বছরে তার একটা চিত্র আমি উপস্থিত করার চেষ্টা করছি। সবভারতীয় ক্ষেত্রে কি ষ্টীল উৎপাদনের ক্ষেত্রে, কি খাদ্য উৎপাদনের প্রশ্নে, কি বৈদেশিক ঋণের প্রশ্নে অবিশ্বাস জনক ভয়ঙ্কর বিপর্যয় জনক অবস্থার মধ্যে এসেছে। শুধু দিল্লী শাসনকে নয়, গোটা ভারতবর্ষকে এরা নিমতলার মহাশ্মশানের কাছাকাছি উপস্থিত করেছে। গত ২৫ তারিখে এই পালামেণ্টে উপস্থিত করা যে প্রতিবেদন, ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তঃবর্তীকালীন প্রতিবেদনের যে চিত্র রেখেছেন, সেই চিত্র উপস্থিত করলেই সেটা প্রতীয়মান হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ষষ্ঠ পরিকল্পনার প্রতিবেদন উপস্থিত করার কথা ছিল পালা-মেণ্ট ২। বছর পরে। কিন্তু যে কারণেই হোক ওদের এ্যাডমিনিষ্ট্রেশান বা প্লানিং কমিশন খুব তৎপর তাই মাত্র ১ বছর দেরী করে সেই প্রতিবেদন এবারে পালামেণ্টে আগষ্ট মাসের শেষ দিকে উপস্থিত করেছেন। তাতে সর্বভারতীয় চিত্র কি? কি ওরা বলেছেন? সবটাই আপনাদের সময়ের। সবটাই আপনাদের ব্যাপার, সবটাই ঐ দিল্লীর সর্বময়ী, সর্বকতৃত্বর অধিকারী জগদ্ধাত্রী জগৎজননী যার পদসেবা না করে, যাকে স্মরণ না করে আপনারা প্রাতঃরাশ পযন্ত করেন না, তার নেতৃত্ব আপনারা গোটা ভারতবর্ষকে, গোটা ভারতবর্ষের ৭০ কোটি মানুষকে কিভাবে কবরের দিকে নিয়ে যাচ্ছেন, সেই সম্পর্কে আমি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে খাদ্য উৎপাদনের ক্ষেত্রে ১৯৭৯-৮০ সালে ভারতবর্ষে একটু ভাল উৎপাদন হয়েছিল। সেই উৎপাদন হচ্ছে ১২৭.৯ লক্ষ মেট্রিক টন এবং ১৯৮০-৮১ সালে সেই উৎপাদন বেড়ে দাঁড়িয়েছিল ১২৯.৬ লক্ষ মেট্রিক টন এবং ১৯৮১-৮২ সালে ১৩৩.৯ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ ৫.৩ পারসেণ্ট বেড়েছিল। ১৯৮২-৮৩ সালে সেই উৎপাদন কমে দাঁড়াল ১২৬.৮ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ ওরা হিসাব দিয়েছেন যে এত কমেছে—

শতকরা ৪'৭ ভাগ উৎপাদন গত কয়েক বছরে ভারতবর্ষের খাদ্য উৎপাদনের ক্ষেত্রে কমেছে। আর পশ্চিমবাংলার ক্ষেত্রে কি হয়েছে সেটা আমি উল্লেখ করতে চাই না, সেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন আলোচনায় অংশ নেবেন তার কাছ থেকে আপনারা শুনবেন। সর্বমোট উৎপাদন কতটা কমেছে ? ১১ লক্ষ মেট্রীক টন খাদ্য উৎপাদন ভারতবর্ষে ঐ কয়েক বছরে কমাতে সক্ষম হয়েছে। এটা সত্যিই আপনাদের কৃতিত্ব, সত্যি তারিফ করার ব্যাপার এবং এই যোগ্যতা না থাকলে পরে বামফ্রণ্ট সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিশ্চয়ই আনা যায় না।

[3-50—4-00 p.m.]

অথচ সে সময়ের মধ্যে জনসংখ্যা বেড়েছে ৭'২ ভাগ। অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে ভারতবর্ষ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে বলে যে আওয়াজ তোলা হয়েছিল, তার তো এই অবস্থা। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষের দিকে, ১৯৫৪-৫৫ সালে সারা ভারতবর্ষের সর্বত্র মৌসুমী বৃষ্টি পর্যাপ্ত হওয়ার জন্য ফসল ভাল হয়েছিল, আর তাই দেখে পণ্ডিত জহরলাল নেহেরু ঘোষণা করেছিলেন, 'সবুজ বিপ্লব সম্পূর্ণ হয়ে গেছে। অর্থাৎ তার মধ্যে দিয়ে ভারতবর্ষ খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হয়ে গেছিল ! আজ পণ্ডিত নেহেরু ওপর থেকে হাসছেন কিনা জানি না, তার স্বনামধন্যা কন্যার কৃতিত্ব দেখে ! তাঁর কন্যা আজকে খাদ্য শস্য উৎপাদনে ভারতবর্ষের মানুষকে কোথায় এনে দাঁড় করিয়েছেন ! মাননীয় স্পীকার স্যার, বর্তমানে আর একটা মজার ঘটনা ঘটছে এবং সেটা সারা ভারতবর্ষের প্রতিটি সাধারণ মানুষকে প্রতি মুহূর্তে বৃশ্চিকের মত দংশন করছে। সেটা হচ্ছে মূল্য বৃদ্ধি। আমি এ বিষয়ে আমাদের কথা বলছি না, ১৯৮৩ সালেই পার্লামেণ্ট যে প্রতিবেদন পেশ করা হয়েছে তাতে বলা হয়েছে, ১৯৮৩ সালের জানুয়ারী মাস থেকে মার্চ মাসের মধ্যে পাইকারীর ক্ষেত্রে মূল্য বৃদ্ধি ঘটেছে ২'৭ ভাগ। আর ১৯৮৩ সালের জানুয়ারী মাস থেকে আগষ্ট মাসের ২৫ তারিখ পর্যন্ত, অর্থাৎ যেদিন পার্লামেণ্টে প্রতিবেদন পেশ করা হয় সেদিন পর্যন্ত বেড়েছে শতকরা ৯.৯ ভাগ। অর্থাৎ কিনা এক বছরেও নয়, প্রায় ৮ মাসের মধ্যেই পাইকারী মূল্য বৃদ্ধি ঘটেছে প্রায় ১০ ভাগ। কেন্দ্রীয় সরকার স্বীকার করছেন পাইকারী মূল্যে এই সময়ের মধ্যে জিনিষ পত্রের দাম শতকরা ১০ ভাগ বেড়েছে। তাহলে এখন চিত্রটা কি দাঁড়াচ্ছে ? তাঁরা ঘোষণা করেছিলেন, ষষ্ঠ পরিকল্পনায় ৯১ হাজার ৭৫০ কোটি টাকা বিনিয়োগ করবেন। অথচ গত জানুয়ারী ফেব্রুয়ারী মাসে বলা হয়েছে, ইতিমধ্যেই ৭৯ হাজার ৮৮০ কোটি টাকা নাকি তাঁরা বিনিয়োগ করেছেন। কিভাবে মানুষকে বোকা বানান হচ্ছে। শতকরা ৮৩ ভাগ বিনিয়োগ হয়ে গেছে। তা আমি প্রশ্ন করি এই অর্থ দিয়ে কত সম্পদ সৃষ্টি করা হলো, গড়ে তোলা হ'ল ? সম্পদ সৃষ্টির জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ? এটাই হচ্ছে আজকে আমাদের বিচার্য বিষয়। এই যে শতকরা ১০ ভাগ মূল্য বৃদ্ধিঘটেছে এটা এবং গেল বারেরটা ধরে এই পরিকল্পনার শেষে দেখতে পাবো যে, মাত্র ৬২ ভাগ বিনিয়োগ করতে পেরেছেন গত ৪ বছরে, ১৮ ভাগ পারেননি এবং আর মাত্র এক বছর বাকি আছে। এক বছর পরে অবস্থাটা কি দাঁড়াবে ? ওঁরা খুব লাফাচ্ছেন, এশিয়াড্ করছেন, এটা করছেন, ওটা করছেন, দিল্লীর আকাশ বাতাস আলো

দিয়ে, ফোয়ারা দিয়ে ভরিয়ে দিচ্ছেন। সারা ভারতবর্ষের মানুষকে দেখাচ্ছেন, বিশ্বের মানুষকে দেখাচ্ছেন। নন-এল্যায়েণ্ড কনফারেন্স করছেন। সারা ভারতবর্ষকে নিংড়ে নিয়ে দিল্লীর মুখে রক্ত তুলছেন। ফল কি হচ্ছে? প্ল্যানিং কমিশন কি বলছে, সেটা একটু আমি বিরোধী পক্ষের বন্ধুদের স্মরণ করতে অনুরোধ করছি। তাঁদের নিশ্চয়ই জানা আছে, তাঁদের কাছে কাগজপত্র আছে, সেগুলি তাঁরা একটু দেখুন। বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে যে অর্থ ঋণ করা হচ্ছে তার এতদিন শুধু ইণ্টারেণ্ট দিতে হ'ত, এবারে আসল দিতে হবে। আগামী বছর থেকে মার্কিন দেবতারা যখন সুদ এবং আসল গুণে মিলিয়ে আদায় শুরু করবে তখন পঞ্চবার্ষিকী পরিকল্পনার পঞ্চত্ব প্রাপ্তি হবে। যাঁরা এত অসীম ক্ষমতা, এত অধিকার, এত একনায়কতন্ত্রী, এত স্বৈরতন্ত্রী ক্ষমতা দিয়েও প্রাধান্য রাখতে পারছেন না, অথচ তারাই এখানে অভিযোগ তুলছেন, বামফ্রণ্ট সরকার ব্যর্থ হয়েছে। হ্যাঁ, আমাদের সীমাবদ্ধ ক্ষমতা, তাইতো আমরা চাইছি কেন্দ্র রাজ্য সম্পর্ক পুনর্বিন্যাস করে আমাদের আরো ক্ষমতা দেওয়া হোক। আজকে কি অবস্থা? আমাদের রাজ্যে একটা খাল কাটা হবে, কি হবে না, একটা রাস্তা মেরামত করা হবে কিনা তা পর্যন্ত আমরা এখানে বসে ঠিক করতে পারছি না। আমাদের অফিসারদের দিল্লী গিয়ে অনুমোদন করিয়ে নিয়ে আসতে হয়। ৩০ বছর ধরে এই যে দাসখত লিখে রাখা হয়েছে, আমরা এর পরিবর্তন চাইব না? আমরা এর পরিবর্তন দাবী করব না?

তাই ওরা অত চিড়বিড় করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিবৃতির মধ্যে যেতে চাই না। আমরা ওদের সার্টিফিকেট নিয়ে চলতে চাই না, ডাঃ জয়নাল আবেদিন সাহেব, সাত্তার সাহেব, শ্রীসুনীতি চট্টরাজ যেদিন বামফ্রণ্ট সরকারকে সার্টিফিকেট দেবে সেদিন বুঝব আমাদের অপমৃত্যু ঘটছে। আপনাদের আস্থার উপর দাঁড়িয়ে, আপনাদের ভরসায় পশ্চিমবঙ্গ সরকার চলে না। পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার আপনাদের মত ইন্দিরা গান্ধীর আঁচলের তলায় তৈরী হয়নি। ইন্দিরা গান্ধীর ল্যাবরেটরীতে বামফ্রণ্ট সরকারের জন্ম নয়, ইন্দিরা গান্ধীর ছত্র ছায়াতলে জন্ম নয়। বামফ্রণ্ট কলে-কারখানায়, ক্ষেতে খামারে অসংখ্য সংগ্রাম, অসংখ্য আত্ম ত্যাগ, অসংখ্য দুঃখবরণ, অসংখ্য মৃত্যু বরণের মত বহু গৌরবজনক কাহিনীর মধ্য দিয়ে গোটা ৩০ বছরে তিলে তিলে, পলে পলে এই বামফ্রণ্ট তৈরী হয়েছে, এই জ্যোতি বসুর সরকার তৈরী হয়েছে। তাই আপনাদের ইচ্ছা, অনিচ্ছার উপর সরকারের থাকা নির্ভর করে না। আপনারা সার্টিফিকেট দেবেন, সেই সার্টিফিকেট গলায় ঝুলিয়ে চলব সে বান্দা আমরা নই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সরাসরি এই অনাস্থা প্রস্তাবকে প্রত্যাখ্যান করছি এবং আমি এই কথা বলতে চাই যে, যে সকল দাবী এবং বক্তব্য নিয়ে বামফ্রণ্ট সরকারের পক্ষ থেকে বামপন্থী আন্দোলনের পক্ষ থেকে আজকে পশ্চিমবংগের বুকে আন্দোলন, সংগ্রাম সংগঠিত করা হচ্ছে, ওরা অবোধ, ওরা না বুঝতে পারে, আপনি জানেন সেই দাবী পশ্চিমবংগের মানুষের একার দাবী নয়, সেই দাবী আসমুদ্র হিমাচল, কণ্যাকুমারিকা বিস্তীর্ণ ভারত ভূভাগের ৩১০০ জাতি, উপজাতি ৫০০র বেশী ভাষাভাষী মানুষের দাবী, কেন্দ্র, রাজ্য সম্পর্কের কথা পুনর্বিন্যাসের দাবী। ন্যাশানাল ডেভালাপমেণ্ট কাউন্সিলের সভায় আমাদের মুখ্যমন্ত্রী যখন উত্থাপিত করেছিলেন, তখন মোরারজী দেশাই প্রধানমন্ত্রী ছিলেন, তখন আপনারা অনেকে দুই ভাগে বসছিলেন, তখন অনেকেই আমাদের কথা

খুব প্রত্যাখ্যান করতে পারেননি। আজকে সব ঝাঁকের কই ঝাঁকে ফিরে গেছেন, জায়গার মাল জায়গায় চলে গেছেন, সুতরাং আজকে চিড়বিড় করার আপনাদের কারণ আছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই আজকে পশ্চিমবঙ্গ সরকারের যে দাবী আমরা সোচ্চার করছি সেই দাবী জাত, পাত, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল মানুষের দাবী। ওরা ক্ষিপ্ত, ওরা হিংস্র, ওরা অনাস্থা এনেছে। পশ্চিমবঙ্গে তো আজকে এক সম্প্রদায়ের মানুষের ছুরির আঘাতে আর এক সম্প্রদায়ের বুকের রক্ত ফিনকি দিয়ে পড়ে বিহারশরীফ, আলীগড়, ফতেপুর প্রভৃতি জায়গায় সেই কাল পিচের রাস্তাটাকে জমাট করে করে দেয় না, তাই ওরা হিংস্র, ক্ষিপ্ত, কেননা পশ্চিমবঙ্গে তো এই ঘটনা ঘটছে না।

আজকে এখানে ঐ হরিজন বস্তি পুড়িয়ে ছারখার করা সম্ভব নয়। তাই ওরা হিংস্র হয়ে উঠেছে, এই অবস্থায় মজার খেল খেলবার চেষ্টা করছে, তাই মাঝে মাঝে রিহার্সাল দিচ্ছে। আমি এই কথা পরিষ্কার করে বলতে চাই যে, এর জবাব নিশ্চয়ই ভারতবর্ষের মানুষ দেবে। একা পশ্চিমবংগ নয়, যে গণতান্ত্রিক দাবী আমরা উপস্থিত করেছি সারা ভারতবর্ষের দৃষ্টি আকর্ষণের জন্য আগামী ২৮ তারিখে যে ধর্মঘটের আওয়াজ আমরা তুলেছি তারই মধ্যে দিয়ে আমরা তা প্রতিফলিত করব। সারা ভারতবর্ষ জানতে পারবে যে আজকে পশ্চিমবাংলার মানুষ যে আন্দোলন, সংগ্রাম রচনা করছে, সেই আন্দোলন, সেই সংগ্রাম শুধু বাঙালী জাতির নয়, শুধু পশ্চিমবংগের মানুষের জন্য নয়, সারা ভারতবর্ষের মুক্তিকামী মানুষ এই বাংলা দেশের দিকে তাকিয়ে আছে। আলোর দিশারী, আলোক স্তম্ভের মত পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের দৃষ্টি আকর্ষণ এই সরকারের, জ্যোতি বসুর নেতৃত্বে। তাই ওরা অনাস্থা এনেছে। ওরা যে অনাস্থা এনেছে সেটা আমাদের গৌরব এবং মর্যাদার ব্যাপার। আমি ওদের আনা এই প্রস্তাবকে সর্বান্তকরণে পরিত্যাগ করে আমার বক্তব্য শেষ করছি।

[ 4-00—4-10 P.M. ]

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ সুভাষবাবুর সুন্দর অভিনয় শুনছিলাম। তিনি গোটা ভারতবর্ষের নানা রকম কথা আপনার সামনে তুলে ধরলেন, কিন্তু তাঁর নিজস্ব দুগ্ধ দপ্তরের যে কি হাল করেছেন সেকথা তিনি একবারও বললেন না। স্যার, পশ্চিমবাংলা তথা কোলকাতার মানুষ ভাল করেই জানেন সুভাষ বাবুর নিজস্ব বিভাগের দুগ্ধ সরবরাহের অবস্থা কোন পর্যায়ে এসে পৌঁছেছে। সেই দুধের মধ্যে বর্তমানে যে নানা রকম পদার্থ পাওয়া যাচ্ছে সেটা কোলকাতার মানুষের কাছে অজানা নয়। কাজেই সুভাষবাবু যে বক্তৃতা এখানে রাখলেন তা পশ্চিমবাংলা তথা ভারতের মানুষ আদৌ বিশ্বাস করবে বলে মনে হয় না। এই কথা বলে আমাদের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে দু'চারটি কথা বলবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই বামফ্রন্ট সরকারের ৬ বছরের রাজত্বে আজকে পশ্চিম বাংলার আর্থিক অবস্থা এমন একটি পর্যায়ে এসে পৌঁছেছে যে তাকে দেউলিয়া বলা ছাড়া আর কিছুই বলা যায় না। গত পূর্ণাঙ্গ বাজেটে লক্ষ্য করেছি যে সেখানে ৬০ কোটি টাকা কর বসানো হয়েছে। আজ আবার দেখছি তার উপর আরও ৪০ কোটি টাকার মত করের বোঝা পশ্চিমবাংলার মানুষের উপর চাপিয়ে দিলেন।

আমি খুশী হোতাম যদি জানতাম যে আগেকার ৩০ কোটি এবং এখনকার ৪০ কোটি টাকা পশ্চিমবাংলার উন্নয়নের জন্য খরচ হচ্ছে বা হবে। কিন্তু আপনি জানেন স্যার, এই করের টাকা পশ্চিমবাংলার উন্নয়নের জন্য ব্যয়িত হচ্ছে না বা হবে না, যে সমস্ত ভাতা বা অনুদান ইত্যাদি এঁরা বৃদ্ধি করেছেন সেই সমস্ত কাজে এই টাকাটা খরচ হবে। কাজেই আপনি বুঝতেই পারছেন যে এই করের টাকা পশ্চিমবাংলার মানুষের উপর বোঝা স্বরূপই হবে—এর দ্বারা জনসাধারণের কোন উপকার হবে বলে মনে হয় না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে কয়েকটি পরিসংখ্যান দিতে চাই। আপনি জানেন এই সরকার কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার করে চলেছে। নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য আগামী ২৮শে সেপ্টেম্বর বাংলা বন্ধ ডেকে মানুষের মনকে ঘুরিয়ে দেবার চেষ্টা করছে। যত দোষ হচ্ছে কেন্দ্রের—এটাই মানুষকে বোঝাবার জন্য বনধ্ ডেকে নানাভাবে আজ ওঁরা প্রচার চালাচ্ছে। এটা আদৌ ঠিক নয়। কেন্দ্রের সাথে কোন কোন বিষয়ে এঁদের মতের অমিল হতেই পারে, ক্ষমতাও বেশী প্রয়োজন হতে পারে। কিন্তু তার জন্য কেন্দ্রের বিরুদ্ধে এই রকমভাবে জেহাদ ঘোষণা করে মানুষকে ভুল বোঝাবার মধ্যে ভারতবর্ষ তথা পশ্চিমবাংলার মানুষের স্বার্থ রক্ষিত হতে পারে না। তাছাড়া আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার বামফ্রন্ট সরকারের প্রতি কোন বিরূপ মনোভাব প্রকাশ করেনি, বরং অন্যান্য রাজ্যের তুলনায় আর্থিক সাহায্য এঁদের আমলে বেশীই দিয়েছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই ১৯৮২।৮৩ সালে গ্যাডগিল ফর্মুলা অনুযায়ী পশ্চিমবাংলার জন্য ৩৪৫ কোটি টাকা পরিকল্পনা খাতে বরাদ্দ হয়েছিল। এখানে অর্থমন্ত্রী মহাশয় থাকলে সুবিধা হোত। প্রয়োজনে তিনি শুধরে দেবেন। এবার যখন পশ্চিমবঙ্গের বরাদ্দ নিয়ে নতুন দিল্লীতে আলোচনা হোল, সেখানে আপনাদের পক্ষ থেকে বলা হোল যে আগের বছরের চেয়ে টাকা কম চাই।

এই বরাদ্দ ইন্দিরা গান্ধী পশ্চিমবাংলার মানুষের স্বার্থের দিকে নজর দিয়ে বাড়িয়ে দিয়েছিলেন। আপনাদের ১১৪ কোটি আরো বাড়িয়ে যোজনা খাতে ৪৯০ কোটি টাকা দিয়েছিল। যখন এটা কেন্দ্রীয় সরকার দিয়েছিল তখন কেন্দ্রকে ধন্যবাদ জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী। এই কথা আজকে আপনারা কনভিনিয়েন্টলি ভুলে গিয়েছেন। এই সব জিনিষ স্মরণ করিয়ে দেবার প্রয়োজন আছে। আপনাদের বলি ষষ্ঠ পরিকল্পনায় অর্থাৎ ১৯৮০-৮৫ সালের জন্য বরাদ্দ ছিল ৩ ০০ কোটি টাকা। এই টাকার মধ্যে আপনারা খরচ করতে পেরেছেন প্রথম চার বছরে ১৯১০ কোটি টাকা। তার মধ্যে ১১০০ কোটি টাকা কেন্দ্রের অনুদান। অর্থাৎ শতকরা ৬০ ভাগ কেন্দ্রের অনুদান হিসাবে এসেছে। আর মাত্র দেড় বছর বাকি, এই দেড় বছরের মধ্যে যোজনা খাতের বাকি টাকা এই রাজ্যের মন্ত্রীসভা খরচ করতে পারবেন কি? গত চার বছরে আপনারা মাত্র ১৯১০ কোটি টাকা খরচ করতে পেরেছেন। আপনাদের নিজেদের রাজ্যের পরিকল্পনার জন্য যে পরিমান টাকা রাজ্যের দেওয়া উচিত উন্নয়ন ও যোজনা খাতে তা আপনারা দিতে পারছেন না। আপনারা এই ৩-৪ বছরে শতকরা ১০/১৫ ভাগের বেশী টাকা দিতে পারছেন না। ফলে কেন্দ্রের সাহায্যের পরিমাণও কমে যাচ্ছে। এই অপদার্থতার সমস্ত দায়িত্ব আপনাদের উপর পড়বে। ইতিহাস আপনাদের ভুলে যাবে না, ইতিহাস অত্যন্ত নিষ্ঠুর। আপনারা পশ্চিমবাংলার অর্থনীতি দেউলিয়ায় পরিণত

করেছেন। পশ্চিমবাংলার সমস্ত উন্নয়নমূলক পরিকল্পনা আপনারা স্তব্ধ করে দিয়েছেন। ভারতবর্ষের মানুষ যখন ইতিহাস রচনা করবে পশ্চিমবাংলায় আপনাদের কথা তা থেকে বাদ যাবে না—এই কথা আপনারা ভুলে যাবেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭ লক্ষ কর্মচারীর মাইনে বাড়িয়ে এবং শিক্ষকদের মাইনে বাড়িয়ে গোটা পশ্চিমবাংলায় বিরাট কিছু করে ফেললেন এটা মনে করা ঠিক নয়। গরীবদের জন্য আপনারা কিছু করতে পেরেছেন? বহুবার আপনারা বলেছেন যে এটা গরীব দরদী সরকার, আপনারা গরীবদের অনেক উপকার করেছেন। বেতন কমিশনে আপনারা যাদের মাইনে ৭০০-৮০০-১০০০ টাকা তাদের ১১০০-১২০০-১৫০০ টাকা করেছেন। এই উপকার কি আপনারা গরীবদের জন্য করেছেন? বাজেট ছাড়া কোটি কোটি টাকা সাধারণ মানুষের কাছ থেকে তুলেছেন। সেই টাকা দিয়ে আপনারা কর্মচারীদের মাইনে দিচ্ছেন বা বিভিন্ন ভাতা দিচ্ছেন। এই সমস্ত কিছু তেলা মাথায় তেল দেওয়া ছাড়া আর কিছুই নয়। আপনারা শুধু সরকারী কর্মচারী, শিক্ষক এদেরই দেখছেন—এদের মাইনে বাড়াচ্ছেন। কিন্তু যারা খেটে খায়, যারা দিন আনে দিন খায়, যারা গরীব মানুষ, যারা মাসে ৫০ টাকার বেশী রোজগার করতে পারে না এই টাকা তাদের কি উপকারে এসেছে? এই জিনিষ চলতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় তাই আমি আশা করি আমাদের বিধানসভার যারা সদস্য আছেন তাঁরা এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করবেন।

আর একটা ব্যাপার আমি এখানে বলতে চাই। আপনারা সব সময় কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ করেন। কেন্দ্র নাকি ১৯৮০-৮৩ সালের মধ্যে একতরফা ভাবে জিনিষের দাম বাড়িয়ে ৬০০০ কোটি টাকা তুলেছে। অশোক মিত্র মহাশয় অভিযোগ করেছেন এটা কেন্দ্রীয় আবগারি শুল্ক হিসাবে বাড়ালে তার ৪০ ভাগ রাজ্যগুলি পেত। তার মানে ৬০০০ কোটি টাকার ৪০ ভাগ অর্থাৎ ২৪০০ কোটি টাকা রাজ্যগুলি পেত। কিন্তু এই ব্যাপারে আমি স্মরণ করিয়ে দিতে চাই কেন্দ্র রাজ্যগুলিকে ১৭৪৩ কোটি টাকা ওভার ড্রাফ্‌ট হিসাবে এবং ১৬৫০ কোটি টাকা পরিকল্পনা বহির্ভূত সাহায্য দিয়েছে। দুটো মিলিয়ে দাঁড়ায় ৩৩৯৩ কোটি টাকা। আপনাদের যে দাবি—আবগারি শুল্ক হিসাবে বাড়লে ২৪০০ কোটি টাকা পেতেন। কিন্তু আপনারা ২৪০০ কোটির জায়গায় পেলেন ৩৩৯৩ কোটি টাকা। এই পরিমান টাকা কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যগুলিকে বিশেষ করে পশ্চিমবাংলাকে দিয়েছেন। কেন্দ্র যে বৈষম্যমূলক আচরণ করছে না সেটা আমি ভাল করে স্মরণ করিয়ে দিতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার আর সময় নাই, আমি আর একটা আইন শৃঙ্খলার কেস এখানে বলে আমার বক্তব্য শেষ করবো। আজকে গ্রামে-গঞ্জে কি অবস্থা সেটা আমি বলতে চাই। ভগবানগোলার ২ নং ব্লকে ৮-১০ গ্রামে কংগ্রেস সমর্থকদের উপর অত্যাচার চলছে। গ্রামগুলি হলো পাহাড়, ছাতাই, বোয়ালিয়া এবং হরিরামপুর এই রকম ৮-১০টি গ্রামে আইন-শৃঙ্খলার অবস্থা খুব খারাপ। সেখানে সি.পি.এম.-এর লোকেরা গোলাম পাঞ্জাতনকে ২০ দিন গ্রাম ছাড়া করে রেখেছে এবং তার বাড়ি লুট করেছে। তার জন্য পুলিশ কিছু করছে না।

[4-10—4-20 p.m.]

তারপরে তিনি যখন বাড়ি ফিরে আসলেন, তখন তাঁর কাছ থেকে জোর করে লিখে নেওয়া হল—'তুমি আর কোনদিন কংগ্রেস করবে না।' এই অবস্থার মধ্যে আমরা আছি। সেজন্য আমি আশা করব, আমাদের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে, তাকে আপনারা সমর্থন জানাবেন।

**শ্রীরাম চ্যাটার্জী :** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে এদিককার এবং ওদিককার—সবার কাছে বলি, ওহে সাত্তার ভাই, ওহে সত্য ভাই, অনাস্থা অনাস্থা খেলা ছাড়া আর বুঝি কিছু নাই। এই খেলা খেলতে গিয়ে আপনারা আমাদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এখানে এনেছেন। আপনাদের অনেকদিন থেকেই আমাদের উপর আস্থা নেই, কোনদিন যে আস্থা ছিল তার প্রমাণও নেই, সেজন্যই এই অনাস্থা। আস্থা আছে কি নেই, কয়েকদিন আগেই তার ট্রায়াল হয়ে গিয়েছে। আস্থা নিয়েই আমরা এখানে এসেছি, তা জেনেই আমাদের উপরে আর আস্থা রাখতে পারছেন না। কিন্তু বুক ছুঁয়ে বলুন তো—আপনাদের সাত্তার সাহেব হঠাৎ ঋষি বংকিমের কলি বলে উঠলেন, শস্য শ্যামলা বঙ্গভূমি—ইতিহাস কি বলে? দীর্ঘ ৩৬ বছরের ইতিহাসে বঙ্গভূমিকে কি কখনও শস্য শ্যামলা করেছেন? দীর্ঘ ৩৬ বৎসরের ইতিহাস বলে, গোটা দেশটাকে ভেঙে চুরমার করে দিয়েছেন। দীর্ঘ ৩৬ বছরের ইতিহাস বলে, দেশের প্রাণ যে যুবশক্তি, তাকে শেষ থেকে নিঃশেষ করে দেওয়া হয়েছে। দীর্ঘ ৩৬ বছরের ইতিহাস কি বলতে পারে একটা ইণ্ডাস্ট্রীকে ডেভালাপ করা হয়েছে? দীর্ঘ ৩৬ বছরের ইতিহাসে তাই আমরা দেখতে পেয়েছি গোটা দেশ জুড়ে চোরাকারবারী, মজুতদার ও কালোবাজারে ছেয়ে গেছে। সেজন্যই তো অনাস্থা প্রস্তাব আনতে হবে। দেশে আইন শৃংখলা বলে কিছু নেই, সেইজন্যেই তো অনাস্থা প্রস্তাব আনতে হবে—কারণ, স্টেশনে স্টেশনে কালো মা আর কালো ছেলেকে হাত ধরে ভিক্ষা করতে দেখা যায় না। স্টেশনে স্টেশনে ভিক্ষাবেশে যেহেতু আর কাউকে দেখা যায় না, সেজন্যই তো এখানে অনাস্থা প্রস্তাব। অনাস্থা আসবে বৈকি। অনাস্থা আনতেই হবে। আমরা দেখেছি, চারিদিকে কান্না ছিল, কলকাতার রাজপথে, পাড়াগাঁয়ের লোকেরা না খেতে পেয়ে ফেন চেয়ে চেয়ে বেড়াতো। তাই জন্যই তো এখানে অনাস্থা। আমরা দেখেছি, গোটা দেশ জুড়ে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে হরিজনদের উপর অত্যাচার, তাদের পল্লীকে জ্বালিয়ে পুড়িয়ে উজাড় করে দেওয়া হয়েছে। এ ঘটনা পশ্চিমবাংলার বুকে হচ্ছে না, যে পশ্চিমবাংলা ভারতবাসীর কাছে দিশারী, সেখানে এ ঘটনা ঘটছে না। সেজন্যই তো আমরা আছি, আমরা থাকব। কিন্তু তা হবে না, অনাস্থা আনা হবে, এনেছেনও। কিন্তু এ ভাবে হয় না, আপনারা যে কাজ করেছিলেন, তার ফল আপনারা পেয়েছেন, এখনও তা ভুগছেন। আপনারা যদি মনে করেন আমরা অন্যায় করছি, আমরা আর থাকতে পারি না, তাহলে চলে যান জনগণের কাছে, তাঁরা রায় দিয়েছেন, সেই জন্যই তো আমরা আছি। আমাদের কাজে অন্যায় মনে হলে জনগণের কাছে গিয়ে বলুন, সোচ্চার হোন সেখানে গিয়ে, তাঁদের বোঝান। না করে এখানে বসে চেঁচামেচি করলে কিছুই হবে না। তাই জন্যই তো বলছি, ফল কি হবে তা আমরা পঞ্চায়েত নির্বাচনে দেখেছি, আপনারাও জানেন অবস্থা সেখানে কি। আপনারা মনে মনে সবই জানেন অবস্থা কি। সেই

রায়ের জোরেই তো আপনারা এখানে সংখ্যায় এত কম, আমরা বেশী। তাই আমাদের কণ্ঠ সোচ্চার, বলিষ্ঠ কণ্ঠ সেইজন্যই তো আমাদের দিকে। এ অবস্থা শুধুমাত্র পশ্চিম বাংলাতেই নয়, দেশের প্রায় সর্বত্র। আমরা দেখছি আপনাদের পাশে কারা বসে আছে। আপনাদেরই রাজত্বে দেশ টুকরো টুকরো হতে চলেছে, চারিদিকে বিচ্ছিন্নতাবাদের ধ্বনি প্রতিধ্বনিত হচ্ছে। বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে প্রথম সোচ্চার হই আমরাই। ভারতবর্ষ টুকরো হতে দেব না, একথা পশ্চিমবঙ্গে আমাদের পার্টিই উচ্চারণ করেছে। আপনারা ভুলে যেতে চাইছেন একথা যে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গণতন্ত্র মানে, আপনারা তা মানেন না। আপনাদের আমাদের তফাৎ এখানেই। সেজন্যই তো এই অনাস্থা প্রস্তাব। সে কারণেই তো গণতন্ত্রের কথা, এখানে এই অনাস্থা প্রস্তাবের কথা, আপনাদের মুখে শোভা পায় না। সেজন্যই তো একজন চন্দন বোস ব্যবসা করছে তাকে নিয়ে সমালোচনা করেন। কিন্তু এই ব্যবসা যদি অমুক আগরওয়ালা একজন করতেন, তখন কুলুপ এঁটে বসে থাকতেন। কারণ, তখন যে কিছু পয়সা হাতে আসতো, জ্যোতি বোসের ছেলে চন্দন বোসের বিস্কুটের কারখানা থেকে বাড়তি একটা পয়সা হাতে আসছে না। একজন বাঙালীর ছেলে বিস্কুটের কারখানা করে দাঁড়াবার চেষ্টা করছে, তা সহ্য হচ্ছে না—আসলে 'মাল' হাতে আসছে না—এ কথা তো দিবালোকের মত স্বচ্ছ। এই জন্যই তো চেঁচামেচি আর কোন ভাবে পারছেন না বলেই বোধহয় এখানে এই অনাস্থা প্রস্তাব এনেছেন।

**শ্রীআবদুল মান্নান:** মাননীয় স্পীকার স্যার, বিরোধীদলের নেতা আবদুল সাত্তার, ডাঃ জয়নাল আবেদিন এবং সুব্রত মুখার্জী যে সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। শুধু মেজোরিটির দিক থেকে সংখ্যা-গরিষ্ঠতা আছে আপনাদের কিছু নীতির দিক থেকে আপনাদের ক্ষমতায় থাকার প্রয়োজন নেই। কালকে থেকে আমার আগে পর্যন্ত যেসব আলোচনা হয়েছে এবং সরকার পক্ষ থেকে যে আড়াই ঘণ্টা আলোচনা করেছেন তাতে অত্যন্ত দুঃখের বিষয় যে বিরোধীপক্ষের থেকে যে সমস্ত বক্তব্য তুলে ধরা হয়েছে সেগুলির কোথাও আপনারা খণ্ডন করতে পারেননি। আমি নিজে ছাত্র আন্দোলন করতাম এবং এককালে শ্যামল চক্রবর্তী এবং সুভাষ চক্রবর্তীর বক্তৃতা শুনতাম। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে পারি যে শ্যামলবাবু যে বক্তৃতা করলেন তাতে যে কেন্দ্রের সমীক্ষার রিপোর্ট পড়ে গেলেন—যে পশ্চিমবঙ্গের কোথাও হরিজন হত্যা হয়নি। নিশ্চয়ই পশ্চিমবঙ্গে হরিজন হত্যা হয়নি। শ্যামলবাবু যদি তথ্য দিয়ে বুঝিয়ে দিতেন যে কংগ্রেসী আমলে এতগুলি কমিউন্যাল রায়ট হয়েছিল, পশ্চিমবঙ্গে এতজন হরিজন হত্যা হয়েছিল আর কমিউনিস্ট পার্টিতে থাকাকালীন পশ্চিমবঙ্গে কোন হরিজন হত্যা হয়নি, তাহলে বুঝতাম শ্যামলবাবু যুক্তির দিক থেকে ঠিক আছেন। সাহসিকতার দিক থেকে পশ্চিমবঙ্গের কমিউনিস্ট পার্টি কোন সাহসিকতার পরিচয় দিতে পারেননি। পশ্চিমবঙ্গের মানুষ সাম্প্রদায়িকতা, সম্প্রীতি রক্ষায় বদ্ধপরিকর, এইজন্য আজকে সাম্প্রদায়িকতার হানাহানি হয়নি। এতে আপনাদের কোন কৃতিত্ব নেই। মতীশবাবু বললেন আইন-শৃঙ্খলা ব্যবস্থা পশ্চিমবঙ্গে খুব ভালো। অথচ কিছুদিন আগে সংবাদপত্রে বিবৃতি দিয়েছিলেন বরানগর এবং আলম বাজারের কোথাও আইন-শৃঙ্খলার চিহ্ন দেখতে পাওয়া যাবে না। আলমবাজারের নারায়ণী

সিনেমা হল আজ দুমাসের উপর বন্ধ হয়ে রয়েছে। ওখানকার সমাজবিরোধীদের অত্যাচারে ওই হলটি বন্ধ হয়ে রয়েছে। ওই সমাজবিরোধীদের অত্যাচারে ওই হলটি বন্ধ হয়ে রয়েছে। ওই সমাজবিরোধীরা সি.পি.এম. দলের অন্তর্ভুক্ত এবং এই সমাজ-বিরোধীরা কিভাবে দৌরাত্ম চালাচ্ছে তা বলা যায় না। এই কথা যিনি বলেছেন মতীশ রায় মহাশয় সংবাদপত্রে এক কথা বলেন আর আরেক কথা হাউসে বলেন। ভক্তিবাবু সাত্তার সাহেবকে তথ্যহীন কথা বলেছেন বলে ব্যাখ্যা করলেন। আমি ভক্তিবাবুকে শ্রদ্ধা করতাম, তিনি একটু কটু কথা বলতেন বলে জানতাম এবং যারজন্য তার আসন আজকে মন্ত্রী থেকে এখানে হয়েছে। কিন্তু তিনিও দেখছি এক হয়ে গেছেন। তিনি একটু সি.পি.এম.-কে ডিফার করতেন। তিনি নিজের দলের মন্ত্রীর সঙ্গেও ডিফার করছেন। তাঁর দলের মন্ত্রী শ্রীকমল গুহের সঙ্গে ডিফার করছেন। শ্রীকমল গুহ একজন রাজ্যমন্ত্রী তিনি নিজে কুচবিহারের অগ্রগামী কিষাণ সভায় গিয়ে বলেছিলেন যে বামফ্রন্ট সরকার গত ৬ বছরে সুষ্ঠ পরিকল্পনা দায়িত্ব যদি করতো তাহলে কৃষিক্ষেত্রে অনেক উন্নতি করা যেত। অথচ তারপরেই ভক্তিবাবু বললেন তথ্যহীন কথা সমস্ত। কমলবাবু নিজে কৃষিক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়নি, সেচের ব্যাপারে কোন অগ্রাধিকার দেওয়া হয়নি। সেখানে তিনি নিজেদের দলের কথা ভুলে গেলেন। আপনারা সব সময়ে কেন্দ্রের বিরুদ্ধে কথা বলেছেন। অশোক মিত্র বড় বড় কথা বলে নিজে হিরো হতে চাইছেন কিন্তু উনি তা হতে পারবেন না। ১৯৮২-৮৩ সালের অনুমোদিত ব্যয় ৪৯০ কোটি টাকা। তাতে কেন্দ্রীয় সরকার দিয়েছে ৪১১ কোটি টাকা এবং রাজ্য সরকার দিয়েছে ৭৯ কোটি টাকা। এতেও কি বলবেন না যে ইন্দিরা গান্ধীর সাহায্যের হাত পড়েছে ? কেন্দ্রের বিরুদ্ধে যেসব কথা বললেন কিন্তু হিসাব মিলিয়ে দেখুন যে অন্যান্য রাজ্যের তুলনায় এখানে এখানে বেশী সাহায্য দিচ্ছেন। সেখানে ১৯৮০-৮১ সালে অনুদান খাতে ১০০ টাকা প্রতি ১৯.৭০ পয়সা মাথাপিছু কমানো হোল, ১৯৮১-৮২ সালে আরো কমিয়ে ১৮.২৪ পয়সা হোল এবং ১৯৮২-৮৩ সালে ১৪.৮৯ পয়সা কম হয়ে গেল। এতেই কি আপনারা সন্তুষ্ট হবেন না ?

[4-20—4-30 p.m.]

ইউ. পি., বিহার, উড়িষ্যা মহারাষ্ট্রের কথা বলেছেন। মহারাষ্ট্রে খরচ হয় ২৮.৫০ পয়সা, অন্ধ্রে, ২৫.২৭ পয়সা, বিহারে ২২.১০ পয়সা। অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে বললে ভালো হোত। নিজেদের ব্যর্থতা ঢাকতে চান বলে তা বলেন না। খাল কাটতে গেলে, হকার উচ্ছেদ করতে গেলে, হাসপাতাল ভালভাবে চালাতে গেলে, গ্রামাঞ্চলে খুন, ডাকাতি, রাহাজানি বন্ধ করতে গেলে কি কেন্দ্রীয় সরকারের পারমিশান লাগে ? কিংবা পরিবহন ব্যবস্থা ভালো করতে গেলে কি কেন্দ্রীয় সরকারের পারমিশান লাগে ? শুধু কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে দোষারোপ করা ছাড়া আর কিছু নেই। ৭।৮ দিন যে বিধানসভা চলছে তাতে প্রতিদিন এক একজন মন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আসছে। কংগ্রেস আমলে যখন সিদ্ধার্থ রায় মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি মন্ত্রীদের বিরুদ্ধে অভিযোগ শুনে ওয়াং চু কমিশন বসিয়েছিলেন। জ্যোতিবাবুর যদি সাহস থাকে তিনি এই রকম একটা কমিশন বসান। সেই কমিশনে গিয়ে আমরা

সাক্ষী দেবো। কোন কোন মন্ত্রী চুরি করেছেন সে কথা বলবো। কিন্তু আপনাদের সেরকম সাহস নেই। পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা সম্বন্ধে জ্যোতিবাবু অনেক কথা বললেন। মালদহের এম. এল. এ. এর উত্তর দেবেন। পশ্চিম বাংলায় আইন শৃঙ্খলা কোথায় আছে? বাঁকুড়ার সুদেব ঘটকের কথা বললেন। কিন্তু আমাদের বিধানসভার একজন সদস্য সুভাষ মাহাতো যিনি মৃত্যুর হাত থেকে বেঁচে এলেন তাঁর কথা মানবিকতার খাতিরে কেউ বললেন না। আপনারা জনগণের কথা বলেন যে জনগন আপনাদের পেছনে আছে। আজ আর নেই। আজ তাদের কথা আমরা শুনতে পাচ্ছি বলে তাদের কথা বলবার জন্য আজ এই অনাস্থা প্রস্তাব এসেছে।

**শ্রীঅনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের অনাস্থা প্রস্তাব আনা দেখে আমার ছোটবেলার একটা গল্প মনে পড়ে গেল। সেটা হচ্ছে—"বসবে বলে পিড়ি দিলাম, শুয়ে পড়েছে। আম কাটতে ছুরি দিলাম, নাক কেটেছে।" পার্লামেণ্টারী ডেমোক্রেসীতে নো কনফিডেন্স কোন সময়ে আনতে হয় সেটা ওরা জানে না। এরা শুধু সময়ের অপব্যবহার করছে। দেশের অবস্থা বিশ্লেষণ না করে তারা এই প্রস্তাব এনেছে। করের কথা বলা হয়েছে। পশ্চিমবাংলা ভারতের বাইরে নয়। কেন্দ্রীয় সরকার ক্রমবর্ধমান হারে কিভাবে করের বোঝা বাড়াচ্ছেন সেটা আমি আর. বি. আইয়ের ফিগার থেকে দেখাতে চাই। ১৯৪৭-৪৮ সালে কেন্দ্রীয় সরকার মোট কর আরোপ করেছিলেন ২০৬ কোটি টাকা, ১৯৫০-৫১ সালে বেড়ে হল ৪০৪ কোটি টাকা, ১৯৫৫-৫৬ সালে সেটা হল ৪৮৫ কোটি টাকা, ১৯৭৫ সালে হল ৭ হাজার ৬০৮ কোটি টাকা, এবং ১৯৮১-৮২ সালে হল ১৪ হাজার ৬৬৮ কোটি টাকা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা রিজার্ভ ব্যাংকের বুলেটিন, এই রিজার্ভ ব্যাঙ্কের বুলেটিনে এই তথ্য প্রকাশিত হয়েছে যে ২০৬ কোটি টাকা ১৯৪৭-৪৮ সালে কেন্দ্রীয় সরকার প্রথম কর আরোপ করেন ভারতবর্ষের ৪০ কোটি মানুষের উপর। আজকে সেই কেন্দ্রীয় সরকার ১৪ হাজার ৬৬৮ কোটি টাকা করের বোঝা বাড়িয়েছে। সেটা অতীশবাবু দেখতে পেলেন না, উনি রাজ্য সরকারের করের টাকা দেখতে পেলেন। স্যার, ওঁরা বলেছেন পার ক্যাপিটা ইনকাম, বেকারের কথা। বেকার শুধু পশ্চিমবংগে বেড়েছে তা নয় সাড়া ভারতবর্ষে বেকার বেড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একজন বিশিষ্ট অর্থনীতিবিদ ডঃ ভবতোষ দত্ত যে তথ্য দিয়েছেন সেটা উল্লেখ করছি। তিনি বলেছেন—"The national income appears to have increased by 4.5 per cent in 1981-82 after a larger increase of 7.7 per cent in 1980-81. The earlier increase, however, is calculated on the base of 1979-80, a year in which the national income had gone down by 4.4 per cent." যদি আমরা এটাকে হিসাব করে দেখি তাহলে দেখব ১৯৭৯-৮০ সালে ৪.৪ পার্সেণ্ট নিচে নেমে গিয়ে ১৯৮০-৮১ সালে ৭.৭ পার্সেণ্ট বেড়ে যাচ্ছে। কিন্তু ১৯৮১-৮২ সালে ৪.৫ পার্সেণ্ট হল অর্থাৎ ৩.২ পার্সেণ্ট নেমে গেল। তাহলে জাতীয় আয় বাড়ছে না কমছে? সুতরাং ওঁনারা জাতীয় আয়ের যে তথ্য দিয়েছেন সেটা আদৌ টেকে না। আমি আরো বলছি ১৯৭৬ সালে ওঁরা যখন শাসন করেছিলেন তখন এই পশ্চিমবংগের কি অবস্থা ছিল আর এখন কি অবস্থা দাঁড়িয়েছে সেটা যদি

আলোচনা করেন তাহলে বোঝা যাবে ওঁদের চেয়ে আমরা খুব খারাপ করছি কি না। যদি খুব খারাপ করে থাকি তাহলে নিশ্চয়ই ওঁরা নো-কনফিডেন্স আনতে পারেন। কিন্তু তার চেয়ে যদি ভাল অবস্থা দেখি এবং নানা দিক থেকে ভক্তিবাবু গতকাল বলেছেন কৃষিখাতে ওঁদের সময়ে ৭৫ লক্ষ টন এ্যাভারেজ প্রোডাকসান হয়েছে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মার্চ পর্যন্ত, আর বামফ্রন্টের রাজত্বে ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের মার্চ পর্যন্ত এভ্যারেজ পার ইয়ার প্রোডাকসান হয়েছে ৭৮ লক্ষ টন। সুতরাং কৃষিক্ষেত্রে আমরা দেখছি উৎপাদন বৃদ্ধি হয়েছে। স্যার ওরা বলছেন আজকে জিনিসের দাম এখানে নাকি বেড়েছে। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের বাইরে নয়, সেই ভারতবর্ষের প্রাইস ইনডেক্স দেখুন—১৯৮০-৮১ সালে কলকাতায় যেখানে ছিল ৫০০.৬, ইণ্ডিয়ায় সেখানে ৫৮১.৬, সর্বভারতীয় ক্ষেত্রে ৮১.৬ বেশী। ১৯৮১-৮২ সালে কলকাতায় ছিল ৫২২.৯, সেখানে ইণ্ডিয়ার হয়েছে ৬৩১.১। সুতরাং সর্বভারতীয় যে প্রাইস সেটা ইনক্রিজ করছে, কিন্তু পশ্চিমবঙ্গে সেই প্রাইস ইনক্রিজটা বন্ধ রয়েছে। সুতরাং স্বাভাবিকভাবে সর্বভারতীয় দ্রব্য মূল্যের চেয়ে পশ্চিমবঙ্গের দ্রব্য মূল্য অনেক কম আছে। স্যার, আজকে যদি পশ্চিম বঙ্গের সাথে অন্যান্য জায়গার তুলনা করা যায় তাহলে দেখতে পাওয়া যাবে লেবার আনরেস্ট, লক আউট, স্টুডেন্টস আনরেস্ট, কমিউন্যাল রায়ট ইত্যাদি ভারতবর্ষের অন্যান্য প্রদেশে বেড়েছে, পশ্চিমবঙ্গে সে তুলনায় কমেছে। এই বামফ্রন্ট সরকারের সময় ভারতের অন্যান্য রাজ্যে সেখানে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা হচ্ছে আজকে পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা নেই। রিট্রেঞ্চমেন্ট, লক আউট অন্যান্য রাজ্য থেকে এখানে কম। প্রোডাকসানের ক্ষেত্রে আমি তথ্য দিয়ে দেখাতে পারি পশ্চিমবঙ্গে বিগত কয়েক বছরে যেভাবে প্রোডাকসান বেড়েছে তার দু'একটা তথ্য আপনার মাধ্যমে এখানে উপস্থাপিত করছি। বিশেষ করে ওয়াগন, কোল প্রোডাকসান যেগুলি বলে পশ্চিমবঙ্গে সেই কয়লার উৎপাদন, ওয়াগন উৎপাদন কিভাবে এখানে বেড়েছে সেটা বলছি।

[4-30—4-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগুলি তারা বিশ্লেষণ করেননি। প্রোডাকসন ইন ওয়াগন ইণ্ডাস্ট্রী ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৮০/৮১ সালে ছিল ৮'২৯ ( ইনথাউজ্যাণ্ড ফোর হুইলার ইউনিট্স্ ) এবং সেটা বেড়ে ১৯৮১/৮২ সালে হয়েছে ১০'৯৯ ( ইন থাউজ্যাণ্ড ফোর হুইলার ইউনিট্স্ ) কয়লার উৎপাদনও দেখছি বেড়েছে। প্রোডাকসন অব কোল ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৮০ সালে ছিল ১৯'০৭ ইন মিলিয়ন টনস্ এবং সেটা বেড়ে ১৯৮১ সালে হল ২০'৯৭ ইন মিলিয়ন টনস্। তাহলে দেখা যাচ্ছে কয়লার উৎপাদন বাড়ছে, ওয়াগনের উৎপাদন বাড়ছে, কৃষি ক্ষেত্রে উৎপাদন বাড়ছে এবং আইন শৃঙ্খলার দিক থেকে সর্বভারতের তুলনায় আমাদের অবস্থা ভাল। দিল্লীতে যেভাবে খুন হচ্ছে তার হিসেব আমি দেব। তবে ইউ. পি.-তে দেখছি প্রতি ২ মিনিটে একটি করে অপরাধ হয়, প্রতি ১০ মিনিটে একটি রাহাজানি, প্রতি ১৫ মিনিটে একটি চুরি, প্রতি ৩০ মিনিটে একটি সশস্ত্র দাঙ্গা, প্রতি ৪৫ মিনিটে একটি খুন এবং প্রতিদিন ৩টি নারী নির্যাতন হচ্ছে। এই

অবস্থা সর্ব ভারতেই চলছে। এই কথা বলে আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধীতা করে বক্তব্য শেষ করছি।

**Dr Sisir Kumar Bose:** Mr. Speaker, Sir, in support of the motion before the House, I wish to refer to certain fundamental ideological considerations, which have become very relevant today—considerations which affect the relationship between the Union and the States and therefore, ultimately, the unity and, if I may say so, the unification of India. The Marxist Communist Party of India, which is a dominant party in the present government and their associates by their policies during the last few years and by declaration of self-inflicted bundh later this month, at a time, when we are managed and we are threatened by all kinds of defeatists, all kinds of separatists and dissident forces, both from inside and outside India, have brought this question of unification of India. Sir, we the people of India during the last century or more have through struggle and strife, sufferings and sacrifices, successes and failures may be more failures than successes, striven for one thing—attainment of nationhood. Nationalism, Sir, I am sure, you will agree with me—it is not a new concept in the world history. In Europe even only it came after reformation. But in Asia, it is even a newer concept. So for us, in India, it is not a question of being factitious. It is more a question of trying to be a communist. Sir, as I have said a minute ago, that the Left Front Government has brought forward rather at a time of rare peril to our country's integrity. I would like to draw one historical parallel only though my time is very short.

We were facing a serious situation prior to independence. In 1942, a leader of Indian National Congress, a very respected leader, a front line leader, brought forward a proposal of conceding Pakistan as a means to achieve independence. He was a Congress leader, not a communist. He was supported in full volume by the then Communist Party of India. I can quote chapter and verse from the then Communist Party literature—the Indian Communist Party literature—to show what the Communist Party thought of those things in those times in ideological terms. Here is a small quotation from 'Janajuddha' in May, 1942.

জনযুদ্ধ—মে, ১৯৪২

আজ আমাদের আপন ভাই ভারতের বিভিন্ন জাতিগুলিকে ইচ্ছামত আলাদা থাকবার অধিকার দিয়ে আমরা যদি……

গান্ধীজীর নেতৃত্বে কংগ্রেস ওয়ার্কিং কমিটি আজ কংগ্রেসের ঐতিহ্য বর্জন করিতে বসিয়াছে…রাজাজীই আজ অকম্পিত কণ্ঠে সেই মহান ঐতিহ্যের বাণী প্রচার করিতেছে—রাজাজীর মতের সহিত কমিউনিস্টদের মূলগত মিল আছে।

আরও দু বছর পরে :—

জনযুদ্ধ—মার্চ, ১৯৪৪

পাকিস্তানের দাবীর পিছনে সত্য এই যে ভারতবর্ষ এক জাতিও না। দুই জাতিও নয়, বহু জাতির আবাসভূমি। জাতীয় স্বাধীনতার অর্থ এই রকম প্রত্যেকটি

জাতির স্বতন্ত্র রাষ্ট্র গঠনের অধিকার এই চেতনার বহিঃপ্রকাশ পাকিস্তানের দাবী। বহু জাতির আবাসভূমি শুধুমাত্র বৃটিশ শাসনের অধীনেই অখণ্ড হিন্দুস্থানে পরিণত হইয়াছে। কাজেই অখণ্ড হিন্দুস্থানের ধ্বনি বৃটিশ রাজশক্তির প্রতিষ্ঠিত শৃঙ্খলিত ঐক্যের কাছে মাথা নত করিয়া ভেদ ও শৃঙ্খলকে শক্তিশালী করিবে।......

I submit, Sir, that now history has proved that this Ideological interpretation of situation then obtaining was basically wrong and we know to our cost what conceding Pakistan as a price for independence of India as meant to us. The Communist Parties—I have to say 'Communist Parties' because they are more than one to-day—nave now to answer what form of self-determination has meant to the people of Pakistan since 1947 to 1983. Now in comparison to that event you have now raised a slogan—Sir, they have raised a slogan of more power to the States. I solemnly declare this as mischievous and anti-national and, if I may say so, a pernicious slogan. I am a citizen of West Bengal, and I am as much a citizen of Union of India. Therefore, I would like to have, as a citizen of West Bengal, more share of power at the Union level so that the States' voice may be looked after, may be heard properly in the forum at the Union level. Our slogan should just be opposite to what the Left Front have placed before the people of West Bengal. By raising slogan of more power to the States, instead of more powers to the States at the Union level, you are trying to create reverse records of history and by doing so as you did in 1942 you are raising a slogan which means you are championing the cause of more powerful states, instead of saying that we want more powers for the states at the Union level, which will lead to dismemberment of India.

[4-40—4-50 p.m.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাত্তার সাহেব, জয়নাল আবেদিন প্রমুখ যাঁরা অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করছি। সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় অনাস্থা প্রস্তাব আসতেই পারে এবং অনাস্থা প্রস্তাবের ভিতর দিয়ে সরকার পক্ষের সমালোচনা হতে পারে। কিন্তু তা তাৎপর্যমণ্ডিত হয় যদি তা গণ আন্দোলন দ্বারা সমর্থিত হয়। আমরা অতীতে দেখেছি, যখন এই রাজ্যে কংগ্রেস সরকার ছিল, তখন অনাস্থা প্রস্তাব বার বার উত্থাপিত হয়েছে এবং সেই অনাস্থা প্রস্তাবের উত্থাপনের সময় দেখেছি, এখানে যখন অনাস্থা প্রস্তাবের উপর আলোচনা চলছে, বাইরে তখন জলোচ্ছ্বাসের মত গণ আন্দোলন চলছে। গণ আন্দোলন দ্বারা সমর্থিত হয়েছে। এখানে আজকে মুষ্টিমেয় কয়েকজন অনাস্থা প্রস্তাব এনেছেন বামফ্রণ্ট সরকারের বিরুদ্ধে, কিন্তু গোটা পশ্চিম বাংলায় কোন আন্দোলন নেই। শুধু তাই নয়, বিগত ৬ বছরের মধ্যে কংগ্রেসীরা, বিরোধী পক্ষরা কখনও বামফ্রণ্ট সরকারের বিরুদ্ধে গণ আন্দোলন গড়ে তুলতে পারেননি। কৃষক আন্দোলন, শ্রমিক আন্দোলন, শিক্ষক আন্দোলন, ছাত্র আন্দোলন, কোন স্তরেই আন্দোলন গড়ে তুলতে পারেননি। খুব স্বাভাবিক ভাবে এই অনাস্থা প্রস্তাব, তার মর্যাদা হারিয়েছে। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমি সংগত কারণে এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি। আমি

আরও বিস্মিত হয়েছি যে বিরোধী পক্ষের দল নেতা আবদুস সাত্তার সাহেব, তিনি কালকে যেভাবে তথ্য উত্থাপন করলেন, যেভাবে তথ্যের বিকৃতি ঘটালেন, তা শুনে অবাক হয়ে যেতে হয়। উনি একটা পরিসংখ্যান দিয়ে বোঝাবার চেষ্টা করছেন যে ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত এই রাজ্যে কৃষি, শিল্প সমস্ত বিষয়ে অগ্রগতি ব্যাহত হয়েছে। সর্ব ভারতীয় ক্ষেত্রে উন্নয়নের যে হার, সেটা তিনি দেখাতে চেষ্টা করেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, এই যে, পশ্চিমবঙ্গ স্বাধীনতার পূর্বে যে সব বিষয়ে অগ্রনী ছিল, কৃষি, শিল্প, বহু ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে অগ্রনী ভূমিকা ছিল, কিন্তু গত ৩০ বছরের একতরফা কংগ্রেসী শাসন ব্যবস্থার ফলে সমস্ত দিক থেকে পশ্চিমবাংলার অর্থনীতি ভেঙ্গে পড়েছে। ভক্তিবাবু সুসংহত ভাবে উত্তর দিয়েছেন পরিসংখ্যানের মাধ্যমে, আমি শুধু শিল্পের ক্ষেত্রে পরিসংখ্যান দিচ্ছি, যেখানে মূল কারচুপিগুলো যে করেছিলেন, যার ফলে এই অগ্রগতির হার শুধু বামফ্রন্ট সরকারের আমলে হয়নি, ওরা যখন ক্ষমতায় ছিলেন, ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যান্ত, সেখানে হিসাবে দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলার সংগঠিত শিল্পে নতুন যা কর্ম সংস্থান হয়েছে, তার শতকরা হার হলো ১.৪৭ ভাগ। সেই সময় সর্ব ভারতীয় হিসাব ছিল ৩.০০ ভাগ। খুব স্বাভাবিক ভাবে এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে ১৯৬৮ সাল থেকে ১৯৭৪ সাল পর্য্যন্ত সারা ভারতে শিল্পোন্নয়নের হার যখন ছিল ৬.৩৬ ভাগ, পশ্চিম বাংলাতে তখন ছিল ২.৭৮ ভাগ। এমনি করে যদি আমরা পরিসংখ্যানের সাহায্য নিতে চাই তাহলে আমরা দেখবো, ঐ কংগ্রেসীরা যখন শাসন ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন, সেই কালেতেও পশ্চিমবাংলা সমস্ত বিষয়ে সর্ব ভারতীয় ক্ষেত্রে পিছিয়ে পড়েছিল। গত ৩০ বছরের কংগ্রেসী অপশাসনের অনিবার্য্য ফলশ্রুতি হচ্ছে তাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্র রাজ্যের সম্পর্কের প্রশ্নটা এই কারণেই ওঠে। যোজনা বরাদ্দের ক্ষেত্রে একটা পরিসংখ্যান আপনাদের সামনে উপস্থিত করছি। ১৯৮০-৮১ সালে যখন মাথা পিছু কেন্দ্রীয় সাহায্য হরিয়ানার ক্ষেত্রে ছিল ৫১, পাঞ্জাবের ক্ষেত্রে ছিল ৪৬, উত্তর প্রদেশ ৪৫, কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে মাত্র ৩২। এই সব পরিসংখ্যানের মধ্যে যাচ্ছি না, শুধু পশ্চিম বাংলা নয়, সমস্ত পূর্বাঞ্চলে কংগ্রেসী শাসন ও শোষনে বিপর্য্যস্ত হয়ে পড়েছে। মাথা পিছু আয়ের দিকে যদি তাকাই তা হলে দেখবো, পশ্চিমবাংলা সমেত পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যগুলো পিছিয়ে পড়ে আছে।

মিঃ স্পীকার, স্যার, আমি সেই সব তথ্য পরিসংখ্যানের মধ্যে যেতে চাচ্ছি না। মাননীয় রাজেশ খৈতান মহাশয় একটি প্রসঙ্গ সম্বন্ধে কিছু বলেছেন। তিনি আমাদের মন্ত্রী, দল নেতা যতীন চক্রবর্তী প্রসঙ্গে কিছু বলেছেন। তিনি বলেছেন—যতীন চক্রবর্তী পপুলার সঙ্গীতের বিরুদ্ধে বলেছেন। যতীন চক্রবর্তী পপুলার সঙ্গীত, পপ সঙ্গীতের বিরুদ্ধে কিছু বলেননি। তিনি উষা উত্থুপ প্রসঙ্গে বলেছেন। মিঃ স্পীকার, স্যার, একজন পূর্ণ যৌবনা যদি তার পিনোদ্ধত-বক্ষ আন্দোলিত করে কোন প্রেক্ষাগৃহে তালি বাজাও তালি বাজাও বলে শ্রোতাদের কাছে আবেদন জানান তাহলে তিনি নিশ্চয় প্রেক্ষাগৃহে যে কোন বিপত্তি ঘটাতে পারেন। কাজেই সঙ্গত ভাবেই উনি আপত্তি জানিয়েছেন। এই সমস্ত অপসংস্কৃতির বিরুদ্ধে আমাদের সংগ্রাম চলছে, চলবে। যতীন চক্রবতী, উষা উত্থুপ কোন একক মানুষ নন। কাজেই এই ধরণের অপসংস্কৃতির

ধারক বাহক যারা তাদের বিরুদ্ধে আমাদের সংগ্রাম চলতে থাকবে। উপসংহারে আমি আর একটি কথা বলতে চাই—ওরা বার বার আইন শৃঙ্খলার কথা বলছেন, খুনোখুনির রাজনীতির কথা বলছেন। রাজনৈতিক খুন হয়েছে, এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু ব্যাপক মানুষ, বৃহত্তর জনসাধারণ তাতে ক্ষতিগ্রস্ত হচ্ছে না। কংগ্রেস খুন করছে, অত্যাচার করছে, এই সব ঘটনা ঘটাচ্ছে। কিন্তু তা সত্বেও আমাদের বক্তব্য হবে এই যে, মানুষের মনে এই ধারণা সৃষ্টি করতে হবে বামফ্রণ্ট সরকারের পক্ষ থেকে যে খুন করে খুনী যেন পার না পেয়ে যায় এবং খুনী যেন এই কথা মনে করতে না পারে যে খুন করলে তার কিছুই হবে না। আজকে তাই প্রশাসনকে এমন জায়গায় নিয়ে যেতে হবে যে, খুন করলে খুনীর শাস্তি নিশ্চয় হবে এবং প্রশাসনকে সেই জায়গায় নিয়ে যেতে হবে। আমি আবার বলছি খুনোখুনির রাজনীতি কংগ্রেস নিয়ে এসেছে। ওদের আমলে ওদেরই দলাদলির ফলে খুনোখুনি হয়েছে। সেই রাজনৈতিক হিংসার বশবর্তী হয়ে বামফ্রণ্টের আমলে ওরা নিশ্চয় খুনোখুনি করছেন। তাই ওরা যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীফণিভূষণ রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের লিডার আবদুস সাত্তার এবং জয়নাল আবেদিন সাহেব যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি সেটা সমর্থন করে দু চারটি কথা বলতে চাই। সমর্থন এই জন্য করছি যে, আজকে গোটা পশ্চিমবাংলায় ল এ্যাণ্ড অর্ডার বলতে কিছুই নেই। একটু আগে জয়ন্তবাবু খুনোখুনির রাজনীতির কথা বলতে গিয়ে বললেন কংগ্রেসই এটা এনেছে। কংগ্রেস এনেছে, না, আপনারাই খুনোখুনির রাজনীতি করছেন—আপনারা খুনোখুনির রাজনীতি করছেন না? আপনারা পুলিশ বাহিনীকে পঙ্গু করে দিয়েছেন। আপনাদেরই লিডাররা থানায় বসে থেকে ওসিকে দিয়ে এই সমস্ত অঘটন ঘটাচ্ছেন এবং তারই প্রতিফলস্বরূপ মালোপাড়ার ঘটনা আমরা দেখতে পেলাম। মালোপাড়ার ঘটনা সম্পর্কে মুখ্যমন্ত্রী অসত্য কথা বলেছেন। স্যার, আপনি জানেন আমাদের নেতা এই বিষয়ে জুডিসিয়্যাল এনকোয়ারি চেয়েছিলেন, কিন্তু সেই জুডিসিয়াল এনকোয়ারি হয়নি।

**মিঃ স্পীকার:** মিঃ রায়, আপনি কোন নেতার নাম নিতে পারবেন না, নাম নিলে ওটা বাদ যাবে।

**শ্রীফণিভূষণ রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্য ঘটনাটা সকলের জানা দরকার। ফোর্থ জুলাই মালোপাড়ায় আসল সত্য ঘটনা যা ঘটেছে সেটা আমি বলছি, আপনারা একটু মন দিয়ে শুনুন। মাসুদ বলে একটি ছেলে রতুয়া ব্লক যুব কংগ্রেসের সাধারণ সম্পাদক—সে আমাদের দলের ছেলে। ওখানকার চাঁদমুরি অঞ্চলটা সি.পি.এম. এর কুক্ষীগত ছিল। ওটা নাকি সি.পি.এম.-এর ভিয়েতনাম পাড়া ছিল। কিন্তু ঐ এলাকায় আমাদের এই যুব কংগ্রেসী ছেলের চেষ্টায় আমরা পঞ্চায়েত নির্বাচনে জিতেছি। তারই ফল-স্বরূপ 8 তারিখ সকাল বেলায় কয়েকজন সি.পি.এম. এর ছেলে, ওর আবার বন্ধু, ডেকে নিয়ে গেল। বিকাল বেলায় তাকে অন্যায় ভাবে, হিংস্র ভাবে মারা হল। ছেলেটির গলা কেটে আর এক জায়গায় ছুঁড়ে ফেলে দিল, তার লিঙ্গ কেটে আর এক জায়গায় ছুঁড়ে দেওয়া হল। হাত কেটে আর এক জায়গায় ছুড়ে দেওয়া হল। ভাবতে

পারেন এরা মানুষ না অমানুষ? তারই ফল-স্বরূপ জনসাধারণ খুব উত্তেজিত হয়ে উঠেছিল। আমার আরো অনেক কিছু বলার ছিল, সময় অভাবে বলতে পারলাম না। তাই আমাদের লিডাররা যে অনাস্থা প্রস্তাব এনেছেনআমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4 50—5-00 p.m.]

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, কবি সুকান্ত লিখেছিলেন, "বিদ্রোহ, আজ বিদ্রোহ চারিদিকে, এত বিদ্রোহ কখনও দেখেনি কেউ, দিকে দিকে ওঠে অবাধ্যতার ঢেউ।" স্যার, পুঁজিবাদী, সামন্তবাদী, পচা, গলা সমাজ ব্যবস্থার যারা ধারক এবং বাহক তাদের প্রতিনিধি যারা এই অনাস্থা প্রস্তাব এনেছেন আমি ঘৃণাভরে তা প্রত্যাখ্যান করছি। স্যার, ওদের সঙ্গে আমাদের মিলবে না কারণ ওদের সঙ্গে আমাদের মৌলিক পার্থক্য রয়েছে, আমরা ওদের অপোজিট পোলে অবস্থান করছি। স্যার, আমরা দেখছি, ওরা লাকসারি গুডসের উপর ডিউটি কমিয়ে দিচ্ছেন, রঙিন টি. ভি., ভি. ডি. ও. ক্যাসেট ইত্যাদির উপর ডিউটি কমাচ্ছেন আর আমরা সেখানে সেগুলির উপর ডিউটি বাড়াচ্ছি। ওদের মন্ত্রীত্বের স্থায়িত্ব নেই, আমাদের সেই স্থায়িত্ব আছে। আমরা পঞ্চায়েত নির্বাচন করেছি এবং তার মধ্যে দিয়ে স্থায়িত্ব এনে দিয়েছি। ওরা শিক্ষার গণতন্ত্রীকরণ মানেন না আর আমাদের ইউনিভার্সিটিতে নির্বাচিতসিনেট রয়েছে। কাজেই স্যার, মৌলিক দিক থেকে ওদের সঙ্গে আমাদের পার্থক্য রয়েছে। স্যার, ওরা দুর্নীতির কথা বলেছেন। এই প্রসঙ্গে বলতে গিয়ে প্রথমেই আমি বলব, In your congress party headed by Mrs. Indira Gandhi are the fountain head of all corruptions in India. স্যার, ওদের দুর্নীতির কথা বলতে গিয়ে আমি তিনটি উদাহরণ দেব। ওদের একজন এম. পি. কি করেছেন সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলব। টেলিগ্রাফ পত্রিকাতে আছে দেখবেন ওদের একজন এম. পি. তার রেসিডেন্সকে ব্রোথেল হিসাবে ইউজ করেছেন। আমি সেই লেখাটি এখানে পড়ে দিচ্ছি।

Congress (I) M.P. using Government House for immoral activities. The shocking story has been unvailed after one of the victims, Veena, a 17-year old tenth standard schoolgirl failed a first information report at the Kalkaji policc station on August 6 charging tnat she had been lured to this house by three men promising to get her a job, and then been sexually molestted by them. The address of the Member of Parllament's house is 12 D Ferozc Shah Road.

ওদের আর এক এম. পি.-র কীর্তি শুনুন। তার ছেলে মার্ডার কেসের আসামী হয়ে এ্যারেস্ট হয়। কোর্ট তাকে বেল দিতে অস্বীকার করে। সেখানে ম্যাজিস্ট্রেটের উপর অত্যাচার করা হয়। সেই এম. পি. মহারাষ্ট্রের মন্ত্রী ছিলেন, এখন তার মন্ত্রীত্ব খারিজ হয়ে গিয়েছে। তারপর স্যার, ওদের দুর্নীতির আরো ইতিহাস শুনুন। উত্তর-প্রদেশ যেটা কংগ্রেস (ই) শাসিত রাজ্য সেখানে একটা নিয়ম করা হয়েছে যে প্রতিটি এম. এল. এ. প্রতিটি ডিপার্টমেন্টের দুজন করে অফিসারকে বদলি করাতে পারবেন। এক বছরের মধ্যে সেখানে ৫৫ হাজার বদলি হয়েছে। স্যার, এরা যোজনা বহির্ভূত খাতে ব্যয়ের কথা বলেছেন। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে পশ্চিমবাংলার লক্ষ কোটি

মানুষ জ্যোতি বসুর সরকারকে ধন্যবাদ জানাচ্ছে তার কারণ সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও এই সরকার প্রাকৃতিক দুর্যোগের সময় লক্ষ লক্ষ মানুষকে বাঁচিয়েছে। আপনারা জানেন প্রলয়ঙ্করী বন্যা এবং শতাব্দির সবচেয়ে ভয়াবহ খরার মোকাবিলা এই সরকার করেছে। মানুষ যখন মরছে তখন আমরা দেখেছি এই সরকার বিভিন্ন খাতের টাকা এনে সেই মানুষদের বাঁচিয়েছে। এর ফলে এই সরকার শুধু পশ্চিমবঙ্গের নয় ভারতবর্ষের লক্ষ কোটি মানুষের কাছে একটা দৃষ্টান্ত হিসাবে নিজেদের প্রতিষ্ঠিত করতে পেরেছে এবং তাদের সমর্থন আদায় করেছে। তারপর প্ল্যান বাজেটের কথা ওরা বলেছেন। আমার কথা হচ্ছে, প্ল্যান বাজেট যদি জনকল্যাণের জন্য না হয় তাহলে সেই প্ল্যান বাজেটের আমাদের প্রয়োজন কি? যোজনা যদি উন্নয়নের জন্য না হয় তাহলে সেই যোজনার আমাদের কোন প্রয়োজন নেই।

আমাদের যোজনা এমপ্লয়মেন্টের জন্য, আর ওদের যোজনা মুনাফার জন্য। আমরা ৫ বছরে তৈরী করেছি। আমরা বলেছি যে আমাদের সীমাবদ্ধতা আছে। আমরা গ্রামের গরীব মানুষদের অন্ততঃ পক্ষে মা বোনেদের পরণের ছেঁড়া কাপড় নূতন করে দিতে পারিনি। গ্রামের ছেলেমেয়েদের পরনের ইজের দিতে পারিনি, আমরা তাদের ভাঙ্গা ঘর সাজিয়ে দিতে পারিনি। কিন্তু আমরা মানুষকে মরতে দেইনি। গত ৬ বছরে একটা মানুষও কলকাতায় আসেনি। তাই আজকে ওদের আতঙ্ক যে কেন মানুষ আসেনি। কেন আসবে? যে মানুষগুলি গ্রাম থেকে শহরে আসতো ভিক্ষা করার জন্য এবং বড় বড় নগরে এসে বলতো যে ভিক্ষা দাওগো নগরবাসী, তারা আজকে আসছে না। গত ৬ বছরে কাজের বিনিময়ে খাদ্য দিয়ে তাদের বাঁচিয়ে রেখেছে। আজকে সেই কারণে তারা আসছে না। আজকে তারা নিজেদের উন্নয়ণের কাজে অংশ গ্রহণ করছে। তাই পশ্চিমবাংলায় গ্রামাঞ্চল থেকে মানুষ শহরে আসছে না ভিক্ষার জন্য। এটাই হচ্ছে ওদের আতঙ্কের কারণ। আমরা জানি যে এই অবস্থার মধ্যে আমরা অনেক কিছু করতে পারবো না যতক্ষণ পর্যন্ত দিল্লীর ক্ষমতা আমরা দখল করতে না পারি। কিন্তু সেটা শুধু কমিউনিস্ট নয় সেটা শুধু বামফ্রন্ট নয়, সেটা করবে জনগণ। গত ৫ বছর ধরে আমরা পশ্চিমবাংলার জনগণের চেতনা উন্নয়ণের চেষ্টা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সাফল্যের এটা হচ্ছে একটা অন্যতম ইতিবাচক দিক। তারা যেমন মর্যাদা দিয়েছেন তেমনি আমরা দেখেছি যে গত ৫ বছরে মানুষের চেতনার যে মান উন্নয়ণ হয়েছে, শিক্ষার যে প্রসার ঘটেছে তাতে যদি তুলনা করে দেখা যায় তাহলে দেখা যাবে যে 10,000 schools for law and polltical scienee have been set up in a short tlme to impart politieal education amongst men and women of the remote corner of the villages. 36-point havc been implemented.

সুতরাং আজকে এর ফলে মানুষের যে শিক্ষার প্রসার ঘটেছে, এটা আজকে পশ্চিমবঙ্গে একটা ইতিবাচক দিক। অন্য দিকে ওরা ভারতবর্ষের কথা বলেছেন। আজকে ভারতবর্ষের ঐক্য বিঘ্নিত হয়েছে। আজকে ভারতবর্ষের ঐক্যকে ওরা ভাঙ্গছে। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ের আগে আমাদের ঐক্যের ভিত্তি ছিল সেটা আজকে ভেঙ্গে টুকরো টুকরো করছে, আর ওরা সেই সুযোগ গ্রহণ করছে। আজকে

সেজন্য কাশ্মীর বলুন, পাঞ্জাব বলুন সেখানে হিন্দু কমিউন্যালইজমকে সাপোর্ট করতে হচ্ছে। আজকে বিভিন্ন জায়গায় এই ভাবে সাম্প্রদায়িকতার বীজ ছড়িয়ে দিয়ে টুকরো টুকরো করছে। সেদিক থেকে আমরা ভারতবর্ষের পূর্ব দিগন্তের রক্তিম সূর্য পশ্চিমবঙ্গ, তাকে দেখে মানুষ অনুপ্রানিত হচ্ছে, উদ্বেলিত হচ্ছে এবং তারা বুঝেছে যে এটাই হচ্ছে বিকল্প পথ। আমাদের ভারতবর্ষের মানুষ সম্পর্কে ওরা কথা বলেন। আমি সেজন্য একটা উদাহরণ দিতে চাই যে ভারতবর্ষের মানুষ বলতে কি বোঝায়। আপনি জানেন যে কিছুদিন আগে আমাদের প্রুডেনশিয়ার কাপের খেলা হল। প্রুডেনশিয়ার কাপ জেতার পরে শ্রীমতী গান্ধী কি বললেন? তিনি বললেন, This proves that India can do it. তারপরে বিজয় মার্চেণ্ট বললেন, Yes, India can do it only if by India what is meant is not the 3 members of the ruling family but all our countrymen. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষ করার আগে একটি কথা আপনার কাছে নিবেদন করতে চাই। আজকে ওরা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর সম্পর্কে বিভিন্ন দুর্নীতির কথা, বিভিন্ন কুৎসার কথা বলতে পারেন, কারণ আজকে গণতন্ত্র আছে, নিরাপত্তা আছে বলে। I put and open challenge. যে এই কথা পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে গিয়ে বললে আপনাদের জিব কেটে নেবে। মানুষ এটা সহ্য করবে না। আজকে নিরাপত্তার পরিস্থিতি আছে যেহেতু বামফ্রণ্ট সরকার আছে, সেই সুযোগ আমরা তৈরী করে দিয়েছি। আমি শেষে এই কথা বলতে চাই যে জনগণের জয় হবেই এবং সেই পথে আমরা এগিয়ে যাচ্ছি। এই জয় কেউ রুখতে পারবে না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

**অধ্যক্ষ মহোদয়ঃ** মাননীয় সদস্যগণ, আলোচ্য অনাস্থা প্রস্তাবের উপর আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট আছে তা ৫টা ৩৫ মিনিটে শেষ হয়ে যাবে, কিন্তু এখানে মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতা এবং ডাঃ জয়নাল আবেদিনের রিপ্লাই বাকি আছে এবং আমার মনে হচ্ছে তা ৫টা ৩৫ মিনিটের মধ্যে শেষ হবে না। এই অবস্থায় আমি এই প্রস্তাবের উপর আলোচনার সময় সভার অনুমতি নিয়ে আরো আধ ঘণ্টা বাড়াচ্ছি, আশা করি এতে কারো আপত্তি নেই।

**শ্রীজ্যোতি বসুঃ** স্পীকার মহাশয়, আমি ভেবেছিলাম বোধ হয় নতুন কিছু আবিষ্কৃত হয়েছে। আর তা যদি না হয়ে থাকে তাহলে প্রতিবার বিধান সভার অধিবেশনে একটা করে অনাস্থা প্রস্তাব আনতে হবে! এটা যেন একটা নিয়ম হয়ে দাঁড়িয়েছে। অবশ্য নতুন কিছু আবিষ্কৃত হয়েছে মনে করে বিরোধী দলের নেতা কি বলেন, না বলেন তা শুনতে এসেছিলাম, কিন্তু আমি দেখলাম যে, ওঁর কোন বক্তব্যই নেই। উনি একটা বাজেট বক্তৃতা দিলেন, আগে যা বলেছেন তাই আবার বললেন এবং আগামী ফেব্রুয়ারী মাসে আবার বলবেন। উনি যে সব পরিসংখ্যান উপস্থিত করলেন সে সবেরও বিশেষ কোন মূল্য নেই। কাজেই এটা বোঝা গেল যে ওঁর কোন বক্তব্য নেই। তবুও আমি বলব যে, ওরা ভাল করেছেন এই প্রস্তাব এনে, আগেরবারও আমি বলেছিলাম এবং এবারেও বলছি, জনগণের আস্থা আমাদের ওপর আছে এবং এটা

ওঁরাও নিশ্চয়ই স্বীকার করবেন। আর ওঁদের ওপর যে নেই, এটাও ওঁরা নিশ্চয়ই স্বীকার করবেন। অবশ্য অনাস্থা প্রস্তাব আনলে এবং ঐসব বক্তৃতা রাখলে—তা যতই অসত্য হোক আর যাই হোক—কোন কোন কাগজের শিরোনামে খবর-টবর বেরবে।

এখানে প্রথমেই সাত্তার সাহেব বললেন, এই রাজ্যে আইন শৃঙ্খলা বলে কিছু নেই, এটা একটা জঙ্গলের রাজত্ব। ভারতবর্ষের অন্য সব জায়গায় আইন শৃঙ্খলা আছে, জঙ্গলের রাজত্ব নেই। আমি এটা বলছি, এই আইন-শৃঙ্খলার খানিকটা অবনতি হয়েছে, বিশেষ করে পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবার পরে আমরা দেখলাম খানিকটা অবনতি ঘটেছে এবং সেটা ঘটিয়েছে কংগ্রেস (ই) দল। ওরা একেবারে সুপরিকল্পিতভাবে এটা ঘটিয়েছে। কেন ঘটিয়েছে? তার কারণ হচ্ছে, নির্বাচনের আগে কংগ্রেস (ই) ঘোষণা করেছিল, "আমরা জিতব, আমরা নিশ্চয়ই জিতব।" ওরা উৎসাহিত হয়েছিল। কারণ দুর্ভাগ্যবশত আমাদের বামফ্রন্টের দলগুলি মধ্যে একতা ছিল না। কাজেই ওরা ভেবেছিল ওরা জিতবে এবং সেই মত ওদের নেতারা ওঁদের ক্যাডারদের বুঝিয়েছিলেন এবং সেজন্য বহু টাকাও খরচ করেছিলেন। পরবর্তীকালে অবশ্য বলেছিলেন, না জিততে পারলেও শতকরা ৫০ ভাগ আসন আমরা লাভ করবই। আমি বলছি যে, আমরা তো ৮০ ভাগ পেয়েছি, তাহলে ওঁরা ৫০ ভাগ পাবেন কোথা থেকে? মানুষের আশীর্বাদ আমাদের ওপর আছে। ওদের আগে ১৪০০০ আসন ছিল, এবারে আরও ২০০০ বেড়েছে। তাইতেই খুন-খারাপি, দাঙ্গা-হাঙ্গামা আরম্ভ করে দিল, ফলে আইন-শৃঙ্খলা বিপন্ন হলো। আমি ওঁদের বলি, জঙ্গলের রাজত্ব আপনারাই সৃষ্টি করবার চেষ্টা করছেন। আমরা করতে দিচ্ছি না, করতে দেব না। আপনারা এই জিনিষ শুরু করেছেন। কংগ্রেস (ই) দল সুপরিকল্পিত ভাবে এই জিনিষ শুরু করেছে। ইতি-পূর্বে আমি প্রশ্নোত্তরে মালোপাড়ার ঘটনা সম্পর্কে বলেছি, ওখানে কংগ্রেস ইস্তাহার দিয়ে প্রকাশ্যে বলেছে, "১৩ জনকে খুন করে ভাল করেছি।" এ রকম কথা কেউ বলতে পারে? আমরা বলব, এ জিনিষ কখনই চলতে পারে না।

( গোলমাল )

**মিঃ স্পীকার :** Honourable members, why do you disturb him in this way ? Please sit down.

**শ্রীজ্যোতি বসু :** এরকম ভাবে হাউস চলতে পারে না। যখনই ওঁদের কীর্তি-কলাপের কথা বলব, তখনই ওঁরা গোলমাল করবেন। এই যদি অবস্থা হয়, তাহলে আমার প্রতিটি কথায় ওঁদের উঠে চিৎকার করতে হবে, কারণ ওঁরা আমার কথা সহ্য করতে পারবেন না। আমি ওঁদের কাছ থেকে অনেকগুলি অসত্য কথাও শুনেছি।

এই হচ্ছে। সমাজবিরোধীরা এইভাবে উৎসাহিত হয় এবং এইসব হচ্ছে এবং তাদেরই প্রতিনিধিরা এখানে বসে আছেন, এই জিনিষ করছেন। হাউসেই যদি এই জিনিষ করতে পারেন তাহলে বাইরে কি না করবেন? আমি আগে বলেছিলাম, আবার বলছি। অপরাধের খতিয়ান হচ্ছে ১৯৮০-৮১ সালে আমি দেখছি পশ্চিমবঙ্গে যেখানে ১৭৫'৩ অন্য সমস্ত জায়গায়—আমার এখানে প্রায় ১২টি প্রদেশ আছে—পশ্চিমবঙ্গে সব থেকে কম অপরাধ। এটা আমাদের পরিসংখ্যান নয়, এই পরিসংখ্যান কেন্দ্রীয় সরকারের। সাত্তার সাহেব বলেছেন যে এক মিনিটও...

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** Mr. Sattar, I request you to control your members. When you spoke you had not been disturbed. Let him speak without disturbance.

**শ্রীজ্যোতি বসু ঃ** সাত্তার সাহেব বললেন আমাদের এক মিনিটও গদিতে থাকা উচিত নয়, পরিসংখ্যান দিয়ে বললেন, তাহলে ইন্দিরা গান্ধী কি করে থাকছেন? রাজধানী দিল্লীতে অপরাধমূলক যেসব কার্য্যকলাপ আছে ১৯৮২ সালের কথা বলছি, এবারকার বলছি, কলকাতায় খুন ৭৫, দিল্লীতে ২৩৭, চুরি,—কলকাতায় ৬৩৩৮, দিল্লীতে ১৩৫৫৫, আর যা দেখছি অন্যান্য প্রদেশে আরো বেশী। পঞ্চায়েত নির্বাচনের সময় আমি বলেছিলাম যে পঞ্চায়েত নির্বাচন নির্বিঘ্নে, শান্তিপূর্ণভাবে মোটামুটি হয়েছে। তারপর দুহাজার বেশী সিট পেয়েছেন, ১৪ হাজার থেকে ১৬ হাজার হয়েছে, যদিও ৮০ ভাগ আমরা পেয়েছি, বিরাটভাবে জয়ী হয়েছি সেজন্য আমরা মানুষের কাছে কৃতজ্ঞ। আমাদের দুর্ভাগ্যবশতঃ ডিভিসন হওয়ায় অসুবিধা ছিল কিন্তু মানুষ আমাদের পক্ষে রায় দিয়েছেন। তখন ওঁরা কি করছেন? খুনের হিসেবটা কি? সি.পি.এম. ৩০ জন, এটা হচ্ছে ৩১শে জুলাই অবধি। কংগ্রেস (ই) ১৮ জন এবং চীৎকার করে ভারতবর্ষময় বলবার চেষ্টা করছেন ৩ হাজার ৫ হাজার যখন যেরকম খুশী বলে যাচ্ছেন। তারপর বলছেন আমাদের নেতারা, পার্লামেণ্ট এবং এখানকার সব সদস্যই নাকি থানায় গিয়ে বসে থাকেন। আমরা কি কংগ্রেস নাকি? অসভ্যতা, বর্বরতা, ইত্যাদি দেখিয়ে থানায় গিয়ে বসে থাকব?

( এই সময়ে শ্রীফণী ভূষণ রায় বক্তব্য রাখবার জন্য উঠে দাঁড়ান )

**মিঃ স্পীকার ঃ** Mr. Roy, Please take your seat. I request you to take your seat. If you donot sit, I will be forced to expel you this time.

**শ্রীজ্যোতি বসু ঃ** তারপর বলা হয়েছে এফ, আই. আরে যাদের নাম আছে তাদের গ্রেপ্তার করা হচ্ছে না। এফ. আই. আরে নাম থাকলেই গ্রেপ্তার হয় না। কিন্তু আমাকে দু-একটা উদাহরণ দিতে হবে, কারা গ্রেপ্তার হয়নি, কি হয়নি, কার নাম দিলেন, আমি তদন্ত করে দেখব। হিসেবে দেখছি এফ. আই. আরে নাম আছে এমন ৬০০ লোককে গ্রেপ্তার করা হয়েছে।

[5-10—5-20 p.m.]

তার মধ্যে ৩০০ হচ্ছে সি.পি.এম্. আর বামফ্রণ্টের শরিক অন্যান্য দলের লোক, কংগ্রেস ( আই ) দলের লোক হচ্ছে বাকিটা। এটা কংগ্রেস আমলে কোনদিন হয়েছে? ওঁদের আমলে ১,১০০ আমাদের লোক খুন হয়েছে—একটি খুনীও কি গ্রেপ্তার হয়েছে? কাজেই আজকে ওঁদের মুখে এসব কথা শোভা পায় না।

তারপর বলেছেন যে বেকার সমস্যার সমাধান হয়নি। আমরা তো কোনদিন বলিনি যে বেকারসমস্যা সমাধান হবে! যখন আমি এবং অর্থমন্ত্রী নতুন দিল্লীর

[5-50—6-00 p.m.]

যেখানে কারচুপি কম করতে পেরেছিলেন—আমাকে আটকে রেখেছিলেন তীরের মুখে, ২৫০টা তীরের মুখে আটকে রেখেছিলেন। সুভাষ মাহাতোকে ধরাশায়ী করেছিলেন, সুব্রতবাবুর খোঁজ করেছিলেন। আগুন জ্বালিয়ে দিয়েছেন সাত্তার সাহেব-এর ওখানে, সেখানে মানুষকে কুচি কুচি করে কেটে ফেলেছেন। আপনাদের দেওয়া হিসাব হচ্ছে ৯৩২টা, পঞ্চায়েত মন্ত্রী আজকে এখানে নেই, এত করেও দুর্গাপুর থেকে ১০০ পুলিশের গাড়ি দিয়ে ভোটার পরিবহন করেছিলেন। আর আপনি বলেছেন ৮০ পার্সেণ্ট ভোটে জিতেছেন আপনারা। আপনাদের ভোটের পার্সেণ্টেজ কত? It is above 45%? I say no. You are balancing only on 5% ধরাশায়ী হয়েছেন, কারচুপি করেছেন, ভয় দেখিয়েছেন। ভোটের আগের রাত্রে কি রকম কারচুপি করেছেন, সেই ব্যাপারে এখানে বলেছেন গঙ্গারামপুরের এম. এল. এ.। আমরা দেখেছি আপনাদের কারচুপি, মানুষকে ধরে এনে পুকুরে পুঁতে রেখেছেন, এ কি মানসিকতা? আমার জেলা ছোট জেলা, সেখানে ৬০টা খুন হয়েছে, ৭০টা বন্দুক লুঠ হয়েছে। ভোটের দিন পুলিশ ক্যাম্পে কি হয়েছিল জানেন, পেট কেটে দিয়ে পুলিশের দুটো বন্দুক ছিনতাই হয়ে গেল। সবাই বাড়িতে ঢুকে গেল, কোন প্রতিকার হয়নি। আজকে এই কথা বলতে চাইছেন—মাননীয় মুখ্যমন্ত্রী বোধ করি একটু শ্লাঘা, একটু দম্ভ বোধ করেন, এটা বোধ করি বাঙালীর গৌরব। এখানে সাম্প্রদায়িকতার কথা তুলেছেন, বাঙালীর ইতিহাস হচ্ছে গৌরবের ইতিহাস। বাঙ্গালীরা সাধারণভাবে সাম্প্রদায়িক নয়। কিন্তু তবুও আপনি অস্বীকার করতে পারবেন, আপনাকে আমি পক্ষান্তরে বলেছি, আপনাদের কার্য্য-কালে ১৯৮১ সালে এই দাঙ্গা সংগঠিত হয়েছিল ৩১টা। ১৯৮২ সালে এখানে সাম্প্রদায়িক দাঙ্গা সংগঠিত হয়েছে ৫৭টা। আমি একটা চিঠি পেয়েছি স্যার, কাঁচা হাতের লেখা, এ্যাসেম্বলি থেকে দেওয়া—আপনি এমনভাবে এটাকে বন্ধ করুন, কারণ আপনাকে আমরা সেকুলার বলে ভাবি। বাঙালীর ঐতিহ্য আপনি রক্ষা করুন, তাতেও তো আপনার শেয়ার আছে, বাঙালী সাম্প্রদায়িক দাঙ্গা চায় না। এখানে চিঠিটা দিয়েছে, উইথ রিগ্রেট—স্যার এক সঙ্গে জয়নাল আবেদিন, সাত্তার সাহেবের নামে চিঠিটা পাঠানো হয়েছে এখান থেকে। উইথ রিগ্রেট এইগুলো অত্যন্ত সেনসিটিভ এরিয়া, এইগুলো চাই না, কিন্তু এইগুলো হচ্ছে। যখন লুট হয় তখন গঙ্গারামপুরের এম. এল. এ-র বাড়িতে লুট হয়, ওদের লোক এসে লুঠ করে। এইগুলোকে কি বলবেন? জ্যোতিবাবু নিজে গিয়ে গঙ্গারামপুরে শাসন করেন না? ওদের এম. এল. এ-কে সাসপেণ্ড করেছেন, কিন্তু তবুও ঐ সাম্প্রদায়িকতা দূর করতে পারেননি। ইট ইজ দি টেরিফিক জোন, আমি একটা চিঠি সামান্য পড়ছি, উইথ রিগ্রেট—

**মিঃ স্পীকার ঃ** চিঠিটা পড়া যাবে না, রেকর্ড হবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই চিঠি লিখেছে সাহানারা বেগম আর ফতেমা খাতুন, এই চিঠি আমার কাছে আছে, এই চিঠি পড়া যায়। এইগুলো সেনসিটিভ জোন বলে বলতে চাই না, আপনাকে সতর্ক করে দিচ্ছি। এই নিয়ে শ্লাঘা করবেন না, আপনার বাহিনীকে সামলান। কারণ এরা সবাই জ্যোতি বোস নয়। আপনার পাশে বসে আছেন এক সাম্প্রদায়িক মন্ত্রী। তিনি এখানে আবাসনের দায়িত্বে আছেন, রোডসের দায়িত্বে

আছেন, ব্রীজের দায়িত্বে আছেন, একাধিকবার আমি এই হাউসে উল্লেখ করেছি, সরকারী ৫০ হাজার বাড়ি তো বিলি হয়েছে, কটা সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে দিয়েছেন? জিজ্ঞাসা করি, ক্যান ইউ চেক ইট আপ? আপনি চাকরি দিয়েছেন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে, কটা সংখ্যালঘু সম্প্রদায় চাকরি পেয়েছে বলুন? ক কিলোমিটার রাস্তা করেছেন বলুন, আমি জয়নাল আবেদিন সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত with my head high! I see that I am an Indian. আমি হেট করি সাম্প্রদায়িকতা। আপনার শিক্ষাদপ্তরে ৪ জন মন্ত্রী আছেন। একটিও মাদ্রাসা করেছেন আমাদের ওখানে, একটিও হাই স্কুলের মঞ্জুরী দিয়েছেন? বিরোধীদের সুপারিশে সংখ্যালঘুদের সুপারিশে মঞ্জুরী দেবেন না। চিড়িয়াখানায় বাঘ পাওয়া যায়, সুপারিশের মঞ্জুরী পাওয়া যায় না। যারা আপনাদের পদলেহন করে তারা আশীর্বাদ পায়, কিন্তু সাধারণ মানুষ পায় না। আপনার সরকার সাম্প্রদায়িক কার্যকলাপের উর্দ্ধে নয়, ইট ইজ মাই চার্জ এগেনস্ট সাম অব ইওর কলিগস—এটা আপনি প্রমাণ করুন। আজকে পশ্চিমবঙ্গে ৪ হাজার প্রবলেম ভিলেজ আছে, যেখানে বেসিক অ্যামিনিটিজ অব লাইফ নেই, ড্রিংকিং ওয়াটার নেই, আপনাদের এই ৬।। বছর কার্যকালের মধ্যে। আমরা দাবী করছি যে পানীয় জলের ব্যবস্থা করতে হবে। আমরা দুঃখিত যেখানে বিরোধীদের দ্বারা সুপারিশ এসেছে সেখানে আপনারা পানীয় জলের ব্যবস্থা করেননি। পানীয় জল নিয়ে আপনারা রাজনীতি করেন। ভারত সরকার ১২০ কোটি টাকা দিয়েছিল পানীয় জল সরবরাহের জন্য। আপনারা আজকে কেন্দ্রের বিরুদ্ধে সংগ্রামে নেমেছেন। মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি জিজ্ঞাসা করছি ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীর এন.আর.ই.পি.আই. আর.ভি.পি., মিনিমাম নিডস প্রোগ্রামের কত টাকা আপনারা ব্যয় করেছেন, আর কত টাকা ফিরে চলে গেছে সেটা বলবেন কি? আমি আপনার কাছে সরাসরি এই প্রশ্ন রাখছি, আপনার যদি জবাব থাকে তাহলে পশ্চিমবঙ্গ মারফত জবাব দিয়ে দেবেন, মানুষ জানতে পারবে। আপনি প্রমোশন ফর ব্যাকওয়ার্ড ক্লাস-এর কত টাকা ব্যয় করেছেন, আর কত টাকা ফিরে চলে গেছে সেটাও জানিয়ে দেবেন এই পত্রিকা মারফত। আপনি কাগজের শিরোনামের কথা বললেন। কাগজের শিরোনাম তো আপনি—আপনি মস্কো গেলে শিরোনাম, দিল্লী গেলে শিরোনাম হয়। কিন্তু আমরা একটা জিনিষ বুঝতে পারছি না, আপনি এখন কেন্দ্রের বিরুদ্ধে যা ছাড়লেন—আমরা জানি আপনি কেন্দ্রের বিশেষ স্নেহভাজন ব্যক্তি এবং আপনি কেন্দ্রের কাছ থেকে বিশেষ সুবিধা অবশ্যই পেয়ে থাকেন—অস্বীকার করতে পারেন? আপনার ১৯০০ কোটি টাকা ব্যয় হয়েছে এই প্ল্যানে? ফিফ্‌থ ইয়ার সিক্সথ্‌ প্ল্যানে আপনার টার্গেট হচ্ছে ১৬০০ কোটি টাকা আপনি ব্যয় করবেন। ইণ্টারন্যাল রিসোর্সেস অব মবিলাইজেসন আপনাদের কত? আপনাদের ফিফ্‌থ প্ল্যানে হবে না। আপনি যখন যুক্তফ্রণ্ট সরকারের অর্থমন্ত্রী ছিলেন সেই সময় বাংলার সর্বনাশ করেছিলেন, চতুর্থ প্ল্যানের আকার বাড়েনি। আপনি যখন মুখ্যমন্ত্রী তখন বাংলার ষষ্ঠ প্ল্যান আমাদের ২।। হাজার কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে, সপ্তম প্ল্যান ৫ হাজার কোটি টাকার হবে না। বাংলার চিরস্থায়ী অভাব, দুঃখ, দারিদ্র এখানে থাকবে। বাংলার দুঃখ কখনই ঘুচবে না। কমুনিষ্ট করা যায় না, পভার্টি পারপিচুয়েটেড হিয়ার হয়। সম্পদ সৃষ্টি করতে গেলে কাজের প্রয়োজন হয়। এরা

করেই জানেন এবং যাঁরা মন্ত্রী ছিলেন তাঁরা তো জানেনই যে কি ভাবে তাঁরা লাইসেন্স দিতেন, কিভাবে তাঁরা পারসেন্টটেজ নিতেন এবং কিভাবে তাঁরা টাকা রোজগার করতেন। দুর্নীতির একটা আড্ডাস্থল ছিল তাঁদের মন্ত্রীসভা। ওনারা আবার গ্যাস টারবাইনের কথা বললেন। কি করে যে অমল দত্তের নাম এসে গেল তা আমি বুঝতে পারলাম না। তিনি এমপ্লয়িজ ছিলেন না বা অন্য কেউ ছিলেন না, তবুও ওনার নাম চলে এলো। কিন্তু একটা ভাল যে সুব্রতবাবু তিনি নাকি এই প্রটেকটেড এরিয়ায় শুধু বলেননি, বাইরেও তিনি নাকি এটা বলেছেন। অভিযোগে নাকি ১০ লক্ষ টাকার ড্যামেজ সুইট ফাইল হয়েছে হাইকোর্টে। আমি বলি যদি সাহস থাকে আবার এই কথা গুলো বাইরে গিয়ে বলবেন। সেইজন্য আমি বলতে চাই প্রসিডিয়োরটা কি। ওনারা বলেছেন জর্জ বসিয়ে দিন, আমাদের একটা কমিটি করে দিন। আমি বলতে চাই ওঁরা কি জানেন না যে এখানে নিয়ম হচ্ছে এ. জির কাছে একটা রিপোর্ট যায়। এ. জি সেটা দেখে—ওদের ভাষায় যেটাকে ড্রাফ প্যারাগ্রাফ বলে। তিনি বোর্ডকে প্রশ্ন করেন যে আমরা দেখছি এই সব ব্যাপারে গলদ আছে। এটা কি হয়েছে, সেই ব্যাপারে এক্সপ্লেন করুন। তারপর বোর্ড তার উত্তর দেয়। তারপর এ. জি আবার কমিটির কাছে পাঠিয়ে দেয়। তখন এ. জি যদি তাতে সন্তুষ্ট না হয় তখন তিনি আবার আমাদের হাউসের যে পাবলিক আণ্ডার টেকিং কমিটি আছে—যার চেয়ারম্যান মনে হয় কমল সরকার—সেখানে পাঠিয়ে দেন। সে কমিটিতে আপনাদেরও লোক আছে এবং এ পক্ষেরও লোক আছে। তারা একটা রিপোর্ট দিবেন এবং তারপর এখানে আসবে আলোচনার জন্য। আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে বলে এখানে হইচই করা হবে? কাগজপত্রে যদি কিছু অন্যায় থাকে সেটা দেখা হবে এবং কাগজপত্র আনা হচ্ছে। কার থেকে আনতে হবে, কত টাকা আনতে হবে, এটা ঠিক আছে কিনা—যেগুলো ওঁরা বলেছেন—লোয়েস্ট কিনা, ঠিক হবে কিনা এই সমস্ত কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে করতে হবে।

[5-20—5-30 p.m.]

ওঁরা করেছেন, তার মধ্যে ত্রুটি বিচ্যুতি থাকতেই পারে, এতে লুকোবার কিছু নেই। আমরা দেখেছি, এ. জি. থেকে উত্তর পেয়ে গেলে বোর্ডকে আমরা বলেছি আমাদের দেখাবেন—কেন্দ্রীয় সরকার বা মিনিস্টার জানবেন না, আমিও জানব না, এ তো হতে পারে না। ত্রুটি বিচ্যুতি সত্যিই যদি দেখা যায়, তবে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমি দেখছি, এ নিয়ে কয়েকদিন ধরে এখানে হৈচৈ হচ্ছে। কিন্তু কেন? হাউজিং বোর্ডের ব্যাপারে অনেক কিছু কাগজপত্র এনে বলেছেন—আনন্দবাজারে নাকি বেরিয়েছে। এগুলি নিয়ে যখন সন্দেহ দেখা দিয়েছিল, ওঁদের বলা হয়েছিল, ওঁরা এল. আর. এবং ফিন্যান্স ডিপার্টমেন্টের কাছে পাঠিয়েছেন। অনেক সময়ে বেশী দিয়ে আনতে হয়। এখানে মন্ত্রী স্বয়ং তো ছিলেন। অনেক সময়ে দেখা যায়, সিমেন্টের কোটা, পাথরের কুচি কোটা অনুযায়ী পাওয়া যায় না। ওয়াগন পাওয়া যায় না, প্রাইভেট সেক্টরে যাঁরা আছেন, তাঁরা কিভাবে সেগুলি নিয়ে যান, বিরোধীদলের সদস্যারা তা সকলেই জানেন। তাঁরা যেহেতু নিয়ে চলে যান, সেজন্য আমাদের তাড়াহুড়া

করতে হয়। যদি দেরী করি—৬ মাস পরে দেখা যায়, কণ্ট বেড়ে যায়—তাহলে দাম আমাদের বেশী দিতে হবে, সেইজন্যই তাড়াহুড়া করে অল্পকিছু বেশী দাম হলেও সংগ্রহ করি। কারণ এতে শেষ অবধি দেখা যায়, কনষ্ট্রাকশন জবস্-এর খরচ কম। আমি বিরোধীদের কাছে আরও বলি যে, এই কোটা ইত্যাদি যা কিছু দেওয়া হয়েছে, তা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেই করা হয়েছে। এ ব্যাপারে বেশী কিছু বলার আর আমার নেই। সল্টলেক ষ্টেডিয়াম নির্মাণের ব্যাপার নিয়ে ওঁরা বলেছেন। এটি থেকে তো ওঁরা অনেক টাকা নিয়ে চলে গেলেন। কতকগুলি ঘর গেঁথে কোটি কোটি টাকা নিয়ে চলে গেলেন। তারপরে আমরা সেটা হাতে নিয়েছি। একে কমপ্লিট আমরা নিশ্চয়ই করবো। সৌভাগ্য বশতঃ কেন্দ্রীয় সরকার আমাদের এ ব্যাপারে সাহায্য করেছেন। ব্যাঙ্কের কাছ থেকে সাহায্য পাওয়ার জন্য বলেছি, তারা রাজী হয়েছে সাহায্য করতে। তারা আমাদের ২।। কোটি টাকা সাহায্য দেবে বলে জানিয়েছে। আমাদের নিজেদের বাজেট থেকেও ৫ কোটি টাকা দিয়েছি। সুতরাং এটি তৈরী হবে। তৈরী হলে ভালই হবে, খেলাধুলা হবে। এতে ক্ষতির কি আছে। তারপরে হয়ত এমনও হতে পারে, আপনারা এ.আই.সি.সি.-র সেসান করবেন, কিন্তু জায়গা নেই। তা তখন না হয় আমরা ছেড়ে দেব। অবশ্য শেষ অবধি শ্রীমতী ইন্দিরা গান্ধী যদি আপনাদের করতে দেন। কারণ, আপনাদের অবস্থা হচ্ছে কচ্ছপের মত, দিল্লী থেকে উল্টে দিলে হাত-পা ছোড়াছুড়ি করা ছাড়া আপনাদের আর কিছুই করার নেই। শিল্পের ক্ষেত্র নিয়ে এখানে বলা হয়েছে যে, উৎপাদন নাকি হ্রাস পেয়েছে। ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল অবধি ভারতবর্ষের ক্ষেত্রে শিল্পের উৎপাদন বেড়েছিল শতকরা ৪০ ভাগ, আর তখন এখানে আপনাদের নেতৃত্বে উৎপাদন কমেছিল শতকরা ৪০ ভাগ। আমাদের সময়ে শিল্পের উৎপাদন অবশ্য খুব বাড়েনি, কিন্তু অন্ততঃ শতকরা ২ ভাগ করে বেড়েছে। গত ৫ বছর ধরে প্রতি বছরই শিল্পের উৎপাদন বেড়েছে। ক্ষুদ্র শিল্পে আপনারা যা কল্পনাও করতে পারেননি, সেই জিনিষ এখানে হয়েছে। আমাদের তাঁত শিল্পে হয়েছে—এইসব ব্যাপারে বাজেট সেসানে হিসাব আগেই দেওয়া হয়েছে। এখন ২৫।৩০টি কেন্দ্র হয়েছে। হ্যাণ্ডলুম সেক্টরে শিল্পের অগ্রগতি যা হয়েছে তা কল্পনাতীত। তবে অন্যান্য প্রদেশে এই ব্যাপারে সাহায্য করতে বিভিন্ন প্রতিষ্ঠান সমূহ—ইণ্ডাস্ট্রিয়াল ফিন্যান্স কর্পোরেশান, ইণ্ডাস্ট্রিয়াল ডেভালপমেণ্ট, ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, ইণ্ডাস্ট্রিয়াল ক্রেডিট এ্যাণ্ড ডেভালপমেণ্ট কর্পোরেশন অফ ইণ্ডিয়া—যেভাবে এগিয়ে এসেছে, পশ্চিমবাংলার বুকে সে সব কিছুই হয়নি।

ওরা কোনদিনই লড়াই করেননি এর বিরুদ্ধে। কংগ্রেসী সরকার কোনদিন কিছু বলেননি। তারপরে ডাঃ রায় দুর্গাপুর দিয়ে দিলেন, আমাদের সমস্ত অধিকার ছিল এবং সমস্ত অর্থনৈতিক সুবিধা ছিল সব কেড়ে নিয়ে ওরা চলে গেল। এটা ঘটেছে শ্রীকৃষ্ণমাচারীর আমলে। সমস্ত দিয়ে উনি বলেছিলেন আমাদের, তখন আমি বললাম বড়লোকদের আপনি আরো বড়লোক করলেন আর আমরা গরীব হচ্ছি। এই তো করে গেছেন সব। আমি বলেছিলাম আমাদের অন্ততঃ কিছু কাঁচা মালের দরকার সেগুলি অন্ততঃ আমাদের দিন। আমাদের পশ্চিম বাংলায় তেলের থেকে আরম্ভ করে সমস্ত রাসায়নিক দ্রব্য, অমুক-তমুক নানারকম জিনিষ আছে, সেগুলি আমাদের দিন, আমাদের

তো কিছুই দিচ্ছেন না। এক দামের ক্ষেত্রে আমাদের কয়লা, আমাদের ইস্পাত এক দামে পাচ্ছে, অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে তারা কম দামে পাচ্ছে, এই জিনিস তাদের থেকে হচ্ছে, অথচ আমরা কম দামে কয়লা পাচ্ছি না, ইস্পাত পাচ্ছি না। এই ব্যাপারে তো একটি কথাও বললেন না বা তাদের মুখ থেকে শুনলাম না, কংগ্রেসীদের কাছ থেকে কি করে শুনবো ওরা তো অপরাধি, ওরা তো বশংবদ কতগুলি কথা বলতে হয় তাই বলে গেল। ৮ম ফিনান্স কমিশনের কাছে আমরা সবাই বিভিন্ন রাজ্য থেকে মেমোরানডাম দিয়েছিলাম। কংগ্রেসী মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী বিভিন্ন রাজ্যের আমাদের সঙ্গে একমত হয়ে একই কথা বলেছেন ৮ম ফিনান্স কমিশনের কাছে। বিহারে তো একজন লোকের চাকুরীই চলে গেল। সে নাকি বলেছিল বিহারের সম্পদ বাইরে চলে যাচ্ছে, তবে কি কারণে গেছে আমি জানি না। কেন্দ্রীয় সরকারের জন্য এই জিনিষ হচ্ছে, ওদের নীতির জন্য এই জিনিষ হচ্ছে, ওরা আমাদের কোন জিনিস দিচ্ছে না। আমাদের ইস্পাত, আমাদের কয়লা ভারতবর্ষের বাইরে চলে যাচ্ছে অথচ আমরা এক দামে পাচ্ছি না। আমরা ১৯৭৭ সাল থেকে বলেছি এবং আগেও বলেছি এই ব্যাপারে। এখন কেন্দ্রীয় সরকার আবার সারকারিয়া কমিশন বসিয়েছেন। দক্ষিণ ভারতে পরাজিত এবং পর্য্যুদস্ত হওয়ার পরে এই কমিশন বসিয়েছেন। এটা করেছেন ভালো কিন্তু এখানে যেন কোন ফাঁকির ব্যাপার না হয়। এটা করা হয়েছে কেন্দ্র-রাজ্য সম্পর্ক ভালো করার জন্য, কেন্দ্র-রাজ্য সম্পর্ক আরো ভাল হলে খুশী হবো। ন্যাশনালাইজড্ ব্যাঙ্ক যেগুলি তারা আমাদের ৭০ শতাংশ ক্রেডিট দিতে পারে কিন্তু দেন না। তার মানে ৫ হাজার কোটি টাকা ইনভেস্ট করতে পারেন কিন্তু তারা দেন ৩ হাজার করে। এই ব্যাপারে তো আপনারা কিছু বলেন না ? এটা কি বললেও ইন্দিরা গান্ধী রাগ করবেন ? এটাতে অন্তত সমর্থন করুন। যেখানে এত টাকা খরচ হচ্ছে সেখানে আমাদের অন্তত আমাদের কিছু দিক। পেট্রোকেমিক্যালসের কথা আগেই বলেছি, আমাদের সম্পদ সংগ্রহের ব্যাপারে আমাদের পশ্চিমবাংলায় সব থেকে কম কেন তার উত্তর ডাঃ মিত্র দিচ্ছেন এবং প্রণব মুখার্জী সেটা মেনে নিচ্ছেন। প্রথমে ২-৩ বছর অত বন্যা, খরা এবং মন্দা গেছে, এর মধ্যে তো হতে পারে না। সেটা প্রণববাবু স্বীকার করেছেন। এই সত্যি কথাটা অন্তত স্বীকার করুন এই ৩ বছরে আমরা যে সম্পদ সংগ্রহ করেছি তা ভারতবর্ষের সমস্ত রাজ্য মেলালেও তা দেখা যাবে না। এই কথা রিজার্ভ ব্যাঙ্ক থেকেও বলেছে। তার পরে ওদের আপত্তি বামফ্রন্ট সরকারের তরফ থেকে ২৮ তারিখে একটি হরতাল ডেকেছেন বলে। এই ব্যাপারে তো ওদেরও বক্তব্য শুনতে হবে। কংগ্রেস তো একটা দল, ওরা কি বলছেন সেটাও তো শুনতে হবে। এখানে তো নিজেদের পাপ ঢাকবার কোন ব্যাপার নেই, ওরা যা ছিল তাই আছে, লোকে সেটা দেখছে। আমাদের পেট্রো-ক্যামিক্যালস্ কারখানা গেল, আমাদের ইলেকট্রনিকস্ কারখানার জন্য যে ১০০ একর জমি রেখে দিয়েছিলেন সল্ট লেকে তার কি হোল ? এই ব্যাপারে ওরা প্রতিশ্রুতিবদ্ধ ছিলেন। এখন সেটা চলে গেছে উত্তর প্রদেশ এবং হরিয়াণার হাতে। এই ব্যাপারে তো ওরা একটি টু শব্দও করছেন না। এইভাবে আমাদের জাহাজ নির্মাণের কথা তো ছেড়েই দিলাম, জাহাজ মেরামতের যে কারখানা খোলার কথা ছিল সেটাও হোল না এবং এই ব্যাপারে কোন উচ্চবাচ্চাও করছেন না। ট্রাক ম্যানুফ্যাকচারিং ইউনিটের

যে কারখানা হওয়ার কথা ছিল তার তো কিছুই হচ্ছে না। এখানে যদি কিছুই না হয় তা হলে বেকারদের চাকুরী হবে কি করে? একটা পেট্রো-কেমিক্যালস্ কারখানা হওয়া মানে সেখানে অনেক উপকার হোত কিন্তু তা না করে সমস্ত জমি বিতরণ করে দেওয়া হোল এবং কিনেও নেওয়া হয়েছে। আমাদের বেকার ছেলেরা অপেক্ষা করছে. এখানে একটা কিছু এমন হোক যাতে শত শত কারখানা হতে পারে। এখানে ডাউন স্ট্রিমে যদি কিছু কারখানা হয় তাহলে অনেক সুবিধা হবে। কিন্তু সেই ব্যাপারে বিরোধীপক্ষের কংগ্রেসী বশংবদরা কিছু তো বললেন না। ইন্দিরা গান্ধী আমাকে বলেছিলেন ১৯৮০ সালে এবং আমিও তাঁকে বলেছিলাম যে আমরা আর কিছু না পারি দেশের ঐক্য রক্ষা অন্তত করবো। কিন্তু আজকে কি ঐক্য রক্ষা হচ্ছে? কোনটাই হয়নি। পাঞ্জাবের দিকে তাকান—এর জন্য কংগ্রেসী প্রধাণত দায়ী। এখন অবশ্যি শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন যে আমি তো বলিনি, আমি তো আপনাদের সাহায্য করতে রাজি আছি। পাঞ্জাব এবং বিভিন্ন জায়গায় দেখুন কিভাবে হরিজনদের উপর আক্রমন হচ্ছে! হিন্দু-মুসলমানদের দাঙ্গা হচ্ছে। আমাদের কংগ্রেসীদের সঙ্গে যত পার্থক্যই থাকুক না কেন আমরা তো চাই না যে দেশটা ভাগ হয়ে যাক। বিচ্ছিন্নতা-বাদের আন্দোলন হোক এটা তো আমরা চাই না, এই রকম দুর্দশা হোক এটা তো আমরা চাই না। আমি মস্কো যাবার দিন ইন্দিরা গান্ধীর সঙ্গে দেখা করেছিলাম। সেখানে তাঁকে আমি বলেছিলাম এই প্রথম আমি আপনার মুখে সেণ্ট্রাল ইনটেলিজেন্স এজেন্সির নাম করছেন—আমেরিকার গুপ্তচর বিভাগ।

[5-30—5-40 p.m.]

কোনদিন এদের নাম করেন নি। আপনি জানেন না কোথায় ওরা কি করার চেষ্টা করছে? তিনি বললেন Look, I have mentioned their names earlier also. Any way I do not remember. আমি বললাম ভালই করেছেন শত্রুকে চিনতে হবে, জানতে হবে কারা এ সমস্ত করছে। কিন্তু কংগ্রেস কি করছে। আমাদের সাহায্য চেয়েছেন আমরা দিয়েছি। ওরা যে সমস্ত উচিত কথা বলছে তা নয়। সেখানে রাজনৈতিক নানা রকম খেলা চলছে। সে জন্য আমরা বলছি বিচ্ছিন্নতার বিরুদ্ধে আমরা দেশের ঐক্য, সংহতি চাই এবং এজন্য কংগ্রেস সরকারের উপরে নির্ভর করলে হবেনা। সেজন্য বামপন্থী দলেরা বলছেন পশ্চিমবাংলার উপর যে অত্যাচার করা হচ্ছে এবং দেশের ঐক্য, সংহতির জন্য আমরা হরতাল ডেকেছি। এতে বিরোধী দলও যোগ দিতে পারেন, কোন ক্ষতি নেই। আপনাদের কংগ্রেস দলের কে প্রেসিডেণ্ট হবেন তা নিয়ে নির্বাচন করার দরকার নেই, ইন্দিরা গান্ধীর দিকে তাকিয়ে থাকতে হবে। অর্থাৎ উনি কাকে প্রেসিডেণ্ট, সেক্রেটারী করবেন তাই হবে। এটা কোন রাজনৈতিক দলে হতে পারে?

(গোলমাল)

আমার শেষ কথা আমরা এই অনাস্থার বিরুদ্ধে এবং বলতে চাই যে কক্ষপ গোষ্ঠী দিয়ে কিছু হবে না। এদের মানুষ বর্জন করেছে। আমরা চাই আরও বর্জন করুক তা না হলে সর্বনাশ হয়ে যাবে আমাদের, পশ্চিম বাংলার এবং ভারতবর্ষের।

**Shri Gyan Singh Sohanpal** : Mr. Speaker, Sir, I rise on a point of personal explanation. I mnst respectfully beg to submit that the Hon'ble Chief Minister, during the course of his speech, stated that all the Congress Ministers were corrupt.

**Shri Jyoti Basu** : Some of them.

**Shri Gyan Singh Sohanpal** : I wa s also a Congress Minister, and I say with all commands at my disposal, so far as the honesty is concerned} I am second to none. I challenge this statement and request the Chief Minister to appoint a Commission of under the Commissions Enquiry Act to enquire and know about it. If he can establish it I will resign from my seat. If not, what the Chief Minister will do—I leave it to him to decide.

**ডাঃ জয়নাল আবেদীন** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধান সভায় বাংলার সর্ববৃহত আকারের মন্ত্রী সভার বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছি তাতে মুখ্য মন্ত্রীর বক্তব্য শুনে এই প্রত্যয় হয়েছে আমরা উচিত কাজ করেছি। তিনি একই কথা বলেছেন। যদি একই অপরাধ করে থাকেন তাহলে আমরা কি ভিন্ন অভিযোগ করব ? আমরা বলে এসেছি এবং বলে আসছি আপনারা জংগলের রাজত্ব কায়েম করেছেন, বাংলাকে ভিখারী করেছেন, কাঙালী করেছেন, ধ্বংস করেছেন, কৃষ্টিকে ধ্বংস করেছেন। বার বার আপনারা এই অপরাধ করবেন আমরা কি অন্য কথা বলব ? দিস গভর্ণমেণ্ট ইজ টায়র‍্যাণ্ট এটা আপনাদের ঐতিহ্য। আপনারা, কমিউনিষ্টরা হিংসার আশ্রয় নেননি ? হেয়ার আই বেগ টু রেফার ফ্রম দি রাইটিংস অব এ গ্রেট র‍্যাইটার অব দি মডার্ণ এজ। আজকে এখানে যে হিংসার প্রতিষ্ঠা করেছেন মুখ্যমন্ত্রী প্রসঙ্গক্রমে স্বীকার করেছেন যে বাংলায় প্রতিদিন 8 জন খুন হয়। আজকে ওরা ভারতের অন্যান্য রাজ্যের কথা বলেন, ওঁদের নিজের রাজ্যে কি হচ্ছে ? মুখ্যমন্ত্রী মহাশয় ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের একটা আষাঢ়ে গল্প করলেন যে ওঁদের নাকি ১১শো জন খুন হয়েছে। আমরা জানতে চেয়েছিলাম মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছে এই খুনের একটা হিসাব দিয়ে লিস্ট দেবেন কি ? তিনি এখনও তা দেননি। আপনারা আমার ওয়েষ্ট দিনাজপুরে ১ হাজার মানুষকে খুন করেছেন এই ৬ বছরে এবং এই পঞ্চায়েতের ১৬ জনকে খুন করেছেন, মুর্শিদাবাদে ১৭ জনকে খুন করেছেন। স্যার, কি বলে এই সিস্টেম সম্বন্ধে—দে আর দি সাপোর্টাস অব ভায়োলেন্স। গভর্ণমেণ্ট যেখানে খুনের উস্কানি দেয়, খুনকে যেখানে প্রশ্রয় দেয় সেই গভর্ণমেণ্টসম্বন্ধে কি বলে আজকে আপনার কাছে আমি তুলে ধরব একটা কোটেশান। আপনারা গণতন্ত্রের কথা বলেন, জ্যোতিবাবু কি উত্তর দেবেন এক দলীয় শাসন ব্যবস্থা ছাড়া দু'দলের অস্তিত্ব স্বীকার আর কোন দেশ করেছিল কি ? কোন সমাজতান্ত্রিক দেশ স্বীকার করেনি। কংগ্রেসের কে প্রেসিডেণ্ট হবে তাই নিয়ে আমাদের পার্টির ব্যাপারে আপনি নাক গলাতে আসবেন না। আমি জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করি আপনার পার্টিতে ক'টা নির্বাচন হয়েছে ? এর উত্তর আপনি দিতে পারবেন কি ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে যে জংগলের রাজত্ব চলছে হিংসার রাজত্ব চলছে আমি একটা উদ্ধৃতি আপনার নজরে আনছি।

"In fact, the working of democracy rests largely upon the understanding that a Government which attempts to misuse its powers and to establish itself as a tyranny (or which tolerates the establishment of a tyranny by anybody else) outlaws itself and that the citizens have not only a right but also a duty to consider the action of such a Government as a crime, and its members as a dangerous gang of criminals". This is the observation of a great philosopher.

স্যার, এবারে আমি আসার বক্তব্যে ফিরে আসি। মাননীয় মুখ্যমন্ত্রী ঠিকই বলেছেন যে ভারতবর্ষের কোন কোন প্রান্তে অশান্তি দেখা দিয়েছে। আপনি ইন্দিরা গান্ধীকে সাহায্য করতে চাইছেন, কংগ্রেসকে সাহায্য করতে চাইছেন, সেজন্য ধন্যবাদ কিন্তু ভারতবর্ষের বাইরে প্রতিবেশী রাষ্ট্রের উস্কানির মাধ্যমে ভারতবর্ষের মধ্যে অন্যান্য প্রান্ত কি উস্কানি পাবে না? আজকে আসামে যে বিচ্ছিন্নতাবাদ দেখা দিয়েছে সেই সময়ে বাংলার আকাশে বজ্র ডেকে কেন্দ্রের বিরুদ্ধে কতকগুলি অসত্য কথা যদি পরিবেশন করা হয় তাহলে কি এখানে অশান্তি দেখা দেবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাংলা ক্রন্দনরত, হোল বেঙ্গল ইজ উইপিং। বাঙালী আজকে অনাহারক্লিষ্ট, বাঙালী অর্ধাহারে জর্জরিত। স্যার, মহামতি গোখলে একদিন বলে গিয়েছিলেন—হোয়াট বেংগল থিংক্স টু-ডে, দি রেস্ট অব ইণ্ডিয়া থিংক্স টুমরো। জ্যোতিবাবু কি করেছেন সেই বাংলার জন্য?

[5-40—5-50 p.m.]

ভারতবর্ষের ২২টি রাজ্যে যেখানে ২ কোটি ৯ লক্ষ বেকার সেখানে এই পশ্চিম বাংলায় বেকারের সংখ্যা হচ্ছে ৩৬ লক্ষ। এখানে মনে রাখতে হবে আমাদের পপুলেসন হচ্ছে ৮ পারসেণ্ট। আমাদের ফুড মিনিস্টার এখানে রয়েছেন, তিনি জানেন প্রতি মাসে আমাদের ৪ লক্ষ টন খাবার আসে পাঞ্জাব এবং হরিয়ানা থেকে এবং তার মূল্য হল ৫০০ কোটি টাকা। এতগুলো টাকা আমাদের এখান থেকে বাইরে চলে যাচ্ছে প্রতি ম সে পশ্চিমবাংলায় কোন সম্পদ সৃষ্টি হয়নি, ইণ্ডাস্ট্রি বাড়েনি, ক্ষুদ্র শিল্প বাড়েনি, সেভিংস্ বাড়েনি এবং তার জন্যই এই বেকারের সংখ্যা বাড়ছে। আপনি বলেছেন বিদ্যুত উৎপাদন ইস্টার্ণ জোনে ১৭ পারসেণ্ট কমেছে এবং এখানে ৯'২ পারসেণ্ট কমেছে। কিন্তু আমাদের এখানে অভিজ্ঞতা হচ্ছে, লোড সেডিং নেভার হ্যাজ এ্যাজিউম্‌ড্ ইন সাচ এ প্রোপোর্সন অ্যাজ ইট ইজ টুডে। আজকে ইন্সটল্ড ক্যাপাসিটির জেনারেশন হচ্ছে থার্টি পারসেণ্ট সেটা কি আপনি অস্বীকার করতে পারেন? একটা পাওয়ার প্লান্টের জেসটেসন পিরিয়ড হচ্ছে ওনলি থার্টি সিক্স মান্থস। আজকে বিদ্যুত মন্ত্রী জবাব দেবেন, দুর্গাপুরের সিক্সথ ইউনিট—এর ইনফ্রাসট্রাকচার ওয়াজ মেড ইন আর্লি নাইনটিন সেভেনটি সিক্স কিন্তু আজকে ১৯৮৩ সালেও সেই সিক্সথ ইউনিট কেন কমিসণ্ড হল না? তারপর, কোলাঘাটের ফাইল নাকি আপনি খুঁজে বার করেছেন। আমি জিজ্ঞেস করি একটা বিদ্যুত প্ল্যাণ্টের জেসটেসন পিরিয়ড যদি ৩৬ মাস হয় তাহলে এই সাড়ে ছয় বছরে ফার্স্ট ইউনিট অব কোলাঘাট কেন কমিসণ্ড হল না? এর জবাব কি দেবেন? বিশেষজ্ঞরা এসেছিলেন কিন্তু You have not given them access to enquire even not to cure, not to

suggest the remedy. এই হল আপনাদের অবস্থা। খাদ্যের কথা আগেই বলেছি প্রতি মাসে ৪ লক্ষ টন খাদ্য আসে বাইরে থেকে বিকজ ইউ হ্যাভ নট প্রোকিওর্ড বাট ইউ হ্যাভ প্লিজড দি মিল ওনার্স। বাংলায় এক সময় ৭৫০টি রাইস মিল ছিল, কিন্তু আপনাদের আমলে অপারেসনে আছে মাত্র ৪৫০টি। পঞ্চায়েতের জন্য টাকা তুলতে হবে সেইজন্য You have procured internally to the extent of only 25,000 metric tons and you are going to Delhi with a begging bowl, urging 'give us rice. We are hungry'. Are you not ashamed for that? লজ্জার একটা সীমা থাকা দরকার। এবারে জিজ্ঞেস করি ইনডাস্ট্রিয়াল প্রোডাকসন কোথায় হয়েছে, ইনভেস্টমেণ্ট কোথায় হয়েছে? কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণববাবু বলেছেন পাবলিক সেক্টরে ইনভেস্টমেণ্ট পশ্চিমবাংলায় যথেষ্ট রয়েছে। এডিসন্যাল ইনভেষ্টমেণ্ট সম্বন্ধে সাত্তার সাহেব বলেছেন। কিন্তু আমরা দেখছি শ্রমিক এবং ইণ্ডাস্ট্রিয়াল রিলেসনের জন্য, ল অ্যাণ্ড অর্ডারের জন্য, বিদ্যুতের জন্য তারা এখান থেকে গোটাতে বাধ্য হয়েছে। মাননীয় সদস্য দেওকী নন্দন পোদ্দার মহাশয় বলেছেন, কি করে ইণ্ডাস্ট্রিয়াল প্রোডাকসন হবে? ৩ বছর ধরে বন্ধ হয়ে রয়েছে বিদ্যুতের অভাবে। প্রবীরবাবু অবশ্য বলেছেন আমাকে নাম দিন। উনি যত কথাই বলুন না কেন আমরা দেখছি এখানে কোন নিউ ইনভেষ্টমেণ্ট নেই। আমি ইতিপূর্বে বলেছি বেঙ্গল হচ্ছে টপ—

Bengal is at the topmost position among the existing units in the country. 25% happen to be sick because of bad management. Law and order and electricity are the main problems. Can you deny it? 25% have become sick. এখানে আই ডি বি আই এবং আই আর সি আই-র কথা বলা হয়েছে। IRCI authority operated in West Bengal whole-heartedly. Units are not saved because of the problem of law and order situation, because of the electricity failure and because of your industrial dispute. Those sick units which are adopted by IRCI have again become sick. Is it not national loss? আই ডি বি আই আসবে কি করে? আপনারা নিজেরা রিজার্ভ ব্যাঙ্কে ধর্মঘট বাধান, ব্যাঙ্কে ধর্মঘট বাধান। আপনি সুব্রত মুখার্জিকে ভয় দেখিয়েছিলেন যে ১০ লক্ষ টাকা ড্যামেজ করেছে, তো আপনি আরও ১০ লক্ষ টাকার কথা নিয়ে আসুন না—কিন্তু এতে কংগ্রেস ভয় করে না। আপনার হিম্মত আছে মাননীয় জ্যোতি বসু মহাশয়? আপনার মন্ত্রীদের বিরুদ্ধে তো আমরা এই হাউসে একাধিক অভিযোগ দিয়েছিলাম Can you set up a commission? Are you

bold enough, are you courugeous enough to set up a Commission of Enquiry to get into the merits and demerits of the allegations ? আমরা চলে যাবার পর ১৯৭৭ সালে আপনি ৭টি কমিশন বসিয়েছিলেন তার মধ্যে পাঁচটি কমিশন তো উঠে গিয়েছে নাথিং হ্যাব বিন ডিসচার্জড দেয়ার। আপনি তো সাত বছর গদিতে বসে আছেন একটা মিনিস্টারকে তো বলতে পারলেন না ? আজকে শ্রীজ্ঞান সিং পারসোনাল এক্সপ্ল্যানেশন দিলেন—আমারও তো সেই একই পারসোন্যাল এক্সপ্ল্যানেসন। আপনার বক্তৃতা তুলে বলছি ঐ কেস সম্বন্ধে। আপনাদের মন্ত্রী হলেই তো সে নাকি সর্বজ্ঞ হয়ে যায়, পণ্ডিত বেনে যায়। এই ব্যাপারে তো কোন কিছু নাই। আই চ্যালেঞ্জ ইউ। আজকে দেখছি একটা সঙ্গীত শিল্পীকে নিয়ে আপনার এক মন্ত্রী নির্লজ্জ ব্যবহার করছে আর আপনি তাকে সার্টিফিকেট দিচ্ছেন। আপনাদের কন্ট্রাডিকসনের জবাব কি আছে ? হাইকোর্ট আপনাদের কান মুলে দিয়েছে Everybody has the freedom of earning by songs and dance. লজ্জা থাকলে জ্যোতিবাবু আপনার দপ্তরের অধীনে এক মন্ত্রীর বিরুদ্ধে হাইকোর্ট যে মন্তব্য করেছে তাতে তার পদত্যাগ করা উচিত ছিল। লজ্জা আপনাদের আগেও ছিল না—স্বাধীনতার আগে—আপনারা স্বাধীনতার বিরোধিতা করেছিলেন—আর আজকেও নেই। স্বাধীনতার উত্তরকালে আপনারা লজ্জাহীন ছিলেন আর ক্ষমতায় এসে আরও লজ্জাহীন হয়ে পড়েছেন। রেজিগনেশনের প্রশ্ন উঠে না। মাননীয় অর্থমন্ত্রী পরাজিত হয়েছিলেন, ধরাশায়ী হয়েছিলেন ডাঃ হৈমী বোসের কাছে। তাকে রিহ্যাবিলিটেসন করার মানসে আপনি এ্যাডমিনিস্ট্রেসন রিফর্মস কমিটি তৈরী করেছিলেন, যদিও আপনি এই পলিসিকে এককালে নিন্দা করেছিলেন প্রফুল্ল সেন যখন লেজিসলেটিভ কাউন্সিল দিয়ে এসেছিলেন। তিনি রিপোর্ট দিয়েছেন এপ্রিল ১৯৮৩ সালে এবং তাতে as many as 99 সুপারিশ আছে। আমরা যেগুলি জরুরী বলে মনে করি—আপনার সাহস আছে সেগুলিকে কার্যকরী করার ? না, রাজনৈতিক মুনাফা লোটার জন্য আপনি একটি সুপারিশও কার্যকরী করেননি। আমাকে জবাব দিয়েছিলেন যে এখনও পরীক্ষা-নিরীক্ষা হচ্ছে, আমাদের সিদ্ধান্তে আসতে আরও ছয় মাস সময় লাগবে। ওইখানেই আমাদের আপত্তি। এদের সময় জ্ঞান নেই ৬০ সেকেণ্ডে এক মিনিট, ৬০ মিনিটে এক ঘণ্টা ২৪ ঘণ্টায় এক দিন ত্রিশ দিনে এক মাস এবং ৩৬৫ দিনে এক বছর—এই বোধ এদের নেই। তাই আপনাদের সাড়ে ছয় বছর কার্যকাল ছয় বছরে আপনারা কি করেছেন ? কলকাতা করপোরেসন টেক ওভার ব্যাপারে আপনারা নিন্দা করেছিলেন। নির্বাচন করেছেন ? মরিচঝাঁপি সম্পর্কে কথা বলার হিম্মত নাই। আপনারা পঞ্চায়েত নির্বাচনের কথা বলেন ? পঞ্চায়েত নির্বাচনে আপনারা কি করেছেন ? হাওড়ায় নির্বাচন করতে পারেননি। আজকে কলকাতায় নির্বাচনের জন্য কি করেছেন ? বেহালার সঙ্গে গার্ডেনরীচের সঙ্গে কলকাতাকে ডাইলিউট না করতে পারলে কলকাতাকে ধোকা দেওয়া যাবে না। তাই সেই আইন কার্যে পরিণত হয় তার আবার সংশোধন এনেছেন। আর পঞ্চায়েত নির্বাচনের ব্যাপারে আমরা অভিযোগ করেছিলাম ১৯৮২ সালের ভোটার লিস্টগুলি ছিল কারচুপিতে ভরা। আপনারা এ্যাসেম্বলীর চ্যালেঞ্জ ভোটার লিস্ট-এ পঞ্চায়েত নির্বাচন করেছিলেন। তাহলে জ্যোতিবাবু মহাশয় আপনাকে চ্যালেঞ্জ করি কটা সিট পেয়েছেন জেলা পরিষদে পশ্চিম দিনাজপুর, মালদায়, মুর্শিদাবাদে ?

ন্যাশনাল ডেভেলপমেণ্ট কাউন্সিলের মিটিংয়ে গিয়েছিলাম সেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছিলেন, "দিস ইজ দি প্রডাকটিভিটি ইয়ার, এই বছরটাকে প্রডাকটিভিটি ইয়ার করতে হবে।" আমরা বলেছিলাম প্রডাকশন বাড়ানো তো ভালই। ওঁরা হিসেব দিয়েছিলেন যে এখন দেশের শতকরা ৫০ ভাগ মানুষ দারিদ্র সীমার নীচে বাস করেন। আরও বলেছিলেন যে আমরা বেকার কমাবো। আমরা সেখানে কোন সই করিনি। আমরা সেখানে জিজ্ঞাসা করেছিলাম গোটা ভারতবর্ষের বেকারের যা লিস্ট আছে—লক্ষ লক্ষ, কোটি কোটি যার সংখ্যা তা কিভাবে কমাবেন? তাঁরা জোর দিয়ে বলেছিলেন যে আমরা কমাতে পারবোই। কিন্তু বর্তমানে এসে আমরা দেখছি গোটা ভারতবর্ষে ২ কোটির উপর বেকার হয়ে গেছে, আমাদের পশ্চিমবঙ্গে তার সংখ্যা ৩৬ লক্ষ। সবচেয়ে বেশী এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ খুলেছি আমরাই। আগের কংগ্রেসী আমলে বেকাররা কখনই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরী পেত না। ওঁদের আমলে মন্ত্রীরা দেশলাইয়ের বাক্সের উপর অর্ডার পাঠিয়ে চাকরী দিতো—প্রশাসনকে একটি দুর্নীতির আখড়ায় পরিণত করেছিল। কিন্তু এখন আমরা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি দেবার ব্যবস্থা করেছি। এতে আমাদের ছেলেরাও চাকরী পাচ্ছে, ওঁদের ছেলেরাও চাকরি পাচ্ছে—ফলে অনেকেই আশান্বিত হয়ে এক্সচেঞ্জে গিয়ে নাম লেখাচ্ছে। ফলে ৩৬ লক্ষ ইতিমধ্যেই নাম লিখিয়েছে। উনি এখানকার বেকার সমস্যার কথা বললেন কিন্তু অন্যান্য রাজ্য তথা ভারতবর্ষের কথা তো কিছু বললেন না? সেটা কি ওঁদের রাজত্ব নয়? তবে আমি বলতে চাই যে সামন্ততান্ত্রিক, ধনতান্ত্রিক ব্যবস্থায় কখনই বেকার সমস্যা সমাধান সম্ভব নয়। আমেরিকা, ব্রিটেন, জার্মানী এমন কি জাপানের মত উন্নত রাষ্ট্রেও বেকার আছে। তাঁরাও এই সমস্যার সমাধান করতে পারেননি। কাজেই আমাদের মত সামন্ততান্ত্রিক, ধনতান্ত্রিক রাষ্ট্রে এই বেকার সমস্যা সমাধান হতে পারে কি? ওঁদের আমলে যেখানে কৃষকরা ছয় মাসের বেশি কাজ পেতো না, সেখানে আমরা তাঁদের আজ নয় মাস কাজ দিচ্ছি। অবশ্য স্বীকার করছি যে পুরো বছরের জন্য কাজ এখনও দিতে পারিনি। কিন্তু এ কাজেও কেন্দ্রীয় সরকার বাধা দিয়েছে, এই প্রকল্পে গম পাঠানো বন্ধ করে দিয়েছে এবং তার উপর দেশে খরা দেখা দেওয়ায় এটা করে উঠতে পারিনি। কংগ্রেস আমলে চার পাঁচ মাসের বেশি কৃষকরা কাজ পেত না। এটাই আমাদের সঙ্গে ওঁদের পার্থক্য।

ওঁরা আরও বলেছেন যে নানা খাতে খরচ করছি আমরা। কিন্তু আমি বলতে চাই—২৮ বছর কংগ্রেস রাজত্ব করেছে পশ্চিম বাংলায় কিন্তু শিক্ষাকে অবৈতনিক করেনি, ছাত্রদের পাঠ্যপুস্তক দেবার ব্যবস্থা করেনি। ওঁদের আমলে মাস্টাররা ঠিকমত মাইনেও পেতেন না, তাঁদের সামাজিক মর্যাদাটুকুও ওরা দেয়নি। কাজেই ওঁদের পাপের প্রায়শ্চিত্ত আজকে আমাদের করতে হচ্ছে এবং হবে। সেখানে আজ ৩৮০ কোটি টাকা খরচ করছি শিক্ষকদের জন্য, তবে এটাতো ব্যবসা নয় যে ৩৮০ কোটি টাকা খরচ করে কিছু পেয়ে যাবো! আমরা ভবিষ্যতের দিকে তাকিয়েই আজ এটা করছি যা ২০ বছর আগেই ওঁদের করা উচিত ছিল। যে দুর্নীতিগ্রস্ত কংগ্রেসী মন্ত্রীসভা এখানে দীর্ঘদিন ধরে ছিল, তাঁরা এ বিষয়ে নজরই দেননি।

এরপর বলেছেন যে পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন ৫.৬৪ শতাংশ কমেছে।

আমি এখানে বলছি যে উনি ভুল বলেছেন। পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন এর চেয়েও বেশী কমেছে। আমি হিসাব দিয়ে বলছি যে এটা ৯.২ শতাংশ কমেছে।

আর ইস্টার্ন জোনে কমেছে শতকরা ১৭ ভাগ, তার মধ্যে পশ্চিমবাংলায় ৯.২ ভাগ। আর অল ইণ্ডিয়ায় হচ্ছে ৯ ভাগ। এই হচ্ছে অবস্থা। আপনারা সকলেই পরিসংখ্যান পান এবং তা সত্বেও অসত্য কথা এখানে পরিবেশন করেন। আর আমি যা বলছি তা সেণ্ট্রাল ইলেকট্রিক্যাল অথরিটির বই থেকে নিয়েছি। আর আপনারা এটা তো বললেন না যে ৪৬০ মেগাওয়াট উৎপাদন আমরা বাড়িয়েছি। জেনারেটিং-এর ব্যবস্থা আমরা করেছি। কোন রাজ্য এটা করেছে? আপনারা জানেন না আপনাদের কত রাজ্যে শতকরা ৫০ ভাগ ডিমাণ্ড সাপ্রেস করেছে? কোথায় করেছে ৩৫ ভাগ, সেখানে আমরা করেছি ১৫ ভাগ। কেউ বলতে পারবে না এখান থেকে কারখানা উঠে গেল বিদ্যুতের জন্য, অমুকের জন্য তমুকের জন্য। অন্য সব নানা কারণ আছে, ছোট ছোট অনেক কারখানার অসুবিধা হচ্ছে, জনসাধারণের অসুবিধা হচ্ছে। এই ব্যাপারে আমরা অবহিত আছি। তার জন্য কি করা যায় সেটা আমরা দেখছি। কৃষি উৎপাদনের জবাব ইতিমধ্যে ভক্তি ভূষণ মণ্ডল দিয়ে দিয়েছেন। বারে বারে এখানে একই অসত্য কথা বলা হচ্ছে। এখানে দেখছি কমল গুহ কি বলেছেন তাই নিয়ে একটা বক্তৃতা করে দিলেন। কিন্তু কমল গুহ প্রথমে যখন বললেন যে আমাদের এখানে ১৯৮০-৮১ সালে কৃষির এতো উৎপাদন হয়েছে যা কংগ্রেস আমলে কোনদিন হয়নি, এই কথা তো কেউ বললেন না। যার যেটা সুবিধে তখন সে সেই উদ্ধৃতি দেবে? আমি দেখছি যে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যদি গড় পড়তা হিসাব ধরা যায় তা হলে দেখা যাবে এখানে কৃষি উৎপাদন হয়েছে ৭৫ লক্ষ টন। এই উৎপাদন তাঁরা পশ্চিমবাংলায় করতে পেরেছে। ১৯৭৭ থেকে ১৯৮২ সাল পর্যন্ত অর্থাৎ এই সরকারের আমলে গড় পড়তা হিসাব ধরলে দেখা যাবে খাদ্য উৎপাদন হয়েছে ৭৮ লক্ষ টন। আমাদের আমলে হয়েছে ৭৮ লক্ষ টন আর ওনাদের আমলে হয়েছে ৭৫ লক্ষ টন। আরো বেশী হ'ত। এই রকম খরা গেলে কি করে উৎপাদন বাড়বে? এমন বন্যা হয়েছে যা ১০০ বছরের মধ্যে হয়নি। কি করে উৎপাদন বাড়বে? ভারতবর্ষের অন্য জায়গায় কমেনি, যেখানে খরা, বন্যা হয়েছে? সেই হিসাবটা দেখলেই আপনারা বুঝতে পারবেন। এই সমস্ত অদ্ভুৎ কথা পরিবেশন করে কি হবে? তারপর আপনারা বললেন দুর্নীতির কথা। কংগ্রেসের কাছ থেকে দুর্নীতির কথা শুনতে হচ্ছে! ফাউনটেন-হেড অফ অল কোরাপ্সান হচ্ছে এই কংগ্রেস সরকার। যদি সব থেকে বড় কিছু অপরাধ হয়ে থাকে এই কংগ্রেস সরকারের—সে দিল্লী থেকে আরম্ভ করে এবং সব জায়গায়—সেটা অর্থনৈতিক ক্ষেত্রে যতটা না বলবো তার চেয়ে বেশী বলবো কোরাপ্সানের ব্যাপারে। এই দুর্নীতিতে দেশটাকে একেবারে খেয়ে ফেলেছে। যার জন্য সমস্ত কিছু থমকে যাচ্ছে। বৈদেশিক ব্যবসা বানিজ্য হলে এতো পারসেণ্ট দিতে হবে—এই সব ওদের মধ্যে আছে। এটা কি ওরা জানেন না? কোথা থেকে ওঁরা এতো পয়সা খরচ করছেন? এইসব টাকা পেয়ে তারা ব্ল্যাক মানি তৈরী করছে। কি করে হাজার হাজার, কোটি কোটি টাকার প্যারালাল মার্কেট তৈরী হচ্ছে? দুর্নীতি না থাকলে এটা হতে পারে কখনও? এর জন্য দায়ী হলো কংগ্রেস সরকার। এটা ওঁনারা ভাল

মানুষকে কাজ করতে দেয় না, এটা আমার কথা নয়, ওদেরই বড় নেতার কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমুনিষ্টরা যখন কোথাও জেতে তখন আমরা দেখি কাজ করে না। ওদের সব চেয়ে বড় নেতা মহামতী লেলিন তিনি বলেছেন যেখানে কমুনিষ্ট আসে সেখানে নাকি কাজ হয় না। আজকে বাংলার সম্পদ সৃষ্টি করতে আপনাদের কাজের পরিবেশ সৃষ্টি করতে হবে। তিনি বলেছেন "This is a burgeous ideal. The workers' revolution, the workers Government, means work, that all shall work, and here you are not working, you are only talking". মাননীয় মুখ্যমন্ত্রী তো বলেছেন কাকে কাজ করতে বলব—চেয়ারকে ? আপনারা কাজের পরিবেশ আনতে পারেননি। বাংলার দুর্ভাগ্য যে এখানে কোন কাজের পরিবেশ নেই। এখানে সব কিছু নন-ফাংসনিং করছে। পাইয়ে দেওয়ার রাজনীতির ফলে বাংলা ভিখারীতে পরিণত হয়েছে, এখানে স্থায়ীভাবে দারিদ্র বাসা বেঁধেছে। গোটা ভারতবর্ষে যদি ৫০ জন দরিদ্র তাহলে তার মধ্যে বাংলায় ৭০ জন দরিদ্র হবে। আপনাদের আনপ্রোডাকটিভ প্ল্যানের জন্য এটা হয়েছে। এখানে অ্যাডাল্ট এডুকেসন নিল, পাবলিক ট্রান্সপোর্ট পলিসি নিল। সেই জন্যই আমরা এই অনাস্থা প্রস্তাব এনেছি এবং আমি আরো জোরের সঙ্গে এই প্রস্তাব পেশ করছি।

[6-00—6-10 p.m.]

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই। আমাদের ২৫ তারিখে জেলা পরিষদের স্থায়ী কমিটির মিটিং আছে। এখানে উনি বলে দিন যে দিস স্থায়ী কমিটির মিটিং শুড বি ক্যানসেল।

**শ্রীসুনীল মজুমদার ঃ** বিধানসভা চলার জন্য আমরা সমস্ত স্থায়ী কমিটির মিটিং এবং জেলাপরিষদের স্থায়ী কমিটির মিটিং যা হবার কথা ছিল সেটা বন্ধ রেখে তারিখের পরে করতে বলেছি। একমাত্র ২৪-পরগণা জেলাপরিষদের স্থায়ী কমিটির মিটিং যেটা ২৬ তারিখে হবার কথা ছিল সেটা হবে আর বাকীগুলি বন্ধ থাকবে।

The motion of Dr. Zainal Abedin that this House expresses its want of confidence in the Council of Ministers, was then put and a division taken with the following results.

NOES

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdul Hasnat Khan, Shri
Abdul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri

NOES

Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit

NOES

Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumalakshmi
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Biren
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakraborti, Shri Subhas
Chakrabortty. Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakrabotty, Shri Shyamal
Chatterjee, Shrl Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Daud Khan, Shri

NOES

De, Shri Bibhuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Robindra
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Haldar, Shri Krishnadhan
Hasim Abdul Halim, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shrlmati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malekar, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Malik, Shri Sreedhar

NOES

Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Mir Abdus Sayeed, Shri
Mir Fakir Mohammad, Shri
Mitra, Dr. Ashok
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjin
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mortaza Hossain, Dr.
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shree Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Oraon, Shri Mohan Lal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy

NOES

Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Prodhan, Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Rai, Shri H. B.
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Rathindra Nath
Roy, Shri Sattik Kumar
Roy, Shri Sada Kanta
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram
Uraon, Shri Sunai

AYES

Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Chowdhary, Shri Abdul Karim
Ghosh, Shri Asok
Ghosh, Shri Prafulla Kanti
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Khaitan, Shri Rajesh
Lutfal Haque, Shri
Mahata, Shri Subhas Chandra

AYES

Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Misra, Shri Kashinath
Molla, Shri Fazle Azim
Moslehuiddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Panja, Shri Ajit Kumar
Ray, Shri Phani Bhusan
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Sha, Shri Ganga Prosad
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS—2

1) Roy, Shri Matish
2) Sarkar, Shri Deba Prasad

The Ayes being 33 and the Noes 180, and the Abstentions 2 the motion was lost.

**Thirty-first Report of the Business Advisory Committee**

**Mr. Speaker :** I now Present the Thirty-first report of the Business Advisory Committee, which runs as follows :

Friday, 16-9-1983

(i) The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour
(ii) The Calcutta University (Second Amendment) Bill, 1983 (Introduction)
(iii) Discussion on Statutory Resolution-Notice given by Shri Kasinath Misra
(iv) The Calcutta University (Second Amendment) Bill, 1983 Consideration and Passing)
(v) The Kalyani University (Amendment) Bill, 1983 (Introduction)
(vi) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashi Nath Misra
(vii) The Kalyani University (Amendment) Bill, 1983 (Consideration and Passing)
(viii) The North Bengal University (Amendment) Bill, 1983 (Introduction)
(ix) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra

(x) The North Bengal University (Amendment) Bill, 1983 (Consideration and passing)—1 hour

(xi) The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983 (Introduction)

(xii) Discussion on Statutory Resolution—Notice given by Shri Abdul Manna and Shri Kashinath Misra

(xiii) The West Bengal National Volunteer Force (Amendment) Bill,, 1983 Consideration and Passing)— ½ hour

(xiv) Private Member's Business—2½ hours

Wednesday, 21.9.83

(i) The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1½ hours

(ii) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1983 (Introduction, Consideration & Passing)—1 hour

(iii) The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1983 (Introduction, Consideration & Passing) 1 hour

(iv) The Trade Unions (West Bengal) (Amendment) Bill, 1983 (Introduction, Consideration & Passing)—1 hour

Thursday, 22.9.83

(i) The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour

(ii) The Wert Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment, Bill 1983, (Introduction, Consderation & Passising) —½ hourss

(iii) The West Bengal State Premises (Regulation of Occupancy) Bill. 1983 (Introduction, Consideration & Passing)—1 hour

(i) The House will sit at 11 a.m. on the 22nd September, 1983.

(ii) There will be no question for Oral Answers and Mention Cases on the 16th September & the 22nd September, 1983.

I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Patit Paban Pathak** : Sir, I beg to move that the Thirty-first Report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House.

The motion was then put and agreed to.

**Legislation**

The Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1983.

**Dr. Kanailal Bhattacharyya :** Sir, I beg to introduce the Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of Univertakings) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

***Shri Kashinath Misra*** : *Sir*, I beg to move that the Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1983 be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1984.

[6-10—6-20 p.m.]

**Dr. Kanailal Bhattacharya** : Sir, I beg to move that the Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1983, be taken into consideration. Sir, the subject matter of the Bill is included within the entries of the State List and the concurrent list in the Seventh Schedule to the Constitution of India and is within the competence of the State Legislature. The Bill contains provisions for acquisition of property as well as other provisions which are repugnant to the provisions of earlier Acts made by Parliament which are existing laws with respect to certain matters enumerated in the Concurrent List. Assent of President would, therefore, be necessary before the Act comes into force.

2. In course of last 10 years State Government have been appointed as the authorised person in respect of 13 Industrial Undertakings in this State taken over by Government of India under the provisions of Industries (Development & Regulations) Act, 1951. The State Government had to assume full financial and managerial responsibility for running these undertakings under the above arrangements. In terms of Policy decision announced by Government of India in September 1981, the future status of all the taken over units would have to be determined as per guidelines suggested by them within a specified period. It is in pursuance of the various options indicated in that Policy decision that the State Government have decided to acquire the assets of this undertaking.

3. The management of the undertaking known as Mrs. Eastern-Distilleries (Private) Ltd. was taken over under section 18A of Industries (Development & Regulations) Act, 1951, for a period of 5 years with effect from 8 10.1974 and effective possession by the Authorised Controller was taken on 11.10.74. By an order dated 1.5.79 Secretary, Closed & Sick Industries Department (now re-named as Industrial Reconstruction Deptt.) was made the Authorised Controller for the management of the unit. The period of take over was extended from time to time by Govt. of India and the present term expires on 31.12.1983.

4. The undertaking is situated at B. L. Saha Road in the South Subarban Municipality on a land measuring 8.21 acres on a long term lease from the State Govt. The Unit produces liquors and industrial alcohol employing about 250 persons. The installed capacity is 30 lakhs proof litres of alcohol. The unit started earning profit from the 2nd year of operation after after take over of management and has already paid back the loan with interest taken from Govt of West Bengal. Most of its past liabilities have already

been met from its own resources and it has been meeting its current liabilities and dues from its own resources. The unit has contributed about Rs. 12 crores 78 lakhs to the State Exchequer by way of Excise Duty and Sales Tax in the last three years.

5. The amount of compensation payable for acquisition of this unit would be Rs. 7.62 laks. In addition, an amount of Rs. 3,000/- has been fixed as one time lump sum payment for deprivation of management. An order of priority for the discharge of pre-take over liabilities of the unit has been indicated in the Schedule of the Bill and the Commissioner of Payments to be appointed under the Act shall make payment in accordance with such priorities. Every person who was immediately before the date of acquisition of the undertaking employed in the Company shall become after acquisition an employee of the State Govt. or existing Company or the new Government Company as the case may be and shall hold service with the same rights ane privileges as to pension, gratuity, and other matters until his remuneration and other condition of service are duly altered by the State Government or the existing Company or the new Government Company as the case may be. All the provisions of the bill have been drafted in accordance with the provisions of similar legislation passed by the Govt. of India.

6. It has been estimated through a technical study that the unit will require Rs. 112 lakhs in the first two years after acquisition for diversification and modernisation, It will also require an amount of Rs. 37 lakhs as Working Capital during that period. In view of the financial strength of the unit it should be possible to attract institutional finance. It is expected that the Govt. would not have to pay any amount in the post acquisition period for the units further growth.

7. With these statements I would now introduce the Bill for acquisition and transfer of undertakings of M/s. Eastern Distilleries (Private) Limited (Bill No. 40 of 1983) for consideration of the honourable Members.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প বানিজ্য মন্ত্রী মহাশয় যে "দি ইষ্টার্ণ ডিষ্টিলারিস ( প্রাইভেট ) লিমিটেড ( এ্যাকুইজিসন এ্যাণ্ড ট্রান্সফার অফ আণ্ডারটেকিংস ) বিল, ১৯৮৩" নিয়ে এসেছেন. তার উপরে আমি আমার বক্তব্য রাখছি। কার্যাত এই প্রতিষ্ঠানটির ম্যানেজমেণ্ট সরকারের উপরই ন্যস্ত আছে। যখন সরকারের উপর ন্যস্ত আছে তখনতার প্রপার্টিজ যা ক্রিয়েট এবং ট্রান্সফার হবে তার সমস্ত দায় দায়িত্বই সরকারের উপরে চলে আসছে। অতএব সব কিছু দেখে-শুনেই মন্ত্রী মহাশয় এটা করেছিলেন।

এখন সরকারী দৃষ্টিভংগীতে সেটাকে আরো পরিষ্কার করার জন্যই এবং সেখানে কাগজে কলমে স্বচ্ছ থাকার চেষ্টাতেই এই বিলটির অবতারণা করেছেন। বিলের মধ্যে কিছু প্রভিসন রেখেছেন, সেখানে কমিশনার এ্যাপয়েণ্টমেণ্ট থেকে আরম্ভ করে বিভিন্ন ভাবে কার কি দায়িত্ব থাকবে, এবং সম্পত্তির মোটামুটি হিসাব নিকাশ, এবং আরও কিছু

ক্ষতিপূরণ কবে নাগাদ দিতে হবে সব কিছু বিশদভাবে এই বিলের মধ্যে বলেছেন। বস্তুতঃ এমন একটা জিনিষ যে, একটা আণ্ডারটেকিং, সরকার যার ম্যানেজমেণ্ট নিতে চলেছেন, আমরা মনে করি সেটা যখনই করুন তখনই তাদের হয়ে গেছে। কিন্তু শিল্পক্ষেত্রে কতকগুলি জিনিষ আছে। অর্থাৎ সেটা যতক্ষণ না তাদের সম্পত্তির এবং অন্যান্য যে দায় দায়িত্ব আছে সেটাকে পরিষ্কার না করছেন—আমি যেটা আগে বলেছি—কাগজে কলমে জাতীয় করণ হয়েছে কিনা। আমি জানি সেখানে শ্রমিক শ্রেণীর কর্মচারীরা বিভিন্নভাবে উপকৃত হবেন বা হচ্ছেন। আজকে এই জিনিষগুলি আর একটু যদি পরিষ্কারভাবে সরকার সেখানে রাখতে পারেন তাহলে আমার মনে হয় যে সরকার পক্ষেরই সুবিধা হবে। এতদিন ধরে সরকার তাঁদের দায়িত্বে ছিলেন, সেই দায়িত্বটা ঠিকমত পালন করেছেন কিনা সেটা তারা পরিষ্কারভাবে বলতে পারবেন। সেখানে সরকার এই ম্যানেজমেণ্ট নেওয়ার পর থেকে যেভাবে চলছিলেন সেখানে কোন ত্রুটি-বিচ্যুতি কিংবা গাফিলতি আছে কিনা সেগুলি নিশ্চয়ই সরকার তাঁদের দৃষ্টিভঙ্গীতে লক্ষ্য রাখবেন। আজকে যদি এই দায় দায়িত্বের মধ্যে কোন জায়গায় ত্রুটি থাকে সেই ত্রুটি ম্যানেজমেণ্টে সরকার আগেই যাঁদের নিয়ে চালাচ্ছেন তাঁরা নিশ্চয়ই বুঝতে পারবেন। সরকার আরও এই রকম ৬৭টি এই জাতীয় কারখানা এইভাবে আণ্ডারটেকিং করেছেন। নিশ্চয়ই এখন সেটা সুসংবদ্ধ। কিন্তু সেখানে আপনাকে কিছুটা উপলব্ধি করতে হবে যে এমন করে কমিশনারের উপর যে ক্ষমতা অর্থাৎ সরকার এ্যাপয়েণ্টমেণ্ট ব্যাপারে চ্যাপটার ৬ তে কমিশনারের উপর যে দায় দায়িত্ব দিচ্ছেন, সেই ক্ষমতাটা বেশী হচ্ছে কিনা। আর একটি জায়গায় আপনারা দেখবেন যে সরকার যখন তাঁদের যে ক্ষতি পূরণ দেবেন—আইনটা পাশ হয়ে যাবার পর—তখন সেখানে কোন ক্ষতি না হয় সেদিকে অন্ততঃ লক্ষ্য রেখে আইন করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই আইনের মধ্যে আমি এই জিনিষটাই লক্ষ্য করছি সেখানে পেমেণ্ট অফ এ্যামাউণ্ট যা আপনাদের ৯ নম্বর ধারায় বলেছেন—'The amount specified in Section 8 and the amount specified in sub-section (1) of this section shall carry simple interest at the rate of four per cent. per annum for the period commencing on the appointed day and ending on the date on which payment of such amounts is made by the State Government to the Commissioner'.

[6-20—6-30 p.m.]

এটাকে রক্ষা করবার জন্য অনুরোধ করছি। সরকারের অন্যান্য সংস্থার কর্মচারীদের মত এই আণ্ডারটেকিং কর্মচারীদের ক্ষেত্রেও স্বার্থ এক্সপ্যানশন করবেন—এই চিন্তা নিশ্চয়ই থাকবে। ম্যানেজমেণ্টের ক্ষেত্রে প্রাইভেট সেক্টরে যেমন হয়ে থাকে, পাবলিক সেক্টরেও তেমনি আশা করি। কিন্তু বিভিন্ন আণ্ডারটেকিংয়ে যে দুরবস্থা থাকছে, তার কারণ হচ্ছে সরকার ঠিকমত লক্ষ রাখছেন না বলেই এটা হচ্ছে এবং ফলে সরকার লস্ খাচ্ছে। অনেক সময়েই সরকারকে ভর্তুকি দিয়ে চালাতে হয়। এই ভাবে ক্রমাগত ভর্তুকি দিয়ে চালাবার ফলে শেষ পর্যন্ত শ্রমিকরাই ক্ষতিগ্রস্ত হয়।

কাজেই এ দিকটাতে বিশেষভাবে লক্ষ রাখা দরকার। পূর্বে সরকার যে সমস্ত সংস্থার দায়িত্ব নিয়েছিলেন, সেখানকার শ্রমিকদের মত এখানেও সব বেনিফিট দেওয়া হচ্ছে কিনা, সরকারের যে সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া উচিত সেগুলো পাচ্ছে কিনা—সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। যদি কোন ফারাক থেকে থাকে সেদিকে লক্ষ্য দেওয়া দরকার। আমি আশা করি মাননীয় মন্ত্রী কানাই ভট্টাচার্য্য মহাশয় সেদিকে লক্ষ রাখবেন এবং সেখানে যদি ত্রুটি-বিচ্যুতি থেকে থাকে বা সেখানে দক্ষতার যদি কোন ঘাটতি থেকে থাকে—তার প্রতিকার উনি নিশ্চয়ই করবেন। এই কারণেই ন্যাসনালাইজড্ করবার আগে বিলটির সার্কুলেশন চেয়েছিলাম এবং সেই কারণেই আমাদের এই এ্যামেণ্ডমেণ্ট। মাননীয় মন্ত্রীর উদ্দেশ্য প্রশংসনিয়। আগামী দিনে ছয় সাতটি কারখানা অধিগ্রহণ করবেন বলেছেন—সেটাও প্রশংসনীয় হবে। কিন্তু এখানে যে ফারাক থেকে যাচ্ছে, সেদিকটা যদি একটু দেখতেন তাহলে আমাদের কিছু বলবার থাকতো না। আর কিছু না বলে এখানেই বক্তব্য শেষ করছি।

**শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ইণ্টার্ণ ডিষ্টিলারিজ (প্রাইভেট) লিমিটেড (এ্যাকুইজিসন এ্যাণ্ড ট্রান্সফার অফ আণ্ডারটেকিংস্) বিল, ১৯৮৩ যা এখানে মাননীয় শিল্পমন্ত্রী উত্থাপন করেছেন—এই বিলকে আমি শুধু সমর্থনই করছি তাই নয়, ইণ্টার্ণ ডিষ্টিলারিজ কারখানার শ্রমিকদের পক্ষ থেকে, ইউনিয়নের পক্ষ থেকে বামফ্রণ্ট সরকার এবং তার শিল্পমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে সাহস করে শুধু একটি শিল্পকেই রক্ষা করেছেন তাই নয়, সেই শিল্পকে সরকারী আওতায় এনে তার শ্রমিক এবং শিল্পটাকে রক্ষা করেছেন, জাতিয় সম্পত্তিতে রূপদান করেছেন—এটা বামফ্রণ্ট সরকারের বহুমুখী কাজেরই পরিচয়, একটি নতুন পদক্ষেপ আমি বলবো। কিন্তু আমি বুঝতে পারলাম না এতক্ষণ ধরে বিরোধী পক্ষের মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় একটি সংশোধনী এনে অনেক বক্তৃতা রাখছিলেন। আমি বুঝতে পারলাম না সংশোধনী আনার মধ্যে দিয়ে উনি বিলটার বিরোধীতা করছেন, না বিলটাকে বিলম্বিত করবার প্রচেষ্টা করছেন।

আমি এইজন্য কথাগুলো বলছি যে আমি শুধু সেখানকার বোর্ডে আছি তাই নয়, আমি সেখানকার ইউনিয়ানের প্রেসিডেণ্ট এবং ঐ অঞ্চলের বিধান সভার সদস্য। আমি জানি একদল ধানদাবাজ লোক যারা এই কারখানাকে জাতিয়করণ করতে চায় না। বহু কায়দা করে, হাইকোর্ট এবং সুপ্রীম কোর্টের মাধ্যমে এবং নানা অজুহাতে এই কারখানা যাতে জাতীয়করণ না হয় তার চেষ্টা করছে। কিন্তু সরকার সমস্ত দিক চিন্তা করেও এই কাজ হাতে নিয়েছেন। এইজন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। এই বিলের প্রতি প্রতিটি মানুষের আশীর্বাদ আছে। সেই দাবির আজকে সুস্পষ্ট রূপদান হতে চলেছে। এটা জনগণের বহুদিনের দাবি এবং এই দাবিকে আপনারা অভিনন্দন জানাবেন কোথায়, তা না করে এটা যাতে বিলম্ব হয় তার চেষ্টা করছেন। এই বিলের বিরোধীতা মানে বিলম্ব করার প্রচেষ্টা বলে আমার মনে হচ্ছে। এখানে এই বিল সম্পর্কে ধন্যবাদ ছাড়া, অভিনন্দন ছাড়া অন্য কোন উক্তি মানুষের থাকতে পারে না। বিল সম্পর্কে উল্লেখ করে দু-একটি কথা আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রীকে বলতে চাই। আমাদের বোর্ডের তরফ থেকে যারা পরিচালনা

করে—শুধু এটা নয়, প্রায় ১০-১১টি কারখানার পরিচালনায় যারা আছে এবং যেগুলি জাতীয়করণ করা হবে সেই ব্যাপারে নজর দেওয়া দরকার। অনেকগুলি কারখানাকে সরকারের তরফ থেকে ভরতুকি দিতে হয়। কিন্তু এই কারখানাটি, যেটা জাতীয়করণ হতে চলেছে এটাকে সরকারের তরফ থেকে ভরতুকি দিতে হয় না। এই কারখানা সরকারকে বিরাট রেভিনিউ আদায় করার সুযোগ করে দেয়। এই পুঁজিবাদী ব্যবস্থায়, এই ধনতান্ত্রিক ব্যবস্থায়, এই ব্যক্তিগত মালিকানা ব্যবস্থায় যারা ব্যবসা ভিত্তিক শিল্প পরিচালনা করে, শিল্প পরিচালনার ক্ষেত্রে তাদের সমস্ত কিছু সরকারের নিয়ন্ত্রণ করা দরকার। সরকার এই ব্যাপারে সরকারী আমলাতন্ত্রের হাতে যেন ছেড়ে না দেন। আমলাতন্ত্রের লাল ফিতার বাঁধনে দীর্ঘশক্রতায় যাতে শিল্পগুলি পরিচালিত না হয় সেটা দেখা দরকার। শিল্প এইভাবে সঠিকভাবে পরিচালিত হতে পারে না। সবচেয়ে বড় জিনিষ, আমাদের যে বেসরকারী শিল্প সংস্থা আছে তারা বিভিন্ন জায়গা থেকে টেকনিক্যাল নো-হাউ আনে যারা শিল্প সম্পর্কে বিশেষ কিছু জানে এবং সঠিক অভিজ্ঞতা আছে। কারখানার উন্নতি করার জন্য বিশেষ মূল্য দিয়ে তারা তাদের আনে। তারা প্রোজেক্ট রিপোর্ট তৈরী করে, পরিকল্পনা তৈরী করে সঠিকভাবে শিল্প পরিচালনা করার জন্য। আমি মনে করি এই ব্যাপারে সরকারে অর্থ বরাদ্দ করা উচিত। কারণ আমরা জানি যে জলেতেই জল বাঁধে। টাকা ইনভেস্ট না করলে মুনাফা হবে কোথা থেকে? এমনিতে তো মুনাফা হতে পারে না। সরকারী পরিচালনায় যে শিল্প পরিচালিত হয় তার টাকা ইনভেস্ট সরকার করে। কিন্তু যখন সেই শিল্পে অর্থ লগ্নী করা প্রয়োজন তখন সেটা করা হয় না। সময় উপোযোগী অর্থ লগ্নী না করার জন্য শিল্প অনেক মার খায়। সেই ক্ষেত্রে অনভিজ্ঞ সরকারী আমলাদের হাতে শিল্প নির্ভরশীল করে রাখতে হয়। ফলে শিল্প নিজের গতিতে এগিয়ে যেতে পারে না। এই অনভিজ্ঞ লোক দিয়ে শিল্প কখনও এগিয়ে যেতে পারে না। সেইজন্য শিল্প বিশেষ কিছু উন্নতি করতে পারে না। এই শিল্প থেকে অনেক লোক কাজ পায়, অনেক বেকার ছেলে চাকুরী পায় এবং সরকারের রেভিনিউ আদায় করার সুযোগ করে দেয় যার দ্বারা জাতীয় সম্পদ বৃদ্ধি পায়। এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা যদি গ্রহণ করা যায় তাহলে একটা দৃষ্টান্ত স্থাপন করতে পারা যাবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। শিল্প পরিচালনার ক্ষেত্রে সরকারী লাল ফিতের বাঁধনে যাতে দীর্ঘসূত্রতা বজায় না হয় সেই আবেদন রেখে এই বিলকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে এবং মন্ত্রীমহাশয়কে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-30—6-40 p.m.]

**শ্রীভুপালচন্দ্র পাণ্ডা:** আমি এই বিলটিকে পরিপূর্ণ সমর্থন করে সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। ভেষজশিল্পে আমাদের ওয়েস্ট বেঙ্গলের স্থান সারা ভারতবর্ষের মধ্যে শীর্ষস্থানে উপবিষ্ট ছিল। কিন্তু এই ভেষজ শিল্পের অধোগতির অন্যতম কারণ হচ্ছে, এই শিল্পের প্রধান প্রয়োজনীয় যে উপাদান এ্যালকোহল, তার জন্য আমাদের প্রধানতঃ অন্য রাজ্যের উপরে নির্ভরশীলতা। এতদিন যাবত আমরা একান্ত ভাবেই এর উপরে নির্ভরশীল ছিলাম। আজকের এই বিলটি গ্রহণের মাধ্যমে আমি আশা

করব যে, পশ্চিমবঙ্গের ভেষজ শিল্পের ক্ষেত্রে এই প্রতিষ্ঠানটি অনেক শক্তি যোগাবে এবং সেই সঙ্গে অন্যান্য আনুষঙ্গিক শিল্পগুলিকে যথেষ্টভাবে সাহায্য করবে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি মনে করি যে, আমাদের রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানগুলির প্রধান সমস্যা এসে দাঁড়ায় তার ম্যানেজমেণ্টের ক্ষেত্রে। কারণ বহু শিল্প প্রতিষ্ঠানকে সরকারী পর্যায়ে আণ্ডারটেকিং করার পর দেখা গেছে যে—মাননীয় সদস্য নিরঞ্জন মুখার্জী মহাশয় যে কথা বলেছেন, "ভরতুকি দিতে হয়"—অনেক অসুবিধার সম্মুখীন হয়ে ভরতুকী দিতে হয় ম্যানেজমেণ্টকে। অনেক সময় দেখা গেছে, ভরতুকি দিতে দিতে এমন অবস্থার সৃষ্টি হয়, যখন মনে হয়, একে ছেড়ে দিতে পারলেই বাঁচা যায়। একথা ঠিক যে একটা কোম্পানী প্রথমে শিল্প প্রতিষ্ঠান সৃষ্টি করে। আজকালকার দিনে দেখা যায় যে, শিল্পপতিরা তাঁদের পুরানো সাজ সরঞ্জাম ও যন্ত্রপাতি দিয়ে ম্যাক্সিমাম মুনাফা কি করে অর্জন করা যায় সেই প্রচেষ্টা নিতে গিয়েই তাঁরা সেই সব শিল্পগুলিকে রুগ্ন অবস্থায় নিয়ে যান। উপরন্তু ঐ শিল্পে কোন অতিরিক্ত ইনভেষ্টমেণ্ট না করে তা থেকে নিংড়ে সবটুকু গ্রহণ করতে চান। আমি আশা করব, মাননীয় মন্ত্রীমহাশয় এদিকে বিশেষভাবে দৃষ্টি দেবেন, যাতে এখানে শিল্প অধিগ্রহণের পর থেকে সেখানকার শ্রমিক কর্মচারীদের সমস্ত শক্তি ও এনারজি দিয়ে তা প্রকৃত লাভজনক প্রতিষ্ঠানে পরিণতঃ হতে পারে। শিল্প প্রতিষ্ঠানটি যেন কোন ক্রমেই সেদিক থেকে পিছিয়ে না পড়ে, সেদিকে দৃষ্টি দেবার জন্য মাননীয় শিল্প মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শিল্প প্রতিষ্ঠান রাষ্ট্রায়ত্ব করার পরে, সেখানকার সমস্ত শ্রমিক কর্মচারীদের স্বার্থের দিকে যথোপযুক্ত ভাবে দৃষ্টি দিয়ে, তাদের শিল্পের উৎপাদনের ক্ষেত্রে উৎসাহিত ও উদ্বুদ্ধ করে, তাদের কাছ থেকে পূর্ণ সহযোগিতা নিয়ে যাতে কাজে লাগাতে পারেন, তারজন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাহলে আমার মনে হয়, আমরা শ্রমিক-কর্মচারীদের উৎপাদনের ক্ষেত্রে যে ভূমিকা আছে, তাকে আরও এগিয়ে নিয়ে যেতে পারবো এবং ভারতবর্ষের বুকে আমরা এক উল্লেখযোগ্য অবদান রাখতে পারব। এই বলে, এই বিলকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনল মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে এই বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার জন্য অভিনন্দন জানাচ্ছি। তিনি ইতিপূর্বে বহু রুগ্ন শিল্পকে এই ভাবে অধিগ্রহণ করে জাতীয়করণ করেছেন এবং ঐ সমস্ত শিল্প প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিক-কর্মচারীদের দুঃখকষ্ট লাঘবের ব্যবস্থা করেছেন। এই পরিপ্রেক্ষিতে বিরোধী-দলের মাননীয় কাশীবাবু কেন যে বিরোধিতা করেছেন তা নিরঞ্জনবাবু বুঝতে পারেননি। বুঝতে না পারারই কথা। কাশীবাবুর ব্যক্তিগতভাবে এবং দলগত ভাবে দুটো দিক আছে। দলগতভাবে কংগ্রেসের নীতি হচ্ছে, দেশের যারা ক্যাপিটালিষ্ট বা শিল্পপতি, সেই ভেষ্টেড ইনটারেষ্টকে মদত দেওয়া। একজন কংগ্রেসী হিসাবে, কংগ্রেসের এই দলগত নীতির বশবর্তী হয়েই কাশীবাবুকে এই বিলকে বিরোধিতা করতে হয়েছে। কিন্তু কাশীবাবুকে ব্যক্তিগতভাবে জিজ্ঞাসা করলে বলবেন, বিলটি এনে ভালই হয়েছে। ব্যক্তিগতভাবে আমরা জানি, কাশীবাবু একজন ভাল মানুষ, অনেকক্ষেত্রে বক্তব্য রাখতে গিয়ে আমাদের বিভিন্ন কর্মসূচীকে উনি সমর্থন করে কথা বলেন। সেইজন্যই আমরা ধরে নিতে পারি, আমাদের এই বিলকে উনি প্রকারান্তরে সমর্থনই করেছেন। কিন্তু

ওঁদের পক্ষে মুশকিল হচ্ছে, শ্রীমতী ইন্দিরা গান্ধী যেভাবে পা বাড়ান, যে নীতি নিয়ে অগ্রসর হন, তাতে ওঁদের পক্ষে খুবই অসুবিধা হয়।

সেটা অন্ততঃ আপনারা ভেবে-চিন্তে দেখুন। এই যে রুগ্ন শিল্প ছিল সেটাকে অধিগ্রহণ করে ম্যানেজমেণ্ট টেকওভার করার পরেও কিভাবে আজকে সেখানে লোকসান চলছে যারজন্য এই বিল মন্ত্রীমহাশয় এনেছেন সেটা একটু দেখুন। সেখানে কর্মচারীদের কি অবস্থা ছিল। আপনাদের সময়েই ১৯৭৪ সালে এই শিল্পটিকে অধিগ্রহণ করা হয়েছিল, তারপরে ১৯৭৭ সালে থেকে সামান্য সংখ্যা বেড়ে ২৫ হাজারের উপর হোল এবং এখন যে এ্যাসেটস্ ক্যাপিটাল সেটা বেড়েছে। লোন রিপোর্ট দেখুন, লোনের রিপেয় করার ক্ষমতা এখন বেড়েছে। এই শিল্পকে টেকওভার করার ফলে এতে শ্রমিক-কর্মচারীরা উপকৃত হবে। শ্রমিক-কর্মচারীদের নিরাপত্তা যাতে থাকে তারজন্য নিরঞ্জনবাবু যেটা বললেন সেটাও একটু ভেবে দেখবেন। ক্যাপিটাল যাতে বাড়ে তারজন্যও চেষ্টা করবেন তবে কেন্দ্র যদি ধনতান্ত্রিক ব্যবস্থা রেখে শিল্পপতিদের বাঁচিয়ে রাখতে চায় এবং তাদের সম্পদ বাড়াতে চায় তাহলে আপনি কি করবেন? যাইহোক মাননীয় মন্ত্রীমহাশয়কে আবার তার বলিষ্ঠ পদক্ষেপের জন্য ধনবাদ জানাচ্ছি এবং এই বিলকে আন্তরিকভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোটামুটি হাউসের দুই তরফ থেকে এই বিলের প্রতি সমর্থন এসেছে। বিরোধীপক্ষের তরফ থেকে কাশীবাবু যেকথা বললেন সেগুলি সব মেনে নিতে পারলাম না। তার সার্কুলেশান মোশানে যে কথাটি বলেছেন পাবলিক ওপিনিয়নের দরকার আছে এবং ১৯৮৪ সালের মার্চ পর্যন্ত সার্কুলেশান করুন, আমি তাঁকে বলতে চাই যে এই বিলের মধ্যে এমন কোন প্রভিশান নেই যে যাতে নাকি পাবলিক ওপিনিয়নের দরকার আছে। আমি এমন কোন কাজ করছি না যাতে পাবলিক ওপিনিয়নের বিরুদ্ধে আমি করতে যাচ্ছি। আমার দ্বিতীয় কথা হচ্ছে এই বিলের ব্যাপারে ৩১শে ডিসেম্বর পর্যন্ত আমাদের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সম্মতি পেয়েছি। কাজেই আমরা এটাকে ৩১শে আগস্টের মধ্যে আইনে পরিণত করতে চাই। সেইজন্য আমি কাশীবাবুর সার্কুলেশান মোশান গ্রহণ করতে পারলাম না, তার বিরোধীতা করছি। আমার দ্বিতীয় কথা হচ্ছে, নিরঞ্জনবাবু বলেছেন সরকার পক্ষ থেকে এই সমস্ত আণ্ডারটেকিংয়ের উপর নিয়ন্ত্রণ অযথা অন্যায়ভাবে যাতে না করা হয়। আমার বক্তব্য হচ্ছে, আমাদের বামফ্রণ্ট সরকারের নীতি হচ্ছে আণ্ডারটেকিং, পাবলিক আণ্ডারটেকিং যে সমস্ত শিল্প আছে সেগুলি যদি সরকারী আর্থিক সাহায্যের উপর নির্ভরশীল না হয় তাহলে আমরা তার দৈনন্দিন প্রয়োজনে পরিচালনার জন্য কোনরকম হস্তক্ষেপ করি না। নিরঞ্জনবাবু এই বোর্ডে অনেকদিন ধরে আছেন, এবং তিনি বলতে পারেন, তবে অযথা তার বোর্ডে কোনরকমভাবে হস্তক্ষেপ করিনি। যদি সরকারের কাছ থেকে সাহায্য না নেয়, ঠিকমত যদি প্রতিপালিত হয়ে থাকে সরকারী নীতি এবং একটা পয়সাও নেয় না সেই সব ক্ষেত্রে সরকারের হস্তক্ষেপ করার প্রয়োজন নেই। কিন্তু যদি কোন সংস্থাকে সরকার থেকে আর্থিক সাহায্য করতে হয় তাহলে আমাদের সেটা ঠিকভাবে দেখতে হয়।

[6-40 – 6-50 p.m.]

টাকা তাঁরা ঠিকমত খরচ করছেন কিনা এবং কেন তাঁরা টাকা চাইছেন সেটা বিচার করতে হবে। এর জন্য দৈনন্দিন কার্যকলাপের মধ্যে কিছু কিছু হস্তক্ষেপ করতে হয়। এছাড়া আমরা আর কিছু করি না। ভূপালবাবু বললেন শ্রমিক-কর্মচারীরা পরিশ্রম করে এই সমস্ত সংস্থা খাড়া করেছে। নিশ্চয় এর জন্য তাদের আমরা ধন্যবাদ জানাই। এই সংস্থাগুলি তাদেরই চালাতে হবে এবং তার জন্য এগুলিকে লাভজনক সংস্থায় পরিণত করতে হবে। সরকার লাভের কোন অংশ চাইবেন না। তবে সংস্থাগুলি যদি অবস্থা ভাল করতে পারেন, তাহলে এগুলি বড় হবে, বেশি লোক নিয়োগ করতে পারবে। জাতীয়করণ করার পর তারা যাতে উৎসাহিত হয়ে ভালোভাবে কাজ করেন তারজন্য উৎসাহ সৃষ্টি করতে হবে। অন্যান্য যে সমস্ত সরকারী সংস্থা আছে সেগুলিতে শ্রমিক-কর্মচারীদের মধ্যে উৎসাহ বৃদ্ধি করার জন্য প্রচেষ্টা করা দরকার যাতে তারা ঠিক মতন কাজ করে সরকারী সংস্থাগুলিকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে পারে। আমাদের সরকারের পরিচালিত, অধিগৃহীত ১৩টি সংস্থা আছে তার মধ্যে শ্রমিক কর্মচারীদের উৎসাহিত করে আমরা প্রায় ৮টি প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে পেরেছি, ৩টি কিছুদিনের মধ্যে স্বায়াবলম্ব হবে এবং ২টির কথা আমাদের চিন্তা করতে হচ্ছে। এ ছাড়া পাবলিক আণ্ডারটেকিং যেগুলি আছে সেগুলির মধ্যে ২।১টি লাভ জনক আছে। যে ৫।৬টিতে লোকসান হচ্ছে সেই হচ্ছে সেই লোকসান বন্ধ করার জন্য আমরা প্রচেষ্টা করছি এবং শ্রমিক কর্মচারীদের উৎসাহিত করার চেষ্টা করছি যাতে তারা প্রোডাকশান বাড়ায়। সরকারের পক্ষে এ সম্পর্কে কোন ত্রুটি নেই। আমি সদস্যদের আবেদন করবো আপনাদের যদি এই সমস্ত প্রতিষ্ঠানে কোন রকম ইনফলুয়েন্স থাকে তা হলে আপনারা শ্রমিক কর্মচারীদের যদি উৎসাহিত করেন তাহলে এই সমস্ত প্রতিষ্ঠান লাভজনক হবে, আমাদের রাজ্য আর্থিক দিক থেকে উপকৃত হবে। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করার জন্য উপস্থিত করছি।

The motion that the Bill be circulated for the purpose eleciting opinion thereon, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that The Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

### Clause 1

The question that the Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 2

**Mr. Deputy Speaker :** There are amendments by Shri Abdul Mannan, Shri Somendra Nath Mitra and Shri Kashinath Misra. But they are not moving their amendments.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 3**

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4**

**Mr. Deputy Speaker :** There are amendments by Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan. But the amendments are not moved.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 5 to 7**

The question that clauses 5 to 7 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 8**

**Mr. Deputy Speaker :** There are amendments by Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan. Shri Mitra is not present in the House. Shri Abdul Mannan may move your amendment.

**আবদুল মান্নান ঃ** Sir, I beg to move that in clause 8, lines 6 and 7, for the words "rupees seven lakhs and sixty two thousand" the words "rupees four lakhs" be substituted. স্যার, এই এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি এই কারণে যে ৭ লক্ষ ৬২ হাজার টাকা যে দেওয়া হয়েছে এটার বেসিস কি সেটা মন্ত্রীমহাশয় বলেননি। আমার মনে হয় এটা খুব বেশী টাকা সেটেল করা হয়েছে। যদি মন্ত্রীমহাশয় এর সদুত্তর দিয়ে বলতে পারতেন যে তাঁরা এই বেসিসে এই ৭ লক্ষ ৬২ হাজার টাকার সেটেল করেছেন তাহলে সেটা ঠিক হত। সেজন্য আমি আমার এ্যামেণ্ডমেণ্টে ৪ লক্ষ টাকা দেবার জন্য বলেছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বোধ হয় একটু ভুল করছেন। আমি যখন আমার স্টেটমেণ্ট পড়ছিলাম তখন তিনি সেটা শুনতে পারেননি, তখন বলেছিলাম Valuation of assets has been fixed at rupees seven lakhs sixty two thousand on the date of taking over the management. একজন ভ্যালুয়ারকে দিয়ে এর ভ্যালুয়েশান করা হয়েছে এবং করে এটা দেখা গেছে যে ৭ লক্ষ ৬২ হাজার টাকা এর ভ্যালুয়েশান ছিল অন দি ডেট অব টেকিং ওভার। সুতরাং এই ভ্যালুয়েশানটা আমাকে দিতেই হবে, তা না হলে প্রেসিডেণ্টের এ্যাসেণ্ট পাওয়া যাবে না এবং হাইকোর্টে গেলে আমাদের হেরে যেতে হবে। সুতরাং ৪ লক্ষ টাকা যা ইচ্ছা তাই বললে হবে না। সেজন্য আমি এই এ্যামেণ্ডমেণ্টটা গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Abdul Mannan that in clause 8, lines 6 and 7, for the words "rupees seven lakhs and sixty two thousand" the words "rupees four lakhs" be substituted, was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 9**

**Mr. Deputy Speaker :** There are amendments by Shri Abdul Mannan and Shri Somendra Nath Mitra. But the amendments are not moved.

The question that clause 9 do stand part of the Bill, was then put and agreed to.

[ 6-50—7-00 p.m. ]

**Clause 10**

**Mr. Speaker :** The amendments to clause 10 are not moved.

The question that clause 10 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 11 to 14**

The question that clauses 11 to 14 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 15**

**Mr. Speaker :** There are amendments to clause 15. But the amendments are not moved.

The question that clause 15 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 16 and 17**

The question that clauses 16 and 17 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 18**

**Mr. Speaker :** There are amendments to clause 18. But the amendments are not moved.

The question that clause 18 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 19 to 30**

The question that clauses 19 to 30 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 31**

**Mr. Speaker :** There are amendments to clause 31. But the amendments are not moved.

The question that clause 31 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 32, Schedule and Preamble**

The question that clause 32, Schedule and Preamble, do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to move that the Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য অনিলবাবু বললেন আমরা জাতীয়করণের বিপক্ষে। তাঁর এই কথা ঠিক নয়। ১৯৭৪ সালের ১১ই অক্টোবর আমাদের সময়ে এটা টেকওভার করা হয়েছিল। কাজেই আমরা জাতীয়করণের বিরোধী এটা ঠিক কথা নয়। আমার মনে হয় স্টেটমেণ্ট অব অবজেক্টস্ এ্যাণ্ড রিজনস্—এ যা রয়েছে সেটা অনিলবাবু লক্ষ্য করেননি। সাধারণতঃ দেখা যায় আণ্ডারটেকিং—গুলোতে লস্ হয় এবং সেই কারনেই আমরা অনেক সময় দ্বিধাগ্রস্ত হয়ে পড়ি। এটা এখন সুন্দরভাবে চলছে কাজেই পুরোপুরি নেবার পর যাতে কোন রকম অসুবিধা সৃষ্টি না হয়, শ্রমিক এবং কর্মচারীদের কোন অসুবিধা না হয়, উৎপাদন ব্যাহত না হয় সেটাই আমাদের বক্তব্য। ১৯৭৪ সালে আমরা এটাকে টেকওভার করেছিলাম, আগামী দিনে আপনারা আরও টেকওভার করতে চান এটা প্রশংসনীয়। আমরা এই ব্যাপারে কোন রকম আপত্তি করছিনা।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য কাশীবাবু বললেন তাঁরা জাতীয়করণের বিরোধী নয়। আমি তাঁর এই উক্তিতে খুবই খুসী হলাম। জাতীয়করণ করলে শ্রমিক, কর্মচারীদের ক্ষতি হবে, তারা কাজ করতে পারবে না এটা ঠিক কথা নয়। জাতীয়করণ না করলে এর ম্যানেজমেণ্ট আমরা করতে পারছিলাম না। ১ কোটি ১২ লক্ষ টাকা যদি খরচ করতে না পারি তাহলে শ্রমিক, কর্মচারীদের কল্যাণ হবে না এবং সেইজন্যই জাতীয়করণ করা হচ্ছে।

The motion of Dr. Kanailal Bhattacharya that the Eastern Distilleries (Private) Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## THE WEST BENGAL SCHEDULED CASTES AND SCHEDULED TRIBES (RESERVATION OF VACANCIES IN SERVICES AND POSTS) (AMENDMENT) BILL, 1983

**Dr. Shambhunath Mandi :** Sir, I beg to introduce the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Dr. Shambhunath Mandi :** Sir, I beg to move that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of vacancies in Services and Posts) (Amendment) Bill, 1983, be taken into consideration.

**শ্রীশম্ভুনাথ মাণ্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ অবগত আছেন, যে ১৯৭৬ সালে এই আইন সংশোধিত হয়েছিল যে সরকারী শূন্য পদে ১৫ শতাংশ তপশীলী জাতি এবং ৫ শতাংশ তপশিলী উপজাতিদের জন্য সংরক্ষিত রাখা হবে। কিন্তু আমরা দেখেছি যে সংখ্যায় সরকারী চাকুরীতে এই সব তপশিলী জাতি এবং উপজাতীয়দের প্রতিনিধিত্ব থাকা উচিত তা নাই। আমি এখানে যে আইনটি নিয়ে এসেছি তাতে প্রমোশনের ক্ষেত্রে যে সব তপশিলী জাতি এবং তপশিলী উপজাতি আছে, তারা গুনগত দিক থেকে, তাদের মেরিটের দিক থেকে সুযোগ নেয় তাহলে সেটা চিরাচরিত হিসাবে গণ্য হবে। অচিরাচরিত হিসাবে গণ্য হবে না। আমি এই সব জাতীদের উন্নতির জন্য এই জিনিসটা এখানে এনেছি। আশা করি সভার সকল সদস্য এটা গ্রহণ করবেন।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে বিশেষ কিছু বলার নাই। এখানে আমি যা বলতে চাচ্ছি ১৯৭৬ সালে আমরাই এই রেজিলিউসন পাশ করি। এবং তখন থেকেই এটা কার্যকরী হতে সুরু হয়। এখন মন্ত্রীমহাশয় এখানে একটি ৫ নং ধারা সংযোজন করছেন প্রমোশনের ব্যাপারে। এটা বাদ ছিল, এখন এটা সংযোজন করছেন খুব ভাল কথা, খারাপ নয়। কিন্তু ঠিকমতো এগুলি কার্যকরী না করা যায় তাহলে এটা আইনে রূপায়িত হলেও এর কোন মূল্য থাকবে না।

[ 7·00—7-10 p.m.]

আমার বক্তব্য, যেখানে উনি নিজেও স্বীকার করেছেন, এই সমস্ত সম্প্রদায়ের মানুষের চাকুরির ক্ষেত্রে, প্রমোশনের ক্ষেত্রে যে ২০ শতাংশ অধিকার পাওনা আছে, তা এখনও পর্য্যন্ত পূরণ হয়নি। সেখানে মাত্র ১৪ শতাংশ আজ পর্য্যন্ত পূরণ হয়েছে। স্যার, এখানে বহু ঘাটতি রয়ে গেছে, এই ঘাটতি কেন হয়েছে, তা বিস্তারিতভাবে তিনি বলেননি। তিনি বলেননি যে ২০ শতাংশের জায়গায় এই সমাজের মানুষেরা ১৪ শতাংশ চাকুরি এবং প্রমোশনের ক্ষেত্রে লাভবান হয়েছে বা নিরাশ হয়ে চলেছে। আর বাকি যে ঘাটতি রইলো, তা কেন বছরের পর বছর থাকছে, তা তিনি বলতে পারেন নি। তিনি বলতে পারবেন না কারণ বলার অসুবিধা আছে, তিনি জেনেশুনে সেটা চেপে গেছেন এবং উদ্দেশ্য প্রনোদিতভাবে চেপে যাচ্ছেন। আমি পরিষ্কার করে বলতে চাই, আজকে এই সমাজের শিক্ষিত এবং অশিক্ষিত বেকারদের চাকরির যে অধিকার, তাদের সংরক্ষণের যে অধিকার, এই অধিকার তারা গ্রহণ করতে পারছে না। তার মূল কারণ হচ্ছে এমন একটা পরিবেশ সৃষ্টি করা হচ্ছে, যারা এমপ্লয়ার তারা এমন একটা পরিবেশ সৃষ্টি করে চলেছে, যেখানে এই সমস্ত সম্প্রদায়ের ছেলেরা, ক্যাণ্ডিডেটরা এলিজিবল বলে প্রমাণ করতে সক্ষম হচ্ছেন না। এর অনেকগুলো কারণ আছে, যেমন সময় মত সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব্‌স কমিউনিটির ছেলেদের প্রেসক্রাইব্‌ড অথারটির কাছ থেকে সার্টিফিকেট নেবার ব্যাপার আছে। এই প্রেসক্রাইবড অথরিটির কাছ থেকে সার্টিফিকেট নেবার যে ব্যবস্থাটা, এঠা অত্যন্ত খারাপ। মন্ত্রী মহাশয় যদি একটু চিন্তা করে দেখেন, তাহলে দেখবেন, একটা ছেলে যখন চাকরি পাবার ক্ষেত্রে প্রেসক্রাইব্‌ড অথরিটির কাছ থেকে সার্টিফিকেট নিতে যান, যে তারিখে

এ্যাপ্লিকেশন দেওয়া হয়, নর্মাল কোর্সের মধ্যে তারা সেই সার্টিফিকেট পান না, এটা একটা জটিলতার মধ্যে রয়েছে। যার ফলে সংরক্ষণের ক্ষেত্রে যে প্রেসক্রাইব্‌ড অথরিটির সার্টিফিকেট দেবার ব্যবস্থা আছে তারা তা দিতে পারে না বলে এই সব সম্প্রদায়ের ছেলেরা বঞ্চিত হচ্ছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে মণ্ডল কমিশনের রিপোর্ট যাতে কার্যকরী করা হয়, তার জন্য তিনি ব্যবস্থা নেবেন, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিডিউল্ড কাস্টের রিজার্ভেশনের ব্যাপারে আজকে যে বিল এসেছে, এটা আপাতঃ দৃষ্টিতে মনে হয় একটা ইনোসেন্ট বিল এবং সেই জন্য হয়তো বিরোধী পক্ষ থেকে বলবো না বলবো না করে কিছু বললেন। বুঝলাম না, বিলটা উনারা সাপোর্ট করলেন, না, অপোজ করলেন। আসলে যদিও এটা ১৯৭৬ সালের আইন এবং আমি বলি, ১৯৭৬ কেন, যেদিন সংবিধান তৈরী হয়েছে, সেদিন থেকে বিভিন্ন ধারায় শিডিউল্ড কাস্টদের প্রটেকশনের ব্যবস্থা আছে, বিশেষ করে চাকরির ব্যাপারে এবং অন্যান্য ব্যাপারে। কিন্তু বহু আইন আছে, উদ্দেশ্য মহৎ থাকলেও কার্যকরী হয় না কোনদিন। গোটা ভারতবর্ষেই শিডিউল্ড কাস্টের ব্যাপারে খুব বড় বড় উদ্দেশ্য লেখা আছে সংবিধানে এবং আরও নানা জায়গায় লেখা আছে, কিন্তু সেইগুলোকে কার্যকরী করা হয়নি। এতদিন পর্যন্ত শিডিউল্ড কাস্টের প্রভিশন রাখতে হচ্ছে কিন্তু কথা ছিল ১৯৫০ সালের পরে ১০ বছরের মধ্যে মোটামুটি ইকোয়েলাইজেশন করবেন। কিন্তু বহু ১০ বছর চলে গেল, কিন্তু শিডিউল্ড কাস্টদের ইকোয়েলাইজেশন হলো না, যাতে না কি শিডিউল্ড এর কতকগুলো কমিউনিটি, যারা সোশ্যালি, ইকনমিক্যালি, আদারওয়াইজ ব্যাকওয়ার্ড, তাদের এ্যাটপার আদার কমিউনিটিজ হয়ে যাবে, তারপর আর প্রটেকশন লাগবে না, রিজার্ভেশন লাগবে না। ১৯৫০ সালে সংবিধান তৈরী করার সময় নানা বক্তৃতাগুলো আছে, ওর মধ্যে এই কথাটা আছে। কিন্তু ১০ এর জায়গায় বহু ১০ চলে গেছে, ভারত সরকারের যে শ্রেণী পলিশি, শ্রেণী নীতি, তাতে দেখা গেল শিডিউল্ড কাস্টকে অর্থাৎ বিশেষ কতকগুলো কমিউনিটিকে এডুকেশন্যালি, ইকনমিক্যালি, ব্যাকওয়ার্ড থেকে যে এ্যাট পার করে ফেলবেন, এটা ওরা করতে পারলেন না। এই যে বিশেষ আইনটার কথা বলছি, ১৯৭৬ সালে এই আইনটা পাশ হয়েছে, বিরোধী পক্ষের সদস্যরা গর্ববোধ করলেন, কিন্তু আসল ব্যাপারটা কি ? আইন তো পাশ করা যায়, কিন্তু আইনে ফাঁকও রাখা যায়। ১৯৭৬ সালে আইনটা পাশ হলো, আইনের মধ্যে লেখা থাকলো যে ১৫ পার্সেন্ট শিডিউল্ড কাস্ট রিজার্ভ থাকবে, ৫ পার্সেন্ট শিডিউল্ড ট্রাইব্‌স রিজার্ভেশন থাকবে in recruitment as well as promotion under section 4 & 5.

কিন্তু আমরা ব্যক্তিগতভাবে কিছু কিছু ঘটনা জানি এবং আমি একটা প্রশাসনিক জায়গা থেকে যতটুকু বুঝেছি তাতে এটা বলতে পারি যে, কংগ্রেস রাজত্বে যা কিছু রিক্রুটমেন্ট হয়েছে জেনারেল কোটার মধ্যেই রিক্রুটমেন্ট হয়েছে। অন মেরিট হয়ত কেউ কমপিটিশনে ফার্স্ট হয়ে এসেছে তাকেও দেখা যাচ্ছে রিজার্ভ কোটার মধ্যে গুনতি করে দেখিয়ে দেওয়া হয়েছে। এই জিনিস অন দি ফ্লোর অব দি হাউস আলোচনা হওয়া উচিত হোয়াট হ্যাভ বিন ডান বাই দেম ইন দি পাস্ট ইয়ারস। সুতরাং এই

অবস্থায় কিছুদিনের মধ্যে আমরা দেখেছি সেকসান 4, রিজার্ভ এ্যামেণ্ড করতে হয়েছে। ফার্স্ট সেকেণ্ড হয়ে যারা চাকরি পায় তারা রিজার্ভ কোটার মধ্যে পড়ে না। কিন্তু সেগুলোকে এই রিজার্ভ কোটার মধ্যে ধরা হচ্ছে। সেই প্রোটেকসান দেবার জন্যই এই আইন আনতে হয়েছে। কংগ্রেস আমলে তারা এটা চিন্তা করেননি যে এই ভাবে প্রোটেকসান দেবার প্রয়োজন আছে। তারপর প্রমোশনের ব্যাপারেও বলা আছে শতকরা ১৫ জন সিডিউল্ড কাষ্টস প্রমোশন পাবে। কিন্তু বাই মেরিট, বাই সিনিয়রিটি সিডিউল্ড কাষ্টস না হলেও যে প্রমোশন পেত, সেখানেও তাকে সিডিউল্ড কাষ্টস প্রমোশন কোটার মধ্যে ধরে দেওয়া হয়েছে। এই ইনফ্লেটেড এ্যাকাউণ্ট সারা ভারতবর্ষে চলেছে, পশ্চিমবঙ্গেও চলছে। এই ব্যাপারে কমিশনের রিপোর্টগুলি আমার কাছে আছে। আমি সেগুলির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তাই এই বিলটি আজকে হাউসে এসেছে। এর একটা বিরাট গুরুত্ব আছে। নিজের মেরিটে ফার্স্ট, সেকেণ্ড হয়ে যারা প্রমোশন পেয়ে গেছে তাদের যেন এই প্রমোশন লিষ্টের মধ্যে নাম ঢোকান না হয়। প্রমোশন লিষ্ট আলাদা করে তাদের নাম বাদ দিয়ে যেন করা হয়, স্পেশাল রিজার্ভ কোটায় তাদের নাম যেন ধরা না হয়। তারা নিজের যোগ্যতা অনুসারে জেনারেল কোটাতেই প্রমোশন পেয়েছে। আইনের এই ফাঁকের জন্যই এ্যামেণ্ডমেণ্ট করতে হচ্ছে। আইনের এই ফাঁক দিয়ে সিডিউল্ড কাষ্টস ছেলেরা বঞ্চিত হচ্ছে। এই জিনিসটা আমাদের নতুন করে ভাবতে হয়েছে। স্যার, আমি শুধু কমিশন রিপোর্টের একটি কোটেশন উল্লেখ করে আমার বক্তব্য শেষ করব। আনরিজার্ভড্ ভ্যাকেন্সি সম্বন্ধে কতকগুলি কথা বলা হয়েছে। স্যার, রিপোর্টের হেডিং হচ্ছে কাউনটিং অব সিডিউল্ড কাষ্টস/সিডিউল্ড ট্রাইবস ক্যাণ্ডিডেটস সিলেকটেড অন মেরিট এগেনেস্ট দি আনরিজার্ভড কোটা। রিপোর্ট অব দি কমিশনার ফর সিডিউল্ড কাষ্টস এ্যাণ্ড সিডিউল্ড ট্রাইবস —এখানে বলা হচ্ছে,

A recommendation was made in the Report for the year 1973-74 and reiterated in 1977-78 that one of the methods for increasing the intake of Scheduled Castes and Scheduled Tribes in the Government service was not to count against the reserve quota those of the Scheduled Castes/Scheduled Tribe candidates who were selected on their own merit. The intention was that the reserved quota prescribed for Scheduled Castes and Scheduled Tribes should be allowed to them in addition to the candidates of these communities who are selected on their own merit. Some of the state governments, viz. Andhra Pradesh, Jammu & Kashmir, Karnataka, Kerala, Madhya Pradesh, Maharashtra, Punjab, Meghalaya, Tamil Nadu and West Bengal have issued instructions allowing this provision. But the Central Govt. have so far not agreed to the proposal. আজকে যে ধরণের বিল আমরা এনেছি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এই প্রপোজালে এখনো রাজি হয়নি। সুতরাং এই বিল একটি বিশেষ দৃষ্টিভঙ্গী নিয়ে বিধানসভায় আনা হয়েছে সেই জন্য আমি মাননীয় মন্ত্রী

মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। এই কথা বলে বিলটিকে পুর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-17 p.m]

**শ্রীকমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি। সংরক্ষনের জন্য ইতিপুর্বে যে সুযোগ-সুবিধাগুলি ছিল সেই সুযোগ-সুবিধাগুলি আমাদের ডানদিকে যাঁরা বসে আছেন তাঁদের দৌলতে সেটাকে কার্যকারী করা যায়নি। ১৯৭৮ সালে একটা এ্যামেণ্ডমেণ্ট আমাদের মন্ত্রী মহাশয় এনেছিলেন কান্তি বিশ্বাস মহাশয় তখন মন্ত্রী ছিলেন। সমস্ত পশ্চিমবাংলা ব্যাপি যে চাকুরী হয়েছিল সেই সমস্ত এ্যাসেসমেণ্ট নিয়ে দেখা গেল ১৯৭৮ সাল পর্যন্ত চাকুরীর যে প্রয়োজনীয়তা ছিল তার ৮ ভাগ চাকুরী হয়েছে। আমরা আসার পর সেটাকে বাড়িয়ে বাড়িয়ে ১৪ ভাগে নিয়ে যেতে সক্ষম হয়েছি। এদের জন্য আরো চাকুরীর দরকার আছে। এই চাকুরীগুলি আগে যেভাবে পুরণ হতো, আমরা সেটাকে এ্যামেণ্ডমেণ্ট করে অন্যভাবে পুরণ করার চেষ্টা করছি। এই পশ্চিমবাংলায় ২৫ লক্ষের উপর তফশিলী জাতি এবং উপজাতি আছে। এক শ্রেণীর লোক আছে তারা তাদের বুদ্ধি এবং বিবেচনার দৌলতে যে সমস্ত ছাত্ররা নিজেদের মেরিটের চাকুরী পায় তাদের সেই রিজারভেসান কোটার মধ্যে ফেলে দিত। চাকুরী বা অন্যান্য ক্ষেত্রে যারা নিজেদের মেরিটের জোরে পাবে তাদের রিজারভেসান কোটার মধ্যে যাতে না ফেলা হয় সেই ভাবে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে। সরকারী নিমন্ত্রনে যারা আছে তারা অনেক সময় যারা মেরিটের দ্বারা চাকুরী পেল তাদের রিজারভেসান কোটার মধ্যে ফেলে দিল। যার ফলে তারা সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। একটু আগে মাননীয় সদস্য বলে গেছেন যে, যে ফাষ্ট হলো তাকে সেই রিজারভেসান কোটার মধ্যে ফেলে দেওয়া হলো। তাই আমি বলতে চাই যে সুযোগ তফসিলী জাতি এবং উপজাতিদের জন্য করা হচ্ছে সেটা যাতে কার্যকরী হয় তার জন্য মন্ত্রী মহাশয় যেন ব্যবস্থা করেন। শুধু আইন রচনা করলেই হবে না, সেটা যাতে কার্যকারী করা যায় তার জন্য সমস্ত রকম চেষ্টা-চরিত্র করতে হবে। এই বলে যে আইনের সংশোধনী আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভুনাথ মাণ্ডি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি এবং বিশেষ করে ধন্যবাদ জানাচ্ছি ধীরেনবাবুকে, কারণ তিনি এই বিলকে সমর্থন করেছেন বলে। একটা বিষয় উনি বলেছেন যে সার্টিফিকেট পেতে দেরী হয়। হ্যাঁ, দেরী তো হবেই ! এখনও আমাদের যে তফসিলী জাতি এবং উপজাতি আছে তারা জানে না যে কোন চাকুরী বা পড়াশোনা করতে গেলে সার্টিফিকেট লাগে। যদি লাগে জানতো তা হলে আগেই তারা নিয়ে নিত। আপনারা ইচ্ছা করে জানাননি বলে সেই অসুবিধাটা থেকে গেছে। আমরা এখন যেটা চেষ্টা করছি সেটা একটু জেনে রাখা ভাল। যে ছাত্ররা লেখাপড়া শিখছে তারা যে সাহায্য পায়,

তারা যে স্টাইফেণ্ড পায় সেই স্টাইফেণ্ডের টাকা পাওয়ার সংগে সংগে তাদের সার্টিফিকেটের ফর্ম দিয়ে দেওয়া হচ্ছে। তাদের ফর্ম পেতে যাতে কোন অসুবিধা না হয় তার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি। হয়ত ৩-৪ বছর পরে এই সমস্যা আর থাকবে না। স্কুটিনি করে যাতে তাড়াতাড়ি দেওয়া যায় তার জন্য ব্যবস্থা নিয়েছি। আগে যখন ধীরেনবাবুদের সরকার ছিল তখন যারা নিজেদের মেরিটে চাকুরী পেত তাদের রিজারভেসান কোটার মধ্যে ফেলে দেওয়া হতো। অনেকে হয়ত এটা জানে না, আমাদের এই অভিজ্ঞতা আছে। আমরা সরকারে আসার আগে, যখন ধীরেনবাবুদের সরকার ছিল তখন আমি তাঁদের মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করেছি, এমন কি অফিসারদের জিজ্ঞাসা করেছি যে কোন ছেলে যদি নিজের মেরিটে চাকুরী পায় বা কোন ছাত্র যদি নিজের মেরিটে কোন জায়গায় পড়াশোনা করার সুযোগ পায় তাহলে সেটা মেরিট হিসাবে গণ্য হবে, না সিডিউইল কাস্ট এবং সিডিউইল ট্রাইবদের জন্য যে রিজারভেসান কোটা আছে সেই কোটার অন্তর্ভুক্ত করা হবে? তার কোন উত্তর তাঁরা দিতে পারেননি। হোয়াট ইজ দি ডিফারেন্স বিটুইন রিজারভেসান এ্যাণ্ড মেরিট? তার কোন জবাব তাঁরা দেননি। মেরিটে যারা চাকুরী বা অন্য বিষয়ে কাজ পাবে তাদের রিজারভেশন কোটার মধ্যে ফেলার কি দরকার আছে? মেরিটে যদি কোন ছেলে পায় তাহলে রিজারভেসান যেটা আছে ৫ পারসেণ্ট এবং ১৫ সেটা তো পাচ্ছেই, মেরিটে আরো বেশী করে সুযোগ পাবে। এতদিন তা হয়নি। আমরা যে এ্যামেনডমেণ্ট এনেছি সেটা হলো যে যদি কোন ছেলে মেরিট অনুযায়ী চাকুরী পায় বা কোন ছেলে যদি মেরিট অনুযায়ী প্রোমোসান পায় তাহলে সেটা রিজারভেসান ট্রিটমেণ্ট হবে না। এই জিনিষ যাতে কেন্দ্রীয় সরকারও করেন তার জন্য আপনারা চেষ্টা করুন। যদি করে থাকেন তাহলে তো খুব আনন্দের কথা। যদি না করে থাকেন তাহলে আসুন সকলে মিলে বলি যাতে এই তফসিলী জাতি এবং উপজাতিদের জন্য কেন্দ্রীয় সরকার সুযোগ করে দেন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Sambhunath Mandi that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 and 2 and Preamble**

The question that Clauses 1 and 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Sambhunath Mandi :** Sir, I beg to move that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in

Serviccs and Posts) (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7.17 P.M. till 1 P.M. on Friday. the 16th September, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 16th September, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers' 12 Ministers of State and 163 Members.

[1-00—1-10 p.m.]

**Adjournment Motion**

**Mr. Speaker :** Today, I have received only one notice of Adjournment Motion from Shri Kashinath Misra on the subject of deadlock in Bishnupur Municipality.

The subject matter of the motion is not such as can merit treatment of an adjournment motion. The Member can draw the attention of the Minister concerned in this matter through Calling Attention.

I, therefore, withhold my consent to the motion.

The member may, however, read out the test of the motion as amended.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক কালের একটি নির্দ্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

গত ২৯।৮।৮৩ তারিখে বিষ্ণুপুর পৌর কর্মচারী ইউনিয়ন পৌর এলাকায় পানীয় জল সরবরাহ, ড্রেনের নোংরা জল নিষ্কাশন, খাটা পায়খানাগুলির পরিবর্তন সহ অন্যান্য জনস্বার্থ জড়িত সমস্যাগুলির প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য পৌরসভাতে স্মারকলিপি দেবার উদ্দেশ্যে যাওয়া মাত্র কিছু অসামাজিক ব্যক্তি কর্তৃক আক্রান্ত হয়। ঐ পৌরসভায় কয়েকজন হরিজন মহিলা কর্মচারীর ইজ্জতহানির চেষ্টা করা হয় এবং পৌরপিতাসহ আরো অনেকেই আক্রান্ত হয়। ফলে ঐ পৌরসভায় অচল অবস্থার সৃষ্টি হয়েছে।

**Calling Attention to Matters of Urgent Public Importance**

**Mr. Speaker :** I have received four notices of Calling Attention on the following subjects, namely :—

1. Reported transfer of ownership of Metal Box (Kharagpur Unit) from Shri Gyan Singh Sohanpal.
2. Inordinate delay in opening of indoor beds of Bhimpur H.M.K.H. Subsidiary Health Centre in Birbhum, from Dr. Motahar Hossain.
3. Alleged assault and intimidation to some Principals and College teachers by some hoodlums from Shri Santasri Chattapadhyay.
4. Deplorable condition of N.R.S. and R.G. Kar Medical College and Hospitals from Shri Kashinath Misra and Shri Asok Ghosh.

I have selected the notice of Shri Gyan Singh of Sohanpal on the subject of reported transfer of ownership of Metal Box (Kharagpur Unit). The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak :** On the 21st, Sir.

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of strike resorted to by a section of Internees and House Staff in N.R.S. Medical College and Hospital.

(Attention called by Shri Debi Prasad Basu on the 15th November, 1983).

**Dr. Ambarish Mukhopadhyay :**

Mr. Speaker Sir,

With your kind permission, I beg to following statement in response to the Call attention motion by Shri Debi Basu, Hon'ble Member of the House.

The Govt. shares the concern expressed by the Hon'ble Member in respect of functioning of the N,R.S. Medical College Hospital due to the wildcat strike by a section of Internees and House Staff.

On 9.9.1983 at about 12 00 noon a patient named Mrs. Lina Das Munshi was admitted to the N.R S. Medical College Hospital in an unconscious state. Mrs. Das Munshi was reported to be alright the night before and was found unconscious when admitted.

She was admitted under the Head of the Department of Medicine Dr. A. K. Choudhury and inspite of best efforts the patient died at 11-00 P.M. the same night "due to cardio-vascular failure, due to coma of unknown cause". The matter was accordingly reported to the Inspector of Police, Entally Police Station under I.P.C. No. 106 in the "Form for Police cases only".

The relatievs of Mrs. Das Munshi were agitated at the possibility of post-mortem.

The Police Officer of Entally P. S. is on record to have written to the Ward-Master of the N R. S. Medical College Hospital to state "the dead body of Mrs. Lina Das Munshi, Hindu female, aged 50 years which is lying at your disposal may be released to Ashish Das Munshi, son of the deceased, without holding P. M. examination.

The infotmation of the death of the patient was sent to her house through Dum Dum Police Station at 12-10 A.M. on 10.9.83. The patient's party came to the Ward at about 10-00 A.M. next morning and started altercation with the attending House staff and Visiting Physician and the patient's party consisting of some persons started agitating in front of the main gate of U.N.B. Building at the ground floor, rushed to the chamber of the Superintendent and started threatening the Doctors and the Staff. The matter was

reported to the Police over phone. The reference made by the House Surgeon to the Police stating the cause of death as "unknown" and consequent retention of the body of the deceased was resented by the relatives. At about 5-00 P.M. the same day the patient's party entered into the Ward while the dead body was being taken away. Some persons belonging to the party of the relatives of the deceased again went to the M.M.D. and M.F.C. Wards, abused the Doctor and were alloged to have manhandled and assulted some of the persons present there.

Consequent upon this incident, a section of House Staff and Internees resorted to 'Cease Work' at about 2-00 A.M. on 11.9.1983. An F.I.R. was lodged with Entally P.S. by theSuperintendent, N.R.S. Medical College Hospital. The House Staff and Internees did not specifically name the persons who are alleged to have assulted them.

It may not be out of context to submit that Mr. Priya Ranjan Das Munshi, and to be a relative of the deceased, is reported to have inforned the Officer-in-Charge, Entally Police Station over phone that though he was in no way involved in this incident, he would come to the Hospital to express is concern before the House Staff for all that happened. This was as reported by the Superintendent.

The House Staff and Internees' Association of the N.R.S. Medical College Hospitals, inter-alia, demanded (i) immediate punishment of the culprits involved, (ii) security to the working staff and (iii) representation of the Junior Doctors in the Hospital Management Boards.

The Superintendent and the Chairman and Members of the Hospital Management Board held a series of meetings with House Staff. The Superintendent made a written appeal in the interest of the alling patients. The Chairman, Hospital Management Board has also resolved to move the Government for necessary action against the culprits and an appeal for restoring normalcy in the hospital has also been issued by him.

On receipt of information in connection with the disturbances a case was registered on the complaint of the Superintendent of the Hospital vide Entally P. S. Case No. C 316 dated 11.9 83 U/ss 147/427/323/504 I P.C. and four persons, including two sons of the deceased and their accomplices, were arrested by the Police and they were subsequently released on bail by the Court on 15 9.83

The rationalisation of drug supply, operation cleaning, enforcing discipline and positive action against pilferage of medicines and surgical apliances have hard hit the mafia indulging in anti-social activities to the utter detriment of Patients' Care. We had information that the agent provocateurs might have been implanted to further escalate troubles, and I am yet

to be sure that the affair in the National Medical College is an isolated incident.

While we are very much seized with the matter of combating hooliganism in the Hospitals and making exercises on the 12-point recommendation of the Expert Committee appointed for the object, strike by a section of Internees and House staff on shifting grounds is detrimental to the very purpose for which attempts are being made.

I have to request the House staff and the Internees and the Pupil Nurses, who have also stopped learning and stopped work, to go back to their own duties and restore normalcy in the Hospitals in the interest of the people.

I congratulate the doctors and all categories of the employees of the hospitals who are working with dedication to maintain the services. I appeal to the people to kindly appreciate the tremendous responsibilities that we are discharging in catering to the needs in the overcrowded hospitals and to help the Government in the smooth functioning of the Hospitals.

[1-10—1-20 p.m.]

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল মাননীয় সদস্য শ্রীজ্ঞানসিং সোহনপাল মহাশয় উত্তরবঙ্গে বন্যার উপর একটি বক্তব্য রেখেছিলেন, তাতে তিনি বলেছিলেন যে এ ব্যাপারে ইরিগেশন মিনিষ্টারের সঙ্গে যোগাযোগ করতে। তিনি বর্তমানে আউট অফ স্টেশন। তিনি ফিরলে পর তাঁর বক্তব্য তিনি বলবেন। ইতিমধ্যে আমি ডিপার্টমেণ্ট থেকে যে সংবাদ সংগ্রহ করতে পেরেছি সেটা আপনাদের সামনে রাখছি।

**Cooch Behar :**

As a result of heavy rainfall, rivers Sankosh, Raidah I & II and Kaljani are in spate and innundated some areas in the district. The worst affected Sub-division is Tufangunge where 21 Gram Panchayats out of 25 have been affected. No detailed report from the D. C. has been received as yet. Above information has been obtained over 'phone'.

Immediately on receipt of above information, funds, foodgrains and relief materials have been despatched to the D. C. for flood relief operation.

**Jalpaiguri :**

It has been ascertained from D. C. over phone today (15.9 83) that as a result of floods, a total area covering 600 sq. km. has been affected. Three Blocks viz. Alipurduar I & II and Kumargram in Alipurduar Subdivision have been affected. 4 Wards of Alipurduar Municipality and 27 gram panchayats have been affected. 10 persons have died. 20,000 persons had taken shelter in safer zones and majority of them have since gone back. At present only 1,000 persons are in shelter.

The following allotments have been sanction for flood rerief operation :

| District | G.R. (Food grains) | Relief Contg. | Tarpaulins | Dhuty & Lungi | Saree | Garments | Milk powder |
|---|---|---|---|---|---|---|---|
| | MT | Rs. | pcs. | pcs. | pcs. | pcs. | Kgs. |
| Coochbehar | 50 | 50,000 | 500 | 300 | 300 | 500 | 250 |
| Jaipaiguri | 50 | 50,000 | 500 | 300 | 300 | 500 | 250 |

**Presentation of the Reports of the Committee on Privileges, 1982-83, of the West Bengal Legislative Assembly**

**The Chairman** (Shri Joykesh Mukherjee) : Sir, I beg to present the Report of the Committee on Privileges, 1982–83 of the West Bengal Legislative Assembly.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পীকার স্যার, এই রিপোর্ট তো মিঃ ডেপুটি স্পীকার পেশ করে থাকেন।

**Mr. Speaker :** Mr. Deputy Speaker himself is the complainant. So, Mr. Joykesh Mukherjee has been appointed to act as the Chairman.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় জানেন যে দীর্ঘদিন ধরেই পূজার সময় গরীব, দুঃস্থদের মধ্যে বিধায়কদের মারফত কিছু কাপড় বিলি করা হয়। এবার ঈদের সময়ও দেখলাম যে সামান্য কিছু কাপড়চোপড় এইভাবে বিলি করা হয়েছে। এই দপ্তরের মাননীয় মন্ত্রীকে সভার মধ্যে দেখতে পাচ্ছি না। মাননীয় পতিত পাবন পাঠক মহাশয় দয়া করে জানাবেন কি যে ঐ স্কীম বর্তমানে চালু আছে কি না? এবারও দুস্থদের মধ্যে বিতরণের জন্য কিছু পোষাক বিধায়কদের মারফৎ দেবার ব্যবস্থা আছে কি না—এটা দয়া করে জানাবেন।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে উপস্থিত করছি। আজকে সত্যযুগ পত্রিকায় ভারতের প্রধান বিচারপতি ওয়াই. বি. চন্দ্রচূড়ের একটি চিঠি বেরিয়েছে। সেই চিঠিটা আমি পড়ে দিচ্ছি। এই চিঠিটা এই রকম ডিয়ার শ্রীসোমনাথ চ্যাটার্জী, I am in receipt of your letter dated August 6, 1983 in regard to certain statements alleged to have been made by a sitting Judge of Calcutta High Court and thereafter I feel unhappy any Judge should be involved or should involve himself in a public controversy of this nature. I assure you that I will look into matter dispassionately." মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা হাই কোর্ট আমাদের রাজ্যের সর্বোচ্চ আদালত। কাজেই কলিকাতা হাই কোর্টের মর্যাদার সঙ্গে আমাদের এই রাজ্যের মর্যাদা ওতোপ্রোতোভাবে জড়িত। আমরা শুনেছি যে ইতিপূর্বে মাননীয় সোমনাথ চ্যাটার্জী মহাশয় প্রধান বিচারপতির কাছে একটা চিঠি লিখে তাঁকে জানিয়েছেন যে এই কলিকাতা হাইকোর্টের জনৈক বিচারপতি কোন একটা সংবাদপত্রে এই রাজ্যের বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে সমস্ত বিষোদ্গার করেছিলেন সেইগুলি ছাপা

হয়েছিল। এই বিষয়টা প্রধান বিচারপতি দৃষ্টিগোচর করেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা হাইকোর্ট তথা পশ্চিমবাংলার সর্বোচ্চ বিচারালয়ের মর্যাদার স্বার্থে আমাদের এটা জানার প্রয়োজনীয়তা আছে—আমি জানি না কোন সূত্র থেকে আমরা এটা জানতে পারবো—যে কোন বিচারক বিচারপতি হিসাবে এই সর্বোচ্চ আদালতে অধিষ্ঠিত থেকে—এস্টাবলিশ্‌ট বাই ল—একটা সরকারের বিরুদ্ধে প্রকাশ্যে সংবাদপত্রে কি করে বলতে পারেন। এটা আমাদের জানা দরকার। আমি জানি না আমাদের বিচারমন্ত্রী এই ব্যাপারে কোন স্টেটমেণ্ট এই হাউসে রাখতে পারেন কি না। আমি জানি না এর পরে আমাদের লোকসভার সদস্যরা মিসবিহেবিয়ার ইন ক্যাপাসিটি ইত্যাদি বিষয়ে বিচারকের বিরুদ্ধে রিমুভ্যাল অফ জাজেস এ্যাক্ট অনুযায়ী লোকসভায় কোন প্রসিডিংস মুভ করবেন কি করবেন না দ্যাট ইজ এনটায়ারলী দেয়ার ম্যাটার। কিন্তু উই আর পারফেক্টলী এণ্টাইটেল্‌ড টু নো এই ড্যানিয়্যাল কে? এইভাবে প্রকাশ্যে একটা সরকারের বিরুদ্ধে বলবেন আবার সর্বোচ্চ বিচারালয়ে অধিষ্ঠিত থাকবেন এই দুটো জিনিষ এক সঙ্গে চলতে পারে বলে আমি মনে করি না। সেইজন্য আমি আপনার কাছে অনুরোধ জানাবো—যদিও আমাদের বিচারমন্ত্রী এখানে উপস্থিত নেই—আপনি বলুন এই ব্যাপারে আমাদের কোন জানার উপায় আছে কি না। আপনি একজন আইনজ্ঞ হিসাবে অথবা মাননীয় বিচারমন্ত্রী কোন সংবাদ দিতে পারেন কিনা সেটা বলুন। আমি বলতে চাই এই অধিবেশন শেষ হওয়ার আগে একটা গুরুতর বিষয়ে একটা স্টেটমেণ্ট হাউসের সামনে রাখা হোক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রসঙ্গত কথা উঠবে যে, এই সব কথা এখানে কেন? এটা নিয়ে আলোচনা হতে পারে না, কারণ কনস্টিটিউশানে বার আছে, আর নিয়মের বার আছে। এটাতে কিন্তু কোন বার নেই। আমি প্রসঙ্গতঃ আপনাকে বলি যে, কোন বিচারপতি যদি কখনও রেড লাইটের বাইরে গিয়ে বেলেল্লাগিরি করেন, কিংবা কোন বিচারপতি যদি কখনও বাইরের সাংস্কৃতিক সম্মেলনে দাঁড়িয়ে ব্যালে ড্যান্সকে কালচারের অঙ্গ বলে প্রচার করেন, তাহলে কি তা নিয়ে এখানে আলোচনা হতে পারে না? এই ধরণের বিষয় নিয়ে কোন আলোচনা হতে পারে না বলে কোথাও লেখা নেই বা বারণ করা হয়নি। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কাউল এ্যাণ্ড সাকদের থেকে কোট করছি ( ভলিউম ২ থেকে ), যেখানে পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে যে, এক্ষেত্রে বিচারকরা প্রটেকশন কতদূর পর্যন্ত পাবেন। রেসট্রিকশন on questios and discussion on conduct of Judges in Parliament. সেটা শুধু দি প্রটেকশন of the Judge in the regard is restricted only in respect of his judicial duties and does not apply to his private conduct. কিন্তু in the discharge of his duty. এখানে তাহলে কেন আলোচনা চলতে পারে না। তিনি বামফ্রণ্ট সরকারের সমালোচনা করেছেন, সেটা নট ইন দি ডিসচার্জ অফ his duties সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি, উই আর এনটাইটেল্‌ড to know that who the Daniel is? এই রকমের একজন বিচারপতির ঐ ধরণের একটা সর্বোচ্চ বিচারালয়ের আসনে থাকার কোন অধিকার আছে বলে আমি মনে করি না।

**মিঃ স্পীকার ঃ** মিঃ রায়, আমি আপনার সঙ্গে একমত। যদি কোন বিচারপতি তাঁর জুরিস্‌ডিকশনের বাইরে কোন কাজ করেন বা সেই ধরণের কোন কাজ যদি তাঁর জুরিস্‌ডিকশনের বাইরে হয়, তাহলে নিশ্চয়ই তা নিয়ে আলোচনা হতে পারে। কিন্তু কোন বিচারপতির জাজমেণ্ট নিয়ে এখানে আলোচনা করা কতদূর সম্ভব হবে—কেননা একটা পয়েণ্ট উঠেছে, যেটা সাত্তার সাহেব প্রিভিলেজ মোশান হিসাবে দিয়েছেন—তা আমাদের বিচার করে দেখতে হবে। সাত্তার সাহেব যতীনবাবুর ব্যাপারে একজন জাজের জাজমেণ্ট নিয়ে এখানে মোশান দিয়েছেন। হাউজের মধ্যে এ ব্যাপারে আলোচনা করার ব্যাপারে রুলস্‌'এর কনস্টিটিউশান্যাল বার আছে। তবে, বিচারপতি যদি তাঁর জুরিস্‌ডিকশনের বাইরে গিয়ে কোন কাজ করে থাকেন, বা কোন অন্যায় করে থাকেন, বা অন্য কোন সূত্রে তিনি অন্যায় কিছু করে থাকেন, তা নিয়ে এখানে আলোচনা হবার পথে কোন বাধা আছে বলে আমি মনে করি না। এ ব্যাপারে আলোচনা নিশ্চয়ই হতে পারে, আপনারা সবাই ওঁর সঙ্গে একমত হোন। আমি উক্ত বিচারপতির সেই স্টেটমেণ্ট পড়েছি, তিনি এই গভর্ণমেণ্টকে হিপোক্র্যাট গভর্ণমেণ্ট বলেছেন। তাঁর পক্ষে এই ধরণের উক্তি করা কতদূর বাঞ্ছনীয় বা উচিত, তা নিয়ে সবাই বলতে পারে, বলা উচিত বলে আমি মনে করি। একজন বিচারপতির পক্ষে জুরিসডিকশনের বাইরে থেকে এই ধরণের কোন উক্তি করার মধ্যে থেকে যদি প্রশ্ন ওঠে তিনি কোরাপশান নিয়ে কিছু বলতে চাইছেন এবং সে ব্যাপারে যদি স্টেট গভর্ণমেণ্টের কোন সম্পর্ক থাকে, তাহলে তা নিয়ে আলোচনা একশত বার হতে পারে।

[1-20—1-30 p.m.]

**Dr. Zainal Abedin :** Speaker Sir, I do not agree neither with the complaint lodged by my learned friend, Shri Amalendra Roy, nor with your ruling. It is clear to us that a section of the Legislature belonging to a particular political party are determined to humilate the judges of the Calcutta High Court on a particular issue.

**মিঃ স্পীকার ঃ** ডঃ আবেদিন আমার একটা বক্তব্য আছে এ ব্যাপারে। সাপোজ, হাইকোর্টের কোন জাজ এই ধরণের একটা উক্তি করলেন। সেক্ষেত্রেও কি আপনি বলবেন আলোচনা হবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** হাইকোর্টের জাজ যদি কোন কমিট করেন, তাহলে There is a legal procedure. Here it does not amount to that. Here it is made by one of the constituents.

So, Sir, you should not allow it to be recorded in the proceedings of the House. Have you found any such analogy ? There is no such analogy in parliamentary history উনি কি বললেন যে, কোন রেড লাইট এলাকায় গিয়ে যদি কোন জাজ বেলাল্লাপনা করে

তার সম্বন্ধে কি কোন আলোচনা করা যাবে না। Sir, this analogy is very bad. We often see that there is a tendency to humiliate the judiciary system. We find that a section of this Left Front Government is determined to undermine the prestige and authority of the judiciary system on a particular issue. This is only their grudge, nothing else. This is a very vindictive attitude. Sir, I want to submit that there is no scope of such discussion here. The letter has been published by some daily newspapers. Sir, Parliament is there, M.Ps are in the Lok Sabha. There are definite rules, definite sections in this regard. They can bring a motion for the removal of the Judge. I think, Sir, you are not doing right. I do not know whether you can cite any such precedent. So, Sir, their might be no scope of discussion against the conduct of the judges here. Sir, you are creating a new history here. This speech should be expunged, for the holiness, for the sanctity and for maintaining the noble heritage of this House.

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** ডঃ জয়নাল আবেদিনের বক্তব্য আমি শুনলাম কিন্তু উনি আমার বক্তব্য এড়িয়ে গেলেন। আমি জানতে চাইছি যে একজন হাইকোর্টের বিচারপতি বলেছেন যে The Left Front Government is a hypocrat government ...High Court...

**Mr. Speaker :** Mr. Roy, I agree with you. This is beyond his judicial power. If anybody says so, though it is anonimous, even if he is a High Court Judge, that is beyond his jurisdiction and hence the discussion can take place here. When we are discussing here the actions of the people, of the citizen everyday then why we cannot do this.

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্যার আমার বক্তব্যটা হল regard to the discussion এই ব্যাপারে কোন বার আছে কি ?

**Mr. Speaker :** Yes, Mr. Roy, I agree with you that there is no bar.

[1-30—1-40 p m.]

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** স্যার, রুলস অফ প্রোসিডিওর এণ্ড কণ্ডাক্ট অফ বিজনেস সম্বন্ধে ইতিপূর্বে আলোচনা হয়েছে যে বইটি যাতে বাংলায় মুদ্রিত হলে আমরা

সদস্যারা পেতে পারি এবং এর জন্য আমরা একটা প্রতিশ্রুতি পেয়েছিলাম। আমাদের সরকার বাংলায় যাতে কাজ কর্ম হয় সে সম্বন্ধে একটা সিদ্ধান্ত করেছেন।

**মিঃ স্পীকার ঃ** বাংলায় আনা হচ্ছে। একটা রুলস সাবকমিটি এটা ষ্টাডি করছেন। আপনারা এটা শীঘ্র পাবেন আশা করি।

**শ্রীআবদুল মান্নান ঃ** স্যার হুগলী জেলার ধনেখালি কলেজে গত ৬ই সেপ্টেম্বর থেকে ছাত্রপরিষদের কর্মীদের উপর ব্যাপক হামলা হচ্ছে। গত ৬ই সেপ্টেম্বর কলেজের অধ্যক্ষ একটা মিটিং ডেকেছিলেন ছাত্রসংসদের নির্বাচনের ব্যাপারে আলোচনা করার জন্য। সেই মিটিং-এ ছাত্রপরিষদের ৫জন প্রতিনিধি, এস. এফ. আইয়ের ৫জন প্রতিনিধি এবং ছাত্র ব্লকের ৫জন প্রতিনিধি ছিলেন। যখন মিটিং চলছিল তখন এস. এফ. আইয়ের কিছু সমাজ বিরোধী প্রতিনিধি ছাত্রপরিষদের প্রতিনিধিদের উপর আক্রমণ করার ফলে ৭জন ছাত্রী সহ ৩২ জন ছাত্র গুরুতরভাবে আহত হয় ৩০ তারিখে নির্বাচন হবার কথা। এস. এফ. আইয়ের কিছু কর্মী এবং বাইরের সমাজবিরোধীরা বলছে ছাত্রপরিষদের কর্মীদের কলেজে ঢুকতে দেওয়া হবে না। তারা কলেজে ঢুকতে পারছে না। অবিলম্বে এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ রাখছি।

**শ্রীরাইচরণ মাঝি ঃ**—স্যার, বর্ধমান চাকটা আদর্শ সাধারণ বিদ্যালয়ে বায়ো-সায়েন্সের একজন শিক্ষক নিয়োগের ব্যাপারে বলছি। এ বিষয়ে আমি প্রধান শিক্ষকের বিরুদ্ধে বলছি। বায়ো-সায়েন্সের শিক্ষক নিয়োগের ব্যাপারে স্থানীয় কাগজে বিজ্ঞাপন করার ফলে কিছু ছেলে এপ্লাই করে। সিলেকসান কমিটি ২ জন ছাত্রের নাম রেজোলিউশান বইতে নথিভুক্ত করে। পরে স্কুলের হেড মাষ্টার মহাশয় ৭ হাজার টাকার বিনিময়ে বায়ো-সায়েন্সে গ্রাজুয়েট নয় তাকে নিয়োগ করেন। আনোয়ার হোসেন নামে বর্তমানে মুর্শিদাবাদের এ. আই. ডি. আইকে সুপারিশ করেছেন যাতে সেই ছেলেটিকে নেয়া হয়। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন ব্যাপারটি তদন্ত করে দেখেন।

**শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ**—স্যার, সামনে পবিত্র ঈদ উৎসব। শতকরা ৭০ ভাগ মুসলমান অধ্যুষিত এলাকা থেকে নির্বাচিত প্রতিনিধি হিসেবে মুসলমান জনসাধারণের বক্তব্য আমি বিধানসভায় উপস্থিত করার প্রয়োজনীয়তা উপলব্ধি করছি। ঈদ উপলক্ষে ছুটি থাকে মাত্র একদিন। সেক্ষেত্রে মুসলমান জনসাধারণের দাবী ঈদ উৎসব উপলক্ষে ২ দিন ছুটির দিন ঘোষণা করা হোক। অন্যান্য ধর্মের ছুটির দিন কাটতে বলছি না. তাদের ব্যাপক ছুটি থাকে থাকুক। এই উপলক্ষে যে জলপাইগুড়িতে যায় তার আসতে

অসুবিধা হয়। এই প্রসঙ্গে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি ঈদ উপলক্ষে পরবর্তীকালে যেন তারা দুদিন ছুটি দেন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একট গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে জানাচ্ছি। আমি যদিও এর আগে সাক্ষাত করে তাকে ঘটনাটা বলেছি তবুও আবার আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ যেহেতু এটা ২২.৯.১৯৮১ সালের প্রস্তাব বাঁকুড়া সম্মিলনী কলেজে বোটানি অনার্স খোলার জন্য সেজন্য ডি. পি. আই. থেকে চিঠি দেওয়া হয় বর্ধমান ইউনিভার্সিটিকে ইনস্পেকসানের জন্য। সেই চিঠির নাম্বার হচ্ছে ৫৫-সি, ডেটেড ১২.১.৮২। বর্ধমান ইউনিভার্সিটির ইনস্পেক্টর অব কলেজেস ১৩.৩.৮২ তারিখে ইনস্পেকসান করেন এবং ১০.৭.৮২ তারিখে গভর্ণমেণ্টের কাছে রিপোর্ট পাঠিয়ে দেন। বর্ধমান ইউনিভার্সিটির চিঠির নাম্বার হচ্ছে আই সি/এ্যাফি/পি/৩২/৪৭/৪২। পুনরায় ডি.পি. আই-এর কাছে যে রিমাইণ্ডার পাঠান হয়েছে সেই চিঠির নাম্বার হচ্ছে আই-৩২৫/৮২, কিন্তু ডি.পি. আই. থেকে কোন উত্তর পাওয়া যায়নি। আমার বক্তব্য হচ্ছে বাঁকুড়া সম্মিলনী কলেজে অনার্স-এর জন্য কোন স্টাফ লাগবে না, সেখানে ছাত্র ভর্তি হতে পারবে সেখানে সেই ব্যবস্থা আছে, ডি.পি.আই-র সেক্রেটারী সেটা ফাইনান্সে পাঠিয়েছেন, সেটা যাতে তাড়াতাড়ি আসে তার ব্যবস্থা উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয় যেন করেন। অনুরূপভাবে সারদাময়ী কলেজে সেই রকম হয়ে আছে, সেখানে জিয়োগ্রাফী অনার্স এবং পাস কোর্স খোলার ব্যাপারে আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Abdur Rauf Ansari:** Mr. Speaker, Sir, I want to draw the attention of the Local Self-Government Minister to a matter. Calcutta Corporation has received nearly one lakh rupees from Metropoiitan Transport Project for occupying a part of the Marcquis Square Ground. It is the usual practice that whoever occupies the ground 50% of the amount should be returned to the Marcquis Ground Committee who looks after the ground. The Committee consists of representatives from the City College, Vidyasagar College, Sporting Union, Y.M.C.A, City Athletic and the University Institute. The amount has not been paid by the Calcutta Corporation to the Committee. So I would request the Urban Minister to intervene into the matter so that 50% of the amount is returned to the Grounds Committee who looks after maintenance of the ground.

**শ্রীবনমালী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৬ই সেপ্টেম্বর নানুর থানায় ফেউ গ্রাম এবং নুরপুর গ্রাম এই দুটো গ্রামে একটা ঝগড়া বাঁধে। ফেউ গ্রাম হচ্ছে হিন্দুপ্রধান গ্রাম এবং নুরপুর গ্রাম হচ্ছে মুসলমান প্রধান গ্রাম। এই দুটো গ্রামে মুসলমান এবং হিন্দুদের মধ্যে ধান কাটা, গাছ কাটা নিয়ে আগে থেকেই একটা বিরোধ

চলছিল কিন্তু ৬ তারিখে যে ঝগড়া হয় তাতে একজন হিন্দু মারা যায়। এখানে আর. এস. এস. পার্টির স্বেচ্ছাসেবক বাহিনী সিউড়ি চন্দ্রগতি হাই স্কুলের মাস্টার সাম মণ্ডলের নেতৃত্বে প্যারেড করছে' তার সঙ্গে কংগ্রেস ( আই ) এর একটা অংশ মদত দিচ্ছে। যাতে আগামী যে কোরবানী ঈদ আসছে মুসলমানরা সেই ঈদ করতে না পারে তারজন্য তারা সচেষ্ট হয়ে পড়েছে। আমি আপনার মাধ্যমে এটা বলতে চাই সেখানে যাতে কোরবাণী ঈদ সঠিকভাবে অনুষ্ঠিত হয়, মুসলমানরা যাতে ঠিকভাবে তাদের ধর্মীয় অনুষ্ঠান করতে পারে সেদিক থেকে কিছু করা দরকার। ওখানে যে পুলিশ বাহিনী আছে তাদের এ্যাকটিভিটি ভাল নয়।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কয়েকদিন ধরে এই হাউসে বারে বারে মাননীয় সদস্যরা উদ্বেগ প্রকাশ করেছেন যে পশ্চিমবংগের কয়েকটি কলেজে অধ্যক্ষ এবং অধ্যাপকবৃন্দ লাঞ্ছিত হচ্ছেন কয়েকজন বহিরাগত সমাজ বিরোধীদের দ্বারা। শুধু তাই নয় অধ্যাপকদের যে সংগঠন আছে ডবলু বি সি ইউ টি এ তাদের পক্ষ থেকে এই সম্পর্কে বিবৃতি দিয়ে সরকারের কাছে দাবি করা হয়েছে যাতে করে অধ্যাপকদের চাকুরির সিকিউরিটি থাকে কর্মক্ষেত্রে নিরাপত্তা থাকে। এখানে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীমহাশয় আছেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়কে বলুন এই ব্যাপারে একটা বিবৃতি দেওয়া সম্ভব হলে তিনি যেন একটা বিবৃতি দেন।

**মিঃ স্পীকার ঃ** মিঃ ঘোষ, এই সম্বন্ধে যদি কোন বক্তব্য থাকে তাহলে আপনি সেটা টেবিলে উপস্থাপিত করতে পারেন।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শান্তশ্রী চট্টোপাধ্যায় যে অভিযোগ উত্থাপন করেছেন তার জবাবে আমি নিম্নলিখিত বিবৃতি টেবিলে উপস্থাপিত করছি।

[1-40—1-50 p. m.]

## Legislation

### The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983

**Shri Sailen Sarkar :** Mr. Speaker, Sir, I beg to introduce The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983.

(Secretary then read the Title of the Bill)

**Mr. Speaker :** I have received a notice to oppose the introduction of the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983 from Shri Abdul Mannan. Shri Mannan may now move the motion.

**Shri Abdul Mannan :** Mr. Speaker, Sir, I beg to oppose the introduction of the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983 and I move that the Bill should be referred to

the Committee on Subordinate Legislation to scrutinise the question of its legislative competence. স্যার, আমি আমার বক্তব্যের সমর্থনে কাউল এণ্ড সাকদার-এর Practice and Procedure of Parliament-এর একটা কোটেশন এখানে পেশ করছি। এই বই-এর page 539 এ ডেলিগেশন of power সম্বন্ধে বলা হয়েছে।

There can be no doubt that if the Legisiature completely abdicates Its functions and sets up a parallel Legislature transferring all its powers to it, that would undoubtedly be a real instance of delegation of its powers তারপর বলা হয়েছে, In the modern concept of a welfare State, governmental activity has pervaded every field of human endeavaur, thus necessitating enactment of multifarious laws to regulate this ever-widening activity তারপর 540 পৃষ্ঠায় অ্যাসেম্বলী কতদূর পর্যন্ত power delegate করতে পারে বা না পারে সে সম্বন্ধে বলা হয়েছে' What the Legislature does, and can do, is to lay down the policy and purpose of any legislation on hand, leaving it to the Executive to frame, in conformity with those principles, formal and procedural details of that measure in the form of 'Orders'....

স্যার ওখানেই আবার বলা হয়েছে।

On the basis of judicial pronouncements, it may be taken as established law now in India that the Legislature is not competent to delegate to the Executive or any other body its essential legislative function, namely the determination of the legislative policy and its formulation as a rule of conduct. স্যার Supreme Court-এর দুইটি কেস রেফার করা হয়েছে। ৫৪১ পৃষ্ঠায় ডিটেলস বলা হয়েছে, Justice Mukherjee in Delhi Laws Act Case observed :

Delegation of lagislative authority could be permissible but only as ancillary to, or in aid of the exercise of law making powers by the proper Legislature, and not a means to be used by the latter to relieve itself of its own resposibility or essential duties by devolving the same on some other agent or machinery. The principle enunciated above has been stressed by the Supreme Court in a number of other cases decided after the Delhi Laws Act Case. For instance, in M/s. Tata Iron and Steel Co., Ltd. Vs. the Workmen of M/s. Tata Iron and Steel Company Ltd. the Supreme Court observed :

The legal position as regard limitation of this power is, however, no longer in doubt. The delegation of legislative power is permissible only when the legislative policy and principle are adequately laid down and the delegate is only empowered to carry out the subsidiary policy within the guidelins laid down by the Legislature. The Legislature, it must be borne in mind, cannot abdicate its authority and cannot pass on a some other body the obligations and responsibilities imposed on it by the Constitution. It can only utilise other bodies or authorities for the purpose of working out the details within the essential principles laid down by it. In each case, therefore, it has to be seen if there is delegation of the essential legislative function or if it is merely a case in which some authority or body other than the Legislature is empowered to work out the subsidiary and ancillary details within the essential guidelines, policy and principles, laid down by the Legislative wing of the government.

স্যার ৫৪৩ পাতায় আবার বলেছে Kaul and Shakdher - page 543 - Where the statue voilates some provision of the Constitution, or instead of delegating the power of making orders the legislature parts with its essential legislative functions to others, the statue itself becomes void and with it the order made thereunder.

স্যার, এটা খুব একটা ইমপর্টেন্ট ম্যাটার। আমি লিগ্যাল পয়েন্টগুলি দেখালাম। ১৯৮০ সালে হাওড়া মিউনিসিপ্যাল করপোরেসন এ্যাক্ট পাশ হয়েছিল এই এসেম্বলীতে, এবং ১৯৮১ সালে ৩০শে নভেম্বর ভারতের রাষ্ট্রপতি এ্যাসেন্ট গেজেটে পাবলিস হয়েছিল। সেখানে ৫টি সিডিউল ছিল। সিডিউল ওয়ানে ওয়ার্ডের ডেফিনেসন, সিডিউল টু তে বাউন্ডারী সম্পর্কে বলা ছিল সিডিউল ৩-তে রেট অব ট্যাক্স সম্বন্ধে বলা ছিল সিডিউল ফোরে ট্যাক্স এন্ড এ্যাড্‌ভারটারজমেন্ট এবং সিডিউল ফাইবে পেনালটিজ সম্পর্কে বলা ছিল। আমরা দেখছি আজকে যে বিল আনা হয়েছে তাতে এই সমস্ত সিডিউলকে ভায়োলেট করার অধিকার দেওয়া হচ্ছে এখানে সংবিধানকে ভায়োলেট করা হচ্ছে। সিডিউল ওয়ান ছাড়া যে কোন সিডিউল ভায়োলেট করার অধিকার সরকার নিতে চাচ্ছেন। উইদাউট এনি গাইডলাইন এই এমেন্ডমেন্ট আনছেন। এই রকমভাবে এমেন্ডমেন্ট আনার অধিকার সরকারের নেই। উইদাউট এনি প্রিনসিপ্যাল এই ভাবে এমেন্ডমেন্ট সরকার আনতে পারেন না। ডিটারমিনেসন অব দিস সিডিউল যেটা ১৯৮০ সালে বিল আকারে পাশ করা হয়েছিল। সেটা এমেন্ডমেন্ট করার কিছুই দরকার নেই। এই বিল এনেছেন এতে সিডিউল ওয়ান ছাড়া অন্য সব সিডিউল এমেন্ড করা যাবে। ১৯৮০ সালে যে আইন হয়েছিল তাতে বলা ছিল যে সিডিউলগুলি এমেন্ডমেন্ট সরকার করতে পারবেন। সেকসন ২১৯-তে বলা আছে যে The State Government may, on the recommendation of the corporation, by notification add to, amend or alter any schedule to this act expect Schdule-1 সেখানে কিন্তু একটি লাইনে বলে দেওয়া ছিল The State Government may on the recommendation of the Corporation. যেহেতু সেখানে কোন করপোরেসন নাই তাকে ষ্টেট গভর্ণমেন্ট নিজে থেকে সেই এমেন্ডমেন্ট করতে চাচ্ছেন। ষ্টেট গভর্ণমেন্টকে এইভাবে পাওয়ার দেওয়া যাতে পারে না। কেন না উইদাউট এনি content, without any guideline এই পাওয়ার দেওয়া যায় না। নির্বাচিত বোর্ড

সিডিউল এমেন্ডমেন্ট করুক তাতে আমাদের কোন আপত্তি থাকবে না। ষ্টেটমেন্ট অব অবজেক্ট রিজনসে বলছেন যে সিডিউল টু এমেন্ড করার কথা বলা হয়েছে। এই অধিকার দেওয়া হবে কেন? এটা আমি বুঝতে পারছি না। এই বিলের মাধ্যমে হাউসের মেম্বারদের অন্ধকারের মধ্যে রাখা হচ্ছে। বোঝা যাচ্ছে না এটা কোন বেসিসে হবে, কি ভিত্তিতে ওয়ার্ডের ডেফিনেসন হবে। বলে দেওয়া হচ্ছে বাকী যে কয়টি সেডিউল আছে যে কোন মূহূর্তে এমেন্ড করতে পারবেন। কি এমেন্ডমেন্ট হবে কি বেসিসে এমেন্ডমেন্ট হচ্ছে সেগুলি আমাদের জানতে দেওয়া হচ্ছে না। সেইজন্য আমি আপনাকে রিকোয়েষ্ট করছি যে বিলটির ডিসকাসন আজকে বন্ধ করুন এবং এটা কমিটি অন সাবর্ডিনেট লেজিসলেসন-এ এটাকে রেফার করুন। ওরা যা রেকমেন্ডসন দেবে তার ভিত্তিতে হাউসে আলোচনা করে ব্যবস্থা নেওয়া যেতে পারে। এইভাবে ব্লাঙ্ক চেক দেওয়া যেতে পারে না। এইটাই হচ্ছে আমার বক্তব্য।

[1.50–2.00 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন** : আপনি এ বিষয়টা অবজার্ভ করুন, এর কমপিটেন্স আছে কিনা because you are the competent man. Honourable member Mr. Mannan has raised this point that it is beyond the legislative competence of this House. আপনি তো প্রায়ই অবজারভেশন দেন, আপনি এ ব্যাপারটা একটু বলুন।

**মিঃ স্পীকার** : হাউসে কমপিটেন্স হচ্ছে টু পাস দি অরিজিন্যাল বিল। তাহলে এ্যামেন্ডমেন্ট পাশ করার লেজিসলেটিভ কমপিটেন্স থাকবে না কেন?

**ডাঃ জয়নাল আবেদিন** : কি করে আসবে? এখানেই তো বলছে, দেয়ার ইজ এ কনট্রাডিক্সন, কাইনডলি সি দি ষ্টেটমেন্ট।

Mr. Speaker : Your point is, the House is competent to pass this Bill, but has no competency to pass the amendment. I have given my ruling in an earlier case, i.e., on the Calcutta Municipal Act. Dr. Abedin, do you want to say that the House is competent to pass the bill, and until the bill is notified the House is not competent to pass the amendment -I do not agree with you over this. I do not agree with you. If a bill is passed but there is no notification then what would happen? The bill comes for the first time and the bill is passed. Do you want to say that because there is no notification you do not have the competence to pass the amendment--I do not agree with you over this.

**ডাঃ জয়নাল আবেদিন** : No Sir, there is no competence.

**মিঃ স্পীকার** : The Bill has not been notified and so there is no competence to amend it, I do not agree with you.

**শ্রীপতিত পাবন পাঠক** : Sir, the Act has already been enforced. The Corporation Act has already been enforced.

**শ্রীশৈলেন সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় আইনটা পাশ হয় ১৯৮০ সালে এবং সেই আইনটা কার্যকরী হয়েছে। হাওড়া পৌরসভা এখন গঠিত হয়নি। এই সময় সংশোধন করার অধিকার এই বিধানসভার আছে। যখন হাওড়া পৌরসভা নেই, যখন সুপারিশ পাওয়া যাচ্ছে না, যখন কিছু অসুবিধা দেখা দিচ্ছে পৌরসভায়, সুপারিশ পাওয়া যাচ্ছে না, কিন্তু সংশোধনের প্রয়োজন আছে এবং তখন এই হাউসের সংশোধনের অধিকার আছে বলে আমি

মনে করি। সেইজন্য যে প্রস্তাব মাননীয় সদস্য মান্নান সাহেব রেখেছেন, আমি তার বিরোধীতা করছি এবং এই সংশোধনী প্রস্তাব সভায় উত্থাপন করবার জন্য প্রস্তাব রাখছি।

**শ্রীশৈলেন সরকার :** Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাওড়া পৌরসভার সংশোধনী আইন ১৯৮৩-এর ২১১ ধারা হাওড়া পৌরসভার সুপারিশক্রমে রাজ্য সরকার বিজ্ঞপ্তি দ্বারা উক্ত আইনের এক নম্বরে সিডিউল ছাড়া অন্য সিডিউলগুলো পরিবর্তন করার ক্ষমতা, সংশোধন, সংযোজন এবং পরিবর্তন করার ক্ষমতা দেওয়া হয়েছে। ইতিমধ্যে আপনারা জানেন যে এই আইন কার্য্যকরী হয়েছে এবং পৌরসভা এখন পর্য্যন্ত গঠিত হয় নি, কিন্তু যে নির্বাচন তালিকা তৈরী করা হচ্ছে, সেটা তৈরী করতে গিয়ে কিছু অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। কিছু কিছু অসংগতিও দেখা যাচ্ছে, সেই অসংগতিগুলোকে দূর করা দরকার নির্বাচন করতে গেলে। সেই কারণে এখন যে অসুবিধাগুলো হচ্ছে, পৌরসভার কোন সুপারিশ পাওয়া যাচ্ছে না, সেই কারণে সরকার এটা এনেছেন। অথচ আইনে সেটা নেই, পৌরসভার সুপারিশ না পাওয়া গেলে সেখানে কোন ওয়ার্ড -- দু নম্বর সিডিউল বিশেষ করে যে ওয়ার্ডগুলো পরিবর্তন যাতে করা যায়।

সেইজন্য এই সংশোধনী আনা হয়েছে যাতে প্রয়োজনীয় সংযোজন, সংশোধন অথবা যাবতীয় পরিবর্তন করা যায় এবং তারই জন্য এটা খুব জরুরী প্রয়োজন হয়ে পড়েছিল। সেই কারণেই এই সংশোধনী আনা হয়েছে। এটা খুব সামান্য সংশোধনী এবং এটা খুব প্রয়োজনীয় সংশোধনী বলেই উপস্থিত করা হয়েছে।

**শ্রীঅশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় এই যে এ্যামেন্ডমেন্টটি আনলেন এটি সম্পর্কে হাওড়া পৌর এলাকার আপামর জনসাধারণ একটি কথাই বলতে চাইছেন যে, ১৯৭৭ সালে এরা ক্ষমতায় বসার পর থেকে হাওড়া পৌরসভার গনতন্ত্রকে একেবারে ধ্বংস করছেন এবং আবার একটি নূতন চাল এনে নির্বাচনকে পিছিয়ে দেবার ষড়যন্ত্র করা হচ্ছে। স্যার, ১৯৭৭ সালে পৌর বোর্ড গঠন করা হয়। মাননীয় পৌর মন্ত্রী বিধানসভার বাইরে কখন কখন কাগজে বিবৃতি দিয়ে অন্ততঃ বার ১৫ নির্বাচন করে দিয়েছেন, এটা হাওড়াবাসী সকলেই দেখেছেন, এখন আবার নির্বাচনের কথা বলা হয়েছে। স্যার, ভোটার লিষ্ট সংশোধন করা হচ্ছিল। ১৯৮২ সালে বিধানসভার যে নির্বাচন হয়েছিল -- যেহেতু হাওড়া করপোরেশন এলাকার ভোটারদের ১৮ বছর বয়স সীমা করা হয়েছে সেই জন্য নতুন করে ভোটার লিষ্ট তৈরী হচ্ছিল এবং সরকার থেকে এনুমারেটর দিয়ে বাড়ী বাড়ী গিয়ে ভোটার লিষ্টে নাম তোলা হচ্ছিল। ৩১শে জুলাই লাষ্ট ডেট ছিল ইনক্লুসান এ্যান্ড অবজেকসানের। যে ভোটার লিষ্ট বেরিয়েছে তার বহু ক্ষেত্রে অনেক টাইম দেওয়া হয়েছিল, কিন্তু ইনক্লুসান এ্যান্ড অবজেকসানের সময় কম দেওয়া হয়েছিল। এই বিষয়ে আমি নিজে মাননীয় পৌরমন্ত্রীর কাছে দরবার করেছিলাম ১৫ দিন বাড়িয়ে দেবার জন্য। কিন্তু উনি বললেন এমনি সিডিউল ফিক্সড আছে ১লা নভেম্বর নির্বাচন করতে হবে, অতএব আপনার কথা আমি মানতে পারছি না। ১লা সেপ্টেম্বর ফাইন্যাল ভোটার লিষ্ট হবার কথা। কিন্তু ১লা সেপ্টেম্বর ফাইন্যাল ভোটার লিষ্ট হল না। সারকুলার চলে গেল এল. এস. জি. ডিপার্টমেন্ট থেকে এস. ডি. ও. (সদর) এর কাছে যে, এখন ফাইন্যাল ভোটার লিষ্ট ছেপো না। স্যার, আমরা বুঝতে পারছি না যে, হাওড়া পৌরসভার নির্বাচন এ্যাকচুয়্যালি হবে কি হবে না। ডিলিমিটেসন তো ঠিকমত হয়নি। সিডিউল এ্যাক্ট ছাড়া বাকি তারা সংশোধন

করার ক্ষমতা বিধানসভা থেকে নিয়ে নিচ্ছেন এবং সংখ্যাগরিষ্ঠতার জোরে নিয়ে নেবেন। কিন্তু ডিলিমিটেসনের সময় যে সমস্ত এরিয়ায় ওয়ার্ড ভাগ করা হয় সেখানে একটা বিরাট ওলট পালট করা হয়েছে এটা আমরা দেখছি. তখন হাওড়া পৌরসভার নির্বাচন হয়নি, কাউনসিলর বসে নি। আপনাদের মনোনীত পৌর বোর্ডে ৩০ জন মেম্বারকে প্রশান্তবাবু এক কলমের খোঁচায় বসিয়ে দিলেন এবং তারা ঠিক করে দিলেন কোন এরিয়া কি ভাবে হবে। পরবর্তীকালে ভোটার লিষ্ট তৈরী হয়েছে। কোন কোন ওয়ার্ডে হয়ত কংগ্রেসের ভোটার বেশী হয়ে গেছে গত বিধানসভা নির্বাচনের আসনের পরিপ্রেক্ষিতে। তাই নতুন করে এ্যামেন্ডমেন্ট আনার প্রয়োজন মনে করছেন এবং হাতে ক্ষমতা নিয়ে নিচ্ছেন। তারা মনে করছেন এই সব ওয়ার্ডে কংগ্রেসী কাউনসিলাররা জিতে আসতে পারে। কারণ গত বিধানসভা নির্বাচনে হাওড়া পৌর এলাকার দুই তৃতীয়াংশ নাগরিক ভোট দিয়েছে কংগ্রেসের পক্ষে। সেইজন্য ওরা এত আতঙ্কিত হচ্ছেন এবং নতুন করে একটা চাল চালছেন এবং গনতন্ত্রকে ধ্বংস করে নির্বাচন পিছিয়ে দেবার একটা নতুন ষড়যন্ত্র করছেন এই এ্যামেন্ডমেন্টের মাধ্যমে। মাননীয় পৌরমন্ত্রী আবার একটা নতুন চাল পৌরসভায় ইন্ট্রোডিউস্ড্ করলেন। এখানে হাওড়ার মন্ত্রী প্রলয়বাবু বসে আছেন। তিনি হাওড়া পৌরসভা বোর্ডের মেম্বার ছিলেন। ১৯৬৭ সালের পর নির্বাচন হয় নি। কংগ্রেস খারাপ ছিল, নির্বাচন হয়নি, আমরা স্বীকার করছি। কিন্তু বামপন্থী দলের আমলেও যে হাওড়া পৌরসভার নির্বাচন হচ্ছে না, তার জবাব কে দেবে? আমরা এর জবাব চাই।

[2-00--2-10p.m.]

'পৌরসভার নির্বাচন হচ্ছে না কেন কংগ্রেস জবাব দাও' এই ধরণের পোষ্টার পড়েছিল। আমরা কিন্তু পেছনের দরজা দিয়ে নমিনেটেড বোর্ড বসিয়ে দিই নি বা দলের লোকেদের সেখানে টাকা নয়ছয় করার সুযোগ দিই নি। আমরা একজিকিউটিভ অফিসারকে দিয়ে, এ্যাডমিনিষ্ট্রেটারকে দিয়ে হাওড়া পৌরসভা চালু রেখেছিলাম। তারপর ৩০শে আগষ্ট এল. এস. জি. ডিপার্টমেন্ট থেকে একটা সার্কুলার যায়, তাতে ১৬ জনকে দিয়ে একটা এ্যাডভাইসারি কমিটি করা হয়। সেই নিয়োগ হাইকোর্টে চ্যালেঞ্জ করা হয়। জনৈক বৈদ্যনাথ [illegible] আন্ডার সেকসান ২২৬ হাইকোর্টে সেই অর্ডারকে চ্যালেঞ্জ করেন। রাতের আঁধারে গভর্ণমেন্ট করলেন একটা বেআইনী কাজ তারা এখানে করেছেন। আমরা তারপর দেখলাম একটা নোটিফিকেসান করা হল ২৮.২.৭৮ সালে, গভর্ণমেন্ট মেমো নং ১০৭, এল. এস. জি-৪৮/৩৯/৭৫-এ তাতে ৩০ জনের নমিনেটেড বোর্ড গঠন করা হল আন্ডার সেকসান ৫৬(এ) অব দি সি.এম এ্যাক্টে। প্রথমে এ্যাডভাইসারী বোর্ড বসালেন, বুঝলেন অন্যায় হয়েছে, রাতারাতি চেঞ্জ করে আবার সেটা ২৮.২.৭৮ তারিখে ৩০ জনের নমিনেটেড বোর্ড বসিয়ে দিলেন। স্যার, শুনে আরো আশ্চর্য্য হবেন যে ঐ ৩০ জনের বোর্ডে একজন ছিলেন শ্রীগোপাল চ্যাটার্জী, তার বাড়ীর ঠিকানা দেওয়া হল সি. পি. এম-এর পার্টি অফিস হাওড়ায় ১১নং ধর্মতলা লেন। আইনে আছে কোন পঞ্চায়েত সদস্য হাওড়া পৌরসভার সদস্য হতে পারবেন না কিন্তু ঐ গোপাল চ্যাটার্জী, তিনি বাকশালা পঞ্চায়েতের সদস্য হওয়া সত্বেও হাওড়ার সি. পি. এম-এর পার্টি অফিসের ঠিকানা দিয়ে তাকে হাওড়া পৌরসভার সদস্য করা হল। সেটাও হাইকোর্টে চ্যালেঞ্জ করা হল, সেই অর্ডার যে অর্ডারে গভর্ণমেন্ট নমিনেটেড বোর্ড বসালেন। হাওড়ার এ্যাডভোকেট সুরেশ্বর দত্ত মহাশয়, তিনি এটা চ্যালেঞ্জ করলেন। ১০.১.৭৯ তারিখে তার জাজমেন্ট হল। বিচারপতি সব্যসাচী মুখার্জী, তিনি রায় দিলেন ৩০.৯.৭৯ পর্যন্ত এই বোর্ড কার্যকরী হবে। ৫.৯.৭৯ তারিখে মাননীয়

এ্যাডভোকেট জেনারেল একটি মৌখিক আবেদন করলেন এবং তাতে ৩১.১২.৭৯ পর্যন্ত বোর্ডের কার্য মেয়াদ বাড়িয়ে দেওয়া হল। আবার ৭.১২.৭৯ তারিখে ঐ একইভাবে নির্বাচন না করার ষড়যন্ত্র করে এ্যাডভোকেট জেনারেল আবেদন করে বোর্ডের পরমায়ু বৃদ্ধি করলেন। স্যার, কি ধরণের গনতন্ত্র ওরা হাওড়া পৌরসভায় দিনের পর দিন চালিয়ে যাচ্ছেন সেটা একটু দেখুন। আমি একের পর এক তারিখ দিয়ে দিয়ে সব উদাহরণ দিয়ে যাব, প্রলয়বাবু এখানে আছেন, তিনি যদি উত্তর দেন ভাল হয়। ১১.৪.৮০ তে আবার আবেদন জানানো হলে সুরেশবাবু এবারে আপত্তি জানালেন তারপর উভয়পক্ষের বক্তব্য শুনে বিচারপতি মহাশয় রায় দিলেন যে ৩১.১.৮১ পর্য্যন্ত এই বোর্ড থাকবে। মাননীয় বিচারপতি বললেন, ৩১শে জানুয়ারীর মধ্যে সরকারকে এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ করতে হবে। এই বোর্ড পেছনের দরজা দিয়ে বসেছে একে চলে যেতে হবে, এটা অন্যায়। হাইকোর্টের অর্ডারও স্যার, এরা মানলো না। কি ধরণের গনতন্ত্র চলছে দেখুন। হাইকোর্টের অর্ডার না মেনে নক্কারজনকভাবে এল. এস. জি. ডিপার্টমেন্ট থেকে আবার এক অর্ডার পাঠানো হল। সেই অর্ডার ১৯৮০-র এক আদেশ বলে। আমি সেই চিঠিটাও এনেছি দরকার হলে দেখাতে পারি। ১১৮৬৩৪ এম. আই. এম/৬৬/৭৯. ১.৮.৮০-র অর্ডার।

স্যার, যে তারিখে বোর্ডের মেম্বারদের সম্পর্কে কোর্ট অর্ডার দিল, সেই একই তারিখে এল. এস. জি. ডিপার্টমেন্ট থেকে আবার একটা অর্ডার চলে গেল। যে বোর্ড, যার বিরুদ্ধে সব্যসাচী রায় অর্ডার দিলেন, রায় দিলেন, এরা কি করলেন, না, সকালে রায়টা মানলেন এবং বিকালে আবার আর একটা অর্ডার দিয়ে সেই ৩০ জনকে নিয়ে হাওড়া পৌরসভায় উপস্থিত করলেন। এই হচ্ছে কোর্ট মানার নমুনা, এই হচ্ছে গণতন্ত্র মানার নমুনা। এই ধরণের নমুনা আর কোথাও আছে কিনা আমি জানি না। তবে হাওড়া পৌরসভার ক্ষেত্রে এই গণতন্ত্রের পুজারীরা দেখালেন। আমরা লক্ষ্য করেছি যে হাওড়া পৌরসভাকে যেগুলি মেনটেন্যান্সের জন্য দেওয়া হয়েছে, সেখানে সেটা না করে বিক্রয় করে দেওয়া হয়েছে এবং এই ভাবে কয়েক লক্ষ টাকা নয়ছয় করা হয়েছে। সেখানে বাড়ি করতে দেওয়া হচ্ছে এবং ব্যবসা করার জন্য দোকান পর্যন্ত করতে দেওয়া হয়েছে। ভিক্টোরিয়া কটন মিল বন্ধ হয়েছে। তার ভিতর যে সমস্ত জায়গা আছে সেখানে দিনের পর দিন বেআইনী বাড়ী এরা করতে দিয়েছে। আমি এই কথা বলতে চাই, যে বোর্ড দিনের পর দিন অন্যায়ভাবে হাওড়া পৌরসভার বুকের উপরে বসে আছে তারা হাওড়ার মানুষের স্বার্থ বিরোধী কাজ করছে এবং এই ৩০ জন বোর্ডের সদস্যদের মধ্যে একজনও বিরোধী দলের সদস্য নেই। এই বামফ্রন্টের শরীকরা দিনের পর দিন মারামারি করছে, এই সম্পর্কে তাদের বক্তব্য বের হচ্ছে। তারা হাওড়া পৌরসভাকে সবাই মিলে লুটেপুটে খেয়ে শেষ করে দিচ্ছে। আমার নিজের অভিজ্ঞতা আছে। আপনারা জানেন যে এই হাওড়া পৌরসভায় আমি চাকুরী করি এবং বিগত ২০ বছর ধরে আমি এখানে কাজ করছি। আমি দিনের পর দিন নিজে দেখেছি যে এরা গাড়ী করে আসেন। আমি প্রশ্ন করেছিলাম যে কমিশনারদের গাড়ী চাপার অধিকার আছে কি না? মাননীয় পৌর মন্ত্রী মহাশয় বলেছিলেন যে না। আপনি হাওড়া পৌরসভায় ম্যাসেঞ্জার পাঠালে জানতে পারবেন যে একজনও কমিশনার গাড়ী ছাড়া আসেন না। যে হাওড়া পৌরসভা খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে, সেই পৌরসভাকে এরা নয় ছয় করে দিচ্ছে, পৌরসভার সমস্ত অর্থ অপচয় করে দিচ্ছে, কোন উন্নতি হচ্ছে না। ১৯৭৭ সালে ওরা যখন ছিল না তখন আমরা দেখেছি যে মাইনা দিতে লাগতো ১৯ লক্ষ টাকা এবং ৫,৪০০ জন কর্মচারী সেখানে ছিল। এরা এই ৫ বছরে দিনের পর দিন খরচ বাড়িয়ে ১৯৮৩ সালে সেই ১৯ লক্ষ টাকার জায়গায় ৩০ লক্ষ টাকা কর্মচারীদের মাইনা দিতে পার মাছে খরচ

হচ্ছে। সেখানে নিজেদের দলের লোককে এমনভাবে ঢুকিয়ে দিচ্ছেন এবং তারা সাবোটেজ করছে। কোথাও আর.এস.পি., কোথাও ফরোয়ার্ড ব্লক, তাদের ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এটা ঠিক যে সেখানে কংগ্রেসের ইউনিয়ন আছে। কিন্তু একটা কথা আছে যে যত দোষ নন্দ ঘোষ। যা কিছু হয় সব কেন্দ্রের দোষ। এই কথা জ্যোতিবাবু থেকে রাম চ্যাটার্জী পর্যন্ত সকলেই বলে থাকেন। এদের কোন দোষ নেই। ওদের চেলা-চামুন্ডারা হাওড়া পৌরসভাকে শেষ করে দিতে আরম্ভ করেছে। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। এরা শ্রমিক কর্মচারীদের বলেন যে আমরা মেহনতী মানুষের প্রতিনিধি, শ্রমিক কর্মচারীদের জন্য এদের চোখের জল পড়ে ভেসে যাচ্ছে। নতুন বেতন হার ১৯৮১ সালে যখন চালু হল তখন দেখা গেল যে ১.৪.৮১ তারিখ থেকে ৩১.৭.৮২ তারিখ পর্যন্ত প্রায় ৫৬ লক্ষ টাকা, এই ৫৬ লক্ষ টাকা প্রশান্ত বাবু দিয়ে দিলেন এবং হাওড়া পৌরসভার সভাপতিকে বললেন যে কর্মচারীদের স্বার্থে এই এরিয়ারের টাকাটা আপনি দিয়ে দিন। কিন্তু এই টাকা পেমেন্ট করা হল না। এই যে বেআইনী মনোনীত বোর্ড বসে আছে, তারা এই টাকা কর্মচারীদের দিলেন না। মাত্র ৩ মাসের টাকা দেওয়া হল এবং বাকী টাকা কনট্রাক্টরদের দেওয়া হয়েছে। এই তথ্য আমার কাছে আছে। দিনের পর দিন এই বেনাম বোর্ড হাওড়া পৌরসভার বুকের উপরে বসে আছে। আমরা নির্বাচন চেয়েছিলাম। আমরা বলেছি যে মনোনীত বোর্ড থাকা উচিত নয়। স্যার, এদের দুই রকম নীতি আমরা দেখতে পাচ্ছি। ভারতবর্ষের ক্ষেত্রে যখন লোকসভায় এম. পি.'দের মাইনা বৃদ্ধি করা হয় তখন এদের নেতা যারা লোকসভায় নির্বাচিত হয়েছেন, তারা চীৎকার করে বলেছিলেন যে মাইনা বাড়ানো চলবে না।

[2-10--2-20 p.m.]

অপর দিকে এখানে এম.এল.এ'দের মাইনে বাড়াবার বিল আসছে। এই রকম আর একটা ঘটনা হচ্ছে, গুজরাটে এক বছরের জন্য কংগ্রেস (ই)'র ৪৮ জন সদস্যের একটা মনোনীত বোর্ড আছে এবং সেখানে বিরোধীদের একটা এ্যাকসন কমিটি হয়েছে, তাতে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টিও আছে। স্যার, গত ২৮শে মার্চ, স্টেটসম্যান কাগজে সেখানকার সম্বন্ধে একটা সংবাদ বেরিয়েছে, যার শিরোনাম হচ্ছে, "ডঙকিস ইন এড্ অফ্ এ কজ্"। বিরোধীরা ৪৮ জন মনোনীত সদস্যের নাম গাধার গলায় ঝুলিয়ে দিয়েছে। তাদের দাবী ওখানে নির্বাচন করতে হবে। স্যার, এই যদি অবস্থা হয়, তাহলে হাওড়ায় '৭৭ সাল থেকে যে মনোনীত বোর্ড রয়েছে তার কি হবে? এখানে পিছনের দরজা দিয়ে ৩০ জন মনোনীত সদস্যকে ঢুকিয়ে দেওয়া হয়েছে, এদের নামগুলি গাধা নয়, কুকুরের গলায় ঝুলিয়ে দেওয়া কি অন্যায় হবে? আমি মন্ত্রী মহাশয়ের কাছে পরিষ্কারভাবে জানতে চাইছি হাওড়ার নির্বাচন হবে, কি হবে না। আমি গণতন্ত্রের এই মন্দিরে দাঁড়িয়ে জানতে চাইছি গণতন্ত্রের নামে প্রহসন বন্ধ করা হবে কিনা? এই কয়টি কথা বলে এই বিলের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি

**শ্রীপ্রলয় তালুকদার :** স্পীকার মহোদয়, কংগ্রেস(ই) সদস্য মাননীয় অশোক ঘোষ এই এ্যামেন্ডমেন্ট বিলটির বিরোধীতা করে চলে গেলেন, এখানে আর আমি তাকে দেখতে পাচ্ছি না, বিরোধীতা করে চলে যাওয়াটা কি ধরণের দায়িত্ব জ্ঞানের পরিচয়, তা আমি জানি না। অশোকবাবু তাঁর বক্তৃতার মধ্যে এক জায়গায় বললেন যে, তিনি নাকি হাওড়া পৌরসভার কর্মচারী এবং গত ২০ বছর ধরে তিনি ওখানে কাজ করছেন। স্যার, আমি হাওড়ায় জন্মেছি এবং বড় হয়েছি, আমি তাঁকে কোন দিন হাওড়া মিউনিসিপ্যালিটিতে কাজ করতে দেখিনি, তিনি

কি ধরণের কর্মচারী তা আমি জানি না। (একটি ধ্বনি ঃ—খাতায় নাম আছে।) থাকতে পারে খাতায় নাম, কিন্তু আমি তাঁকে কখনো কাজ করতে দেখিনি। স্বভাবতই এই ধরণের কর্মচারী থাকলে কি করে কালেকসন হবে! এখন আমাদের কথা হচ্ছে, ওখানে নির্বাচন হবে, নির্বাচন করার জন্যই এই এ্যামেন্ডমেন্ট।

আমরা কংগ্রেসীদের মত হিপোক্র্যাট নই। যখন অসুবিধা দেখেছি, পরিষ্কার বলেছি, সত্য কথা বলতে ভয় পাইনা। কংগ্রেসীরা ১৯৬৭ থেকে ১৯৭৭ পর্যন্ত এই ১০ বছর ক্ষমতায় ছিলেন, ১৩ মাস আর ৯ মাস বাদ দিলে বাকী সময়টা তাঁরা ছিলেন, হাওড়া পৌরসভার নির্বাচন করেন নি। একথা ঠিক যে নমিনেটেড বোর্ড বসান নি, নমিনেটেড বোর্ড বসান সম্ভব ছিল না, নমিনেটেড বোর্ড বসালে যে সব কংগ্রেসী সদস্যরা আছেন তাঁদের রক্ত গঙ্গা বয়ে যেত। কাজেই আপোষ মীমাংসা করে একজিকিউটিভ অফিসার বসাতে হয়েছিল। হাওড়া পৌরসভা নয় ছয় হয়েছে। এখন এই যে সিডিউল টু সেটা অশোকবাবু কি করে বললেন জানিনা,—উনি বললেন, যে মিউনিসিপ্যালিটির কর্মচারী ছিলেন – এই সিডিউল টু নাকি হাওড়া মিউনিসিপ্যালিটি নমিনেটেড বোর্ড তাঁরা তৈরী করে দিচ্ছেন। কি করে এটা তাঁদের মস্তিষ্কে গেল জানি না। সিলেক্ট কমিটি হয়েছিল, সিলেক্ট কমিটির কাছ থেকে একটা বিলের সুপারিশ, সেটা এ্যাসেম্বলীতে এসেছে এবং এ্যাসেম্বলী পাশ করেছে এবং সিলেক্ট কমিটি বিভিন্ন সাক্ষী সাবুদ নিয়ে – তাতে জয়নাল আবেদিন সাহেব ছিলেন, আমিও ছিলাম – হাওড়া নমিনেটেড বোর্ড হাওড়ার সাধারণ মানুষদের টাউন হলে ডাক দিলে হাওড়া বার এ্যাসোসিয়েসন আছে সেখানে তাদেল সাক্ষী সাবুদ নেওয়া হয়েছিল। সমস্ত সাক্ষী সাবুদ নিয়ে এই সিলেক্ট কমিটি করেন। আমার যতদূর মনে হয় সত্য বাপুলী মহাশয়ও ছিলেন। কাজেই এটা হাওড়া পৌরসভা নমিনেটেড বোর্ড এই ডিলিমিটেশন তৈরী করেন। এটা অশোক বাবুর জানা উচিত। উনি নূতন এসেছেন সব জানেন না, পরে পুরনো কংগ্রেস সদস্যদের কাছ থেকে রপ্ত করে নেবেন। এই এ্যামেন্ডমেন্টের উদ্দেশ্যটা হচ্ছে যখন এই বিলটা পাশ করা হয়েছিল তখন আশা করা হয়েছিল কর্পোরেশন হবে এবং ইলেকসন করা যাবে, কিন্তু কর্পেরেশন হয়নি, তার কারণ মাঝখানে এ্যাসেম্বলী ইলেকসন হয়ে গেল, জেনারেল ইলেকসনের পরে যেহেতু ভোটার লিষ্ট ১৮ বছর বয়স করা হয়েছে নতুন করে ভোটার লিষ্ট করতে গেলে এর কতকগুলি ওয়ার্ডে কিছু জটিলতা আছে, কোন ওয়ার্ডে ২০ হাজার, কোথাও ২৫ হাজার কোথাও ৩০ হাজার আবার কোথাও কোথাও বা ৭/৮ হাজার এই একটা বিরাট এ্যানোমেলির উপর যদি নির্বাচন হয় সেই নির্বাচনে সঠিক প্রতিফলন হবে না। সেজন্য এই এ্যামেন্ডমেন্ট এসেছে। যদি কর্পোরেশন গঠিত হয়ে যেত তাহলে এই প্রশ্ন আসত না, কর্পোরেশন গঠিত হলে বিলটি পাশ হয়ে যেত এবং পরে কমিটির সুপারিশ অনুযায়ী এটা হবে, গঠন হয়নি, কাজেই এই এ্যামেন্ডমেন্টটা করে যাতে আমরা খুব শীঘ্রই নির্বাচন করতে পারি সেটা দেখব। আমরা চাই নির্বাচন হোক, নির্বাচন নিয়ে কংগ্রেসের কথা বলার কোন অধিকার নেই। হাওড়া মিউনিসিপ্যালিটিকে কোন জায়গায় নিয়ে এসেছেন? নির্বাচনের পর যদি কোন এনকোয়ারী কমিটি হয় তাহলে সমস্ত জিনিষ পরিষ্কার হয়ে যাবে। ১৯৭৭ সালে নমিনেটেড বোর্ড করা হয়েছে। কংগ্রেস হাওড়া মিউনিসিপ্যালিটিতে ক্ষমতায় ছিলেন, একমাত্র একবার ক্ষমতাচ্যুত হয়েছিলেন ১৯৫১ যখন ইউনাইটেড বোর্ড গঠিত হয়েছিল সেই ইউনাইটেড বোর্ডকে অশোকবাবুরা ৩ বছরের মধ্যে খারিজ করে দিয়েছিলেন, ইউনাইটেড বোর্ডকে খারিজ করে দিয়ে একজিকিউটিভ অফিসার বসিয়ে দিলেন। তারপর কংগ্রেস (আই) ক্ষমতায় এল। আমরা হাওড়া জনগণের স্বার্থে নমিনেটেড বোর্ড বসিয়েছি। নমিনেটেড বোর্ড আইন সিদ্ধ বোর্ড। আইনসিদ্ধ

না হলে ওঁরা হাইকোর্টে — কথায় কথায় হাইকোর্টের কথা বলেন — গিয়ে খারিজ করে দিতেন। এই বিলের এ্যামেন্ডমেন্টের উদ্দেশ্য যত শীঘ্র সম্ভব নির্বাচন করা, সেজন্যই আনা হয়েছে। তাই আমি একে সমর্থন করে এবং আশোকবাবু যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-20--2.30 p.m.]

**শ্রীদেবরঞ্জন সেন :** মিঃ স্পীকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন-এর যে এ্যামেন্ডমেন্ট বিল এখানে এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। এই এ্যামেন্ডমেন্টের বিরুদ্ধে কংগ্রেসী সদস্যরা যে এ্যামেন্ডমেন্ট এনেছেন, তার আমি বিরোধীতা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা প্রলয়বাবু যে কথা বলে গেলেন, এটা আমাদেরও অভিজ্ঞতা। আমরা বিগত কয়েকটি পৌরসভার নির্বাচনে দেখেছি যে ওয়ার্ডগুলি এমনভাবে বিভক্ত হয়ে আছে যে বলবার নয়। বিশেষ করে হাওড়া ও বর্ধমান শহরে এক একটি ওয়ার্ড প্রায় এ্যাসেম্বলী কনষ্টিটিউয়েন্সীর মত। এগার বারোশ'র মত তার ভোটার। সেগুলিকে ভেঙ্গে ঠিকমত ইউনিফর্ম ওয়েতে করবার ব্যবস্থা এই বিলের মাধ্যমে হয়েছে বলে হাওড়া ও বর্ধমানবাসী আমরা আজ আনন্দিত। কারণ মানুষ সেখান থেকে প্রতিনিধি নির্বাচিত করে পাঠাবেন সেই ওয়ার্ডগুলি যদি ইউনিফর্মভাবে হয়, তাহলে রিপ্রেজেন্টশনও সমানভাবে হতে পারে। আজকে এই বিল আনার কারণ হচ্ছে সিডিউল ওয়ান এর সিডিউলগুলি পরিবর্তন করতে গেলে কর্পোরেশনের স্যাংশন, রেকমান্ডেশন লাগে যেহেতু হাওড়া মিউনিসিপ্যালিটিতে বর্তমানে নোমিনেটেড্ বোর্ড আছে সে কারণে। আজকে সেখানে কাজ করতে গেলে কিছু ক্ষমতা দরকার এবং সে জন্যই এই সংশোধনী বিল উনি এনেছেন। এ ব্যাপারে অশোকবাবুর পক্ষ থেকে এই আপত্তি করা উচিত হয়নি, বিশেষ করে তিনি যখন একজন পৌরকর্মী। অবশ্য তিনি বলছেন যে তিনি পৌরসভায় কাজ করেন না। তবে আমার বিশ্বাস, নির্বাচনকে যদি স্বাগত জানাতে চান তাহলে মাননীয় মন্ত্রী যে সংশোধনী এনেছেন তা সমর্থন করা উচিত। কারণ এই সংশোধনী গৃহীত হলে পর হাওড়া কর্পোরেশনের নির্বাচন হতে পারবে। এছাড়া সিডিউল থ্রি, ফোর এবং ফাইভয়ে যে সমস্ত সিডিউল আছে — আমার বিশ্বাস, এই সিডিউলগুলিতে যদি দেখা যায় যে অসুবিধা আছে, আইনের দ্বারা যদি সেই ত্রুটি-বিচ্যুতিগুলি সংশোধন করতে না পারা যায় - সেগুলি করা সম্ভব নয়। সেইজন্য মাননীয় মন্ত্রী যে সংশোধনী এনে ক্ষমতা সরকারের হাতে ন্যস্ত করতে চেয়েছেন তাকে আমি সমর্থন করছি। সাথে সাথে মাননীয় কংগ্রেসী সদস্য যে আপত্তি জানিয়েছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসতীশ রায় :** মাননীয় পৌরমন্ত্রী হাওড়ার পৌরসভার আইনের যে সংশোধনী এনেছেন তাকে আমি সমর্থন করছি। কংগ্রেসী বন্ধুরা যে বক্তৃতা রাখলেন সেটা ধৈর্য্য ধরে শুনেছি। এখানে একটি কথা বলতে চাই যে পশ্চিম বাংলার বৃহত্তম শহর হচ্ছে কলকাতা। তার পরের স্থানই নিয়েছে হাওড়া শহর। আজকে হাওড়া পৌরসভার যদি সার্বিক উন্নতি করতে হয়, নাগরিক জীবনের সুখ-স্বাচ্ছন্দের ব্যবস্থা করতে হয় তাহলে আইনের মধ্যে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলোর সংশোধন করা দরকার।

ওয়ার্ড পুনর্বিন্যাস করার যে ক্ষমতা সরকার চেয়েছে, আমি মনে করি তার প্রয়োজন আছে। এটা সাধারণ মানুষের স্বার্থেই প্রয়োজন হবে এবং এটা দেখেছেন বলেই মাননীয় মন্ত্রী মহাশয়

বাধ্য হয়ে এই বিল এনেছেন। আমি মনে করি এই বিলকে সকলেই সমর্থন জানাবেন। পশ্চিমবাংলায় শিল্পের দিক থেকে হাওড়ার গুরুত্ব অনেকখানি। সেই হেতু হাওড়া পৌর সভার এই ব্যাপারে দায়িত্ব অনেকখানি। যে শিল্প বিভাগ হাওড়া পৌর সভায় গড়ে উঠেছে তাকে যদি সুন্দরভাবে বাঁচিয়ে রাখতে হয় তাহলে এই পৌরসভার গঠন প্রণালী অন্যান্য পৌরসভার থেকে আলাদা করতে হবে। আমার দেখতে পাচ্ছি অতীতে কংগ্রেস আমলে এই পৌরসভার জন্য যে দায়িত্ব পালন করা উচিত তা তাঁরা পালন করেন নি। কলিকাতা নাগরিকদের সাফল্য ক্যালকাটা করপোরেসনের উপর নির্ভর করে। তাছাড়া ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট নামে যে সংস্থা আছে তাদের উপর দায়িত্ব অর্পণ করা আছে। কলিকাতার নাগরিকদের জীবন সুন্দর করে গড়ে তোলার জন্য সি. এম. ডি. এ কাজ করে। হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট-এর কথা আমরা জানি। হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট অনেক ভাল কাজ করেছে। আজকে এই কথা কেউ অস্বীকার করতে পারবেন না। হাওড়া ষ্টেশান সংলগ্ন যে এলাকাগুলি আছে সেখানে আগে যে অবস্থা ছিল এখন তার পরিবর্তন ঘটেছে। সেখান দিয়ে যদি কেউ যাতায়াত করেন তাহলে এই কথা কেউ অস্বীকার করতে পারবেন না। হাওড়ার অভ্যন্তরে যদি কেউ যান তাহলে দেখতে পাবেন সেখানে যে বস্তি এলাকাগুলি আছে সেইগুলির উন্নয়ন অত্যন্ত প্রয়োজন। তাই আজকে এই পৌরসভা পরিচালনার ক্ষেত্রে জনগণের নির্বাচিত প্রতিনিধিদের আগামী দিনে পৌরসভা পরিচালনার দায়িত্ব তুলে দেওয়া যায় -- যেটা সরকারের তরফ থেকে পেশ করা হয়েছে - - তাহলে আমি মনে করি পৌরসভার উন্নতি বাস্তবে রূপায়িত করা যাবে। সেইজন্য আজকে যে সংশোধনী প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। আজকে যে সংশোধনী এখানে উৎথাপন করা হয়েছে সেটা সমস্ত মানুষের প্রয়োজনে এবং বিশেষ করে হাওড়ার জনগণের স্বার্থে। তাই এই সংশোধনী প্রস্তাব সকলের সমর্থন করা উচিত এবং আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধনী প্রস্তাব সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আমি প্রথমে আমাদের বন্ধু মাননীয় সদস্য অশোক ঘোষের কাছ থেকে গনতন্ত্রের একটা বিবৃতি পেলাম। আমি আপনাকে জানাচ্ছি এই নমিনেটেড বোর্ড তৈরী হবার আগে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পর যে মিউনিসিপ্যালিটি গুলিকে সুপারসিড করা হয়েছিল তাদের রিইসটেট করা হয়। সেই সময় হাওড়া মিউনিসিপ্যালিটি কংগ্রেসের হাতে ছিল। তার চেয়ারম্যান ছিলেন নির্মল মুখার্জী। তাঁকে চিঠি দিয়ে জানানো হয়, আপনি পুনরায় প্রতিষ্ঠিত হলেন। নির্মল মুখার্জী লিখিতভাবে আপত্তি করেন। তারপর নমিনেটেড বোর্ড তৈরী হয়। মাননীয় বন্ধু অশোক ঘোষ মহাশয় নিশ্চই এই কথাটা ভুলে যান নি। অথবা এই কথাগুলো যখন বের হয় তখন তিনি নজর রাখেন নি। একটা কথা আপনাদের জানিয়ে রাখি নির্বাচন করার চেষ্টা আমরা সব সময় করি। আমরা সুরু থেকে নির্বাচন করার চেষ্টা করছি। ১ বছর হয়ে গেল রাষ্ট্রপতির কাছ থেকে অনুমোদন আসতে।

[2.30--2.40 p.m.]

নির্বাচনের সুবিধার জন্য আমরা চেষ্টা করছি। আর আপনারা চেষ্টা করছেন যাতে নির্বাচন না হয়। আপনাদের এই চিন্তায় ছাই দিয়ে, আমরা আবার বলছি, নির্বাচন আমরা করব, নির্বাচন হবেই। সেই জন্য এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি।

না হলে ওঁরা হাইকোর্টে — কথায় কথায় হাইকোর্টের কথা বলেন — গিয়ে খারিজ করে দিতেন। এই বিলের এ্যামেন্ডমেন্টের উদ্দেশ্য যত শীঘ্র সম্ভব নির্বাচন করা, সেজন্যই আনা হয়েছে। তাই আমি একে সমর্থন করে এবং আশোকবাবু যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-20--2.30 p.m.]

**শ্রীদেবরঞ্জন সেন :** মিঃ স্পীকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন-এর যে এ্যামেন্ডমেন্ট বিল এখানে এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। এই এ্যামেন্ডমেন্টের বিরুদ্ধে কংগ্রেসী সদস্যরা যে এ্যামেন্ডমেন্ট এনেছেন, তার আমি বিরোধীতা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা প্রলয়বাবু যে কথা বলে গেলেন, এটা আমাদেরও অভিজ্ঞতা। আমরা বিগত কয়েকটি পৌরসভার নির্বাচনে দেখেছি যে ওয়ার্ডগুলি এমনভাবে বিভক্ত হয়ে আছে যে বলবার নয়। বিশেষ করে হাওড়া ও বর্ধমান শহরে এক একটি ওয়ার্ড প্রায় এ্যাসেম্বলী কনষ্টিটিউয়েন্সীর মত। এগার বারোশ'র মত তার ভোটার। সেগুলিকে ভেঙ্গে ঠিকমত ইউনিফর্ম ওয়েতে করবার ব্যবস্থা এই বিলের মাধ্যমে হয়েছে বলে হাওড়া ও বর্ধমানবাসী আমরা আজ আনন্দিত। কারণ মানুষ সেখান থেকে প্রতিনিধি নির্বাচিত করে পাঠাবেন সেই ওয়ার্ডগুলি যদি ইউনিফর্মভাবে হয়, তাহলে রিপ্রেজেন্টশনও সমানভাবে হতে পারে। আজকে এই বিল আনার কারণ হচ্ছে সিডিউল ওয়ান এর সিডিউলগুলি পরিবর্তন করতে গেলে কর্পোরেশনের স্যাংশন, রেকমান্ডেশন লাগে যেহেতু হাওড়া মিউনিসিপ্যালিটিতে বর্তমানে নোমিনেটেড্ বোর্ড আছে সে কারণে। আজকে সেখানে কাজ করতে গেলে কিছু ক্ষমতা দরকার এবং সে জন্যই এই সংশোধনী বিল উনি এনেছেন। এ ব্যাপারে অশোকবাবুর পক্ষ থেকে এই আপত্তি করা উচিত হয়নি, বিশেষ করে তিনি যখন একজন পৌরকর্মী। অবশ্য তিনি বলছেন যে তিনি পৌরসভায় কাজ করেন না। তবে আমার বিশ্বাস, নির্বাচনকে যদি স্বাগত জানাতে চান তাহলে মাননীয় মন্ত্রী যে সংশোধনী এনেছেন তা সমর্থন করা উচিত। কারণ এই সংশোধনী গৃহীত হলে পর হাওড়া কর্পোরেশনের নির্বাচন হতে পারবে। এছাড়া সিডিউল থ্রি, ফোর এবং ফাইভয়ে যে সমস্ত সিডিউল আছে — আমার বিশ্বাস, এই সিডিউলগুলিতে যদি দেখা যায় যে অসুবিধা আছে, আইনের দ্বারা যদি সেই ত্রুটি-বিচ্যুতিগুলি সংশোধন করতে না পারা যায় - সেগুলি করা সম্ভব নয়। সেইজন্য মাননীয় মন্ত্রী যে সংশোধনী এনে ক্ষমতা সরকারের হাতে ন্যস্ত করতে চেয়েছেন তাকে আমি সমর্থন করছি। সাথে সাথে মাননীয় কংগ্রেসী সদস্য যে আপত্তি জানিয়েছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসতীশ রায় :** মাননীয় পৌরমন্ত্রী হাওড়ার পৌরসভার আইনের যে সংশোধনী এনেছেন তাকে আমি সমর্থন করছি। কংগ্রেসী বন্ধুরা যে বক্তৃতা রাখলেন সেটা ধৈর্য্য ধরে শুনেছি। এখানে একটি কথা বলতে চাই যে পশ্চিম বাংলার বৃহত্তম শহর হচ্ছে কলকাতা। তার পরের স্থানই নিয়েছে হাওড়া শহর। আজকে হাওড়া পৌরসভার যদি সার্বিক উন্নতি করতে হয়, নাগরিক জীবনের সুখ-স্বাচ্ছন্দের ব্যবস্থা করতে হয় তাহলে আইনের মধ্যে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলোর সংশোধন করা দরকার।

ওয়ার্ড পুনর্বিন্যাস করার যে ক্ষমতা সরকার চেয়েছে, আমি মনে করি তার প্রয়োজন আছে। এটা সাধারণ মানুষের স্বার্থেই প্রয়োজন হবে এবং এটা দেখেছেন বলেই মাননীয় মন্ত্রী মহাশয়

**Clause 2**

Shri Abdul Mannan : Sir, I beg to move that in clause 2, in the proposed proviso to section 219 of the Principal Act, for the words, "if it considers necessary or expedient so to do", the words "on the recommendation of members of Legislative Assembly representing the areas within Howrah Municipal Corporation", be substituted.

মিঃ স্পীকার ঃ আপনি কি এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করছেন?

শ্রী শৈলেন সরকার ঃ না, আমি এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Abdul Mannan that in clause 2, in the proposed proviso to section 219 of the Principal Act, for the words "if it considers necessary or expedient so to do", the words "on the recommendation of members of Legislative Assembly representing the areas within Howrah Municipal Corporation", be substituted, was then put and a division taken with the following results :

NOES

Anisur Rahman Biswas, Shri
Banerjee, Shri Amiya Bhusan
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Bauri, Shri Gobinda
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborty, Shri Deb Narayan
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Bikash
Das, Shri Banamali
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Robindra
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Jana, Shri Haripada
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Mir Abdus Sayeed, Shri
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Ganesh Chandra
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar

Murmu, Shri Sufal
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Oraon, Shri Mohan Lal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Rai, Shri H. B.
Ray, Shri Matish
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy, Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Seth, Shri Lakshman Chandra
Singha Roy, Shri Jogendra Nath
Talukdar, Shri Pralay
Uraon, Shri Punai

AYES

Abdul Mannan, Shri
Abdul Rauf Answari, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Chaudhuri, Dr. Kiran
Ghosh, Shri Asok
Gyan Singh Sohanpal, Shri
Mandal, Shri Jokhilal
Misra, Shri Kashinath
Poddar, Shri Deokinandan
Sinha, Shri Atish Chandra

The Ayes being 12, and the Noes 83, the motion was lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and a division taken with the following results :

(It was reported to Mr. Speaker later on that automatic vote recording machine was not in order)

The clause 2 was then put and agreed to.

**Preamble**

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sailen Sarkar :** Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983, as settled in the Assembly be passed.

[2-40--2-50 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বিল এনেছেন তাতে পেপার টু অনুয়ায়ী ক্ষুদ্র হলেও এর আকার বিরাট। সিডিউল ওয়ান যদি বাদ দেওয়া যায় তাহলে আমরা দেখবো একটা বিরাট ক্ষমতা সরকার দিচ্ছেন। সেখানে বাউন্ডারী থেকে আরম্ভ করে ৫০টি ওয়ার্ড এ্যানুয়াল ট্যাকসেসান, প্রফেসানাল ট্যাক্স থেকে আরম্ভ করে

সিলিং নির্ধারণ করা থেকে আরম্ভ করে পেনাল্টি আড়াই হাজার টাকা থেকে ৬ মাস জেল পর্য্যন্ত প্রভিসানগুলি এর মধ্যে আছে। এর জন্য আমরা সার্কুলেশান মোশান দিয়েছিলাম যে ব্যাপক ভাবে আলোচনা হোক। ক্ষুদ্র হলেও ৫০টি ওয়ার্ড আছে। নিজেদের ক্ষমতা প্রয়োগ করে নিজেরাই কাজ করবেন। সেই ক্ষমতা অপপ্রয়োগের জন্য আমরা বিরোধী দল থেকে সার্কুলেশন মোশানে বলেছিলাম যে ব্যাপক আলোচনা করে একটা সিদ্ধান্ত করুন।

**মিঃ স্পীকার ঃ** আমাদের টাইম এক্সপায়ার হয়ে যাচ্ছে বলে আরও ১৫ মিনিট বাড়াবার জন্য অনুরোধ করছি। আশাকরি সকলের মত আছে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ইনট্রোডাক্শান থেকে আরম্ভ করে প্রিয়াম্বল পর্যন্ত কতকগুলি সংশোধনী প্রস্তাব আমরা এনেছিলাম। সেখানে কমপিটেন্ট অথরিটির ক্ষেত্রে আমাদের প্রশ্ন ছিল। সেই কমপিটেন্ট অথরিটি প্রশ্নে বিধানসভার যে ক্ষমতা আছে সেই ক্ষমতা নিয়মতভাবে আমাদের কাছ থেকে কিছুটা এড়িয়ে যাওয়া হল। আমরা সেটার প্রতিকার চেয়েছিলাম। কিন্তু কিছু হল না। সিডিউলের মধ্যে ২, ৩, ৪, ৫ নম্বর করে সেখানে ডিলিমিটেশান থেকে আরম্ভ করে সব ক্ষেত্রে নিজেদের ইচ্ছে মত কাজ না করতে পারেন সেই কথা আমরা বলেছিলাম। আমরা ইতিমধ্যে দেখতে পাচ্ছি হাওড়া মিউনিসিপ্যালিটিতে কংগ্রেস থেকে যে ২ জন নির্বাচিত হয়েছেন সেখানে তাঁদের সদস্য হিসেবে গ্রহণ করা হয়নি। আজকে কোথায় গণতান্ত্রিক পদ্ধতিতে হচ্ছে? সেই গণতান্ত্রিক পদ্ধতি আমরা দেখতে পাচ্ছি না। আমরা সেখানে অভিভূত হয়ে পড়ি, যার জন্য আমরা প্রশ্ন করি, যার জন্য কিছুটা সময় আপনাদের নষ্ট করি। আমাদের সেই অসুবিধাগুলিকে যদি তাঁরা দেখতেন তাহলে এই প্রশ্ন করতাম না, এই এ্যামেন্ডমেন্ট আসত না। সরকারের পক্ষ থেকে সেই অসুবিধাগুলি প্রতিকারের কোন ব্যবস্থা নেই। সেটা না থাকার জন্য আমরা সার্কুলেশান চেয়েছিলাম, এই কারণে আমরা এ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম। আইনটা ছোট হলেও আমাদের কাছে সামান্য হলেও গুরুত্ব আছে। লক্ষ লক্ষ মানুষের স্বার্থে সেখানে একটা ইনডাস্ট্রিয়াল বেল্ট আছে সেখানকার অর্থনীতি সরকারকে শক্তিশালী করতে পারে। কোন ফাঁক থাকলে সরকার দুর্বল হয়ে পড়বে। সেই পরিপ্রেক্ষিতে এই আইনের বিস্তারিত আলোচনা করার জন্য এই সরকারের কাছে আপনার মাধ্যমে বলেছিলাম, কিন্তু সেটা গ্রাহ্য করা হয়নি। সেজন্য আমি এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sailen Sarkar that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1983, as settled in the Assembly, passed was then put and agreed to.

### The Calcutta University (Second Amendment) Bill, 1983

**Shri Sambhu Charan Ghose :** Sir, I beg to introduce the Calcutta University (Second Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

### The Kalyani University (Amendment) Bill, 1983

**Shri Sambhu Charan Ghose :** Sir, I beg to introduce the Kalyani

University (Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

### The North Bengal University (Amendment) Bill, 1983

**Shri Sambhu Charan Ghose :** Sir, I beg to introduce the North Bengal University (Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bills)

### Statutory Resolution

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that this House disapproves the Calcutta University (Second Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No.XIV or 1983).

Sir, I also beg to move that this House disapproves the Kalyani University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XIII of 1983).

Sir, I also beg to move that this House approves the North Bengal University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XI of 1983).

[2-50--3.00 p.m.]

### The Calcutta University (Second Amendment) Bill, 1983

Shri Sambhu Charan Ghosh : Sir, I beg to move that the Calcutta University (Second Amendment) Bill, 1983, be taken into consideration.

### The Kalyani University (Amendment) Bill, 1983

Shri Sambhu Charan Ghosh : Sir, I beg to move that the Kalyani University (Amendment) Bill, 1983, be taken into consideration.

### The North Bengal University (Amendment) Bill, 1983

Shri Sambhu Charan Ghosh : Sir, I beg to move that the North Bengal University (Amendment) Bill, 1983, be taken into consideration.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উচ্চশিক্ষামন্ত্রী তিনটি বিশ্ববিদ্যালয় বিল যা এনেছেন সেগুলি অর্ডিন্যান্স হিসাবে যখন আমাদের কাছে এসেছিল তখন সেগুলিকে ডিসএ্যাপ্রুভ করবার জন্য আপনার মাধ্যমে সভার কাছে আবেদন রেখেছিলাম। আমার প্রথম বক্তব্য হচ্ছে এই বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয় একটা ঐতিহাসিক বিশ্ববিদ্যালয় এবং বলা যায় ভারতবর্ষে এটা একটা নজীরবিহীন। কিন্তু দেখতে পাচ্ছি যে সেই বিশ্ববিদ্যালয়

আইন আমাদের সামনে বিভিন্ন সময় খুচরা ভাবে আনা হচ্ছে। আমরা চাই সরকার আইন সংশোধন করুন এবং মূল আইনটি ভালভাবে দেখুন। কিন্তু সেই মূল আইনটি ভালভাবে না দেখার দরুন আমরা দেখছি প্রশাসনের তরফ থেকে এমেন্ডমেন্ট নিয়ে আসতে হচ্ছে। তারা যেভাবে চলেছেন তাতে আমি মনে করি বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব তাঁরা এড়িয়ে যাচ্ছেন এবং উচ্চ শিক্ষামন্ত্রীর একথাটা স্মরণ রাখা দরকার। আমরা দেখতে পাচ্ছি সেকসন ২১ যেটা ছিল সেখানে আছে three post-graduate teachers, of whom one shall be a professor, elected by the members of the Faculty Councils for post-graduate studies from amongst themselves. কিন্তু আজকে সেখানে তারা কোথাও তিন নিয়ে এসেছেন twelve persons elected by the members of the councils for under graduate studies from amongst themselves of whom. এইভাবে তারা কোথাও ৫ জন এবং কোথাও বিশেষজ্ঞ ইত্যাদি সব করছেন। আমি এই সব কথাগুলি ইতিপূর্বে উচ্চশিক্ষামন্ত্রীকে বলেছি। তার একটা জিনিস দেখছি ইউনিভারসিটির অধীনস্থ কলেজগুলোতে যে সমস্ত স্টাফ রয়েছে সেই প্রফেসার থেকে আরম্ভ করে করণীক পর্যন্ত -- তাদের সকলেরই ভোটাধিকার থাকছে। কিন্তু তাদের ভোটে কনটেষ্ট করার কোন অধিকার নেই। আমি মনে করি এতে গণতান্ত্রিক অধিকার পরিস্ফুট হচ্ছে না। তারপর ছাত্রদের ক্ষেত্রে দেখতে পাচ্ছি যে সমস্ত প্রতিনিধি ইলেকটেড হবে তাদের পোষ্ট গ্রাজুয়েট কনষ্টিটুয়েন্সি থেকে কনটেষ্ট করতে হবে কিন্তু ভোটার হবে সকলেরই। এই যে বৈষম্য এটা সরকারের তরফ থেকে দেখা দরকার। আমার বক্তব্য হচ্ছে উচ্চ শিক্ষার ক্ষেত্রে যেন গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত হয় এবং ভোটাধিকার সকলে পায় এবং নির্বাচনে সকলকে প্রতিদ্বন্দিতা করবার সুযোগ দেওয়া হয়। এই উন্নতিটা করার চেষ্টা করবেন। আমরা দেখতে পাই যে বিশ্ববিদ্যালয় পরিচালনা করার জন্য সিনেট থেকে আরম্ভ করে কাউনসিল বিভিন্ন ফাকালটি যেগুলি আছে, সায়েন্স কমার্স হোম সায়েন্স, ল'ইন আর্ট রয়েছে বিভিন্নভাবে এগুলি আরও বেশী হোত যেমন মেডিসিন, জেনারেল মেডিসিন, হোমিওপ্যাথ, আয়ুর্বেদ এগুলিকে যে অধিকার দিয়েছেন, এখানে নির্বাচনের ক্ষেত্রেও নিজস্বভাবে অংশ গ্রহণ করার পদ্ধতিটাকে সংশোধন করবেন। আমার চোখের সামনে দেখেছি বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যে গ্রাজুয়েট কনষ্টিটিয়েন্সি হিসাবে যেটাকে চিহ্নিত করা হয়েছে সেখানে বহু ভোটার নাই। বহু ছাত্রছাত্রী ভোটার হতে পারে নি। কখন কিভাবে বিজ্ঞাপন দিলেন যে কেউ জানতে পারলো না। এই যে অধিকার এটা ঠিকমত প্রয়োগ হচ্ছে না। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বয়স ১২৫ বছর সেখানে সেই রকম ভোটার হবে। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেছে তা হয় না। আবার যে সব বিশ্ববিদ্যালয়ের ১০/১৫ বছর বয়স সেখানে সেই রকম ছাত্রছাত্রীর সংখ্যা হওয়া উচিত। সেখানে সেই অনুযায়ী যদি না হয়ে থাকে তাহলে নিশ্চয় ত্রুটি আছে এবং সেই ত্রুটি দুর করা উচিত। তার ভাইস চ্যান্সেলারকে বিভিন্নভাবে যে ক্ষমতা দিয়েছেন, নির্বাচন থেকে আরম্ভ করে নানা রকম যেসব সেখানে হচ্ছে এবং সঠিক পথে নিয়ে যাবার যে প্রচেষ্টা হচ্ছে এবং সেই প্রচেষ্টার ক্ষেত্রে যে প্রতিবন্ধক হচ্ছে তা আপনারা দুর করতে পারছেন না। আপনাদের দেখতে হবে। এই ক্ষমতার অপব্যবহার হচ্ছে কিনা। আপনারা যেটা করতে যাচ্ছেন সেখানে আমরা দেখতে পাচ্ছি এমেন্ডমেন্টটা সামান্য হলেও আপনারা দেখবেন এই সব বিশ্ববিদ্যালয়ের সুনাম যেন নষ্ট না হয়। এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের সারা ভারতবর্ষে নাম আছে এমন কি

পৃথিবীতেও এর নাম আছে। আমি জানি এই দৃষ্টি উচ্চশিক্ষামন্ত্রীর আছে। এই যে ছোট ছোট এমেন্ডমেন্ট আনছেন যার উপর আমাদের ষ্ট্যাটুটারী রেজলিউসন দিতে হচ্ছে, এই রকম না করে ভাল করে করুন। সরকারের হাতে ক্ষমতা আছে বলে অমনি অর্ডিন্যান্স করে দিলেন। কিন্তু আমরা দেখছি এর জন্য অর্ডিন্যান্স করার কোন প্রয়োজন আছে মনে করছি না। এই রকমভাবে আপনারা করতে পারেন না।

[3-00--3-10 p.m.]

অর্ডিন্যান্স একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং সেই অর্ডিন্যান্স গুরুত্বপূর্ণ বিষয়ে প্রয়োগ হবে। এখানে এমন কিছু হয়নি যাতে করে এই অর্ডিন্যান্স করার প্রয়োজন ছিল। বাজেট অধিবেশনেই এটা করা যেতে পারত অথবা বিধানসভার অধিবেশন পর্যন্ত অপেক্ষা করা যেতে পারত এবং তখন এটা করা যেত। আজ যেটা বিল আকারে করেছেন। সেটা করা যেত। এই অর্ডিন্যান্স করার যৌক্তিকতা ছিল না। সেই কারণেই আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমিয় ভূষণ ব্যানার্জি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী কলকাতা বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় এবং নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি সম্পর্কে যে কয়েকটি বিল উপস্থিত করেছেন তা সমর্থন করে দু চারটি কথা আপনার মাধ্যমে হাউসের সামনে উপস্থিত করতে চাই। এ পর্যন্ত কাশীবাবু যা বললেন আমি তা খুব মনযোগ সহকারে শুনছিলাম। ওর বক্তব্য শুনে আমার এটা মনে হয়েছে যে, প্রথম আপত্তি হচ্ছে এ্যামেন্ডমেন্ট ইত্যাদি কেন করা হচ্ছে -- এ্যামেন্ডমেন্ট তো হবেই। কারণ আইন সব সময় এক জায়গায় দাঁড়িয়ে থাকে না। অভিজ্ঞতার মাধ্যমে, অবস্থা পরিবর্তনের সঙ্গে সঙ্গে এ্যামেন্ডমেন্ট আসে, এ্যামেন্ডমেন্ট করতে হয়। কাজেই সেদিক থেকে এই এ্যামেন্ডমেন্ট আনাটা গুরুতর অপরাধ কিছু হয়েছে বলে আমার মনে হয়নি। তিনি বলেছেন অর্ডিনেন্স কেন, সাধারণভাবেই তো আইন হতে পারত। যেহেতু সেই সময় এ্যাসেম্বলী সেসান ছিল না, সেই টাইমের জরুরী কাজগুলি করার প্রয়োজনেই এটা করা হয়েছে। এই সম্পর্কে আমি তাকে একটি বিষয় মনে করিয়ে দিই যে পার্লামেন্ট সেসান শেষ হয়ে যাবার পরেই কেন্দ্রীয় সরকার তেলের দাম বাড়িয়ে দিলেন। এটা কাশীবাবু নিশ্চয় মেনে নিতে পারছেন। সমস্ত কিছু হয়ে যাবার পরে, সেসান শেষ হয়ে যাবার পরে বেড়ে গেল। এটা মেনে নেওয়া যদি সঙ্গত হয়ে থাকে তাহলে এতে কেন অসুবিধা হবে আমি বুঝতে পারছি না। যাইহোক, এই অর্ডিন্যান্সের মাধ্যমে খুব সামান্য পরিবর্তন করার চেষ্টা করা হয়েছে। যেমন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অফিসার, কর্মচারী (ষ্টাফ) যারা আছেন তাদের প্রতিনিধিত্বের ব্যাপারটা ছিল না, সেটাই আনা হয়েছে। ঠিক সেই রকম নর্থ বেঙ্গলের ছাত্র, কর্মচারীদের প্রতিনিধিত্বের ব্যাপারটা এখানে বক্তব্য আছে। আমাদের মূল বক্তব্য হচ্ছে গত কয়েক বছরে ওয়েষ্ট বেঙ্গলের বিশ্ববিদ্যালয়গুলি পরিচালনা করবার জন্য আমরা যেসব বিধি ব্যবস্থা করেছি তাতে এই সব বিশ্ববিদ্যালয়গুলি ঠিকমতভাবে চলছে, সেখানে পঠন পাঠন হচ্ছে। কলেজে কলেজে শৃংখলা ফিরে এসেছে, যদিও ওদের তরফ থেকে নানা ভাবে ডিষ্টার্ব করার চেষ্টা হচ্ছে। উদাহরণস্বরূপ আমি বলতে পারি সাম্প্রতিককালে বিভিন্ন ইউনিভার্সিটি, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার এবং ইউনিভার্সিটির তরফ

থেকে প্রত্যেকটি কলেজে বলা হয়েছে যে এ্যাকর্ডিং টু মার্ক্স এ্যাডমিট করতে হবে। আর ওরা ওদের ছেলেদের শিখিয়েছেন যে এ্যাকর্ডিং টু মার্ক্স নয়, তাদের একটা কোটা আছে, সেই অনুসারে এ্যাডমিট করতে হবে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে বঙ্গবাসী কলেজ অব কমার্সের অধ্যক্ষ মার খেয়েছেন, তাকে ধরে নিয়ে যাওয়া হয়েছে। এখানে কোন কোন কংগ্রেসী সদস্য আছেন, তাদের বাড়ীতে ধরে যাওয়া হয়েছে। এই রকম একটা অবস্থা চলেছে। বঙ্গ -বাসী ডে কলেজের প্রিন্সিপ্যাল মার খেয়েছেন। বিভিন্ন জায়গায় প্রিন্সিপ্যালদের ঘন্টার পর ঘন্টা ঘেরাও করে রাখা হয়েছে, একজন প্রিন্সিপ্যালকে ৩০ ঘন্টা পর্যন্ত ঘেরাও করে রাখা হয়েছে। এই রকম ঘটনা ঘটেছে। অপরাধ কি? অপরাধ হচ্ছে, যে নিয়ম বিধি অনুসারে ভর্ত্তি হচ্ছিল সেই নিয়ম বিধি ভাঙ্গতে বাধ্য করতে চাইছিল। সেখানে ভর্ত্তির ব্যাপারে নানাভাবে বাধার সৃষ্টি করা হচ্ছে। আমরা খুব নির্দিষ্টভাবে দেখেছি যে এই সব বাধাবিপত্তি সত্ত্বেও প্রিন্সিপ্যাল আজকে শক্তভাবে দাঁড়িয়ে ইউনিভারসিটির নিয়ম অনুযায়ী ভর্ত্তি করবার চেষ্টা করছেন। এই ব্যাপারে বাধা দেবার জন্য নানাভাবে চেষ্টা হচ্ছে, তা আমরা দেখছি। কলকাতা বিশ্ববিদ্যালয় বিলে আমরা যে নূতন ব্যবস্থা করেছি সেখানে আপনারা দেখেছেন যে ভারতবর্ষের কোথাও যে জিনিষ নেই আমরা কলকাতা বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের জন্য যে নূতন আইন রচনা করেছি, সেখানে সমস্ত সেক্টর অফ পিপল যাতে রিপ্রেজেনটেসন পায়, এমন কি যারা ট্রেড ইউনিয়ন প্রতিনিধি, যারা শিক্ষক প্রাথমিক এবং মাধ্যমিক, তাদের রিপ্রেজেনটেসনের ব্যবস্থা করা হয়েছে। আমি চ্যালেঞ্জ করে বলেছি, সারা ভারতবর্ষে কোন বিশ্ববিদ্যালয়ে এই জিনিষ নেই। আমাদের বিশ্ববিদ্যালয়গুলি যেভাবে চলেছে, তার পাশাপাশি এখন আলীগড় ইউনিভারসিটি বেনারস ইউনিভারসিটি এবং শান্তিনিকেতন সমস্ত জায়গায় বিভিন্ন রকম আন্দোলন চলছে। সেখানে ইউনিভারসিটিগুলো অচল হয়ে যাচ্ছে, এই ওঁরা চালাচ্ছেন। তাই স্বভাবতঃই আমরা এখানে যখন পরিচালন ব্যবস্থাকে সঠিক করবার চেষ্টা করছি তখন ওঁরা ঐ সমস্ত কথাবার্ত্তা বলছেন। এইসব কথাবার্ত্তা আজ বলে কোন লাভ নেই, কারণ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আমরা দেখছি যে কি ভাবে চলছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের হিম্মত আছে, সেখানে ভাইস চ্যান্সেলার এ্যাকর্ডিং টু মার্কস ভর্ত্তি করতে বলেছেন এবং আমাদের কলেজে, আমি তো বলব সাকসেসফুল হয়েছি। প্রত্যেকটি ছেলের মার্কস উল্লেখ করে সেখানে ভর্ত্তি করা হয়েছে। বিভিন্ন কলেজে ওঁরা গোলমাল করছেন, সেখানে প্রিনসিপ্যালের উপরে অত্যাচার হচ্ছে কেন? কারণ তারা ফর্ম নিয়ে গেছে, মার্কস যাদের নেই তাদের ভর্ত্তি করাবার জন্য জোর করা হচ্ছে তার জন্যই এই সমস্ত গোলমাল বিভিন্ন জায়গায় হচ্ছে। যত প্রতিবাদই করুন না কেন আজকে হলপ করে বলতে পারি, প্রত্যেকটি ঘটনার উপযুক্ত প্রমাণ দেওয়া যায়। কিন্তু সমস্ত বিষয়ে আলোচনা করবার এখানে সুযোগ নেই। সুতরাং আজকে যে সংশোধনগুলো উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় এনেছেন সেই সংশোধনগুলোকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মিঃ স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার বঙ্গবাসী কলেজের যে ঘটনার কথা মাননীয় সদস্য এখানে বললেন, এটা সত্য নয়। কারণ এখানে মন্ত্রী মহাশয় আছেন, তিনি জানেন বঙ্গবাসী কলেজের দীর্ঘ ১৬ বছর ধরে বামপন্থী ছাত্র সংগঠন শূন্য এবং সেখানে সি. পি. এমের একজন মস্তানকে ইউনিভারসিটি সার্ভিস কমিশনের থ্রু দিয়ে হটিয়ে দেওয়া হয়েছিল। রিসেন্টলি তিনি ক্লাসে মনসামঙ্গল পড়াতে গিয়ে লেনিন পড়িয়েছেন। এর

ফলে সেখানে একটা গন্ডগোল শুরু হয়েছে। সেই গন্ডগোলের সঙ্গে ছাত্র ভর্তির কোন সম্পর্ক নেই। একটা জিনিষ চিরকালই হয় ইউনিয়নের তরফ থেকে, ইলেকটেড ইউনিয়ন তারা কিছু কিছু ছাত্রের খেলাধূলার এ্যাকটিভিটি দেখে কিছু খেলোয়াড় ছাত্রকে ভর্তির সুযোগ করে দেয়, এটা ট্রাডিসন্যাল ওয়েতে হয়। যেহেতু ৮০ পারসেন্ট জায়গায় ষ্টুডেন্টস ইউনিয়ন ছাত্র পরিষদের আছে, সেই হেতু ওদের গাত্রদাহ হচ্ছে এবং চিৎকার করে আমাদের সংগঠনের অবমাননা করবার চেষ্টা করছেন। আমি এর প্রতিবাদ করছি।

**শ্রীআব্দুল মান্নান :** মাননীয় স্পীকার মহাশয়, এর আগে ষ্ট্যাটুটারী রেজলিউসন মুভ করতে গিয়ে আমাদের পক্ষ থেকে কাশীনাথ মিশ্র মহাশয় বিস্তারিত ভাবে তাঁর বক্তব্য রেখেছেন এবং তাঁকে ডিফেন্ড করতে গিয়ে সরকার পক্ষের মাননীয় সদস্য যেভাবে বললেন, আমি দেখলাম উনি ধান ভানতে শিবের গীত গাইলেন। উনি বললেন বঙ্গবাসী কলেজ অফ কমার্সের অধ্যক্ষ মহাশয়, তাঁকে রাস্তায় কোথায় কি করেছে সেই সব ঘটনাগুলো এখানে বললেন। এই সম্বন্ধে আমাদের চিফ হুইপ সুব্রত বাবু কিছুটা বলেছেন। কিন্তু ঐ প্রিনসিপ্যালের অন্যান্য কীর্তিগুলো যদি বলতেন তাহলে আমি খুশী হতাম এবং বুঝতে পারতাম যে তিনি ঐ প্রিনসিপ্যাল সম্বন্ধে কিছু জানেন। উনি একজন কলেজের প্রিনসিপ্যালের হয়ে বললেন কিন্তু সেই ব্যক্তির সম্বন্ধে তিনি কতটুকু জানেন, তিনি সেখানে কি করতেন? তিনি আমার মহকুমায় বিধানসভার নির্বাচনের প্রার্থী ছিলেন এবং তিনি পরাজিত হয়েছেন। তার কিছুদিন পরেই পঞ্চায়েত নির্বাচন হল এবং তিনি জেলা পরিষদের প্রার্থী হয়েছিলেন এবং একজন অখ্যাত ছেলের কাছে তিনি বিপুল ভোটে পরাজিত হয়েছেন। শুধু তাই নয় নির্বাচনের পর সেই এলাকার বহু গ্রামে সামনে দাঁড়িয়ে থেকে তিনি অত্যাচার চালিয়েছেন, বহু ঘরবাড়ী জ্বালিয়ে দিয়েছেন এফ. আই. আরে তাঁর নাম আছে। সরকারী পক্ষের বক্তা যখন তাঁর সম্বন্ধে বললেন, এই সমস্ত ঘটনাগুলি যদি খুলে বলতেন তাহলে আমি খুশী হতাম। নামটা যেহেতু মেনসেন করা বারণ আছে, তাই আমি বললাম না। তাঁর নাম হচ্ছে বিষ্ণু বেরা। এই বিলের সম্পর্কে বলে কোন লাভ নেই, একজন শিক্ষাবিদ বক্তব্য রাখলেন, আমি ওনার কাছে ছাত্রের মত, স্বাভাবিক কারণে আশা করেছিলাম ওনার মুখ থেকে কিছু নতুন কথা শুনতে পাব।

[3-10-3-20 p.m.]

উনি কিছু না পেয়ে বললেন 'ইউনিয়ানের কোটা' আছে ইত্যাদি। উনি কোন কলেজের কথা বললেন আমরা জানি না। আমরা কিন্তু জানি পশ্চিমবঙ্গের কলেজগুলিতে যেখানে নির্বাচিত ছাত্র সংসদ আছে — সেটা ওঁর কলেজে থাকলে সেখানেও — সেখানে সুষ্ঠু নির্বাচন হলে শতকরা ৮০টি ক্ষেত্রে ছাত্র পরিষদের প্রার্থীরা জয়ী হয়েছেন। সেখানে কিন্তু কোথাও ছাত্র পরিষদের ছেলেরা জোর করে ছাত্র ভর্তি করিয়েছে বলে আমরা জানি না। ছাত্র পরিষদের নাম করে উনি অনেক দোষারোপ করে গেলেন কিন্তু ছাত্রপরিষদের সঙ্গে দীর্ঘদিন ধরে যুক্ত থেকে আমি একথা বলতে পারি যে ছাত্র পরিষদ কোন জায়গায় কোন অপরাধ করে না। ঐ বঙ্গবাসী কলেজেও ছাত্র পরিষদের প্রার্থীরা বিপুলভাবে জয়ী হয়েছেন। সেখানে এস. এফ. আই.-এর প্রার্থীদের প্রোপোজার, সেকেন্ডার পর্য্যন্ত পাওয়া যায়নি। ছাত্র পরিষদ যদি গুন্ডামি করতো তাহলে কখনও এত ছাত্র ছাত্র পরিষদকে সমর্থন করতো না। উনি কাশীবাবুকে আক্রমণ করতে গিয়ে অর্ডিন্যান্সের কথা বললেন, পেট্রোলের দাম বাড়ার কথা বললেন ইত্যাদি

ইত্যাদি। ইউনির্ভাসিটি বিলের আলোচনা প্রসঙ্গে এইসব আলোচনা কি করে এল আমি বুঝলাম না। উনি বললেন, ইন্দিরা গান্ধীও পার্লামেন্ট বন্ধ হয়ে যাবার পর পেট্রোলের দাম বাড়িয়ে দিয়েছিলেন। আমি মাননীয় প্রিন্সিপ্যাল মহাশয়কে জিজ্ঞাসা করি, আপনি আপনার যুক্তিতেই বলুন, ইন্দিরা গান্ধী এটা করে ঠিক কাজ করেছেন বলে কি আপনারা মনে করেছেন, আপনারা কি সেটা মেনে নিচ্ছেন? তা যদি হয় তাহলে আপনাদের দলের লোক যারা লোকসভায় আছেন তাঁদের বলুন যেহেতু আমরা এইভাবে বিল এনেছি অতএব এখন আমরা আর ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে কিছু বলব না, অতএব আপনারা চুপ করে যান। স্যার, আমি আর বিশেষ কিছু বলছি না, কাশীবাবু এ সম্পর্কে বিস্তারিতভাবে বলেছেন, আমি আশা করবো কাশীবাবুর বক্তব্য শুনে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিলটি সম্বন্ধে পুনর্বিবেচনা করবেন।

**শ্রীগণেশ চন্দ্র মন্ডল :** মাননীয়, অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় তিনটি বিশ্ববিদ্যালয়ের উপর যে সব সংশোধনী বিল এনেছেন আমি সেগুলিকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা জানি বিশ্ববিদ্যালয়গুলিকে ভালোভাবে চালানোর জন্য তার সমস্ত সংস্থাগুলি ভেঙ্গে দিয়ে প্রথমে অর্ডিনেন্স করে পরে সিলেক্ট কমিটির মাধ্যমে বিল এনে এই সভা থেকে সেই বিল পাশ করা হয়েছে। পরবর্তীকালে যথা নিয়মে প্রায় সমস্ত বিশ্ববিদ্যালয়ে নতুন কর্মসমিতি গঠিত হয়েছে। এই কর্মসমিতি গঠনের ক্ষেত্রে বাস্তব ক্ষেত্রের কিছু কিছু অসুবিধা হওয়ায় কয়েকটি সংশোধনী বিল আমাদের আনতে হয়েছে এখানে কর্মচারীদের একটা অংশের যথাযোগ্য প্রতিনিধিত্বের ব্যবস্থা ছিল না তাই এখানে তা করার ব্যবস্থা করা হয়েছে। স্যার, আমরা সকলেই জানি যে এই সরকার বারবার বলেছেন যে গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে সমস্ত অটোনমাস বডিকে চালাতে হবে এবং সেইজন্য সমস্ত শ্রেণীর প্রতিনিধিত্ব সেখানে থাকা দরকার। এই বিলে সেই প্রতিনিধিত্বের কথা স্বীকার করা হয়েছে। অতীতে ১৯৭২/৭৭ সাল পর্য্যন্ত আমরা দেখেছি বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে কিভাবে দলবাজী হয়েছে এবং শিক্ষার নামে সেখানে কি নৈরাজ্য চলেছে। বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন কলেজের পরীক্ষায় নানান রকমের অনিয়ম সেদিন আমরা প্রত্যক্ষ করেছি। এম.এ., এম.বি.বি.এস. ডিগ্রি কোর্স কোন পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত হয়নি। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি ১৯৭২ সালের এম. এ. পরীক্ষা ১৯৭৪ সালে নেওয়া হয়েছিল। কংগ্রেস আমলে এইসব জিনিষ আমরা দেখে এসেছি। আজকে শিক্ষার ক্ষেত্রে সেই নৈরাজ্য দূর হয়েছে। এখন যে যথাসময়ে পরীক্ষাগুলি হচ্ছে সেটা সকলেই স্বীকার করবেন। এই সরকার এসে শিক্ষার ক্ষেত্রে যে অরাজকতা ছিল তা অনেকখানি দূর করতে পেরেছেন। সুতরাং এই সরকারের নীতি আমরা সমর্থন করি, তাকে আমরা সাধুবাদ জানাই। কিন্তু এই সম্পর্কে আমার কিছু কিছু বক্তব্য আছে, আমি সেই বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা অনেক সময়ে দেখেছি যে বিভিন্ন কলেজগুলিতে তারা ঠিক সময়ে পড়াশুনা আরম্ভ করেনা। [illegible] পর্যন্ত কলকাতার রামমোহন কলেজে তৃতীয় বর্ষের ক্লাস শুরু হয়নি। সেটা নাকি সেপ্টেম্বর মাসের শেষের দিকে শুরু হবে। সেপ্টেম্বর মাসে শেষের দিকে যদি শুরু হয় তাহলে পুজোর আগে নিশ্চয়ই ক্লাশ হবে না। এই ভাবে অনেক কলেজে ২/১ মাস দেরী করে অনেক সময়ে সেশান শুরু করা হয়। তারা যেমন সার্কুলার দিয়ে বলেছেন যে এই রকম মার্ক্স না থাকলে কেউ অনার্স নিতে পারবেন না বা অন্য কোন কম্বিনেশান নিতে পারবেন না, তেমনি কলেজ অথরিটিকে আপনারা জানিয়ে দিন যে নির্দিষ্ট সময়ের মধ্যে ক্লাস আরম্ভ করতে হবে তা নাহলে অহেতুক সময় নষ্ট হবে। কাজেই এই বিষয়ে আমি মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

করছি। আমি আর একটা বিষয়েও আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জেনেছি টাকী গভর্ণমেন্ট কলেজে অনার্স কোর্স বন্ধ করে দেওয়া হয়েছে। মফঃস্বলের ছেলেরা সাধারণতঃ কলকাতায় থাকার সুযোগ পাননা এবং পড়াশুনার সুযোগ পাননা। সুন্দরবনাঞ্চলের ছেলেরা অনেক সময়ে টাকী গভর্ণমেন্ট কলেজে পড়াশুনা করেন। তারা নিজেরা অনেক বাড়ী থেকে ক্লাস করতে পারেন। এখান থেকে অনার্স তুলে দিয়ে যে সুযোগ ছিল সেটা থেকে তাদের বঞ্চিত করা হয়েছে। এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন করছি যাতে ফের অনার্স চালু করা যায় এবং অধ্যক্ষের যে শূন্য পদ আছে সেটা যাতে পূরণ করা যায় তার চেষ্টা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশী নাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় অসুস্থ, আমি তাকে উত্তেজিত করে কোন কথা বলছি না। তবে যে কথাটা বললেন বা হাউসের কাছ থেকে যা জেনেছি আমরা এটা আশা করিনি। আজকে মাননীয় সদস্য, যিনি একটা কলেজের সঙ্গে যুক্ত বা অন্যান্য সদস্যরা যে কথা বললেন, সেই সম্পর্কে যদি চিন্তা করা যায় তাহলে এই কথাগুলির মধ্যে থেকে, যেন অন্তরের মধ্যে থেকে একটা সুর ভেসে এল যে ছাত্রছাত্রীদের কি অবস্থা হবে। আজকে এই আইন করতে যাচ্ছেন, কিন্তু আইন কাদের জন্য? আইনটাতো ছাত্রছাত্রীদের জন্য করছেন? যদি ছাত্রছাত্রী কলেজে না থাকে তাহলে কাদের পড়াবেন, শিক্ষা বিস্তার কোথা থেকে হবে? সেদিক থেকে আপনারা পঙ্গু করতে যাচ্ছেন, সেখানে আঘাত দেবার চেষ্টা করছেন। শিক্ষা ব্যবস্থাকে কোথায় নিয়ে যাচ্ছেন সেটা দেখুন। আজকে কি দেখছি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অর্দ্ধ সমাপ্ত অবস্থায় আছে। আপনাদের সময়ে একটাও বিশ্ববিদ্যালয় হয়েছে? এখন পর্যন্ত তৈরী করতে পেরেছেন? আজকে যে হারে লোক সংখ্যা বাড়ছে সে অনুপাতে ছাত্রছাত্রীর সংখ্যা বাড়ছে সেই অনুপাতে কি ছাত্রছাত্রীদের ভর্ত্তির সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হচ্ছে? কোন জায়গায় সেটা করা কি সম্ভব হয়েছে? আমরা বিভিন্ন সময়ে বিভিন্নভাবে আপনার মাধ্যমে জেনেছি। এখানে একজন মাননীয় সদস্য বললেন যে অমুক কলেজে অনার্স কোর্স খুলতে হবে। আমি কিছুক্ষণ আগে জিরো আওয়ারে বলেছি যে আমাদের কলেজের ১৯৮১ সাল থেকে অনুমোদনের জন্য কিন্তু সেটা ফাইল বন্দী অবস্থায় পড়ে আছে। বাঁকুড়া সম্মিলনী কলেজে বোটানী এবং অনার্সের ব্যাপারে কবে বলা হয়েছে কিন্তু ফাইল বন্দী হয়ে আছে। আমরা ফাইনান্স ডিপার্টমেন্টে চিঠি পাঠিয়েছি কিন্তু সেখানে ফাইল বন্দী অবস্থায় পড়ে আছে. সিদ্ধার্থ রায়ের সময়ে যে বাঁকুড়া মহিলা কলেজ, সারদামণি মহিলা কলেজ যেটা করা হয়েছিল, কিছু দিনের মধ্যে সেটা গভর্ণমেন্ট স্পনসর্ড করে দিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোন অনার্স কোর্স হল না। সেটা কেন হল না বলতে পারেন? এটা কি শিক্ষা বিস্তার হচ্ছে? শিক্ষার অগ্রগতি হচ্ছে? শিক্ষাকে বিভিন্নভাবে টুকরো টুকরো করা হচ্ছে, শিক্ষার মান উন্নত হচ্ছে না। আপনারা বলেছেন যে আমরা গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে দিচ্ছি। আজকে যদি গণতান্ত্রিক অধিকার থাকে তাহলে নিশ্চয়ই ভোট দিতে হবে। আজকে এই ক্লাসিফিকেশান করবেন কি করে? আজকে এই যে অবস্থার সৃষ্টি হচ্ছে, শিক্ষার ক্ষেত্রে বিভিন্নভাবে অসুবিধার সৃষ্টি হচ্ছে এবং প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে, এটাকে প্রতিকার করা প্রয়োজন।

**[3-20 — 4.00 p.m. including adjournment]**

সেগুলি বিলের মধ্যে নেই। আমি সূচনায় এসব কথা বলিনি। কিন্তু সরকার পক্ষের

माननीय সদস্যরা এই বিলের মধ্যে তাঁদের আলোচনাকে না নিয়ে গিয়ে অন্য দিকে নিয়ে গেলেন। সেই জন্য আমি এখন এসব কথা বলতে বাধ্য হচ্ছি। আজকে শিক্ষাক্ষেত্রে যে অসুবিধাগুলি হচ্ছে সেগুলি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী দয়া করে দেখুন, এই আবেদন আমি তাঁর কাছে রাখছি।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রেজোলিউশনের বিরোধীতা করছি।

The motion of Shri Kashinath Misra that this House disapproves the Calcutta University (Second Amendment) Ordinance, 1983. (West Bengal Ordinance No.XIV of 1983) was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghose that the Calcutta University (Second Amendment) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sambhu Charan Ghose: Sir, I beg to move that the Calcutta University (Second Amendment) Bill, 1983, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to

**The Kalyani University (Amendment) Bill, 1983.**

The motion of Shri Kashinath Misra that this House disapproves the Kalyani University (Amendment) Bill, 1983 (West Bengal Ordinance No. XIII of 1983) was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghose that the Kalyani University (Amendment) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble.**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghose :** Sir, I beg to move that the Kalyani University (Amendment) Bill, 1983, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The North Bengal University (Amendment) Bill, 1983.**

The Motion of Shri Abdul Mannan that this House disapproves the North Bengal University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XI of 1983) was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the North Bengal University (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 6 and Preamble.**

The question that Clauses 1 to 6 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghose :** Sir, I beg to move that North Bengal University (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The motion of Shri Sambhu Charan Ghose that the North Bengal University (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed was then put and agreed to.

(as this stage the House was adjourned till 4 p.m.)

[4-00--4-10 p.m.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। আজকে মহামান্য হাইকোর্টের বিচারপতি একটি রায় দিয়েছেন।

**মিঃ স্পীকার ঃ** জয়ন্তবাবু, আগে বসুন। আগে সভার কাজ শুরু হতে দিন।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমি পয়েন্ট অফ অর্ডারের উপর বলছি। মহামান্য কলকাতা হাইকোর্টে বিচারপতি শ্রী আর.এন.পাইন মহাশয়ের আদেশের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বিচারপতি শ্রী আর.এন.পাইন আদেশ দিয়েছেন যে গ্যাস টারবাইন প্রসঙ্গে কোন প্রকার বিবৃতি দেওয়া চলবে না। কিন্তু আমি দেখছি যে বিধানসভার ভেতরে এবং বাইরে সুব্রতবাবু এ সম্বন্ধে বলছেন।

**মিঃ স্পীকার ঃ** জয়ন্তবাবু, সুব্রতবাবু, এখানে এ প্রসঙ্গে যা বলেছেন দ্যাট হ্যাজ নট বিন রেকর্ডেড্ টু-ডে। সেটা হাউসে রেকর্ড করা হয়নি। বাইরে তিনি কি বলছেন না বলছেন তা আমি বলতে পারি না।

**The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983.**

**Shri Jyoti Basu :** Sir, I beg to introduce the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

**Mr. Speaker :** There is an amendment to motion by Shri Abdul Mannan for reference of the Bill to the Select Committee. The amendment

is out of order as the member did not furnish the consent of the concerned members.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983, be taken into consideration.

১৯৭৮ সালের জুন-জুলাই মাসে আমরা হিসাব করে দেখেছিলাম ১ লক্ষ এই রকম স্বেচ্ছাসেবক বাহিনী নিয়োজিত আছে। তা ছাড়া প্রতি বছর কিছু কিছু ছেলেকে ট্রেনিং দেওয়া হতো। সাধারণতঃ পুলিশকে সাহায্য করবার জন্য এবং বিভিন্ন কাজে এদের দরকার হতো। তাদের কাজের মেয়াদ ছিল ৫ বছর। কিন্তু কেন জানি না, হয়ত ভয়াবহ বেকারত্বের কারণে বা তারা জানে যে ৫ বছর হয়ে গেলে তাদের মেয়াদ ফুরিয়ে যাবে এবং তাদের চলে যেতে হবে, এই সব বুঝে স্বেচ্ছাসেবক বাহিনী ডাক দিল যে তাদের সরকারী কর্মচারীদের মতো ব্যবস্থা করতে হবে। কিন্তু এটা সম্ভব নয়। কারণ সরকারী কর্মচারীদের নিয়োগ করার ব্যাপারে একটা পদ্ধতি আছে বা তার জন্য নানা ব্যবস্থা আছে। এটা বললেই তো হয় না। কিন্তু এই স্বেচ্ছাসেবক বাহিনী যারা আছে তারা রাইফেল চালাতে জানে এবং পুলিশ হবার জন্য যে ট্রেনিং নিতে হয় সেটা তাদের জানা আছে. সেই জন্য বলেছিলাম পুলিশে যখন লোক নিয়োগ করা হবে তখন এই স্বেচ্ছাসেবক বাহিনী থেকে ১৫ পারসেন্ট নেওয়া হবে এবং বাকি অন্য জায়গা থেকে নেওয়া হবে। এই জিনিষ আগে ছিল না, আমরা আসার পর এই নিয়ম চালু করেছি। পুলিশের ট্রেনিং যেহেতু এদের আছে তখন এদের নিতে কোন আপত্তি নেই। কিন্তু পরে দেখলাম ওরা ট্রেনিং নিয়ে বসে আছে এবং এদের সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে, এদের কাজ দেওয়া যাচ্ছে না। এইভাবে ট্রেনিং নিয়ে লাভ কি হবে? সেই জন্য আমরা ১৯৭৮ সালের এপ্রিল-জুন মাসে ট্রেনিং বন্ধ করে দিয়েছিলাম। এর পরে একটা সমস্যা এসে দাঁড়ালো। সমস্যাটা হলো স্বেচ্ছাসেবকের সংখ্যা ১৯৮৩ সালের মার্চ মাসে নেমে এসে দাঁড়ালো ১২০০ তে এবং জুলাই মাসে সেই সংখ্যা শূন্যতে এসে দাঁড়াবে। কিন্তু মাঝে মাঝে পুলিশকে সাহায্য করার জন্য এবং অন্যান্য কাজে এদের প্রয়োজন হয়। সেই জন্য এই ব্যাপারে আমাদের একটা অর্ডিনেন্স করতে হয়। কারণ সেই সময় এ্যাসেমবিলির সেসান ছিল না। আগে যে মেয়াদ ৫ বছর ছিল, অর্ডিনেন্স করে সেই মেয়াদ ৫ বছর বাড়িয়ে ১০ বছর করা হয়েছিল। তাতে আরো কিছু পুরানো স্বেচ্ছাসেবক, যাদের মেয়াদ ফুরিয়ে গিয়েছিল তারা আবার ৫ বছর কাজ করার সুযোগ পেল। এই অর্ডিনেন্সটা আমরা বিল আকারে এখানে এনেছি। এই ব্যাপারে লিগ্যাল রিমেমবারেন্সরা বললেন শুধু এটা করলেই হবে না, এদের পুনর্নিয়োগ করতে হবে। ৪০ বছর বয়স পর্যন্ত পুনর্নিয়োগ করতে পারা যাবে। কিন্তু ৪৫ বছর পরে আর সে থাকতে পারবে না। আমরা এই সংশোধনীটা করছি এবং সেটাই আপনাদের কাছে রাখছি। যে সংশোধনী এখানে আনা হয়েছে সেটা যদি আমরা গ্রহণ করি তাহলে ২৩ থেকে ২৪ হাজার ন্যাশন্যাল ভলেনটিয়ার পাবো। এতে আমাদের কাজ চলে যাবে। এটা এক্‌জসটেড হতে সময় লাগবে এবং সেই সময় আমরা ট্রেনিং দিয়ে আরো স্বেচ্ছাসেবক তৈরী করে নিতে পারবো। আমাদের অবজেক্ট এ্যান্ড রিজিন্সে এই কথা পরিষ্কার বলা আছে। এটার প্রয়োজন আছে বলে এই সংশোধনী আনা হয়েছে এবং আশা করি এই সংশোধনী আপনারা সকলেই গ্রহণ করবেন।

শ্রী আব্দুল মান্নান ঃ Mr. speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1983. আমি এটা মুভ করছি।

[4-10--4.20 p.m.]

মিঃ স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশনাল ভলেন্টিয়ারস ফোর্স (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৩ এনেছেন, তাতে উনি নিজেই স্বীকার করেছেন, যেটা স্টেটমেন্ট অফ অবজেকটস্ এ্যান্ড রিজিন্স' এর মধ্যে আছে, সেখানে বলা হয়েছে--The Services of the Volunteers of the force are utilised by the State Government in emergencies in aid of the Police force and for such other purposes as the State Government may think fit. উনি নিজেই বলেছেন, এটার দরকার পড়ে না। প্যারা ৫এ উনি আবার এ্যাডমিট করেছেন, দেয়ার ওয়াজ and still persistent demand from different quarters for utilising the services of the volunteers of W.B. National Volunteer Force. কিন্তু আমরা দেখলাম যে, ১৯৭৮ সালে সরকার এদের নেওয়া বন্ধ করে দিলেন। তখন সময় অবশ্য ছিল ১ বছরের মত, এখনও তাই আছে। এটা খুবই খারাপ। কারণ হিসাবে এই পপুলার সরকার যেটা দেখালেন, তা কখনই যুক্তিসঙ্গত নয়। যুক্তি হচ্ছে, চাকুরীর দাবী করলেই দেওয়া যাবে না। সেইজন্য ভলেনটিয়ার ফোর্সকে এ্যাপয়েন্ট দেওয়া বন্ধ করে দিলেন। এটা শুনতেও ভাল লাগে না। যাইহোক, বিগত ৫ বছর ধরে ভলেনটিয়ার ফোর্স নিয়োগ বন্ধ করার ফলে এখন তাদের সংখ্যা প্রায় জিরোতে এসে দাঁড়িয়েছে। ১৯৮৩ সালের জুলাই মাসে এদের সংখ্যা জিরোতে দাঁড়িয়েছে! এখন নেওয়ার প্রয়োজনীয়তা আবার উপলব্ধি করেছেন। এটা খুব ভাল খবর। যে পারপজে এই ভলেনটিয়ার ফোর্সকে এ্যাপয়েন্টমেন্ট করা হয়, এখানে সেই পারপজ কতখানি সার্ভ হবে, সে বিষয়ে সন্দেহ আছে। কেননা, আগে এদের রিক্রুট করে ট্রেনিং দেওয়া হ'ত। এখন কিন্তু রিক্রুটমেন্টের পর ন্যাশানাল ভলেনটিয়ার ফোর্সদের ট্রেনিং দেওয়ার কোন ব্যবস্থা করা হচ্ছে না। ট্রেনিং নিতে গেলে তাদের মনে সরকারী কর্মচারীদের মত মনে একটু আশা জাগে, চাকুরীর দাবী তারা করতে পারে। সেইজন্য এদের ট্রেনিং দেওয়ার কোন ব্যবস্থা রাখা হচ্ছে না। এরফলে কার্যতঃ এদের সেই আশাও পূরণ হয় না। এছাড়া ন্যাশন্যাল ভলেনটিয়ার ফোর্স হিসাবে যাদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়, যে পারপজে তাদের নেওয়া হয়, এরফলে দেখা যায়, কাজের সময় খুবই অসুবিধা হচ্ছে। কারণ তাদের কাজের ধরণ অনুযায়ী কোন ট্রেনিং না থাকলে, তাদের দিয়ে ভাল ভাবে কোন কাজ করানো সম্ভব হবে না। বরং ফল খারাপ হবার সম্ভাবনা থাকে। এই জন্য এ্যাপয়েনটমেন্ট দেওয়ার পর তাদের ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করলে, তাদের দিয়ে ভাল ভাবে কাজ পাওয়া সম্ভব হ'ত। আবার ট্রেনিং' এর ব্যবস্থা করতে গেলে টাকার প্রয়োজন। টাকার দিক থেকে রাজ্য সরকারের অবস্থা খুবই খারাপ, সরকারের পক্ষে টাকা দেওয়া সম্ভব নয়। কিন্তু আমরা দেখছি, সরকার বেকার যুবকদের বেকার ভাতা দিচ্ছেন, অথচ তাদের দিয়ে কোন কাজ করিয়ে নেওয়া হচ্ছে না। এক্ষেত্রে যদি ঐ সমস্ত বেকার ভাতাপ্রাপ্ত যুবকদের এই পদে নিযুক্ত করতে পারতেন, তাহলে শুধু শুধু বেকার ভাতা দিয়ে টাকা নষ্ট হত না এবং সঙ্গে সঙ্গে ন্যাশনাল ভলেনটিয়ার ফোর্স বিভাগে নিয়োগের কার্য্যও হয়ে যেতে পারতো। এরফলে দুটো উদ্দেশ্য সফল হয়ে যেত। বেকারদের শুধু শুধু রেমুনারেশান বা এ্যালাউন্স দিতে হ'ত না। কেবলমাত্র ন্যাশনাল ভলেনটিয়ার ফোর্স হিসাবে নিযুক্ত করে, তাদের মধ্যে ট্রেনিং দেওয়ার কোন ব্যবস্থা না রাখলে, তাদের দিয়ে কাজ করাতে অসুবিধাই দেখা দেবে। সুতরাং বলা যায়, এই ব্যাপারে আপনাদের একাগ্রতা বিষয়ে সন্দেহ থেকে যাচ্ছে। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই বিষয়টিকে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ননী কর ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশান্যাল ভলেনটিয়ার ফোর্স (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৩ যেটা এনেছেন, আমি তাকে সমর্থন করতে উঠেছি। আমাদের বিরোধীপক্ষের পক্ষ থেকে মাননীয় সদস্যরা এই বিলটি গ্রহণ না করে এটাকে সার্কুলেট করতে বলেছেন। তাঁদের বক্তৃতা থেকে বুঝলাম, আসলে এই এ্যামেন্ডমেন্ট কিন্তু ভাল করে মনোযোগ দিয়ে পড়েন নি। এইজন্য বারে বারে বলার চেষ্টা করেছেন, তাদের ট্রেনিং দেওয়া হচ্ছে না। কিন্তু এ্যামেন্ডমেন্টে যা বলা হয়েছে, তা হচ্ছে, ইতিমধ্যেই তাদের ট্রেনিং দেবার কাজ করা হয়েছে। যাদের নাম এখনও লিভ্ রেজিষ্টারে নেই, তাদের আবার নতুন করে ৫ বছরের জন্য সেখানে হবে। আসলে ব্যাপারটা এই নয় যে, সে জায়গায় আবার নতুন কিছু লোককে নেওয়া হচ্ছে। বিষয়টি হচ্ছে, আগে যারা ছিল, যারা ইতিমধ্যেই ট্রেন্ড, তাদেরই আনবার জন্য এই বিলটি এখানে আনা হয়েছে। ১৯৪৮ সালে দেখা গেছে তদানিন্তন গভর্ণমেন্ট বঙ্গীয় জাতীয় রক্ষী দল তৈরী করেছিলেন। তখন এটা ছিল বড়লোকদের একটা ব্যাপার। তখন তাঁরা বুঝেছিলেন যে, কিছু ফোর্স তাঁদের দরকার। সেই জন্য ১৯৪৯ সালে প্রথম ওয়েষ্ট বেঙ্গল ভলেনটিয়ার ফোর্স নিয়োগের জন্য পশ্চিমবঙ্গে জাতীয় স্বেচ্ছাসেবক আইন করা হয়েছিল। সেই আইন করে কিছু লোক তাঁরা নিয়োগ করেছিলেন। তাদের দিয়ে রাস্তা ঝাঁট দেওয়া থেকে স্ট্রাইক হলে তার মোকাবিলা করার জন্য ডক বা বন্দরে কাজ পর্যন্ত করিয়ে নেওয়া হ'ত। তাদের নিয়ে এইসব কাজ করানোর জন্য ট্রেনিং দেওয়া হতো। ট্রেনিং নেওয়ার পরে এইসব ভলেনটিয়ারদের মজুরি দেওয়া হোত খুবই সামান্য। এই ভলেনটিয়াররা ৫-৬ বছর ধরে ট্রেনিং নিয়ে বসে থাকতো তাদের মুখে বলা হোত চাকুরী দেওয়া হবে কিন্তু তারপরে দেখা যেত তাদের দিয়ে এইসব কাজ করানো হোত। এই অবস্থা ছিল তখন। স্বাভাবিকভাবেই এই স্বেচ্ছাসেবকরা এই অবস্থার জন্য তারা অসহ্য হয়ে উঠলো এবং তারা বিক্ষুদ্ধ হয়ে গেল। ১৯৭৫ সালে তখন একটা অর্ডিন্যান্স হলো, তারপরে সেটা এ্যাক্ট হোল। তাতে তাদের সমস্ত রকম অধিকার, তাদের সংঘ করার অধিকার, তাদের ডেপুটিশান দেওয়ার অধিকার ইত্যাদি কেড়ে নিয়েছিলেন। এই অবস্থা কংগ্রেসীরা করে ছেড়েছিলেন। ১৯৭৭ সালে গভর্ণমেন্ট আসার পরে সমস্ত ভলেনটিয়াররা আবার সংগঠিত হতে চেষ্টা করলো। তবে প্রয়াত পার্লামেন্ট সদস্য শ্রী জ্যোতির্ময় বসু এম. পি. সভাপতিত্বে আসেন এবং আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসুর কাছে এই বিষয়ে উৎথাপন করেছিলেন। তিনি বলেছিলেন এই সমস্ত ট্রেনিং প্রাপ্ত ছেলেদের কোন চাকুরীর ব্যবস্থা নেই। কারুর কারুর আবার আর্মট্রেনিং নেওয়া রয়েছে তাদেরও চাকুরীর কোন ব্যবস্থা নেই। তখন কেবলমাত্র ১৯৭৮ সালে মুখ্যমন্ত্রী যে নির্দেশ দিলেন তাতে বললেন বেঙ্গল পুলিশ, ক্যালকাটা পুলিশ, বনবিভাগ এবং ফায়ার সার্ভিসে এই সমস্ত ট্রেনিং প্রাপ্তদের শতকরা ১৫ ভাগ এদের মধ্যে থেকে নিতে হবে। এই ব্যবস্থা করা হোল, তবে এই অর্ডিন্যান্সই যথেষ্ট হোল না। আমাদের এখানকার অফিসার ব্যাখ্যা করলেন যে যারা এখনো বেঁচে আছেন, যাদের খাতায় নাম আছে এবং ৩৫ বছরের বেশী হয় নি এবং ট্রেনিং লিস্টে যাদের নাম আছে তাদের ক্ষেত্রে কি হবে? মুখ্যমন্ত্রী বললেন তাদেরও নেওয়া হবে। এইসব ছেলেদের কাজ দেওয়ার চেষ্টা করলেন মুখ্যমন্ত্রী সেটা বলার সময়ে বলেছেন। এরপরে একটা অর্ডার হয়ে গেল যে ১৯৮৩ সালের ১লা জুলাই থেকে আর একজনও ভলেনটিয়ার থাকবে না--এর ফলে একসঙ্গে ২৩-২৪ হাজার কাজ হয়ে গেল। এদের পুলিশের ডিউটিতে এবং আরো কয়েকটি দপ্তরে এই ১৫ ভাগের কাজ দেওয়ার সুবিধা হবে তার ফলে অনেকেই কাজ পেয়ে যাবে। মাননীয় মুখ্যমন্ত্রী

[4-10--4.20 p.m.]

মিঃ স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশনাল ভলেন্টিয়ারস ফোর্স (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৩ এনেছেন, তাতে উনি নিজেই স্বীকার করেছেন, যেটা স্টেটমেন্ট অফ অবজেকটস্ এ্যান্ড রিজিন্স' এর মধ্যে আছে, সেখানে বলা হয়েছে--The Services of the Volunteers of the force are utilised by the State Government in emergencies in aid of the Police force and for such other purposes as the State Government may think fit. উনি নিজেই বলেছেন, এটার দরকার পড়ে না। প্যারা ৫এ উনি আবার এ্যাডমিট করেছেন, দেয়ার ওয়াজ and still persistent demand from different quarters for utilising the services of the volunteers of W.B. National Volunteer Force. কিন্তু আমরা দেখলাম যে, ১৯৭৮ সালে সরকার এদের নেওয়া বন্ধ করে দিলেন। তখন সময় অবশ্য ছিল ১ বছরের মত, এখনও তাই আছে। এটা খুবই খারাপ। কারণ হিসাবে এই পপুলার সরকার যেটা দেখালেন, তা কখনই যুক্তিসঙ্গত নয়। যুক্তি হচ্ছে, চাকুরীর দাবী করলেই দেওয়া যাবে না। সেইজন্য ভলেন্টিয়ার ফোর্সকে এ্যাপয়েন্ট দেওয়া বন্ধ করে দিলেন। এটা শুনতেও ভাল লাগে না। যাইহোক, বিগত ৫ বছর ধরে ভলেনটিয়ার ফোর্স নিয়োগ বন্ধ করার ফলে এখন তাদের সংখ্যা প্রায় জিরোতে এসে দাঁড়িয়েছে। ১৯৮৩ সালের জুলাই মাসে এদের সংখ্যা জিরোতে দাঁড়িয়েছে! এখন নেওয়ার প্রয়োজনীয়তা আবার উপলব্ধি করেছেন। এটা খুব ভাল খবর। যে পারপজে এই ভলেনটিয়ার ফোর্সকে এ্যাপয়েন্টমেন্ট করা হয়, এখানে সেই পারপজ কতখানি সার্ভ হবে, সে বিষয়ে সন্দেহ আছে। কেননা, আগে এদের রিক্রুট করে ট্রেনিং দেওয়া হ'ত। এখন কিন্তু রিক্রুটমেন্টের পর ন্যাশানাল ভলেনটিয়ার ফোর্সদের ট্রেনিং দেওয়ার কোন ব্যবস্থা করা হচ্ছে না। ট্রেনিং নিতে গেলে তাদের মনে সরকারী কর্মচারীদের মত মনে একটু আশা জাগে, চাকুরীর দাবী তারা করতে পারে। সেইজন্য এদের ট্রেনিং দেওয়ার কোন ব্যবস্থা রাখা হচ্ছে না। এরফলে কার্যতঃ এদের সেই আশাও পূরণ হয় না। এছাড়া ন্যাশন্যাল ভলেন্টিয়ার ফোর্স হিসাবে যাদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়, যে পারপজে তাদের নেওয়া হয়, এরফলে দেখা যায়, কাজের সময় খুবই অসুবিধা হচ্ছে। কারণ তাদের কাজের ধরণ অনুযায়ী কোন ট্রেনিং না থাকলে, তাদের দিয়ে ভাল ভাবে কোন কাজ করানো সম্ভব হবে না। বরং ফল খারাপ হবার সম্ভাবনা থাকে। এই জন্য এ্যাপয়েনটমেন্ট দেওয়ার পর তাদের ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করলে, তাদের দিয়ে ভাল ভাবে কাজ পাওয়া সম্ভব হ'ত। আবার ট্রেনিং' এর ব্যবস্থা করতে গেলে টাকার প্রয়োজন। টাকার দিক থেকে রাজ্য সরকারের অবস্থা খুবই খারাপ, সরকারের পক্ষে টাকা দেওয়া সম্ভব নয়। কিন্তু আমরা দেখছি, সরকার বেকার যুবকদের বেকার ভাতা দিচ্ছেন, অথচ তাদের দিয়ে কোন কাজ করিয়ে নেওয়া হচ্ছে না। এক্ষেত্রে যদি ঐ সমস্ত বেকার ভাতাপ্রাপ্ত যুবকদের এই পদে নিযুক্ত করতে পারতেন, তাহলে শুধু শুধু বেকার ভাতা দিয়ে টাকা নষ্ট হত না এবং সঙ্গে সঙ্গে ন্যাশনাল ভলেনটিয়ার ফোর্স বিভাগে নিয়োগের কার্য্যও হয়ে যেতে পারতো। এরফলে দুটো উদ্দেশ্য সফল হয়ে যেত। বেকারদের শুধু শুধু রেমুনারেশান বা এ্যালাউন্স দিতে হ'ত না। কেবলমাত্র ন্যাশনাল ভলেনটিয়ার ফোর্স হিসাবে নিযুক্ত করে, তাদের মধ্যে ট্রেনিং দেওয়ার কোন ব্যবস্থা না রাখলে, তাদের দিয়ে কাজ করাতে অসুবিধাই দেখা দেবে। সুতরাং বলা যায়, এই ব্যাপারে আপনাদের একাগ্রতা বিষয়ে সন্দেহ থেকে যাচ্ছে। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই বিষয়টিকে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

কথাবার্তার বিরোধী। এর চেয়ে বেশি বলার নেই, তবে যেটা বলা হয়েছে এটা ঠিক যে ওদের একটা দাবী ছিল যে আমাদের আর কোথাও কাজ দিতে পারেন। সরকার বিভিন্ন ক্ষেত্রে লোক নিয়োগ করেন সেখানে আমরা ট্রেন্ড বলে আমাদের নিতে পারেন। আমরা বলেছিলাম এটা ভলান্টিয়ারী সার্ভিস বলে সকলকে দেবার প্রশ্ন ওঠে না। তবে তাদের একটা যুক্তি হচ্ছে আমরা যদি ৫ বছর থাকি তাহলে এই সময়ের মধ্যে অন্য কোন বিভাগে বিশেষ করে পুলিশে না ঐ রকম ২/৩ জায়গায় আমাদের মত ট্রেন্ড লোককে নিতে পারেন। আগে এই নিয়ম ছিল না। কিন্তু এখন আমরা নেবার চেষ্টা করছি। আমরা একটা সার্কুলার দিয়েছি। কিন্তু আমাদের কাছে চিঠি আছে ঠিক মত লিষ্ট নেই বলে জেলায় জেলায় ঠিক মত নেওয়া হচ্ছে না। শতকরা ১৫ ভাগের ব্যাপারটা স্বরাষ্ট্রসচিবকে দেখতে বলেছি। একে কেন্দ্রভূত করতে বলেছি যাতে সমস্ত যে ছড়িয়ে আছে তাদের খবর আমরা যেন পাই। অর্থাৎ যাতে করে আমরা আমাদের প্রতিশ্রুতি রাখতে পারি। বিশ্বকর্মা ব্যাটালিয়ন একটা পার্মানেন্ট বেসিসের ব্যবস্থা। এটা বাড়িয়ে কিছু করতে পারি কিনা তার ব্যবস্থা করা হচ্ছে। এন. ডি. এফের কিছু কর্মী কাজ করতে গিয়ে জীবন দান করেছে বন্যা ইত্যাদিতে নিশ্চয় তাদের ব্যবস্থা করতে হবে। এই আমার বক্তব্য।

The motion of Shri Abdul Mannan that this House disapproves the West Bengal National Volunteer Force (Amendment) ordinance, 1983 (West Bengal Ordinance No. VII of 1983), was then put and lost.

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1983, was then put and lost.

The motion of Shri Jyoti Basu that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 3

Shri Abdul Mannan : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ৩ এ আমার যে এ্যামেন্ডম্যান্ট গুলি আছে সেগুলি মুভ করছি না।

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 4, 5 and Preamble

The question that Clauses 4, 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রীকে বলছি আপনি যখন ওদের সম্বন্ধে বিবেচনা করছেন, আপনার এ্যামেন্ডমেন্ট ক্লজ ৩(২) তে আপনি বলেছেন every

volunteer enrolled under sub-section (1) shall cease to remain under enrolment on attaining the age of 45 years.

এটা লিগ্যাল রিমেমব্রান্সারের ওপিনিয়ন বোধ হয়, এই কথাটা শুনলাম, গভর্ণমেন্ট সার্ভিসে রিটায়ারিং এজ ৫৫, এদের এজটা ৫৫ কেন চিন্তা করলেন না, এদেরটা ৪৫ কেন রাখলেন এটা যদি একটু বলেন।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তো বুঝতে পারছি না উনি কি বললেন। এরা তো গভর্ণমেন্ট সার্ভেন্ট নয়। এরা ৪০ বছরে যখন রিচ করছে এই ২২/২৩ হাজার যাদের পুণর্নিয়োগ হবে তারা ভলান্টিয়ার ফোর্সের সদস্য হিসাবে থাকতে পারবে, তাদের কাজ দিতে পারব আরো ৫ বছর। সেটা ৫ বছরের জন্য যদি হয় তাহলে আমরা বলেছি ৪৫ বছরে এন্ড করতে হবে। গভর্ণমেন্ট সার্ভিস রুলস এখানে এ্যাপ্লাই করে না।

The motion of Shri Jyoti Basu that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

## PRIVATE MEMBERS' BUSINESS
## RESOLUTIONS

**Mr. Speaker :** There are three resolutions.--one from Dr. Kiran Chaudhuri, one from Shri Deba Prasad Sarkar and another from Shri Satya Ranjan Bapuli. With the consent of the House the resolution of Shri Satya Ranjan Bapuli will be taken up first.

**শ্রী সত্য রঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে রেজলিউসানটা হাউসের কাছে রেখেছি সেটা আমি প্রথমে একটু পড়ে শুনিয়ে দিই। এই সভা মনে করে যে–

২৮শে সেপ্টেম্বর, ১৯৮০ তারিখে বামফ্রন্ট প্রস্তাবিত বন্ধের ডাক রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ঃ

পশ্চিমবাংলায় বেকার বেড়েছে, গ্রামে গ্রামে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে, বিদ্যুতের অভাবে হাজার হাজার শ্রমিক ও খেতমজুর অর্ধাহারে অনাহারে দিনযাপন করছে ফলে বামফ্রন্ট সরকার নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষা করতে ব্যর্থ হওয়ায় কেন্দ্রের বিরুদ্ধে এই জেহাদ ঘোষণা ;

কেন্দ্রের বিরুদ্ধে এই ধরণের বন্ধ ডাকা বিচ্ছিন্নতাবাদকে মদত দেওয়া ছাড়া আর কিছু নয়;

এই বন্ধের মাধ্যমে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক সমস্যার সমাধান সম্ভব নয়;

অতএব এই সভার মতে ২৮ এ সেপ্টেম্বরের প্রস্তাবিত বাংলা বন্ধের সিদ্ধান্ত অনুমোদনযোগ্য নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অরিজিন্যাল যে রেজলিউসান ছিল তাতে একটা প্যারা ছিল ২২শে আগষ্ট, ১৯৮৩ কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রী প্রণব মুখোপাধ্যায় তথ্য ও পরিসংখ্যান দিয়ে পঃ বাংলার মানুষের কাছে প্রমাণ করেছেন যে প্রতিবছর কেন্দ্রের সাহায্য বেড়েছে, অপরদিকে বামফ্রন্ট সরকার সম্পদ সৃষ্টি করতে ব্যর্থ হয়েছে সেই কারণেই পঃ বাংলার অর্থনীতি আজ ধ্বংসের পথে।

[4-30--4.40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যে রেজলিউসান এই রেজলিউসান সম্বন্ধে বক্তব্য রাখার আগে আমি আপনার সামনে ২৮শে সেপ্টেম্বরের যে ধর্মঘট যে বন্ধ সেই বন্ধ সম্বন্ধে বলতে চাই একটা ছোট কথায় এবং খুব সূক্ষ্মভাবে যে কেন্দ্রীয় সরকারকে দুর্বল করার জন্য এই বন্ধ ডাকা হয়েছে। এই বামফ্রন্ট সরকার তার অপদার্থতা তার ব্যর্থতা ঢাকবার জন্য এই বন্ধ ডাকা হয়েছে। এই বন্ধ জনবিরোধী। এই বন্ধের মাধ্যমের জনসাধারণের দুঃখ দুর্দশা কষ্ট আরও বাড়বে এবং পশ্চিমবাংলার অর্থনীতিকে আরও ধ্বংসের দিকে নিয়ে যাবে। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে পরিষ্কার ভাবে বলতে চাই এটা প্রথম ধাপের বন্ধ নয়, ইতিপূর্বে এই সরকার থাকাকালীন আরও দু বার বন্ধ ডাকা হয়েছিল। এবং বামফ্রন্ট সরকার সমর্থন করেছিলেন। সেখানে সবেতন ছুটি ডিকলেয়ার করা হয়েছিল। এটা একটা ঐতিহাসিক ব্যাপার। আমার প্রশ্ন এই যে বন্ধ একটা রাজনৈতিক দল ডাকে আমার প্রশ্ন এর জন্য মূলতঃ দায়ী কে? বামফ্রন্ট কমিটি, কি কো-অর্ডিনেশন কমিটি। এই বন্ধ ডাকা হয়, আর্থিক সংগতি বাড়াবার জন্য, অর্থনৈতিক উন্নতি বাড়াবার জন্য? এই বন্ধের মাধ্যমে পশ্চিমবাংলার মানুষের কাছে তাদের নিজেদের ব্যর্থতা ঢাকা যায়, কেন্দ্রের বিরুদ্ধে ষড়যন্ত্র করা যায়, কেন্দ্রকে দুর্বল করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা কেন বেশী টাকা চাইতে পারে না? কারণ চাইবার যোগ্যতা এদের নাই। আমি পরিসংখ্যান দিয়ে বুঝিয়ে দিতে পারি। ১৯৮০-৮১ সালে এরা বলেছিলেন যে ৩২৪ কোটি ৬৯ লক্ষ টাকা সংগ্রহ করবেন। কিন্তু সংগ্রহ করেছিলেন মাত্র ৭৩ কোটি টাকা। ১৯৮১-৮২ সালে এরা সম্পদ সংগ্রহ করবেন বলেছিলেন ৩৮৪ কোটি ৪৫ লক্ষ টাকা-কিন্তু সংগ্রহ করেছেন মাত্র ৫ কোটি ৬০ লক্ষ টাকা। এ বছর যোজনা খাতে কেন্দ্রের সাহায্য দেবার কথা ছিল ২৫৩ কোটি ৫ লক্ষ টাকা। আর শেষ পর্যন্ত কেন্দ্র দিয়েছে ৪৫৮ কোটি ২৫ লক্ষ টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় অন্যান্য রাজ্য এই অর্থনৈতিক কাঠামোর মধ্যে থেকে এই অর্থনৈতিক পরিস্থিতির মধ্যে থেকে নিজেদের সম্পদ দিনের পর দিন বাড়িয়ে যাচ্ছে এবং সেই সম্পদ বাড়িয়ে নিজেদের স্বাচ্ছন্দভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে। পশ্চিমবাংলা সম্পদ সংগ্রহে ব্যর্থ হয়েছে। অপর দিকে পশ্চিমবাংলা কেন্দ্রের দিকে হাত বাড়াচ্ছে--কেন্দ্রের কাছ থেকে টাকা চাইছে এবং বলছে কেন্দ্র টাকা না দিলে আমরা কাজ করতে পারবো না। এখানে অর্থমন্ত্রী নাই। তিনি ননপ্ল্যান খাতে বেশী অর্থ ব্যয় করেন এবং তিনি তার জন্য গর্বিত। আমি জিজ্ঞাসা করি নন প্ল্যান খাতে অর্থ ব্যয় করলে কি দেশে সম্পদ বাড়ে? প্ল্যান খাতে খরচ করলে দেশে সম্পদ বাড়ে। ননপ্ল্যান খাতে খরচ করলে কি দেশের বেকারত্ব দূর হয়? মুখ্যমন্ত্রী বললেন অনেক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ খোলা হয়েছে বলে ৯ লক্ষ বেকার বেড়েছে। এটা কি একটা পরিসংখ্যান? এটা কি একটা যুক্তি? যে দিন থেকে এই বামফ্রন্ট সরকার গদিতে এসেছে গৌরী সেনের টাকার মত এরা টাকা তছনছ করছে। ১৫৪ কোটি টাকা এরা বেকার ভাতা দিয়েছে। নানাভাবে এরা টাকা নিয়ে ছিনিমিনি খেলছে। অপর দিকে রাজ্যের সম্পদ সংগ্রহের কোন চেষ্টাই এদের নেই। সম্পদ সংগ্রহ করতে গেলে যে প্রচেষ্টা থাকা দরকার সে প্রচেষ্টা এদের নেই। তাই আজকে অর্থ ভান্ডার শূন্য। এখন গৌরী সেন টাকা দেবে গৌরী সেনের দিকে লক্ষ্য। সরকারী কর্মচারীদের মাইনে বাড়ুক সবাই চাই। কিন্তু মাইনে বাড়াতে গেলে যে সম্পদ সংগ্রহ করতে হবে এবং তার যে প্রচেষ্টা এদের নেওয়া উচিত সেই প্রচেষ্টা এদের নেই। কিছু লোককে ঘি-ভাত খাওয়ানো যেতে পারে, তাদের এক তল থেকে দু তল করে দেওয়া যেতে পারে। কিন্তু যারা গ্রামাঞ্চলের মানুষ যারা না খেয়ে

অর্ধাহারে দিন কাটাচ্ছে যাদের কাজ জুটছে না তাদের জন্য কি কোন পরিকল্পনা আছে? কেন্দ্রীয় সরকার ২০ দফা কর্মসূচীর মধ্যে গ্রামাঞ্চলের দরিদ্র মানুষ আদিবাসী উপজাতীদের জন্য নূতন নূতন পরিকল্পনা গ্রহণ করেছেন। আর ওঁরা কি করেছেন? সেই টাকা নিয়ে তারা ছিনিমিনি খেলেছেন। মুখ্যমন্ত্রী চলে গিয়েছেন আমি তাঁকে জিজ্ঞাসা করি এই বন্ধ হলে কি শিল্পের উন্নতি হবে, মেহনতী মানুষের কি উপকার হবে? এই বন্ধ হলে কি বেকারত্ব দূর হবে? এই বন্ধ হলে পশ্চিমবাংলার মানুষের কোটি কোটি টাকা ক্ষতি হবে জ্যোতি বসুর ক্ষতি হবে না সি.পি.এম.-এর ক্ষতি হবে না। যারা আজকে খেটে খাওয়া মানুষ ঐ যারা হকার, রিক্সাওয়ালা এবং যাদের একদিন না খাটলে তাদের হাঁড়ি চড়বে না এই রকম লক্ষ লক্ষ মানুষের কি দুরাবস্থা হবে সেটা কি ভেবে দেখেছেন? আমি জানি গতবারে বন্ধে আপনারা কাকদ্বীপের অফিসে পুলিশ দিয়ে তালা চাবি বন্ধ করে দিয়েছিলেন। রাইটার্স বিল্ডিংসে তালা চাবি দেওয়া থাকে। দু বার বন্ধ হয়েছিল তাতে সারকুলার দেওয়া হয়েছিল যে সরকারী কর্মচারী অফিসে আসবে অফিসের কোন ক্ষতি হোলে তাকে দায়ী হতে হবে। আমরা যখন এই কলকাতা বন্ধ ডেকে ছিলাম তখন আমরা বলে দিয়েছিলাম যে যারা অফিসে না আসবে তাদের বেতন কাটা যাবে। জ্যোতি বসু তাঁর চাকুরী ঠিক বাঁচাবেন। তিনি সেদিন রাজভবনে থাকবেন কি? তিনি সেই রাইটার্স বিল্ডিংসে ভোজ খাবেন। তাঁর সাহস কি আছে এই বন্ধে যোগ দেবার? সে সৎসাহস তাঁর নেই। তিনি বলবেন না যে আমি এই বন্ধের দিনে যাবো না। কিন্তু এই লক্ষ লক্ষ সরকারী কর্মচারী তাদের চাকুরীতে যাওয়ার পথ আপনারা রোধ করে দেবেন আপনাদের ঐ ঠেঙাড়ে বাহিনী যে আছে—তারা লাঠি নিয়ে বন্দুক নিয়ে দরজায় পাহারা দেবে। এর নামই কি বন্ধ? অনেক অফিস ছুটিই দিয়ে দেওয়া হোল। বলে দেওয়া হোল কেউ আসবেন না। আমি গতবারে বন্ধের দিন ডি এম অফিসে গিয়েছিলাম। দেখলাম ঘর তালা বন্ধ। ডি.এম.-কে বললাম। তিনি বললেন কি করবো আমার কাছে তো চাবি নাই।

[4-40--4.50 p.m.]

চাবি আমার কাছে নেই, পিওন নিয়ে চলে গেছে। এবারে আমি জানি না এই সমস্ত পিওন যদি চাবি নিয়ে যায় এবং প্রত্যেকটি দরজায় তালা মেরে দেওয়া হয়, এবং সরকার যদি বলে আমরা বন্ধ করব, সরকার যদি বলে আমরা সবেতন ছুটি দেব—মাননীয় অধ্যক্ষ মহাশয়, বলতে পারেন ভারতবর্ষের ইতিহাসে, ভারতবর্ষের কোন অঙ্গরাজ্যে ইতিপূর্বে এই ধরণের বন্ধ কেউ দেখেছেন কিনা? আমার কিন্তু জানা নেই। এই নজির সৃষ্টি করছেন বামফ্রন্ট সরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খুব দুঃখের কথা গতবার জাসটিস বসাক, তাঁর ঘরে একটা মামলা হয়েছিল--এঁদের লজ্জা নেই, লজ্জা থাকলে নিশ্চয়ই এবারে এঁরা এই রকম ঘৃণ্যভাবে বন্ধ ডাকতেন না। জাসটিস বসাক একটা রুলিং দিয়েছিলেন এবং তিনি বলেছিলেন সরকার এইরকমভাবে বন্ধ ডাকার জন্য, যাঁরা সরকারী কর্মচারী আছেন যারা অফিসে আসতে চায় তাদের জন্য ট্রাম যেন ডিপো থেকে বেরোয়, ডিপো থেকে বাস যাতে বেরোয় তা দেখবার জন্য একজন অফিসার নিযুক্ত করেছিলেন, তিনি রিপোর্ট দিয়েছিলেন সব জায়গায় দেখা গেল তালা বন্ধ। পুলিশ দাঁড়িয়ে আছে। তারপর মুখ্যমন্ত্রী, তিনি এখনও পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী হয়ে বসে আছেন, তাঁকে জাসটিস বসাক তিরস্কার করেছিলেন, ধিক্কার দিয়েছিলেন সরকারে বন্ধ নিজেরা ডেকে পুলিশ দিয়ে বন্ধ করে দেয়, এটা মানুষের স্বার্থে কিনা আমি জানি না। ট্রেন বন্ধ হবে শিল্প বন্ধ হবে, সমস্ত বন্ধ হয়ে যাবে, তাতে আমি জানি না মুখ্যমন্ত্রী--তখন

তিনি অর্থমন্ত্রীও ছিলেন--কোন অর্থনীতিবিদ্,--কোন অর্থনৈতিক ইতিহাস প্রমাণ পায় যে ১০০ কোটি টাকা যদি একদিনে ক্ষতি হয়, রাজ্যের উন্নতি হয় কিনা? আর পাঞ্জাবের বিচ্ছিন্নতাবাদ, আসামের বিচ্ছিন্নতাবাদ, এদিকে কাশ্মীরের কথা উনি বলেন—কোন জায়গায় নাকি ইন্দিরা গান্ধী ওনার সংগে পরামর্শ করেন সমর্থন করেন—আমি বলব এটার চেয়ে চরম বিচ্ছিন্নতাবাদের আর কোন চিহ্ন থাকতে পারে না, বিচ্ছিন্নতাবাদের যদি চরম আঘাত দেওয়া হয় তাহলে এই ২৮ তারিখের বন্‌ধ বিচ্ছিন্নতাবাদকে সমর্থন করা ছাড়া আর কিছু নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলতে চাই পশ্চিমবাংলায় মানুষ ২৮ তারিখের বন্‌ধ পছন্দ করে না, পশ্চিমবাংলার মানুষ ২৮ তারিখের বন্‌ধ চায় না। যদি প্রমাণ চান, মুখ্যমন্ত্রীকে আমি চ্যালেঞ্জ করে বলছি ট্রাম গুমটিগুলো আপনি খোলা রেখে দিন, ডিপোগুলো খোলা রেখে দিন, আদালতের দরজা খোলা রেখে দিন, অফিসের দরজা খোলা রেখে দিন, দেখবেন কতলোক উপস্থিত থাকে। আপনি যদি দেখতে চান তাহলে সি.পি.এম. পার্টিকে বলবেন তারা যেন না নাবে। দেখবেন হাজার হাজার লোক অফিসে, আদালতে যাবে। মানুষ ব্যবসা বাণিজ্য করতে চায়, দোকান খুলতে চায় শান্তি শৃঙ্খলা মানুষ বজায় রাখতে চায়, মানুষ বাঁচতে চায়। আজকে কিন্তু সমস্ত মানুষের গণতান্ত্রিক অধিকারকে খর্ব করে দিয়ে সরকার পুলিশ বাহিনী দিয়ে সি.পি.এমের ঠ্যাংগাড়ে বাহিনী দিয়ে বন্‌ধ যাতে সাকসেস্‌ফুল হয় তার চেষ্টা ওরা করবে। তাই আপনার মাধ্যমে সমস্ত বিবেকবান বিধানসভার মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করব আপনারা বন্‌ধের ব্যাপারে বিরোধিতা করুন। আমাদের পূর্ণ সমর্থন পাবেন। পশ্চিমবাংলার স্বার্থরক্ষা করুন, পশ্চিমবাংলার মানুষের অর্থনীতির দিকটা দেখুন। এই কথা বলে আমার রেজলিউসনকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী যামিনী ভূষণ সাহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয়, বন্‌ধ বিরোধী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব কে সম্পূর্ণরূপে বিরোধীতা করে কয়েকটি কথা এখানে রাখতে চাই। মুশকিল হচ্ছে কি, গ্রামে, গঞ্জে, হাটে, বাজারে এরা গিয়ে বক্তৃতা দিয়ে বন্‌ধের বিরুদ্ধে বলুন, আপত্তি নেই। সেখানে সমর্থন পাচ্ছেন না বলে আজকে এই বিধানসভায় এসে এইসব প্রস্তাব তুলে বাজার গরম করবার চেষ্টা করছেন। যাইহোক, প্রথমে আমি সুরু করতে চাই, কালকে মাননীয় সদস্য শিশির বোস মহাশয় যা বক্তব্য রেখেছেন এবং আজকে একটু আগে যে মাননীয় সদস্য বিচ্ছিন্নতাবাদের যে সব কথা বললেন আমি সেখানে বলতে চাই সংবিধানের যে মূল কথা,-সেটা হচ্ছে যে ইন্ডিয়া দ্যাট ইজ ভারত shall be a Union of States.

সংবিধানের প্রথম ধারায় বলা হয়েছে বিভিন্ন জাতির সমষ্টি নিয়ে ভারতবর্ষ-ভারতবর্ষের সংবিধানে এটাই উল্লেখ আছে যে ইউনিয়ন অব ষ্টেটস এবং ফেডারেল ক্যারেকটার এর মধ্যেই নিহিত আছে। রাজ্যগুলি যদি শক্তিশালী না হয় তাহলে কেন্দ্র যখনই শক্তিশালী হতে পারে না একটা পূর্ণাঙ্গ শক্তিশালী মানুষ হতে গেলে তার সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ শক্তিশালী হওয়া দরকার। কারো হাত না থাকলে, কিম্বা কোন মানুষ অন্ধ হলে একটা পূর্ণাঙ্গ শক্তিশালী মানুষের কর্মক্ষমতা কমে যায়। সুতরাং রাজ্যগুলি যদি দুর্বল হয় তাহলে কেন্দ্র কোনদিন শক্তিশালী হয় না। ওরা যেটা বলছেন যে কেন্দ্রের বিরুদ্ধে এই বন্‌ধ ডাকা হয়েছে--মোটেই তা নয়, বরং কেন্দ্রকে শক্তিশালী করার জন্য আজকে আমরা এই আওয়াজ তুলেছি এবং সেটাকে আরো জোরদার করার জন্যই, সারা ভারতবর্ষের মানুষের কাছে নিয়ে যাবার জন্য এই বন্‌ধ ডাকা হয়েছে। আমরা সব রাজ্যের কথাই বলছি। আপনারা বিচ্ছিন্নতাবাদের কথা বলছেন কেন?

সংবিধানের ২০০ / ২০১ ধারায় আছে রাজ্যগুলি যদি কোন বিল পাশ করেন তাহলে সেই বিল রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয় এবং যতক্ষণ পর্যন্ত না রাষ্ট্রপতি অনুমোদন দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত সেই বিল আইনে পরিণত হবে না। আমি একটি উদাহরণ দিয়ে বলতে পারি আমাদের রাজ্যের ভূমি সংস্কারকে আরো এগিয়ে নিয়ে যাবার জন্য এখান থেকে ভূমি সংস্কার বিল তৈরী করে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেই অনুমোদন পাওয়া যায় নি। অর্থাৎ কেন্দ্র যা খুশি করবে—এই ধারাটিকে সংশোধন করতে হবে। সংবিধানের ৩৫৬/৩৫৭ ধারায় বলা হয়েছে কোন রাজ্য বিধানসভায় সংকট দেখা দিলে সেখানে পুনরায় নির্বাচন হওয়া উচিত এবং সংগে সংগে রাষ্ট্রপতির শাসন শুরু হবে। কিন্তু গভর্ণর যদি ইচ্ছা করে রিপোর্ট দেন তাহলে সংগে সংগে সেই রাজ্যগুলিতে রাষ্ট্রপতির শাসন জারি করে মাসের পর মাস দিনের পর দিন মানুষের গণতান্ত্রিক অধিকার হরণ করে রেখে দিচ্ছেন। সমস্ত রাজ্যের জন্য, সংবিধানের জন্য সারকারিয়া কমিশন বসেছে। শ্রীমতী গান্ধী আজকে এই কথা বলছেন। সুতরাং সারকারিয়া কমিশনের কাছে আমাদের এই দাবীকে, আওয়াজকে আরো জোরদার করার জন্যই আমরা এই কথা বলছি এবং আমরা সব রাজ্যের জন্যই বলছি। আইন শৃঙ্খলা রাজ্যের ব্যাপার আছে। কিন্তু সি.আর.পি., রিজার্ভ ফোর্স ইত্যাদি এই সমস্ত কেন্দ্র নিয়ন্ত্রণ করে, শিল্প নিরাপত্তা বাহিনীও কেন্দ্র নিয়ন্ত্রণ করে, তার উপর রাজ্যের কোন হাত নেই। আর্থিক দিক থেকে প্ল্যানিং কমিশনকে সর্বোচ্চ সাংবিধানিক ক্ষমতা দেওয়া আছে এবং প্ল্যানিং কমিশন প্রত্যেকটি চীফ মিনিষ্টারকে নিয়ে ডেভেলপমেন্ট কাউন্সিলে আলোচনা করবেন। এইভাবে ডেভেলপমেন্ট কাউন্সিলের সংগে কো-অর্ডিনেট করে প্ল্যানিং কমিশন সারা ভারতবর্ষের সম্পদ আহরণ করে মাথা পিছু বন্টন ব্যবস্থা করবেন। বন্টন ব্যবস্থার পুরো অধিকার প্ল্যানিং কমিশনকে দেওয়া হয়েছে। ডেভেলপমেন্ট কাউন্সিলের সংগে কোন কো-অর্ডিনেসন নেই--এই হচ্ছে সংবিধানের ধারা। আমরা এই সবের পরিবর্তন চেয়েছি বিহার, উড়িষ্যা, পশ্চিমবাংলা, নাগাল্যান্ড, মিজোরাম, তামিলনাড়ু ইত্যাদি সব রাজ্যের জন্য এই কথা বলছি। সুতরাং এটাকে আমরা আরো জোরদার করতে চাই, প্রচার করতে চাই এবং সেই জন্যই আমরা এই দাবী তুলেছি। এছাড়া রাজনৈতিকভাবে আমাদের সংগে বৈষম্য করা হচ্ছে। যেহেতু এখানে লেফট্ ফ্রন্ট গভর্ণমেন্ট আছে সেই জন্য আমাদের উপর অর্থনৈতিক বৈষম্য করা হচ্ছে। আমি একটি ষ্টাটিসটিক্স দিচ্ছি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে আরম্ভ করে ষষ্ঠ পরিকল্পনার মধ্যে মাথা পিছু যে টাকা দেওয়া হয়েছে প্রতিটি রাজ্যে তার গড় হল ৯০১ টাকা। আর পশ্চিমবঙ্গে কত দেওয়া হয়েছে? মাত্র ৭০৯ টাকা। এটা কি বৈষম্য নয়? এটা আপনাদের আমল ডাঃ বিধান চন্দ্র রায়ের সময় থেকে শুরু হয়েছে। সেকেন্ডে ফাইভ ইয়ার প্ল্যান থেকে শুরু হয়েছে। তাকে আপনারা কেন পরিবর্তন করবেন না? ডাঃ বিধান চন্দ্র রায় নেহেরুর সাথে লড়াই করে সংগ্রাম করে দুর্গাপুর করেছেন। আপনারাও তো সেই কংগ্রেসে আছেন-অতএব আপনারা কেন এই দাবী করছেন না।? এই দাবী সকল জনগণের দাবী, এই দাবী আমাদের সকলের দাবী, এটা আমাদের কোন আলাদা কথা নয়। দ্বিতীয় কথা হচ্ছে, কেন্দ্রীয় সরকার এ্যাডিসন্যাল-ইন্ডের কথা বলছেন। বাজেটে এ্যাডিসন্যাল ইন্ড কি করেছি সেটা একটু উল্লেখ করছি। আমি দু বছরের হিসাব দিচ্ছি। বাজেটে অতিরিক্ত এ্যাডিসন্যাল রিসোর্সেস ১৯৮০-৮১, ১৯৮১-৮২ সালে ৫৭ কোটি ১০ লক্ষ টাকা বের করেছি, গুজরাট ১ কোটি ৬৩ লক্ষ, মহারাষ্ট্র ২৯ কোটি ৮৯ লক্ষ টাকা করেছে। অর্থাৎ তুলনামূলক ভাবে পশ্চিমবঙ্গ ২ বছরে এ্যাডিসন্যাল রিসোর্সেস ৫৭ কোটি টাকার বেশী করেছে।

[4-50—5.00 p.m.]

বন্টনের ক্ষেত্রে কি অবস্থাটা একটু দেখুন। কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্য থেকে ইনকাম ট্যাক্স, সেন্ট্রাল এক্সাইজ ডিউটি ইত্যাদি নানান রকমের কর কালেকসান করেন। আমাদের রাজ্য থেকেও করেন। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যান্ত কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে কালেকসান করেছেন ৬ হাজার ৯৫২ কোটি ৪০ লক্ষ টাকা। আর সেখানে আমাদের পশ্চিমবঙ্গকে দিয়েছেন ১ হাজার ৫৩৩ কোটি ৭২ লক্ষ টাকা। অর্থাৎ এখান থেকে প্রায় ৭ হাজার কোটি টাকা নিয়ে গিয়েছেন আর সেখানে দিয়েছেন ১৫০০ কোটি টাকা। তাহলে পারসেনটেজ কত হয় সেটা একটু হিসাব করে দেখুন। ১৯৫৬ সাল থেকে ১৯৭৯ সাল পর্য্যন্ত সেন্ট্রাল গভর্ণমেন্ট ৮২ হাজার ৪২২ কোটি টাকা কালেকসান করেছিলেন আর তার কত পারসেনটেজ রাজ্যগুলিকে দিয়েছিলেন তার পারসেনটেজ যদি হিসাব করে দেখেন তাহলে দেখবেন আগে ৪৩ ভাগ দিতেন--১৯৫১ থেকে ১৯৫৬ সাল পর্য্যন্ত আর ১৯৭৪ থেকে ১৯৭৯ সাল পর্য্যন্ত সেটা ৩১ ভাগে কমিয়ে দিয়েছেন। এইভাবে রাজ্যগুলির প্রতি বৈষম্য করা হয়েছে। ইনডাষ্ট্রিয়াল ফাইনেনসিয়াল কর্পোরেশন মহারাষ্ট্রকে দিয়েছে ৩১.১৬ ক্রোর আর আমাদের রাজ্যকে দিয়েছেন ৬.০৭ ক্রোর টাকা। আই. ডি বি. আই পশ্চিমবঙ্গকে কত দিয়েছেন সেটা একটু দেখুন। পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী কারখানা বন্ধ। এখানে সবচেয়ে বেশী দুর্বল শিল্প সারা ভারতবর্ষের মধ্যে অথচ যেখানে মহারাষ্ট্রকে তারা দিয়েছেন ২৭০ কোটি টাকা, গুজরাটকে দিয়েছেন ২৭২ কোটি টাকা সেখানে পশ্চিমবঙ্গকে দিয়েছেন ৬৫ কোটি টাকা মাত্র। এটা ১৯৮১/৮২ সালের হিসাব। কলকারখানা খোলা সম্পর্কে গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। হলদিয়ায় পেট্রো কেমিক্যাল, সল্ট লেকের ইলেকট্রনিক্সের কারখানা ইত্যাদি সম্বন্ধে আমি আর বলছি না। কাজেই এইসব দিকে দেখলে এটা স্পষ্ট যে পূর্ব ভারতের প্রতি বৈষম্য করা হয়েছে। কৃষ্ণমাচারি ভারতবর্ষের ডেভালপমেন্টের জন্য ষ্টিল এবং কোল যেটা বিহার এবং পশ্চিমবঙ্গে উৎপাদিত হয় না তার দর এক হল না। তুলো মহারাষ্ট্র, পাঞ্জাব, গুজরাট, তামিলনাড়ুতে উৎপাদিত হয়। ৪০০ কে.জি. তুলোর দাম মহারাষ্ট্রে যা পড়ে তার তুলনায় প্যার ক্যানাডিতে ৬০০ টাকা বেশী দর পশ্চিমবঙ্গকে দিতে হচ্ছে। ইনডাষ্ট্রিয়াল এ্যালাক-হল এবং অন্যান্য জিনিষ তার দরও এক করা হ'ল না। এইভাবে গোটা ইষ্টার্ন সেকটারের প্রতি বৈষম্য করা হয়েছে। জগন্নাথ মিশ্র, তিনি বিধানসভায় বলেছিলেন, আমাকে কয়লার রয়ালিটি কিছু বাড়াতে হবে। তিনি কপুরিজীকে এরপর জিজ্ঞাসা করেছিলেন--বিরোধীদের নেতা--কেয়া কপুরিজী, হাম ঠিক বাত বলতে হ্যায়? তিনি বলেছিলেন, হ্যাঁ, ঠিক বাত বলতে হ্যায়। এই জগন্নাথ মিশ্র মহাশয়ের দুর্নীতি সম্বন্ধে আমরা সকলেই জানি যে কি দুর্নীতিগ্রস্ত লোক তিনি ছিলেন। তিনি পাটনা রেল স্টেশনের তিন নং প্ল্যাটফর্মকে মর্টগেজ দিয়ে তার এক আত্মীয়কে টাকা পাইয়ে দিয়েছিলেন। এই রকম দুর্নীতিপরায়ণ লোক, তাকেও ইন্দিরা কিছু বলেন নি কিন্তু যেই তিনি বললেন, আমাকে কয়লার রয়্যালিটি কিছু বেশী দেওয়া হোক কারণ আমার রাজ্য খুবই দুর্বল তখনই তার চাকরি চলে গেল। আজকে বিচ্ছিন্নতাবাদের কথা বলা হয়। ভারতবর্ষের ঐক্যকে জোরদার করার জন্য আমাদের কাজ করা উচিত। আসামে কেন হচ্ছে বিচ্ছিন্নতাবাদ? আসামের প্রশ্ন হচ্ছে আসাম ডেভপলমেন্টের প্রশ্ন। সি. আ. এ. এজেন্ট, প্রতিক্রিয়াশীল গোষ্ঠী আসামের মানুষকে এর বিরুদ্ধে লেলিয়ে দিয়েছে। আসামের জনসাধারণ সেখানে গণতান্ত্রিক চেতনা সম্পন্ন নয় বলে আজকে তাদের ভুল পথে নিয়ে যাচ্ছে। আজকে পাঞ্জাবেও তাই।

সেখানে ডেভলপমেন্টের প্রশ্ন। সমস্ত রাজ্যে আজকে ডেভলপমেন্টের প্রশ্ন। আজকে কেন্দ্র এই ভাবে সব আটকে দিচ্ছে। স্বৈরতন্ত্রকে টেরোরিজম করলে যা হয় তাই হচ্ছে। রাজ্যগুলিকে দুর্বল করা হচ্ছে। বিচ্ছিন্নতাবাদকে যদি বুঝতে হয় তাহলে সঠিক পথ হচ্ছে রাজ্যগুলির হাতে অধিক আর্থিক ক্ষমতা দিতে হবে এবং এটাই হচ্ছে সঠিক পথ। তা না হলে জাতিগুলির মধ্যে সংঘর্ষ, বাঙ্গালী, বিহারী, আসামী, পাঞ্জাবী, হরিয়ানা ইত্যাদি সমস্ত জাতিগুলির মধ্যে সংঘর্ষ শুরু হয়ে যাবে। আসল লোক আমরা দেখতে পারবো না। সে জন্য কেন্দ্রীয় সরকারে এই একচোখামী বৈষম্যমূলক আচরণ এবং রাজ্যের হাতে অধিক ক্ষমতা না দেবার জন্য আমাদের সারা ভারতবর্ষে এ কথা প্রচার করতে হচ্ছে। উনি বলেছেন যে জনগণের জন্য, গরীব মানুষের জন্য চোখের জল ফেলছে, কৃষকের কথা বলছে, দীনমজুরের কথা বলছেন। আজকে তারা ফুড ফর ওয়ার্কের কাজ বন্ধ করে দিলেন কেন? আজকে যেখানে ৩ কেজি করে গম আমরা দিতাম, এন. আর. ই. পিতে যে কাজ এবং টাকা দেওয়া হত। আজকে কেন্দ্রীয় সরকার এগুলি যা দিতেন সেটা তারা বন্ধ করে দিয়েছেন। লক্ষ লক্ষ ক্ষেতমজুর যাদের বছরে ৬ মাস কাজ থাকে না তাদের জন্য বামফ্রন্ট সরকার বিগত ৬ বছর ধরে যাতে তারা না খেয়ে থাকে, যাতে তারা খেতে পারে তার জন্য চেষ্টা করেছিলেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে আজকে তারা মরতে বসেছে। সুতরাং গরীব মানুষের জন্য আপনারা আর দরদ দেখাবেন না। বন্ধ হয় না সরকারের? ১৯৬০ সালে যখন বিধান চন্দ্র রায় ছিলেন তখন বিরোধীতা ১২ই জুন বাংলা বন্ধ ডেকেছিলেন আসামে বাঙ্গালীদের উপর অত্যাচারের বিরুদ্ধে এবং সেই বন্ধে ডাঃ বিধান চন্দ্র রায় পূর্ণ সমর্থন করেছিলেন। এই রকম উদাহরণ আরো আছে। তামিলনাড়ুতে কি হয়েছিল? সিংহলে ভারতীয় বংশোদ্ভূত তামিলনাড়ুদের উপর যখন অত্যাচার হয়েছিল তখন সারা ভারতবর্ষে আলোড়নের সৃষ্টি হয়েছিল। সে জন্য তামিলনাড়ু সরকারের পক্ষ থেকে এ.আই.ডি.এম.কে বন্ধ ডেকেছিলেন। সুতরাং এই নজির আমাদের এখানে আছে। এগুলি একটু পড়াশুনা করে জানতে হয়। মাননীয় সত্যবাপুলী মহাশয় মাঝে মাঝে দেওয়ালের লেখন বোঝেন, আবার মাঝে মাঝে ভুলে যান। ১৯৭২ সালে গভর্ণরের এ্যাড্রেসের সময়ে তিনি বক্তৃতা দিয়েছিলেন। সেই বক্তৃতায় তিনি কি বলেছিলেন? তিনি বলেছিলেন, যে আশার বাণী দিয়ে এসেছি, যে কথা লোকের কাছে বলেছি, তা যদি না বলতে পারি তাহলে সি. পি. এম-দের যেমন আসন খালি হয়েছে তেমনি আমাদেরও আসনও একদিন খালি হয়ে যাবে। সত্যবাপুলী মহাশয় সত্য কথা বলেছিলেন। কাজেই এই কথা বলতে চাই যে আজকে 'রাজ্যের হাতে অধিক ক্ষমতা' এই সংগ্রামে আপনারা আমাদের সঙ্গে যোগ দিন এবং কলকারখানা খোলার ব্যাপারে আমাদের সংগে যোগ দিন। আজকে চটকলগুলি বন্ধ হয়ে আছে। আজকে ইন্দিরা গান্ধীর কাছে সকলে মিলে এক সংগে ডেপুটেশান দিন। তিনি বলেছিলেন যে ন্যাশানালাইজড করবেন। আজকে কেন হচ্ছে না? ওয়ার্কারদের কি বলবেন? তারা ধর্মঘট করবে না, তাদের দাবী জানাবে না? কাজেই আসুন, একসংগে ঐকাবদ্ধ হয়ে সকলে এই প্রস্তাব নেই। আজকে শুধু পশ্চিমবঙ্গ নয়, সারা ভারতবর্ষের জন্য, ভারতবর্ষের স্বার্থেচ্ছুর জন্য এটা করা দরকার। আজকে একটা মীরকাশিম হয়েছে। কাশ্মীর হাত ছাড়া হয়ে গেল। আগামীদিনে এই রকম হাজার হাজার মীরকাশিম হবে এবং তার জন্য আপনারা প্রস্তুত হন। এই বন্ধ হবে, ভাল ভাবেই হবে এবং শান্তিপূর্ণ ভাবেই হবে। বন্ধে ক্ষতির কথা ওরা বলেছেন। ১৯৮১ সালের এপ্রিল মাসে যে বন্ধ ওরা ডেকেছিলেন, সেই বন্ধের দিনে কিভাবে ৫/৬ জনকে

পেট্রোল বোম্ব দিয়ে খুন করা হয়েছিল সেটা আমরা জানি। ৩/৪টি বাসকে পুড়িয়ে শেষ করে দেওয়া হয়েছে, ট্রামকে পুড়িয়ে শেষ করে দিয়েছেন। এই তো আপনারা বন্ধ করেছেন। আপনারা আবার বন্ধের ক্ষতির কথা বলেন।

[5-00—5.10 p.m.]

সেই যে বন্ধ আপনারা করেছিলেন তাতে কি কিছু ক্ষতি হয় নি? মানুষের জীবন নষ্ট হয়েছিল, মানুষের ওপর গুন্ডামী করেছিলেন। আমি আপনাদের পরিস্কার জানিয়ে দিচ্ছি, আগামী বন্ধের দিন জ্যোতি বসু রাইটার্স বিল্ডিংস'এ গিয়ে চাবি খুলবেন না, ওখানে যাঁরা চাবি খোলেন তাঁরা কেউ সেদিন কাজে যাবেন না। যাঁরা কোর্টে চাবি খোলেন, তাঁরা কেউ সেদিন কোর্টে যাবেন না। সারা পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্ট সরকারকে আশীর্বাদ করছে, তারা এই বন্ধকে সমর্থন করবে, সুতরাং বন্ধ বিরোধী যে প্রস্তাব আনা হয়েছে সে প্রস্তাবের আমি বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ডেপুটি স্পীকার, স্যার, ইতি পূর্বে আলোচনার সময়ে এই হাউসে স্পীকার সাহেব আমাদের বলেছিলেন যে, এই হাউসের সদস্য নয় এমন কোন বাইরের লোকের নাম এখানে আলোচনার মধ্যে বলা চলবে না। অথচ আজকে মাননীয় সদস্য কামিনী সাহা তাঁর বক্তব্য রাখার সময়ে এই সভার সদস্য নয় এমন কয়েকজনের নাম বারবার উল্লেখ করলেন। এখন সেই নাম গুলি তাঁর বক্তৃতা থেকে যদি এক্সপাঞ্জ না করা হয় তাহলে কি আমরা ধরে নেব যে, এই হাউসে ঐ নাম গুলো উল্লেখ করা যাবে?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** যাঁরা এই হাউসের সদস্য নন তাঁদের নাম এখানে উল্লেখ করা যায় না। যাঁরা হাউসে এক্সপ্লানেসন দিতে পারবেন না, তাঁদের নাম উল্লেখ করা উচিত নয়। যদি হাউসের সদস্যদের বাইরে কারো নাম মাননীয় সদস্যর বক্তৃতার মধ্যে উল্লেখ করা হয়ে থাকে, তাহলে তা এক্সপাঞ্জ হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, বামফ্রন্ট আগামী ২৮শে অক্টোবর অগণতান্ত্রিক এবং সংবিধান বিরোধী যে বন্ধের ডাক দিয়েছে তার বিরোধীতা করে মাননীয় সদস্য সত্য রঞ্জন বাপুলি যে--রেজলিউসন এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি।

স্যার, সরকার পক্ষের মাননীয় সদস্য বন্ধের পক্ষে অনেক কথা বলে গেলেন। কিন্তু আমি শুধু এখানে বলব যে, এই বন্ধে টাটা, বিড়লা, বোস বা দত্ত'রা কেউ ক্ষতিগ্রস্ত হবে না। তবে এই বন্ধের ফলে পশ্চিমবাংলার ঠেলাওয়ালা, রিক্সাওয়ালা, ডে লেবার -- যারা দিন আনে দিন খায়--তারা সবাই ক্ষতিগ্রস্ত হবে। অবশ্য একথা ইতিপূর্বে সরকার পক্ষের লোকেরা বাইরে অনেক জায়গায় স্বীকার করেছেন, কিন্তু তাঁরা হাউসের মধ্যে তা স্বীকার করতে পারলেন না. তাই আমি বলতে চাই সরকার যে বন্ধের ডাক দিয়েছে তার বিরোধীতা করে মাননীয় সদস্য শ্রী বাপুলি যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাব যুক্তি সংগত।

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, সরকার পক্ষের সদস্য বললেন যে, কেন্দ্র দারুণভাবে অর্থ সাহায্য দিচ্ছে না এবং কোন কোন জায়গায় অর্থ সাহায্য দিয়েও আবার নিয়ে নিচ্ছে.

বৈষম্য দেখাচ্ছে। কেন্দ্রীয় সরকার এই সরকারের উপর বিরূপ মনোভাব দেখাচ্ছে এবং সেই জন্য তাঁরা আজকে কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন। অথচ এই বামফ্রন্ট সরকার এই রাজ্যের যেখানে যেখানে কংগ্রেস অধ্যুষিত অঞ্চল আছে—যেখানে যেখানে কংগ্রেসী অঞ্চল প্রধান আছে—সেখানে সেখানে টাকা দিতে কার্পণ্য করেন।

যে কংগ্রেস প্রধানরা আছেন তাঁদের বাজেট কাটছাঁট করে দেন এমন সরকার কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন। যে সরকার কংগ্রেস প্রভাবিত অঞ্চলে অনুদান কমিয়ে দেন সেই সরকার বলেছেন কেন্দ্র বৈষম্য দেখাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সরকারের এই কথা বলার কোন অধিকার আছে কি না? সরকার যদি—যতটুকু ক্ষমতা আছে—তাতেই সর্ব শ্রেণীর মানুষকে সমান চোখে দেখতেন তবে বুঝতাম যে কেন্দ্রের বিরুদ্ধে তাদের কথা সত্য, কিন্তু এ কথা বলা তাঁদের সাজে না। কাজেই আজকে মাননীয় সদস্য সত্য রঞ্জন বাপুলী মহাশয় এই বন্‌ধের ডাকের বিরুদ্ধে যে প্রস্তাব দিয়েছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। তার বিপক্ষে বলতে গিয়ে যামিনী সাহা মহাশয় কয়েকটি কথা বলেছেন। আমি যামিনী বাবুকে মনে করিয়ে দিতে চাই, আপনারা যতদিন সরকারের আছেন, আপনাদের সরকারে আসার আগে আমরা লক্ষ্য করেছিলাম আপনাদের পার্টিকে। আপনাদের পার্টি অফিসের জিনিস দেখেছি। ছেঁড়া মাদুর ছিল, আপনাদের কমরেডদের বিড়ি জুটত না। আজকে লক্ষ লক্ষ টাকা খরচ করে আলীমুদ্দিন ষ্ট্রীটে যে রকম বাড়ী করেছেন, যে সিনসিয়ারিটি দেখিয়েছেন সেই সিনসিয়ারিটির ১০০ ভাগের এক ভাগও যদি পশ্চিমবংগের মানুষের জন্য দেখাতেন তাহলে পশ্চিমবংগ অনেক এগিয়ে যেত। বিল্ডিং কনষ্ট্রাকসনের সিনসিয়ারিটি আছে, পশ্চিমবংগের কনষ্ট্রাকসনের সিনসিয়ারিটি নেই। আজ থেকে অনেক দিন আগের কথা যখন জ্যোতি বসু মহাশয় অর্থমন্ত্রী ছিলেন ফোর্থ প্ল্যান কি থার্ড প্ল্যানে, ৩০৫ কোটি টাকা মঞ্জুর হয়েছিল। আমরা আশা করেছিলাম ফোর্থ প্ল্যানে উনি হয়ত ওটার ডবল আদায় করবেন, ৬১০ কোটি টাকা, কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করে, কিন্তু অর্থমন্ত্রী জ্যোতি বসু মহাশয় তখন মাত্র ৩১৭ কোটি টাকায় রাজী হয়েছিল কেন? তার কারণ পশ্চিমবঙ্গের উন্নতি ওঁরা চান না। আমি মাননীয় সদস্য যামিনী সাহা মহাশয়কে মনে করিয়ে দিচ্ছি ডাঃ বিধান চন্দ্র রায় যখন পশ্চিমবঙ্গের রূপকার, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন সেই সময়ে যখন ডি.পি.এলের ফিফ্‌থ ইউনিট স্থাপন করার পরিকল্পনার প্রথম ড্রাফট হাউসে পেশ করেন, তিনি এগিয়ে যাবার স্বপ্ন দেখেছিলেন যখন হাউসে প্লেস করেন, প্রসিডিংসে আছে আপনাদের মুখ্যমন্ত্রী তখন বলেছিলেন আপত্তি জানিয়ে, কোন প্রয়োজন নাই পশ্চিমবংগে বিদ্যুতের, ডি.পি.এল ফিফথ্‌ ইউনিটের। বিদ্যুৎ কি ভাত দিয়ে খাব? "সেই সরকার আজ ক্ষমতায় এসে,—নাচতে না জানলে উঠানের দোষ"—অন্য কথা বলছেন। যে টাকা কেন্দ্র দিচ্ছেন আমাদের কাছে হিসেব আছে। যামিনী বাবু নিশ্চয় জানেন, সেই টাকা ষ্টেট গভর্ণমেন্ট খরচ করতে পারছে না, ফেরত যাচ্ছে। অর্থমন্ত্রী মহাশয় হাউসে লজ্জায় স্বীকার করতে পারেন নি। হাজার হাজার কোটি কোটি টাকা ব্যাঙ্কের কাছ থেকে ওভার ড্রাফট নিয়েছেন, অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ওভার ড্রাফটের টাকা কোন কোন হেডে খরচ হয়েছে? বলতে পারেন না, বলবেন কি? টাকা নেওয়া হয়েছে কিন্তু সাধারণ মানুষ পায় নি। কেন্দ্র জনগণকে দেবার জন্য, জনগণের এন.আর.ই.পি. স্কীম এবং অন্যান্য সমস্ত স্কীমের জন্য টাকা দিয়েছেন জনগণের স্বার্থে, কিন্তু সেই টাকা জনগণের কাছে যাচ্ছে না। যাচ্ছে কোথায়? সি.পি.এম. ক্যাডারদের পকেটে। তাই কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে ওঁরা যে এই বন্‌ধের ডাক দিয়েছেন সেটা সম্পূর্ণ অগণতান্ত্রিক।

[5-10—5-20 p.m.]

মাননীয় স্পীকার স্যার, আমি জানতে পেরেছি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট, নর্থবেঙ্গল স্টেটে ট্রান্সপোর্ট এবং বিভিন্ন ডি.এম., এস.পি.-দের কাছে অলিখিত সার্কুলার ইতিমধ্যেই চলে গেছে। বন্‌ধের আগের রাত থেকেই যাতে সব কিছু বন্ধ করে দেওয়া হয়, সরকারী কর্মচারী যাঁরা অফিসে আসতে চাইবেন তাঁদের সঙ্গে যাতে কো-অপারেশন না করা হয় সে বিষয়ে বলতে চিফ মিনিস্টারের লোক চলে গেছে। কিন্তু এই বন্‌ধ যদি এই সরকারের বিরুদ্ধে ডাকা হোত, তাহলে জ্যোতিবাবুর দল রাইটার্স বিল্ডিংস-এ প্যাকেটের ব্যবস্থা করত, একস্ট্রা এ্যালাউন্সের ব্যবস্থা করত, রিওয়ার্ডের ব্যবস্থা করত। কিন্তু এই সরকারী বন্‌ধকে সমর্থন করে যাঁরা দপ্তরে অনুপস্থিত থাকবেন, তাঁদের মাইনে দেওয়া হবে। আমি এখানে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে ধর্মঘটের কথা স্মরণ করিয়ে দিচ্ছি, সেখানে যখন বন্‌ধ ডাকা হয়েছিল, তখন অংশগ্রহণকারীদের মাইনে কেটে নেওয়া হয়েছে। এমপ্লয়িজ ফেডারেশন অন্তর্ভুক্ত কর্মচারী যাঁরা ওঁদের আহুত গত বাংলা বন্‌ধে অফিসে এ্যাটেনডেন্স দিয়েছিলেন তাঁদের অনেককেই সাসপেন্ড করা হয়েছিল, শো-কজ্ নোটিশ ধরিয়ে দিয়েছিল। জ্যোতিবাবু এখানে দাঁড়িয়ে বলুন যে সরকারের সঙ্গে এই বন্‌ধের কোন সম্পর্ক নেই। এ ক্ষেত্রে কো-অর্ডিনেশন কমিটিভুক্ত কর্মচারীরা সংকীর্ণ লাভের আশায় নিজেদের সম্মান বিকিয়ে দিয়েছেন। তাঁরা ভেবেছেন যে সরকার আহুত এই বন্‌ধ এর সঙ্গে জড়িয়ে থাকলে লাভ হবে। কিন্তু আমি এখানে প্রশ্ন রাখতে চাই যে মাননীয় মুখ্যমন্ত্রী এবং তাঁর মন্ত্রীসভার অন্যান্য রাইটার্স বিল্ডিংসে যাবেন তো সেদিন? মুখ্যমন্ত্রী এবং সচিবরা সকলের জন্য রাইটার্স বিল্ডিংয়ের দরজা ঐ দিন খোলা রাখবেন তো? স্টেট ট্রান্সপোর্ট ডিপোগুলি সব খোলা রাখার ব্যবস্থা হবে? জেলায় জেলায় ডি.এম.-, এস.পি.-রা সকাল ১০-৩০টার মধ্যে তাঁদের দপ্তরে উপস্থিত থাকবেন? যে সমস্ত সরকারী কর্মচারী অফিসে যোগ দিতে আসবেন তাঁদের যোগদান করতে দেবেন? ট্রাম, বাস সেদিন চালাবেন? আমার মনে আছে, ওঁদের গত বাংলা বন্‌ধে বিচারপতি শ্রী পরিতোষ মুখার্জীকে অনারেবল হাইকোর্ট অবজার্ভার হিসেবে নিয়োগ করে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছিলেন যে ওঁকে সমস্ত জায়গা পরিদর্শন করতে দিতে হবে। কিন্তু আমরা দেখছি বামফ্রন্ট সরকার এই নির্দেশ মানেন নি। কাজেই বোঝা যাচ্ছে, বিচার বিভাগের উপর এই সরকারের কোন আস্থা নেই। এই সি.পি.এম. সরকারের জনগণের উপরও কোন আস্থা নেই। স্যার, সরকার এই বন্‌ধ থেকে নিরপেক্ষ থাকছেন কিনা সেটা দেখবার জন্য আপনি এখানে একটি সর্বদলীয় টিম্ করে দিন। আজকে পাঞ্জাবের আকালী দল যেভাবে বিচ্ছিন্নতাবাদ ছড়াচ্ছে, সরকারী ক্ষমতায় থেকে এই বামফ্রন্ট সরকারও ঠিক সেইভাবে বিচ্ছিন্নতাবাদী মনোভাবের দ্বারা ভারতবর্ষকে টুকরো টুকরো করবার চেষ্টা করছে। আমরা দেখেছি যে নতুন দিল্লী গিয়ে মাননীয় জ্যোতিবাবু প্রণব মুখার্জীর ঘরেও গেছেন, শ্রীমতী ইন্দিরা গান্ধীর ঘরেও গেছেন এবং তাঁদের অয়েলিং করেছেন। কিন্তু এই হাউসে তিনি আর এক কথা বলছেন এই রাজ্যের বেকার সমস্যার সমাধানের সামান্যতম প্রচেষ্টা না করে আজকে তিনি বলছেন যে গোটা ভারতবর্ষে নাকি ২ কোটি বেকার! কিন্তু আমরা এখানে দেখছি যে তিনি তাঁর কৃতিত্বে এরমধ্যেই পশ্চিমবাংলায় ৩৬ লক্ষ বেকার সৃষ্টি করেছেন। যখন সব দিক থেকেই এই রাজ্য পিছিয়ে পড়েছে, সেই অবস্থায় বামফ্রন্ট সরকার আবার এই বন্‌ধ ডেকে তাকে আর এক ধাপ পিছিয়ে দিচ্ছে। এই বন্‌ধ-এর ফলে টাটা, বিড়লা বা চন্দন বোসের কোন ক্ষতি হবে না। এর ফলে ক্ষতি হবে সাধারণ খেটে খাওয়া গরীব মানুষের। আমি এই কারণে এই বন্‌ধ-এর বিরোধীতা

করে আমাদের মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলী যে প্রস্তাব এনেছেন, আমি তার বিরোধীতা করছি। এই বন্ধ বামফ্রন্ট সরকার ডাকে নি, ডেকেছে বামফ্রন্টভুক্ত দলগুলি। সত্য বাপুলী মহাশয় দুঃখ পেয়ে বলেছেন যে এই একদিনের বন্ধ ডাকার ফলে ১০০ কোটি টাকার উৎপাদন ব্যাহত হবে। তাহলে বাপুলী মহাশয় স্বীকার করছেন যে পশ্চিমবাংলার ১০০ কোটি টাকার উৎপাদন দৈনিক হয়! তাহলে সত্য বাপুলি মহাশয় স্বীকার করলেন যে পশ্চিমবাংলায় প্রতিদিন ১০০ কোটি টাকার উৎপাদন হয়। আমার দ্বিতীয় কথা হলো মাননীয় সদস্যরা সকলেই স্বীকার করবেন যে পশ্চিমবাংলা আজকে শিল্পের ক্ষেত্রে দশম স্থান অধিকার করেছে। গোটা পশ্চিমবাংলা কেন আজকে ৩৬ বছর কংগ্রেসী শাসনে শিল্পের ক্ষেত্রে দশম স্থানে রূপান্তরিত করা হয়েছে? এটা আপনাদের দলের সব চেয়ে বড় দোষ। বামফ্রন্ট সরকারের ৬ বছরের শাসন কালে এই জিনিষ হয় না। এর কৈফিয়ত আপনাদের দিতে হবে। বৃটিশ সাম্রাজ্যবাদের সময় শিল্পের ক্ষেত্রে পশ্চিমবালার স্থান দ্বিতীয় ছিল, সেটা দশম স্থানে নিয়ে যাওয়া হয়েছে। গোটা ভারতবর্ষের জনসংখ্যার আট ভাগ পশ্চিমবাংলায় বাস করে আর গোটা ভারতবর্ষের শতকরা ২০ ভাগ বেকার এই পশ্চিমবাংলায়। এই জিনিষ তো ৬ বছরে হয়নি। ভারতীয় সংবিধানের ২৫৬ এবং ২৫৭ ধারার বলে কেন্দ্রীয় সরকার রাজ্যের হাত থেকে ক্ষমতা কেড়ে নিচ্ছেন। আপনারা আবার বিচ্ছিন্নতাবাদির কথা বলেন। মানুষের দেহের সমস্ত রক্ত যদি মুখমন্ডলে জমা হয় তাহলে সেটা অসুস্থতার লক্ষণ। রাজ্যগুলিকে বঞ্চিত করে যদি কেন্দ্রকে শক্তিশালী করা হয় তাহলে সেই জিনিষ দাঁড়ায়। কেন্দ্রকে শক্তিশালী করতে হলে আগে রাজ্যগুলিকে শক্তিশালী করতে হবে। বিচ্ছিন্নতাবাদির কথা আপনাদের মুখে শোভা পায় না।

**মিঃ স্পীকার ঃ** সরল দেব বাবু আপনি বসুন। এই মোসানের জন্য ৫০ মিনিট সময় ধরা ছিল। ৪.২৯ মিনিটে এই মোসান আরম্ভ হয়, আর এখন ৫-১৭ মিনিট হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে মোসানটা শেষ করতে হবে। সত্য বাপুলি মহাশয়, আপনার জবাবী ভাষণ ১ মিনিটের মধ্যে দেবেন।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্যার, এই গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের পার্টি থেকে কিছু বক্তব্য রাখা অত্যন্ত জরুরী। আমাদের বক্তব্য রাখতে না দিলে আমাদের ডিপ্রাইড করা হবে।

**মিঃ স্পীকার ঃ** রুলে আছে ৫০ মিনিট সময় দেওয়া যাবে। আমি রুলের বাইরে যেতে পারি না।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** কেউ কেউ ৫ মিনিটের জায়গায় ১০ মিনিট বলে গেল, ১০ মিনিটের জায়গায় ১৫ মিনিট বলে গেল। তার জন্য আমাদের পার্টি ডিপ্রাইড হবে কেন? আমাদের পার্টির তরফ থেকে আমরা বক্তব্য রাখতে পারলাম না।

**মিঃ স্পীকার ঃ** অন্যান্য মোসান থেকে আপনারা যদি সময় কমিয়ে নিতে রাজি থাকেন তাহলে আমি সময় দিতে পারি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১ মিনিট মাত্র আমার বক্তব্য রাখতে পেরেছি! আমি কি আমার বক্তব্য রাখতে পারবো না?

**মিঃ স্পীকার ঃ** আমি কি করবো। আই এ্যাম হেল্‌পলেস। ১ মিনিটের বেশী আপনাকে দিতে পারছি না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ধারণা ছিল মাননীয় সদস্য যামিনী সাহা অনেক দিনের সদস্য, ভাল কথা বলবেন। অবশ্য উনি সারকারিয়া কমিশন বসানোর ব্যাপারে প্রশংসা করেছেন। উনি বিবেচনা করেছেন, তাই বসিয়েছেন। আমি মাননীয় সদস্যকে প্রশ্ন করি তাহলে আপনারা বন্‌ধ ডাকছেন কেন? উনি তো এই ব্যাপারে বিবেচনা করেছেন তাহলে আপনারা বন্‌ধ ডাকতে না পারেন। আপনারা পাঞ্জাবের কথা বলেছেন। পাঞ্জাবে আকালিরা আন্দোলন করছে। আপনারা তাহলে পাঞ্জাবের আকালি আন্দোলনকে সমর্থন করছেন। উনি বলেছেন আমাদের পশ্চিমবাংলায় নাকি অনেক উন্নতি হয়েছে, মানুষের অনেক উপকার হয়েছে। কিন্তু কোথায় হয়েছে উনি কি দেখাতে পারবেন? না, পারবেন না। সুতরাং আমি যামিনী বাবুকে বলি আপনি আমাদের প্রস্তাবকে সমর্থন করুন।

[5-20—5-30 p.m.]

The motion of Shri Satya Ranjan Bapuli that

এই সভা মনে করে যে—

২৮শে সেপ্টেম্বর, ১৯৮৩ তারিখে বামফ্রন্ট প্রস্তাবিত বন্ধের ডাক রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত;

পশ্চিম বাংলায় বেকার বেড়েছে, গ্রামে গ্রামে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে, বিদ্যুতের অভাবে হাজার হাজার শ্রমিক ও খেতমজুর অর্ধাহারে-অনাহারে দিনযাপন করছে ফলে বামফ্রন্ট সরকার নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষা করতে ব্যর্থ হওয়ায় কেন্দ্রের বিরুদ্ধে এই জেহাদ ঘোষণা;

কেন্দ্রের বিরুদ্ধে এই ধরনের বন্‌ধ ডাকা বিচ্ছিন্নতাবাদকে মদত দেওয়া ছাড়া আর কিছু নয়;

এই বন্‌ধের মাধ্যমে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক সমস্যার সমাধান সম্ভব নয়;

অতএব এই সভার মতে ২৮ এ সেপ্টেম্বরের প্রস্তাবিত বাংলা বন্‌ধের সিদ্ধান্ত অনুমোদনযোগ্য নয়।

was then put and a Division taken with the following result.

NOES—65

Abdus Sobhan Gazi, Shri
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Deb Narayan
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Bikash
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Ghose, Shri Sambhu Charan
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Gupta, Shri Sitaram
Habid Mustafa, Shri
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Kalimuddin Shams, Shri
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu

Let, Shri Dhirendra
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Ray, Shri Achintya Krishna
Roy, Shri Hemanta Kumar
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Seth, Shri Lakshman Chandra
Sk. Siraji Ali, Shri
Talukdar, Shri Pralay

AYES—11

Abdul Mannam, Shri
Abdur Rauf Answari, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Chaudhuri, Dr. Kiran
Goswami, Shri Arun Kumar
Mahata, Shri Subhas Chandra
Misra, Shri Kashinath
Mona, Shri Fazle Azim
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS--1

Shri Debi Prasad Sarkar

The Ayes being 11 and the Nos 65 the motion was lost.

**Mr. Speaker :** দেবপ্রসাদ বাবু, এবারে আপনি আপনার রেজিলিউশান মুভ করুন।

**Dr. Jainal Abedin :** কেন স্যার, এবারে তো ডঃ কিরণ চৌধুরী মহাশয়ের রেজোলিউশন নিয়ে আলোচনা হবে।

**Mr. Speaker :** The first resolution was in the name of Dr. Kiran Chowdhury. Then came the resolution of Shri Deba Prasad Sarkar and the third by Shri Satya Ranjan Bapuli. Since, Shri Satya Ranjan Bapuli's resolution was taken up first, Dr. Kiran Chowdhury's resolution will be taken up as the last resolution and Shri Deba Prasad Sarkar's resolution will be taken up just now.

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** একজন বক্তা কত সময় বলবেন তা হাউস ঠিক করে দেয়, একথা ঠিক। ইকুয়ালি একজন মেম্বারের রাইট রয়েছে তারজন্য বরাদ্দ নির্দিষ্ট সময় ধরে বক্তৃতা দেবার। এই হাউসে এমনও অনেক সময় দেখা গেছে যে, একজন বক্তৃতা দিতে গিয়ে যখন নির্দিষ্ট সময় পেরিয়ে যায়, তখন হাউসের পারমিশান নিয়ে অধ্যক্ষ মহাশয় টাইম বাড়িয়ে

নিয়েছেন। হোয়েন ওয়ান অফ আওয়ার মেম্বার ওয়াজ স্পিকিং - কিছুক্ষণ আগে, অল্প সময়ের জন্য হলেও, মাননীয় ডেপুটি স্পীকার এই হাউসের কাজ চালাচ্ছিলেন—তখন তার সময় বাড়িয়ে দেন। মিঃ ডেপুটি স্পীকার ওয়াজ রঙ্ অন হিজ পার্ট তা নিয়ে আই ডু নট মেক এনি কমেন্ট। কিন্তু ফরওয়ার্ড ব্লক দলের একজন মেম্বার যখন বলছিলেন, তখন কিন্তু তাঁর বক্তব্য শেষ করার সুযোগ হয় নি। আই ডু নট নরম্যালি স্ট্যান্ড, আজকে আর.এস.পি. বেঞ্চ থেকেও একই কথা উঠেছে, আপনি আমাদের বলার সুযোগ দিচ্ছেন না।

**Mr. Speaker :** According to Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the last two and a half hours of sitting on Friday shall be allotted for the transaction of private members' business. There are three resolutions today. That means fifty minutes are allotted on each resolution. The first resolution took more than one hour's time and I am not entitled to curtail the time of the other resolutions. So time schedule should be maintained.

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মিঃ স্পীকার স্যার, please persuit me to speak. আজকে হাউসে এই কথা বলতে গিয়ে অন্য একটি ইস্যুর কথায় বাকী সময়টা নেওয়ার ফলে বিহাইন্ড দি সিডুয়াল ৫০ মিনিটের ৬০ মিনিট চলে গেছে। আমি তার জন্য বলছি না যে আমাকে সময় দিতে হবে কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যেখানে এই রকম একটা ইস্যুর ব্যাপার নিয়ে আলোচনা চলছিল এবং যেখানে বিভিন্ন ক্ষেত্রে একজন, দুজন করে বক্তা রয়েছে সেখানে নিশ্চয় প্রত্যেকের বলার অধিকার আছে। অবশ্যি আপনি এক্ষেত্রে বলবেন who took more time I do not know. It may be the mover or member who spoke against the Bill.

কিন্তু আমার প্রশ্ন হচ্ছে ইক্যুয়ালি একটা মেম্বারের বলবার একটা রাইট রয়েছে, সেটা পর্যন্ত কারবর্ড হয়ে গেলে মিস আন্ডারস্টুডের সম্ভাবনা রয়েছে। একটার ওপর এইটুকু অন্তত মূল্যবোধ থাকা দরকার যে আরো বক্তা আছে তাদের সময় দেওয়া দরকার এবং তা না হলে ভুল বোঝার সম্ভাবনা থেকে যাচ্ছে। এর মধ্যে আমি আরেকটি জিনিষ হাউসে দেখেছি যে আপনি ১৫ মিনিট বেশী সময় চেয়ে নিয়েছিলেন, in this case this could be done আমি কোন এ্যাসপারসানের ব্যাপারে যাচ্ছি না।

**Mr. Speaker :** From the time schedule it appears that Shri Satya Ranjan Bapuli took 5 minutes more and Shri Suniti Chattaraj took 3 minutes more. This is wrong and I do not support this also. You are to maintain a strict time schedule. One member cannot curtail the right of another member. The time schedule has to be strictly maintained. But if the members do not co-operate, if the members take more time what can I do. I am helpless.

**Shri Dipak Sen Gupta :** This, you please decide with the Deputy Speaker.

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্যার, নন অফিসিয়াল রেজিলিউশানের একটা কনভেনশান আছে যে, সময় বাড়ান যেতে পারে এবং এই হাউসে সেটা হয়েছে আগে।

**মিঃ স্পীকার ঃ** Shri Deba Prasad Sarkar may now move this Resolution.

**শ্রী দেব প্রসাদ সরকার ঃ** Mr. speaker, Sir, I beg to move that this Assembly is of opinion that this House observes with grave concern that even after 36 years of Independence, the democratic norms and values are being eroded and civil rights of the people are trampled and subverted all over the country the legitimate aspirations and demands of the people are being not only ignored but also suppressed; people every where are experiencing the police atrocities on democratic movements; even most peaceful demonstrations like squatting or other forms of agitations against the anti-people acts of the authorities are met with police brutalities by both Central and all the State Governments; the attack of police and stormtroopers of a political party on the people protesting against bus-tram fare rise in Calcutta in the month of March-April, 1983 taking toll of one life and seriously injuring many with bullets, lathi-charge, teargas, torture particularly on women volunteers, persecution in police van and thana custody, framing up false cases with non-bailable offence amounts to suppression of democratic movement in this State; resistance movement still continuing in different districts of West Bengal is experiencing the same attack by police and storm-troopers of a political party. In this movement in the districts which led to the death of two persons by police firing a Reghunathpur in Purulia, so far 2,900 have been arrested and 1,960 injured;

Considering this protracted and massive resistance movement against enhanced bus fare all over the State this House resolves that-

(1) a Judicial Enquiry Commission be set up for an unbaised examinations of the acts committed by police and stormtroopers of a political party and exemplary punishment be given to all those who are found guilty;

(2) an Enquiry Committee be instituted to go into the whole question of fare-hike and pending its report all fare rise be kept in abeyance;

(3) adequate compensation be given to the families of the dead and to those of the seriously injured;

(4) all those arrested in connection with the move be released unconditionally; and

(5) all false cases brought against all those involved in the movement be withdrawn immediately.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গোটাদেশের বাস্তবিক রূপ তুলে ধরেছি। সুদীর্ঘ ৩৬ বছর পরেও গোটা দেশের ব্যক্তি স্বাধীনতা, গণতান্ত্রিক আন্দোলন যেভাবে পদদলিত হচ্ছে, গণতান্ত্রিক রীতিনীতি আচার-আচরণের মূল্যবোধ অতি দ্রুত যেভাবে সমাজের চোখ থেকে অবলুপ্ত হচ্ছে এই কথা নিশ্চয় আপনি স্বীকার করেন এবং এই ব্যাপারে একমত হবেন। গণতান্ত্রিক চেতনা সম্পন্ন এবং শুভবুদ্ধি সম্পন্ন মানুষ হিসাবে এবং ইতিহাস, সমাজ বিজ্ঞানের ছাত্র-ছাত্রী মাত্রই এই পরিস্থিতির কার্য্যকাল জানেন। ভারতবর্ষের সংকটাগ্রস্ত পুঁজিবাদীর রক্ষক

কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার গুলি এই সংকটাগ্রস্ত পুঁজিবাদীর সংকটের বোঝা জনজীবনের উপর চাপিয়ে দিতে চাইছে। তার ফলে উত্তরোত্তর জনসাধারণের উপর অর্থনৈতিক শোযন আরো তীব্র রূপ ধারণ করছে। তারই বিরুদ্ধে জনসাধারণের ক্রমবর্দ্ধমান বিক্ষোভ এবং অসন্তোষ এবং সেইজন্য সংগঠিত গণতান্ত্রিক আন্দোলন এই পুঁজিবাদী ব্যবহার বিরুদ্ধে। শাসক শ্রেণী দিনের পর দিন স্বৈরাতান্ত্রিক পথে, ফ্যাসিবাদীর পথে গণতান্ত্রিক আন্দোলন এবং গণতান্ত্রিক আন্দোলন এবং গণতান্ত্রিক মূল্যাবোধগুলিকে পর্য্যদস্ত করার চেষ্টা করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারণে আজকে পুলিশের ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনে, পিসফুলি ডেমোনষ্ট্রেশান স্কোয়াটিং তার উপর পর্যন্ত বুটালি অত্যাচার করছেন এবং সেই সমস্ত আন্দোলনকে দমন করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে যে সরকার বর্তমানে প্রতিষ্ঠিত, যারা নিজেদের বামপন্থী বলে দাবী করেন, এমন কি মাকর্সবাদী বলে দাবী করেন তারা অন্তত এই যে অবলুপ্ত গণতান্ত্রিক অধিকার তাকে পুনরোজ্জীবিত করতে এবং গণতান্ত্রিক আন্দোলনকে সম্প্রসারিত করতে সাহায্য করবেন এটা আশা করেছিলাম। কিন্তু আমরা দেখছি যে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় সারা ভারতবর্ষের মত একই কায়দায় আজকে গণতান্ত্রিক আন্দোলনকে উপেক্ষা করছে এবং জনসাধারণের যে জলন্ত সমস্যা আছে সেগুলিকে উপেক্ষা করছে এবং গড়ে উঠেছে যে আন্দোলন সেই আন্দোলনগুলিকে নির্মমভাবে দমন করছেন। আজকে তারই জলন্ত নিদর্শন এই বাসভাড়া বৃদ্ধির বিরুদ্ধে অবরোধ সারা পশ্চিমবঙ্গে।

[5-30—5-40 p.m.]

যার জ্বলন্ত নিদর্শন বাসভাড়া প্রতিরোধ আন্দোলন। বিগত মার্চ এপ্রিল মাসে কিভাবে বাস ভাড়া প্রতিরোধ আন্দোলনকে দমন করা হয়েছে তা সকলেই জানেন। এই বামফ্রন্ট সরকার প্রথমে মার্চ মাসে কোলকাতা, বর্ধমান, হাওড়া, ২৪ পরগণায় বাস ভাড়া বৃদ্ধি করলেন। পরবর্তী পর্যায়ে এক সংগে সমস্ত জেলায় ভাড়া বাড়ালেন। বাস ভাড়া বৃদ্ধির ক্ষেত্রে জনগনের উপর অর্থনৈতিক শোযন চালিয়ে দেবার প্রশ্ন বামফ্রন্ট সরকার ধূর্তুমির ক্ষেত্রে কংগ্রেস সরকারকে ছাপিয়ে গেছেন। এই যে ভাড়া বেড়েছে এর কোন সুষ্ঠ নিয়ন্ত্রণ নেই। যেন তুঘলুকী ব্যবস্থা। কুচবিহার থেকে সরযেহাট পর্যন্ত ভাড়া হচ্ছে ১.৩০ পয়সা। হাওড়ায় বাগনান থেকে শ্যামপুর ১৯ কিলোমিটার, ভাড়া হচ্ছে ৭৫ পয়সা। ডায়মন্ডহারবার থেকে এসপ্লানেড পর্যন্ত যে ৭৫ কিলোমিটার রাস্তা তার ভাড়া ১.১৫ পয়সা। কুচবিহার থেকে মাথাভাঙ্গা পর্যন্ত ভাড়া ২.৭০ পয়সা। ফলে এই অন্যায় ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে পশ্চিমবাংলার মানুয আন্দোলন করেছে। কোলকাতার মানুয এই আন্দোলন প্রত্যক্ষ করেছে। দুলালদাসের জীবন আপনারা নিয়েছেন। অসংখ্য মানুযের উপর অত্যাচার হয়েছে। এটাই শেয কথা নয়। পরবর্তী পর্যায়ে সি. পি. এমের ঠ্যাঙাড়ে বাহিনী এবং পুলিশ এই গণআন্দোলনকে দমন করে। পুরুলিয়ায় গুলি চালায়। ১৯শে আগষ্ট সেখানে শান্তিপূর্ণ মিছিলের উপর গুলি চালায়। ঘটনা স্থলে হাবুল রজক ১৮ বছরের ছেলে মারা গেল। তারপর এক মিষ্টির দোকানের কর্মচারী পুলিশের গুলিতে মারা গেল। এখানেই শেয নয়। পুলিশ সেখানে নির্বিচারে গুলি চালায়। রঘুনাথপুরে আমাদের পার্টি অফিসে এখনও বুলেটের দাগ তার সাক্ষ্য বহন করছে। মুর্শিদাবাদের বেল্ডাঙ্গায় ২৪শে জুলাই শান্তিপূর্ণ প্রতিরোধের উপর গুলি চালান হয়। ঔপনিবেশিক অত্যাচারকে এরা ছাপিয়ে যায়। রাত্রির অন্ধকারে লোডশেডিং এর সময়ে ইনডিসক্রিমেন্টলি ফায়ারিং হল, ২৫ রাউন্ড

গুলি চললো। বহরমপুরে ১৪৪ ধারা জারী নেই অথচ সেখানে ২৫ শে আগষ্ট প্রতিরোধ আরম্ভ হয় নি, শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিশ বেপোরোয়াভাবে লাঠিচার্জ করলো। আমি প্রশ্ন করতে চাই পুলিশ এই কাজ করলো কিভাবে? আরতি বলে একটি মেয়ের কানের দুল ছিঁড়ে নিল। নদীয়ায় একই রকম ঘটনা হয়। কুচবিহারে ষ্টেট ট্রান্সপোর্টের হেড অফিসের সামনে ছাত্রদের উপর নির্বাচারে গুলি চলে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুরে আক্রমণ চলল, আক্রমণ চলল বাঁকুড়ায়, সারা পশ্চিমবাংলায় এইভাবে আক্রমণ চলেছে। স্যার, আমার প্রশ্ন শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলনের উপর আজকে যেভাবে পুলিশ গুলি চালাচ্ছে সেটা শুধু ছত্রভঙ্গ করবার জন্য নয়, হত্যা করবার জন্য, পঙ্গু করবার জন্য পুলিশ গুলি চালাচ্ছে, এটা কি পুলিশ কোডের মধ্যে পড়ে? আমরা দেখলাম বেছে বেছে বিশেষ করে মহিলা ভোলান্টিয়ার্স যারা তাদের লক্ষ্য বস্তু করে তাদের উপর আক্রমণ হয়েছে, তাদের জামা কাপড় ছিঁড়ে দেওয়া হয়েছে, তাদের উপর অশালীন আচরণ করা হয়েছে। শান্তি শৃঙ্খলার নামে দলীয় ঠেঙাড়ে বাহিনী দিয়ে আন্দোলনকে দমন করার চেষ্টা করা হয়েছে। মুর্শিদাবাদে মহিলা পুলিশরূপে বার বণিতাদের ব্যবহার করেছে গণতান্ত্রিক আন্দোলনকে দমন করার জন্য যারা কানের দুল ছিঁড়ে নিয়েছে। অতীতে আমরা দেখেছি কংগ্রেস সরকার যারা ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণীর আস্থাভাজন সেই কংগ্রেস সরকারের কাছে এই পশ্চিমবঙ্গের গণআন্দোলনের কর্মীদের গুলি করে হত্যা করার বিরুদ্ধে যখন তদন্ত কমিটি গঠন করবার দাবি করা হয়েছে তখন তাঁরা সেটা মেনে নিতে বাধ্য হয়েছেন। আজ পর্যন্ত ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যেখানে কংগ্রেস সরকার রয়েছে তারা এই গণআন্দোলনের দাবিকে স্বীকার করতে বাধ্য হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গে বাসভাড়া আন্দোলনে ৩টি অমূল্য জীবন চলে গেল বামফ্রন্ট সরকারের পুলিশের গুলিতে আজ পর্যন্ত তাঁরা তদন্ত কমিটি করেন নি। এই পুলিশি অত্যাচারের বিরুদ্ধে জেলায় জেলায় বন্‌ধ হয়েছে, সর্বস্তরে কমিটি হয়েছে, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চান্সেলর, সেখানকার অধিবাসী, প্রধানরা, বুদ্ধিজীবীরা, আইনজীবীরা, শিক্ষাবিদ্‌রা, সর্বস্তরের মানুষরা এর প্রতিবাদ করেছেন, অথচ বামফ্রন্ট সরকার সেই জনমতকে পদদলিত করে এতবড় ন্যায় সংগত দাবিকে মানে নি। পাঞ্জাবে আকালি দলের প্যারাকিয়াল মুভমেন্টে এন্টায়ারলি যে ডিমান্ড করা হয়েছে সেই ডিমান্ড ফুলফিল করেছে, কিন্তু এখানে যাঁরা গণতন্ত্রের কথা বলেন তাঁরা এতবড় যে আক্রমণ হল অত্যাচার হল ৩ জন মারা গেল পুলিশের গুলিতে আজকে সেই দাবিপূরণ করছেন না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব বিধান সভায় উত্থাপন করেছি আশা করি সকল সদস্য এই প্রস্তাবকে সমর্থন করবেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেব প্রসাদ সরকার যে প্রস্তাব এই সভায় উত্থাপন করেছেন আমি দুঃখিত সেই প্রস্তাবের সংগে আমি একমত হতে পারছি না, আমি তার বিরোধীতা করছি। এই প্রস্তাবের মধ্য দিয়ে তিনি যা বলতে চেয়েছেন এবং তাঁর যে সময়টুকু এখানে ব্যবহার করলেন তাতে এটা স্পষ্ট প্রতীয়মান যে ভারতবর্ষের কেন্দ্রীয় শাসক শ্রেণীর নীতিগুলির বিরুদ্ধে কতকগুলি বাঁধা বুলির বাতাবরণে তিনি পশ্চিমবঙ্গের জনপ্রিয় বামফ্রন্ট সরকারকে গোটা ভারতবর্ষের মানুষের সামনে হেয় প্রতিপন্ন করতে ব্যস্ত, ঐতিহ্যপূর্ণ সেই বামফ্রন্ট সরকারের ভাবমূর্তিকে তিনি বিনষ্ট করতে উদ্যত। সেইজন্য তিনি পশ্চিমবঙ্গের বিধান সভায় এই প্রস্তাব নিয়ে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এস ইউ

সি দল পশ্চিমবাংলায় দীর্ঘদিন বামপন্থী গণতান্ত্রিক আন্দোলনের মূলনীতি থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। কারণ, মুখে বামপন্থী কথা বললে, বড় বড় বিপ্লবী বুলি বললে বামপন্থী হওয়া যায় না। পৃথিবীর বিভিন্ন দেশের ইতিহাস আমাদের এই শিক্ষা দিয়েছে।

[5-40—5-50 p.m.]

এবং পশ্চিমবাংলার গণ আন্দোলন এই শিক্ষাই আমাদের দিয়েছে। এস ইউ সি-র ভূমিকা বিভেদপন্থীর ভূমিকা, প্রতিক্রিয়াশীলদের সাহায্য করবার ভূমিকা। এস ইউ সি-র প্রস্তাব আর কেউ না হোক It will gladen the hearts of the congress friends and it will gladen the hearts of the reaction arises.

তাঁরা অন্তত সি পি এম এবং বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে বলবার জন্য একজন বড় উকিল পেয়েছেন। আমরা সকলেই জানি সারা ভারতবর্ষে কংগ্রেস শাসনের ফলে আমাদের দেশের রাজনৈতিক মূল্যবোধ আক্রান্ত, পার্লামেন্টার গণতন্ত্র আক্রান্ত, শ্রমিক, কৃষকদের গণতান্ত্রিক অধিকার পদদলিত। তাই আজ সারা ভারতবর্ষের মানুষ ঐক্যবদ্ধ হয়ে ইন্দিরা গান্ধীর শাসনের বিরুদ্ধে সংগ্রাম গড়ে তুলেছে জাতীয় ক্ষেত্রে। আমরা দেখেছি ভারতবর্ষের সমস্ত ট্রেড ইউনিয়ন এবং ফেডারেসন-গুলো ঐক্যবদ্ধ হয়ে একটা মোর্চা গড়ে তুলেছে যার নাম হচ্ছে ন্যাসনাল ক্যামপেন কমিটি এবং তার মধ্যে এস ইউ সি-র ট্রেড ইউনিয়ন সংগঠনও যুক্ত রয়েছে। কিছুদিন পূর্বে দিল্লীতে তাদের জাতীয় কনভেনসন হয়ে গেল। স্যার, ভারতবর্ষের সমস্ত শ্রমিক এবং কর্মচারী যখন ঐক্যবদ্ধ হযে আন্দোলন করছে তখন আমরা অবাক হয়ে দেখলাম এস ইউ সি দল ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে কোন বক্তব্য রাখছে না—তাঁরা বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কুৎসা প্রচার করছেন দিল্লীর রাস্তায় দাঁড়িয়ে এবং এইভাবে তাঁরা ওই ঐক্যবদ্ধ আন্দোলনকে বিভ্রান্ত করছেন। স্যার, এই প্রসংগে আমার মহান লেনিনের একটি উক্তি মনে পড়ে। তিনি বলেছিলেন, Left wing Communism-an infantile disorder.

আজকে এই এস ইউ সি দল তাঁদের প্রতিটি রাজনৈতিক কার্যকলাপের মধ্য দিয়ে মহান লেনিনের ওই উক্তি প্রতিফলিত করছেন। পশ্চিমবাংলার বহু মানুষের রক্ত, অশ্রু এবং কঠোর সংগ্রামের মধ্য দিয়ে গড়ে ওঠা বামফ্রন্ট সরকার, যাকে বলা হল জনগণের সরকার তাদের বিরুদ্ধে কি ইস্যু পেলেন, না বাস ভাড়া বৃদ্ধি। আমি জিজ্ঞেস করি কত ভাড়া দিল্লীতে? মাদ্রাজে যেখানে ৭০ পয়সা, বোম্বেতে ৭৫ পয়সা, সেখানে এই কোলকাতায় ৪০ পয়সা। ১৫ কিলোমিটার পর্যন্ত মাদ্রাজে ৮৫ পয়সা, বোম্বেতে ৯৫ পয়সা, কিন্তু কোলকাতায় সেখানে ৫০ পয়সা। একটা কথা আজকে জোরের সংগেই বলা যায় পশ্চিমবাংলার বাস-এর ভাড়া ভারতবর্ষের যে কোন রাজ্যের তুলনায় এখনও অনেক কম। আমরা ইতিপূর্বে জনগণের কাছে বলেছি যে, আমরা বাস-এর ভাড়া বাড়াতে বাধ্য হয়েছি। ভাড়াবৃদ্ধির ব্যাপারে আজকে বামফ্রন্ট সরকারকে অভিযুক্ত করবার চেষ্টা করছেন, বামফ্রন্ট সরকারকে আসামীর কাঠগড়ায় দাঁড় করাবার চেষ্টা করছেন। কিন্তু আমি জিজ্ঞেস করছি, এই ব্যাপারে দিল্লীর সরকারের কি কোন দায়িত্ব নেই? পশ্চিমবঙ্গ সরকারকে আজ ভরতুকি দিয়ে বাস চালাতে হচ্ছে। পশ্চিমবঙ্গের মানুষের কাছে বামফ্রন্ট সরকার সত্য কথা বলবার সাহস রাখে, আত্ম বিশ্বাস রাখে তাই তারা বলেছে, "আমরা নিরুপায় হয়ে বাস ভাড়া কিছু বাড়াতে বাধ্য হয়েছি, আপনারা এই জিনিস স্বীকার করুন"। সুখের কথা পশ্চিমবঙ্গের মানুষ আমাদের ওই কথায় সাড়া দিয়েছেন। স্যার, এঁরা লিখেছেন, Considering this protacted and massive resistance movement

is a falsification of facts and distortion of facts. It is neither protracted nor massive. এটা ডেসটর্সন অব ফ্যাক্টস্। এটা প্রোট্রাকটেড নর ম্যাসিভ। এঁরা সরকারের বিরুদ্ধে অনেক কথা বলেন, কিন্তু আমরা দেখছি পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে এখানে বিরোধীদের অধিকার সবচেয়ে বেশী রক্ষিত, বিরোধীদলের আন্দোলন সবচেয়ে বেশী স্বীকৃত। কিন্তু ওই আন্দোলনের নাম করে যদি কেউ অহেতুক বিশৃঙ্খলা ঘটাতে চায় তখন সরকারকে বাধ্য হয়ে আইন শৃঙ্খলা রক্ষা করতে হয়।

আমরা চাই না কারও গণতান্ত্রিক অধিকার খর্ব করতে। আমরা পুলিশকেও এ্যাসোসিয়েশন করবার অধিকারকে মেনে নিয়েছি। এস. ইউ. সি. প্রতিক্রিয়াশীলদের স্বার্থরক্ষা করবার চেষ্টা করছেন। কংগ্রেসের পথ আপনারা পরিষ্কার করে দিচ্ছেন। ২৮ তারিখে বন্ধ নিয়ে যে প্রস্তাব একটা আগে আলোচনা হোল, আপনারা না পক্ষে, না বিপক্ষে—নিরপেক্ষ হয়ে রইলেন। একেই বলে সুবিধাবাদী। আমি এই প্রস্তাবের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Dr. Abedin, your time is 8 minutes.
**Dr. Zainal Abedin :** Then I shall not speak.
**Mr. Speaker :** That is your choice.
**Dr. Zainal Abedin :** Sir, Chair should be fair.
**Mr. Speaker :** I am helpless.
**Dr. Zainal Abedin :** As a measure of protect I seat down.

**শ্রী দীপক সেন গুপ্ত ঃ** মিঃ স্পীকার স্যার, এই প্রস্তাবের বিপক্ষে আমার বলবার কিছু নেই।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই প্রস্তাবের বিপক্ষে কিছু বলবার নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব আমি এখানে উত্থাপন করেছি সেই প্রস্তাবের বিরোধীতা করে বৃহত্তম দল সরকার পক্ষ তার প্রতিনিধি শান্তশ্রী মহাশয় তার বক্তব্যে প্রথম দিকে তিনি বললেন যে অন্য রাজ্যের থেকে পশ্চিমবাংলায় বাসের ভাড়া কম। সেই কারণে ভাড়া বাড়ানো ঠিক হয়েছে। তিনি এই যুক্তি দেখালেন। কিন্তু এই ঘটনা সত্য নয়, অন্য রাজ্যের থেকে পশ্চিমবাংলায় ভাড়া বেশী। মাদ্রাজের ১৫ কিলোমিটার রাস্তার ভাড়া ৮৫ পয়সা বম্বে ১০ কিলোমিটার রাস্তার জন্য ভাড়া দিতে হয় ৯৫ পয়সা। কিন্তু পশ্চিমবাংলা মুর্শিদাবাদে ১৫ কিলোমিটার রাস্তার জন্য ভাড়া দিতে হয় ১ টাকা ৫ পয়সা। শান্তশ্রীবাবু মাদ্রাজ বম্বের কথা বললেন। ওনার যেমন তথ্য আছে আমারও তথ্য আছে। উনি বলেছেন যে এস. ইউ. সি. পশ্চিমবাংলায় বাম আন্দোলনের মধ্যে বিভেদ সৃষ্টি করছে। কাকে আমরা বাম বলবো? ব্রাকাটে মার্কসবাদী বল্লেই কি মার্কসবাদী হওয়া যায়? তাকে সেই রক্ষা আচার আচরণ করতে হবে। আমরা টাইম উই দাউট নাম্বার বলেছি এবং প্রমান করে দিয়েছি যে কংগ্রেস সরকারের সংগে সি. পি. এম. পরিচালিত বামফ্রন্ট সরকারের কোন পার্থক্য নেই। আপনারা গণ আন্দোলনকে দমন করছেন।

ইউ হ্যাব গট দি রাইট। করতে পারেন। কিন্তু এটা বাম আন্দোলনের লক্ষ্য নয়। আপনাদের গার্ডস থাকে পিপীলের কাছে আসুন, পলেটিক্যালি কমব্যাট করুন জনগণের কাছে

যান। আপনারা পুলিশের উপর নির্ভর করে গণআন্দোলনকে বর্বরোচিতভাবে দমন করছেন এবং সেই নীতিই চালিয়ে যাচ্ছেন। গুলি করে তিনজনকে মারলেন। সেখানে যদি প্রতিবাদ হয় তদন্ত কমিটি করতে বলা হয় তাহলে সেটা অন্যায় হবে? এস. ইউ. সি. বলছে শুধু? পশ্চিমবাংলার জনগণ বলছে। তাহলে এরা কি সব প্রতিক্রিয়াসীল? ঐ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর তিনি লিখিতভাবে প্রতিবাদ করেছেন, ঐ বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধানরা যাঁরা লিখিতভাবে প্রতিবাদ করেছেন এবং সুকুমার সেনের মত মানুষেরা ধিক্কার দিয়েছেন, এঁরা সব প্রতিক্রিয়াশীল? পশ্চিমবাংলার জনগণ, বুদ্ধিজীবী, সর্বস্তরের মানুষ—আপনাদের যদি পিপল্স সাপোর্ট থাকতো, আপনারা তাকে সেই ভাবে ফেস করতেন। সর্ব দিক থেকেই ব্যর্থ হয়েছেন আপনারা। আমি একটা কথা বলে শেষ করছি, কোন পার্থক্য আছে? শুধু কথার জাগলারী, কি দেখলাম আমরা? এখনও এ্যাসিড টেস্ট? গণআন্দোলনের মহড়া, যখন ট্রেনের ভাড়া বাড়লো, ট্রেনের ভাড়া বাড়বার আগে খুব হুমকি দিয়েছিলেন, কিন্তু ট্রেনের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে যখন আন্দোলনে নামলো, এস. ইউ. সি., তখন জ্যোতি বসুর পুলিশ লাঠি চার্জ করেছে। বাসের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে যখন এস. ইউ. সি. আন্দোলনে নামলো এবং তখন জ্যোতি বাবুর পুলিশ অত্যাচার চালালো-

(এই সময় স্পীকার মহাশয় মাননীয় সদস্যকে সময় উত্তীর্ণ হয়ে যাওয়ার জন্য তাঁর নিজ আসনে বসে পড়তে আদেশ করেন। এবং মাইক বন্ধ হয়ে যায়)

[5-50—6.00 p.m.]

The motion of Shri Deba Prasad Sarkar that this House observes with grave concern that even after 36 years of Independence, the democratic norms and values are being aroded and civil rights of the people are trampled and subverted all over the country; the legitimates aspirations and demands of the people are being not only ignored but also suppressed; people everywhere are experiencing the police atrocities on democratic movements; even most peaceful demonstrations like squatting or other forms of agitations against the anti-people acts of the authorities are met with police brutalities by both Central and all the State Governments; the attack of police an stormtroopers of a political party on the people protesting against bus-tram fare rise in Calcutta in the month of March-April, 1983 taking toll of one life and seriously injuring many with bullets, lathi-charge, teargas, torture particularly on women volunteers, persecution in police van and thana custody, framing up false cases with nonbailable offence amounts to suppression of democratic movement in this State; resistance movement still continuing in different districts of West Bengal is experiencing the same attack by police and storm-troopers of a political party. In this movement in the districts which led to the death of two persons by police firing at Raghunathpur in Purulia, so far 2,900 have been arrested and 1,960 injured;

Considering this protracted and massive resistance movement against enhanced bus fare all over the State this House resolves that--

(1) a Judicial Enquiry Commission be set up for an unbaised

examinations of the acts committed by police and stormtroopers of a political party and exemplary punishment be given to all those who are found guilty;

(2) an Enquiry Committee be instituted to go into the whole question of fare-hike and pending its report all fare rise be kept in abeyance;

(3) adequate compensation be given to the families of the dead and to those of the seriously injured;

(4) all those arrested in connection with the movement be released unconditionally; and

(5) all false cases brought against all those involved in the movement be withdrawn immediately,

was then put and a division taken with the following results:

NOES—69

Abdul Sobhan Gazi, Shri
Basu, Shri Ajit
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Dr. Kanailal
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborty, Shri Deb Narayan
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Bikash
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghose, Shri Sambhu Charan
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Gupta, Shri Sitaram
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Jana, Shri Haripada
Kalimuddin Shams, Shri
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Let, Shri Dhirendra
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Sayed Md. Masih, Shri
Mal, Shri Trilochan
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripa Sindhu
Sen, Shri Deb Ranjan

Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Seth, Shri Lakshman Chandra
Sk. Siraji Ali, Shri
Talukdar, Shri Pralay

AYES--11

Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Chaudhuri, Dr. Kiran
Goswami, Shri Arun Kumar
Mahata, Shri Subhas Chandra
Misra, Shri Kashinath
Mona, Shri Fazle Azim
Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS--1

Shri Debi Prasad Sarkar

The Ayes being 1 and the Noes, 69.

The motion was lost.

**Dr. Kiran Chaudhuri :** Sir, I beg to move that Despite the claims of the Left Front Government that they have respored peace in educational campuses and stopped mass copying in examination halls and arranged for timely publication of examination results, they have failed miserably in all aspects of education and have brought down the standard of education and educational administration;

There has been an overdose of politics in education and educational administration in West Bengal under the Left Government.

Appointments to high teaching and administrative posts in the Universities and Colleges are made on consideration other than educational which in spelling ruin to the entire system of higher education in this State;

This House, therefore, resolves that the Left Front Government should stop infiltration of polities in educational institutions.

Sir, the other day the Minister-in-charge of Higher Education remarked that there was just a measure of democrac in education in West Bengal compared to the rest of India. Sir, I do not want to hurt his feelings and I am sorry I cannot pursuade myself to subscribe to his views. If democracy consists appointment of Vice-chancellors, principals and nominating members of the governing body in direct proportion with the number of members representing the different constituents of the Left Front in this House be democracy, then, of course, he is correct. But this is not democracy. It is a party dictatorship and this is actually what is happening today. Let me give some token examples. Let us see, what is happening in Cooch Behar. Cooch Behar is he strong hold of Forward Block and there are five MLAs from Cooch Behar. But in the district School Boards there is not a single MLA today. They have all been driven out and the Chairman is also not a Forward Block MLA. Of all the districts in West Bengal, barring the solitary district of West Dinajpur all the District School Boards have CPM presidents. Now, Sir, there is one

member of Forward Block, Mr. Saral Deb. He had been the president of a Jr. High School, at Beraberi under Amdanga Police Station. He had been driven out by an erstwhile bank dacoit now masquerading as a leader of the Left Front. Now, the whole school has been disestablished. The head master, whose name is Shri Susanta Roy, has been severely beaten up and one of his arms has been factured and he cannot go to school. The school is disestablished. Now, this is the shape of democracy. Now, the Minister-in-charge for Higher Education is aware of the fact that two college teachers who had been the members for one term in three sister colleges in North Calcutta have been granted the second term unconditionally. They are electing a person, of course, that person belongs to Forward Block, as president.

[6-00—6-10 p.m.]

There was no dearth of teachers to fill up the posts of the governing bodies. The appointments are made on political considerations. The appointments are made by not from independent spirits. They will be definitely beholden to the parties which have been sponsoring their appointments. They do not command respect of the teachers; they do not create confidence among the students. The result is chaos. The result is that indiscipline is created in the educational instiutions because the outside political elements take advantage of the situation. They come and enter into the college premises and create troubles. Only the other day, our honourable member Shri Lakshmi Kanta Dey was referring to a certain incident. I can also refer several more instances where the principals of some colleges were belaboured in Tamluk College, Bankura Christian College and Barasat Evening College of Commerce. The situation again has been out of hands and once indiscipline is started, it has a snowballing effect - it grows and grows and it invades the examination halls also. In the examination halls, you know, that there was no law examination. The fee for random copying was only rupees three. Of late, there has been a regular crusade against the first class colleges. For instance, Bankura Christian College, one of the best colleges, Purulia Vidyapith, Narendrapur Vidyalay and Ramakrishna Mission College of Rahara - all these have been invaded by outsiders, because you know, and I think, that you are also aware of the fact that these are the colleges which are producing the best talents, through the public examinations held in West Bengal. For this purpose, the government is spending as much as 418 crores of rupees in 1983-84. Out of this amount, the government is planning to spend 76% towards the salaries of the teachers. We also want that. We want our teachers to be paid - if government ensures better teaching, if the government ensures that there will be more than 200 working days in a year.

(At this stage the blue light was lit)

Sir, today we have got only 192 days of teaching not even that in every college. Have the Government looked into the laboratory require-

ments of different colleges? Have the Government looked into condition of the libraries of different colleges?

(At this stage the red light was lit)

Sir, kindly give me two minutes time.

**Mr. Speaker :** I am sorry I cannot accommodate you.

**Dr. Kiran Choudhuri :** Sir, you are so unkind to me.

**Mr. Speaker :** You have got the right of reply.

You can speak then. Now, I call upon Shri Nani Kar to speak.

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিহাসের অধ্যাপক, মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন, তিনি পুরাতন ইতিহাস ভাল বোঝেন, ভাল বলেন, সে জন্য প্রস্তাবের মধ্যে তিনি স্বীকার করে ফেলেছেন যে বামফ্রন্ট সরকার আসার আগে শান্তি ছিল না, শিক্ষাক্ষেত্রে নকল ব্যাপকভাবে হচ্ছিল, পরীক্ষার রেজাল্ট ঠিক সময়ে বের হচ্ছিল না। এটা ছিল না এবং তার পরিবর্তন হয়েছে। উনি এখানে এই যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাবের বিরোধীতা শুধু আমি করছি না, এই প্রস্তাবের বিরোধীতা ওর দলের লোকেরাও করবে। উনি ইতিহাসের অধ্যাপক, ইতিহাসের কথা সামান্য বলতে গিয়েছিলেন কিন্তু তার উপায় নেই, কারণ যে দল করেন, সেই দলের সব কথা সত্যি সত্যি বলতে পারেন নি। এই সম্পর্কে ১৩ই মার্চ ১৯৭৪ সালের বিধানসভার কার্যবিবরণীতে আছে। আমার সময় কম কাজেই আমি বেশী কিছু বলতে পারছি না। আমি শুধু শিক্ষা সম্পর্কে ওরা কি বলেছেন ওদের আমলের এ্যাসেম্বলীর প্রসিডিংস থেকে পড়ে শোনাচ্ছি। ১৯৭২ সালে এই বিধানসভায় দাঁড়িয়ে ওদের এম.এল.এ. তুহিন সামন্ত বলেছিলেন, 'মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের। স্যার, আমাদের ঘেন্না ধরে গেছে এই শিক্ষামন্ত্রীর বিভাগ সম্পর্কে কিছু বলতে। কয়েকদিন আগে বিশেষ করে আমাদের কেন্দ্রের গ্রামে বহু ছাত্রছাত্রী কাঁদতে কাঁদতে এসে আমাকে বলছেন যে আপনি আমাদের বলে দিন যে আমরা এবারে পরীক্ষা দিতে পারবো কিনা। আমাদের বলে দিন যে মধ্যশিক্ষা পর্যদ কবে আমাদের পরীক্ষা নেবে, কবে আমাদের এ্যাডমিট কার্ড দেবে, কোথায় আমাদের সেন্টার হবে। আমি তাদের জবাব দিতে পারিনি। আজকে ছাত্ররা ভবিষ্যতের ভারতবর্ষের নাগরিক হবে তাদের কি জবাব দেব। আরো শুনুন, ওদের আমলে আনন্দবাজার পত্রিকা ১৩।৯।৭১ তারিখে বলছে, বিশ্ববিদ্যালয়ের কিছু ছাত্রের আবদার কিম্বা হুমকির নিকট আত্মসমর্পণ করিয়া নির্দিষ্ট দিনের পরীক্ষা গ্রহণের ব্যবস্থাকে তামাশায় পরিণত করিয়াছে। আনন্দবাজার পত্রিকা ১৫।১।৭২ তারিখে ঐ একই রকম কথা বলেছে, ৩০।৮।৭৯ তারিখে ঐ একই রকমের কথা বলেছে। যুগান্তর ১৪।১।৭৫ তারিখে বলছে, বিষ্ণুপুর রামানন্দ কলেজের জনৈক অধ্যাপক কলেজের মধ্যেই প্রহৃত হয়েছেন। বুধবার হাবড়ার শ্রীচৈতন্য কলেজের এক অধ্যাপককে ধাক্কা দিয়ে ক্লাস থেকে বার করে দেওয়া হয়েছে। ঐ অধ্যাপকের অপরাধ বি. এ., বি.কম. পরীক্ষায় গণ-টোকাটুকিতে তিনি আপত্তি জানিয়েছিলেন। যুগান্তর ১৭।৭।৭৫ তারিখে যে ধরণের কথা বলছে, আনন্দবাজার পত্রিকা ৩।৯।৭৬ তারিখে সেই একই ধরণের কথা বলেছে। স্যার, কথাটা শুধু এখানেই নয়, ওরা আরো যে সব সর্বনাশ করেছেন সেটা দেখুন। পরীক্ষা নিতে গিয়ে পরীক্ষায় নকল করতে পারবে না এই কথা বলার জন্য সত্যেন চক্রবর্তীকে ওরা খুন করলো। পরীক্ষা চলাকালীন অবস্থায় ওরা গোপাল সেনকে খুন করেছে। পুড়িয়ে মেরেছে বিমল

দাসগুপ্তকে। সেই সময়ে শিক্ষকদের মধ্যে এবং শিক্ষাকর্মীদের মধ্যে খুন হয়েছিল ১১ জন, মাধ্যমিক শিক্ষক নিহত হয়েছিলেন ১২ জন। টেকনিক্যাল স্কুলের শিক্ষক নিহত একজন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একজন। এই রকম ভাবে মোট খুন হয়েছিলেন ৩৪ জন। ১৮ জন শিক্ষক এবং শিক্ষাকর্মীকে চাকুরি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছিল এবং ৪ শত জনের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করা হয়েছিল এবং মিসা, ডি.আই.আর ইত্যাদি এত কান্ড ওরা করেছিলেন। আর আজকে যখন সকলের জন্য শিক্ষা এই নীতি কার্যকরী করার চেষ্টা হচ্ছে সেখানে ওরা কি বলছেন? উনি এ্যাপোয়েন্টমেন্টের কথা বলেছেন। এ্যাপোয়েন্টমেন্ট সব কলেজের ক্ষেত্রে সার্ভিস কমিশন দেয়। আমি একটা উদাহরণ দিচ্ছি -- ১৯৮১ সালে শ্রীচৈতন্য কলেজ, হাবড়ায়, সেখানে ১০ জনকে এ্যাপোয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। তাদের মধ্যে ৯ জনই হচ্ছেন বামফ্রন্ট বিরোধী।

[6.10 -- 6.20 p.m.]

স্যার, পরিশেষে আমি একটা কথা বলছি, ডঃ চৌধুরী নিজে যে কলেজে চাকরী করতেন সেই কলেজ থেকে ওঁর যখন রিটায়ার করবার সময় হলো -- ওঁর যখন বয়স হয়েগেছিল -- তখন উনি সেখান থেকে সরে যেতে চাননি এবং শেষ পর্যন্ত বেআইনীভাবে অন্য একজনকে দায়িত্ব দিয়েছিলেন। এই হচ্ছে ওঁর কাজ। উনি ইতিহাসের অধ্যাপক, কিন্তু ওঁকে আজকে নতুন করে ইতিহাস শিখতে হবে, জনগণ তা ওঁকে শেখাবে। এই কথা বলে, আমি এই প্রস্তাবের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ শিশির কুমার বোস ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বল্প সময়ের মধ্যে ডাক্তারি শিক্ষা বা মেডিকেল শিক্ষা সম্পর্কে দু'চারটি কথা বলতে চাই। অবশ্য আজকে এখানে এই মুহুর্তে স্বাস্থ্যমন্ত্রীদের মধ্যে কেউ উপস্থিত নেই। উচ্চ শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন, এই ব্যাপারটা যুক্তভাবে চলে। যাই হোক বিধানসভার কথা গুলি বলা দরকার বলে আমি মনে করি। প্রথম কথা হচ্ছে, এখানে বোধ হয় এমন কোন ডাক্তার-বাবু নেই যিনি দুঃখের অথবা সুখের বিষয় অনেক দিন ধরে ডাক্তারি শিক্ষার সংগে যুক্ত আছেন। আমি ৩০ বছর ধরে কোন, না কোন সংস্থানের ডাক্তারি শিক্ষার সংগে যুক্ত আছি। তাই আমি দায়িত্ব নিয়ে বলছি, আমাদের মেডিকেল শিক্ষার এখন যে অবস্থা, তাতে গভীর উদ্বেগের কারণ আছে। (সরকার পক্ষ থেকে একটা ধ্বনি ঃ- আউট অফ্ এজেন্ডা।) ডাক্তার অথবা ডাক্তারি কথাটার সংজ্ঞা বদলেগেছে। আগে যেটা আমরা বুঝতাম বা আমরা যেভাবে শিক্ষিত হয়েছি, তার থেকে এখন অনেক বদলেগেছে। এটা যে আউট অফ্ এজেন্ডা হচ্ছে না, তা একটু পরেই বুঝতে পারবেন। বস্তুত দি মেডিকেল প্র্যাকটিস্ ইজ জাস্ট এ ট্রেড, এই ধারণাটা ছড়িয়ে দেওয়া হচ্ছে, কিন্তু তা নয়। ডাক্তার হচ্ছে বিশেষজ্ঞ। আমি এখানে ব্যবসায়ী, আইনজ্ঞ অথবা ইঞ্জিনীয়ারদের কথা বলছি না। ডাক্তারদের মধ্যে রক্ষণশীলতা খুব বেশী, তাঁরা বিশেষ এগোতে চান না। কিন্তু একটা জিনিষ হচ্ছে, এই বামফ্রন্ট সরকার যে সময়ে ক্ষমতায় এলেন সে সময়ে সারা ভারতবর্ষে অনেক সংগ্রামের পর, প্রায় ২০।২৫ বছর লড়ালড়ির পর গোটা ডাক্তার মহলে কিম্বা যাঁরা ভারত সরকারের এবং রাজ্য সরকারের স্বাস্থ্য বিষয়ে শিক্ষার ব্যাপারে ভারপ্রাপ্ত ছিলেন, তাঁদের মধ্যে একটা ধারণা এলো যে, আমাদের দেশের ডাক্তারি শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণভাবে বদলাতে হবে এবং তার জন্য একটা পূর্ণ পরিকল্পনা করা হলো। এই ধারণা জন্ম নিল যে, এখন ডাক্তারি শুধু ওষুধ বিলোবার জিনিষ নয়। ডাক্তারি হচ্ছে জনস্বাস্থ্য শিক্ষা এবং জনস্বাস্থ্যর প্রচার ও প্রসারের জন্য একটা টিম বা দল করা। অনেকে এই ধারণা গ্রহণ করেন, ফলে '৭৭ সালে

একটা পরিকল্পনা চালু করা হয়েছিল এবং সংগে সংগে ইন্ডিয়ান মেডিকেল কাউনসিল য়্যাক্টের ৩৩ ধারায় এই-টুকু ঢুকিয়ে দেওয়া হয়েছিল। আমাদের দেশে প্রায় ১০০ 'রও বেশী মেডিকেল কলেজ আছে, তাদের প্রত্যেকের কাছে এটা পাঠিয়ে দেওয়া হয়েছিল এবং এটা শুরু করার জন্য প্রতিটি কলেজের জন্য ৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছিল। এটা একটা নতুন ধ্যান ধারণা, এটা আমরাও এখানে পেয়েছি, কিন্তু আমরা এটা চালু করতে পারিনি এখানে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী আছেন, তাই আমি কথাটা বলছি।

ডাক্তারী শিক্ষা মানে কতকগুলি রোগের উপসর্গ উপশম করার কারণ ও ব্যবস্থাদি মুখস্ত করা নয়। একটা ডাক্তার যদি একটা সম্পূর্ণ মানুষ না হয় তাহলে এই যে নতুন ধারণাটা হয়েছে, ডাক্তারী সমাজ ও ডাক্তারের কর্তব্য সেটা পরিপূর্ণ করতে পারে না। সেজন্য এই যে উচ্চশিক্ষা, ডাক্তারী শিক্ষা তার মধ্যে হিউম্যানিটি আছে, তার মধ্যে ভাষা আছে, ইতিহাস আছে এই রকম ভাবে আমাদের যাঁরা সাধারণ উচ্চশিক্ষার ভারপ্রাপ্ত তাঁরা সাহায্য করতে পারবেন। কিন্তু আমরা সেটা করিনি, সেই সুযোগটা নেওয়া হয়নি। আমরা লোক দেখান কয়েকটি জিনিষ করতে চেষ্টা করেছি, এটাই দুঃখের বিষয়। ধরুন আজকে আধা ডাক্তারী কোর্স সুরু করা হয়েছে, জনগণকে বলতে পেরেছি দেখ, ডাক্তারের দরকার, তাড়াতাড়ি এনে দেবার জন্য আমরা এই কোর্সটা চালু করেছি। কিন্তু আসল কথাটা হচ্ছে কি জানেন, এই ধরণের ডাক্তারের চেয়ে কমিউনিটি হেলথ্ ওয়ার্কার, নার্সেস, স্যানিটারী হেলথ্ ওয়ার্কার, স্বাস্থ্যকর্মী, এডুকেটর এঁদের ঢের বেশী দরকার। সুতরাং এই যে আজকে মেডিকেল শিক্ষার পরিকল্পনা এটা রোগের চিকিৎসার পরিকল্পনার মধ্যে সীমাবদ্ধ নয়। এখানেই, এই আজকালকার নতুন ধারণার সেটাই হল তাৎপর্য্য। এটা আমরা করতে পারিনি। আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যদি দেখেন একটা মেডিকেল কলেজেও এই ব্যবস্থা চালু করে নি। একটা মেডিকেল কলেজের কাজ বলে দেওয়া হয়েছিল কি হবে। সমস্ত সিলেবাসটিকে সম্পূর্ণভাবে বদলে ফেলার পরিকল্পনা নেওয়া হয়েছিল। সেটা করা হয় নি। প্রত্যেক মেডিকেল কলেজে একটা এ্যাপেক্স কমিটি হবে, কিন্তু তাতে ডাক্তাররা থাকবেন না। তার মধ্যে হেল্‌থ এ্যান্ড স্যানিটারী ইঞ্জিনীয়ার থাকবেন, ভাষাবিদ থাকবেন, এগুলি করা হয়নি। প্রত্যেকটি মেডিকেল কলেজ সুরুতে তিনটি ব্লক জনস্বাস্থ্য রক্ষা ব্যবস্থার সম্পূর্ণ ভার নেবেন এই বলা হয়েছিল সেটা করা হয়নি। শেষকালে যেটা বলা হয়েছিল, যে মেডিকেল কলেজে যে ডাক্তার আছে সেই মেডিকেল কলেজে ডাক্তার, ছাত্র, এবং অন্যান্য সকল কর্মী মিলে পুরো ডিস্‌ট্রিক্টের স্বাস্থ্যরক্ষার ভার নেবে, তার ফলে এই ভাবে আমাদের সাহায্য করবে, সেটা করা হয়নি। এইভাবে আমাদের যে প্রয়াস সেটা এগোয় নি। সেজন্য এই দিকে আমি বিধানসভার দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী** ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছু বলছি না।

**শ্রী সুভাষ গোস্বামী** ঃ- স্যার, আমিও কিছু বলছি না।

**শ্রী শ্রীধর মালিক** ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডঃ কিরণ চৌধুরী মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি সম্পর্ণভাবে তার বিরোধীতা করছি। এই প্রস্তাবের মধ্যে উনি বলেছেন যে বামফ্রন্ট সরকার যে প্রচেষ্টা চালিয়েছেন, এই সময়মত পরীক্ষার যে ব্যবস্থা এবং বিদ্যালয়ে, শিক্ষা প্রতিষ্ঠানে যে শান্তিরক্ষা এই সমস্ত প্রচেষ্টা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। এই প্রস্তাবের মধ্যে -- আমি অন্ততঃ কিরণবাবুকে ধন্যবাদ জানাচ্ছি -- যে তিনি স্বীকার করেছেন

বিগত দিনের যে কংগ্রেসী রাজত্ব ছিল, সেই আমলে সময় মত পরীক্ষার ব্যবস্থা, সেখানে গণ টোকাটুকি বা এই সমস্ত যে অরাজকতা ছিল সেই অরাজকতা কাটাবার জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করছেন এই কথাটা তাঁর বক্তব্যের মধ্যে কিছুটা প্রকাশ পেয়েছে। সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই এবং সাথে সাথে আমি এই কথা বলতে চাই যে তিনি আজ এই প্রস্তাব রাখলেন কিন্তু পাশাপাশি তুলনামূলক আলোচনা তিনি যদি করতে চাইতেন, কতকগুলি ঘটনার দৃষ্টান্ত থেকে, এই বিষয়গুলি কে চিন্তা ভাবনা করতেন তাহলে বিগত দিনের যে শিক্ষা ব্যবস্থা এবং বর্ত্তমান বামফ্রন্ট সরকারের আমলে ৬ বছরে যে ব্যবস্থা সেই ব্যবস্থার মধ্যে যে কি পরিবর্তন হয়েছে সেই পরিবর্তনটা তিনি লক্ষ্য করতে পারতেন।

[6-20—6-30 p.m.]

তিনি অভিযোগ করে তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন যে কলেজের অধ্যক্ষ বা অন্যান্য যে সমস্ত নিয়োগ হচ্ছে - সে সমস্ত সিস্টেম্যাটিক হচ্ছে না। কিন্তু আমি জিজ্ঞাসা করছি বিগত কংগ্রেস রাজত্বে এমন কোন কলেজ ছিল যেখানে একটিও উপযুক্ত যোগ্যতার মাপকাঠিতে বা নিয়মমাফিক শিক্ষক এ্যাপয়েন্ট করা হ'ত? আমি বলতে চাই, আমার এলাকায় গুসকরা কলেজে ১৯৭১ সালে এমন একজন অধ্যক্ষ নিয়োগপত্র পেলেন যাঁর উপযুক্ত বয়স হয়নি, উপযুক্ত কোয়ালিফিকেশন সেই, অভিজ্ঞতা নেই - অথচ তাঁকে শিক্ষক-অধ্যাপকের পদে নিয়োগ করা হোল। এবং এটা বর্ধমান জেলার একজন ওঁদের মন্ত্রী, আমি নাম বলতে চাই না - তিনি এ কাজটি করে ছিলেন। বামফ্রন্ট সরকার আসার পর সেখানকার মানুষ, ছাত্ররা সমবেতভাবে এ সম্পর্কে প্রতিবাদ করেছে, বিক্ষোভ জানিয়েছে। ফলে বামফ্রন্ট সরকার যোগ্য ব্যক্তিকে সেখানে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি এখানে স্কুল বোর্ডের কথা বললেন। ওঁদের আমলে স্কুল বোর্ডের কি অবস্থা ছিল? বিগত দিনে বর্ধমান জেলা স্কুল বোর্ডে দেড় হাজার শিক্ষককে বেআইনীভাবে নিয়োগ করা হয়েছিল। সরকার কোন টাকা এ বাবদ দেয়নি। সেখানে শিক্ষকদের প্রভিডেন্ড ফান্ডের ১ কোটি টাকারও বেশী তাঁদের বেতন বাবদ ব্যয় করা হোল। আমরা, বামফ্রন্ট সরকার, স্কুল বোর্ডে আসার পর খবরাখবর নিয়ে দেখা গেল যে শিক্ষক নিয়োগের কোন রকম নিয়মকানুনই সেখানে নেই। যাঁরা কংগ্রেসের হয়ে মস্তানী গুন্ডামী করে ক্ষমতা দেখাতে পারতো, সেই সমস্ত গুন্ডা মস্তানরা শিক্ষক হিসাবে এ্যাপয়েন্টেড্ হোত। এই ছিল তখনকার শিক্ষাব্যবস্থা! আজকে ওঁরা মাধ্যমিক শিক্ষাব্যবস্থায় রাজনৈতিক অনুপ্রবেশের অভিযোগ করছেন। কিন্তু ওঁদের আমলে মাধ্যমিক শিক্ষাব্যবস্থা গ্রামবাংলা, শহর সর্বত্র ভেন্টেড ইন্টারেষ্টে শিক্ষক নিয়োগ হোত। যারা মস্তানী করতে পারতো, তাদের শিক্ষক হিসাবে নিয়োগ করতো। পরীক্ষা-ব্যবস্থায় চলছিল গণ-টোকাটুকি। আমি এর পাশাপাশি দৃষ্টান্ত হিসাবে বলতে চাই - পশ্চিমবাংলার কোন কলেজে বা স্কুলে আজ গণ-টোকাটুকি হচ্ছে কি? ১৯৭১।৭২ সাল পর্যন্ত যে সব ছাত্র পাশ করেছে, আমরা তাদের জিজ্ঞাসা করেছি যে কেন তোমরা উপযুক্তভাবে কাজ করতে পারছো না? তাঁরা বলেছে যে কি করে করবো? আমরা তো পড়ে পাশ করিনি। আমি একজন কংগ্রেসী নেতাকে জানি এখানে তাঁর নাম করছি না। সেই সময় ল-কলেজ বিল্ডিংয়ে তাঁকে টোকাটুকির মাধ্যমে ল পাশ করাবার ব্যবস্থা করা হোল। সে সব খবরের কাগজেও বেরিয়েছিল।

মাননীয় স্পীকার মহাশয়, আমি সে সময়কার বিরোধী রাজনীতির শিক্ষকদের উপর সন্ত্রাসের কথা বলতে চাই। আমি দৃষ্টান্ত দিয়েই বলছি যে নিখিলেশ ব্যানার্জীকে ইউনিভার্সিটি

ক্যাম্পাসের মধ্যে খুন করা হোল। তারপর সন্তোষ ভট্টাচার্য্যকে খুন করা হোল। কিন্তু বলুন তো পশ্চিমবাংলায় বর্তমানে বিরোধী রাজনীতি করবার অপরাধে একজন শিক্ষকের উপর কোন রকম অত্যাচার করা হয়েছে বা হচ্ছে কিনা? আজ পশ্চিমবাংলায় শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। আজকে পশ্চিমবাংলায় শিক্ষা-জগতে বামফ্রন্ট সরকার একটি শান্তির পরিবেশ সৃষ্টি করেছে। তাই আমি এই প্রস্তাবের বিরোধীতা করে বক্তব্য শেষ করছি।

**Dr. Kiran Choudhuri :** Mr. Speaker, Sir, Mr. Nani Kar, I am afraid, had no time to go through the resolution thoroughly. He and the other gentleman also thoroughly misunderstood the language in which the resolution was put. The second one that he has not been able to understand what is history? He thought history is falsehood. For his information I can tell him that history is cent percent truth. The history that he has read is also correct. Now as regards the killing of teachers, if he has been able to cite 4 cases, let me tell him he has all the time said 'you have killed, you have killed', but I do not want to denigrate myself to that standard that under your regime 18 teachers have been killed and 57 have been beaten up on the streets. Now he has also said that I tried to remain in office even after my retirement. He is mistaken. I not only remain in office but also sued the Government because they illegally wanted me to go out. The Statue gave me right to stay up to the end of the session. I sued the Government and got the order from the High Court. Government was compelled to pay me my salary every month for 8 months. This is for his information. Knowledge at every stage is power. So before he opens his lips he should have made sure of his case. Now one point I would make which I could not have completed before, is that 2 things were before the Government. Before they have passed the Calcutta University Act, 1979 i.e., the Kothari Commission report and the Ghani Committee report, they did no exist themselves, to be detailed with all of them for the two reports. The result is, they did not see that 6 colleges in Calcutta are dealing with 50,000 students. This is the structural problem. They did not try to solve and the result has been that, in these 6 colleges, there have been overlapping of the shifts and the colleges are being run in a factory fashion and the factory environment is present in these 6 colleges. The result is, there is no atmosphere in education. No academic atmosphere is there. So, I would request the Government to do something for diversifying the 6 colleges which are having shifts. Bangabashi College has got 4 shifts, City College has 8 shifts, Charuchandra, I think, has got 3 shifts, Manindra Chandra College has got 3 shifts, Ashutosh College has got 3 shifts and like-wise Surendranath has got 3 shifts. Every college is having 5,000 to 6,000 students. If you take all these things into consideration, you can automatically understand that the relation between the teachers and the taught, teachers and the Principals, students and the Principals has been relegated into the relationship between the management and labourers. When the troubles start, outside elements easily get in and the whole thing is converted into pandemonium. That is why I recommend to the House to accept the resolution. Thank you.

[6-30—6-32 p.m.]

The motion of Dr. Kiran Chaudhuri that despite the claims of the Left Front Government that they have restored peace in educational campuses and stopped mass copying in examination halls and arranged for timely publication of examination results, they have failed miserably in all aspects of education and have brought down the standard of education and educational administration;

There has been an overdose of politics in education and educational administration in West Bengal under the Left Front Government;

Appointments to high teaching and administrative posts in the Universities and Colleges are made on consideration other than educational which in spelling ruin to the entire system of higher education in this State;

This House, therefore, resolves that the Left Front Government should stop infiltration of politics in educational Institutions.

was then put and a division taken with the following results:

NOES

Abdus Sobhan Gazi, Shri
Basu, Shri Ajit
Bauri, Shri Gobinda
Bauri, Shri Madan
Bera, Shri Pulin
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Chakrabarty, Shri Ajit
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Bikash
De, Shri Bibhuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghose, Shri Sambhu Charan
Goswami, Shri Subhas
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Jana, Shri Haripada
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Let, Shri Dhirendra
Majhi, Shri Surendra Nath
Mal, Shri Trilochan
Malik, Shri Sreedhar
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Roy, Shri Hemanta Kumar
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripa Sindhu

Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Bose, Dr. Sisir Kumar
Chaudhuri, Dr. Kiran
Mahata, Shri Subhas Chandra
Misra, Shri Kashninath
Molla, Fazle Azem

AYES

Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abedin, Dr. Zainal

ABSTENTATIONS

Sarkar, Shri Deba Prasad
Mitra, Dr. Ashok

The Ayes being 7 and the Noes 61, Abstentations 2 the motion was lost.

**Adjournment**

The House was then adjourned at 6-37 p.m. till 1 p.m. on Wednesday, the 21st September, 1983, at the Assembly House, Calcutta.

[6-30—6-32 p.m.]

The motion of Dr. Kiran Chaudhuri that despite the claims of the Left Front Government that they have restored peace in educational campuses and stopped mass copying in examination halls and arranged for timely publication of examination results, they have failed miserably in all aspects of education and have brought down the standard of education and educational administration;

There has been an overdose of politics in education and educational administration in West Bengal under the Left Front Government;

Appointments to high teaching and administrative posts in the Universities and Colleges are made on consideration other than educational which in spelling ruin to the entire system of higher education in this State;

This House, therefore, resolves that the Left Front Government should stop infiltration of politics in educational Institutions.

was then put and a division taken with the following results:

NOES

Abdus Sobhan Gazi, Shri
Basu, Shri Ajit
Bauri, Shri Gobinda
Bauri, Shri Madan
Bera, Shri Pulin
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Chakrabarty, Shri Ajit
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Bikash
De, Shri Bibhuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghose, Shri Sambhu Charan
Goswami, Shri Subhas
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Jana, Shri Haripada
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Let, Shri Dhirendra
Majhi, Shri Surendra Nath
Mal, Shri Trilochan
Malik, Shri Sreedhar
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Roy, Shri Hemanta Kumar
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripa Sindhu

## Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 21st September, 1983 at 1 p.m.

### Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 12 Ministers, 10 Ministers of State and 174 Members.

### Starred Questions
(to which oral answers were given)

**নদীয়া জেলার সান্যালচর গ্রামে ভাগীরথীর ভাঙন**

*১৯৪ (এস এন)। [অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫ (এস এন)।] **শ্রীসুভাষ বসু ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলার চাকদহ থানার অন্তর্গত সান্যালচর গ্রামে ভাগীরথীর ভাঙন রোধের জন্য যে পাড় বাঁধার কাজ (প্যাচিং) হয়েছিল তা সম্প্রতি ব্যাপকভাবে বিনষ্ট হওয়ায় বহু ঘরবাড়ি ও ফসল বিনষ্ট হয়ে যাচ্ছে; এবং

(খ) থাকলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী ননী ভট্টাচার্য্য**

(ক) হ্যাঁ, সরকার অবগত আছেন।

(খ) বিভাগীয় অফিসারেরা সরেজমিনে তদন্ত করেছেন। ভাঙ্গন রোধের জন্য জরুরী ভিত্তিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

[1-00—1-10 p.m.]

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এখানে যে ১০ কাঠা করে জমির ফসল সহ নষ্ট হয়ে যাচ্ছে এই ব্যাপারে কি কোন ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** ইরিগেশানের দিক থেকে এফেকটিভ মেজার নেওয়া হয়েছে এবং ইতিমধ্যে ৫০ হাজার টাকার বোল্ডার ফেলা হয়েছে, আরো চেষ্টা করা হচ্ছে।

**বেলডাঙ্গা চিনিকলে 'ট্রায়াল ক্রাসিং'**

*১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বেলডাঙ্গা চিনিকলের "ট্রায়াল ক্রাসিং" আগামী মরশুমের কোন্ মাস থেকে শুরু হবে বলে আশা করা যায়?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য**

বেলডাঙ্গা চিনিকলের পুর্ণনবীকরণের জন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা চূড়ান্ত না হওয়ায় আগামী মরশুমে পরীক্ষামূলকভাবে আখমাড়াই শুরু করা সম্ভবপর হইবে বলিয়া মনে হয় না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আগামী মরশুমে নভেম্বর-মার্চের পরের মরশুমে এই ট্রায়াল রান হবে কিনা সে সম্বন্ধে কিছু বলতে পারেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** পরের মরশুমে নিশ্চয় করবো এবং যে যে কারণে হয় নি সেই অসুবিধাগুলি দুর করার জন্য আমি সুগার ইন্ডাষ্ট্রিজ ডেভোলাপমেন্ট করপোরোশানের বোড অফ ডাইরেক্টরস্দের একটি সভা আমার ঘরে ডেকেছি। সেই কন্সট্রেন্টস্গুলি দুর করে আগামী মরশুমে যাতে ট্রায়াল রান করতে পারি সেই ব্যাপারে নিশ্চয়ই চেষ্টা করবো।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আপনি যে কন্স্ট্রেন্টসের কথা বলেছেন তারমধ্যে ওয়াকিং ক্যাপিটাল, ফিকসড্ ক্যাপিটলের কি ব্যবস্থা হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ-** ওয়াকিং ক্যাপিটাল ছাড়া আমাদের আগে যিনি ম্যানেজিং ডাইরেক্টার ছিলেন তিনি কতকগুলি বেআইনী কাজ করেছিলেন বলে তাঁকে সরিয়ে দিয়েছি। তিনি যে সব কন্ট্রাক্টারকে কাজ দিয়েছিলেন তাদের সঙ্গে মোটামুটি মিটমাট করে আমাদের এ বছরে চালান সম্ভব হয়েছে। যে অর্থের প্রয়োজন সেই অর্থ অর্থবিভাগ থেকে এখনও পাইনি। ইন্ডাসট্রিয়াল রিকনষ্ট্রাকসান কর্পোরেশান রিনোভেট করার জন্য আমাদের যে টাকা দেবে সেটা ফ্যাইনালাইজ করতে পারেনি। এগুলি হলে যাতে আগামী বছরে চালু করা যায় তার চেষ্টা করা হবে।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ-** বর্তমান আর্থিক বছরে ওয়েষ্ট বেংগল সুগার ডেভালাপমেন্ট কর্পোরেশান রাজ্য সরকার থেকে এক কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। বেলডাঙ্গার জন্য সেই টাকা বরাদ্দ করা হল না কেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ-** যে বাঁধাগুলি আছে সেগুলি অতিক্রম করতে না পারার জন্য বর্তমান মরশুমে চালান গেল না। সুগার ডেভালাপমেন্ট কর্পোরশোনের জন্য এক কোটি টাকা বরাদ্দ হয়নি - তার চেয়ে অনেক কম। আমেদপুর মিলের জন্য চাষীদের যে টাকা সেটাই সমস্ত আমরা দিতে পারিনি।

**শ্রী হাজারী মোহন বিশ্বাস ঃ** চিনির কলটি চালু হলে কত লোক সেখানে চাকুরী পাবে।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** নোটিশ চাই।

**শ্রী তারাপদ সাধুখাঁ ঃ** কি কি বাঁধা আছে তার ২।১টি বলতে পারবেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** যে সব কন্ট্রাক্টারদের বেআইনীভাবে ম্যানেজিং ডাইরেক্টার কাজ দিয়েছিলেন তাদের সংগে একটা ব্যবস্থা করতে হবে, না হলে তারা কোর্টে যাবে। যে অর্থের প্রয়োজন সেই অর্থ অর্থবিভাগ থেকে আমরা এখনও পাইনি। এই সব বাঁধাগুলি আমাদের অতিক্রম করতে হবে।

**বর্তমান খারিফ মরশুমে বীরভূম জেলায় চাষের কাজে বাধাপ্রাপ্ত পাট্টাপ্রাপক**

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫।) **শ্রীশশাঙ্কশেখর মন্ডল ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান খারিফ মরশুমে হলকর্ষণ কার্য শুরু হইতে ধান্য রোপণ কার্য শুরু হওয়া পর্যন্ত সময়ে বীরভূম জেলায় কতজন পাট্টাপ্রাপক চাষ করিতে গিয়া বাধাপ্রাপ্ত হইয়াছেন?

**শ্রী বিনয় চৌধুরী ঃ-** ৬২ জন।

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল ঃ-** বড় লোক, জোতদার যারা হাইকোর্টে মামলা করার জন্য যে অসুবিধা হচ্ছে তাতে কি ৬২ জনই খালি আছে, না তার চেয়ে বেশি আছে?

**শ্রী বিনয় চৌধুরী ঃ-** বাঁধা শেষ পর্যন্ত কতজনের আছে তা এর মধ্যে নেই। আইন দেখে,

আলোচনা করে একটা গাইডলাইন দেয়া হবে। পঞ্চায়েত সমিতি, লোকাল বি.ডি.ও, থানার ও. সি. ইত্যাদিরদের সংগে পরামর্শ করে করতে হবে। কিন্তু তারপরেও বহু কেস হয়েছে। সুতরাং কোর্টের ফয়সালা না হলে কিছু হবে না।

[1-10—1-20 p.m.]

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এই পাট্টা হোল্ডাররা নানাভাবে বাধা প্রাপ্ত হয় এবং অনেক রকমে হয়রান হয়, আমার প্রশ্ন করার মূল উদ্দেশ্য হল এই বিষয়ে পার্টিকুলারলি স্টক-টেকিং করে যারা বাধা পেয়েছে তাদের সেই বিষয়ে পঞ্চায়েতের মাধ্যমে বা যে সমস্ত এজেন্সির মাধ্যমে সাহায্য করার যে আশ্বাস দিলেন সেটা ঠিকমত যাতে প্রতিপালিত হয় তার ব্যবস্থা মন্ত্রী মহাশয় করবেন কি?

**শ্রী বিণয় কৃষ্ণ চৌধুরী ঃ** নিশ্চয়ই করব। এরজন্য গাইডলাইন করা হয়েছে। কিন্তু যেগুলি কোর্ট কেস সেগুলির ফয়শলা না হওয়া পর্যন্ত আমার কিছু করার নেই।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** সারা পশ্চিমবাংলায় এই জাতীয় ঘটনা ঘটছে, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি what are the instructions for taking steps to eradicate the problems of patta-holders to the land?

গাইডলাইন কি কি দিয়েছেন সেটা যদি বলেন তাহলে ভাল হয়।

**শ্রী বিণয় কৃষ্ণ চৌধুরী ঃ** আপনি যদি চান আমি গাইডলাইন দিয়ে দেব, এটা সিক্রেট নয়, পাবলিক ইনস্ট্রাকসান্স প্রিন্ট করা।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই বাধা যদি স্থায়ী হয়ে থাকে তাহলে পাট্টা হোল্ডাররা কিভাবে সেই বাধা অতিক্রম করবে?

**শ্রী বিণয় কৃষ্ণ চৌধুরী ঃ** আপনারা যদি সবাই ভাল করে শোনেন তাহলে ভাল হয়। ওঁর যে প্রশ্ন ছিল তাতে আমি বলেছি ৬২ জন বাধা পেয়েছিলেন। আমাদের যে ব্যবস্থা আছে তাতে যেগুলি কোর্ট কেস নয় সেগুলির ব্যাপারে বি ডি ও, ও. সি. এবং পঞ্চায়েতের যে ভূমি এবং উন্নয়ন স্থায়ী সমিতি আছে তাদের লেবার ট্রাইব্যুন্যালের মত সাম সর্ট ট্রাইব্যুন্যাল আছে তারা সমস্ত ডিসপিউটগুলির মীমাংসা করে দেয়। কারণ, গত কয়েক বছর ধরে সোইং এন্ড হারভেস্টিং সিজিনের আগে আমার জেনারেল ইনস্ট্রাকসান ছিল জেলা ম্যাজিষ্ট্রেট, এস পি এবং স্থানীয় অফিসারদের নিয়ে কোথায় কোথায় ডিসপিউট হতে পারে সেগুলির একটা তালিকা করে যথা সম্ভব মীমাংসার চেষ্টা করা যাতে ডিসপিউট খুব কম হয়। মোটামুটিভাবে আমার সংগে আপনারা সহযোগিতা করলে আস্তে আস্তে চেষ্টা করে এগুলির মীমাংসার চেষ্টা করব।

**ডাঃ সুকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কৃষক সভার এই সমস্ত ব্যাপারে কি রোল আছে?

**শ্রী বিণয় কৃষ্ণ চৌধুরী ঃ** কৃষকসভা হিসাবে কোন ভূমিকা নেই। আমি বার বার বলেছি একটা স্ট্যাটুটরী বডি যেটা পঞ্চায়েত সমিতি তার বিভিন্ন স্থায়ী সমিতির মধ্যে একটা স্থায়ী সমিতি হচ্ছে ভূমি এবং উন্নয়ন স্থায়ী সমিতি। তারা একক নয়, সেখানে থানার ও সি আছে, জে এল আর ও আছে, বি ডি ও আছে, সমস্ত অফিসাররা আছে, তারা ডিসপিউটগুলির মীমাংসা করে দেয়।

**সুন্দরবন উন্নয়ন পর্ষদের বীজ ক্রয়**

*১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭।) **শ্রীতারকবন্ধু রায় ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি তফসিলী জাতি, উপজাতি এবং অনগ্রসর কৃষকগণের মধ্যে বিতরণের উদ্দেশ্যে "সুন্দরবন উন্নয়ন পর্ষদ"-এর মাধ্যমে ১৬০.৫ কুইন্টাল বীজ ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে;

(খ) সত্য হ'লে, সুন্দরবন উন্নয়ন পর্ষদের মাধ্যমে ঐ বীজ ক্রয়ের মৌল কারণ কি;

(গ) ঐ বীজ কোন্ কোন্ শস্যের; এবং

(ঘ) রাজ্যে কোন্ কোন্ এলাকার চাষীদের মধ্যে ঐ বীজ বিতরণ করা হবে?

**শ্রীপ্রভাষ চন্দ্র রায়**

(ক) হ্যাঁ, সুন্দরবন উন্নয়ন পর্ষদের মাধ্যমে ১৯৮৩-৮৪ রবি মরসুমের কৃষি সহায়তা প্রকল্পের জন্য বিভিন্ন শস্যের ১৬০.৫ কুইন্টাল বীজ জাতীয় বীজ নিগম (National Seeds Corporation) থেকে ক্রয়ের প্রস্তাব গৃহীত হয়েছে। কিন্তু বীজ সরবরাহের স্বল্পতা হেতু মোট ১৫৩.০ কুইন্টাল বীজ ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে।

(খ) একফসলী সুন্দরবন এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে তপশীল জাতি ও উপজাতিদের অগ্রাধিকারের ভিত্তিতে রবি মরশুমে কিছু কিছু অর্থকরী ফসল চাষের জন্য উন্নত বীজ, সার ও কীটনাশক ঔষধ শতকরা ৫০ ভাগ হিসাবে অনুদান দেওয়া হয়ে থাকে। অনুন্নত সুন্দরবন এলাকার একফসলী জমিকে দোফসলী করা অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর কৃষক পরিবারের বাৎসরিক আয় বৃদ্ধি ও অতিরিক্ত শ্রমদিবসের সৃষ্টি, সুন্দরবনের কৃষিতে উন্নত পদ্ধতির ও উপকরণের বিস্তার প্রভৃতি ঐ বীজ ক্রয়ের মৌল কারণ।

(গ) ঢ্যাঁড়স ও মুগ শস্যের।

(ঘ) ২৪ পরগণা জেলার ডায়মন্ডহারবার, আলিপুর সদর ও বসিরহাট মহকুমার অধীন সুন্দর এলাকার ১৯টি উন্নয়ন ব্লকের চাষীদের মধ্যে ঐবীজ বিতরণ করা হবে।

**শ্রী তারক বন্ধু রায় ঃ** মন্ত্রী মহাশয় বললেন, বীজের সংকুলান হচ্ছে না বলে ১৬০.৫ কুইন্টালের জায়গায় ১৫৩ কুইন্টাল কেনা হয়েছে। মন্ত্রী মহাশয় জানাবেন কি কত চাষীর মধ্যে এই জিনিষ বিতরণ করা হবে?

**শ্রী প্রভাষ চন্দ্র রায় ঃ** মোট উপকারী কৃষক পরিবারের সংখ্যা হল ৪৬ হাজার ১৪০।

**শ্রী তারক বন্ধু রায় ঃ** এখানে বলা আছে তপশীল জাতি, উপজাতি এবং অনগ্রসর কৃষক। আমার প্রশ্ন হচ্ছে এই অনগ্রসর কৃষক কারা এবং এর ক্লাসিফিকেসন কিভাবে করা হবে?

**শ্রী প্রভাষ চন্দ্র রায় ঃ** সাধারণতঃ স্থানীয় এম.এল.এ. এবং পঞ্চায়েত সমিতির সংগে পরামর্শ করে অনুদান দেওয়া হয়।

**শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ** ১৫৩ কুইন্টাল যা কিনেছেন বলছেন সেখানে আমার প্রশ্ন হচ্ছে যে এই মাল কিনে আপনাদের হেফাজতে এনে বিলি আরম্ভ করেছেন কি?

**শ্রী প্রভাষ চন্দ্র রায় ঃ** অর্ডার হয়েছে, পেলেই বিতরণ করা হবে।

**শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ** এই খাতে টোটাল কত টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রী প্রভাষ চন্দ্র রায় ঃ** ৪০ লক্ষ ১৯ হাজার ৯৯২ টাকা।

**শ্রী আবদুল রৌফআনসারী ঃ** আপনি বললেন লোকাল এম.এল.এ.'র সংগে পরামর্শ করা হয়। আমি জানতে চাই হোয়াট আর দি ক্রাইটেরিয়া এ্যান্ড ফরমূলা যার দ্বারা এম.এল.এ'রা অনগ্রসর কৃষকের গাইড লাইন ঠিক করবেন।

**শ্রী প্রভাষ চন্দ্র রায় ঃ** ১৯টি ব্লকের মধ্যে যাঁরা এম.এল.এ. আছেন তাঁদের নিয়ে একটা কমিটি করা হয়েছে। তাদের সংগে পরামর্শ করে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং সেখানে আমাদের ডিপার্টমেন্টের সেক্রেটারী ও থাকবেন।

**তিস্তার জলে সেচসেবিত এলাকা**

*১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, তিস্তার জলে রবি ও আউস চাষের জন্য সেচসেবিতে এলাকা হিসাবে সরকারী লক্ষ্যমাত্রা কত ধার্য হয়েছে?

**তিস্তা প্রকল্পের জন্য কেন্দ্রীয় সাহায্য**

*২১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) তিস্তা প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের তরফ হইতে নিয়মিত অর্থ পাওয়া যায় কিনা ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালের জুন মাস পর্যন্ত উক্ত বাবদ কেন্দ্র হইতে কি পরিমাণ অর্থ পাওয়া গিয়াছে ; এবং

(গ) উক্ত সময়ে কেন্দ্রীয় সরকারের নিকট কি পরিমাণ অর্থ চাওয়া হইয়াছিল ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** তিস্তা বাঁধ প্রকল্প [1st Sub-Stage of stage I of phase I ] থেকে রবি ও আউস চাষের জন্য যথাক্রমে ৬০ হাজার হেক্টর এবং ৭৩ হাজার হেক্টর এলাকায় সেচের জল দেওয়া লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

(ক) না;

(খ) এ প্রশ্ন উঠে না;

(গ) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালের জন্য বিশেষ কেন্দ্রীয় সাহায্য (Special Central assistance) হিসাবে যথাক্রমে ১০ কোটি এবং ৭ কোটি টাকা চাওয়া হয়েছিল। বর্তমানে 2071 চাওয়া হয়েছে।

[1-20—1-30 p.m.]

**শ্রী তারক বন্ধু রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে আমরা যা দেখছি এই তিস্তা পরিকল্পনার কাজ ডান দিকে কিছুটা হচ্ছে - বাঁ দিকের কাজ হচ্ছে না - এটা কবে থেকে সুরু হবে?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** অনুমোদ সাপেক্ষে বাঁ দিকের কিছু কিছু কাজ আমরা আরম্ভ করেছি। ওয়াটার কন্ট্রোল কমিশন, প্ল্যানিং কমিশনের অনুমোদন সাপেক্ষে সেই কাজ সুরু করা হচ্ছে।

**শ্রী তারক বন্ধু রায় ঃ** এই তিস্তা পরিকল্পনার দিকে সারা উত্তরবঙ্গের মানুষ চেয়ে আছে।

কারণ এই পরিকল্পনা কার্যকরী হলে উত্তরবঙ্গের প্রভূত উন্নতি হবে। এই পরিকল্পনা শেষ হলে কত জমি উপকৃত হবে?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** এই পরিকল্পনা শেষ হলে ২২ লক্ষ একর জমিতে সেচ দেওয়া যাবে টোট্যাল প্ল্যানটি শেষ হলে অবশ্য এটা সম্ভব হবে।

**শ্রী তারক বন্ধু রায় ঃ** আপনি জানেন উত্তরবঙ্গের মানুষ খুবই উপকৃত হবে। কেন্দ্রীয় সরকারের বাধা প্রাপ্তির জন্যই কি এই কাজ শেষ হতে দেরি হচ্ছে?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** কেন্দ্রীয় সরকারের বাধাপ্রাপ্ত হয়েছে, এ কথাটা ঠিক নয়, যে টাকা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েছে সেই টাকা আমরা পাই নি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে অত্যন্ত দায়িত্বশীল মহল থেকে অভিযোগ উঠেছে যে এই তিস্তা নদী মূলত কুচবিহার ও জলপাইগুড়ি এই দুটি জেলা দিয়ে প্রবাহিত হলেও, এই পরিকল্পনা থেকে এই দুটি জেলা বঞ্চিত হচ্ছে।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্যের ভৌগলিক জ্ঞান কিছু কম দেখছি। এই তিস্তা নদী কুচবিহার ও জলপাইগুড়ি জেলার ভিতর দিয়ে যায় নি।

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** তিস্তার বামদিকের যে প্রকল্প, খাল কাটা প্রভৃতি যদি ঠিক মত হয়, তাহলে কুচবিহার সেই সুযোগ পাবে, জলপাইগুড়িও সুযোগ পাবে। সেই কাজটা কিছুটা ধরা হয়েছে অনুমোদন সাপেক্ষে। অনুমোদন পাবো, এই প্রত্যাশা নিয়ে কিছু কিছু ইনভেস্টিগেশনের কাজ আমরা করছি, বাম দিকের কাজ কিছু করেছি। কিছু কনস্ট্রাকশন্যাল কাজেও হাত দেওয়া হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনি যে ফিগার দিলেন, ৭৩ হাজার হেক্টর বলেছেন, এটা কোন জেলায় কত পাবে, এবং কবে নাগাদ্ কত পাবে?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** ১৯৮৪ সালের জুন মাসের মধ্যে ১০ হাজার হেক্টর জমিতে সেচ দিতে পারবে, দার্জিলিং জেলার কিছু অংশে এবং পশ্চিম দিনাজপুর জেলার কিছু অংশে।

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** এই তিস্তা প্রকল্পের জন্য কেন্দ্রের কাছ থেকে পশ্চিমবঙ্গ সরকার টাকা পয়সা অনেকবার চেয়েছেন এবং আরও জানা গেল যে ২০ কোটি টাকা চাওয়া হয়েছে, আমরা এটা শুনেছি। কিন্তু বারে বারে নেগেটিভ এ্যান্সার পাওয়া যাচ্ছে। এই পরিপ্রেক্ষিতে দেখছি তিস্তার বাম তীরে কিছু কিছু কনস্ট্রাকশনের কাজ ধরা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, যদি কেন্দ্র টাকা দিতে না রাজী হন, এবং অনুমোদন দেবে কিনা দেবে, এখনও ঠিক নেই, কিন্তু এই কাজ যেগুলো চালাচ্ছেন, আপনি কি প্রতিশ্রুতি দিচ্ছেন যে এই কাজগুলো চলতে থাকবে?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** যখন মন্ত্রী হিসাবে রয়েছি তখন, সেই প্রতিশ্রুতি অনুসারেই চলছি। আমরা আশা করছি অনুমোদন পাবো। টাকা পয়সার সংস্থান কোন না কোন ভাবে করতে হবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা ২০ কোটি টাকা চেয়েছি এবং এখনও পর্য্যন্ত কেন্দ্রীয় সরকার আমাদের নিরাশ করেন নি।

### হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪।) **শ্রীসরল দেব :** বিগত ৯ই মার্চ, ১৯৮৩ তারিখের প্রশন নং *৬৫ (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) -এর উত্তরের পরিপ্রেক্ষিতে শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের জন্য শিল্প লাইসেন্স এখনও পাওয়া গিয়াছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত কমপ্লেক্সের কাজ সম্পন্ন হইতে কত সময় লাগিবে বলিয়া আশা করা যায়?

### Financial participation by Monopoly Houses in Haldia Petro-chemical Complex

***210.** (Admitted question No. *354.) **Shri HUMAYOUN CHOWDHURY :** will the Minister-in-charge of the Commerce and Industries Department by pleased to state -

(a) if it is a fact that some Multinational Corporations and Monopoly Houses have agreed in principle for financial participation in the proposed Petro-chemical Complex at Haldia;

(b) If so,
- (i) the names of such Multinational corporations and Monopoly Houses;
- (ii) what are their terms;
- (iii) what is the State Government's contemplation in the matter; and
- (iv) whether approval of the Government of India has been obtained in the matter?

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য

(ক) না,

(খ) 'ক' প্রশ্নের উত্তরে পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

(a) No.

(b) (i) Does not arise;
- (ii) Does not arise;
- (iii) The Petro-Chemical Complex at Haldia is proposed to be implemented as a joint venture with equity participation of the State Government, the Government of India and the all India financial institutions.
- (iv) Formal approval of the Government of India in this regard has not yet been received by the State Government.

[1-30--1-40 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহোদয় জানেন যে এটা আমাদের বিশেষ আশা ব্যঞ্জক প্রকল্প। এটার বর্তমান পরিস্থিতি কি এবং কোথায় আটকে আছে সেটা সম্পর্কে আপনি যদি কিছু বলেন তাহলে ভাল হয়।

**ডঃ কানাই লাল ভট্টাচার্য্য ঃ** কোন জায়গায় আটকে নেই, এর কাজ চলেছে ১৯৮০ সালের মে মাসে আমরা ডিটেল্ড প্রজেক্ট রিপোর্ট সাবমিট করেছিলাম। তারপর কেন্দ্রীয় সরকারের সংগে দু বছর কথাবার্তা চালানোর পর ওরা নীতিগত ভাবে এটা স্বীকার করে নিয়েছেন, তবে লিখিত-পড়িত ভাবে এখানো ঠিক করা হয় নি। কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ সরকার এবং ফিন্যানসিয়াল ইনস্টিটিউসনকে নিয়ে জয়েন্ট সেক্টরে এটা করা যেতে পারে। তার ক্যাপিটাল আউটলে প্রায় ৭২৮ কোটি টাকার মত হবে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার আমাদের কিছু কিছু পরিবর্তন করতে বলেছিলেন প্রোডাক্ট মিক্স সম্পর্কে এবং আমরা সেই পরিবর্তন মেনে নিয়েছিলাম। সেই পরিবর্তন করে ইঞ্জিনিয়ারস' ইন্ডিয়া লিমিটেডকে একটি ডিটেল্ড ফিজিবিলিটি রিপোর্ট তৈরী করতে বলা হয়েছে এবং সেই ফিজিবিলিটি রিপোর্ট তৈরী করতে একটু সময় লাগবে। তবে আমরা আশা করছি ডিসেম্বরের মধ্যেই ফিজিবিলিটি রিপোর্ট তৈরী হয়ে যাবে এবং রিপোর্ট তৈরী হয়ে গেলেই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা এটার অনুমোদন পাব বলে আশা করছি। আমি এই সম্পর্কে আরো বলতে চাই যে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে প্রায় ৬ কোটি টাকা খরচ হয়ে গেছে। আমরা হলদিয়াতে হাজার একর জমি অধিগ্রহন করেছি এবং তার মধ্যে প্রায় ২৭৫ একর জমি উঁচু করেছি এবং চারিদিকে বাউন্ডারি ওয়াল দেওয়া শুরু হয়েছে। কাজ এগোচ্ছে, কোন জায়গায় আটকে নেই। তবে এত বড় একটা প্রকল্পে যে সমস্ত প্যারাফার্নেলিয়া আছে সেগুলি আসতে আসতে করতে একটু সময় লাগছে এবং আমরা আশা করছি যে ১ বছরের মধ্যেই কাজ শুরু করতে পারব।

**শ্রী নীহার কুমার বসু ঃ** রাজ্য সরকারের পক্ষ থেকে কাঠামোগত ব্যবস্থা করে দেবার পর কেন্দ্রীয় সরকার যেভাবে এই শিল্প নিয়ে টানা হ্যাঁচড়া করছেন তাতে এটাই কি প্রমান হয় না যে রাজনৈতিক কারণেই কেন্দ্রীয় সরকারের এই অনীহা পরিলক্ষিত হচ্ছে?

**ডঃ কানাই লাল ভট্টাচার্য্য ঃ** এটা আমি ঠিক করতে পারব না তবে এই ব্যাপারটা নিয়ে দু বছর টানা পোড়েন করা হয়েছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে। তবে উপস্থিত আমরা মনে করছি কেন্দ্রীয় সরকার ব্যাপারটি এখন কিছুটা বুঝতে পেরেছেন। এখন তারা নড়া চড়া শুরু করেছেন।

### সিউড়ী থানার কোমা কজওয়ের কাজ

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৯।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সিউড়ী থানার কোমা কজওয়ে কাজের জন্য বীরভূম জেলা পরিষদ কি পরিমাণ অর্থ ব্যয় করিয়াছে;

(খ) উক্ত কাজের জন্য কবে টেন্ডার ডাকা হয়েছিল;

(গ) উক্ত কাজের জন্য কোন অভিযোগ সরকারের নিকট আসিয়াছে কি; এবং

(ঘ) আসিয়া থাকিলে, উহার জন্য কোন তদন্ত হইয়াছে কি?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী**

(ক) ৩,৫৭,০০৫.৩৯ টাকা। (চূড়ান্ত পেমেন্ট এখনও বাকী)

(খ) ২৯।৪।৮২ তারিখে বেলা ২টার সময় সম্পন্ন ঠিকাদারদের মধ্যে ডাকা নিলামে কাজটি বন্টন করা হয়েছিল।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(No Supplementary)

**১৯৮২-৮৩ বর্ষে বরাদ্দকৃত ও সরবরাহকৃত পিগ আয়রন ও হার্ডকোক**

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৩।) **শ্রীজয়কেশ মুখার্জী ঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে এই রাজ্যের রেজেস্ট্রীকৃত ক্ষুদ্রায়তন লোহা ঢালাই কারখানাগুলির (আয়রন ফাউন্ডারিস) জন্য বরাদ্দকৃত এবং সরবরাহকৃত পিগ আয়রন ও হার্ডকোকের পরিমাণ যথাক্রমে কত ছিল?

**শ্রীপ্রলয় তালুকদার**

পিগ আয়রণের বরাদ্দ ছিল ৫৮,০০০

হার্ডকোকের বরাদ্দ ছিল ২৫,৫০০ মেঃ টন

পিগ আয়রণের সরবরাহের পরিমান - ৩২,৭৭৬ মেঃ টন

হার্ডকোকের সরবরাহের পরিমান - ১৯,৩৪৫ মেঃ টন

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** এই সমস্ত ফাউন্ড্রির জন্য যে পিচ আয়রন বরাদ্দ থাকে সেটা নিয়ে কি চোরাকারবার হচ্ছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** আমি ১৯৮২/৮৩ সালের বাজেট বক্তৃতায় বলেছিলাম যে, এখন আর মেটিরিয়্যালসের অভাব নেই, প্রচুর রয়েছে। খোলা বাজারেও প্রচুর রয়েছে। কাজেই এখন আর চোরাকারবাবের কোন প্রশ্নই নেই। কন্ট্রোল রেটের চেয়ে খোলাবাজারে কম দাম।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** এই সমস্ত ফাউনড্রি কি কারণে বন্ধ আছে, বলতে পারবেন?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** কারখানা বন্ধ আছে কি না সেটা লেবার ডিপার্টমেন্ট বলতে পারবে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** নিয়মিত কোটা পাওয়া সত্বেও এই কারখানাগুলি বন্ধ হওয়ার কারণ কি, মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারবেন?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** এটা কোটার প্রশ্ন নয়। আমি তো বাজেট বক্তৃতায় বলেছি এখন খোলা বাজারে পিগ আয়রন, হার্ড কোক পাওয়া যাচ্ছে খোলা বাজারের দাম কম।

খোলা বাজারে রেটটা কম। খোলা বাজারে যদি কম রেটে পাওয়া যায় তাহলে আমাদের কাছে কেউ আসবে না। না পাওয়া গেলে তখন আসবে।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** 'র' মেটিরিয়ালস বিভিন্ন কারখানাকে যা দেওয়া হচ্ছে সেগুলি তারা যথাযথভাবে ব্যবহার করছে কিনা তা দেখার কোন ব্যবস্থা আছে কি?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** আমাদের কাছ থেকে যারা 'র' মেটিরিয়ালস নিয়ে কারখানা চালায় বা যারা আমাদের কাছ থেকে রেজিষ্ট্রেশান নিয়েছেন তাদের প্রতি ৬ মাস অন্তর রিটার্ণ জমা দিতে হয়। আমরা সেই রিটার্ণ নিয়ে স্যাম্পল চেক করি।

**অজয় নদ ও সিদ্ধেশ্বরী নদী জলাধার নির্মাণ**

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি অজয় নদ জলাধার ও সিদ্ধেশ্বরী নদী জলাধার প্রকল্প দুইটি নির্মাণে বিহার সরকারের পূর্ণ সহযোগিতার আশ্বাস পাওয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত প্রকল্পগুলির নির্মাণকার্য কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** (ক) 'অজয় নদ জলাধার' ও 'সিদ্ধেশ্বরী নদী জলাধার' প্রকল্প দুইটির project report তৈরীর উদ্দেশ্যে বিহার রাজ্যের অন্তর্গত কিছু জমিতে জরীপ এবং প্রাথমিক অনুসন্ধান কার্য চালানো দরকার। এ বিষয় বিহার সরকারের অনুমতি চাওয়া হয়েছে, কিন্তু তাদের শেষ সিদ্ধান্ত এমনও জানা যায় নি।

(খ) এমনই বলা সম্ভব নয়।

## No Supplementary

**ইলেকট্রো-মেডিকেল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাষ্ট্রিস লিঃ -এর অব্যবহৃত ক্লোফেন অয়েল**

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ইলেকট্রো-মেডিকেল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাষ্ট্রিস লিঃ ১৯৭৮ সালে হিসাব বহির্ভূতভাবে ৩০০ কেজি ক্লোফেন অয়েল ক্রয় করার পর অব্যবহৃত অবস্থায় ঐ তৈল নষ্ট হইয়া যায়;

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে কোন তদন্ত করা হইয়াছে কি; এবং

(গ) তদন্ত হইয়া থাকিলে, ঐ তদন্তের ফলাফল কি?

**ইলেকট্রো-মেডিকেল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাষ্ট্রিস লিমিটেডের ক্রয় পদ্ধতি**

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইলেকট্রো-মেডিকেল অ্যান্ড আলায়েড ইন্ডাষ্ট্রিস লিমিটেডের ক্রয় পদ্ধতি সম্পর্কে ১৯৭৯-৮০ সালের অডিট রিপোর্টে বিরূপ মন্তব্য করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) ক্রয় সংক্রান্ত বিধি মানিয়া ১৯৭৮ সালে Clophen Oil কেনা হইয়াছিল X-Ray মেসিনের H.T.Transformer এ ব্যবহারের জন্য। তবে উক্ত তেল H.T.Transformer এ ব্যবহার করিয়া আশানুরূপ ফল পাওয়া যায় নি। সেজন্য উক্ত তেল এখনও কোম্পানীর গুদামে পড়িয়া আছে।

(খ) এ ব্যাপারে তদন্ত করা হইয়াছে।

(গ) তদন্ত করিয়া কমিটি উক্ত তেল বিক্রয় করার সুপারিশ করেন।

(ক) ১৯৭৯-৮০ সালের অডিট রিপোর্টে ক্রয় পদ্ধতি সম্পর্কে কোন বিরূপ মন্তব্য করা হয় নাই। শুধু Stainless Steel Sheet কেনার ব্যাপারে দুর্নীতির অভিযোগ করা হইয়াছিল

(খ) উক্ত অভিযোগ প্রার্থির তদন্তের পর দুইজন কর্ম্মচারীর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত করাই তদন্তে অভিযোগ প্রামাণিত হয় নাই।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** Report of the Comptroller and Auditor General of India, 1979-80, Clause 2.09.13. সেখানে একটা কলেজে বলা হয়েছে, ইরেগুলার....Irregular purchase of Clophen Oil. এবং আরো ক্যাটাগরিক্যালি বলা হয়েছে..The purchase was finalised on the basis of singles quotation.

এটা আপনি জানেন কি? তা ছাড়া সিংগল কোটেশানে কেন কেনা হয়েছে, কেন জেনারেল টেন্ডার ডাকা হয়নি তা জানাবেন কি?

**ডঃ কানাই লাল ভট্টাচার্য্য ঃ** সিংগল টেনডারে কেনা হয়েছিল তার কারণ ঐ ক্লোফেন ওয়েল ম্যানুফ্যাকচার করে মেসার্স বায়ার অব ইউ.এস.এ. আমরা ঐ কম্পানীর কাছ থেকে ক্লোফেন অয়েল কিনি এবং আমরা এটা কিনেছিলাম through Messers, G.A. Randerian Ltd., Calcutta-13.

যারা ওদের একজন সাপ্লায়ার। দু'হাজার কে.জি কেনা হয়েছিল। ২৬ টাকা পার কে.জি. দাম দেওয়া হয়েছিল। ৫২ হাজার টাকা দাম দেওয়া হয়েছিল। এ ব্যাপারে অডিট রিপোর্টে কোন বিরূপ মন্তব্য করা হয়নি। এরপর দেখা গেল যে ট্রানসফরমারের জন্য কেনা হয়েছিল তাতে খুব ভাল কাজ হচ্ছে না সেই জন্য বিক্রির ব্যবস্থা করা হয়েছে।

[1-40--1-50 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, এই যে বইটা, এটা আমাদের বই নয়, এটা পাবলিসড হয়েছে সকলের জন্য। সেখানে উনি একটা অসত্য কথা বললেন যে এডিট রিপোর্টে এই রকম কোন বিরূপ মন্তব্য করেনি। আমি অডিট রিপোর্টটা পড়ে শোনাচ্ছি - The purchase was finalised on the basis of the single quotation. The reasons for not going by competitive tender were not on record... এটা কি বিরূপ মন্তব্য করা হল না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আমি যে জবাব দিয়েছি, আপনি সেটা দেখে নেবেন যে কি বলেছি।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** সেখানে হেডলাইনে এক্সজাম্পল সেট করে বলেছে যে ইররেগুলার, পারচেজ অব দি ক্লোফেন অয়েল হয়েছে। সেখানে আপনি কি বলছেন? আমি আপনাকে কপি দেখাতে পারি।

**মিঃ স্পীকার ঃ** স্যার, আমি ওনাকে একটা প্রশ্ন করছি, কোন ইনডিজেনাস কম্পানী ভারতবর্ষে আছে বলে কি আপনার কাছে সংবাদ আছে, ইউ.এই.এ. কম্পানী ছাড়া?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আমারা জানা নেই, আপনি নোটিশ দেবেন বলে দেব।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** উনি জানেন না, ব্যবস্থা করছেন না, এর সংগে হিউজ মানি ইনভলবড। অডিটর জেনারেল নিজেই এই ব্যাপারে রিপোর্টে বলেছেন।.....

২০৫ H.O. গোলমাল......

### ডানকুনি খাল ও মেটিয়া খাল সংস্কার

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার হুগলী জেলার ডানকুনি খাল এবং মেটিয়া খাল

সংস্কারের বিষয় বিবেচনা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত খাল সংস্কারের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) ডানকুনি খাল সংস্কার পরিকল্পনা সি. এম. ডি,এর অর্থানুকুল্যের জন্য সি. এম. ডি. এর বিবেচনাধীন আছে।

(খ) ডানকুনি খাল সংস্কার পরিকল্পনা সি. এম. ডি. এর নির্দেশ অনুযায়ী কিছু পরিবর্তন করা হচ্ছে।

মেটিয়া ও মরামেটিয়া খাল ড্রেনেজ প্রকল্পটি প্ল্যানিং কমিশন কর্তৃক সর্তসাপেক্ষে অনুমোদন লাভ করেছে। নিম্ন-সরস্বতী ড্রেনেজ প্রকল্পের কাজ বিশেষ অগ্রগতি হলে মেটিয়া মরামেটিয়া প্রকল্পের কাজ আরম্ভ করা যাবে। বর্ত্তমানে নিম্ন সরস্বতী ড্রেনেজ প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের কাজ চলছে।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** এটা কত টাকার স্কীম মন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** ১০৩ কোটি টাকার। তারপরে সেটা নেমে এসে দাঁড়িয়েছে ৮৬ কোটি ৬৩ লক্ষ টাকায়।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এটা কমলো কেন?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

**শ্রী তারাপদ সাধু খাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দক্ষিণ সরস্বতীর হাওড়া জেলার অংশের কাজ শুরু হবার কথা ছিল গত বছর এবং এই বছর পুরো দমে কাজ করার কথা ছিল। সে সম্পর্কে আপনি আমাদের কিছু আলোক পাত করতে পারেন?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** আমি বলেছি যে জমি অধীগ্রহণের কাজ আরম্ভ হয়েছে এবং চলছে। যত জমিদারী তার ৪০ পারসেন্ট জমি অধিগ্রহণের কাজ করা হচ্ছে।

**শ্রী তারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছিলেন যে জমি অধিগ্রহণ দক্ষিণ সরস্বতীতে বিশেষ প্রয়োজন নেই। যেখানে যেখানে জমি অধিগ্রহণের প্রশ্ন নেই, সেখানে সেখানে কাজ শুরু করা হবে। সেই কাজ শুরু হয়েছে কি না জানাবেন?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** নিম্ন সরস্বতী ড্রেনেজ প্রকল্পের কাজ অনেকখানি এগিয়ে যাবার পরে মেটিয়া ও মরা মেটিয়া প্রকল্পের কাজ আরম্ভ হবে। নিম্ন সরস্বতী ড্রেনেজ প্রকল্পের জন্য জমি গ্রহণের যে কাজ সেটা চলছে।

## Setting up of 'Free Trade Zone'

***207.** (Admitted question No. *332.) Shri ABDUL MANNAN: will the Hon'ble Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state--

(a) if it is a fact that the Central Government has agreed to extend financial assistance to the State Government for setting up Free Trade Zone; and

(b) if so, how this assistance is proposed to be utilised by the State Government?

**Dr. Kanai Lal Bhattacharya :** (a) No decision regarding financial

assistance for setting up of a "Free Trade Zone" at Falta, 24-Parganas has been communicated by the Central Govt., till now; and

(b) does not arise.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে, এটা আমাদের একটা দীর্ঘ দিনের দাবী এবং এ ছাড়াও দমদম, সল্ট লেক্ প্রভৃত বিভিন্ন জায়গায় এ জিনিষ করার দাবী আছে। বর্তমানে কাগজে দেখছি যে, Central Government has agreed to set up a Free Trades Zone in Palton area.

এখন এ সম্বন্ধে আপনার ডিপার্টমেন্টের বা আপনার কি জানা আছে এবং যা জানা আছে তা আমাদের একটু দয়া করে জানাবেন কি?

**ডঃ কানাই লাল ভট্টাচার্য ঃ** এখানে প্রশ্নটা যেভাবে আছে তাতে এই সমস্ত কথা আসে না। এ ব্যাপারে সেন্ট্রাল গভর্ণমেন্ট আমাদের কোন ফাইনানসিয়াল এ্যাসিসটেন্স দেননি। কিন্তু রিসেন্টলি গভর্ণমেন্ট অফ্ ইন্ডিয়ার কমার্স মিনিষ্টার আমাদের চীফ্ মিনিষ্টারকে একটা চিঠি লিখে জানিয়েছেন যে, ইন্ডিয়া গভর্ণমেন্ট ফলতাতে একটা ফ্রি ট্রেড জোন্ প্রতিষ্ঠা করতে চান এবং তার প্রিলিমিনারি ওয়ার্ক হিসাবে আমাদের এ্যাডভাইস্ করেছেন যে, ইমিডিয়েটলি চীফ্ সেক্রেটারীকে চেয়ারম্যান করে একটা কমিটি তৈরী করা হোক। আরো বলেছেন যে, এ-ব্যাপারে যে সমস্ত ইনফ্রা-স্ট্রাকচার দরকার হবে তা যেন ষ্টেট গভর্ণমেন্টের পক্ষ থেকে রেডি করা হয়। আমরা কমিটি তৈরী করেছি এবং কমিটি মোটামুটি কত গুলি প্রিলিমিনারি ডিসিসন নিয়েছে। ওখানে পোর্টের যে ৩৮০ একর জমি আছে তার সংগে আরো ১০০/২০০ একর মাঝের জমি গুলি নিয়ে নেবার জন্য ইমিডিয়েটলি সেগুলি এ্যাকুইজিসন করা হবে, ডেভলপ্ করা হবে। সেখানে একটা রাস্তা তৈরী করা হবে এবং ইলেকট্রিক কানেকসন যাতে সেখানে দেওয়া যায় তার জন্য ব্যবস্থা নেওয়া হবে।

### মুর্শিদাবাদ জেলার জজান-রুহাঘাট রাস্তার কাজের উপর ভিজিলেন্স

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৭।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিক কালে মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানার জজান হইতে রুহাঘাট পর্যন্ত মোরাম রাস্তার কাজের উপর ভিজিলেন্স/অ্যান্টি-করাপশন বসান হইয়াছে; এবং

(খ) সত্য হইলে,

(১) কোন্ কোন্ অফিসারের উপর ভিজিলেন্স বসান হইয়াছে, ও

(২) জেলাশাসক ও মহকুমা শাসকের নিকট হইতে উক্ত বিষয়ে কোন রিপোর্ট পাওয়া গিয়াছে কিনা?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** (ক) জেলার ভিজিলেন্স ও অ্যান্টি-করাপসান শাখাকে বিশদ তদন্তের জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) কোন নির্দ্দিষ্ট অফিসারের উপর ভিজিলেন্স বসান হয় নাই।

(গ) হ্যাঁ।

No Supplementry

**খরা পরিস্থিতি মোকাবিলায় সেচের জল সরবরাহ**

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৫।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ আর্থিক বছরে খরা পরিস্থিতি মোকাবিলায় ডি ভি সি, ময়ূরাক্ষী ও কংসাবতী সেচসেবিত এলাকাগুলিতে কত একর জমিতে জল সরবরাহ নির্ধারিত ছিল;

(খ) উপরোক্ত বছরগুলিতে বৎসরের কোন্ কোন্ সময়ের জন্য জল সরবরাহের ব্যবস্থা নির্ধারিত ছিল; এবং

(গ) উক্ত সময়ে কত একর জমিতে জল সরবরাহ করা সম্ভব হয়েছে?

**শ্রীননী ভট্টাচার্য্য :** (ক) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ বছরে নিম্নলিখিত এলাকাগুলিতে খারিক মরশুমে জল সরবরাহ নির্ধারিত ছিল

১৯৮১-৮২

১) ডি. ভি. সি. প্রকল্প = ৮,১০,০০০ একর
২) ময়ূরাক্ষী প্রকল্প = ৫,৫০,০০০ একর
৩) কংসাবতী প্রকল্প = ৭,০০,০০০ একর

১৯৮২-৮৩

১) ডি. ভি. সি. প্রকল্প = ৮,১০,০০০ একর
২) ময়ূরাক্ষী প্রকল্প = ৫,৩৮,৭৬৯ একর
৩) কংসাবতী প্রকল্প = ৭,৫০,০০০ একর

রবি এবং বোরো চাষের জন্য আর্থিক বছরের প্রারম্ভেই কোন জল সরবরাহ সেচের জন্য নির্ধারিত হয় না। জলাধারগুলিতে জলের সঞ্চিত পরিমান, বৃষ্টিপাতের পরিমান এবং রবি ও বোরো চাষের জমির উপর নির্ভর করে।

(খ) ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ বছর গুলিতে নিম্নলিখিত সময়ে খরিফ চাষের জন্য প্রথম জলসরবরাহ শুরু হয়,

১৯৮১-৮২

১) ডি. ভি. সি. প্রকল্প = ১০.৭.৮১।
২) ময়ূরাক্ষী " = ১০.৭.৮১।
৩) কংসাবতী " = ২৭.৭.৮১।

১৯৮২-৮৩

১) ডি. ভি. সি. প্রকল্প = ১.৭.৮২।
২) ময়ূরাক্ষী " = ১২.৭.৮২।
৩) কংসাবতী " = ১১.৭.৮২।

প্রথম জল সরবরাহ শুরু হওয়ার পর, পরবর্ত্তী জল সরবরাহ নির্ভর করে সেচ এলাকায় বৃষ্টিপাত এবং জমির আদ্রতার উপর।

খরিফ চাষের জন্য অক্টোবর মাসে শেষ জল সরবরাহ করা হয়।

রবি চাষের জন্য জল সরবরাহ আরম্ভ হয় ডিসেম্বর মাসের তৃতীয় ও চতুর্থ সপ্তাহে।

বোরো চাষের জন্য উপরোক্ত জল সরবরাহ আরম্ভ হয় এপ্রিল মাসের মাঝামাঝি।

রবি ও বোরো চাষের জন্য কতটা পরিমান জল সরবরাহ করা যাবে তাহা অনেকাংশে নির্ভর করে জলাধারে সঞ্চিত জল রাশির উপর এবং এই কারণে আগে থাকতেই এর জন্য কোনরূপ নির্ধারণ সম্ভব নয়।

(গ) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ বছরগুলিতে নিম্নোক্ত এলাকায় জল সরবরাহ করা সম্ভব হয়েছে।

১৯৮১-৮২

১) ডি. ভি. সি. প্রকল্প।
খরিফ = ৮,০২,৬৫০ একর
রবি = ৩৫,৪১৯ একর
বোরো = ৩,৪৭৭ একর

২) ময়ূরাক্ষী প্রকল্প।
খরিফ = ৫,৪৮,৭৬২ একর
রবি = ৬,১৮৫ একর
বোরো = ৮,৩১২ একর

৩) কংসাবতী প্রকল্প।
খরিফ = ৬,৩৬,৩৫২ একর
রবি = ৪,০১৮ একর

১৯৮২ ৮৩

১) ডি. ভি সি. প্রকল্প
খরিফ = ৭,৫২,৮১৪ একর
রবি = ৪৬,৮০০ একর

২) ময়ূরাক্ষী প্রকল্প
খরিফ -১ম ওয়াটারিং = ৫,৩৯,০০০ একর
২য় ওয়াটারিং = ২,৬৯,৫০০ একর
রবি = ২৪,৫০০ একর

৩) কংসাবতী প্রকল্প
খরিফ -১ম ওয়াটারিং = ৪,৫৬,৫০৬ একর
২য় ওয়াটারিং = ২,৩৯,৩৪১ একর
৩য় ওয়াটারিং = ৬৫,৫৭৫ একর
রবি = ৭১৮৮ একর

[1-50—2-00 p.m.]

**শ্রী তারাপদ সাধুখাঁ :** মাননীয় মন্ত্রী যে বিবরণ দিলেন, ১৯৮২-৮৩ সালে খরা হয়েছিল,

তখন দেখেছিলাম যে ডি. ভি. সি'র কোটা হচ্ছে ৮ লক্ষ একর। তার মধ্যে সাড়ে সাত লক্ষ একরে জল দেওয়া হয়েছে বলে উনি বলছেন, সেটা কতদূর সঠিক সেটা কি তিনি নিজে জানেন?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** ব্যাপার হচ্ছে যে জল আমরা দিচ্ছি। এখন দামোদর জলসেচ ব্যাপারে উপরে যারা থাকে তারা নীচেয় জল পাঠাতে দেরী করে। সেজন্য নিম্ন দামোদর এলাকায় অনেক সময় জল পেতে দেরী, বা অসুবিধা হয়। তবে মাননীয় সদস্য এটা স্বীকার করবেন যে ১৯৮২-৮৩ সালে নিম্ন দামোদর এলাকায় অনেক অসুবিধা সত্ত্বেও জল দেওয়া হয়েছে।

**শ্রী শান্তিমোহন রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ১৯৮২। ৮৩ সালে ডি. ভি. সি এবং কংসাবতী হতে আরামবাগ মহকুমার কোন কোন অঞ্চলে আপনারা সেচের জল দিয়েছিলেন?

**শ্রী ননী ভট্টচার্য্য ঃ** আরামবাগ মহকুমায় বোধ হয় জল দিতে পারিনি কিন্তু নিম্ন দামোদরের অনেক অংশে এবং হুগলী জেলার অনেক অংশেই দিতে পেরেছি। নোটিশ পেলে কোন কোন জায়গায় জল দিতে পেরেছি সবটাই বলে দিতে পারবো।

**শ্রী তারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে বিগত খরা মরশুমে সেচের জল দেবার ব্যাপারটা সেচ দপ্তর কন্টোল করেনি, পঞ্চায়েত সমিতি এবং পার্টির লোকেরা কন্টোল করেছে এবং এর ফলে নানা রকম গন্ডগোলের সৃষ্টি হয়েছে? এর প্রতিকারের জন্য কোন ব্যবস্থা নিচ্ছেন কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য যে কথা বললেন সে সম্বন্ধে আমার জানা নেই। বরং এটাই আমি জানি যে অনেক এলাকায় জেলা পরিষদের সভাধিপতি থেকে আরম্ভ করে পঞ্চায়েত সমিতির সভাপতি. গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং অন্যান্য সদস্যদের সকলকে নিয়ে অনেক জায়গাতে এ-সম্পর্কিত বিরোধ, গন্ডগোল বন্ধ করতে পারা গেছে। অবশ্য তাঁদের সঙ্গে পুলিশ প্রশাসন এবং ইরিগেশন ইঞ্জিনিয়ারও যুক্ত ছিলেন। এবং এইভাবে সকল মানুষের সহযোগিতা পাবার জন্যই ১৯৮২ সালের সেই বিপর্যয়ের সময় চাষীদের জল দেবার ব্যবস্থা করা সম্ভব হয়েছিল।

**Programme to set up industrial units by non-resident Indians**

*211. (Admitted question No. *383.) **Shri SOMENDRA NATH MITRA** : will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state-

(a) whether West Bengal Industrial Development Corporation (WBIDC) has evolved any programme to tap the financial and technical expertise of non-resident Indians who want to set up industrial units in West Bengal;

(b) If so,

(i) what are the salient features of the scheme; and

(ii) what incentives are being offered by WBIDC to facilitate non-resident Indians' participation in the industrial growth of West Bengal?

(a) No. Dr. Kanailal Bhattacharya.

(b) (i) & (ii) Does not arise.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় কানাইবাবু 'না' উত্তর দিলেন। কিন্তু আমার জিজ্ঞাসা হচ্ছে যেখানে নন্-রেসিডেন্ট ইন্ডিয়ান্স ফ্রম এ্যাব্রড বিভিন্নভাবে টাকা পাঠিয়ে ভারতবর্ষে ইন্ডাষ্ট্রী গড়ে তুলতে সাহায্য করছে ইন আদার ফিলডস, সেখানে হোয়াই শুড্ ওয়েষ্ট বেঙ্গল বি ডিপ্রাইভড্ অফ্ দিস্?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** প্রশ্নটা যেভাবে ড্রাফট্ করা হয়েছে তাতে 'নো' বলা ছাড়া উপায় নেই। নন্-রেসিডেন্ট ইন্ডিয়ান্স্ রিসাইডিং ইন ইউ.এস.এ., ক্যানাডা এ্যান্ড গাল্ফ কান্ট্রিজ্ তাঁদের একটি এজেন্সী আছে। সেই এজেন্সীর নাম হচ্ছে কমন্ পোর্ট ইন্টারন্যাসনাল, ইউ.এস.এ। এঁদের সঙ্গে আমাদের ডব্লু.ডি.আই.ডি.সি.-র র‍্যাপোর্ট আছে। সেই র‍্যাপোর্টের মাধ্যমে আমরা তাঁদের ইন্টারেষ্ট ক্রিয়েট করতে পেরেছি এবং আমরা আশা করছি যে উই শ্যাল গেট সাম্ রেজাল্ট ইন দি নিয়ার ফিউচার।

**Dr. Zaimal Abedin** : You have not got anything till now.

**Dr. Kanailal Bhattacharya** : No.

### আরামবাগ মহকুমায় শিল্প কারখানা স্থাপন

*২১২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৬।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগ মহকুমার শিল্প কারখানা স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত কারখানা স্থাপনের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে আরামবাগ মহকুমার গুরুত্ব বিবেচনা করে সেখানে কোন পরিকল্পনা স্থাপনের কথা ভাবছেন কিনা?

**শ্রী কানাইলাল ভট্টাচার্য্য ঃ** সরকার পক্ষ থেকে কোন পরিকল্পনা নেই। তবে বেসরকারী ক্ষেত্রে যদি কোন কার্যকরী পরিকল্পনা নিয়ে কেউ এগিয়ে আসেন সে ব্যাপারে নিশ্চয়ই সরকার থেকে সাহায্য করা হবে।

### ইলেকট্রনিক শিল্পের উৎপাদন লাইসেন্স

*২১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫০।) **শ্রীসুমন্তকুমার হীরা ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ প্রাইভেট কোম্পানী ইলেকট্রনিক শিল্পের উৎপাদন লাইসেন্স পেয়েছে; এবং

(খ) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে উৎপাদনের লাইসেন্স দিতে অস্বীকার করেছে বলে অন্য রাজ্যে উৎপাদনের লাইসেন্স নিয়ে ইলেকট্রনিক্স্ কারখানা স্থাপন করেছে এমন কোন খবর রাজ্য সরকারের আছে কিনা?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) ১৯৭১ - আগষ্ট ১৯৮০ পর্যন্ত মোট ৮টি প্রাইভেট কোম্পানী পশ্চিমবঙ্গে ইলেকট্রনিক শিল্পের উৎপাদনের জন্য কেন্দ্রীয় সরকারের শিল্প লাইসেন্স পেয়েছে। এই প্রাইভেট কোম্পানীগুলি হল —

(১) গ্রামাফোন কোম্পানী অফ ইন্ডিয়া লিঃ (৩টি)

(২) ফিলিপস্ ইন্ডিয়া লিঃ (২টি)

(৩) কনওয়ে সেমি কনডাক্টর, (১টি)

(৪) মেশিনারী ম্যানুফ্যাকচারাস্ করপোরেশন লিঃ (২টি)

(৫) ইলেকট্রব্যান্ড ইন্ডিয়া প্রাইভেট লিঃ (১টি)

(৬) কাঞ্চনজংঘা ইলেকট্রিনিকস্ প্রাইভেট লিঃ (১টি)

(৭) দেবীদে ইলেকট্রনিকস্ ও (১টি)

(৮) সুপার সেমি কনডাক্টার প্রাইভেট লিঃ (১টি)

(খ) এমন কোনো খবর রাজ্য সরকারের জানা নেই।

[2-00—2-10 p.m.]

**শ্রী জয়কেশ মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি লাইসেন্স পাবার পর কোন ইলেকট্রনিক্স কারখানা হয়েছে কি না?

**ডঃ কানাই লাল ভট্টচার্য্য ঃ** এই যে ১৩টি কারখানার কথা বললাম তার মধ্যে ৯টি অলরেডি কমিশন হয়ে গেছে, আর একটার হচ্ছে। ২টি কারখানার লাইসেন্স ক্যানসেল হয়ে গেছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ইলেকট্রনিক্স কারখানাগুলি চালু হয়েছিল। কিন্তু চালু হবার পর ডিউ টু সটেজ অফ পাওয়ার কারখানাগুলি বন্ধ হয়ে যেতে বসেছে। এই সম্বন্ধে আপনি কি স্টেপ নিচ্ছেন?

**ডঃ কানাই লাল ভট্টাচার্য্য ঃ** This is a frivolous questions.

**মিঃ স্পীকার ঃ** এখন কোশ্চেন আওয়ার শেষ, বাকি প্রশ্ন ছেপেই আসবে।

## Starred Questions

### (to which answers were laid on the Table)

### গ্লুকোনেট লিমিটেড কোম্পানীর নতুন শেডের উদ্বোধন

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩০।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১লা জুলাই, ১৯৮৩ গ্লুকোনেট লিমিটেড কোম্পানীর দমদম কারখানায় প্রায় ৮ লক্ষ টাকা ব্যয় করে (মেসিন বসিয়ে) একটি নতুন শেডের উদ্বোধন করা হয়েছে;

(খ) সত্য হইলে, উক্ত শেডে এ পর্যন্ত উৎপাদন আরম্ভ হয়েছে কি; এবং

(গ) না হয়ে থাকলে, কবে নাগাত উৎপাদন আরম্ভ হবে বলে আশা করা যায়?

Minister-in-charge of Commerce & Industries Department

(ক) গ্লুকোনেট লিমিটেড কোম্পানী জীবনদায়ী ঔষধ পেথিডিন উৎপাদন কল্পে গত ১লা জুলাই, ১৯৮৩ তারিখে দমদমে একটি প্রকল্পের উদ্বোধন করেন। প্রকল্পটি নির্মাণ করতে

কোম্পানীর আনুমানিক ব্যয় হয় ৬ লক্ষ ৫০ হাজার টাকা

(খ) না, বিদ্যুৎ সংযোগের অভাবে এখনও উৎপাদন আরম্ভ হয় নাই

(গ) আশাকরা যায় কিছুদিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ পাওয়া যাবে এবং উৎপাদন আরম্ভ করা যাবে।

### Share of production in engineering industry

*215. (Admitted question No. *921.) **Shri DEOKI NANDAN PODDAR :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state--

(a) what was the share of West Bengal to the all India production in engineering industry in 1976-77 and 1982-83; and

(b) what are the constraints affecting the growth of engineering industries in West Bengal?

Minister-in-charge of Commerce & Industries Department

(a) According to the 1982 Hand Book of Association of Indian Engineering Industries, the share of West Bengal to All India Production in engineering industry in 1976-77 was 14.4%. Figures for 1982-83 are no yet available.

(b) Inadequate production of key industrial inputs, viz-cement, power, coal and steel, steep rise in the prices of coal, iron and steel, shortages of railway wagons, rise in railway freight rates and transport charges and constraints in supply of scarce categories of metals are the main reasons which are affecting the growth of engineering industries in the State of West Bengal.

### Unstarred Question

(to which written answers were laid on the Table)

### জঙ্গীপুরে খড়খড়ি ব্রীজের কাজ

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, জঙ্গীপুরে খড়খড়ি ব্রীজের কাজ সম্পূর্ণ হতে কত দেরি হবে?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** মার্চ, ১৯৮৪-তে কাজটি সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

### উর্দু অ্যাকডেমিকে জমি হস্তান্তর

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বিগত ৮ই অক্টোবর, ১৯৮২ তারিখের প্রশ্ন নং ৪৬৩ (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৫)-এর উত্তর উল্লেখে শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, উর্দু অ্যাকাডেমিকে জমি হস্তান্তরের কাজ সম্পূর্ণ হয়েছে কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না।

### গ্রামীণ বৈদ্যুতিকরণকৃত নতুন মৌজা

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়

অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৮৩ সালের জানুয়ারি হতে জুন মাস পর্যন্ত সময়ে কতগুলি নতুন মৌজাকে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১৯৮৩ সালের জানুয়ারি হতে জুন মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে ৬০২টি মৌজাকে বৈদ্যুতিকরণ করা হয়েছে।

### ফ্লাড/সাইক্লোন আশ্রয়কেন্দ্র নির্মাণ

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহ করে জানাবেন কি, প্রস্তাবিত ৮৫টি ফ্লাড/সাইক্লোন আশ্রয়কেন্দ্রের মধ্যে কয়টির নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয়া ঃ** ৪৬টি আশ্রয়কেন্দ্রের কাজ সম্পূর্ণ হয়েছে।

### মাটি পরীক্ষাগার

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিমবঙ্গে কয়ট জেলায় মাটি পরীক্ষাগার চালু আছে?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** পশ্চিমবঙ্গে বর্তমানে নিম্নলিখিত মাটি পরীক্ষাগারগুলি চালু আছে ঃ-

(১) কালিম্পং, দার্জিলিং,
(২) মেদিনীপুর,
(৩) মালদা,
(৪) টালীগঞ্জ, ২৪-পরগনা,
(৫) বর্ধমান।

### মেদিনীপুরের পটাটো সীড ফার্ম

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৫১।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মেদিনীপুরের "পটাটো সীড ফার্ম"-এর সম্প্রসারণের জন্য জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হয়েছে কি?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** "পটাটো সীড ফার্ম"-এর সম্প্রসারণের জন্য প্রয়োজনী ১২-৫৬ একর জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হয় নি। এর জন্যে কাজ ত্বরান্বিত করা হচে

### অ্যাংলো-ইন্ডিয়ান স্কুলের নিয়ন্ত্রণ কোড পরিবর্তন

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** গত ৪ঠা অক্টোবর, ১৯৮২ তারিখের প্রশ্ন নং ৩৮৪ (অনুমোদিত প্রশ্ন নং ২২৭১)-এর উত্তর উল্লেখপূর্বক শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পশ্চিমবঙ্গের অ্যাংলো-ইন্ডিয়ান স্কুলগুলোর নিয়ন্ত্রণ কোড পরিবর্তনের কাজ কতদূর অগ্রসর হয়েছে?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** সংশ্লিষ্ট শিক্ষক সমিতির সঙ্গে কয়েক দফা আলোচনা হয়েছে। আরও আলোচনার প্রয়োজন।

## আলিপুর কালেকটারির হাতায় অফিসবাড়ি নির্মাণ

**৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৭২।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, আলিপুর কালেকটারির হাতায় আটতলা অফিসবাড়ি (১৬-তলা ভিত্তি সমেত) নির্মাণের কাজ কবে নাগাত শুরু হবে?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** কাজটির জন্য টেন্ডার ডাকা হইয়াছে। আশা করা যায় এই বর্ষার পরেই কাজটি আরম্ভ হইবে।

## কলিকাতা চক্ররেল প্রকল্প

**৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৯।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতা চক্ররেল প্রকল্প সম্পর্কে বিশেষজ্ঞদের বা রাজ্য সরকারের কোন প্রতিবেদন বা সুপারিশ ছিল কি;

(খ) সেই সব সুপারিশ অনুসারে কেন্দ্রীয় সরকার বর্তমানে কাজ আরম্ভ করেছেন কি; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, সমগ্র চক্ররেল প্রকল্পট শেষ হতে কতদিন লাগবে, তা কি রাজ্য সরকার জানেন?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) রেল মন্ত্রক এ ব্যাপারে কিছু অগ্রসর হয়েছেন এবং কাঁকুরগাছি কর্ড লাইনে গাড়ি চলাচল করছে।

(গ) বর্তমান পর্যায়ে এ প্রশ্নের জবাব দেওয়া সম্ভব নয়।

## অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষকদের পেনসন

**৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৫।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষকরা পেনসন পান কিনা;

(খ) পেয়ে থাকলে, বেতনের কত ভাগ পেয়ে থাকেন; এবং

(গ) ২৪-পরগনা জেলা স্কুল বোর্ডের অধীন কতজন অবসরপ্রাপ্ত শিক্ষক ঐ পেনসন বর্তমানে পাচ্ছেন?

**শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) শেষ তিন বৎসরের বেতনের মাসিক গড়ের ১/১২০ ভাগ ও চাকুরির পূর্ণ বৎসর হিসাবে মেয়াদকালের গুণফল।

(গ) ৩৩ জন।

**আসাম আগত শরণার্থী**

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী, আসাম হইতে উত্তরবঙ্গে আগত কতজন ভারতীয় শরণার্থীকে আসাম সরকার এ পর্যন্ত ফিরাইয়া লইয়া গিয়াছেন?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** আসাম সরকার এখনও পর্যন্ত উত্তরবঙ্গে আগত কোন শরণার্থীকেই ফিরাইয়া লইয়া যান নাই।

**বায়ুদূত বিমান চলাচল**

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি, বায়ুদূত সার্ভিস পূর্ব ঘোষণামত এখনও চালু না হওয়ার কারণ সম্পূর্ণ পরিবহণ দপ্তরের কাছে কোন খবর আছে কি?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** হ্যাঁ, আছে। সম্প্রতি কেন্দ্রীয় পর্যটন ও অসামরিক বিমান চলাচল দপ্তরের মন্ত্রী, শ্রীখুরশেদ আলম খান একটি চিঠিতে মুখ্যমন্ত্রীকে জানিয়েছেন যে, কেবলমাত্র কোচবিহারকে বায়ুদূত বিমান চলাচল কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত বিমানবন্দরের সংস্কার কাজ (যা গত জুন মাসে শেষ হবার কথা ছিল) হলেই ঐ বিমান চলাচল সম্ভব হবে। এই ব্যাপারে বায়ুদূত সংস্থার সঙ্গে রাজ্য সরকারের আলোচনা চলছে।

**গোলাবাড়ি থানার ভবন সংস্কর**

৮৮। অনুমোদিত প্রশ্ন নং ৯৭।) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি, গোলাবাড়ি থানার ভবনটি সংস্কারের পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** পুলিস ব্যারাক ও পুলিস অফিসারদের কোয়ার্টার্স সহ গোলাবাড়ি থানার নূতন ভবন ঐ স্থানে বা অন্যত্র নির্মাণের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। বর্তমানে ভবনটি আর সংস্করযোগ্য নহে।

**হাওড়া পুরসভায় এক্সিকিউটিভ অফিসার নিয়োগ**

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০১।) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া পুরসভায় এক্সিকিউটিভ অফিসার নিয়োগ করা হয় নাই; এবং

(খ) সত্য হলে, এর কারণ কি?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) অফিসারের অভাবে দেওয়া যায় নি।

**কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের নষ্ট যন্ত্রপাতি**

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪।) **শ্রীসরল দেব ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, "কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের" মূল্যবান বহু যন্ত্রপাতি নষ্ট হচ্ছে; এবং

(খ) সত্য হলে, উক্ত যন্ত্রপাতি রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হাঁা, গোড়ার দিকে স্বল্প কিছু যন্ত্রপাতির সামান্য ক্ষতি হয়েছিল।

(খ) মূল্যবান যন্ত্রপাতিগুলি বর্তমানে আচ্ছাদিত ছাউনিতে রাখা হয়েছে।

**হাসপাতাল প্রাঙ্গণে বে-আইনী ঝুপড়ি**

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১২০।) **শ্রীসরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি রাজ্য সরকার বিভিন্ন সরকারী হাসপাতালের প্রাঙ্গণ হইতে বে-আইনী ঝুপড়ি তোলার নির্দেশ দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, বর্তমানে ইহা কোন্ পর্যায়ে আছে?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হাঁা।

(খ) এ সম্বন্ধে যথাসময়ে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**ট্রেজারীতে শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ড-এর টাকা জমা রাখার পরিকল্পনা**

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা ট্রেজারীতে জমা রাখার কোন সরকারী পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, উহার ফলে শিক্ষকেরা কি সুফল পাইবেন?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হাঁা, আছে।

(খ) এই নতুন ব্যবস্থার ফলে শিক্ষক ও শিক্ষা-কর্মীদের ও পৌরসভার কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের টাকার নিরাপত্তা থাকবে। তাছাড়া, তাঁরা সরকারী কর্মচারীদের সমহারে প্রভিডেন্ট ফান্ডের সঞ্চয়ের উপর সুদর পাবেন।

**পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং-এর হেড অফিস স্থানান্তরিত**

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫।) **শ্রীসরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য বারাসাত মহকুমার পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং-এর হেড অফিস

নদীয়া জেলার কল্যাণীতে অবস্থিত; এবং

(খ) সত্য হইলে, ইহা বারাসাতে স্থানান্তরিত না করার কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় সরকারী আদেশ দেওয়া হলেও বারাসাতে বাড়িভাড়া নেওয়ার ব্যবস্থা সম্পূর্ণ না হওয়ায় উক্ত অফিস স্থানান্তরিত করা যায় নি।

### মধ্যমগ্রাম, বসুনগর, নবপল্লী ও নপাড়াকে মিউনিসিপ্যালিটির অধীনে আনার পরিকল্পনা

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫।) **শ্রীসরল দেব ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মধ্যমগ্রাম, বসুনগর, নবপল্লী ও নপাড়াকে মিউনিসিপ্যালিটির অধীনে আনার কোন পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (১) মধ্যমগ্রামে একটি পৌরসভা গঠনের প্রস্তাব সরকারের নিকট আসিয়াছে। উক্ত এলাকা সম্পর্কে ২৪-পরগণা জেলাশাসককে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করিতে বলা হইয়াছে।

২। উপরি-উক্ত প্রস্তাব ছাড়াও উত্তর নবপল্লী গ্রাম পঞ্চায়েত দক্ষিণ নবপল্লী গ্রাম পঞ্চায়েত, নপাড়া গ্রাম পঞ্চায়েত, খিলকাপুর গ্রাম পঞ্চায়েতের পালপাকুড়িয়া ও রামকৃষ্ণপুর মৌজা এবং ইছাপুর-নীলগঞ্জ গ্রাম পঞ্চায়েত এলাকাগুলি লইয়া একটি পৌরসভা গঠনের প্রস্তাব সরকারের নিকট আসিয়াছে। আর একটি প্রস্তাবে উক্ত এলাকাগুলিকে বারাসাত পৌরসভার অন্তর্ভুক্ত করার কথা বলা হইয়াছে।

উপরি-উক্ত দুইটি প্রস্তাব সম্পর্কে ও ২৪-পরগনা জেলাশাসকের নিকট হইতে রিপোর্ট চাওয়া হইয়াছে।

(খ) জেলাশাসকের রিপোর্ট পাওয়ার পরে বিষয়টি বিবেচনা করিয়া সিদ্ধান্ত নেওয়া হইবে।

### এল ২০বি রুটে বাস বৃদ্ধি

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯।) **শ্রীসরল দেব ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসাত হইতে ধর্মতলা অবধি এল ২০বি রুটে বাস বাড়াইবার কোন পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের আছে কি?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না।

### ডাক্তারদের বদলী সংক্রান্ত মামলা

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিম বাংলার বিভিন্ন জেলা হাসপাতাল থেকে ডাক্তারদের বদলী সংক্রান্ত সরকারী আদেশের বিরুদ্ধে কতজন ডাক্তার হাইকোর্টে

মামলা দায়ের করেছেন?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** চার জন।

**কলিকাতা শহরে ট্রামের সংখ্যা**

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে বর্তমানে মোট ট্রামের সংখ্যা কত; এবং

(খ) এর মধ্যে প্রতিদিন গড়ে কতগুলি ট্রাম রাস্তায় চলাচল করে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৪২১ খানি।

(খ) প্রতিদিন রাস্তায় গড়ে ৩০৭ খানি ট্রাম চলাচল করে ।

**কৃষক পেনসন**

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বাংলায় যে সমস্ত কৃষক পেনসন ভোগ করেন তাঁদের টাকা নিয়মিত দেওয়া হয় কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে মাসের কোন্ তারিখের মধ্যে তাঁদের টাকা দেওয়া হয়?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কৃষি মহকুমা আধিকারিকগণ কৃষক পেনসনের টাকা মঞ্জুর ও বিলি করেন। পেনসনের টাকা নিয়মিতভাবে দেওয়ার জন্য তাঁরা সর্বদা সচেষ্ট থাকেন।

(খ) মাসিক যাট টাকা হিসাবে প্রাপ্য পেনসনের টাকা ত্রৈমাসিক ভিত্তিতে দেওয়া হয়।

**কারাবিধি সংস্কার**

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কারাবিধি সংস্কারের জন্য সরকার ইতিমধ্যে কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছেন; এবং

(খ) কারাগারসমূহে বর্তমানে কোন বেসরকারী পরিদর্শক কমিটি আছে কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কারাবিধি সংস্কারের জন্য কারাবিধি সংস্কার কমিটি যে প্রতিবেদন পেশ করিয়াছেন সরকার তারা বিবেচনা করিয়া দেখিতেছেন।

(খ) না, তবে বিবেচনাধীন আছে।

**মধ্যমগ্রামে ট্যাপ ওয়াটারের হাউস কানেকশান**

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০।) **শ্রীসরল দেব ঃ** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মধ্যমগ্রামের ট্যাপ ওয়াটারের হাউস কানেকশান দেওয়ার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** হ্যাঁ, আছে।

**বন্ধ কলকারখানা**

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ৩১শে জুলাই পর্যন্ত কতগুলি ছোট বড় মাঝারি কলকারখানা শ্রমিক অসন্তোষ, বিদ্যুৎ ঘাটতি এবং আর্থিক অনটনের জন্য বন্ধ আছে;

(খ) উক্ত কলকারখানাগুলি বন্ধ থাকার জন্য কতজন শ্রমিক ক্ষতিগ্রস্ত হইয়াছে; এবং

(গ) কতগুলি কলকারখানার শ্রমিকরা বিদ্যুৎ ঘাটতির জন্য ক্ষতিগ্রস্ত হইয়াছে?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৭১।

(খ) ৭,৭৫৯ জন।

(গ) শ্রম দপ্তরে তথ্য নাই।

**বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আর্থিক দুরবস্থা**

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৩।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) আর্থিক দুরবস্থার কারণে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বহু বিভাগ এখনও চালু করা সম্ভব হয় নাই, (২) সার্বিক উন্নয়নের জন্য এ পর্যন্ত কোন মাস্টার প্ল্যান রচিত হয় নাই;

(খ) সত্য হইলে--

(১) সার্বিক উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান রচিত না হওয়ার কারণ কি, ও

(২) আর্থিক দুরবস্থা দূরীকরণে এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) বর্তমানে উক্ত বিশ্ববিদ্যালয়টির কোন্ কোন্ বিভাগ চালু করার জন্য সরকার অনুমোদন দিয়াছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (১) এ রকম কোন অভিযোগ পাইনি।

(২) প্রশ্ন ওঠে না।

(খ) (১) ও (২) বিশ্ববিদ্যালয় এ বিষয়ে শিক্ষা দপ্তরকে বিস্তারিত জানালে আলোচনা করা যেতে পারে।

(গ) বিজনেস ম্যানেজমেন্ট পাঠ্যক্রম প্রবর্তনের জন্য রাজ্য সরকার মঞ্জুরী দিয়াছেন।

**সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকদের বেতন বৈষম্য**

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** বিগত অধিবেশনের ২২শে এপ্রিল, ১৯৮৩ তারিখের প্রশ্ন নং ৪৪৫ (অনুমোদিত প্রশ্ন নং ৭০৪)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৩ সালে ইউ জি সি-এর বেতনক্রম চালু হওয়ার পরও তুলনামূলকভাবে সরকারী ও বেসরকারী সহ স্পনসর্ড কলেজগুলির নিযুক্ত পশ্চিমবঙ্গ উচ্চ শিক্ষা কৃত্যকের প্রফেসর সহ অন্যান্য স্টাফদের বেতন ও অন্যান্য সুযোগসুবিধাগুলি বিবেচনার বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত বিষয়টি আশু সমাধানকল্পে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সরকারী ও বেসরকারী কলেজের শিক্ষকদের বেতনহার, মহার্ঘ ভাতা, চিকিৎসা ভাতা প্রভৃতির মধ্যে পার্থক্য নেই। কেবলমাত্র অধ্যক্ষের ক্ষেত্রে সরকারী কলেজে মাত্র একটি স্কেল আছে (১,৫০০--২,৫০০), বেসরকারী কলেজে দুটি স্কেল আছে (১,২০০–১,৯০০ এবং ১,৫০০–২,৫০০)।

(খ) অধ্যক্ষদের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

### বাঁকুড়া জেলায় বিভিন্ন প্রকল্পের জন্য ব্যয়

**১০৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ১৯৮২-৮৩ সালে (জানুয়ারি পর্যন্ত) বাঁকুড়া জেলায় কি পরিমাণ অর্থ ও কি পরিমাণ খাদ্যশস্য ব্লক ও পঞ্চায়েতগুলিতে কি কি প্রকল্প চালু করার জন্য ব্যয় করা হইয়াছে (পৃথক পৃথক হিসাব);

(খ) বর্তমান আর্থিক বৎসরে ৩১শে জুলাই পর্যন্ত কি কি প্রকল্প রূপায়ণের জন্য উক্ত জেলা পরিষদকে কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(গ) উক্ত জেলা পরিষদে প্রয়োজনীয় সংখ্যক সাব-অ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার আছে কিনা; এবং

(ঘ) না থাকিলে, কবে নাগাত শূন্য পদগুলি পূরণ করা হইবে বলিয়া আশা করা যায়?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বিভিন্ন প্রকল্পের ব্লকওয়ারী খরচের হিসাব লাইব্রেরী টেবিলে রাখা হয়।

(খ) বর্তমান আর্থিক বৎসরে বাঁকুড়া জেলা পরিষদকে কোন অর্থ আবন্টন করা হয় নি।

(গ) ও (ঘ) বর্তমানে পাঁচটি পদ আছে এবং পাঁচটিই পূর্ণ আছে। আরও এগারটি নতুন পদ সৃষ্টির ব্যবস্থা জিলা পরিষদ করছেন। নতুন পদগুলি সৃষ্টি হলেই সেগুলি পূর্ণ করা হবে।

### বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের জন্য জমি অধিগ্রহণ

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের জন্য অধিগৃহীত জমির পরিমাণ কত;

(খ) উক্ত বিশ্ববিদ্যালয়ের গৃহনির্মাণের নকশা ও নির্মাণ বাবত (১) কেন্দ্রীয় সরকার, (২) রাজ্য সরকার কত টাকা এ পর্যন্ত মঞ্জুর করেছেন;

(গ) স্ট্যাটুট কমিটি সহ সিলেবাস রচনার কাজ বর্তমান কি পর্যায়ে আছে; এবং

(ঘ) ১৯৮৪ সালের শিক্ষাবর্ষ থেকে ঐ বিশ্ববিদ্যালয়ে (১) কোন্ কোন্ পাঠ্যক্রম শুরু হবে এবং (২) কতজন ছাত্রছাত্রী পঠনপাঠনের সুযোগসুবিধা পাবে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৩০ একর।

(খ) (১) কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত কোন অনুদান দেন নাই।

(২) রাজ্য সরকার এ পর্যন্ত ৩৭,৬৪,৬৬০ টাকা মঞ্জুর করিয়াছেন।

*(গ) স্ট্যাটুট কমিটি প্রথম স্ট্যাটুট রচনা করিয়া আচার্যের অনুদানের জন্য পেশ করিয়াছেন।*

(২) বিশ্ববিদ্যালয় কাউন্সিল স্নাতক স্তরের পাঠ্যক্রম রচনার জন্য কতিপয় কমিটি গঠন করিয়া পাঠ্যক্রম রচনায় ব্রতী হইয়াছেন।

স্নাতকোত্তর স্তরের পাঠ্যক্রম রচনার জন্য অনুরূপভাবে কয়েকটি কমিটি অনুমোদিত হইয়াছে এবং শীঘ্রই কাজ আরম্ভ হইবে।

(ঘ) (১) আশা করা যায় ১৯৮৪ সালের শিক্ষাবর্ষ হইতে মেদিনীপুর জেলায় অবস্থিত স্নাতক পর্যায়ে কলেজগুলি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সহিত সংযুক্ত হইবে। তবে প্রথম শিক্ষাবর্ষে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম চালু থাকিবে।

অনুমান করা যায় যে, ১৯৮৫ সাল হইতে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পাঠ্যক্রম প্রবর্তিত হইবে।

(২) এখনই ছাত্রছাত্রীর সংখ্যা বলা সম্ভবপর নয়।

### মহাজাতি সদনের আয় ও ব্যয়

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১।) **শ্রীকাশীনাথ মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সালের জুলাই মাস পর্যন্ত মহাজাতি সদন থেকে কত টাকা আয় এবং ঐ সদনের জন্য ঐ সময়ে কত টাকা ব্যয় হয়েছে, এবং

(খ) মহাজাতি সদনের মাস্টার প্ল্যানকে কার্যকরী না করার কারণ কি?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আয়—৩৪,৫৪,১২৬.৫০ চৌত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার একশত ছাব্বিশ টাকা পঞ্চাশ পয়সা), ব্যয়—৩২,০৩,০১৮.৬৭ (বত্রিশ লক্ষ তিন হাজার আঠার টাকা সাতষট্টি পয়সা)।

(খ) কোন মাস্টার প্ল্যান নাই। কাজেই কার্যকরী করার প্রশ্ন উঠে না।

### Recommendation of Lighthouse for the Blind

**107.** (Admitted question No. 309.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Relief and (Welfare) Department be pleased to state-

(a) if it is a fact that the Lighthouse for the Blind (LFTB) authorities have refused to accommodate some State Government nominees in as Governing Body; and

(b) if so--

(i) why the Lighthouse for the Blind (LFTB) authorities have refused to accept the recommendation of the Government,

(ii) the names of persons recommended by the State Government for inclusion in the Governing Body,

(iii) the names of the Government nominees who were previously included in the Governing Body, and

(iv) what action has been taken and/or is contemplated by the State Government in the matter?

**Minister-in-charge of the Relief and Welfare (Welfare) Department :** (a) and (b) (i), (ii), and (iii) The State Government had nominated five persons to be on the Governing Body of the organisation. The organisation, however, represented that in terms of their constitution they could accept only two nominees from the State Government and they would prefer to have the Director of Social Welfare and an official of the Education Department. Subsequently the State Government recommended the following persons to be on the Governing Body :-

(1) Shri S. Mukherjee, Special Officer, Relief and Welfare (Welfare) Department - as representative of the Relief and Welfare Department.

(2) Shri Sadhan Gupta, Additional Advocate-General, West Bengal - as representative of the Education Department.

The organisation have not, however, intimated their acceptance of the nominees to the State Government so fare.

(iv) Grants-in-aid to the organisation have been held up since 1979-80. The Government, however, propose to review the entire matter.

**Sharp fall in food production in West Bengal**

**108.** (Admitted question No. 310.) Shri ABDUL MANNAN : Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state-

(a) whether it is a fact that there has been a sharp fall in food production in West Bengal during the past five years; and

(b) if so, what was the output in 1977-78 and in 1982-83?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বিগত পাঁচ বছরে পরিপন্থী প্রাকৃতক অবস্থার ফলে পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনের হারে তারতম্য ঘটেছে।

(খ) ১৯৭৭-৭৮ সালে উৎপন্ন খাদ্যশস্যের মোট পরিমাণ ৮৯ লক্ষ ৭০ হাজার ২০০ টন; ১৯৮২-৮৩ সালে এই উৎপাদনের পরিমাণ ৫৮ লক্ষ ৬০ হাজার টন।

**Enquiry of collapsed Grand Hotel portico**

**109.** (Admitted question No. 313.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state-

(a) whether the Calcutta Corporation authorities have enquired into the circumstances under which a portion of Grand Hotel portico had collapsed on 5th August, 1983; and

(b) if so-

(i) what are the findings; and

(ii) the action taken and/or is contemplated by the Corporation?

**Minister-in-charge of the Local Government and Urban Development Department :** (a) Yes.

(b) (i) It was revealed during inspection that the supporting struc-

*tural members of the portico were corroded and worn out due to old age. There was a terraced garden on this portion and due to heavy rain during that period, the worn out supporting members of the portico were over-*strained and resulted in collapse of the portion of the portico.

(ii) The Corporation of Calcutta took action under rule 5(4) of Schedule-XVII of the Calcutta Municipal Act, 1951, and demolished the dangerous portion of the portico.

### Discrepancies in the audit accounts of Mahajati Sadam Trust

**110.** (Admitted question No. 314.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state-

(a) if it is a fact hat the auditors have pointed out discrepancies in the last audited accounts of Mahajati Sadan Trust; and

(b) if so-

(i) what are the discrepancies pointed out by the auditors, and

(ii) the steps, if any, taken in the matter?

**Minister-in-charge of the Public Works Department.** (a) No.

(b) (i) and (ii) Do not arise.

### Fertiliser consumed in West Bengal

111. (Admitted question No. 316.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state-

(a) whether it is a fact that the quantity of fertiliser consumed in West Bengal during 1982-83 was lower than the quantity consumed in 1981-82, 1980-81 or 1979-80; and

(b) if so-

(i) what quantity of fertiliser was consumed in West Bengal during the periods mentioned above, and

(ii) the reason for the lower consumption of fertiliser in West Bengal during 1982-83 as compared to the consumption in previous years?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) অভুতপূর্ব খরা সত্ত্বেও ১৯৮২-৮৩ সালে এই রাজ্যে সারের ব্যবহার ১৯৭৯-৮০ ও ১৯৮১-৮২ সালের থেকে কম হয় নি। কিন্তু ১৯৮০-৮১ সালের চাইতে কিছু কম হয়েছে।

(খ) (১) উদ্ভিদ খাদ্যের পরিমাণ হিসাবে ১৯৭৯-৮০ সালে ২ লক্ষ ৪০ হাজর ৭ শত ১৬ টন, ১৯৮০-৮১ সালে ২ লক্ষ ৮২ হাজার ৮ শত ৩৪ টন, ১৯৮১-৮২ সালে ২ লক্ষ ৫৮ হাজার ৪ শত ৫৭ টন, ১৯৮২-৮৩ সালে ২ লক্ষ ৬১ হাজার ৬ শত ৯ টন সার এই রাজ্যে ব্যবহার করা হয়েছে।

(২) ১৯৮১ সালের প্রায় মধ্যভাগ থেকে খরা শুরু হয়। ক্রমাগত অনাবৃষ্টির ফলে ১৯৮২-৮৩ সালে কৃষিকাজের প্রভূত ক্ষতি হয়। সেই কারণে মূলত ১৯৮২-৮৩ সালে সারের ব্যবহারের পরিমাণ কিছু কম হয়।

## Use of high yielding variety seeds

**112.** (Admitted question No. 317.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state-

(a) whether it is a fact that the use of high yielding variety seeds is only confined to limited area in West Bengal; and

(b) if so-

(i) the reasons thereof, and

(ii) the steps, if any, taken by the Governmetn to spread this variety to major part of the State?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) পশ্চিমবঙ্গের কোন বিশেষ এলাকায় উচ্চফলনশীল ধান বীজের ব্যবহার সীমাবদ্ধ একথা সত্য নয়।

(খ) (১) এবং (২) প্রশ্নই ওঠে না।

## Report regarding conditions at Dum Dum Central Jail

**113.** (Admitted question No. 321.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state-

(a) whether the State Government has received the report of the Chief of News Bureau of the "Telegraph" regarding conditions at Dum Dum Central Jail; and

(b) if so-

(i) what irregularities in the living conditions of prisoners and medical facilities for ailing prisoners have been pointed out in the report, and

(ii) steps taken by the State Government to improve the condition of the Dum Dum Central Jail?

**Minister-in-charge of the Home (Jails) Department :** (a) Yes.

(b) (i) Reference was made to some deficiencies in the maintenance of stray children and non-criminal lunatics, supply of medicine, blankets, clothings and beddings, condition of the buildings, etc.

(ii) Non-criminal lunatics have been shifted to the newly opened Institute of Mental Health for treatment and care; stray children have been removed to the Institute of Correctional Services, Barasat; clothings and wearing apparels are being issued as per rules; condition of kitchen and ovens has been improved; supply of essential articles is being monitered properly.

## Smuggling of foodstuff and medicines out of the Jails in West Bengal

**114.** (Admitted question No. 322.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state-

(a) whether the State Government has received any report about

smuggling of the foodstuff and medicines out of the Jails in West Bengal; and

(b) if so, the steps taken by the State Government to prevent such smuggling?

**Minister-in-charge of the Home (Jails) Department :** (a) and (b) Some complaints have been received about smuggling of foodstuff and medicine of the Jails. Vigilance inside has been stepped up. Medical History Cards have been introduced. Monitoring is done about supply of medicine and foodstuff.

### Arrear accounts of NBSTC

**115.** (Admitted question No. 346.) **Shri HUMAYOUN CHOWDHURY :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state-

(a) whether it is a fact that compilation of arrear accounts of North Bengal State Transport Corporation (NBSTC) for the period from 1977-78 to 1982-83 has not been completed so far; and

(b) if so-

(i) the reasons for such delay; and

(ii) the steps taken in the matter?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (a) Yes.

(b) (i) The delay was due to the misconception that final accounts as required in the case of commercial organisations need not be prepared in respect to NBSTC.

(ii) Steps are now being taken for appointment of an audit and accounts firm for compilation of the arrear accounts of the Corporation.

### Subsidiary Zoo in Calcutta

**116.** (Admitted question No. 348.) **Shri HUMAYOUN CHOWDHURY :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state-

(a) whether there is any proposal to set up a subsidiary Zoo in Calcutta; and

(b) if so-

(i) in which area the subsidiay Zoo is likely to be set up,

(ii) what would be the salient features of the Zoo, and

(iii) what action has been taken in the matter so far?

**Minister-in-charge of the Environment Department :** (a) Yes, Government is contemplating setting up of a subsidiary Zoo near Calcutta.

(b) (i) The site has not yet been selected.

(ii) The Zoo will be of open-air type having wider space and natural condiions for animals as far as possible such as sufficient water areas, trees, shrubberies and marshy lands.

(iii) Action has already been initiated for selection of a suitable site. A preliminary identification of six possible sites for the proposed Zoo has been made by the CMDA's planners. On the basis of the comparative analysis three sites were selected for inspection by a team. After inspection, the team suggested the site adjoining the Jheel Meel, Salt Lake.

**Eviction of hawkers**

**117.** (Admitted question No. 349) **Shri HUMAYOUN CHOWDHURY :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state-

(a) whether State Government has taken steps for eviction of hawkers from some areas of Calcutta; and

(b) if so-

(i) the areas from whether hawkers have been removed,

(ii) the areas from whether hawkers have not been removed, and

(iii) steps taken by Government to rehabilitate the evicted hawkers?

**Minister-in-charge of the Local Government and Urban Development Department :** (a) Yes.

(b) (i) (a) The areas falling within 50 ft. of important road junctions.

(b) Carriageways of all roads.

(c) Braburne Road.

(d) Babughat area.

(e) Vicinity of Sealdah Station and Flyover area.

(f) Space in front of premises Nos. 1 to 12, Jawaharlal Nehru Road.

(g) B. B. D. Bag.

(h) Calcutta Maidan including Esplanade bus terminus (minus the area now under occupation of about a hundred stalls to be shifted elsewhere).

(i) Surendra Nath Park area.

(j) Lyons Range.

(ii) Areas other than those described above.

(iii) The following steps were taken by Government to rehabilitate the evicted hawkers :-

(a) Hawkers evicted from the Sealdah area due to construction of the Flyover were rehabilitated in 824 stalls near N.R.S. Hospital, Acharya Prafulla Chandra Road, in the boulevard of the C.I.T. Road (Moulali) and in stalls along the Acharya Prafulla Chandra Road from Sealdah Railway Station to Rajabazar Tram Depot.

(b) Hawkers removed from Sarat Bose Road have been rehabilitated in the western and southern side of Deshapriya Park.

(c) Hawkers evicted from Kalighat area due to construction of Metro Railway were rehabilitated in the southern and eastern side to Kalighat Park.

(d) Land had been acquired at Beliaghata, Narkeldanga, Northern Avenue, Maharshi Debendra Road and Ahiritola Lane by the CMDA and

stalls constructed at an expenditure of abut Rs. 50 lakhs. Only a few hawkers have so far occupied the stalls constructed in Beliaghata near Alochaya Cinema and in Narkeldanga area. As the remaining hawkers declined to occupy the stalls, the same are being used by others. The CMDA has also acquired a piece of land at Garden Reach in front of the South Eastern Railway Head-quarters and constructed stalls thereon. But the stalls were either not occupied or abandoned by the hawkers.

**Bifurcation of the Ministry of Information and Cultural Affairs**

**118.** (Admitted question No. 355.) **Shri ABDUR RAUF ANSARI:** Will the Chief Minister and Miniter-in-charge of the Home (P&AR) Department be pleased to state-

(a) whether it is a fact that the West Bengal Administrative Reforms Committee, headed by Dr. Ashoke Mitra, has suggested bifurcation of the Department of Information and Cultural Affairs; and

(b) if so, what action has been taken by the State Government in the matter?

**Minister-in-charge of the Home (P&AR) Department :** (a) Such a suggestion has been noted in the report.

(b) The report of the Administrative Reforms Committee is under examination of Government.

**Grants to the Lighthouse for the Blind**

119. (Admitted question No. 364.) **Shri ABDUR RAUF ANSARI:** Will the Minister-in-charge of the Relief and Welfare Department (Welfare) be pleased to state-

(a) whether it is a fact that the State Government has stopped annual welfare, annual maintenance, ad-hoc and some other grants to the Lighthouse for the Blind (LFTB) since 1981; and

(b) if so-

(i) why release of financial assistance to this institution has been stopped by the State Government, and

(ii) total amount of grants released by the Government for payment to this institution during 1978-79 and 1979-80?

**Minister-in-charge of the Relief and Welfare (Welfare) Department :** (a) The ad-hoc annual maintenance grant has not been given for the last three years. However, they are receiving the capitation allowance for maintenance of blind inmates regularly.

(b) (i) Government recommended two persons to be included in the Governing Body of the institution as representatives of the Relief and Welfare Department (Welfare Branch) and Education Department. The organisation have not intimated their acceptance of the nominees of the State Government so far.

(ii) 1978-79-Rs. 45,000, 1979-80- Rs. 70,000.

### Low rainfall at the time of sowing seeds for "aman" crop

**120.** (Admitted question No. 369.) **Shri ABDUR RAUF ANSARI:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state-

(a) if it is a fact that some districts in West Bengal had low rainfall at the time of sowing of seeds for the "aman" crops this year; and

(b) if so-

(i) to what extent the crops are likely to be affected due to low rainfall in these districts, and

(ii) the steps taken by the State Government in the matter?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) ফলত ঃ এ প্রশ্ন ওঠে না।

### Ground water level in Calcutta

**121.** (Admitted question No. 371.) **Shri ABDUR RAUF ANSARI:** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state-

(a) if it is a fact that Calcutta city's ground water level is going down alarmingly since the last few years; and

(b) if so-

(i) the present position,

(ii) its effect on the water-supply system of the city, and

(iii) the steps taken by the State Government in the matter?

**Minister-in-charge of the Local Government and Urban Development Department :** (a) Ground water level varies according to sessional variation. The water level goes down specially in summer and at times of draught as in any other city. There is no specific information from which it can be asserted that the city's ground waster level is alarmingly going down.

(b) (i) During monsoon the water level has almost reached the normal level in the city area.

(ii) During summer tubewells give less yield than normal.

(iii) State Government in co-operation with Calcutta Corporation, CMDA and CMWSA has taken steps to meet water shortage. During summer when the yield from tubewells is diminished, Corporation supplies additional quantity of water (i) by tankers or (ii) by bringing such areas within the command of Palta water supply or (iii) Garden Reach water supply system as far as possible.

### Retirement age of the State Government employees in West Bengal

**122.** (Admitted question No. 372.) **Shri ABDUR RAUF ANSARI:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state-

(a) what is the retirement age of the State Government employees in West Bengal as compared to the retirement age of Government employees in other States; and

(b) whether the State Government has any proposal to change the retirement age of the Government employees in West Bengal?

**Minister-in-charge of the Finance Department :** (a) The retirement age of Group 'A', 'B' and 'C' employees of the West Bengal Government is 58 years and that of the Group 'D' employees who entered into West Bengal Government Service after 1st July 1948 is 60 years. Group 'D' employees who entered into Government service before 1st July 1948 may be retained up to 65 years of age if they are physically fit and mentally alert. Information about retirement age of Government employees in other States is not readily available. In most of the States the retirement age is 58 years; in Andhra Pradesh it has been reduced to 55 years recently.

(b) The State Government has no proposal to change the retirement age of its employees.

### Licensing of goods booking agencies

**123.** (Admitted question No. 375.) **Shri ABDUR RAUF ANSARI** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state-

(a) whether the State Government has taken steps to enforce licensing of the goods booking agencies engaged in the business of collecting, forwarding or distributing goods carried by public carriers; and

(b) if so-

(i) the steps taken and/or is proposed to be taken by the State Government, and

(ii) the number of goods booking agencies to whom licence has been issued by the Public Vehicles Department?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (a) Yes.

(b) (i) Raids have been launched in collaboration with the local police to identify such firms without valid authorisations.

(ii) So far five agents' licences have been issued by the Public Vehicles Department, Calcutta.

### Audit accounts of Mahajati Sadan Trust

**124.** (Admitted question No. 378.) **Shri ABDUL RAUF ANSARI :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state-

(a) whether it is a fact that accounts of Mahajati Sadan Trust for the period between 1978-79 to 1982-83 have not been audited so far ; and

(b) if so-

(i) what is the reason for delay, and

(ii) when are these accounts likely to be audited?

**Minister-in-charge of the Public Works Department :** (a) No.

(b) (i) and (ii) Do not arise.

### IPS Association

**125.** (Admitted question No. 379.) **Shri ABDUR RAUF ANSARI** Will the Minister-in-charge of the Home (P&AR) Department be pleased › state-

(a) whether the State Government has received any suggestion from ?S Association for better cohesion between the police and the administra-on for rendering services to the people more effectively; and

(b) if so-

(i) what are the suggestions, and

(ii) what action has been taken or proposed to be taken by the State iovernment in the matter?

**Minister-in-charge of the Home (P&AR) :** (a) The State Govern-ıent have not received any suggestion from the IPS Association for better ›hesion between the police and the administration for rendering services › the people more effectively.

(b) (i) and (ii) Do not arise.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To day I have received four notices of Adjournment ıotion. The first one which is from. Shri Kashinath Misra, deals with the ubject of deplorable condition in the Medical Colleges and Hospitals in he State the second one is from Shri Abdul Mannan, which deals with he subject of deterioration of law and order situation in West Bengal. The hird one is from Shri Deokinandan Poddar which deals with the subject f huge accumulation of garbage in various places in Calcutta causing ıenace to public life and the last one is from Dr. Zainal Abedin, which eals with the subject of serious situation in different hospitals due to gitation of the Junior Doctors. The subject matter of all the motions abled by the Members fall under the day to day administration. Hence I vithhold my consent to the above motions. One Member of the party may, ıowever, read out the text of his motion as amended.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker Sir. I do not question your visdom. The situation is very serious. It is reported that Chief Minister ıas directed the patients not to come to the Hospitals... এখন তো এই অবস্থা। চফ মিনিষ্টার নিজে বলেছেন কোন রোগী যেন হাসপাতালে না যায়। আমার হেলথ্ উপার্টমেন্টের লোক বলছে কাজ চালানো যাচ্ছে না।

**Shri Jyoti Basu :** এই কথা আমি বলিনি।

**Dr. Zainal Abedin :** কাগজে তো এই কথা বলছে।

**Shri Jyoti Basu :** কাগজে কি বললো না বললো আমি জানি না। আপনারা তো এই সব কাজে উস্কানি দিচ্ছেন। আপনারা সামলাতে পারছেন না।

**Dr. Zainal Abedin :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :-

The protracted agitation in the form of cease work, work to rule strikes and threats to strike and running of parallel outdoors by the Junior Doctors in the State Hospitals have given rise to a very serious situation resulting in immense suffering of the ailing section of the society. The State Government has failed totally in this matter. There are statements often contradictory one to the other by the Health Department of the State. Lack of understanding of these problems and blind eyes to the sufferings of the weaker section of the people on the one hand and apathy and antipathy of the State Government have brought down the present state of affairs not only in Hospitals but in every sphere of life in the State.

There is a threat of a continuous strike by the Federation of the Junior Doctors in the State Hospitals starting from Wednesday the 21st of September, 1983 and without meeting the situation with the earnestness it deserves, the State Government and the State Chief Minister's direct call to the patients not to come to the Hospitals is a definite sign of total breakdown of the apparatus of State's administrative machinery.

এতবড় একটা গুরুত্বপূর্ণ জিনিষ, এখানে চিফ মিনিষ্টার উপস্থিত আছেন, আপনি ওঁর কনসেন্ট নিন্ উনি এ ব্যাপারে কোন বিবৃতি দেবেন কিনা। লেট আস নো দি প্রেজেন্ট পজিশান।

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি এখুনি জানিয়ে দিচ্ছি। ওঁদের কোন দাবী নেই। ওঁদের আন্দোলন রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। এতে আপনাদের ঘাবড়াবার কিছু নেই, সব কিছু ঠিক হয়ে যাবে।

(গোলমাল)

Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 9 notices of Calling Attention namely:-

1. Alleged death of two persons by Police firing at Joypur under Amdanga P.S. on 18.9.83 following a Qurbani - Shri Nani Kar and Shri Saral Deb.

2. Alleged murder of two Cong(I) supporters in Chopra P.S. by some anti-social elements on 20.8.83 - Shri Chowdhury Md. Abdul Karim

3. Incidents of docoities and catle lifting throughout Islampur subdivision, West Dinajpur - Shri Chowdhury Md. Abdul Karim

4. Threatened cease work by Junior doctors in the State Hospitals - Shri Chowdhury Md. Abdul Karim

5. Apprehended deterioration of law and order & economic loss due to the proposed Bangla Bandh on 28.9.83. - Shri Chowdhury Md. Abdul Karim.

6. Devastating flood in the rivers of West Dinajpur district - Shri Dipendra Barman and Shri Dhirendra Nath Sarkar.

7. Suffering of the daily passengers of Bankura due to suspension of bus service on Bankura Durgapur Road - Shri Kasinath Misra.

8. Alleged murder of one Satyen Kar, a veteran sportsman and six others at Howrah - Shri Asok Ghosh and Shri Abdul Mannan

9. Junior doctor's strike in the hospitals - Shri Saral Deb

I have selected the notice of Shri Nani Kar and Shri Saral Deb on the subject of 'Alleged death of two persons by Police Firing at Joypur under Amdanga P.S. on 18.9.83 following a Qurbani.'

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Patit Paban pathak :** Tomorrow.

**Mr. Speaker :** I now call upon the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of alleged murder of one Krishna Nandan Singh, a Congress (I) leader at Burrabazar. (Attention called by Shri Asok Ghosh on the 12th September, 1983).

**Shri Jyoti Basu :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বিধান সভার সদস্য শ্রী অশোক ঘোষ মহাশয় কর্তৃক গত ১২.৯.৮৩ তারিখে আনীত বড়বাজার এলাকার কংগ্রেসী নেতা শ্রী কৃষ্ণ নন্দন সিং - এর হত্যার ব্যাপারে দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমি এই বিবৃতি দিচ্ছি।

২) শ্রী কৃষ্ণ নন্দনকে হত্যা করে গঙ্গার জলে নিক্ষেপ করা হয়েছে এই অভিযোগ অসত্য।

৩) গত ১১.৯.৮৩ তারিখে বেলা ২.২৫মিঃ নাগাদ কলিকাতার স্ট্র্যান্ড রোডের উপর ফোর্ট উইলিয়ামের সেন্ট্রাল স্কুলের কাছে এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ পাওয়া যায়। অনুসন্ধানে জানা যায় যে এ' মৃতদেহটি ৫২।১।১ নম্বর স্ট্রান্ড রোড নিবাসী কৃষ্ণ নন্দন সিং-এর। মৃতের বয়স আনুমানিক ৪০ বৎসর। মৃতের দেহে রক্তাক্ত আঘাতের চিহ্ন ছিল। মৃতের ব্যবহৃত পোষাকে এবং সন্নিহিত রাস্তার উপরে গাড়ির চাকার ছাপ দেখা গিয়েছিল। মৃত ব্যক্তির গায়ে মোটর গাড়ীর তেলও লেগে ছিল। এ ব্যাপারে সাউথ পোর্ট থানা ১১.৯.৮৩ তারিখে মোটর দুর্ঘটনার একটি মামলা দায়ের করেছে।

৪) মৃত ব্যক্তির আত্মীয়দের অনুরোধে কলিকাতা মেডিকেল কলেজের ফরেনসিক এবং ষ্টেট মেডিসিন বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধানের প্রত্যক্ষ তত্ত্বাবধানে শ্রী সিং-এর শব ব্যবচ্ছেদ করা হয়। মৃতের ভিসেরা পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট এখনও পাওয়া যায়নি।

৫) বেপরোয়া গাড়ী চালিয়ে মৃত্যু ঘটানোর অপরাধে সাউথ পোর্ট থানা ১৫.৯.৮৩ তারিখে এ সম্পর্কে আর একটি মামলা দায়ের করেছে। তদন্ত চলছে।

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-Charge of the Home (Police) Department of makes a statement on the subject of alleged

murder of one Bhudeb Gaswami at Kultaka Village under Shaltara P.S. Bankura on the 2nd September, 1983.

(Attention called by Shri Subhas Goswami on the 13th September, 1983.)

**শ্রী জ্যোতি বসু ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

গত ২রা সেপ্টেম্বর, ১৯৮৩ তারিখে শালতোড়া থানার কুলটুকা গ্রামে ভবদেব গোস্বামীর খুন ও অন্যান্য দিনমজুরদের উপর আক্রমণের ঘটনার উপর বিধান সভার সদস্য শ্রী সুভায গোস্বামী মহাশয় কর্ত্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে আমি নিম্নলিখিত বক্তব্য রাখতে চাই ঃ

গত ১লা সেপ্টেম্বর, ১৯৮৩ তারিখে রাত ৯টা ২০মিঃ সময় শালতোড়া থানার কুলটুকা গ্রামের দ্বিজপদ মন্ডলের ছেলে অনিরুদ্ধ মন্ডল (সি পি আই-এম) থানায় একটি লিখিত এজাহার দেন - ঐ দিন বিকেল যখন সি পি আই-এম পরিচালিত একটি যুদ্ধবিরোধী শান্তি মিছিল মক্ষনপুর থেকে কুলটুকার দিকে ফিরে আসছিল, আদিত্য গোস্বামীর নেতৃত্বে ২০।২৫ জন ব্যক্তি হঠাৎ ঐ মিছিলকারীদের আক্রমণ করে। মিছিলে অংশগ্রহণকারী শিবরাম মন্ডল, রামনাথ মন্ডল, মদন মন্ডল এবং ভুবকা বাউড়ী-র মধ্যে শেযোক্ত দু'জন আক্রমণকারীদের হাতে লাঞ্ছিত হন। তা ছাড়া যজ্ঞেশূর মন্ডলের বাড়ীতে ইঁট-পাটকেল ছোঁড়া হয়। তিনি আরও জানান যে ৫।৬ জন লোক রমানাথ মন্ডলকে তাড়া করে এবং কিছু কিছু গ্রামবাসীর উপর নানারকম অত্যাচার চালাচ্ছে। পুলিশ সূত্রে এই সব অভিযোগ এর কোন সারবত্তা পাওয়া যায় নি।

গোগরা গ্রাম পঞ্চায়েতের পূর্ববর্তী অঞ্চল প্রধানকে অনাস্থা প্রস্তাবের মাধ্যমে অপসারিত করে শ্রী আদিত্য গোস্বামী অঞ্চল প্রধান হয়েছিলেন। গত পঞ্চায়েত নির্বাচনের পর গ্রাম পঞ্চায়েতের নব নির্বাচিত সদস্যদের মধ্যে একটা সন্দেহ থেকে যায় যে আদিত্য গোস্বামী আবার পুরানো কায়দায় কোন রকম রদবদল করে ফেলবেন কি না। এতদ্ব্যতীত তাঁর প্রধান থাকাকালীন সময়ে একটি পুষ্করিনী খনন এবং খাদ্যের বিনিময়ে কর্ম প্রকল্প রূপায়ণের ব্যাপারে স্থানীয় অধিবাসীদের মনে তাঁর বিরুদ্ধে ক্ষোভ ছিল। স্থানীয় তদন্তে পুলিশের নিকট এ সব তথ্য আসে।

গত ২-৯-৮৩ তারিখে সর্বশ্রী রমানাথ মন্ডল, যজ্ঞেশ্বর মন্ডল এবং মনোহর মন্ডলের নেতৃত্বে প্রায় দু'শ লোকের এক জনতা শ্রী আদিত্য গোস্বামীর বাড়ী ঘিরে ফেলে। শ্রী গোস্বামী পালিয়ে যান। জনতা তখন দরজা ভেঙ্গে বাড়ীর ভেতরে ঢুকে, লোকজনদের মারধোর করে, জিনিযপত্র লুঠ করে ও ক্ষতিসাধন করে। শ্রী আদিত্য গোস্বামীর বাবা শ্রী ভবদেব গোস্বামীর মাথায় টাঙ্গি দিয়ে আঘাত করা হয় এবং তিনি তৎক্ষণাৎ মারা যান। বাড়ীর অপর কিছু লোক, এবং মজুররাও আহত হন। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে বিভিন্ন গ্রামীণ বিষয় নিয়ে শ্রীরমানাথ মন্ডল ও অন্যান্যদের সঙ্গে গোস্বামী পরিবারের দীর্ঘ শত্রুতা ছিল।

আক্রান্ত ব্যক্তিরা হলেন আর এস পি-র সমর্থক এবং আক্রমণকারীদের কেউ কেউ সি. পি. আই-এম সমর্থক বলে বর্ণিত।

শ্রী আদিত্য গোস্বামীর লিখিত অভিযোগের ভিত্তিতে একটি মামলা রুজু করা হয়েছে এবং ছ'জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। তদন্ত চলছে। উভয় দলের নেতৃবৃন্দ অকুস্থলে ঘুরে এসেছেন।

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Labour Department to make a statement on the subject of reported transfer of ownership of Kharagpur Unit of Metal Box.

(Attention called by Shri Gyna Singh Sohanpal on the 16th September, 1983).

[2-10—2.20 p.m.]

**Shri Santi Ranjan Ghatak :** Mr. Speaker, Sir, State Government is aware that the Tata Iron & Steel Co. Ltd. has taken steps to take over the Bearing unit of Metal Box Co. Ltd. located at Kharagpur. It is understood that they have agreed to take over the services of all the employees of the unit. The Tatas have indicated that they shall not be disturbing the existing pattern of industrial relations and shall discuss all matters of mutual concern with the recognised union. They have stated that the date of set for taking over of the unit is 1st October, 1983. They have further stated that unless, however, the strike is lifted they cannot get into the factory, take stock of the inventory etc. and thus the date set for take over may be delayed. The Tatas have further assured that all employees will be treated fairly and justly as they treat their other employees.

**Statement Under Rule 346**

**Shri Nani Bhattacharya :** Sir, from the 10th September, 1983 the catchment areas and plain in the districts of Jalpaiguri, Coochbehar and Darjeeling had been experiencing heavy rainfall. The rainfall recorded at Jalpaiguri town during this spell was 840 mm. As a result from the 11th September, 1983 onward water level in the rivers of North Bengal began to rise alarmingly. The rivers Kaljani, Torsa, Sankhosh, Raidok and Jaldhaka - Manasi were in spate while moderage flood passed down the river Tista. Almost all the rivers crossed the danger levels. The Yellow signal was imposed in the river Tista while red signal was given for the other rivers. The flood in these rivers passed down quickly into the lower plains resulting in inundation of large areas and serious damage to the lives and property in the towns and villages in the North Bengal flood plain in the districts of Jalpaiguri and Coochbehar.

During this period heavy lands slides occured in Northern Sikkim and there was apprehension that these lands slides migh have caused blockage of some of the tributories of river Tista. The position is being kept under watch. The flood level in the three northern districts has now started receding.

According to preliminary reports received from the affected districts,

a total area covering six hundred sq. Kms. in Alipurduar Sub-Division of Jalpaiguri District has been affected. 27 Gram Panchayets in blocks of Kumargram, Aliporeduar I & II and Falakata and 15 wards of Alipurduar Municipality with I lakh persons have been affected. More than 20,000 persons had to be evacuated to safer zones. There had been breaches in three embankments and a number of wooden bridges and culverts, were damaged. So far, loss of ten human lives due to floods had been reported. Total number of houses damaged or destroyed is being assessed. Approximately ten thousand houses worth Rs. 50 lakhs have either been damaged or destroyed. Local officers have undertaken necessary rescue and relief measures.

In Cooch Behar district a total area covering 317 sq. Kms. in four sub-divisions of the district viz. Tufangunge, Mathabhanga Dinhata and Sadar have been affected, the worst affected being Tufangunj.

Names of blocks affected are Cooch Behar I and II, Tufangunj I & II, Mathabhanga I and II, Dinhata I & II, Sitalkuchi, Setai. 282 villages and 20 municipal wards with 3,36,800 persons are affected. Loss of Human lives is there. No loss of heads of catals reported. About 4,000 houses damaged or destroyed. Loss of other properties is valued at Rs. 3 lakhs and 40 thousands. 92,000 persons had to be evacuted and given shelter in 174 camps opened for the purpose.

According to the latest report, spur No. 1 to 6 in the river Kaljani at Balabhuti in Toofangan have been washed away endangering Balabhuti village. A big crack has developed at Jorbanglow in Kurseong Sub-division of Darjeeling District. As a result, Jorbanglow Bazar is sinking. Hilcard road is also likely to be damaged. In the district of West Dinajpur, rivers Punarbha, Tangor, Kalick are in spate due to heavy rainfall inundating partially are in police stations Gangarampur, Tapan, Bansihari, Kaliaganj, Kushmandi, Homtabad, Baiganj including 7 wards in Raiganj town.

The river Ganga crossed the danger level at Farakka from 11-9-83 and the flood level in that river has been posing threat by flood-spilling to the low lying areas in the districts of Maldah, Murshidabad and Nadia. The river Fulahar is also in spate, and according to the reports, has eroded nearly 2000' ft. of its bank at Dalal (Bihar). At our repeated requests, the Bihar Govt. is doing bank protective work to check. the erosion. The situation is still grave, as breach of the Dalal embankment of the river Falahar in Bihar would inundate a large track of land in the district of Malda in West Bengal.

Red signal for the low lying areas in P.S. Kaliachak, Manick Bhutnidiara and English bazar in the Ganga river flood plain and to low lying areas in P.S. Harishchandrapur, Fulahar, Ratua in Fulahar Flood plain are continuing as both the river Ganga and Fulahar are still in spate. The extent of damage in these areas is being assessed. Rescue and relief measures are going on. Local officers have undertaken all possible measures to relieve people in distress in the affected areas.

State Government in the Relief Department has so far allotted Rs. 1 lakh as relief contingency, 100 metric tonnes of food grains as G.R. 1000 pcs. of Tarpaulins, 400 pcs. of Dhuty, 200 pcs. of lungies, 600 pcs. of Sarees, 1000 pcs. of children-garments and 500 kg. of milk-powder to the flood affected areas immediately after the occurrence of floods.

[2-20—2-30 p.m.]

একটা কথা আমি মাননীয় সদস্যদের বলি আমরা বিশেষ করে খুব উদ্বেগের মধ্যে আছি, মহানন্দা নদী বিহারের দিকে ধবলা বলে যে জায়গায় আছে যেটা বর্ডার ইন মালদা সেখানে যে কোন সময়ে সাংঘাতিক ব্রিচ হতে পারে এই রকম একটা মেসেজ দীর্ঘ দিন ধরে পেয়েছি। বিহারের যাঁরা ইঞ্জিনিয়ার তাঁরাও সেটা রক্ষা করছেন, আমাদের দিক থেকে মালদহে যাঁরা ইঞ্জিনিয়ার আছেন তাঁরা সেখানে যাচ্ছেন, থাকছেন, তাঁরাও সেটা রক্ষা করার চেষ্টা করছেন, কিন্তু আপ্রাণ চেষ্টা করা সত্ত্বেও এই ২০ ফুট বাঁধের কোথাও দুই তৃতীয়াংশ, কোথাও কোথাও অর্ধেক অংশ ভেঙ্গে গেছে। ২ হাজার ফুট লম্বা বাঁধের বিভিন্ন জায়গার এই রকম একটা অবস্থা হচ্ছে। সেজন্য ইতিমধ্যে মালদহের ডি এম-কে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য এখান থেকে নির্দেশ পাঠান হয়েছে এবং সেই সংগে সংগে আমাদের অফিসার লেভেলে যে সমস্ত টেলেক্স মেসেজ বিহারের মুখ্যমন্ত্রী, সেচ মন্ত্রীর কাছে পাঠান দরকার সেগুলি পাঠিয়ে বলেছি যে সর্বনাশ হয়ে যাবে যদি কোন রকমভাবে এই বাঁধকে রক্ষা করা না যায়। এই হচ্ছে সেখানকার অবস্থা। তারপর জোড়বাংলোর নিচে যে গ্রাম সেখানে ধ্বস নেমেছে এবং সেই গ্রামে ধ্বস নামার ফলে নিয়ার ফিউচারে জোড়বাংলো ধ্বসে যাবার আশংকা দেখা দিয়েছে। অবিলম্বে সেগুলি সম্বন্ধে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে জানাচ্ছি।

**Dr. Zainal Abedin :** Sir, as a corollary to the statement of the Irrigation and Waterways Minister, the Relief Minister should come forward and make a statement. Let us know what are the measures adopted by the Government.

**Mr. Speaker** : I will see if the Relief Minister can make a statement to-morrow.

**শ্রী ননী কর ঃ-** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি খুবই জরুরী বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮ তারিখে ঈদের দিনে আমডাংগা থানার আধহাটা গ্রাম পঞ্চায়েতের অধীন অপুর গ্রামে কোন জায়গায় কোরবাণি করা হবে সেটা নিয়ে যাঁরা কোরবাণী করতে চান তাঁদের জিদের ফলে এবং যাঁরা কোরবাণী করতে চান না অর্থাৎ কোরবাণী বিরোধী তাঁদের জিদের ফলে ওই ১৮ তারিখে কোরবাণী হতে পারে নি। স্যার, আপনি সেখানকার এম এল এ কাজেই আপনি জানেন ২০ তারিখে কাজিপাড়ায় সেই কোরবাণী হয়েছে। আমার বক্তব্যের বিষয়বস্তু হচ্ছে সেই কোরবাণীকে কেন্দ্র করে সেখানে একটা মারাত্মক ঘটনা ঘটে গেছে। কোরবাণী হতে পারল কি পারল না সেটা না জেনে কিছু লোক আগে থেকেই মাইকের মাধ্যমে প্রচার করল যে কোরবাণী করতে দিচ্ছে না, সকলকে গ্রেপ্তার করছে, কাজেই জেহাদ ঘোষণা কর, সকলে জড়ো হও। আমাদের মন্ত্রী বিমলানন্দ মুখার্জী ওই রাস্তা দিয়ে যখন তাঁর এলাকায় যাচ্ছিলেন তখন তাঁর গাড়ী আক্রমন করা হল এবং পাইলট ভ্যান চুর্ণ বিচুর্ণ করা হল। এই ব্যাপারে দ্রুত হস্তক্ষেপ করবার জন্য, মিলমিশ করবার জন্য পঞ্চায়েত সমিতির সভাপতি কানাই মন্ডল এবং আধহাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান,

কংগ্রেসে নেতা গফ্ফর সাহেব যখন চেষ্টা করছিলেন তখন তাঁরাও ম্যান হ্যান্ডেল্ড হয়ে গেলেন। পরিস্থিতি মোকাবিলা করবার জন্য তখন পুলিশকে হস্তক্ষেপ করতে হল এবং তার ফলে শত শত বাড়ী ধ্বংসের হাত থেকে রক্ষা পেল। যেখানে গুলি চলেছে এবং তার ফলে দুজন মারা গেছে এবং ১০জন আহত হয়ে হাসপাতালে পড়ে আছে। আমি যেটা হাউসের সামনে আনতে চাচ্ছি সেটা হচ্ছে কয়েক ঘন্টার মধ্যে যারা এরকম একটা মারাত্মক ঘটনা ঘটাল তারা আবার কোন গোলমাল পাকাতে চাচ্ছে কিনা সেটা দেখা দরকার। মাইকে ওই কথা ঘোষণা করার সংগে সংগে প্রচুর লোক লাঠি সোঁটা নিয়ে চলে এল এবং এদের আরও কোন বড় পরিকল্পনা ছিল কিনা জানিনা। পঞ্চায়েত সমিতির সভাপতি এবং গফ্ফর সাহেব যৌথভাবে চেষ্টা করার ফলে গোলমাল বেশী দূর যেতে পারেনি। এই ঘটনা সম্বন্ধে পুলিশের কাছে এবং আমাদের কাছে কোন ইনফর্মেসিন ছিল না। আমি দাবী করছি এই ব্যাপারে দ্রুত তদন্ত করে যারা অপরাধী তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা উচিত। যারা গ্রেপ্তার হয়েছে তারা অনেকেই পথচারী কাজেই এই সমস্ত নিরীহ লোকরা যাতে ছাড়া পায় তার ব্যবস্থা করা উচিত। এই যে সাংঘাতিক ঘটনা ঘটে গেল এ সম্বন্ধে যদি পলিটিক্যাল লিডার্স-রা হস্তক্ষেপ না করেন, ডি. এম., এস. পি. হস্তক্ষেপ না করেন তাহলে ভবিষ্যতে আবার কি হয় বলা যায় না। এটা বোঝাই যাচ্ছে একটা বড় রকমের ঘটনা ঘটাবার চেষ্টা হচ্ছিল এবং সেখানে বিহারের মত অবস্থা হতে পারত।

সেইজন্য ওখানে এ্যাডমিনিস্ট্রেসন যে দৃঢ় ব্যবস্থা নিয়েছে এটা সঠিক কাজ করেছে। এখনও পর্যন্ত এর সংগে যারা যুক্ত তাদের ধরা যায়। এই ব্যাপারে আমি বিরোধী পক্ষকে বলবো তাঁরা সহযোগিতা করুন। কারণ এই জিনিসটা ছেলে খেলার ব্যাপার নয়। একটা ধর্মীয় প্রশ্ন তুলে, সেটা নিয়ে কিছু লোক গোলমাল করছে। কিন্তু এটা গোলমাল করার ব্যাপার নয়। আমি আগেই বলেছি সেখানে শান্তিপূর্ণ ভাবে কোরবাণী ঘটেছে, মীমাংসায় পৌঁছে গেছে। তা সত্বেও তাকে কেন্দ্র করে কয়েকটি মানুষ এই রকম গন্ডোগোল করতে পারলো? আমি এ এলাকায় গিয়েছি গ্রামে গ্রামে ঘুরেছি--অনেক বন্ধুরা এখানে এসেছে। এই সমস্ত মানুষের বিরুদ্ধে এই রকম জিনিস কি করে ঘটলো। আমি জানি না এই রকম চক্রান্ত যারা করেছে এই চক্রান্তের কথা ওঁরা জানতেন কিনা। আমি চাইবো আপনি এই বিষয়টি একটু দেখবেন। অন্য সব এম. এল. এরাও দেখবেন এবং বিশেষ করে আমাদের সরকার--হোম মিনিষ্টার এই বিষয়টি দেখবেন। আমরা ইতিমধ্যে চেষ্টা করেছি। আপনি জানেন স্যার, বিভিন্ন সম্প্রদায়ের বিভিন্ন পঞ্চায়েতের সমস্ত মানুষদের নিয়ে সেখানে বসা হয়েছে। সেখানে শান্তি যাতে বিঘ্নিত না হয় তার চেষ্টা করা হয়েছে। এবং এখনও পর্যন্ত শান্তি বিঘ্নিত হচ্ছে না। আজকেও সেখানে বসা হবে। সেখানকার মানুষ উদ্যোগী এবং উৎসাহী শান্তি রক্ষা করার জন্য। এটা খুবই ভাল এবং দৃষ্টান্তস্বরূপ সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু তবুও কয়েকটি দুষ্কৃতকারী যে এইরকম গন্ডগোল ঘটিয়ে গেল--তাদের যদি ধরা না যায়, তাদের যদি ব্যবস্থা না করা যায় তাহলে বিপদ আরও সাংঘাতিক হবে। সেইজন্য এই বিষয়টি আমি হাউসের সামনে উত্থাপন করলাম।

[2-30—2-40 p.m.]

**শ্রী জয়নাল আবেদিন ঃ-** The statement of Shri Nani Kar Conbarates ou statement that there is no law and order in the state. So let there be debate on this issue.

**মিঃ স্পীকার ঃ-** আমি এইটুকু বলতে পারি যে যেখানে এই গোলমাল ঘটেছে সেটা হচ্ছে আমার কেন্দ্র--যেখান থেকে আমি নির্বাচিত। খুবই দুঃখজনক ঘটনা ঘটেছে এবং আমিও গিয়েছিলাম। তবে একটু খুব ভাল লক্ষণ দেখেছি যে সমস্ত রাজনৈতিক দলের লোকরা দলমত নির্বিশেষে এর প্রতিবাদ করেছে, বিরোধিতা করেছে, এটাকে ঠেকাবার চেষ্টা করেছে। এটা কোন কংগ্রেসের ব্যাপার নয়। এর মধ্যে একটা অন্য কোন রকম গোলমাল আছে এবং সেই হিসাবেই এটা দেখা দরকার বলে আমার মনে হয়। কোন পলিটিক্যাল লেভেল এটাকে দেখার এ্যাটিচউড গ্রহণ করা উচিত নয়। কারণ ওখানকার মানুষ জানেন যে সেখানে কংগ্রেসের লোক মার খেয়েছে, সি পি এম-এর লোক মার খেয়েছে ফরোওয়ার্ড ব্লকের লোক মার খেয়েছে। এটা প্রমাণিত হয়ে গেছে যে এটা মানুষ চাইছিল না। আমি অনুরোধ করবো এটা খুব ডেলিকেট ইসু—এইভাবে এটা দেখা উচিত নয়। প্রশাসনের কাছে আমার অনুরোধ হবে এটা বিশেষ করে দেখা দরকার। দুষ্কৃতকারী যারা গোলমাল করতে চেয়েছিল তাদের খুজে বের করা দরকার, শাস্তি দেওয়া দরকার। এটা কোরমানীযুক্ত বলে আমি অন্য দিক থেকে কথা বলছি।

**শ্রী সরল দেব ঃ-** মিঃ স্পীকার স্যার, ইদের দিন যখন এই ঘটনা ঘটে আমি তার আধ ঘন্টার মধ্যে সংবাদ পেয়ে ঘটনাস্থলে যাই। এটা ঠিকই কিছু কিছু লোক মাইক নিয়ে অপপ্রচার করেছে। এই ঘটনাটা ঘটে আমডাঙ্গা থানার আধাটা অঞ্চলের জপুর গ্রামে। কোথায় কোরবানী হবে সেই জায়গা নিয়ে হোল গন্ডগোল। এটা নিশ্চয় রাহাজানি নয়, এবং এটা কোন রাজনৈতিক দলের ব্যাপারও বলবোনা। কিছু লোক আছে যারা এই রকম করে। আমডাঙ্গ া থানায় কোন দিন দাঙ্গা হয় নি। ওখানকার লোকরা প্রচণ্ডভাবে অসামপ্রদায়িক। কিন্তু এই ঘটনাটা ঘটলো এক্সচেঞ্জ অব বুলেট লাঠি ইত্যাদি হোল এটা খুবই দুর্ভাগ্যজনক। এই যে ঘটনা ঘটেছে এতে আমার ধারণা হয়েছে পুলিশের একটা অংশ এই চক্রান্তের সংগে লিপ্ত আছে। এই কারণে যে সেই আমডাঙ্গা থানার আধাটা অঞ্চলের জপুর গ্রামটি আধ কিলোমিটার দূরে আমডাঙ্গা থানা। কিন্তু এ থানার সামনে কোন প্রভোকেসন ছিল না। সেখানে কিছু যুবক বসে খবরটা কি শুনছিল। পুলিশ দু চার জন পথচারীকে ধরে বেধড়ক মারধোর আরম্ভ করলো। ২/১ জন প্রতিবাদ করেছিল। তারা গুলি করলো এবং পায়ের দিকে গুলি না করে বুকের দিকে গুলি করলো। কাল বলে একটা ছেলের বুকে গুলি করলো · সে মারা গেল। সেইজন্য কিছু অংশ পুলিশের চক্রান্ত আছে বলে আমি মনে করি। এটা ফাউন্ড আউট করা দরকার। এবং তিন দিন ধরে পুলিশের সামনে মাইকে প্রচার করা হলো - মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ' এলাকাটা আপনার নির্বাচন কেন্দ্র বলে, আপনার বিষয়টা শোনা দরকার। যারা মাইক নিয়ে তিন দিন ধরে প্রচার চালালো, পুলিশ তাদের চেনেনা এটা সঠিক নয়। অথচ আমডাঙ্গার ঘটনাস্থল থেকে অনেক দূরে একটা সিনেমা হল থেকে সিনেমা দেখে যখন লোকেরা ফিরছিল তখন মেয়েছেলে, ব্যাটাছেলে নির্বিচারে সকলকে পুলিশ পিটিয়েছে। সুতরাং পুলিশ যে কাজটা করেছে, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটা কোন দলীয় ব্যাপার নয়। তিন দিন ধরে, যারা মাইকে প্রচার করলো তাদের পুলিশ চেনে, কিন্তু তাদের না ধরে নিরীহ পথচারীদের ধরে নির্বিচারে পিটিয়েছে। পশ্চিমবাংলার যে সুনাম আছে, সেই সুনাম অক্ষুন্ন থাকুক, সেটাই হচ্ছে সকলের কাম্য। তিন দিন ধরে যারা অপপ্রচার চালালো, মাইকে পুলিশ তাদের আইডেনটিফাই করতে পারলো না অথচ ২৫/৩০ জন নিরীহ মানুষকে গ্রেপ্তার করা হয়েছে। সেখানে যে শান্তি মিটিং হয়েছিল, তাতে আপনি ছিলেন, এবং দলমত নির্বিশেষে সকলেই ছিলেন, তাতে বলা হয়েছিল যে যারা নির্দোষ তাদের যাতে ছেড়ে দেওয়া হয়, তার ব্যবস্থা করা হবে, কিন্তু এখনও পর্যন্ত

কিছু হয়নি। সুতরাং স্বরাষ্ট্রমন্ত্রী, তিনি পুলিশের এই ফাংশানটা সম্পর্কে তদন্ত করুন এবং যারা দোষী তাদের শাস্তি দিন। যারা সাম্প্রদায়িকতা প্রচার করেছে, তাদের পুলিশ চেনে, পুলিশ তাদের একজনকেও ধরেনি, অথচ নির্দোষীদের নির্বিচারে ধরা হয়েছে। যাতে নির্দোষীরা ছাড়া পায় তার ব্যবস্থা করুন এবং পুলিশের ফাংশান সম্পর্কে যাতে ব্যবস্থা নেওয়া হয়, তার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এ' অঞ্চলে শান্তি রক্ষা করার জন্য একটা সর্বদলীয় কমিটি এই বিধান সভা থেকে পাঠানো হোক। এ' এলাকার হিন্দু এবং মুসলমান অসামপ্রদায়িক, এটা আমি খুব ভালভাবে জানি, তার কারণ এ' এলাকায় আমি দীর্ঘদিন কাজ করেছি। সুতরাং আমডাঙ্গার যে সুনাম আছে, তা যেন অক্ষুন্ন থাকে। আমি অনুরোধ করবো, আমডাঙ্গায় আপনার নেতৃত্বে একটা সর্বদলীয় কমিটি পাঠান। পুলিশ এর ফাংশানটা সঠিক নয়।

**শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ-** মাননীয় অধ্যত্র মহাশয়, আমার একটা গুরুতর অভিযোগ মুখ্যমন্ত্রীর সচিবালয় এর বিরুদ্ধে, কতকগুলো এস. পি. 'র বিরুদ্ধে আছে। গতকাল ২৮ তারিখের বন্ধের মহড়া হয়ে গেছে বিগ্রেড প্যারেড গ্রাউন্ডে এই ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে মহড়ার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে প্রতিটি এস. পি. 'র কাছে সংবাদ দেওয়া হয়েছে, রাস্তায় যে সব ট্রাক পাওয়া যাবে, যে সব বাস পাওয়া যাবে, সেইগুলো যেন ধরে দেওয়া হয় লোকাল কমিটির কাছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে স্পেসিফিক ইনসিডেন্ট রাখছি, আমি গতকাল খিদিরপুর পোলের তলা থেকে আরম্ভ করে হাঁটতে হাঁটতে এসেছি। ২৪ পরগণা, মেদিনীপুর, হাওড়া, হুগলি, বর্ধমান, প্রতিটি জায়গায় এস. পি. 'র মাধ্যমে থানার ও. সি. দের খবর দেওয়া হয়েছে যে লোকাল কমিটিগুলোকে এ্যাট দি কস্ট অব রুপিজ ফিপটি বিইং দি পেট্রোল কস্ট অর ডিজেল কস্ট যেখানে যত পাওয়া যাবে সেই লরীগুলি এবং বাসগুলো ধরে দিতে হবে। ডোমজুড়ের দুটি বাস, সেই বাসগুলোর লোকেদের সংগে আমি কথা বলেছি, তারা ট্রিপ নিয়ে যাচ্ছিল, তারা যাত্রীদের নাবিয়ে দিয়ে, সেই ট্রিপ ক্যানসেল করে মিছিলের লোকেদের নিয়ে যায়। আমতলা থেকে ষ্টেট ট্রান্সপোর্টের দোতলা বাস ভর্ত্তি করে লোক নিয়ে আসা হয়েছে। ফোর্ট উইলিয়ামের সামনে দেখা গেল ৫/৬টা সি. এস. টি. সি'র দোতলা বাস দাঁড়িয়েছিল লোকেদের নিয়ে যাবার জন্য। ট্রামেও দেখেছি, ট্রামের সামনে ফেস্টুনে লাগিয়ে দেওয়া হয়েছে। খিদিরপুর ব্রীজ থেকে আমি হেঁটে ঘুরেছি এবং এই সমস্ত লক্ষ্য করেছি।

[2-40—2-50 p.m.]

গাড়ীর নম্বর নিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে একজন ডাক্তার বলল থানার ও. সি. জোর করে ধরে বলেছেন যে, তোমাকে যেতে হবে, নাহলে তোমার বিরুদ্ধে কেস দেব, ৫০টাকা পাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিস হ্যাজ বিন কমিউনিকেটেড্ ফ্রম দি চীফ্ মিনিষ্টারস সেক্রেটারিয়েট টু অল ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটস এ্যান্ড এস. পি. স্যার, কয়েক হাজার লরী এবং ট্রাক কলকাতার চারিদিকে ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন হাওড়া ব্রীজ থেকে আরম্ভ করে সব জায়গায় রাস্তায় বাস এ্যান্ড ট্রাক বোঝাই হয়েছিল। মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে এই গভর্ণমেন্ট মেশিনারি ব্যবহার করা হয়েছে। গভর্ণমেন্ট মেশিনারি, সরকারী প্রশাসনযন্ত্রের মাধ্যমে এস. টি. সি.র বাস ট্রাম রিকুইজিসন করা হয়েছিল সরকারী লোকদের দিয়ে জমায়েত করার জন্য এবং এইগুলি করাপসান কিনা সেটা আমি আপনার মাধ্যমে হাউসের সামনে রাখছি। এই মন্ত্রীসভার বিরুদ্ধে আমি এই সমস্ত দুর্নীতির অভিযোগ উত্থাপন করছি। স্যার, ঘটনাটি খুবই গুরুত্বপূর্ণ। মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে প্রশাসনিক নির্দেশ

জারি করা হয়েছে এই জিনিস চলতে পারে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং এই ব্যাপারে তাদের পেসেন্ট হিয়ারিং ও রিএ্যাকসান জানতে চাইছি। স্যার, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি জানেন আজ থেকে কলকাতা শহরের বিভিন্ন হাসপাতালে ষ্ট্রাইক শুরু হয়েছে এবং ৭ দিন ধরে এই ষ্ট্রাইক চলবে বলে ঘোষণা করা হয়েছে জুনিয়র ডাক্তার ফেডারেশনের পক্ষ থেকে। স্যার, এটা সকলেই স্বীকার করবেন যে কলকাতা শহরের হাসপাতালগুলির অবস্থা যা হয়েছে তাতে সাধারণ মানুষের দুর্গতির সীমা নেই, তার উপর আবার এই ৭দিন ধরে আন্দোলন ডাকার ফলে অবস্থা যে কোথায় গিয়ে দাঁড়াবে সেটা আমরা কেউ ভাবতেও পারি না। স্যার, আপনি জানেন এর সংগে হাজার হাজার মুমূর্য রোগীর জীবন মরণের সমস্যা জড়িত রয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন ডাক্তাররা যে আন্দোলন ঘোষণা করেছেন তা হচ্ছে—ইট ইজ এ ডিক্লেয়ার ওয়ার এগেনস্ট দি হসপিটাল পেসেন্টস। আমি বলতে চাই সিচুয়েসন ইজ জাষ্ট রিভার্স--বরং ওয়ার কেউ যদি পেসেন্টদের বিরুদ্ধে ঘোষণা করে থাকে তা এই বাম ফ্রন্ট সরকারই ঘোষণা করেছে এবং তার জন্য কাউকে আসামীর কাঠ গোড়ায় দাঁড় করাতে গেলে দ্যাট ইজ লেফট্ ফ্রন্ট গভর্ণমেন্টকেই দাঁড় করাতে হবে। কারণ এই সমস্ত হসপিটালগুলিতে তারা লাইফ সেভিং ড্রাগস সাপ্লাই করছেন না ফলে লাইফ সেভিং ড্রাগসের অভাবে এই সমস্ত মরিবান্ড পেসেন্টরা বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। এর ফলে ডাক্তার, নার্স, হসপিটালের উপর হামলা হচ্ছে। কাজেই যেখানে ডাক্তারদের সিকিউরিটির প্রশ্ন জড়িত রয়েছে, নার্সদের সিকিউরিটির প্রশ্ন জড়িত রয়েছে সেখানে শুধু এই পুলিশ পোষ্টিং দিয়ে কিছু হবে না। এর জন্য রেসপনসিবল্ হচ্ছে লেফ্ট ফ্রন্ট গভর্ণমেন্ট কারণ তারা যদি এই সমস্ত হাসপাতালে লাইফ সেভিং ড্রাগস সরবরাহ সুনিশ্চিত করতে পারলে এই হামলা হবে না, অবস্থার পরিবর্তন হবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নাকি ডাক্তারদের সংগে আলোচনা করতে গিয়ে বলেছেন যে, না, এইরকমভাবে ড্রাগ সাপ্লাই করা যাবে না। টাকা পয়সার অভাব আছে। অদ্ভুত কথা--আমি এই কথা বলতে চাই, যেখানে মুমূর্ষু রোগীদের জীবন মরণের প্রশ্ন জড়িত রয়েছে সেখানে টাকা পয়সার সমস্যা থাকতে পারে না। কারণ একটি ফ্যামিলির ফাস্ট প্রায়রিটি হচ্ছে পেসেন্টের চিকিৎসার ব্যবস্থা করা, ডায়েটের ব্যবস্থা করা, বাকি অল সেকেন্ডারি ব্যাপার। কাজেই এই সমস্ত ওয়াস্টফুল এক্সপেনডিচার বন্ধ করে লাইফ সেভিং ড্রাগ সাপ্লাই করার ব্যবস্থা করুন এবং হাসপাতালগুলিতে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যবস্থা করুন। ডাক্তারদের এই মুভমেন্টকে প্রেসটিজ ইসু না করে আপনারা খোলা মন নিয়ে এগিয়ে এসে পশ্চিমবাংলার মুমূর্ষু মানুষকে বাঁচান। কোন সভ্য সরকার এইরকম আচরণ করতে পারে না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি এই ব্যাপারে একটা বিবৃতি দিয়ে আমাদের উদ্বিগ্ন দূর করুন।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগেই আপনাকে বলেছি যে কেন্দ্রীয় সরকারের এবং কংগ্রেসের তো ২০ দফা আমার সেই এক দফা--গ্যাস টার্বাইন। সেই গ্যাস টার্বাইন সংক্রান্তি সমস্ত ব্যাপারটাকে ধামাচাপা দেবার জন্য অলরেডি ২৮ তারিখে বনধ ডাকা হয়েছে। আর ওরা প্রশাসনকে কি ভাবে ব্যবহার করছেন সেটাও সত্য বাপুলী মহাশয় একটু আগেই বলেছেন। আমি স্যার, কয়েকদিন আগে বিধিসম্মতভাবে এর প্রোব করার জন্য, এনকোয়ারী করার জন্য আপনার কাছে অনুরোধ করেছিলাম, আপনি এখনও তার কিছু করেন

নি। আমি স্যার, আপনার হাত শক্তিশালী করার জন্য আরো কিছু তথ্য দিচ্ছি। এর আগে আমি অর্ডিট রিপোর্ট তুলে ধরে সেখানে কি ইরেগুলারিটিস আছে, দুর্নীতি আছে সেকথা বলেছিলাম এবং তাতে যে অনেক রাঘববোয়াল পর্য্যন্ত জড়িত সেকথা বলেছিলাম। আমি স্যার, আজকে আপনার সুবিধার জন্য আরো কিছু তথ্য দিচ্ছি। এর পরও যদি আপনি প্রোব না করে এনকোয়ারী না করেন তাহলে আমাদের বলার কিছু থাকবে না, আমরা মনে করবো আমরা জঙ্গলের রাজত্বে বাস করছি। আমি এর আগে অর্ডিট রিপোর্ট সাবমিট করেছিলাম, Now this is the report, absolute report, absolute copy of the report. এগ্রিমেন্টের কপি এবং অর্ডিট রির্পোটের প্রতি পাতায় সই করা আছে। সেখানে জন ব্রাউনের পক্ষ থেকে, এস. ই. বি.'র পক্ষ থেকে এবং কনসালট্যান্ট ফার্ম যে ডি. সি. পি. এল, যেটা আসল চুরির জায়গা, সেখানে থেকে সই করা আছে। প্রতি পাতায় সই করা সেই এগ্রিমেন্টের কপি এবং অর্ডিট রিপোর্ট দুটোই আপনার কাছে আমি পেশ করতে চাই যার পরিপ্রেক্ষিতে আপনি উপযুক্ত প্রোব অর্ডার দিতে পারেন। স্যার, মুখ্যমন্ত্রীর নাম আমি বলেছিলাম, আপনি বলতে পারেন, প্রাইমাফেসিকে কেস আছে? He was the then Minister. আমার কাছে নথীপত্র আছে।

**মিঃ স্পীকার ঃ-** কোন মিনিষ্টারের সম্বন্ধে কোন এ্যালিগেসান আনতে গেলে আমার সংগে আগে কথা বলে নিতে হবে। আমি অনুমতি দিলে তবেই বলতে পারবেন। আমি এইভাবে এ্যালাউ করবো না।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** তিনি তখন এর মন্ত্রী ছিলেন। আমরা কোন মন্ত্রীর বিরুদ্ধে বলতে পারবো না?

**মিঃ স্পীকার ঃ-** আমার অনুমতি নিয়ে বলতে হবে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ-** জ্যোতি বসু মহাশয় কি ১৯৫২ সাল থেকে আপনার অনুমতি দিয়ে প্রফুল্ল চন্দ্র সেন ইত্যাদির সম্বন্ধে বলেছিলেন?

(নয়েজ)

**মিঃ স্পীকার ঃ-** কোন মেম্বারের বিরুদ্ধে বলতে হলে আগে আমার পারমিসান নিতে হবে, তা না হলে আমি এ্যালাউ করবো না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ-** This is the convention of the House. You cannot change the Convention. This is the practice of the House.
স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, মুখ্যমন্ত্রী একটা তদন্তের নির্দেশ দিয়েছেন, দেবকুমার বসু তদন্ত করছেন, তাদের পার্টির লোক, তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু কি করা হয়েছে? আমার কাছে সংবাদ এল...

**মিঃ স্পীকার ঃ-** কোন এ্যালিগেসান রেকর্ড হবে না।

**সুব্রত মুখার্জী ঃ-** এগ্রিমেন্টের কপি পর্যন্ত নেই। ধামাচাপা দেবার জন্য এটা করা হয়েছে। আমি চিফ মিনিষ্টারের নাম করলাম কেন সেটা উল্লেখ করছি। চিফ ইঞ্জিনিয়ার পি. ডব্লু. ডি. পরে মেম্বার হলেন, মিঃ ঘোষ, তার সার্ভিস রেকর্ড দেখে তাকে দুটো টার্ম দেওয়া হয়েছিল, তিনি জ্যোতি বসু মহাশয়কে একটি চিঠি লেখেন। চিঠিটি লেখেন ২৯.৮.৮০ তারিখে। Mr. Sri S. Ghosh, member, West Bengal State Electricity Board.

সেই সময় এই গ্যাস টার্বাইন হয়। তিনি বলেছিলেন, আমি প্রমাণ করবো 'May I

suggest that for having a thorough probe about these allegations of mine a small committee consisting of Shri Jyotirmoy Basu, M.P. as chairman Shri Kamal Sarkar, M.L.A. Chairman, Public undertaking committee, Shri Prabir Sen Gupta, Shri Pralay Talukdar, M.L.A., may be constituted?

কি সিরিয়াস দেখুন। একজন মেম্বার বলছেন পার্টি দিয়ে আপনি তদন্ত করুন, আমি প্রমাণ করবো কি দুর্নীতি, কি ইরেগুলারিটিস হয়েছে এবং কিভাবে কোটি কোটি টাকা ম্যালাট ন্যাশানাল কম্পানীকে খাওয়ানো হয়েছে।

[2-50--3-00 p.m.]

তিনি আর একটা চিঠিতে লিখেছেন জ্যোতিবসুকে যে ডি. সি. পি. এল, তাকে কনসালট্যান্ট করে দেওয়া হয়েছে, একমাত্র কনসালট্যান্ট এবং এগ্রিমেন্টে অনীল কনসানট্যান্ট হিসাবে তার সিগনেচার করা আছে। সেই কনসালটেন্সির ফার্মের বিরুদ্ধে তিনি অভিযোগ করেছেন। তিনি অভিযোগ করেছেন এ' একই চিঠিতে। তিনি বলেছেন যে ইলেকট্রোষ্টাটিক প্রিসিপিটেশানের জন্য ৩ কোটি টাকা চুরী করেছে। এ্যাস হ্যান্ডলিং প্লান্টের জন্য ৮০ লক্ষ টাকা চুরী করেছে। পাওয়ার সাইকেল পাইপের জন্য ৬ কোটি টাকা চুরি করেছে। জ্যোতি বসু ৬ কোটি টাকা চুরী করেছেন। তারপরে গ্যাস টারবাইনের জন্য ক্যাটাগোরিক্যালি বলেছেন যে গ্যাস টারবাইনের জন্য চেষ্টা করেছিলেন তিনি জাপানকে প্রথমে দেবার জন্য এবং জাপানের কাছ থেকে টাকাও নিয়েছিলেন। তারপরে আবার জন ব্রাউন এ্যান্ড কম্পানীর কাছ থেকে টাকা নিয়েছেন।.....গোলমাল...

**মিঃ স্পীকার ঃ-** আপনি বসুন। সরল দেব ..... গোলমাল .....

**শ্রী সুব্রত মুখার্জী ঃ-** স্যার, আমাকে পয়েন্টগুলি বলতে দিন। .... গোলমাল .. গ্যাস টারবাইনের ব্যাপারে, This is a serious matter.

**শ্রী মীর আব্দুস সৈয়দ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চাই এবং মাননীয় কুটির এবং ক্ষুদ্র শিল্পের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিম বাংলায় ৪ লক্ষ দর্জি আছে। .... গোলমাল ... ২৪ পরগণার মহেশতলা, মেটিয়াবুরুজ, হাওড়ার ডোমজুড় ইত্যাদি এলাকায় যে সমস্ত দর্জিরা আছে তাদের অবস্থা সংকটজনক। এই দর্জি শিল্পীরা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে দক্ষ দর্জি। .... গোলমাল.... আজকে আমাদের এই দর্জিরা সংকটের মধ্যে আছে। এগুলি একচেটিয়া পুঁজিপতি, জমিদার এবং মহাজনের হাতে চলে যাচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকার তাদের কোন সাহায্য করছে না। ৩৫ বছরে এই একটা অবস্থায় তারা এসেছে। ... গোলমাল ...

**মিঃ স্পীকার ঃ-** আমি এখন মেনশন নিচ্ছি। প্রা · · মেম্বারের অধিকার আছে মেনশনে তাদের ব্যাপারটা দৃষ্টি আকর্ষণ করা। আজকে অনেক মেনশান দিয়েছে। যদি এক সেকশানের মেম্বার জন্য মেম্বারের অধিকার কেড়ে নেন বা বাধা দেন তাহলে এটা ফেয়ার হয় না।

..... গোলমাল ....

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** Sir, you are supreme here. We have no intention to question your wisdom. Whatever decision you arrived at and the pronouncement you made here - we deobey. But the question at times you proposed to introduce some new methods, I suppose. স্যার, আপনি বলেছেন

বক্তৃতার মধ্যে কোন মন্ত্রীর নাম উত্থাপন করা যাবে না। কিন্তু যদি কোন ডেফিনিট্ এ্যালিগেশন করা হয় তাহলেই আপনি আমাদের রুলস অনুযায়ী বাধা দিতে পারেন, যদি চরিত্রহনন করা হয়, তাহলেই আপনি বাধা দিতে পারেন। But I have not made any referance.

**মিঃ স্পীকার ঃ-** আমি বলেছি, কোন মেম্বারের বিরুদ্ধে যদি কোন চার্জ বা এ্যালিগেশন আনা হয় তাহলে আগে সে সম্বন্ধে আমার সঙ্গে কথা বলতে হবে কোন ডকুমেন্ট থাকলে আমাকে দেখাতে হবে এবং কনসার্ন মেম্বারকে জানাতে হবে যে, আপনার বিরুদ্ধে আমি অমুক দিন বক্তব্য তুলব। There are the established norms and Convention. I am sorry I cannot help you. This is to be observed strictly. These are the convention of the parliamentary democracy and Parliamentary procedure, you cannot criticize any member who is not present during the debates. কেউ হঠাৎ এসে বলবেন, অমুক লোক চোর, অমুক লোক তমুক, এটা চলতে পারে না।

(গোলমাল)

**শ্রী শচীন সেন ঃ-** স্যার, আমার এলাকায় একটা হাসপাতাল আছে, সেই হাসপাতালটির নাম হচ্ছে, লুম্বিনি পার্ক মেনটাল হস্‌পিটল, সেখানে ৫০টি শয্যা খালি আছে। আমি আপনাকে অনুরোধ করছি, আপনি এ' ৫০টি বেড্ আমাদের বিরোধী সদস্যদের দিয়ে পূরণ করুন।

(গোলমাল)

(এই সময়ে মিঃ স্পীকার শ্রীমতী রেণুলীনা সুব্বাকে বক্তৃতা রাখতে অনুরোধ করেন, কিন্তু তিনি বক্তৃতা রাখেন না। তখন মিঃ স্পীকার শ্রী জয়ন্ত কুমার বিশ্বাসকে বক্তৃতা রাখতে অনুরোধ করেন।)

(গোলমাল)

[3-00--3-10 p.m.]

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ-** স্পীকার স্যার, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার এবং রাজ্য মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

(প্রচন্ড গোলমাল)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মিঃ স্পীকার স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আইনের যে কনভেনসন আছে সেই কনভেনসন ভাঙ্গার আপনার কোন অথরিটি নেই। Sir, you within the law and not above the law. Serious allegations have been made by my friends, Shri Subrata Mukherjee and Shri Satya Ranjan Bapuli and I think, this government is bound to reply. Sir, you have assumed this and taken the imaginary authority.

(Noise)

Sir, you are not permitting us to say. You are not following the convention.

(Noise)

(At this stage several members of Congress (I) rose to speak)

(Noise)

**মিঃ স্পীকার ঃ-** Please sit down. Listen to me first. You have made aspersion on them and I agree that I have taken the imaginary authority. Dr. Abedin, I want to tell you one thing, since you are a very old, veteran

and experienced parliamentarian. What is the established parliamentary norm ? If any member wants to make any allegation against any member, he will have to show the deoument and take the consent of the Speaker first. That is the parliamentary norm. You should follow this. You should not raise any question on this.

(Noise)

Now Sri Jayanta Kumar Biswas.

(Noise)

Dr. Zainal Abedin : Sir, you are shielding this corrupt government.

(Noise)

(At this stage the members of the Congress (I) benches walked out of the chamber)

(Noise)

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার এবং মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে মেট্রো রেলে যে কাজ হচ্ছে সেই কাজ করতে মফস্বল জেলা থেকে হাজার হাজার শ্রমিক কাজ করতে আসেন, কিন্তু আমরা জানতে পেরেছি যে সেই শ্রমিকরা তাঁদের ন্যুনতম মজুরিও পাচ্ছেন না, এবং সেই কারণে তাঁদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। আর তার চেয়েও একটা মারাত্মক খবর এই যে সেইসব শ্রমিকদের মধ্যে অনেক আদিবাসী মহিলা আছেন, সেই মহিলাদের উপর কয়েকটি গণধর্ষণের ঘটনা ঘটেছে। আগে এই সব ঘটনাগুলির বিহার, উত্তরপ্রদেশ এবং দিল্লির ঘটনা ছিল এখন এ ঘটনা এই রাজ্যেও ঘটে গিয়েছে। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে এই কথা বলছি। এই বিষয়ে তদন্ত করার জন্য আমি স্বরাষ্ট্র এবং সাধারণ প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অনিল মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলা থেকে যে সব ছেলে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনে আই.এ.এস. এবং আই.পি.এস. পরীক্ষায় বসবার জন্য দরখাস্ত করেন তাঁদের দরখাস্ত ফর্ম যখন পশ্চিমবঙ্গে এসে পৌছোয় তখন দেখা যায় যে আবেদন করার শেষ তারিখের পর তা এসে পৌছোচ্ছে। এর ফলে বহু ভাল ভাল ছেলে ফর্ম পরে পাবার কারণে তাঁরা সেক্রেটারী এবং চেয়ারম্যান, উইনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের কাছে প্রতিবাদ জানিয়েছেন কিন্তু তাঁদের সেই প্রতিবাদপত্রের কোন উত্তর সেক্রেটারী বা চেয়ারম্যান, ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কাজ পর্যন্ত দেন নি। অথচ দেখা গেছে বিহার বা অন্যান্য রাজ্যের ক্ষেত্রে এই ফর্ম অনেক আগেই পৌছে যাচ্ছে। অতএব, আমি আপনাকে অনুরোধ করছি, পশ্চিমবাংলার সাধারণ মানুষের স্বার্থে পশ্চিমবাংলার শিক্ষিত যুবকদের স্বার্থে, দেশের স্বার্থে এ-বিষয়টা অবিলম্বে কেন্দ্রীয় সরকার এবং ভারতের প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন যে কোন পশ্চিমবাংলার প্রতি এই বিমাতৃসুলভ আচরণ!

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি বক্তব্য রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল মুর্শিদাবাদ জেলার বহরমপুর মহকুমায় একটি ঘটনা

ঘটেছে। বহরমপুর মহকুমায় বিষ্ণুপুরে একটি জেলা আছে। সেই জলার আশপাশ এলাকায় গরীব মৎস্যজীবীরা বাস করেন। তাঁরা দীর্ঘ দিন ধরে আবেদন জানিয়ে আসছিলেন যে যেহেতু দীর্ঘদিন ধরে তাঁরা ঐ জেলার বেশীরভাগ এলাকা দখল করে বসে আছেন, সেইহেতু সেটা তাঁদের দিয়ে দেওয়া হোক। গতকালও ঐ মৎস্যজীবীরা এ ব্যাপারেই ফিসারমেন সোসাইটির পক্ষ থেকে যখন এ. ডি. এস (এম. আর)-এর কাছে যায় সেই সময় ঐ নিরিহ মৎস্যজীবীদের বহরমপুরের ও. সি. এ্যারেষ্ট করেন। এ ব্যাপারে খবর পেয়ে আমাদের ফরোয়ার্ড ব্লকের কর্মী এবং অগ্রগামী কিষাণসভার নেতা আনিসুর জমান কোন গরীব মৎস্যজীবীদের এ্যারেষ্ট করা হোল সে ব্যাপারে খোঁজ নিতে যান। কিন্তু বহরমপুরের সেই ও. সি থানার মধ্যে তাঁদের মারধোর করে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অভিযোগ হচ্ছে আমাদের এই বামফ্রন্টের আমলে রাজনৈতিক কর্মীদের উপর থানায় যাওয়াতে যেখানে এই ধরণের অন্যায়ভাবে অত্যাচার হয়েছে সেক্ষেত্রে অবিলম্বে এ সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করা দরকার। তা যদি না হয়, তাহলে আমার মনে হয় এই সমস্ত বামপন্থী রাজনৈতিক কর্মী যাঁরা দীর্ঘদিন ধরে রাজনীতি করছেন - সেই সমস্ত গ্রামবাংলার মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠবেন। আমরা এই ধরণের অত্যাচার কংগ্রেস আমলে দেখেছি। কিন্তু আজকে ওখানকার ও. সি এইভাবে অত্যাচার করেছে, এ্যারেষ্ট করেছে - এর প্রতিবিধান দাবী করছি।

[3-10--3-20 p.m.]

**শ্রী যোখীলাল মন্ডল ঃ**- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলের শিক্ষকরা সেপ্টেম্বার মাসের বেতন এখনও পর্যন্ত পায় নি। সামনে পূজা আসছে, পূজার আগে যাতে তারা সেপ্টেম্বার এবং অক্টোবর মাসের মাইনে পায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। সরকারী কর্মচারীরা যেমন ফেসটিভ্যাল এ্যডভান্স এবং এগ্রাসিয়া পায় সেই ভাবে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুলের শিক্ষকরা যাতে পায় তার ব্যবস্থা অবলম্বন করার জন্য এবং তারা যাতে শীঘ্র বেতন পায় তার জন্য বিশেষ ব্যবস্থা নেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী রেনুলীনা সুব্বা ঃ**- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। এখন দেখতে পাচ্ছি স্বরাষ্ট্রমন্ত্রী চলে গেছেন। স্বরাষ্ট্রমন্ত্রী এখানে এখন থাকা উচিৎ ছিল। প্রায় সব মন্ত্রীই এখান থেকে বেরিয়ে চলে গেছেন। অনেক সময় কোন মন্ত্রী এখানে থাকেন না। এর জন্য আমি অত্যন্ত দুঃখিত।

সেভেনথ মার্চ ১৯৮৩ তারিখে কালিম্পং সাব ডিভিসন্যাল হসপিটালে এমপ্লয়ীজরা গন্ডোগোল সুরু করেছিল। যারা কোয়াডিনেসান কমিটির মেম্বার তারা এই গন্ডোগোল করছিল। তারা হাঁসপাতালের এ্যডমিনিসট্রেশন একেবারে কোলাপ্‌স করে দিয়েছে। সমস্ত ডাক্তার নার্স এবং ওয়াড মাষ্টারদের উপর তারা অত্যাচার করছে। বাধ্য হয়ে আমি এই ব্যাপারে ইনটারফেয়ার করি এবং এই ব্যাপারটা কোলকাতায় এসে স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাই। হাসপাতালের কাজ কর্ম একেবারে বন্ধ হয়ে যায়। তারা হাসপাতালের ডাক্তারদের মারধোর করার চেষ্টা করে, নার্সদের মারধোর করা চেষ্টা করে। এই রিপোর্ট নিয়ে আমি জ্যোতি বাবুর সংগে দেখা করি। হাসপাতালের এম্পয়ীজ, যারা কোয়াডিনেসান কমিটি করে তারা সিজ ওয়ার্ক উইথড্র করে অনারেবেল মিনিষ্টার চার জন এমপ্লয়ীজকে ট্রান্সফার করে দেন। কবে ট্রান্সফার করা হয়েছিল

তার ডেটটা আমি বলে দিচ্ছি। এইটথ মার্চ তাদের ট্রান্সফার করা হয়েছিল। হঠাৎ আজকে দেখলাম হাসপাতালের এডমিনিষ্ট্রেটার লিখেছেন, অর্ডার নং ২৩৯০...dated 17/8/83 Transfer orders communicated under 577 dated 4/3/83 they have remained still investigation. This is for information and necessary action. This is as per DHS that means Director of Health services, West Bengal. এটা কি করে হলো আমি বুঝতে পারছি না। কালিম্পং হাসপাতাল থেকে খবর নিয়ে জেনেছি কোয়াডিনেসান কমিটির দৌরাত্ম যদি মেটানো না যায় তাহলে সমস্ত ডাক্তার, নার্স, ওয়াড মাষ্টার এবং সমস্ত স্টাফেরা সিজ্ ওয়ার্ক সুরু করবে। বাধ্য হয়ে গোর্খা লিগ পার্টি কাউন্টার সিজ্ ওঁয়ার্ক সুরু করবে। দার্জিলিং-এ বারে বারে ধস নাবার জন্য রাস্তা ঘাট ব্লক হয়ে গেছে। রাস্তা ঘাট খোলা না থাকার জন্য আমাকে ভায়া কারসিয়াং, ভায়া ঘুম হয়ে কলিকাতায় আসতে হয়েছে। যতদিন পর্যন্ত ননী ভট্টাচার্য্য মহাশয় স্বাস্থ্যমন্ত্রী ছিলেন ততদিন পর্যন্ত কারসিয়াং হাসপাতাল ভাল ছিল, ভাল কাজ-কর্ম হতো। যখন থেকে রাম নারায়ণ গোস্বামী মন্ত্রী হয়েছেন তখন থেকে এই হাসপাতালের এ্যডমিনিট্রেসান শেষ হয়ে গেছে। সেখানকার ভাল ভাল ডাক্তারকে ট্রান্সফার করা হচ্ছে। এই হাসপাতালে এনাসথেটিসসট নেই। যদি কোন সিরিয়াস অপারেসান করতে হয় তাহলে শিলিগুড়ি মেডিকেল কলেজে আনতে হবে। কিন্তু এখানে আসার সমস্ত রাস্তাঘাট বন্ধ হয়ে গেছে। এই হাসপাতালের চাইল্ড স্পেসালিষ্ট, প্যাথলজিষ্টস, ই এ্যান্ড টি-এর ডাক্তারদের ট্রান্সফার করা হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যদি ১ মাসের ভেতর ভাল ভাল ডাক্তার ট্রান্সফার করে ওখানে না পাঠান তাহলে গোর্খা লিগ পার্টির তরফ থেকে বিরাট ভাবে এ্যজিটেসান করা হবে। এই বলে আমি ওয়াক আউট করে যাচ্ছি।

(এই সময় গোর্খা লিগের সদস্য সভাকক্ষ ত্যাগ করলেন)

**শ্রী নিরদ রায় চৌধুরী** :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাবড়া শহরে কিছুদিন ধরে এক শ্রেণীর ব্যবসায়ীদের মধ্যে দারুন গন্ডগোল শুরু হয়েছে। গত ১৬/৯/১৯৮৩ এবং ১৭/৯/১৯৮৩ তারিখে দুদিন ধরে ওখানকার চালের হোলসেল ব্যবসায়ীদের মধ্যে মালিক কে হবেন, তা নিয়ে মারদাঙ্গা শুরু হয়েছে। এই মারদাঙ্গার ফলে ওখানে ঐ দুদিন ধরে কোন বাজার বসেনি, ব্যবসায়ীদের নিজেদের মধ্যে মারদাঙ্গা শুরু করে দিয়েছেন। অশোক নগর কেন্দ্রের প্রাক্তন কংগ্রেসী নেতা শ্রী কেশব ভট্টাচার্যের নেতৃত্বে এই ধরণের মারদাঙ্গা ওখানে সংগঠিত হয়েছে। গত দুদিন ধরে ওখানে বোমা এবং ছুরি নিয়ে লড়াই হয়েছে। এরফলে ৯ ব্যক্তি আহত হয়েছেন। তাঁদের মধ্যে ৭ জন হাবড়া সাব-ডিভিসন হসপিট্যাল এবং একজন আর. জি. কর হসপিট্যালে ভর্ত্তি হয়েছেন। এই অবস্থার যাতে অবসান হয় এবং প্রকৃত দোষী ব্যক্তিরা যাতে গ্রেপ্তার হয় এবং ঐ অঞ্চলে যাতে স্বাভাবিক অবস্থা ফিরে আসে তারজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মনোহর তির্কী** :- মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি। কিছু দিন ধরে দেখা যাচ্ছে, উত্তরবঙ্গের ডুয়ার্স অঞ্চলের কতকগুলি স্টেট ব্যাংকে, বিশেষ করে হাসিমারা এবং বীরপাড়া অঞ্চলের স্টেট্ ব্যাংকগুলিতে টাকা-পয়সা পাওয়া যাচ্ছে না। ঐ সমস্ত অঞ্চলে সরকারী এবং বে-সরকারী বহু শিল্প সংস্থা এবং ব্যবসায়ী আছেন। এছাড়া, হ্যামিলটনগঞ্জ, আলিপুরদুয়ারে বহু চা-বাগান আছে। এই সমস্ত স্টেট্ ব্যাংকগুলিতে কোন টাকা - পয়সা না

পাওয়ার দরুন ঐ সমস্ত সংস্থাভুক্ত শ্রমিকদের কোন পেমেন্ট দেওয়া যাচ্ছে না, এর ফলে লেবার আনরেষ্ট দেখা দিয়েছে। ঐ সমস্ত অঞ্চলের চা-বাগান শিল্প সংস্থার শ্রমিকদের বোনাসের টাকাও দেওয়া যাচ্ছে না। ঐ অঞ্চলের ব্যাংকগুলিতে শ্রমিকদের বেতন যাতে দিতে কোন অসুবিধা না দেখা দেয়, সেজন্য প্রয়োজনীয় রিকোয়ারমেন্টস্ যাতে মেটানো সম্ভব হয়, তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে আমি আরও অনুরোধ করছি, ঐ সমস্ত ব্যাংকগুলিতে ১০০ এবং ৫০০ টাকা কেবলমাত্র পাওয়া যায়, ঐ টাকা দিয়ে শ্রমিকদের বেতন দিতে খুবই অসুবিধা দেখা দেয়। সেজন্য যাতে ১, ২, ৫ এবং ১০ টাকার বন্দোবস্ত রাখা হয়, তার প্রতি দৃষ্টি দিতে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাই।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, উলুবেড়িয়া সাব-ডিভিসান্যাল হসপিট্যালটিতে ২০০টি বেড আছে। এই হসপিট্যালটি সম্বন্ধে আমি আগেও কয়েকবার মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। আজ আবার বলতে বাধ্য হচ্ছি। উক্ত হসপিট্যালটিতে ২০০শত বেড থাকা সত্ত্বেও প্রায় সব সময়েই ৩০০ রোগী ভর্ত্তি থাকে। বর্তমানে দারুন বর্ষার সময়েও পি. ডব্লু. ডিপার্টমেন্ট এই অবস্থাতেও কোন রকম দৃষ্টি দিচ্ছেন না। হসপিট্যালটির সমস্ত দরজা এবং জানালার কপাট ভেঙে যাওয়ার ফলে বর্ষার জল ঘরের মধ্যে ঢুকছে। সেজন্য রোগীরা ঘরের মধ্যে মেঝেতে শুতে পারছেন না। উক্ত হসপিট্যালটিতে বিদ্যুৎ সংকটের কথা চিন্তা করে জেনারেটর স্যাংশন হয়েছিল, কিন্তু আজ পর্য্যন্ত তা বসানো হয় নি। আজ পর্যন্ত জেনারেটরটি এসে পৌছায় নি। ওখানে একটি একস্-রে মেসিন আছে। সময় মত বিদ্যুৎ না থাকায় এবং পরিপূরক হিসাবে জেনারেটর না থাকায় রেডিওলজিষ্টকে হাত-পা গুটিয়ে বসে থাকতে হচ্ছে। এরফলে রোগীদের অবস্থা কি স্তরে আছে, তা আপনি নিশ্চয় অনুধাবন করতে পারছেন। উক্ত হসপিট্যালটিতে হাওড়া এবং মেদিনীপুর জেলা থেকেও মানুষ চিকিৎসার জন্য আসেন। সেজন্য অনুরোধ করি, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিন।

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি খুব গুরুত্বপূর্ণ ও দৈনিক প্রয়োজনীয় বিষয়ের উল্লেখ করে আপনার সামনে একটি মোশান দিয়েছিলাম। সেটি হচ্ছে, রামপুরহাট অঞ্চলে কয়লার অভাব দেখা দিয়েছে, সে সম্বন্ধে। ওখানে রান্নার জন্য একান্ত প্রয়োজনীয় কয়লা মোটেই পাওয়া যাচ্ছে না। মানুষ উনুন জ্বালাতে পারছেন না। মাননীয় সদাশয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন, বিষয়টি সম্বন্ধে আমি তাঁকে জানিয়েছি। তিনি আমাকে আশ্বাস দিয়েছেন, যথাসম্ভব তাড়াতাড়ি কয়লা সরবরাহের ব্যবস্থা করবেন। সেজন্য আমি এ বিষয় নিয়ে আর কিছু বলতে চাই না।

**শ্রী মীর আব্দুস সৈয়দ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র এবং কুটীর শিল্পমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, পশ্চিমবাংলার অন্তর্গত ২৪ পরগণা, কলিকাতার মেটিয়াবুরুজ, হাওড়া জেলার ডোমজুড় প্রভৃতি অঞ্চলে এবং অন্যান্য স্থানে প্রায় ৪ লক্ষ দরজী আছেন। এটি একটি কুটির শিল্প। বর্তমানে বৃহৎ শিল্পের চাপে এদের অবস্থা ক্রমাগত খারাপ হয়ে যাচ্ছে, পশ্চিমবঙ্গের বুক থেকে এরা প্রায় নিঃশেষিত হতে চলেছে। পার্টিশানের আগে পশ্চিমবাংলার দরজীদের রেডিমেড পোষাক ছিল বিশ্ব-বিখ্যাত। পার্টিশানের আগে সেই সব পোষাক আফ্রিকা, অষ্ট্রেলিয়া এমনকি এশিয়ার মধ্যে

চীন দেশেও রপ্তানি করা হোত। পার্টিশানের পরে এই শিল্পের তথা শিল্পীদের অবস্থা ক্রমাগত খারাপের দিকে। কারণ এদের তৈরী পোষাক আর বাইরে রপ্তানী হয় না। ঐ স্থানে দখল করে নিয়েছে সব বড় শিল্প প্রতিষ্ঠাগুলি। মফতলাল্, টাটা ও বিনী প্রমুখ বড় বড় একচেটিয়া শিল্পমালিকরা এই শিল্পে প্রস্তুত পোষাকাদি প্রস্তুত করেছে, এটি ক্রমশঃ তাদের হাতে চলে যাচ্ছে।

[3-20--3-30 p.m.]

বড় বড় ব্যবসায়ীদের হাতে চলে যাচ্ছে, মিডিল ম্যানদের হাতে থাকছে না। কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে একেবারে নির্লিপ্ত। আজকে এক্সপোর্টের ব্যাপারে দেখা যাচ্ছে দিল্লী এবং বোম্বের স্থান আছে কিন্তু পশ্চিমবঙ্গের কোন স্থান নেই। অথচ দিল্লীতে কোন দর্জি নেই। তা সত্ত্বেও দিল্লী থেকে এক্সপোর্ট হয় ৫০.৮ পার্শেন্টি এবং বম্বে থেকে এক্সপোর্ট হচ্ছে ৩২.৮ পার্শেন্টি কিন্তু সেক্ষেত্রে পশ্চিমবঙ্গ থেকে মাত্র ৫ পার্শেন্টি এক্সপোর্ট হয়। সেইজন্য আপনার মাধ্যমে আমি ক্ষুদ্র কুটির শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যাতে কেন্দ্রীয় সরকারের সাথে এই ব্যাপার নিয়ে আলোচনা করেন এবং দর্জিদের যাতে প্রোটেকশান হয় তার ব্যবস্থা করেন এবং দর্জিদের বাঁচবার জন্য যতটুকু সাহায্যের দরকার সেটুকু সাহায্য করবেন, এই আবেদন আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দুর্গাপুর থেকে বিভিন্ন সার সারা . . পশ্চিমবঙ্গ আসে এবং সেটা এফ. সি. আইয়ের গুদামে থাকে। সেখানে আজকে সমস্ত শ্রমিকদের অসহযোগীতার ফলে সার আসতে পারছে না, শত শত ট্রাক গিয়ে পড়ে আছে। যার ফলে ওখানকার কতৃপক্ষ মুখ্যমন্ত্রীকে বলেছেন এবং আমিও আপনার মাধ্যমে বলছি ওই ব্যাপারে। এই সব সার যদি এখন না আসে আগামী মরশুমে আমন ধানের সমস্ত বীজ নষ্ট হয়ে যাবে এবং ফলন ঠিকমত হবে না, রবিশস্যের ক্ষতি হবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে সেখানকার শ্রমিকদের অসহযোগীতা বন্ধ হয় এবং সমস্ত , সার সব জায়গায় পাঠান যায় তারজন্য তৎপর হয়ে ব্যবস্থা নেন।

**শ্রী ক্যামাখ্যা চরণ ঘোষ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রাম এ্যাসিসটেন্ট লেবার কমিশনের অফিস আছে, সেখানকার অফিসার মুর্মু ১৯৮০ সালে প্রোমোশান পেয়ে সেখান থেকে চলে গেছে। গত ৪ বছরের মধ্যে এ্যাসিসটেন্ট লেবার কমিশনের অফিসে এখনও পর্যন্ত কারুকে পোষ্টিং করা হয় নি। বর্তমানে ঝাড়গ্রামে পেপার মিল, ওয়েল মিল এবং অনেকগুলি বিড়ি কারখানা আছে। সেখানে অনেকগুলি কনস্ট্রাকশান ওয়ারকার্স আদিবাসী শ্রেণীর শ্রমিক রয়েছে। তাদের প্রতি মালিকপক্ষ অত্যন্ত অবহেলা দেখাচ্ছে এবং তাদের দাবী-দাওয়া নাকচ করে দিচ্ছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে বলছি অবিলম্বে যেন সেখানে শ্রমিকদের প্রতি ব্যবস্থা নেওয়া হয় এবং ঝাড়গ্রামে যে এ্যাসিসটেন্ট লেবার কমিশনের অফিস আছে সেখানে যাতে পোস্টিং হয় তার ব্যবস্থা যেন করেন।

**শ্রী ত্রিলোচন মাল ঃ-** স্যার, শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাদের বেশি বয়সে নাম লেখান আছে তারা সরকারের নির্ধারিত সময়ের মধ্যে কল পাবার কথা নয় এবং তারা সরকারী চাকরী পাচ্ছেন না। সেজন্য আমার অনুরোধ তারা যাতে কল পায় সেই ভাবে অগ্রাধিকারের ব্যবস্থা করা উচিত।

**শ্রী ননী কর ঃ-** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। টেলিফোনের অবস্থা খুবই দুর্বিসহ। আমডাংগায় যে ঘটনা ঘটলো তাতে আপনার সংগে কোন যোগাযোগ করা গেল না। কারণ আপনার টেলিফোন খারাপ। আমার নিজের টেলিফোনও খারাপ, কোলকাতার সংগে যোগাযোগ করতে পারা যায় না। আমি টেলিফোন পাই, কিন্তু ফোন করতে পারি না. কারণ আমার ইনডিকেটার নাকি এক্সচেঞ্জে কাজ করে না। পশ্চিমবংগের সমস্ত টেলিফোনই অচল হয়ে গেছে। কোন জরুরী কাজ করা যায় না। যখন টেলিফোনের মাসুল বেড়ে চলেছে তখন টেলিফোনের কাজ খারাপ হয়ে যাচ্ছে। আপনি স্পীকার হিসেবে এটা দেখুন। আমি বলতে পাচ্ছি না টেলিফোনের মিনিষ্টারকে এখানে ডাকুন।

**মিঃ স্পীকার ঃ-** টেলিফোন একটা জাতীয় সমস্যা।

**শ্রী ননী কর ঃ-** এতগুলি কেন্দ্রে আছে তারা তো জাতীয় সমস্যা সমাধান করার জন্য আছে। টেলিফোনের বিষয়টা আপনি একটু বিশেষভাবে দৃষ্টি দিন। আপনার নিজের অভিজ্ঞতা থেকে এটা দেখবেন।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ-** স্যার, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে কৃষ্ণনগর হাসপাতালটি ৩টি হাসপাতালের সমষ্টি সদর হাসপাতাল, কৃষ্ণনগর হাসপাতাল, শিবানন্দ হাসপাতাল। একটির দুরত্ব আর একটি থেকে চার সাড়ে চার মাইল। এগুলি একটি কেন্দ্রীয় নেতৃত্বাধীন থাকার ফলে চিকিৎসা, পরিচালনার ক্ষেত্রে বিশেষ অসুবিধা হচ্ছে। স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে যেন ৩টি হাসপাতালকে আলাদা আলাদা হাসপাতাল হিসেবে গণ্য করা হয়। এবং সেই ভাবে প্রশাসনিক ব্যবস্থা যেন করা হয়।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ-** স্যার. কিছুক্ষন আগে কংগ্রেসে পক্ষ সভাকক্ষ ত্যাগ করে গিয়ে লবীতে অবস্থান করছে এবং শ্লোগান দিচ্ছে। শ্লোগান সম্পর্কে বলার কিছু নেই, কিন্তু কিছু বাইরের লোক শ্লোগান দিচ্ছে। এটা উচিত কিনা দেখুন?

**মিঃ স্পীকার ঃ-** আমি নির্দেশ দিয়েছি বাইরের লোক কেউ লবীতে থাকবে না।

**শ্রী দীনবন্ধু মন্ডল ঃ-** স্যার, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের মানুষের মধ্যে বিরাট আশা আকাংখা জেগেছে। সেদিন সরকার পঞ্চায়েত সম্পর্কে একটা অর্ডিন্যান্স জারী করে বলেছেন যাঁরা পঞ্চায়েত প্রধান ছিলেন তাঁরা সমস্ত বি. ডি. ও বা সরকারী প্রতিনিধির হাতে স্থানান্তরিত করবেন।

[3-30--3-40 p.m.]

মেদিনীপুর জেলায় গত ১২ই আগষ্ট পঞ্চায়েত নির্বাচন হয়েছে। আমি যে কথাটা বলতে চাইছি সেটা হল মহিষাদল ১ নং ব্লক ব্যবতার হাট পশ্চিম গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধানের দায়িত্ব হস্তান্তর করার কথা কিন্তু দেখা গেল তিনি তাঁর অধীনস্থ যাবতীয় সম্পদ টাকা-পয়সা হস্তান্তর করেন নি, নামমাত্র দিয়েছেন। আমার কাছে কাগজপত্র আছে, আমি দেখাতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যেটা মনে হয়েছে সেটা হচ্ছে তিনি এই বামফ্রন্ট সরকারকে না মেনে টাকা-পয়সা হস্তান্তর না করে জনসাধারণের কাছে যাতে এই সরকারকে হেয় করা যায় তারজন্য এই কংগ্রেসী বন্ধুরা পরিকল্পনা করেছেন। এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এর একটা সুরাহ হয়।

**শ্রী কমল সরকার ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বিরোধী দল একযোগে

এই হাউস থেকে বেরিয়ে গেলেন। তাঁরা একটা ইসু তুলে ধরবার চেষ্টা করলেন যাতে করে বিধানসভার দৃষ্টি, বিধানসভা যাঁরা দেখেন এবং বিধানসভার আলোচনা যাঁরা পড়েন তাঁদের দৃষ্টি অন্যদিকে চলে যায়, এটাই তাঁদের একমাত্র উদ্দেশ্য। গতকাল কলকাতায় মহানগরীতে বৃহত্তর সমাবেশ হয়েছে, প্রায় ১০ লক্ষ মানুষ বিভিন্ন গ্রাম গঞ্জ জেলা থেকে এসেছে, তাতে ওঁরা বিচলিত হয়েছেন। কংগ্রেসের উপর মানুষের আস্থা চলে যাচ্ছে এবং বামফ্রন্ট সরকারের উপর আস্থা আসছে এতে বিচলিত হয়ে ওঁরা এই কান্ডকারখানা করলেন সকলের দৃষ্টি অন্যদিকে নিয়ে যাবার জন্য। কংগ্রেসের পায়ের তলার মাটি ধ্বসে যাচ্ছে, সারা ভারতবর্ষে লোকসভার নির্বাচন ঘোষণা করবেন, সেজন্য তাঁরা এই রকম ধরণের ডিলি-ড্যালিইং ট্যাক্‌টিক্স নিচ্ছেন। সেজন্য আমি জনগণের কাছে বলতে চাই গতকাল প্রমাণ করে দিয়েছে পশ্চিমবংগের বামফ্রন্ট সরকারের প্রতি জনগণের পূর্ণ আস্থা আছে, কলকাতার ময়দানে ১০ লক্ষ লোক জমায়েত হয়ে সেটা প্রমাণ করে দিয়েছেন। যে কথা সত্য বাবু বলেছেন সেটা অসত্য কথা বলেছেন যে ট্রাকে করে জোর জবরদস্তি করে ধরে আনা হয়েছে তার পিছনে কোন সত্যতা নেই। এই যে বৃহত্তর সমাবেশ এই সমাবেশে ওঁরা ভীতি সন্ত্রস্ত হয়েছেন, সেজন্য ওঁরা এই কাজ করছেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌর চন্দ্র কুন্ডু ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। রাণাঘাট মহকুমা হাসপাতালে গত ২ বছর ধরে এ্যানেসথেটিস্ট নেই, ২ জন বড় বড় সার্জেন আছে, সরকার থেকে তাঁদের মাইনে দেওয়া হচ্ছে কিন্তু এ্যানেসথেটিস্ট না থাকার জন্য কোন অপারেশান হচ্ছে না। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে এই বিষয়ে মাননীয় মন্ত্রী এবং সংশ্লিষ্ট দপ্তরের সি এম ও এইচ, ডাইরেক্টর, রাইটার্স বিল্ডিংস এবং রাণাঘাটের এস ডি ও, ডি এম সকলকেই জানিয়েছি, রোগীরা জানিয়েছেন, কিন্তু কোন সুরাহা হচ্ছে না। আমি আপনার আশ্রয় নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি দৃষ্টি দেন।

**শ্রী ধীরেন্দ্র নাথ সেন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভার অবগতির জন্য একটি বিষয় রাখছি এবং সঙ্গে সঙ্গে এই বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে একটি চাকরির বিজ্ঞাপন, এটা দেওয়া হয়েছে ওয়েষ্ট দিনাজপুরের বালুরঘাট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসে, তাতে বলা হয়েছে নিউ ২০ দফা কর্মসূচী, রিক্রুটিং অফিসার সাঁইথিয়া, এর হেড অফিস হচ্ছে সঙঘবন নিউ দিল্লী। এই বিজ্ঞাপনে বলা হচ্ছে ১ লক্ষ লোকের চাকরি দেওয়া হবে এই কর্মসূচী অনুযায়ী। বিজ্ঞাপনের এই খবর দেখে পশ্চিম দিনাজপুরের বালুরঘাটের লোক বীরভূমে এসে হাজির হচ্ছে। সেই বিজ্ঞাপনে বলা হয়েছে যারা সিলেক্‌টেড হবে অফিসারের জন্য তাদের ২।। হাজার টাকা জমা রাখতে হবে ন্যাশানালাইজড ব্যাংকে এবং যারা অন্যান্য পোষ্টে সিলেকটেড হবে তাদের ১৫ শো টাকা জমা রাখতে হবে ন্যাশানালাইজড ব্যাংকে। বিজ্ঞাপনদাতা এই চক্রবর্তী একজন প্রতারক, এই বিষয়ে থানায় অভিযোগ রাখা হয় কিন্তু থানা কোন রকম স্টেপ নিতে রাজী নয়। সেজন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই বিজ্ঞাপন দেখে যাতে লোকে প্রতারিত না হয় তার ব্যবস্থা তিনি যেন করেন এবং এই বিজ্ঞাপনটি আমি আপনাকে দিয়ে দিচ্ছি।

**শ্রী সুভাষ বসু ঃ-** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৪ তারিখ বিকেল বেলা হঠাৎ চাকদহতে শোনা গেল একটি ছেলেকে পাওয়া যাচ্ছে না। এই ঘটনার পর ছাত্র পরিষদ নামধারী কিছু লোক

*৩৪নং জাতীয় সড়কে ১১০০ গাড়ী আটকে দিল। জীবনে যারা স্কুল কলেজের ধারে কাছে যায় নি সেই কংগ্রেসী গুন্ডারা জাতীয় সড়ক বন্ধ করে ১১০০ গাড়ী আটকে দিল। পরে* কংগ্রেসে দলের একজন লোকের বাড়ী থেকেই ছেলেটিকে পাওয়া গেল। আমি দাবী করছি এই সমস্ত গুন্ডাদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা হোক।

**শ্রী মতী অপরাজিতা গোপ্পী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে সংবাদপত্রে দেখলাম ভারত পথিক স্বামী বিবেকানন্দের বসতবাটি জীর্ণ অবস্থায় পরিত্যক্ত হয়ে রয়েছে এবং এই ব্যাপারে সরকার কোন দৃষ্টি দেননি। পথের পাঁচালির স্রষ্টা বিভূতিভূষণের বসতবাটি সম্বন্ধেও বিভিন্ন সংবাদপত্রে সংবাদ প্রকাশিত হয়েছে। আমি মনে করি ভারতবর্ষের যে সমস্ত পুরাণ ঐতিহ্য আমাদের কাছে পথ প্রদর্শক হতে পারে সেগুলি সংরক্ষণ করবার জন্য সরকারের দৃষ্টি দেওয়া উচিত। স্বামী বিবেকানন্দ একদিন পরাধীন ভারতবর্ষকে সারা পৃথিবীর সামনে তুলে ধরেছিলেন। কাজেই আমি দাবী করছি তাঁর স্মৃতি বিজরিত বসতবাটি সরকার নিজে গ্রহণ করুন এবং পথের পাঁচালির স্রষ্টা বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের বসতবাটিও সরকার গ্রহণ করুন।

**শ্রী শচীন্দ্র নাথ হাজরা ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯.৯.৮৩ তারিখে হুগলী জেলার খানাকুল থানার পশ্চিম অঞ্চলে বিশেষ করে কিশোরপুর দুনম্বর গ্রাম পঞ্চায়েতে কংগ্রেসী গুন্ডারা কতগুলি বদমায়েস, চোর, ডাকাত এবং লুজ ক্যারেকটারের লোককে সংগে নিয়ে দলবদ্ধ হয়ে ঘরবাড়ী লুঠপাট সুরু করে এবং এখনও সেই লুঠপাট চলছে। আমি কয়েকদিন আগে মেনসনের মাধ্যমে হাউসে বলেছিলাম, ঘোষপুরে প্রফুল্ল নায়েকের বাড়ী লুট করা হয়েছে। এই লুটের ব্যাপারে কংগ্রেসী গুন্ডা যারা নেতৃত্ব দিয়েছে তাদের নাম হল, বনমালি সামন্ত, মানস বাগ, চন্ডী মেটে, চিও মেটে। যাদের বাড়ী লুঠ হয়েছে তাদের নাম হল, তরণী কান্ত বাগ, মহিষ গোট, সুধাংশু মেটে এবং গুজরাট। আমি অনুরোধ করছি সরকার অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী হাজারী বিশ্বাস ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। লালগোলা কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড ১৯৮০ সালে ডিরেক্টর অব ফিসারিজ-এর কাছ থেকে বিষ্ণুপুর জেলায় দীর্ঘমেয়াদী লীজ নেয় এবং সরকারের সহযোগিতায় ১৯৮২ সালে তারজাল প্রকল্পের মাধ্যমে মাছ চাষ সুরু করে। এখন দেখা যাচ্ছে সংশ্লিষ্ট এলাকার লোকেরা সেই মাছ লুঠ করছে। এই ব্যাপারে যখন বাধা দিতে গেছে তখন পাল আক্রমন করেছে। আমি মৎস্যজীবীদের রক্ষা করার জন্য মুখ্যমন্ত্রী, সমবায় মন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি।

**Consideration of First Report of the Committee o Privaleges (1982-83)**

The Chairman (Shri Joykesh Mukherjee) : Sir, I beg to move that the First Report of the Committee of Privileges (1982-83) of the Ninth Legislative Assembly, as presented to the House on the 16th March, 1983, be taken into consideration.

[3-40--4-15 p.m.]

**Mr. Speaker :** There are no amendments. So I take it as adopted by the House.

**Shri Joykesh Mukerjee :** Sir, I beg to move that the recommendation contained in the First Report of the Committee on Privileges (1982-83) of the Ninth Legislative Assembly, be agreed to by the House.

The motion was then put and agreed to.

**LAYING OF REPORT**

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to lay the Report of the Syam Inquiry Commission along with te memorandum of action taken.

(At this stage the House was adjourned till 4/15 p.m.)

[4-15--4-25 p.m.]

After Adjournment

**শ্রী ননী কর ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা একটা প্রিভিলেজ মোশন আনছি। গত ১৬ই সেপ্টেম্বর শ্রী সুব্রত মুখার্জী গ্যাস টার্বাইন সম্পর্কে অনেকগুলো কথা এখানে বলেছিলেন এবং আপনি সেটা প্রসিডিংস থেকে এক্সপানজ করে দিয়েছিলেন। কিন্তু ১৭/৯/৮৩ তারিখে আনন্দ বাজার পত্রিকায় সেটা আবার ছাপিয়ে দিয়েছে। আপনি সেটা এক্সপানজ করলেন পত্রিকার তরফ থেকে ছাপানো হলো, এটা আইন সমস্ত হতে পারে না। সেই জন্য আমি আনন্দ বাজার পত্রিকার বিরুদ্ধে প্রিভিলেজ মোশন আনতে চাই। আমি আপনার কাছে এই অনুমতি চাইছি।

**মিঃ স্পীকার ঃ-** আমাকে দিন, ওটা আমি দেখছি।

## PRIVILEGE MOTION

**Mr. Speaker :** I have received a privilege motion from Shri Suniti Chattoraj. Shri Suniti Chattaraj, M.L.A. raised a question of breach of his privileges as a member of this House on 9.9.83 against te Satyajug Patrika. Since te present seasion of the House will very soon be over, I refer the matter to the Committee of Privileges under rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly to examine and report on this matter.

On 14.9.83 Shri Subrata Mukherjee, M.L.A. raised a question of breach of privilege on the floor of the House against Shri Bachan Singh Saral, General Secretary, Akali Dal Bengal, 31, Rash Behari Avenue Calcutta-26 as the latter had printed a statement casting reflection on the conduct of Shri Mukherjee as a member of this House. The member submitted his case in detail in the House while raising this question. I now refer this matter to the Committee of Privileges for investigation and report under rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Shri Amal Roy, MLA has given notice of a question of breach of privilege against Shri Subrata Mukerjee, M.L.A. He alleges that Shri Mukerjee has committed a breach of privilege of the House and its members by raising some allegations against the Hon'ble Minister, Shri Jatin Chakraborty on 8.9.93 without going into the procedure of raising such a allegations. He firstly complains that the raising of such allega-

*tions against any member or a Minister is not permissible under Rule 328 (i) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. And then he refers to the procedure as obtaining in* the Lok Sabha for raising matter of allegations on the floor of the House against a member or a Minister.

The contention of Shri Roy is that Shri Mukherjee has deliberately violated the above well-eatablished parliamentary norms of raising allegations in the House against a Minister with a political motive to defame an honourable Minister of the Left Front Government before the public eye.

As regards te procedure of raising allegations on the floor of the House by a member as referred to by Shri Roy it may be said that in the Lok Sabha there is a specific Rule viz. Rule 353 in this respect and that the Hon'ble Speaker there has elaborated this Rule by laying down a definite procedure. Thus in the Lok Sabha they have got definite procedure to be followed in this particular respect. But here we have not yet adopted any such procedure. Allegations of this nature were raised in this House on various occasions.

In the present case the Member concerned spoke with my permission and the Minister concerned gave his personal explanations. So, according to the present practice obtaining in this Legislature there was no breach of rules, conventions or practices, calling for action against the member concerned. Moreover, as already held by the Lok Sabha Speaker, breaches or rules, conventions and practices are not regarded as breaches of privileges. (vide L.S. Debate dt. 12.8.66 cc 4517-27). So the complaint o breach of privilege of Shri Roy against Shri Mukerjee does not stand.

However, I would like to point out in this connection that while raising an allegation against a member or a Minister of this House previous intimation should be given to the Speaker and also to the member or Minister concerned and that this procedure will have to be followed henceforth.

Honourable members may recall that on the 8th September, 1983 Shri Amal Roy raised in this House a question of breach of privilege against the Ananda Bazar Patrika arising out of its news-item on the accommodation in the Banga Bhawan, New Delhi. The Editor of the Newspaper concerned was asked to submit his written statement in this respect within seven days but he did not comply therewith and sought for more time. Since the present session of the House will very soon be over, I refer the matter to the Committee of Privileges under Rule 230 of the Rules for examination and report.

Shri Sachin Sen, M.L.A. raised a question of privilege under Rule 226. He alleged that te Ananda Bazar Patrika in its issue dated 10.9.1983 misreported the proceedings of the House by making a headling news to the effect that the State Government was going to increase the rates of cinema tickets. As there will be no time to call for an explanation from the Editor of the Newspaper concerned as usual before sending the matter to

the Privilege Committee, as the sittings will not continue long, I refer the matter to the Committee of Privileges under Rule 230 for investigation and report.

Shri Abdus Sattar, M.L.A. raised a question of privilege on 9.9.1983 under Rule 226. He alleged that while making a personal explanation on 8.9.1983 in reply to some charges brought against him by Shri Subrata Mukherjee, M.L.A., Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department made some highly objectionable and offensive expressions in violation of the provisions of Article 211 of the Constitution of India on the floor of the House and had thus brought the House into disrepute.

He further alleged that such deliberate violation of the constitutional provisions was derogatory to the dignity of the House and its members in general. I have considered that matter thoroughly and cannot understand how those utterances become derogatory to the dignity of the House in its members in general because those utterances or comments did not reflect upon the function of the House or the conduct of any member in the discharge of his parliamentary duties. Contempt has been defined in May as follows :-

"Any act or omission which obstructs or impedes either House of Parliament in the performance of its functions, or which obstructs or impedes any member or officer of such House in the discharge of his duty, or which has a tendency, directly or indirectly, to produce such results....even though there is no precedent of the offence."

So according to the above definition the present case does not give rise to any privilege issue.

In the present notice the conduct of the Minister has been criticised as he referred to the Hon'ble Judge of the Calcutta High Court while making his personal explanation. Whether the Minister acted rightly or not in doing so is a different question and perhaps does not come under the privilege issue.

The comments made against the Hon'ble Judge by the Minister are hereby expunged from the proceedings.

[4-25--4-35 p.m.]

**Thirty-second Report of the Business Advisory Committee**

**Mr. Speaker :** I beg to present the Thirty-second Report of the Business Advisory Committee. The Committee met in my chamber on the 16th September, 1983 and recommended the revised programme of business for the 22nd September, 1983.

| | |
|---|---|
| Thursday, 22-9-1983(i) | The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)--I hour. |

(ii) The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)--1/2 hour.

(iii) The West Bengal State Premises (Regulation of Occupancy) Bill, 1983 (Introduction, Consideration and Passing)-- I hour.

(iv) Motion under rule 185 regarding quick disposal of Dankuni Seakhala Railway--Notice given by Shri Jaykesh Mukherjee and Shri Malin Ghosh --I hour.

(v) Motion under rule 185 regarding increase in Train Services between Howrah-Purulia--Notice given by Shri Kashinath Misra--I hour.

(vi) Motion under rule 185 regarding sick-industries in West Bengal--Notice given by Shri Sachin Sen--I hour.

(vii) Motion under rule 185 regarding implementation of Neorakhela Project--Notice given by Shri Biren Bose, Sm. Renu Leena Subba and Shri H.B. Rai--I hour.

(i) The House will sit at 11 a.m. on the 22nd September, 1983.

(ii) There will be no Questions For Oral Answers and Mention Cases on the 22nd September, 1983.

**Shri Patit Paban Pathak :** Mr. Speaker, Sir, I beg to move that the Thirty-Second Report of the Business Advisory Committee, presented today, be agreed to by the House.

The motion was then put and agreed to.

### Legislator's Environment Forum

**Mr. Speaker :** মাননীয় সদস্যরা জানেন আমাদের এখানে আমরা একটা লেজিসলেটরস্ এনভারনমেন্ট ফোরাম গঠন করেছি। কিছুদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী দিগ্বিজয় নারায়ণ সিং এখানে এসে আমাদের মাননীয় সদস্যদের সঙ্গে একটি বৈঠক করে গেছেন। আমি এখন আমাদের এই ফোরামের সভ্যদের নাম ঘোষনা করছি।

| | |
|---|---|
| Chairman | Shri Prasanta Kumar Sur |
| | Shri Parimal Mitra |
| Shri H. A. Halim | Shri Nani Bhattacharyya |
| | Shri Nirmal Kumar Bose |
| Vice-Chairman | Shri Abdus Sattar |
| | Shri Patit Paban Pathak |
| Shri Bhabani Mukherjee | Shri Syamal Chakraborty |

Secretary

Shri Sumanta Kumar Hira

Treasurer

Shri Rajesh Khaitan

Members

Shri Kashinath Misra
Smt. Renu Leena Subba
Shri Prabodh Purkait
Shri Abdur Rezzak Molla
Shri Matish Ray
Shri Prabodh Chandra Sinha
Shri H. B. Rai
Shri Trilochan Mal
Shri Sunil Santra
Shri Kamakhya Nandan Das Maapatra
Shri Ananta Soren
Shri Bikram Tudu
Shri Nabani Bauri
Shri Bamapada Mukherjee
Shri Kripa Sindhu Saha

## Legislation

### The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1983.

**Shri Pralay Talukdar :** Mr. Speaker, Sir, I beg to introduce The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1983.

(Secretary then read the Title of the Bill)

**Shri Pralay Talukdar :** Mr. Speaker, I beg to move that The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্তৃতা আমি এখন দিচ্ছি না কারণ এই বিলের উদ্দেশ্য এই ছাপানো বিলের মধ্যেই দেওয়া আছে। মাননীয় সদস্যদের বক্তৃতা শোনার পর আমি জবাবী ভাষণ দেব।

**Mr. Speaker :** There is an amendment from Shri Kashinath Misra (Amendment No.1) for reference of the Bill to Select Committee. The amendment is out of order as the consent of the members has not been furnished.

There are amendments to Motion from Shri Kashinath Misra, Dr. Zainal Abedin and Shri Dhirendranath Sarkar (Amendment Nos. 2,3 and 4) for circulation of the Bill. Since the members are not present in the House the amendments are not moved.

I now call upon Shri Dinesh Chandra Dakua to speak.

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় আজ যে "দি ওয়েষ্ট বেঙ্গল খাদি এ্যান্ড ভিলেজ ইনডাষ্ট্রিজ বোর্ড (এ্যামেন্টমেন্ট) বিল, ১৯৮৩ এনেছেন সেটা ১৯৫৯ সালের আইনের কিছু সংশোধন। সেই পুরানো আইনের মধ্যে কিছু যোগ বিয়োগ করে বিল আনা হয়েছে। আপনারা জানেন, এই বিলের ষ্টেটমেন্ট অব অবজেক্টস এ্যান্ড রিজনস-এ বলা হয়েছে যে কাজকর্মের ব্যাপারে কতগুলি ক্ষেত্রে কিছু অসুবিধার সৃষ্টি হচ্ছিল

সেইজন্যই এই বিল আনা হয়েছে। আপনারা জানেন, প্রত্যেক বছর এই বোর্ডের প্রতিটি ঘটনার জন্য টাকা পয়সার ব্যাপারে গ্যারানটারের প্রয়োজন হয় এবং রাজ্যসরকারকে সেখানে গ্যারান্টি দিতে হয়। ফিনান্স বলছেন, মিনিষ্টারের সংগে, ক্যাবিনেটের সংগে এরজন্য অনেক আলোচনার ব্যাপার থাকে। এ ক্ষেত্রে যে সমস্ত প্যারাফারনেলিয়াস রয়েছে সেগুলিকে অতিক্রম করার জন্য এই বিল আনা হয়েছে। বোর্ড যদি ডিসলভ হয়ে যায় তাহলে তার এ্যাসেসটস এ্যান্ড লাইবিলিটিসের জন্য গভর্ণমেন্টকে গ্যারানটার হতে হয়, প্রতি বছর এটা হতে হয় ফলে অনেক ঝামেলার সৃষ্টি হয়। এই সমস্ত প্যারাফারনেলিয়া দূর করাই এই বিলের প্রধান উদ্দেশ্য। অ্যামেন্ডমেন্ট অনেক রয়েছে কিন্তু এটাই হচ্ছে বড় এ্যামেন্ডমেন্ট। অন্যান্য প্রদেশে যে আইন আছে তাতে করে নেওয়া আছে যে ইন কেস্ অফ্ ডিসলিউসন, এ্যাসেসটস এ্যান্ড লাইবিলিটিসের জন্য রাজ্যসরকার দায়দায়িত্ব বহন করবে। আমাদের রাজ্যে এই রকম প্রয়োজনীয় ব্যবস্থা না থাকার জন্য প্রতিবার গ্যারান্টারের জন্য নানান প্যারাফারনেলিয়ার মধ্যে দিয়ে যেতে হয়। এটা দুর করাই এই বিলের উদ্দেশ্য। তাতে পশ্চিমবাংলার খাদি বোর্ড বাঁচবে, সুষ্ঠুভাবে চলবে এবং অযথা দেরি হবে না। এই বিলের উদ্দেশ্য এবং হেতুর মধ্যে প্রধানতঃ এই কথাই উল্লেক করা হয়েছে। সামগ্রিকভাবে এই বিলটিকে দেখে বোঝা যাচ্ছে যে, এখানে অনেকগুলি ধারা সংশোধন করা হচ্ছে। এমন কি, কনস্টিটিউশন অফ্ দি বোর্ড ইট্সেল্ফ চেঞ্জ করা হয়েছে এবং মডিফাই করা হচ্ছে। এখানে আগে একজন মাত্র সরকারী ব্যক্তি ছিল, ওয়ান স্যাল বি দি ডেভলপমেন্ট কমিশনার, গভর্ণমেন্ট অফ্ ওয়েষ্ট বেঙ্গল। আর বাকি সব সাধারণ বা এক্সপার্ট নন্-অফিসিয়াল মেম্বার ছিল। কিন্তু আজকে এই সংশোধনী প্রস্তাবের মাধ্যমে এই অবস্থার পরিবর্তন ঘটান হচ্ছে। কারণ খাদি বোর্ডের কাজ পরিচালনার জন্য এই সংশোধনের প্রয়োজন দেখা দিয়েছে। আজকে পশ্চিমবাংলার বা গোটা ভারতবর্ষের গ্রামীণ শিল্পের যদি পুনরুজ্জীবন ঘটাবার দরকার হয়, তাহলে এই জাতীয় সংশোধনীর প্রয়োজন আছে। আমরা জানি গ্রামাঞ্চলের বেশীরভাগ লোকই কৃষির সংগে যুক্ত। আমরা সাহিত্যে পড়ি অতীতে কৃষক ছাড়াও গ্রামে কামার, কুমার'রা ছিল। কিন্তু আজকে তাদের অস্তিত্ব বিপন্ন। আজকে সেই সমস্ত শিল্পকেই পুনরুজ্জীবিত করার চেষ্টা হচ্ছে অবশ্য কৃষি ছাড়াও অন্যান্য অনেক রকম শিল্প আজকে গ্রামের দিকে বেড়েছে, বর্তমান দিনে দর্জি থেকে আরম্ভ করে নতুন ধরণের অনেক শিল্প বা শিল্পী গ্রামীণ কুটির শিল্পের সংগে যুক্ত হয়ে পড়েছে। আজকে কৃষকদের সুবিধার জন্য, উন্নতির জন্য যেমন অনেক সংগঠন আছে, তারা কৃষি এবং কৃষকদের উন্নতির চেষ্টা করছে। তেমনি আজকে কৃষকরা ছাড়াও গ্রামে যে সমস্ত মানুষেরা রয়েছে, অর্থাৎ কামার, কুমার বা অন্যান্য কুটির শিল্পী, তাদের জীবন ও জীবিকার কৃষকদের সাথে সাথেই যাতে উন্নতি হতে পারে তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। তা না হলে গ্রামীণ জীবন বিপর্যস্ত হয়ে পড়বে। আজকে এই সমস্ত গ্রামীণ শিল্পগুলি বিপর্যস্ত হয়ে পড়ার ফলেই গ্রামের বেশীরভাগ মানুষের চাপ-টাই কৃষির উপর এসে পড়ছে। কিন্তু সেখানে জায়গা না পেয়ে বহু মানুষ বাস্তুহারা পর্যন্ত হয়ে শহরের কল-কারখানায় কাজের জন্য ছুটে আসছে, কিন্তু শহরে তারা কাজ পাচ্ছে না, রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। যদিও আজকে গ্রামের শতকরা ৭০ ভাগ মানুষ কৃষি কাজের সংগে যুক্ত তথাপি বাকি মানুষ গুলির খাদি এ্যান্ড ভিলেজ ইন্ডাষ্ট্রির মাধ্যমে বিভিন্ন রকম দ্রব্য সামগ্রী প্রস্তুত করার কাজের মাধ্যমে জীবিকার ব্যবস্থা করতে হবে। খাদি বলতে শুধু কাপড় ইত্যাদিকেই বোঝায়, কিন্তু কৃষি কাজের পরিপুরক এবং সহায়ক অন্যান্য শিল্প এবং যাবতীয় গ্রামীন কুটির শিল্পকে একত্রিত করার জন্যই এখানে খাদি এ্যান্ড ভিলেজ ইনডাষ্ট্রি বলা হচ্ছে।

আজকে বিশেষ করে গ্রামীন উন্নতির ক্ষেত্রে খাদি এবং গ্রামীন শিল্পের একটা বিরাট দায়িত্ব আছে। এই শিল্পের দ্বারা গ্রামের নানারকম জিনিষ তৈরী হতে পারে। গোবর গ্যাস প্ল্যান্ট থেকে শুরু করে মাদুর শিল্প ইত্যাদি বহু শিল্পই আজকে এর মধ্যে পড়ে। আজকে এখানে খাদি ও গ্রামীন ক্ষুদ্র শিল্পের একটা দীর্ঘ তালিকা এখানে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলার গ্রাম জীবনে কৃষির সঙ্গে মিলে মিশে যে-সমস্ত শিল্প আছে সেগুলির এখানে উল্লেখ করা হয়েছে। এমন কি বলা হয়েছে, এই তালিকার মধ্যে যে সমস্ত শিল্পের নাম নেই, অথচ সেই সমস্ত শিল্প যদি পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে থাকে তাহলে সেই শিল্পেরও নাম এই তালিকার মধ্যে ঢুকতে পারবে। এই বিলের মধ্যে সেই ক্ষমতা দেওয়া আছে। ১৯৫৯ সালের আইন অনুযায়ী খাদি বোর্ড যেভাবে চলছিল বা বর্তমানেও চলছে তাতে এই সমস্ত কো-অর্ডিনেসনের অভাব থেকে গেছে। আজকে এই আইনের মাধ্যমে বা এই সংশোধনীর মাধ্যমে আরো ৩/৪টি বিভাগ খাদি বোর্ডের সংগে যুক্ত হচ্ছে। সেগুলি হচ্ছে, ডেভলপমেন্ট এ্যান্ড প্ল্যানিং ডিপার্টমেন্ট, কটেজ্ এ্যান্ড স্মল স্কেল ইনডাষ্ট্রিস ডিপার্টমেন্ট, ফিনান্স ডিপার্টমেন্ট। আমরা জানি এই তিন চারটি ডিপার্টমেন্ট খাদি এবং গ্রামীন শিল্পের সংগে অঙ্গা-অঙ্গিভাবে জড়িত। এই সমস্ত ডিপার্টমেন্টকে নিয়ে একটা বোর্ড বানাবার চেষ্টা করা হচ্ছে এবং এই বোর্ডের মধ্যে আন-অফিসিয়াল লোক-জনদের সংখ্যা কমিয়ে, অফিসিয়াল লোকজনদের সংখ্যা বাড়ান হচ্ছে।

[4-35--4-45 p.m.]

এর ফলে এটা একটু সুসংহত আকারে দেখতে পাব বলে আশা করছি এবং এই আইনের মধ্যে আরও যেটুকু প্রয়োজন হয়ে পড়েছে, সেটা হচ্ছে জমি অধিগ্রহণের ক্ষমতা নেওয়া। একটা জমি নিতে গেলে বহুদিন ধরে বহু রকম ঝামেলা পোহাতে হোতো। এখন সেটা সংশোধন করে এখানে সেই ক্ষমতা দেওয়া হয়েছে। আগে ছিল সরকারের পারমিশন আনতে হবে এখন ২০ বছর যদি লীজ লিমিট হয় তাহলে সরকারের পারমিশন প্রয়োজন হবে না। এই সব মিলিয়ে এই লাইনটাকে ইমপ্রুভমেন্ট করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারকে গ্রামের যে শিল্প সেই শিল্পের পুনরুজ্জীবন লাভ করতে সাহায্য করবে। সেজন্য এই বিলটিকে আমি সমর্থন করছি এবং এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেব রঞ্জন সেন ঃ** মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় খাদি ও গ্রামীণ শিল্পমন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গের খাদি ও গ্রামীন পর্ষদের যে সংশোধনী বিধেয়ক এনেছেন তাকে স্বাগত জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। আমাদের এই গ্রামীন শিল্প পর্ষদের যে আইনের বলে চলছিল এতদিন ধরে, ১৯৪৯ সালের আইন অনুযায়ী শিল্প পর্ষদ তৈরী। ১৯৬০ সালের এপ্রিল মাসে কিছু কাজ কর্ম করার সময়ে বিভিন্ন অভিজ্ঞতার মধ্যে দিয়ে এবং বামফ্রন্ট সরকার গত ৫/৬ বছরের অভিজ্ঞতায় দেখেছেন যে কিছু অসুবিধা দেখা দিচ্ছে এবং যে আইনটি ছিল সেই আইনটির কোন পরিপূরক ছিল না, পূর্ণ ছিল না, অনেক ত্রুটি বিচ্যুতি ছিল, তার জন্য আমরা যারা খাদি গ্রামীন শিল্পের সংগে যুক্ত ছিলাম, আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি বিগত যুক্তফ্রন্টের আমলে ১৯৬৭ এবং ১৯৬৯ সালে আমরা যারা খাদি বোর্ডের সংগে যুক্ত ছিলাম-বেশ অসুবিধার মধ্যে দিয়ে চলতে হয়েছিল। অসুবিধাগুলি দূর করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয় বিরাট আকারে সংশোধনী এনেছেন। যে সংশোধনীর মধ্যে দিয়ে বলতে চেয়েছেন যে খাদি পর্ষদকে যদি কাজ করতে হয় তাহলে এই সংশোধনগুলি করে পরে কাজ করতে পারবে। আমি এই বিলকে সমর্থন করে এই কথাই বলছি উনি যে এ্যামেন্ডমেন্টগুলি এনেছেন সেগুলির প্রত্যেকটি এক করার জন্য এবং বিশেষ করে আমাদের যে সিডিউল আছে সেই সিডিউল নূতন

করে ঢেলে হল। সেজন্য অভিনন্দন জানাচ্ছি। আইনের ২২ ধারায় যে তপশীল ছিল সেই তপশীল পরিবর্তন করে একটা জায়গায় নিয়ে এসেছেন যেখানে গ্রাম বাংলার মানুষ শিল্পের মধ্যে দিয়ে পর্ষদের কার্য্যাবলীর মধ্যে দিয়ে তাদের কর্মসংস্থান করতে পারে। গ্রামে থেকে গ্রামের উন্নতির জন্য এই গ্রামীন শিল্প পর্ষদ একে ব্যবহার করে পশ্চিমবঙ্গের গ্রামবাংলাকে যদি পুনরুজ্জীবিত করতে পারা যায় তার জন্যই এই সংশোধনী তিনি এনেছেন। এই সংশোধনীর মধ্যে আমরা দেখতে পাচ্ছি উনি ৪ নম্বরে যেটা 'ক' ধারা এনেছেন তাকে সংশোধন করেছেন এখানে তিনি একটা সিদ্ধান্ত নিয়েছেন যে সিদ্ধান্তটা খুব যুক্তিযুক্ত। সেটা হচ্ছে এই সমবায় সমিতি যদি কোন ব্যক্তিকে বা তিনি যদি রেজিষ্ট্রীকৃত প্রতিষ্ঠানের সদস্য হন, তিনি যদি খাদি গ্রামীন পর্ষদের কোন কমিশনের ব্যাপারে উপযুক্ত হন ঋণ গ্রহণ করে থাকেন এবং পরিশোধের ব্যাপারে খেলাপ করেন তাহলে তিনি খেলাপী সদস্য হবেন এবং তাঁর মেম্বারশিপ ক্যানসেল হয়ে যাবে। এই ক্ষমতা নিয়ে উনি একটা ভাল সিদ্ধান্ত নিয়েছেন। সেই সিদ্ধান্ত কার্য্যকরী করতে পারা যাবে। এ ছাড়া উনি ১২ নম্বরে যে ১৩ ধারা সংশোধন করতে চেয়েছেন যেখানে একটা সংযোজন করতে চেয়েছেন যে ২০ বছরের পাট্টা বলে রাজ্যসরকারের কোন অনুমতি আবশ্যক হবে না। এটা তিনি অত্যন্ত বিবেচনার সংগে বলেছেন। আমি জানি যে এই এ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে এই বাধাগুলো তিনি দূর করতে চাইছেন। তাছাড়া এই সংশোধনীগুলোর মাধ্যমে পর্ষদকে জোরদার করাও সম্ভব হবে। মাননীয় মন্ত্রী মহাশয় পর্ষদ গঠন করবার সময় সরকারী ব্যক্তিদের বেশী প্রেফারেন্স দিতে চাইছেন। আপনি জানেন যে আগে বেসরকারী লোক যেভাবে সংযুক্ত ছিলেন সেভাবে আর তাঁরা থাকছেন না। এখানে মাননীয় মন্ত্রী সরকারী অফিসারদের পার্টিসিফেশন চাইছেন। আমি মনে করি আপনাদের যে অসুবিধাগুলো ছিল--ফিনান্সিয়াল ডিফিকালটিস্, কেন্দ্রের কাছ থেকে টাকা পাবার ব্যাপার বা রাজ্যসরকারের স্যাংসন পাবার ব্যাপার--সেই অসুবিধাগুলো দূর করবার জন্যই মাননীয় মন্ত্রী এই সংশোধনী বিল এনেছেন। কিন্তু এই ব্যাপারে আপনার কাছে আমার বক্তব্য হচ্ছে, বেসরকারী ব্যক্তিরা যেভাবে এ ক্ষেত্রে সহযোগিতা করছিলেন--আমার মনে হয় এ-ক্ষেত্রে তাঁদের সংখ্যাগরিষ্ঠতা কমে যাবার ফলে তাঁদের সহযোগিতার ক্ষেত্রে অসুবিধা দেখা দিতে পারে। আর পঞ্চায়েতের ভূমিকা এখানে কি হবে সে সম্পর্কে এই বিলে তেমন করে কোন বক্তব্য রাখেন নি। খাদি পর্ষদ-য়ে পঞ্চায়েতের ভূমিকার দিকটা গুরুত্ব দিয়ে বিবেচনা করে এখানে সিদ্ধান্ত নেবেন আশাকরি। গ্রামে গ্রামে কো-অপারেটিভ করে স্মল স্কেল ইন্ডাষ্ট্রী করা হচ্ছে, যার মধ্যে দিয়ে গ্রামীন অর্থনীতিকে চাঙ্গা করা যাবে এবং সে সম্ভাবনাও যথেষ্টই আছে। কাজেই এদিকটাও নিশ্চয়ই দেখবেন। আজকে যে কোন শিল্পই করতে যাই না কেন, সেটা করলে পর উপকৃত হবে কিনা, বিশেষ করে চাকুরীরত কর্মীদের স্থায়ীত্বের নিশ্চয়তা আসবে কিনা সেটাও দেখতে হবে। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন এগুলো সম্পর্কে ভাবনা-চিন্তা করুন। আমার মনে হয়, তাহলে এখানে যেটুকু অসুবিধা আমাদের আছে সেটুকুও দূর করতে পারবো এবং আপনি যে সংশোধনী এনেছেন, এর দ্বারা আগামী দিনে পর্ষদকে জোরদার করতে পারবো। এই আশা-ভরসা রেখে মাননীয় মন্ত্রী মহাশয়ের সংশোধনী বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তারকবন্ধু রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল খাদি এ্যান্ড ভিলেজ্ ইন্ডাষ্ট্রীস্ বোর্ড (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৩ যা এখানে মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থাপিত করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে দু'একটি কথা বলতে বলতে চাই। এই বিলে

দেখতে পাচ্ছি অনেক অপূর্ণতা ছিল এবং দেখতে পাচ্ছি এই বিলের মাধ্যমে তা দূরীভূত করতে চাওয়া হয়েছে। তবুও কয়েকটি বিষয়ের প্রতি দৃষ্টি দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই আইনের যেভাবে এ্যামেন্ডমেন্ট এখানে এসেছে, তাতে দেখতে পাচ্ছি যে মূল আইনের একটা বিরাট পরিবর্তন হচ্ছে। মূল আইনের পরিবর্তন হচ্ছে বলে এর গুনগত দিক এবং চেহারাটাও গোটাটাই পাল্টে গেছে। এতে দেখা যাচ্ছে যে বোর্ডের হাতে আগের চেয়ে অনেক বেশী ক্ষমতা দেওয়া হচ্ছে এবং যাঁদের নিয়ে পর্ষদ গঠিত হচ্ছে তাঁদের মধ্যে এক্স-অফিসিও এবং মনোনীত সদস্যরাও রয়েছেন। আমি মনে করি এক্স-অফিসিও এবং মনোনীত সদস্যদের নিয়ে বোর্ড গঠিত হ'লে কয়েকটি বিষয়ের প্রতি নজর রাখা দরকার। এইভাবে বোর্ড গঠিত হলে স্বাভাবিকভাবে সেখানে কয়েকটি জিনিষের অনুপ্রবেশ হয়েই থাকে এবং সেটা হোল ক্ষমতার অপব্যবহার। তাছাড়া জনসাধারণের পার্টিসিপেশনের সুযোগটা সেখানে কিছুটা সীমিত হওয়ায় তাঁদের সঙ্গে সম্পর্কটা ঠিক থাকে না, সম্পর্কহীন হয়ে পড়ে এবং এই সুযোগে কায়েমী স্বার্থান্বেষীরা স্বার্থ গুটাবার সুযোগ পায়।

[4-45--4-55 p.m.]

প্রসংগক্রমে আমি বলতে চাই এই খাদি বোর্ড যথেষ্ট কাজ করেছে, এটা আমি নিজে লক্ষ্য করেছি। কিন্তু খাদি বোর্ডের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে লোন ডিসট্রিবিউসানের ক্ষেত্রে একটা অভিজ্ঞতার কথা আমি রাখতে চাই। অনেক সময় দেখা গেছে ৫০ পারসেন্ট যে সাবসিডি দেওয়া হয় কোন সংস্থা বা কোন কো-অপারেটিভের মাধ্যমে এবং কোন গোষ্ঠির মাধ্যমে তখন সেই লোনের টাকা গরীব মানুষের কাছে সম্পূর্ণ ভাবে পৌছায় না। মাঝপথে কিছু গোলমাল হয়ে যায়। এই দিকটা আমি মন্ত্রী মহাশয়কে নজর রাখতে বলবো। আমাদের দেশের যে অর্থনীতি সেই অর্থনীতি মূলত গ্রামীন কৃষি এবং গ্রামীন শিল্পের উপর নির্ভরশীল। এই দিকটা এতো দিন ধরে কোন নজর দেওয়া হয় নি। যেমন আমি বলতে চাই উত্তরবংগের জলপাইগুড়ি জেলায় প্রচুর পরিমান ডোলামাইট আছে সেটাকে কাজে লাগাতে পারা যাচ্ছে না। উত্তরবংগের গ্রাম গঞ্জ থেকে ওয়াগেনে করে নিয়ে চলে যাচ্ছে। এই গুলো ভাল ভাবে কাজে লাগালে অনেক ছোট ছোট শিল্প গড়ে ওঠে। কিন্তু তার কিছু ব্যবস্থা করা হচ্ছে না। এই যে পর্বত প্রমান বেকার সমস্যা, এর কিছুটা সমাধান হতে পারতো। গরীব মানুষের বাঁচার পথ করে দেওয়া যেতে পারতো এবং বেকারদের দুঃখ-দুর্দশা দূর হতে পারতো, কিছুটা সুরাহা হতো। এই দিকটা ভেবে দেখা প্রয়োজন। আপনি হয়ত পারছেন না তার কারণ হলো বৃহত শিল্পের শিল্পপতি যারা আছে তাদের নিজেদের স্বার্থ রক্ষা করার জন্য শিল্প গড়ে তুলতে দিচ্ছে না। গ্রামীন শিল্প প্রায় ধ্বংসের মুখে যেতে বসেছে। এই গুলি ভাল করে দেখা দরকার। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ১৯৪৭ সালে দেশ স্বাধীন হলো, তারপর দীর্ঘদিন পরে ১৯৫৯ সালে এই আইন পাস হলো। তারপর কিছু বছর চলে গেল এই আইনটা কার্যকারী করতে। ১৯৬০ সালে এটা চালু হলো। তারপর ১৯৬০ সালের পর প্রায় ২৩ বছর পরে বিভিন্ন অসম্পূর্ণতা দূর করার জন্য এই এ্যামেন্টমেন্ট বিল আনা হয়েছে। এই যে বিল উৎথাপন করা হয়েছে এটা সত্যই প্রসংশার যোগ্য। সেই জন্য মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দেওয়া চলে। আমি যে কথাটা বলে আমার বক্তব্য শেষ করবো সেটা হলো কর্মহীন মানুষের সংখ্যা দিনের পর দিন বাড়ছে। এর মূলে শিল্পপতিদের শ্রমিক সংকোচন নীতি কাজ করছে। এই দিকে লক্ষ্য রেখে আগামী দিনে এই ভিলেজ ইন্ডাষ্ট্রি এবং খাদি বোর্ডের কাজ যাতে ভাল হতে পারে তার জন্য যে এ্যামেন্টমেন্ট আনা হয়েছে তাতে আমার মনে হয় গ্রামীন শিল্পকে পুণঃজীবিত করতে

পারবে। সরকারী নীতির দ্বারা যেন এটা পরিচালিত হয় এই দিকে লক্ষ্য দেওয়া দরকার। এই বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ক্ষুদ্র শিল্প দপ্তরের মন্ত্রী যে গ্রামীন শিল্প সংশোধন বিল এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই সংশোধনী বিলে একটা জিনিষ দেখতে পাচ্ছি যে ১৩-এর (খ) তে আছে প্রয়োজন বোধে কাজ ঠিক ভাবে সম্পন্ন করার জন্য তিনি সমিতি করতে পারেন এবং মূল যে পরিষদ আছে সেই পরিষদে সরকারী অফিসার স্থান পেয়েছে। .... কিন্তু বে-সরকারী ক্ষেত্রে, অর্থাৎ আমরা যারা গ্রামের মানুষ, যারা গ্রামে গঞ্জে থাকি, তাদের স্থান কম আছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব, পশ্চিমবাংলার বুকে এই সমস্ত নানা কাজ সম্পাদনের জন্য যখন সাহায্যকারী সমিতিগুলি গঠন করবেন, তখন যাঁরা বে-সরকারী ভাবে এই শিল্পের সঙ্গে যুক্ত আছেন, যাঁরা এই শিল্প নিয়ে চর্চা করেন বা উন্নতি করতে চান, তখন যেন তাঁদের সেই সমস্ত সমিতিগুলিতে স্থান হয়, সেদিকে একবার ভেবে দেখবেন।

বিলের ১৫(২) এ'তে মাননীয় মন্ত্রীমহাশয় যে কথা বোঝাতে চেয়েছেন, সেটি ঠিক বুঝলাম না। এটি একটি অর্থনৈতিক ব্যাপার। সেজন্য তাঁকে অনুরোধ করব, তিনি যেন এই ধারাটি সম্বন্ধে তাঁর বক্তব্য উপস্থাপনার সময়ে একটু পরিষ্কার করে বুঝিয়ে দেন।

বিলটির ৮(২) ধারাটিতে কর্মচারীদের বেতন সম্পর্কে সুষ্ঠ ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন। এখানে মন্ত্রীমহাশয় বলেছেন যে, এতদিন পর্যন্ত খাদি গ্রামীন পর্যদে বেতন বিষয়ে কর্মীরা খুবই উৎকণ্ঠার মধ্যে ছিলেন। বর্তমান সংশোধনী বিলটির মাধ্যমে সেই সমস্ত কর্মীরা স্বস্তির নিশ্বাস ফেলতে পারবেন। এজন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এই সমস্ত কর্মীদের আর্থিক দিকটা যদি সত্যিসত্যিই সমাধান করা যায়, তাহলে গ্রামের বুকে অর্থনৈতিক অব্যবস্থার অনেকখানি সমাধান করা সম্ভব হবে।

বিলটির ২২নং ধারাতে কতকগুলি শিল্পের কথা বলা হয়েছে। এ ব্যাপারে আমি একটি শিল্প সম্বন্ধে উল্লেখ করতে চাই, মন্ত্রীমহাশয় বিবেচনা করে দেখবেন যে, এটিকে এই উপকরণের মধ্যে গ্রহণ করা সম্ভব কিনা। সেটি হচ্ছে মাদুর শিল্প। ক্ষুদ্র শিল্পের মধ্যে এই শিল্পটি আছে বলেই বোধ হয় খাদির মধ্যে এটির উল্লেখ নেই--এ বিষয়ে আমি সঠিক ভাবে বলতে পারি না। আর একটি হচ্ছে, তালগুড় এবং ইক্ষুগুড় সম্বন্ধে আপনি উল্লেখ করেছেন, কিন্তু এখানে খেজুরগুড় উপকরণ সম্বন্ধে কিছু উল্লেখ নেই। শেষোক্তটি কিন্তু পশ্চিমবঙ্গের অনেক স্থানে ব্যাপক ভাবেই প্রস্তুত হয়ে থাকে। এটি এখানে কেন যে যুক্ত নেই, তা আমি ঠিক বুঝলাম না। এ ব্যাপারে আমি আমার ব্যক্তিগত একটি ধারণা আপনার কাছে রাখছি। খাদি পর্ষদ যখন প্রথম গঠিত হয়েছিল, তখন কিন্তু দেখা গিয়েছিল, গ্রামের এই সমস্ত উৎপাদক তথা কর্মীদের পর্ষদ উদ্বুদ্ধ করেছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে--সাধারণ সমিতিই বলুন বা সমবায় সমিতি, যাই বলুন না কেন--এই সমস্ত ক্ষুদ্র শিল্পে নিযুক্ত কর্মীরা বারবার আবেদন করেও কোন সুফল পায় না। গ্রামীন এই শিল্পের বিকাশের ক্ষেত্রে খাদি পর্ষদ কার্যতঃ ব্যর্থ হয়েছেন। মাননীয় মন্ত্রীমহাশয়কে এই ব্যর্থতার দিকে লক্ষ্য দিতে অনুরোধ করব। কারণ তিনি খাদি বোর্ডকে যে ভাবে গ্রামের মানুষের কাছে নিয়ে যেতে চাইছেন, যে ভাবে এর উন্নতিবিধান করতে চাইছেন, সেই হিসাবে আমরা যে পরিকল্পনাগুলি আপনার কাছে রাখছি, সেগুলি কখনই ভুয়া পরিকল্পনা হতে পারে না। আমাদের দেওয়া পরিকল্পনাগুলির প্রতি দৃষ্টি দিতে আপনাকে অনুরোধ করি। এই কথা বলে, এই সংশোধনী বিলটির প্রতি সমর্থন জ্ঞাপন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ত্রিলোচন মাল ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কুটীর শিল্পমন্ত্রী মহাশয় এখানে খাদি এবং গ্রাম্য কুটীরশিল্প সম্পর্কে যে বিল এনেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। তিনি এখানে খাদি বোর্ড কেমন ভাবে গঠিত হবে বা সংশোধন করে গঠিত হবে সে ব্যাপারে বিল এনেছেন। আমাদের এখানে ১৯৫৯ সালে খাদি বোর্ড ভিলেজ ইন্ডাষ্ট্রিজ এ্যাক্ট তৈরী হয়েছিল এবং ১৯৬০ সালে পশ্চিমবঙ্গেঁ এই বোর্ড খোলা হয়েছিল। মাননীয় মন্ত্রীমহাশয় সেটিকে সংশোধন করে আরও কিছু কিছু কো-অপট্, কিছু নতুন সংযোজন বা গ্রহণ করেছেন। আমরা দেখছি, এতে তিনি সেডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবস্‌দের গ্রহণ করেছেন। সেই সঙ্গে সঙ্গে এদের সদস্য ভুক্ত করার জন্য কোয়ালিফিকেশনের কোন বাধা বিষেধও রাখেন নি। মাননীয় মন্ত্রীমহাশয় যে ভাবে উক্ত সম্প্রদায়ভুক্ত মানুষদের অন্তর্ভুক্তির সুযোগ রেখেছেন, আগে কখনও তা করা হয় নি। আর একটি দিক হচ্ছে, গ্রামের কোন কোন শিল্পগুলিকে এর অন্তর্ভুক্ত করা হবে, সেগুলি উল্লেখ করে আর একটি ধারায় জানিয়েছেন।

[4-55--5-05 p.m.]

আরেকটি হচ্ছে স্টেটমেন্ট অফ অবজেকটস্ এ্যান্ড রিজিনস্। এখানে খাদি বোর্ড যেটা আছে সেটা স্টেটের অধীনে আর খাদি কমিশন যেটা আছে সেটা সেন্ট্রাল গভর্ণমেন্টের প্রতিষ্ঠান। আমাদের পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে যে সমস্ত ক্ষুদ্র ও কুটির শিল্প সেগুলি সাহায্যের জন্য, লোনের জন্য হয়তো অনেকদিন ধরে দরখাস্ত করে রাখে বোর্ডের কাছে, বোর্ড সেগুলি অনেক সময় সুপারিশ করে না। খাদি কমিশনের অধীনে আমাদের কয়েকটি প্রতিষ্ঠান আছে। আমাদের এখানে যে কয়েকটি সমিতি আছে তারমধ্যে বয়ন শিল্প ইত্যাদি এখানে দুরকমের সমিতি আছে, তাদের মধ্যে কিছু সমিতি আবার খাদি কমিশন থেকে সার্টিফিকেট গ্রহণ করে। এই সার্টিফিকেট পাওয়ার পরে এই সমিতিগুলি খাদি কমিশন থেকে প্রচুর টাকা সাহায্য পায়। যতদিন পর্যন্ত সার্টিফিকেট না পায় ততদিন বেশী সাহায্য পায় না। সেন্টার এই কমিশনগুলিকে চালায়। অনেকক্ষেত্রে দেখা যায় যে খাদি বোর্ডের কাছে দরখাস্ত করেও কিছু হোল না কিন্তু খাদি কমিশনের কাছে দরখাস্ত করে সাহায্য পাওয়া গেল। আমাদের এখানে অনেকগুলি কো-অপরেটিভ আছে যারা সার্টিফিকেট পায় না। আবার কয়েকটি কো-অপরেটিভ আমাদের পশ্চিমবাংলার কো-অপরেটিভ ডিপার্টমেন্টের অন্তর্গত নয় অথচ প্রতিষ্ঠাবান ফ্যামিলির লোক, তারা নিজেরা ৪-৫জন মিলে রেজিষ্ট্রেশান করে একটি কো-অপরেটিভ করলেন এবং এতে অল্প সময়ের মধ্যে খাদি কমিশন থেকে সাহায্য পেয়ে যায়। তারপরে সেন্টার থেকে এই কমিশন মারফৎ প্রচুর টাকা সাহায্য পায়। এখানে যে সমস্ত লোক খাটে তাদের ঠিকমত মজুরি দেয় না। খাদি কমিশনের অন্তর্গত যে সমস্ত সমিতি রয়েছে ওই সমস্ত সমিতির বড়লোকেরা অতি অল্প সময়ের মধ্যে অনেক লাভ করে কিন্তু এখানকার কর্মচারীরা মজুরি পায় খুব কম। অথচ পশ্চিমবঙ্গ কো-অপরেটিভের লোকেরা দৈনিক খুব খেটেও কাপড় থেকে খুব কম টাকাই পায়। এখানে যে কতকগুলি কো-অপরেটিভ প্রতিষ্ঠান আছে ৪-৫জন লোককে নিয়ে তারা অতি নিম্নমানের কাপড় তৈরী করে এবং সেই কাপড়গুলিতে স্টাম্প লাগিয়ে খাদি কমিশন এলাহাবাদ প্রভৃতি অনেক জায়গায় পাঠায়। সেখান থেকে এই কাপড়গুলি সংগ্রহ করে কোন নামি প্রতিষ্ঠানের নাম দিয়ে স্ট্যাম্প লাগিয়ে বিদেশে চালান দেওয়া হয়। এইভাবে তারা জোচ্চুরি করে কমিশন থেকে বেশী টাকা সাহায্য পায়। আমাদের এখানে খাদি বোর্ডের অধীনে অনেক সমিতি আছে, তারা যাতে ঠিকমত সাহায্য পায় এবং যাতে কমিশন থেকে

সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা হয় তারজন্য ক্ষুদ্র ও কুটির শিল্পের মন্ত্রীকে অনুরোধ করছি এবং তিনি যে সমস্ত সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রীমহাশয় যে বিল এখানে রেখেছেন সেই বিলকে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই হাউসের সামনে বলতে চাই। আপনি জানেন স্যার, এই পরিস্থিতিতে এই সমাজ ব্যবস্থার মধ্যে এবং এই রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটি অঙ্গরাজ্যের পক্ষে খাদি গ্রামোদ্যোগ উন্নয়ন প্রতিষ্ঠান একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। এই সীমিত ক্ষমতার মধ্যে বেকার সমস্যা একটি জটিল সমস্যা।

বামফ্রন্ট সরকারের এই দপ্তরের মাধ্যমে যে সমস্ত গ্রামীন শিল্প উন্নয়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে সেগুলি গৌরবজনক এবং বিগত দিনের চেয়ে উৎপাদন ব্যবস্থা অনেক বেড়ে গেছে এবং অনেক টাকা লাভ হচ্ছে। সেজন্য বোর্ডের সমন্বয় সাধনের ক্ষেত্রে যে প্রশ্ন করেছেন সে বিষয়ে বলতে চাই যে অফিসার খুব বেশি থেকে গেছে যার পলে ভারসাম্য রাখা সম্ভব হবে না। সেজন্য আমি আবেদন করবো এই প্রকল্প যদি সুষ্ঠুভাবে চালাতে হয় তাহলে ক্ষমতা পঞ্চায়েতের মাধ্যমে দেয়া উচিত সেটা জেলা পরিষদই হোক বা পঞ্চায়েত সমিতি হোক এটা হলে গ্রামীন কর্মসূচীকে রূপদান করা যাবে এবং আমাদের দেশের বেকার ছেলেদের খানিকটা কাজ পাবার সুযোগ পাবে এবং অর্থনীতি গড়ে উঠবে। সেজন্য বোর্ডের পরিচালন ব্যবস্থার ক্ষেত্রে, সমন্বয় সাধনের ক্ষেত্রে যেন বোর্ডের কথাটা চিন্তা করেন এবং পঞ্চায়েত সমিতির ক্ষমতাও যেন স্বীকার করে নেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী প্রলয় তালুকদার ঃ-** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আলোচনা ভালই হল। এখানে সকলেই বিলকে সমর্থন করেছেন। কিন্তু অনেকে আশঙ্কা প্রকাশ করেছেন যে বোর্ডে সরকারী প্রতিনিধি বেশি আছে, বেসরকারী প্রতিনিধি কম আছে। এই প্রশ্নে আসার আগে এই বিলটা কেন আমরা আনলাম সে সম্পর্কে ২।১টি কথা বলতে চাই। খাদি এবং গ্রামীন শিল্পের সুযোগ পশ্চিমবাংলায় বিরাটভাবে আছে অতীতে এই সুযোগ ঠিকভাবে গ্রহন করা হয়নি। ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর খাদি ও গ্রামীন শিল্প যাতে যথাযথভাবে পশ্চিমবাংলায় ব্যবহার করা হয় সে চেষ্টা সুরু হয়েছে। এই চেষ্টা করতে গিয়ে দেখলাম ১৯৪৯ সালে যে আইন হয়েছিল তার মধ্যে অনেক অসংগতি আছে। খাদি গ্রামীন পর্ষদে ২টি বিভাগ আছে। একটি হচ্ছে লোন এবং অনুদান দেয়। এই টাকা পাওয়া যায় খাদি ভিলেজ কমিশন থেকে। এটা কেন্দ্রীয় সরকারের একটা প্রতিষ্ঠান। সেখানে যারা কর্মচারী এবং অন্যান্য এষ্টাবলিশমেন্ট আছে তার খরচ রাজ্য সরকারকে বহন করতে হয়। খাদি ভিলেজ ইন্ডাষ্ট্রি বোর্ড বারবার মনে করছেন ১৯৪৯ সালের আইনের মধ্যে অনেক অসংগতি আছে। ১৯৭০ সালে মিঃ ডেবর রাজ্য সরকারকে চিঠি এ বিষয়ে লিখেছিলেন। কিন্তু ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তৎকালীন সরকার কোন এমেন্ডমেন্টের প্রয়োজন মনে করেন নি। ১৯৭৭ সালে আমরা ক্ষমতায় আসার পর ১৯৭৯, ১৯৮২ সালে আমরা আইনের সংশোধন করেছি। কিন্তু যখন তাঁদের সঙ্গে আলোচনা হয় তখন তাঁরা বলেন এই বিলের একটা সামগ্রিক এমেন্ডমেন্ট দরকার। প্রথম হচ্ছে প্রতি বছর গ্যারান্টি দিতে হবে যার ফলে একটা জটিলতা সৃষ্টি করে। তাঁরা বলেন ভারতের অন্য রাজ্যে পর্ষদের সামগ্রিক পরিবর্তন করেছে এবং পর্ষদ যদি ভেঙে যায় তাহলে সমস্ত দায় দায়িত্ব সরকারের হাতে ন্যস্ত হয়।

[5-05--5-15 p.m.]

আমাদের ওঁরা বললেন যে বিলটা এ্যামেন্ড করুন, তা না হলে আমাদের পক্ষে টাকা-পয়সা দেওয়া সম্ভব নয়। সেজন্য আমরা একটা কমিটি করেছিলাম এই বিলকে এ্যামেন্ড করার জন্য। সেই কমিটিতে খাদি ভিলেজ ইন্ডাষ্ট্রিজ কমিশনের ডাইরেক্টর মিঃ বন্দোপাধ্যায়কে রাখা হয়, তাঁরা এই এ্যামেন্ডমেন্ট সাজেস্ট করেছেন। যেহেতু খাদি ভিলেজ ইন্ডাষ্ট্রিজ বোর্ড এর সমস্ত এ্যাসেট্স এন্ড লায়েবিলিটিজ এর সমস্ত দায় দায়িত্ব রাজ্য সরকারের স্বাভাবিকভাবে রাজ্য সরকারের কিছুটা পরিমান চেক আপ থাকা দরকার, সম্পূর্ণ বেসরকারী লোকেদের হাতে সব কিছু ছেড়ে দেওয়া সম্ভব নয়। কারণ, লক্ষ লক্ষ টাকার গ্যারান্টি দিতে হবে, বছরে ৩/৪ কোটি টাকা কমিশনের কাছ থেকে আসবে, রাজ্য সরকারের ১/১।। কোটি টাকা থাকবে, সমস্ত দায় দায়িত্ব রাজ্য সরকারের, সুতরাং রাজ্য সরকারের কোন চেক আপ থাকবে না সেটা সম্ভব নয়। সেজন্য বোর্ডে চেক আপের ব্যবস্থা রাখতে হয়েছে। কিন্তু আমরা সর্ব স্তরে চেষ্টা করেছি যাতে হয়রানি কম হয়। আগে যে আইন ছিল সেই আইনে একজন মাত্র সরকারী প্রতিনিধি ছিল। বোর্ডে দুটো ভাগ ছিল—খাদি প্রতিষ্ঠানের ৫জন ছিল যাঁরা গ্রামীন শিল্পের সঙ্গে যুক্ত আর ৫ জন ছিলেন খাদি ভিলেজ ইন্ডাষ্ট্রিজ বোর্ডের, তাঁরা সিদ্ধান্ত নিতেন, সেই সিদ্ধান্ত তাঁরা কটেজ এন্ড স্মল স্কেল ডিপার্টমেন্টে, ফাইনান্স ডিপার্টমেন্ট পাঠাতেন ডেভেলপ্মেন্টে, সেখান থেকে সিদ্ধান্ত এ্যাপ্রুভড হয়ে আবার এভাবে ব্যাক করে খাদি ভিলেজ ইন্ডাষ্ট্রিজ বোর্ডে যেত। এতে ৬ মাস কেটে যেত। আমরা এই জটিলতা দূর করার জন্য যারা স্যাংকসান দেবে এ্যাপ্রুভ্যাল দেবে তাদের একটা টেবিলে বসার চেষ্টা করেছি যাতে স্যাংকসানের জন্য ঘোরাঘুরি করতে না হয় অর্থাৎ যাদের দরকার কটেজ এন্ড স্মল স্কেল ইন্ডাষ্ট্রিজ ডিপার্টমেন্ট, ডেভেলপ্মেন্ট ডিপার্টমেন্ট, ফাইনান্স ডিপার্টমেন্ট এদের প্রত্যেককে আমরা এই বোর্ডে রেখেছি যাতে এ্যাপ্রুভ্যালের ব্যাপারে হয়রানি না হয়। আর একটা কথা হচ্ছে এখানে বেসরকারী প্রতিনিধিত্বের প্রশ্ন উঠেছে। বেসরকারী প্রতিনিধি রেখেছি আমরা ১১জন, ৪জন সরকারী প্রতিনিধি এবং একজন যেটা আইনে ছিল সিডিউলড কাস্ট, সিডিউল ট্রাইবস সেখানে যদি কোন রকম ভেকেন্সি হয় তাহলে তাদের সেক্টর থেকে সেই সম্পর্কে লোক নিতে হবে। আর জেলায় পঞ্চায়েতের কাছে আমরা পাওয়ার ডেলিগেট করেছি। আমাদের ১৯৭৯ সালে যে এ্যামেন্ডমেন্ট হয়েছিল ১৪ এ ধারা সেই এ্যামেন্ডমেন্ট এর মধ্যে রেখেছি। ১৯৭৯ সালের এ্যামেন্ডমেন্টে রয়েছে--The Board may by resolution delegate with the previous approval of the State Government all or any of its power under this Act except the power to make regulations for the District industries Centre or to suggest agency as te Board may specify in this behalf for efficient implementation for te purpose of this Act. আমাদের পঞ্চায়েতের কাছে পাওয়ার ডেলিগেট করার সুযোগ আছে। ইন ফ্যাক্ট এই এ্যামেন্ডমেন্ট হবার পর যাবতীয় লোন এ্যাপ্লিকেশান যেগুলি বেনিফিসিয়ারীদের আইডেনটিফিকেশান এন্ড সিলেকশানের জন্য জেলা পরিষদের স্থায়ী কমিটির কাছ থেকে আসছে সেগুলির ব্যাপারে আমরা নিয়মিত জেলা পরিষদের সভাধিপতির সঙ্গে আলোচনা করছি এবং তাঁদের কাছ থেকে যে রেকমেনডেশান আসছে তার ভিত্তিতে সিলেকশান করছি। মাননীয় সদস্য ত্রিলোচন মাল খাদি কমিশনের সার্টিফিকেট সম্বন্ধে প্রশ্ন তুলেছেন। খাদি কমিশন কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান। সার্টিফিকেটের ব্যাপারে আমাদের কোন কন্ট্রোল নেই। একথা ঠিক খাদি বোর্ড জেলা পরিষদের সুপারিশক্রমে অনেক সমিতির সার্টিফিকেটের জন্য খাদি কমিশনের কাছে রেকমেন্ড করেন কিন্তু সেগুলি খাদি

কমিশনের অফিসে পড়ে থাকে, ফলে তারা ভালভাবে কারবার করতে পারে না। কিন্তু যাদের খাদি কমিশনের সার্টিফিকেট আছে তারা ভালভাবে কারবার করছে। এবং কিছু টাকায় মজুরী প্রথায় তারা কর্পোরেশন চালিয়েছে এবং এটা মুর্সিদাবাদ এবং বাঁকুড়ায় রয়েছে। আমরা এই ব্যাপারে কমিশনের দৃষ্টি আকর্ষন করেছি। আমাদের সার্টিফিকেট দেবার কোন ক্ষমতা নেই। মাননীয় সদস্যদের যদি বিশেষ কোন বক্তব্য থাকে তাহলে তাঁরা আমাকে লিখে দিন, আমি তাঁদের বক্তব্য খাদি কমিশনের কাছে পাঠিয়ে দেব। আর একটা প্রিন্টিং মিস্টেক আছে, সংশোধন করে নেবেন। দি চিফ এ্যাকাউন্টস্ অফিসারের জায়গায় "দি" কথাটা বাদ যাবে। এ্যামেন্ডমেন্ট বিলের ৬নং ধারায় এটা আছে। মাননীয় সদস্য সকলেই এটা গ্রহণ করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

The question before the House that the West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2**

The question that Clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 3**

**Mr. Deputy Speaker :** There are amendments in Clause 3. But the amendments have not been moved.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4 to 9**

The question that Clauses 4 to 9 to do stand part of the Bill was then put and agreed to.

**Clause 10**

**Mr. Deputy Speaker :** There are amendments. But the amendments have not been moved.

The question that Clause 10 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 11 to 22 and Preamble**

The question that Clauses 11 to 22 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Pralay Talukdar :** Sir, I beg to move that the West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1983, as sett-led in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**THE BENGAL LEGISLATIVE ASSEMBLY (MEMBERS') EMOLUMENTS) (AMENDMENT) BILL, 1983**

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1983, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে আমার বিশেষ কিছু বলার নেই। স্টেটমেন্ট অব অবজেক্টস্ এ্যান্ড রিজনস্--এর মধ্যে ফাইনানসিয়াল ইম্পলিকেসন কি হবে সব বলা হয়েছে। কাজ করতে গিয়ে ভবিষ্যতে যদি কিছু ওয়াকিং ডিফিকাল্টিস্ দেখা দেয় তখন আমরা সেটা সংশোধন করে নেব।

[5-15--5-25 p.m.]

Shri Deba Prasad Sarkar : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1983. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পরিষদীয় মন্ত্রী পতিতবাবু মেম্বারদের বেতন এবং ভাতা বৃদ্ধির যে বিল এনেছেন, প্রথমতঃ আমি এই বিল জনমত যাচাইয়ের জন্য সার্কুলেশানে পাঠাবার কথা বলেছি এবং সেই মর্মে এ্যামেন্ডমেন্ট দিয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটাই শুধু প্রথম নয়, ইতিপূর্বেও এই বিধানসভার সদস্যদের সুখ-স্বাচ্ছন্দ্য বৃদ্ধির জন্য জনগণের উপরে কর বসিয়ে সেই টাকায় সুখ-স্বাচ্ছন্দ্য বৃদ্ধির বিল পেশ করা হয়েছে ১৯৮০ সালের মার্চ মাসে। সেখানে ঠিক হয়েছিল যে বিধানসভার সদস্যদের সঙ্গে ট্রেনে যাতায়াতের জন্য আর একজনকে নিয়ে যেতে পারবেন। সদস্যদের যাবতীয় টেলিফোন বিল, চিকিৎসার যাবতীয় বিল সেগুলি রাজ্যসরকারের রাজকোষ থেকে দেওয়া হবে এবং সেগুলি জনগণের কাছ থেকে নিয়ে পূরণ করা হবে। এই জিনিস চলেছে। এরপরে আবার নূতন করে এই বিল আনা হল। এই বিলে বেতন ও ভাতা এক শত টাকা বৃদ্ধি, কমপেনসেটরী এ্যালাউয়েন্স বাবদে এক শত টাকা বৃদ্ধি এবং অন্যান্য ভাতা বাবদে যা বৃদ্ধি কার হয়েছে এবং যে ভাবে টাকা-পয়সা এ্যালটমেন্ট করা হয়েছে তাতে আরো এক শত টাকার মত অর্থাৎ গড়ে মাথা পিছু ৩ শত টাকা বাড়তি প্রাপ্তিযোগ-এর ব্যবস্থা মাননীয় মন্ত্রী মহাশয় করেছেন। পশ্চিমবাংলার জনদরদী বামফ্রন্ট সরকারের জনগণের প্রতি দরদ না থাকলেও জনপ্রতিনিধিদের প্রতি দরদের ক্ষেত্রে সরকারের উদারতার যে ঘাটতি নেই এটা অতি বড় বামফ্রন্টের সমালোচকও অস্বীকার করবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বা মাননীয় সদস্যদের এটা বিবেচনার জন্য বলছি। আজকে বারবার এই রকম বিল আনা হচ্ছে এবং ভাতা ও বেতন বৃদ্ধি করা হচ্ছে। পশ্চিমবংগের মত রাজ্যে, যে রাজ্যে শতকরা ৭০ জন মানুষ শুধু দারিদ্রসীমার মধ্যে নয়, দারিদ্রসীমার নিচে আছে, যেখানে অর্ধভুক্ত, অর্ধনগ্ন অবস্থায় পশুর মত জীবন-যাপন করতে বাধ্য হয়, যে রাজ্যে লক্ষ লক্ষ পরিবারকে ভিক্ষাবৃত্তি অবলম্বন করে রাজ্যের ফুটপাতে, ষ্টেশানে কুকুর বেড়ালের মত জীবন-যাপন করতে হয়, যেখানে মেয়েদের পেটের জ্বালায় ইজ্জত বিক্রী করতে হয়, যেখানে পেটের জ্বালায় আত্মহত্যার ঘটনা ঘটে, যেখানে খরা, বন্যা, অজন্মায় মানুষ জর্জরিত, যেখানে মূল্য বৃদ্ধি, কর বৃদ্ধির জন্য মানুষ জর্জরিত, যেখানে গ্রামবাংলার ক্ষেতমজুর, গরীব চাষীর ঘরে ঘরে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে, যেখানে শহরাঞ্চলে লক আউট, ক্লোজার, লে অফ এর ফলে শ্রমিক কর্মচারীদের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে, এই রাজ্যে যেখানে শ্রমিক চাষী কর্মচারীদের নূনতম সুযোগ সুবিধা এই সরকার দিতে অক্ষম, যেখানে হাসপাতালে মুমূর্ষু রোগীদের বাঁচাবার জন্য অর্থাভাবে জীবনদায়ী ঔষধ এই সরকার সরবরাহ

করতে পারছে না, এই রকম অবস্থায় এম. এল. এ-দের মন্ত্রীদের বার বার বেতন ভাতা বৃদ্ধি করা নীতিগতভাবে ঠিক তো নয়ই বরং এটা দৃষ্টিকটু শুধু নয় এট চরম অন্যায় এবং জনবিরোধী। আমি মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই। যে তিনি এই যে বলছেন ষ্টেটমেন্ট এন্ড অবজেক্টে যে ভারতবর্ষের আর কোন রাজ্যে এতো কম সুযোগ সুবিধা, বেতন ভাতা এই সব এম. এল. এ এবং মন্ত্রীরা পায় না। আমি বলতে চাই না যে এম. এল. এ-রা মন্ত্রীরা একটা বিরাট ভোগ বিলাসের মধ্যে বসবাস করছে। কিন্তু আমি বলতে চাই আপনারা তো নিজেরাই বলেন যে আপনারা জনদরদী এবং এই সরকার জনদরদী। আপনারা যে সব জনসাধারণের প্রতিনিধিত্ব করছেন সেই সব জনসাধারণের স্বার্থে ক্ষেতমজুরদের স্বার্থে রাজ্যের বিড়ি শ্রমিকদের স্বার্থে এই ছয় বছর ক্ষমতায় আসার পর কতবার মজুরী বৃদ্ধি করেছেন আর কতবার এম. এল. এ, মন্ত্রীদের টাকা বৃদ্ধি করেছেন তাদের সুযোগ সুবিধা বৃদ্ধি করেছেন? আপনারা তিন তিন বার এম. এল. এ-দের ভাতা বেতন বৃদ্ধি করেছেন--আবার এই বিল এনেছেন। আজকে হাসপাতালের মুমূর্ষু রোগীদের জীবনদায়ী ঔষধ সরবরাহের জন্য আরও বেশী করে অর্থ বরাদ্দ করতে পারেন না? সেটা জরুরী, কি এম. এল. এ-দের ভাতা বৃদ্ধি জরুরী? অগনিত মানুষ আজকে খরা ও বন্যায় প্রতি বছর প্রপীড়িত হচ্ছে তার জন্য ঠিকমত পরিকল্পনা হচ্ছে না এবং ঠিকমত রিলিফও দিতে পারেন না। আপনারা এই ভাতা বৃদ্ধিকে কোন দিক থেকে সঠিক বলে মনে করছেন?

(**এ ভয়েস ঃ-** আপনি কি তাহলে এই বর্ধিত ভাতা নেবেন না?) আমি নিই কি না নিই সেটা খোঁজ করে দেখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই আপনারা নিজেরা এই বিল আনছেন, অথচ গত ৩০শে আগষ্ট পার্লামেন্টে ইন্দিরা কংগ্রেসে এম. পি.-দের ভাতা বাড়াবার জন্য এনেছিলেন তাতে পতিতবাবুর দলের সদস্যরা বিরোধীতা করেছিলেন, সি পি আই বিরোধীতা করেছিলেন। তাহলে সেখানে যদি বিরোধীতা করে থাকেন, আজকে কোন যুক্তিতে এখানে এম. এল. এ-দের ভাতা বৃদ্ধি করবার জন্য বিল আনছেন? ওরা ২৫০ টাকার মত বাড়িয়েছে ৫১ টাকা এ্যালাউন্স, ৭৫ টাকার মত ভাতা এবং আরও অন্যান্য সব বাড়িয়েছে, হরে দরে প্রায় ৩০০ টাকার মত বাড়িয়েছে। তাই আমি যে সারকুলেসন মোসন দিয়েছি, আমি এটা মুভ করছি। আশা করি সদস্যরা এটা বিবেচনা করে দেখবেন। দলীয় বিশ্বাসের দ্বারা পরিচালিত হবেন না। বিচার বিবেচনা করে এটা গ্রহণ করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-25--5-35 p.m.]

**শ্রী অনিল মুখার্জী ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের অন্যতম সদস্য যাঁরা, সেই ইন্দিরা কংগ্রেসের সদস্যরা ওয়াক আউট করে চলে গিয়েছেন। তাঁরা নীতিগত ভাবে এটাকে সমর্থন করেন বলেই চলে গেছেন। কারণ তাঁরা জানেন কেন্দ্রের এম. পি. দের ভাতা বাড়ানো হয়েছে, সুতরাং এই ব্যাপারে পশ্চিমবংগে বিরোধিতা করা ঠিক নয়, সেই জন্য তাঁর ইচ্ছা করেই ওয়াক আউট করেছেন। কারণটা হচ্ছে তাঁরা এই বিলের বিরোধীতা করতে চান না, অথচ বিরোধীতা না করলেও এ' রকম আগ মার্কা হওয়া যায় না, সেই জনাই তাঁরা ওয়াক আউট করেছেন। তবে যিনি এই মাত্র এই বিলের বিরোধীতা করে তাঁর বক্তব্য রাখলেন, তিনি নিজে যখন মিছিলে যান, তাঁর ঐ সাদা ধুতি পাঞ্জাবী পরে--তিনি তো ডিক্লাস্ড হয়ে ঐ ছেঁড়া জামা কাপড় পরা লোকেদের সংগে মিছিলে যান না, তিনি যদি তা করতে পারতেন এবং তারপর হাউসে যদি এই সব বক্তব্য রাখতেন তাহলে বুঝতে পারতাম যে তাঁর কথার স্বার্থকতা

আছে। দামী ধুতি পাঞ্জাবী পরতে তিনি অভ্যস্ত, সমস্ত অভ্যাস তাঁর বুর্জোয়ার মত, আর তিনি এখানে এসে গরীবের কথা বলছেন। ডিক্লাস্‌ড হয়ে যদি এই সব কথা বলতেন, তাহলে আমি বুঝতে পারতাম। নিজে জন দরদী হয়ে যদি জন দরদী বক্তব্য রাখতেন তাহলে বুঝতে পারতাম। মুখে শুধু বক্তব্য রেখে জন দরদী হওয়া যায় না, কাজের দ্বারা প্রমান করতে হয়, সেই অভ্যাসটাকে পালন করতে হয়। বামফ্রন্ট সরকার তো ট্রেনে সেকেন্ড ক্লাস-এ ট্রাভেলের ব্যবস্থা করেছেন, তাঁকে তো ফাস্ট ক্লাসেই যাতায়াত করতে দেখা যায় যখন রাজধানীতে যান। সুতরাং এই সব সমালোচনা করে কোন লাভ নেই। উনি একবারও বলেননি, এই যে দিনের পর দিন মূল্যমান বৃদ্ধি হচ্ছে—বামফ্রন্ট এই রকম টাকা বাড়াতে চায় না, কিন্তু তারা বাধ্য হচ্ছেন বৃদ্ধি করতে। আজকে যে ভাবে মূল্য বৃদ্ধি হচ্ছে, ১৯৮০ সালে ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর আজকে ২২১ পয়েন্ট জিনিসের দাম বেড়েছে। প্রাইস ইনডেক্স ৩২১, সেটা বেড়ে হয়েছে ৫৪২। প্রতি মাসে এক পয়েন্ট করে জিনিসের দাম বেড়ে চলেছে। আজকে এম. এল. এ. রা তো উপোশ করে থাকতে পারে না, তাদেরও খাদ্য দরকার। আজকে যে সব জন প্রতিনিধি গ্রাম থেকে আসেন, তাদেরও কলকাতায় এক কাপ চা পর্য্যন্ত কিনে খেতে হয়। সুতরাং বাস্তব দৃষ্টিভঙ্গী থেকে কথা বলুন। মার্কসবাদের রাজনীতি করেন, অথচ বাস্তব দৃষ্টিভংগী থাকবে না, এটা হয় না। বাস্তব দৃষ্টিভংগীর অভাব থাকলে মার্ক্সবাদ করা যায় না। মার্ক্সবাদীয় দৃষ্টি রেখে রাজনীতি করতে হয়। এখানে অনেক কুম্ভীরাশ্রু বর্ষণ করলেন এবং বললেন যে টেলিফোনের বিল এর যাবতীয় সুযোগ সুবিধা এম. এল. এ.দের দেওয়া হচ্ছে। যাবতীয় কোন সুযোগ সুবিধা দেওয়া হয় না, মাত্র ৫০ টাকা দেওয়া হয় মাসে। মাননীয় সদস্য এখানে অসত্য ভাষণ দিয়ে হাউসকে মিসল্ডি করেছেন। বামফ্রন্টর করছেন। বামফ্রন্টের সদস্য যাঁরা এখানে নির্বাসিত হয়ে গ্রাম থেকে এসেছেন, তাঁদের মধ্যে কেউ সাধারণ শিক্ষক, কেউ সাধারণ ঘরের থেকে এসেছেন, তাঁদের জমিদারী নেই যে তাঁরা জমিদারীর টাকা খরচ করবেন। মাননীয় সদস্য অনেক সময় দিল্লী গেছেন কাজে এবং নিজের পকেট থেকেও তাঁকে টাকা দিতে হয়েছে, এই রকম অভিজ্ঞতা তাঁর আছে এবং আমাদেরও আছে।

যে ডি. এ. দেওয়া হয় তাতে হয় না। এই বিষয়ে আপনার নিজেরও অভিজ্ঞতা আছে এবং দিল্লী, কানপুর অন্যান্য জায়গায় যখন যেতে হয় তখন কি অবস্থা হয় সেটা আপনি ভাল করেই জানেন। সুতরাং এই গুলি কোন ব্যাপার নয়। ক্ষেত মজুর, বিড়ি শ্রমিকদের মজুরি বৃদ্ধির ব্যাপারে সরকারের হাতে নেই। এদের স্বার্থ রক্ষার জন্য মজুরি বৃদ্ধির আন্দোলন চলছে। বামফন্টের সমস্ত শরিক দল গ্রামে গঞ্জে মজুরি বৃদ্ধির আন্দোলন করছেন, আপনারা সকলেই সেটা জানেন। সুতরাং এই বিলের বিরোধীতা করা মানেই বাস্তব বহির্ভূত কথা বলা, বাস্তবতার সংগে সম্পর্ক হীনতার কথা বলা। সুতরাং এই বিরোধীতা আপনি ভুলে নিন এবং বিলটিকে সমর্থন করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ-** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিষদীয় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় বিধানসভার সদস্যদের ভাতা বৃদ্ধির ব্যাপারে যে বিল বিধানসভায় উত্থাপন করেছেন আমি সেটা সমর্থন করছি। এই বিলের আলোচনার সময় বিরোধী পক্ষের মাননীয় কংগ্রেসী সদস্যরা সভায় উপস্থিত নেই, তারা এখানে থাকলে ভাল হত। আমরা মনে করি এই সভায় উপস্থিত থেকে তাদের বক্তব্য রাখলে ভাল হত। আমরা ভেবে পাচ্ছি না যে, তারা সব রামকৃষ্ণণের চেলা হয়ে গেলেন কিনা--টাকা মাটি, মাটি টাকা' ভেবে এখানে থেকে চলে গেলেন কিনা, তাও ভেবে পাচ্ছি না। এটা তাদের কাছে অসম্ভব কিছু নয়। কারণ ২০০ টাকা

**142.** (Admitted question No. 303.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of Dairy Development Department be pleased to state—

(a) whether there is any proposal to increase the price of milk supplied by the Haringhata and Belgachia Dairies; and

(b) if so, whether the quality of milk is also proposed to be improved after the increase in the prices of milk?

**Minister-in-charge of Dairy Development Department :** (a) Yes. The question of upward revision of price of milk supplied by the Dairies under the Directorate of Dairy Development, West Bengal, is under active consideration of the Government.

(b) In view of the fact that standard of milk supplied from all the Dairies under the Directorate of Dairy Development is according to the prescribed I.S.I. standard as well as prevention of Food Adulteration Act of Government of India (1954), the question of further improvement in the quality does not arise.

**Lease of Eden Gardens to CAB**

**143.** (Admitted question No. 333.) Shri ABDUL MANNAN : Will the Minister-in-charge of Education (Sports) Department be pleased to state-

(a) whether the State Government has received any request from the Cricket Association of Bengal (CAB) for leasing the Eden Gardens to CAB on a long term basis; and

(b) if so, —

(i) the proposal of CAB, and

(ii) the contemplation of State Government in the matter?

**Minister-in-charge of the Education (Sports) Department :** (a) Yes.

(b) (i) CAB has requested the Government of West Bengal for a grant of a long term lease of the Eden Gardens in favour of the CAB on such terms and conditions as are mutually agreed upon.

(ii) The proposal is being examined by the State Government.

**Cabaret dances at Great Eastern Hotel**

144. (Admitted question No. 351.) **Shri HUMAYOUN CHOWDHURY :** Will the Minister-in-charge of the Tourism Department be pleased to state-

(a) whether there is any proposal to stop cabaret dances at the Great Eastern Hotel; and

(b) if so,—

(i) what is the present positions in the matter, and

(ii) when the decision is likely to be taken by the State Government?

**The Minister-in-charge of Tourism Department :** (a) No.

(b) Does not arise.

**Rate of drop-outs at Primary Education stage in West Bengal**

**145.** (Admitted question No. 373.) **Shri ABDUL RAUF ANSARI**

: Will the Minister-in-charge of Education (Primary) Department be pleased to state-

(a) whether the State Government has any information about the rate of drop-outs at the Primary Education stage in West Bengal as compared to the rate of drop-outs at primary stage in Kerala, Delhi, Haryana, Punjab and Tamil Nadu; and

(b) if so, the position in the matter.

**Minister-in-charge of the Education (Primary) Department :** (a) Comparative rates are not available.

(b) Does not arise.

**Recommendations of Administrative Reforms Committee**

**146**. (Admitted question No. 397.) **Shri SOMENDRA NATH MITRA :** Will the Minister-in-charge of the Home (P & A R) Department be pleased to state the particulars of steps taken/proposed to be taken by the State Government in the matter of redividing of districts as per recommendations of the West Bengal Administrative Reforms Committee, headed by Dr. Ashok Mitra?

**Minister-in-charge of the Home (P & A R) Department :** The recommendations of the Administrative Reforms Committee are under examination of Government. No decision has yet been taken on the report.

ডাক্তারী স্নাতকোত্তর বিভাগে এন্ট্রান্স পরীক্ষা

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৮।) **শ্রীমানস ভূঁইঞা ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চিকিৎসা শাস্ত্রের স্নাতকোত্তর বিভাগে ভর্ত্তির জন্য বর্তমান বৎসরে একই সঙ্গে দুইটি ব্যাচের এন্ট্রান্স পরীক্ষা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি?

**শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন অনুসারে যে কোন এম বি বি এস ডিগ্রীপ্রাপ্ত প্রার্থী নির্দিষ্ট মান পূরণ করিলে স্নাতকোত্তর বিভাগের ভর্তির জন্য এন্ট্রান্স পরীক্ষা দিতে পারেন। এই পরীক্ষা কোন নির্দিষ্ট ব্যাচ বা গ্রুপের জন্য সংরক্ষিত নয়। সেজন্য দুইটি ব্যাচের পরীক্ষা গ্রহণের প্রশ্ন ওঠে না।

**মালদা জেলার সামসীহাটকে সামসী নিয়ন্ত্রিত বাজারের অন্তর্ভুক্ত করার পরিকল্পনা**

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৮।) শ্রীসমর মুখার্জী ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মালদা জেলার রতুয়া ১নং ব্লকের সামসীহাটটিকে সামসী নিয়ন্ত্রিত বাজারের অন্তর্ভুক্ত করার পরিকল্পনা সরকারের আছে কিনা?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** সামসীহাট ওরফে রতনপুরহাট এলাকা ইতিমধ্যেই সামসী নিয়ন্ত্রিত বাজার এলাকার অন্তর্ভুক্ত করা হইয়াছে। নিয়ন্ত্রণ সংক্রান্ত আইন ও বিধি ব্যবস্থা এই হাটের উপর প্রয়োগের জন্য ব্যবস্থা লওয়া হইতেছে।

**পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রীদের সরকারী গাড়ীর তেল বাবত খরচের পরিমাণ**

**১৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৫।) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রিদের এবং রাজ্য প্রসাশনের সদর দপ্তরের কর্মরত অফিসারদের সরকারী গাড়ীর তেল বাবত মোট কত খরচ হয়েছে;

(খ) সরকারী গাড়ী ব্যবহারের ক্ষেত্রে সরকারী বিধিনিষেধ আছে কিনা; এবং

(গ) থাকিলে, উক্ত বিধিনিষেধ কার্যকরী করার জন্য কোনো সরকারী ব্যবস্থা গৃহীত হয়েছে কিনা?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রিদের পুলকার অফিস থেকে দেওয়া সরকারী গাড়ীর তেল বাবত মোট খরচ—

| ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ | ১৯৮২-৮৩ |
|---|---|---|
| টাকা | টাকা | টাকা |
| ৪,৫৪,৫০১.৮৮ | ৬,৭২,২০৭.০৪ | ৯,১৩,৬৪৮.০২ |

কর্মরত অফিসারদের (মাত্র যাদের ব্যবহৃত গাড়ীতে তেল পুলকার অফিস থেকে দেওয়া হয়) সরকারী গাড়ীর তেল বাবত মোট খরচ—

| ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ | ১৯৮২-৮৩ |
|---|---|---|
| টাকা | টাকা | টাকা |
| ৪,১০,২৬১.৫৯ | ৫,৩০,৫৫৭.৬২ | ৪,৮০,৪৮৫.২৮ |

(খ) হ্যাঁ।

(গ) এই বিধিনিষেধগুলি কার্যকরী আছে।

**ডাইরেক্টর জেনারেল অব পুলিস পদে নিয়োগ**

**১৫০।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৯।) **ডাঃ মানস ভুঁইঞা ঃ** স্বরাষ্ট্র (প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ডাইরেক্টর জেনারেল অব পুলিস পদে নিয়োগের জন্য কি পদ্ধতি অবলম্বন করা হয়?

**স্বরাষ্ট্র (প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১৯৫৪ সালের আই পি এস (পে) রুলস্-এর ৩নং ধারার (২ক) উপ-ধারায় বর্ণিত নিয়ম অনুসারে যোগ্যতা এবং সিনিয়রিটির প্রতি যথাযথ বিবেচনাপূর্বক উক্ত পদে অফিসার নিয়োগ করা হয়।

**সবং থানায় পুলিস আউটপোষ্ট স্থাপনের পরিকল্পনা**

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭০।) **ডাঃ মানস ভুঁইঞা ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানায় মোহড় এবং দশগ্রামে দুইটি পুলিস আউটপোস্ট স্টেশন করার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এই ব্যাপারে বর্তমানে কোন পরিকল্পনা সরকারের নেই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**কলেজস্তরে জীববিজ্ঞান শিক্ষা**

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭১।) **ডাঃ মানস ভুঁইঞা ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসনের বিন্যাস ও সীমাবদ্ধতা হেতু কলেজস্তরে জীববিজ্ঞান সহ পঠনেচ্ছু বহু ছাত্র-ছাত্রী নানা অসুবিধার সম্মুখীন হচ্ছেন; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কোন কোন বিশেষ কলেজে অধিকাংশ ছাত্র ভর্তি হওয়ার চেষ্টা করে এবং সেইজন্য অনেকক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। জীববিজ্ঞানের ক্ষেত্রে সমস্যা আছে, সত্য।

(খ) এই শিক্ষাবর্ষে সাতটি কলেজে জীববিজ্ঞান শাখা খোলার অনুমতি দেওয়া হয়েছে।

**কলকাতায় ম্যালেরিয়া রোগের প্রকোপ**

১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৭।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্থানীয় শাসন ও নগরউন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা মহানগরীতে ম্যালেরিয়া রোগের প্রকোপ এবং মশকের বংশবৃদ্ধি প্রতিহত করার উদ্দেশ্যে কলকাতা কর্পোরেশনের বর্তমান প্রশাসনিক ব্যবস্থা সমস্যা মোকাবিলার ক্ষেত্রে পর্যাপ্ত কিনা; (খ) পর্যাপ্ত না হলে, এই সমস্যার প্রতিবিধানের জন্য সরকারের নির্দিষ্ট কোন পরিকল্পনা আছে কি? এবং (গ) থাকিলে, তাহা কিরূপ ও কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায়?

**স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

**(খ) এই সমস্যার দীর্ঘস্থায়ী সমাধানের উদ্দেশ্যে সরকার একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি নিয়োগ করেছেন।**

(গ) উপরোক্ত কমিটির রিপোর্ট বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন। ঐ কমিটির সুপারিশগুলি সম্বন্ধে সরকারের সিদ্ধান্ত শীঘ্রই নেওয়া হবে বলে আশা করা যায়।

**দক্ষিণ বারাসাতে গ্রামীণ জলসরবরাহ প্রকল্প**

**১৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৮।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার জয়নগর ১ নং ব্লকের অধীন দক্ষিণ বারাসাত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পটি কোন্ সালে মঞ্জুর হয়েছে;

(খ) এই প্রকল্পের জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত; এবং

(গ) কবে নাগাত এই প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮০ সালে।

(খ) ২২ লক্ষ ৯৬ হাজার টাকা।

(গ) সময়মত বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে ১৯৮৫ সালের মার্চ মাস নাগাত প্রকল্পটি হইতে জল সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করা যায়।

**বারাসাত চাঁপাডালির মোড়স্থ স্টেট বাস গ্যারেজে শেড নির্মাণ**

**১৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৯২।) **শ্রীসরল দেব ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাত চাঁপাডালির মোড়স্থ স্টেট বাস গ্যারেজে শেড তৈয়ারী করার কোন পরিকল্পনা সরকারের কাছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**রাজ্যসরকারের পরিবহণ বিভাগের হেলিকপ্টার**

**১৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৬।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, রাজ্যসরকারের পরিবহণ বিভাগের অধীনে একটি হেলিকপ্টার আছে;

(খ) সত্য হইলে, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে ইহা রক্ষণাবেক্ষণের জন্য কত টাকা খরচ হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে কতবার ইহা আকাশে উড়িয়াছে এবং কাহারা ইহার যাত্রী ছিলেন?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) ১৯৮১-৮২ তিন লক্ষ উনচল্লিশ হাজার দুশো কুড়ি টাকা সাতাশ পয়সা। ১৯৮২-৮৩ আঠার লক্ষ সাতষট্টি হাজার ন'শো ছেচল্লিশ টাকা এগার পয়সা।

(গ) ১৯৮১-১০০ বার, ১৯৮২—১৪৭ বার এবং ১৯৮৩ (৬-৯-১৯৮৩ পর্যন্ত)—৫০ বার। যাত্রীদের বিবরণ নিম্নরূপ ঃ

১৯৮১--রাজ্যপাল মুখ্যমন্ত্রী, রাজ্য-পরিবহণ মন্ত্রী এবং দার্জিলিং-এ ধস ও মালদা ও মুর্শিদাবাদে বন্যার জন্য কেন্দ্রীয় সমীক্ষক দল।

১৯৮২--রাজ্যপাল, মুখ্যমন্ত্রী, মুখ্য নির্বাচন কমিশনার, রাজ্য বিদ্যুৎ মন্ত্রী, মুখ্যসচিব এবং খরা ও বন্যার জন্য কেন্দ্রীয় সমীক্ষক দল।

১৯৮৩ (৬-৯-১৯৮৩ পর্যন্ত)—রাজ্যপাল, রাজ্য-পরিবহণ মন্ত্রী এবং কেন্দ্রীয় সমীক্ষক দল।

### কারারক্ষী বাহিনীর কর্মিগণকে কম দামে রেশন সরবরাহ

**১৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৯।) **শ্রীমনোহর তিরকী ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কারারক্ষী বাহিনীর কর্মিগণকে কম দামে রেশন (পুলিসবাহিনীর কর্মিগণ যে দামে রেশন পান) দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় এবং

(গ) ঐ ব্যবস্থা কার্যকর করতে বৎসরে অতিরিক্ত কত টাকা ব্যয়ের প্রয়োজন হবে?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এইরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

### জগদ্দল থানা বিভাজন

**১৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৪।) **শ্রীনীহারকুমার বসু ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর মহকুমার অন্তর্গত জগদ্দল থানাকে দুটি থানায় ভাগ করার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) আপাততঃ এরূপ কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### লিংক রোড পরিকল্পনার মাধ্যমে তৈরি গ্রামীণ রাস্তা

**১৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৫।) **শ্রীনীহারকুমার বসু ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বর্ষে পশ্চিমবঙ্গে মোট কয়টি গ্রামীণ রাস্তা লিংক রোড

পরিকল্পনার মাধ্যমে তৈরি করা হয়েছে; এবং

(খ) উক্ত বাবত সরকারের কত টাকা ব্যয় হয়েছে?

**কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) খরাত্রাণ কর্মসূচীর অন্তর্গত কর্মসংস্থান প্রকল্প অনুযায়ী মোট ৬৩টি কাঁচা লিংক রোড নির্মাণ প্রকল্প উক্ত বৎসরে অনুমোদিত হয়েছিল। সংশ্লিষ্ট জিলা পরিষদকে এই কাজের দায়িত্ব দেওয়া হয়েছিল। এর মধ্যে কয়টি রাস্তা নির্মাণের কাজ শেষ হয়েছে তা এখনও জানা যায় নি।

এ ছাড়া আর কোনও নূতন রাস্তা নির্মাণের প্রকল্প উক্ত বৎসরে মঞ্জুর হয় নি।

(খ) খরাত্রাণ কর্মসূচীর অন্তর্গত রাস্তা নির্মাণ প্রকল্পগুলির জন্যে এক কোটি টাকা। তা ছাড়া পূর্বতন বৎসরে নির্মাণকার্য হাতে নেওয়া হয়েছে এমন কতগুলি অসমাপ্ত রাস্তার কাজ যথাসম্ভব সম্পন্ন করবার জন্য কৃষিদপ্তর উক্ত আর্থিক বৎসরে পূর্ত (সড়ক নির্মাণ) দপ্তরকে ৩৫ লক্ষ টাকা মঞ্জুর করেছিলেন। এই অর্থের মধ্যে মোট ৪৩ লক্ষ ৩৩ হাজার ৩ শত টাকা ঐ দপ্তর গত বৎসর ব্যয় করেছেন বলে জানিয়েছেন।

### গুচ্ছ শ্যালো ব্যবহার বন্ধের কারণ

**১৬০।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৯।) **শ্রীনীহার কুমার বসু ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার গুচ্ছ শ্যালো (ক্লাষ্টারশ্যালো) ব্যবহার বন্ধ করে দিয়েছেন; এবং

(খ) সত্য হলে এর কারণ কি?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না। তবে ব্যাঙ্ক ঋণের মাধ্যমে বেসরকারী অগভীর নলকূপ স্থাপন প্রকল্প চালু হওয়ায়, সরকারী মালিকানায় আর কোন নূতন গুচ্ছ অগভীর নলকূপ বর্তমানে স্থাপন করা হচ্ছে না। এই বেসরকারী অগভীর নলকূপ স্থাপনের ব্যাপারে কৃষকেরা ব্যাঙ্ক ঋণের সাথে ডি আর ডি এ-এর নির্ধারিত নিরিখে সরকারী অনুদানও পেয়ে থাকেন।

(খ) প্রশ্ন ওঠে না।

### পশ্চিমবঙ্গে ২-ক্লাস জুনিয়র হাইস্কুল ৪ ক্লাস জুনিয়র হাইস্কুলে উন্নয়ন

**১৬১।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৬০।) **শ্রীনীহারকুমার বসু ঃ** শিক্ষা (সাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের শিক্ষাবর্ষ পশ্চিমবঙ্গে কতগুলি ২-ক্লাস জুনিয়র হাইস্কুল ৪-ক্লাস জুনিয়র হাইস্কুলে উন্নীত হবার পর সরকারী অনুমোদন পেয়েছে; এবং

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গে অনুমোদনবিহীন ২-ক্লাস জুনিয়র হাইস্কুলের সংখ্যা কত?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৬০টি।

(খ) অনুমোদনবিহীন স্কুলের তালিকা দেওয়া সম্ভব নয়।

### মুক্তির অপেক্ষায় সরকারী চলচ্চিত্র

১৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬১।) **শ্রীনীহারকুমার বসু ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের অর্থে তৈরি বেশ কয়েকটি চলচ্চিত্র মুক্তি অপেক্ষায় পড়ে আছে;

(খ) সত্য হইলে, উক্ত চলচ্চিত্রের সংখ্যা কত; এবং

(গ) এতে সরকারের কত টাকা লগ্নী আছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য যে পশ্চিমবঙ্গ সরকারের প্রয়োজনায় নির্মিত কয়েকটি কাহিনীচিত্র (শিশু চলচ্চিত্র সহ) মুক্তির অপেক্ষায় আছে।

(খ) উক্ত কাহিনীচিত্রের সংখ্যা (শিশুচিত্র সহ) বর্তমানে মোট (৮+৬) বা ১৪টি।

(গ) এই কাহিনীচিত্রগুলি নির্মাণে সরকারের মোট ৫৩,৭৩,৭৬২.২০ টাকা লগ্নী আছে।

### রাজ্য সরকার কর্তৃক বীজ খরিদ

১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৬।) **শ্রীনীহারকুমার বসু ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গ সরকার অন্যান্য রাজ্য থেকে কি কি এবং কত পরিমাণ বীজ খরিদ করেছেন; এবং

(খ) এর মোট মূল্য কত?

**কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় ঃ** (ক) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার নিজে অন্য রাজ্য থেকে কোন বীজ কেন্নন নি। তবে রাজ্য কো-অপারেটিভ সোসাইটি ও অন্যান্য সরকারী সংস্থার মাধ্যমে বীজ ক্রয় ও বিক্রয় করেন। ১৯৮২-৮৩ সালে আনুমানিক নিম্নলিখিত পরিমাণ বীজগুলি কেনা হয়েছে ঃ—

গমবীজ—২ হাজার ৬৯ টন ও ৮ শত কেজি।

পাট—১ শত টন ও ৯ শত ৮৫ কেজি।

আলু—১ হাজার ৫ শত ৯০ টন ও ১ শত ৮০ কেজি।

বাদাম—১ শত ৪২ টন ও ৫ শত কেজি।

ছোলা—১ শত ২০ টন।

কলাই—৫০ টন।

মুগ—২ শত ১৮ টন।

ঢ্যাঁড়স—৫৩ টন।

ধান—৭০ টন।

(খ) উপরের বীজগুলির আনুমানিক মূল্য ১ কোটি ৯৯ লক্ষ ৯২ হাজার ৮ শত ৪ টাকা ও ২৮ পয়সা।

### ব্যারাকপুর হইতে কলিকাতা ফেরী সার্ভিস

১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৭।) **শ্রীনীহারকুমার বসু ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ব্যারাকপুর হইতে কলকাতা পর্যন্ত জলপথে যাত্রী চলাচল করার জন্য কোন 'ফেরী সার্ভিস' চালু করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) উক্ত পরিকল্পনাটি কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠান হইয়াছে। কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়ার পূর্বে এ সম্পর্কে সুনির্দিষ্ট জবাব দেওয়া সম্ভব নয়।

### গোঘাটের কালীপুর-বালীদেওয়ানগঞ্জ ও রেঙ্গাই-কুমারগঞ্জ পাকা রাস্তা নির্মাণ

১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭০।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার গোঘাটের কালীপুর-বালীদেওয়ানগঞ্জ এবং রেঙ্গাই-কুমারগঞ্জ রাস্তা দুইটি পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত কাজগুলি আরম্ভ হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### ভিকদাস-সাওড়া রাস্তা পাকাকরণের পরিকল্পনা

১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭২।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) গোঘাটের ভিকদাস-সাওড়া রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### হুগলী জেলার গোঘাট থানায় গভীর নলকূপ স্থাপন

১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৪।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার গোঘাট থানায় খরা পরিস্থিতি মোকবিলায় গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### গ্র্যান্ড ট্রাংক রোড সংস্কার

১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৭।) **শ্রীঅশোক ঘোষ ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া শহরে গ্রান্ড ট্রাংক রোডটি দীর্ঘদিন যাবৎ খোঁড়া অবস্থায় পড়ে আছে; এবং

(খ) সত্য হ'লে, উক্ত রাস্তাটি সংস্কারের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার অ্যান্ড সেনিটেশন অথরিটির ভূগর্ভস্থ পয়ঃপ্রণালীর উন্নয়নমূলক কাজের জন্য রাস্তাটির কিয়দংশ সাময়িকভাবে খোঁড়া হয়। ঝামা পর্যায়ের কাজ করার পর রাস্তাটির বন্ধ অংশ যানবাহনের জন্য খুলিয়া দেওয়া হইয়াছে।

পয়ঃপ্রণালীর কাজ শেষ হইবার পর উক্ত সংস্থা রাস্তাটি সংস্কার করিবে।

### সালকিয়া হিন্দু স্কুলের অডিট রিপোর্ট

১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯২।) **শ্রীঅশোক ঘোষ ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সালকিয়া হিন্দু স্কুলের (হায়ার সেকেন্ডারী) ১৯৭৬-৭৭ সালের অডিট রিপোর্টে আর্থিক তছরূপ সমেত কিছু ত্রুটি ধরা পড়ে;

(খ) সত্য হলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন; এবং

(গ) উক্ত বিদ্যালয়ের বর্তমান প্রধান শিক্ষক নিয়োগ সম্বন্ধে মহামান্য কোর্টের কোন নির্দেশ আছে কি?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ, মহামান্য কোর্টের নির্দেশমত প্রধান শিক্ষক মহাশয় স্বপদে বহাল আছেন।

### হাওড়া জেলায় এন আর ই পি স্কীম

১৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৩।) **শ্রীঅশোক ঘোষ ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে হাওড়া জেলায় এন আর ই পি স্কীমে (ব্লকওয়ারী হিসাব) কত টাকা মঞ্জুর হইয়াছিল;

(খ) ৩১শে জুলাই, ১৯৮৩ পর্যন্ত উক্ত টাকার কোন হিসাব পাওয়া গিয়াছে কিনা; এবং

(গ) উক্ত টাকায় কোন স্থায়ী সম্পদ সৃষ্টি হইয়াছে কিনা?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (১) এই স্কীমে ব্লকওয়ারী টাকা মঞ্জুর করা হয় না। সাধারণতঃ সব গ্রাম পঞ্চায়েতকে সমানহারে অর্থ বরাদ্দ করা হয়। ১৯৮২-৮৩ সালে বড় বড় স্কীম রূপায়ণের জন্য জেলা পরিষদকে আলাদাভাবে অর্থ বরাদ্দ করা হয়েছে। বরাদ্দ অর্থের হিসাব নিম্নরূপ ঃ—

| | লক্ষ টাকা |
|---|---|
| (ক) গ্রাম পঞ্চায়েত | ৫৭.৭৫ |
| (খ) জেলা পরিষদ | ২০.৩৩ |
| মোট | ৭৮.০৮ |

(খ) হ্যাঁ, হিসাব পাওয়া গিয়াছে।

(গ) হ্যাঁ।

**বারগ্রাম অঞ্চল বিদ্যাপীঠ**

**১৭১।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৪।) **শ্রীঅশোক ঘোষ ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার শ্যামপুর থানার অন্তর্গত বারগ্রাম অঞ্চল বিদ্যাপীঠ জুনিয়ার হাইস্কুলের প্রধান শিক্ষককে ১৯৮২ সালের মে মাসে বিদ্যালয় থেকে তাড়িয়ে দেওয়া হয়েছিল;

(খ) সত্য হলে, তার কারণ কি;

(গ) গত ইং ১-১১-১৯৮০ তারিখ হতে উক্ত প্রধান শিক্ষক মহাশয়কে অদ্যাবধি মাহিনা না দেওয়ার কারণ কি; এবং

(ঘ) উক্ত বিদ্যালয়ে নির্বাচিত কমিটিকে বাতিল করে গত ২২-১১-১৯৭৮ তারিখ থেকে আজ পর্যন্ত অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করার কারণ কি?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) উক্ত বিদ্যালয়ে কোন প্রধান শিক্ষক ছিলেন না, তাঁর স্থলে ভারপ্রাপ্ত শিক্ষক অবৈধভাবে অনুপস্থিত থাকায় এবং বিদ্যালয়ের কর্তৃপক্ষ কর্তৃক অনুদানের দরখাস্তে উক্ত শিক্ষকের বেতন বাবত কোন দাবী পেশ করেন নি বলে তাঁক মাহিনা দেওয়া হয় নি।

(ঘ) বিধিসম্মত পরিচালন সমিতির কার্যকালের মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর এবং নির্দ্ধারিত সময়ের মধ্যে বিধিসম্মত পরিচালন সমিতি পুনর্গঠিত না হওয়ায় ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ প্রশাসক নিয়োগ করেন। এ ব্যাপারে আদালতের নির্দেশ চাওয়ার ব্যবস্থা পর্ষদ করেছেন।

**হাওড়া জেলার ৬৭ ও ৬৮ নং রুটে অনিয়মিত বাস চলাচল**

**১৭২।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৭।) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জিলার ৬৭ ও ৬৮ নং রুটের বাসগুলি প্রায় ৫ বৎসর যাবৎ অনিয়মিতভাবে চলাচল করিতেছে; এবং

(খ) সত্য হইলে, আর টি এ (হাওড়া) এ বিষয়ে কোন স্থায়ী ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) আর টি এ (হাওড়া)-এর নিকট এরূপ কোনও সংবাদ নাই।

(খ) উপরোক্ত উত্তরের পরিপ্রেক্ষায় স্থায়ী ব্যবস্থা নেবার প্রশ্ন ওঠে না।

**আবগারী রেভিনিউ**

**১৭৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৬১৫।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে গাঁজা, চরস, আফিং ও দেশী মদের লাইসেন্সপ্রাপ্ত দোকান হতে কত পরিমাণ রেভিনিউ আদায় হয়েছে;

(খ) উক্ত সময়ে রেভিনিউ আদায়ের পরিমাণ কত ধার্য হয়েছিল;

(গ) বে-আইনীভাবে ও অন্যান্য রাজ্য হতে এ রাজ্যে গাঁজা, চরস, আফিং এবং দেশী মদের চোরাই চালান বন্ধ করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(ঘ) (১) বাঁকুড়া জেলায় উক্ত সময়ে কতগুলি বেআইনী গাঁজা, চরস, আফিং এবং দেশী মদের চোরাই চালান আটক করা হয়েছে এবং (২) তা'র কতগুলি মামলা দায়ের করা হয়েছে?

**আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে দেশী মদ, গাঁজা ও আফিং-এর লাইসেন্সপ্রাপ্ত দোকান হইতে নিম্নলিখিত রেভিনিউ (আবগারী রাজস্ব) আদায় হইয়াছে। চরসের উপর কোন অন্তঃশুল্ক ধার্য করা হয় না কারণ এ রাজ্যে চরস বিক্রয় করা বা রাখা নিষিদ্ধ—

| বৎসর | | দেশী মদ | গাঁজা | আফিং |
|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা |
| ১৯৮১-৮২ | . . | ২৭,৯০,৭৬,২১৩ | ৩৫,৩৩,৯৫১ | ১৪,৬৪,৪৩৭ |
| ১৯৮২-৮৩ | . . | ৩২,৩৫,১৮,৭২৮ | ১৬,৫৬,১৯৬ | ১৩,০০,৮৮৬ |

(খ) উক্ত সময়ে নিম্নলিখিত রেভিনিউ (রাজস্ব) আদায়ের পরিমাণ ও লক্ষ্য ধার্য করা হইয়াছিল (বাজেটের অঙ্কানুসারে) ঃ—

| বৎসর | | দেশী মদ | গাঁজা | আফিং |
|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা |
| ১৯৮১-৮২ | . . | ৩৬,৬০,০০,০০০ | ৪৭,২০,০০০ | ১৪,০০,০০০ |
| ১৯৮২-৮৩ | . . | ৩৭,১২,৬০,০০০ | ২৯,০০,০০০ | ১৬,৩৮,০০০ |

(গ) বে-আইনীভাবে ও অন্যান্য রাজ্য হইতে এ রাজ্যে গাঁজা, চরস, আফিং এবং দেশী মদের চোরাই চালান দমন করিবার জন্য এই রাজ্যের বিভিন্ন এলাকায় এবং সীমান্ত এলাকায় আবগারী কর্মচারী মোতায়েন করা আছে। ঐ কর্মচীরারা চোরাই চালানের সম্ভাব্য স্থানগুলিতে কড়া নজর রাখেন। কোন সংবাদ পাইলেই উক্ত কর্মচারীরা আসামী ধরিবার জন্য তৎপর হন এবং মাঝে মাঝে কিছু কেস ধরা পড়ে ও মামলা দায়ের করা হয়।

(ঘ) বাঁকুড়া জেলায় বে-আইনী দেশী মদ, গাঁজা এবং আফিং-এর চোরাই চালান আটকের মামলার বিবরণ নিম্নে প্রদত্ত হইল ঃ—

| | | বৎসর ধৃত কেসের সংখ্যা | | | মামলা দায়ের কেসের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | | দেশী মদ | গাঁজা | আফিং | আদালতে | বিভাগীয় ভাবে |
| ১৯৮১-৮২ | . . | ১,৫০২ | | ১২ | ৯৪৭ | ৫৬৭ |
| ১৯৮২-৮৩ | . . | ১,২৩১ | | ৫ | ৯০৫ | ৩৩১ |

## সরকার নির্মিত তথ্য চিত্র

১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৬।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** গত ২৩শে ফেব্রুয়ারি ১৯৮৩ তারিখের প্রশ্ন নং *৩ (অনুমোদিত প্রশ্ন *১৩৬)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে তথ্য ও

সংস্কৃতি বিষয়ের মন্ত্রিমহাশয় জানাইবেন কি, ১৯৭৭ সালের মার্চ হইতে ১৯৮২ সালের মার্চ মাস পর্যন্ত রাজ্য সরকার কর্তৃক নির্মিত তথ্য চিত্রের নাম কি কি?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ের মন্ত্রিমহাশয় ঃ** তালিকা নিম্নে উপস্থাপিত করা হইল—

*Statement referred to Question No. 174*
*(Admitted Question No. 616)*

| ক্রমিক সংখ্যা ও তথ্য চিত্রের নাম |
|---|
| ১। প্রগতির পথে (বিশ দফা কর্মসূচী)। |
| ২। শরৎচন্দ্র (ইংরাজী)। |
| ৩। স্বদেশী জিনিষ কিনুন। |
| ৪। জাগরণ। |
| ৫। পুরাকীর্তির সংরক্ষণ। |
| ৬। দার্জিলিং প্রগতির পথে। |
| ৭। শরৎ মেলা। |
| ৮। সোনার ফসল। |
| ৯। আচার্যের পুরস্কার। |
| ১০। স্বল্প সঞ্চয়। |
| ১১। অপরাধ ও অপরাধ বিজ্ঞান। |
| ১২। পেলের মোকাবিলায় মোহনবাগান। |
| ১৩। The Practice। |
| ১৪। পেলের চোখে ফুটবল। |
| ১৫। ভীষ্মদেব চট্টোপাধ্যায়। |
| ১৬। গ্রাম আমাদের। |
| ১৭। পঞ্চায়েত নির্বাচনের রূপরেখা। |
| ১৮। ঠিকানা। |
| ১৯। যুব উৎসব—৭৮। |
| ২০। আমার দেশ ও আমার দেশের মানুষ। |
| ২১। বন্ধ কলকারখানা ও শ্রমিক জীবন। |
| ২২। বাংলার কবিগান। |
| ২৩। কুলিসে মজদুর (চা বাগানের শ্রমিক জীবন)। |
| ২৪। অবনীন্দ্রনাথ (রঙ্গীন)। |
| ২৫। কেউ ভোলে না কেউ ভোলে। |
| ২৬। নিরক্ষরতার অভিশাপ। |
| ২৭। চলচ্চিত্রের পথিকৃৎ ডি, জি। |
| ২৮। জয়ের আশায় (ভারত বনাম ওয়েষ্ট ইণ্ডিজের ক্রিকেট খেলা—৭৯) |
| ২৯। কিশোর অপরাধ ও তার উৎস। |
| ৩০। আচার্য্য সুনীতি কুমার। |
| ৩১। জরুরী অবস্থার দুঃস্বপ্ন। |

| ক্রমিক সংখ্যা ও তথ্য চিত্রের নাম |
|---|
| ৩২। The Brave Do Not Die (Donated) |
| ৩৩। বলশয় ব্যালে--৭৭। |
| ৩৪। Dooars, Lovely Dooars (রঙ্গীন)। |
| ৩৫। মাটি আর নেই। |
| ৩৬। কোলকাতা (Calcutta)। |
| ৩৭। আগাছা। |
| ৩৮। সিনেমার জন্মকথা। |
| ৩৯। ব্রতচারী। |
| ৪০। পাকা ফসলের কড়চা। |
| ৪১। Problems of Darjeeling District। |
| ৪২। নতুন দিগন্ত (বামফ্রন্টের তিন বছর।) |
| ৪৩। শহীদ অর্থ আন্দামান। |
| ৪৪। The Life of Coal Miners। |
| ৪৫। পঞ্চায়েত। |
| ৪৬। সুকান্ত। |
| ৪৭। সংস্কৃতি অপসংস্কৃতি। |
| ৪৮। খেলার জগৎ। |
| ৪৯। আগাড়ুম বাগাড়ুম। |
| ৫০। ফুটবল (Of Sports Council)। |
| ৫১। শোনো পৃথিবী। |
| ৫২। Silent Condemnation। |
| ৫৩। কিছু তথ্য কিছু সত্য। |
| ৫৪। A Seventh Man (Common Destiny)। |
| ৫৫। আঞ্চলিক লোক উৎসব। |
| ৫৬। দিন আসছে। |
| ৫৭। গণনাট্য। |
| ৫৮। পশ্চিমবঙ্গের বন্যপ্রাণী (রঙ্গীন)। |
| ৫৯। নতুন দিগন্ত (বামফ্রন্টের চার বছর পূর্তি)। |

**খরাত্রাণে কেন্দ্রীয় সাহায্য**

১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৩।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০-৮১ আর্থিক বছরে খরা ত্রাণের জন্য কেন্দ্রীয় সরকার (১) কত টাকা, (২) কত চাল, ও (৩) কত গম দিয়াছেন?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় :** খরা ত্রাণের জন্য ১৯৮০-৮১ আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকার কোন আর্থিক বা অন্য সাহায্য দেন নি।

### মুখ্যমন্ত্রীর বিদেশ সফরে সরকারী ব্যয়

১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪০।) **শ্রীআব্দুল মান্নান ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সাম্প্রতিক বিদেশ সফরের পূর্বে বিগত ছয় বছরে মাননীয় মুখ্যমন্ত্রীর বিদেশ সফরের জন্য রাজ্য সরকারের মোট কত টাকা ব্যয় হয়েছে।

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ভাড়া বাবত ৪১,৯৪৮ টাকা ৪১ পয়সা (একচল্লিশ হাজার নয় শত আটচল্লিশ টাকা একচল্লিশ পয়সা)।

### রামচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্র

১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪২।) **শ্রীআব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি–

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার খানাকুল ২ নং ব্লকের রামচন্দ্রপুর গ্রামে নবনির্মিত স্বাস্থ্যকেন্দ্রটি এখনও চালু হয় নাই;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) কবে নাগাত উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সত্য।

(খ) ও (গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য যে চিকিৎসককে নিযুক্ত করা হয়েছে, তিনি এখনও কাজে যোগদান করেন নাই। সেজন্য স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা সম্ভব হয় নাই। উক্ত চিকিৎসক কাজে যোগদান করলেই স্বাস্থ্যকেন্দ্রটি চালু হবে।

### মুন্ডেশ্বরী নদীর উপর সেতু

১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৭।) **শ্রীআব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) হুগলী জেলায় চাঁপাডাঙ্গা দিগরুইঘাট খানাকুল রাস্তায় মুন্ডেশ্বরী নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### তারকেশ্বর-আরামবাগ রাস্তার সেতু

১৭৯। অনুমোদিত প্রশ্ন নং ৬৪৮।) **শ্রীআব্দুল মান্নান ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি–

(ক) তারকেশ্বর হইতে আরামবাগ পর্যন্ত রাস্তাটির কাঠের সেতুগুলি পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, তাহা কবে নাগাত কার্যকরী হইবে?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

**দরিদ্র শ্রেণীর জন্য ভরতুকি দিয়ে রেশন সরবরাহ**

১৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৮।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামের ক্ষেত মজুর ও দরিদ্র শ্রেণীর জনসাধারণের জন্য ভরতুকি দিয়ে রেশন দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতদিনে উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বর্তমানে এরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

**মৌজা বৈদ্যুতীকরণ**

১৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৯।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** গত ২৫শে মার্চ, ১৯৮৩ তারিখের প্রশ্ন নং ৬২ (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৯)-এর উত্তর প্রসঙ্গে বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরের ১৮৩০টি মৌজা বৈদ্যুতীকরণের কর্মসূচীর মধ্যে—

(১) কতগুলি মৌজায় ইতিমধ্যে বৈদ্যুতীকরণের কাজ সমাপ্ত হয়েছে, ও

(২] কতগুলি মৌজায় কাজ চলিতেছে; এবং

(খ) বাকী মৌজাগুলির কাজ কবে নাগাত শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (১) ১০৯টি মৌজা, (২) ৩৫০টি মৌজা।

(খ) অবশিষ্ট মৌজাগুলির কাজ অবিলম্বে শুরু করা হবে।

**কামারপুকুরে পর্যটন বাংলো**

১৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬০।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার কামারপুকুরে শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের জন্মস্থানে পর্যটন বাংলো স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন আসে না।

**বেঙ্গাই টেক্‌নিক্যাল ইনস্টিটিউটে সুপারিন্টেন্‌ডেন্ট নিয়োগ**

১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৩।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গোঘাটের বেঙ্গাই টেক্‌নিক্যাল ইনস্টিটিউটে দীর্ঘদিন যাবৎ সুপারিন্টেন্‌ডেন্টের পদটি শূন্য আছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত পদটি পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) স্থানীয় কর্ম বিনিয়োগ কেন্দ্র সমূহের দ্বারা প্রেরিত প্রার্থীদের মধ্যে হইতে নির্বাচনের মাধ্যমে এই পদ পূরণ করা হয়। কিন্তু কর্মবিনিয়োগ কেন্দ্র হইতে উযুক্ত প্রার্থীর অভাবে পদটি পূরণ করা সম্ভব হইতেছে না। অনুরূপ কয়েকটি প্রতিষ্ঠানে এই অসুবিধা দেখা দেওয়ায় স্থায়ীভাবে এই পদ পূরণের জন্য একটি কেন্দ্রীয় নির্বাচন কমিটি গঠন করার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## কৃষকদের মিনিকিট সরবরাহ

**১৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৫।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানের খরাতে কৃষকদের চাষের জন্য কত মিনিকিট সরবরাহ করা হইয়াছে; এবং

(খ) বিতরণের সময় প্রকৃত কৃষকেরা মিনিকিট পেয়েছেন কিনা?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বর্তমান বর্ষে খরাজনিত পরিস্থিতি মোকাবিলার জন্য এ পর্যন্ত ১০ লক্ষ ৬৪ হাজার ৮ শত ৩৯টি ধানবীজ মিনিকিট ও ৯৯ হাজার ৯ শত ৯০টি কলাই মিনিকিট কৃষকদের মধ্যে বিলির, জন্য মঞ্জুর করা হইয়াছে।

(খ) প্রকৃত কৃষকদের মধ্যেই এই মিনিকিটগুলি বিলি করার জন্য মঞ্জুর করা হয়েছে। এখনও আমাদের কাছে কোন সংবাদ নেই যে প্রকৃত কৃষক নন যাঁরা তাঁদের এই মিনিকিটগুলি বিলি করা হয়েছে।

## গোঘাট এ জি হাসপাতাল সংস্কার

**১৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৬।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সরকার কি অবগত আছেন যে, গোঘাটের এ জি হাসপাতালটির সংস্কারের অভাবে ঔষধপত্র নষ্ট হচ্ছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত হাসপাতাল সংস্কারের কাজ কতদিনে সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) শীঘ্রই।

## রাজাবাজার ট্রাম ডিপোয় অগ্নিকান্ড

**১৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৭০।) **শ্রীনীহার কুমার বসু ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) রাজাবাজার ট্রাম ডিপোর অগ্নিকান্ড সম্পর্কে তদন্ত কমিটির রিপোর্ট সরকারের হস্তগত হইয়াছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত রিপোর্টে অগ্নিকান্ডের কারণ সম্পর্কে কি বলা হয়েছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) কমিটির রিপোর্টে বলা হয়েছে যে, এই মর্মে আদেশ থাকা সত্ত্বেও ট্রামের ট্রলিগুলি বিদ্যুৎবাহী তার থেকে বিচ্ছিন্ন করে রাখা হয় নি এবং আলো ও পাখার সুইচগুলিও অফ করে রাখা হয় নি। এর ফলে স্ট্রীম লাইন্ড ট্রাম নং ১৩৯-এর ট্রেলার ল্যাম্প হোল্ডারের সংযোগকারী 'পিন' ও ল্যাম্পের প্লেট-এর মধ্যে ফাঁক থাকায় স্ফুলিঙ্গ বিচ্ছুরিত হতে থাকে এবং এর থেকেই আগুনের সূচনা। ট্রামের ছাদে যে দাহ্য পদার্থ ব্যবহৃত হয়ে থাকে তার জন্য এবং কর্মরত দারোয়ানের কর্তব্যে অবহেলার জন্য আগুনের এই ব্যাপকতা।

### চব্বিশ-পরগনা জেলার পানপুর মৌজায় অকেজো গভীর নলকূপ

১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৩।) **শ্রীনীহার কুমার বসু ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চব্বিশ-পরগনা জেলার জগদ্দল থানার অধীন পানপুর মৌজায় অবস্থিত গভীর নলকূপট দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে রয়েছে; এবং

(খ) সত্য হলে, এই নলকূপটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ; গভীর নলকূপটি বৎসরাধিক কাল অচল অবস্থায় আছে।

(খ) অকেজো নলকূপটি চালু করার অন্যান্য চেষ্টা ব্যর্থ হওয়ায়, উহা পুনস্থাপনের (রি-ড্রিলিং) প্রস্তাব বিবেচনা করা হচ্ছে।

### উন্মাদ বন্দীর সংখ্যা

১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৪।) **শ্রীনীহার কুমার বসু ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সারা পশ্চিমবঙ্গের কারাসমূহে বর্তমানে কত উন্মাদ বন্দী আছে; এবং

(খ) উন্মাদ বন্দীদের জন্য কোন পৃথক কারা স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) পশ্চিমবঙ্গের কারাসমূহে বর্তমানে ১১৩৮ জন উন্মাদ বন্দী আছে।

(খ) হ্যাঁ।

### মহিলা বন্দী

১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৫।) **শ্রীনীহার কুমার বসু ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গের কারাসমূহে বর্তমানে মহিলা বন্দীর সংখ্যা কত; এবং

(খ) উক্ত মহিলা বন্দীদের জন্য পৃথক কারা স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বর্তমানে মহিলা বন্দীদের মোট সংখ্যা ১১১৬ জন।

(খ) হ্যাঁ, ই এম বাই-পাসের কাছে মহিলা বন্দীদের জন্য একটি পৃথক কারা স্থাপনের প্রস্তাব আছে।

**গ্রেট ইষ্টার্ন হোটেল সংস্কার বাবত ব্যয়**

১৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৮।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮০-৮৩ সালের ৩১শে জুলাই মাস পর্যন্ত গ্রেট ইস্টার্ন হোটেল ডিমোলিশনঌকনস্ট্রাকশনঌরিনোভেশন কাজ করার জন্য বিনা টেন্ডারে প্রায় কুড়ি লক্ষ টাকা খরচ করা হইয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত কাজ সম্পূর্ণ হইয়াছে কিনা; এবং

(গ) না হইলে, তাহার কারণ কি?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

**গঙ্গানগর খাটাল প্রকল্পে জমি অধিগ্রহণ**

১৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৯।) **শ্রীসরল দেব ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গঙ্গানগর খাটাল প্রকল্পে যাহাদের জমি অধিগ্রহণ করা হইয়াছে তাহাদের পরিবারপিছু একজন ব্যক্তিকে সরকারী কোন প্রকল্পে নিয়োগ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** এরূপ কোন পরিকল্পনা রাজ্য সরকারের নাই।

**উচ্চ মাধ্যমিক স্তরে জীব-বিজ্ঞান শিক্ষা সমস্যা**

১৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৭০১।) **ডাঃ মানস ভুঞ্যা ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উচ্চ মাধ্যমিক স্তরে জীব-বিজ্ঞান বিষয় নিয়ে পড়তে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের খুবই সমস্যার সম্মুখীন হতে হচ্ছে; এবং

(খ) সত্য হলে, সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এইরূপ সমস্যার কোনো বিশেষ ঘটনার কথা সরকারের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**মেদিনীপুর জেলায় নতুন প্রাইমারী বিদ্যালয়ের অনুমোদন**

১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৬।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ শিক্ষা** (প্রাথমিক)

বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ সালে মেদিনীপুর জেলায় কতগুলি নতুন প্রাইমারী বিদ্যাল অনুমোদন দেওয়ার পরিকল্পনা আছে;

(খ) মহিষাদল থানার ঠেকুয়া সার্কেলের দরিচক গ্রামের বিদ্যালয়টিকে অনু দেওয়ার কথা সরকারের বিবেচনাধীন আছে কিনা;

(গ) সরকার কি অবগত আছেন যে উক্ত বিদ্যালয়টি গত ১৯৭৩-৭৪ সাল হইতে আছে; এবং

(ঘ) অবগত থাকলে, উক্ত বিদ্যালয়টি এখন পর্যন্ত অনুমোদিত না হবার কারণ ক

**শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ২৩২টি।

(খ) না।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

### দীঘার পর্যটক আবাস

**১৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৭২৫।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভা মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী বিভিন্ন দপ্তরের প্রত্যক্ষ বা পরোক্ষ নিয়ন্ত্রণে দীঘায় পর্যটকদের থাকার ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোথায় কতজনের জন্য ঐরূপ ব্যবস্থা আছে এবং ঐ সকল আবা কোন্ দপ্তরের প্রত্যক্ষ বা পরোক্ষ নিয়ন্ত্রাণাধীন?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) বিস্তারিত বিবরণ নীচের তালিকায় দেওয়া হল ঃ—

| | পর্যটন আবাসনের নাম | কোন দপ্তরের নিয়ন্ত্রণে | কতজনের জন্য ব্যবস্থা আছে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | সৈকতাবাস | উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ | ৮৮ | |
| ২। | অপরাজিতা | " | ৩২ | |
| ৩। | নবগীতিকা | " | ৩২ | |
| ৪। | নিরালা | " | ৪৮ | ৪টি আসনযুক্ত একটি ই আবহাওয়া বিভাগকে দে আছে। |
| ৫। | মালঞ্চ | " | ৪৮ | ১২টি আসনযুক্ত ৪টি ইউ দামোদর ভ্যালী কর্পোরেশ দেওয়া আছে। |
| ৬। | ছায়ানট | " | ৬৭ | অতিরিক্ত খরচ পাওয়া গ |
| ৭। | ছায়ানট সং-যোজন। | " | ৮৮ | আসন সংখ্যা নির্দ্দিষ্ট সীম মধ্যে বর্ধিত করা যায়। |
| ৮। | ক্ষণিকা | " | ১৫০ থেকে ২০০ | কেবলমাত্র বনভোজনকীর জন্য। |

| | পর্যটন আবাসনের নাম | কোন দপ্তরের নিয়ন্ত্রণে | কতজনের জন্য ব্যবস্থা আছে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৯। | দীঘা কল্যাণ সংস্থার বিশ্রামাগার। | সম্পাদক, দীঘা কল্যাণ সংস্থা (সমাজ কল্যাণ বিভাগের অধীনে) | ৪০ | বর্তমান পর্যটকদের ব্যবহারের অনুপযুক্ত। |
| ১০। | টুরিষ্ট লজ | পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন সংস্থা (পর্যটন দপ্তরের অধীন) | ৪৬ | ১০টি ডর্মিটরি আসন সহ। |
| ১১। | অবসারিকা হলিডে হোম | শ্রম কল্যাণ পর্যদ (শ্রম দপ্তরের অধীন) | ৫৪ | ৬টি শয্যা বিশিষ্ট ২টি কক্ষ পবিদর্শনের জন্য ব্যবহৃত হয়। |
| ১২। | হলিডে হোম | যুব কল্যাণ দপ্তর | ৫৮ | |
| ১৩। | হলিডে হোম | পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ | ৬ | |
| ১৪। | হলিডে হোম | ডাক ও তার বিভাগ | ৪ | |
| ১৫। | হলিডে হোম | কলিকাতা পুরসভা | ১৮ | |

## গ্লুকোনেট কোম্পানীর কারখানা সংস্কার

**১৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৭২৯।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য ১৯৮২ সালে প্রিনসেফ স্ট্রীটে অবস্থিত গ্লুকোনেট লিমিটেড কোম্পানীর কারখানার অট্টালিকা সংস্কার ও উন্নয়ন প্রভৃতি কাজের জন্য বিনা টেন্ডারে মোট ৬০,০০০ (ষাট হাজার) টাকা খরচ করা হয়েছে?

**শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** গুলোনেট লিমিটেড কোম্পানীর কারখানার সংস্কার ও উন্নয়নের জন্য ১৯৮২ সালে মোট ৫৯,০০০ (উনষাট হাজার) টাকা খরচ হয়। প্রয়োজনীয় টেন্ডার এবং প্রচলিত নিয়ম অনুযায়ী উক্ত কাজ করা হইয়াছে।

## গ্রেট ইষ্টার্ন হোটেলে কর্মী নিয়োগ

**১৯৬।** অনুমোদিত প্রশ্ন নং ৭৩১।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালের জানুয়ারী মাস হইতে ১৯৮৩ সালের মার্চ পর্যন্ত গ্রেট ইস্টার্ন হোটেলে কতজন কর্মী নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) কি পদ্ধতিতে উক্ত কর্মী নিয়োগ করা হইয়াছে?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৫৯ জন। এর মধ্যে নিয়মিত বেতনক্রমে ৪৫ জন। বাকী ১৪ জন স্বল্পমেয়াদী চুক্তির ভিত্তিতে।

(খ) নিয়মিত বেতনক্রমে নিযুক্ত ৪৭ জনের মধ্যে ৩১ জনকে নেয়া হয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে। ৫ জন কর্তব্যরত অবস্থায় মৃত কর্মচারীদের পুত্র, ৩ জন ১৯৬১-র অ্যাপ্রেনটিস শিপ অ্যাক্ট অনুযায়ী হোটেলে শিক্ষানবীশ হিসাবে থাকার পর নিযুক্ত হয়েছেন ও বাকি ৬ জনের নিয়োগ সংবাদপত্রের মাধ্যমে দরখাস্ত আহ্বান করে যোগ্যতা বিবেচনার পর।

স্বল্পমেয়াদী চুক্তির ভিত্তিতে নিযুক্ত ১৪ জনের মধ্যে ২ জন প্রাক্তন সৈনিক, ৫ জন অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী, ১ জন সংবাদপত্রে বিজ্ঞানের মাধ্যমে ও বাকী ৬ জন হোটেল কর্তৃপক্ষের নিকট দরখাস্তকারীদের দরখাস্তের মাধ্যমে যোগ্যতা বিবেচনার পর।

### সরকারী কর্মচারীদের দৈনিক গড় হাজিরা

১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৮।) **শ্রীমনোহর টিরকি ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে নিযুক্ত সকল স্তরের কর্মচারীগণের 'দৈনিক গড় হাজিরার', প্রতি নজরদারী করার কোন কার্যকর ব্যবস্থা আছে কি?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে কর্মচারীদের হাজিরার উন্নতির জন্য সরকার বিভিন্ন সময়ে বিভিন্ন নির্দেশনামা জারি করেছেন। মুখ্য সচিবের ১লা জুলাই, ১৯৮২ তারিখের ৬৯৪৯ (৬২) এফ নং আদেশনামায় এই সম্পর্কে বিস্তারিত নির্দেশ প্রচার করা হয়েছে।

### জেলাওয়ারী কর্মপ্রার্থীর সংখ্যা

১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৯।) **শ্রীমনোহর টিরকি ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩ সালের ৩১শে জুলাই পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্যে জেলাওয়ারী তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা কত?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

| | (সংশোধন সাপেক্ষে) |
|---|---|
| কলিকাতা | ৫,৪০,৭৮১ |
| চব্বিশপরগণা | ৬,৮৪,৯৯৭ |
| নদীয়া | ১,৮২,৯১৩ |
| মুর্শিদাবাদ | ২,০৪,৪৭৪ |
| হাওড়া | ১,৮১,০০৭ |
| হুগলী | ২,৫৪,৩৭৫ |
| বর্ধমান | ৫,৫৮,০৩৪ |
| বীরভূম | ৯৯,৪০১ |
| বাঁকুড়া | ১,২০,৭৫১ |
| মেদিনীপুর | ৩,৭৯,৩৯৭ |
| পুরুলিয়া | ৯৬,০৭৫ |
| দার্জিলিং | ৭৪,০৫০ |
| জলপাইগুড়ি | ৮৫,৭৮৫ |
| কুচবিহার | ৮৭,১৭৪ |
| মালদা | ৭৭,১৮০ |
| পশ্চিম দিনাজপুর | ১,০৪,২৪৯ |
| | ৩৭,৩০,৬৪৩ |

### বাঁকুড়া শহরে যোগ ব্যায়াম বডি বিল্ডিং-এর প্রতিযোগিতা

**১৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৪।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, ১৯৮০ সালে বাঁকুড়া শহরে যোগ ব্যায়াম বডি বিল্ডিং-এর জুনিয়র বেঙ্গল রাজ্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল;

(খ) সত্য হলে, উক্ত প্রতিযোগিতার জন্য কোন প্রকার সরকারী সাহায্য করা হয়েছিল কিনা;

(গ) উক্ত প্রতিযোগিতাটি কোন্ প্রতিষ্ঠানের মাধ্যমে তদারকি করা হয়েছিল; এবং

(ঘ) যোগ ব্যায়াম বডি বিল্ডিং প্রতিযোগিতাকে সুসংবদ্ধ করার জন্য কোন সরকারী পরিকল্পনা গৃহীত হয়েছে কিনা?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) যোগব্যায়াম এবং বডি বিল্ডিং-এর প্রসারকল্পে ক্রীড়া পর্যদ বিভিন্ন শিক্ষণ শিবিরের ব্যবস্থা করে থাকে।

### পঞ্চায়েত নির্বাচনের পর বি ডি ও বদলী

২০০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৫।) **শ্রীআব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র বিভাগ (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বিগত পঞ্চায়েত নির্বাচনের পর থেকে ৩১শে জুলাই পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় কতজন বি ডি ও-কে বদলী করা হয়েছে।

**স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** বিগত পঞ্চায়েত নির্বাচনের পর থেকে ৩১শে জুলাই পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যত জন বি ডি ও-কে বদলীর আদেশ দেওা হয়েছে তার একটি তালিকা নিম্নে দেওয়া হল ঃ--

| | | |
|---|---|---|
| ১। | বর্ধমান | ৫ জন· |
| ২। | মেদিনীপুর | ৬ জন |
| ৩। | পুরুলিয়া | ১ জন |
| ৪। | বীরভূম | ২ জন |
| ৫। | বাঁকুড়া | ৩ জন |
| ৬। | হুগলী | ১ জন |
| ৭। | চব্বিশ পরগনা | ১ জন |
| ৮। | হাওড়া | ২ জন |
| ৯। | নদীয়া | ৫ জন |
| ১০। | মুর্শিদাবাদ | ৪ জন |
| ১১। | মালদহ | ৩ জন |
| ১২। | পশ্চিম দিনাজপুর | ৪ জন |
| ১৩। | জলপাইগুড়ি | ২ জন |
| ১৪। | দার্জিলিং | ২ জন |

## সিঙ্গুর স্বাস্থ্যকেন্দ্রের সংস্কার

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৭।) **শ্রীতারাপদ সাধুখান :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সিঙ্গুর স্বাস্থ্যকেন্দ্রের বহির্বিভাগটি সংস্কার করার কোন ব্যবস্থা সরকারের আছে কি;

(খ) ইহা কি সত্য যে—

[১] উক্ত স্বাস্থ্যকেন্দ্রের এক্স রে মেসিনটি খারাপ হয়ে পড়ে আছে,

[২] উক্ত স্বাস্থ্যকেন্দ্রে কোন ডাক্তার নাই, এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আছে।

(খ) (১) সত্য, (২) সত্য নয়।

(গ) বাড়ীটির সংস্কারের ব্যবস্থা করা হচ্ছে, এর পর এক্সরে মেসিনটি চালু করা হবে।

## পশ্চিমবঙ্গে রাসায়নিক সারের চাহিদা

২০২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৯।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে রাসায়নিক সারের বার্ষিক চাহিদা কত;

(খ) চাহিদা অনুযায়ী রাসায়নিক সারের সরবরাহ যথোপযুক্ত কিনা; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হইলে পশ্চিমবঙ্গ সরকার এ সম্পর্কে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) উদ্ভিদ খাদ্য হিসাবে পশ্চিমবঙ্গে বার্ষিক গড় সারের চাহিদা মোট প্রায় ২ লক্ষ ৫৩ হাজার টন।

(খ) এখনও পর্যন্ত সারের সরবরাহ যথোপযুক্ত আছে।

(গ) আগামী মাসগুলিতেও যাতে সরবরাহ যথোপযুক্ত থাকে তার জন্য সম্ভাব্য সবরকম ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## সুন্দরবন উন্নয়ন পর্ষদে কর্মচারী নিয়োগ

২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৬।) **শ্রীসুভাষ নস্কর :** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সুন্দরবন উন্নয়ন পর্ষদে নূতন কর্মচারী নিয়োগের কাজ এখনও শেষ হয় নি;

(খ) কি পদ্ধতিতে উক্ত নিয়োগের কাজ চলিতেছে;

(গ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত নিয়োগ কার্য কবে নাগাত শেষ হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) মোট কতজন কর্মচারী নিয়োগ করা হবে বলে আশা করা যায় (ব্লকওয়ারী হিসাব)?

**উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**বাসন্তী ব্লকে অসমাপ্ত পাকা রাস্তা**

২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৮।) **শ্রীসুভাষ নস্কর ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দক্ষিণ চব্বিশ পরগনা জেলার বাসন্তী ব্লকে কলতলা চুনাখালি পাকা রাস্তাটির কাজ অসমাপ্ত অবস্থায় পড়ে আছে;

(খ) অবগত থাকলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাত পুনরায় আরম্ভ ও সমাপ্ত হইবে?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক), (খ) ও (গ) মাননীয় সদস্য বোধ হয়, কাঁঠালবেড়িয়া-চুনাখালি-পিনাখালি-ফুলমালঞ্চ রাস্তার পাকা করার কথা উল্লেখ করতে চেয়েছেন। রাস্তাটির মাটির কাজ শেষ হয়েছে। পাকা করার কাজ অর্থ সংস্থানের সঙ্গে সামঞ্জস্য রেখে পর্যায়ক্রমে যত তাড়াতাড়ি সম্ভব গ্রহণ করা হবে। রাস্তার কাজ সমাপ্ত হওয়া ভবিষ্যৎ অর্থ সংস্থানের উপর নির্ভরশীল।

**রামপুরহাট কর্মবিনিয়োগ কেন্দ্র**

২০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৩।) **শ্রীশশাঙ্কশেখর মন্ডল ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট শাখার কর্মবিনিয়োগ কেন্দ্রে দুর্নীতি ও কারচুপির কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি; এবং

(খ) পাইয়া থাকিলে, এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) দুর্নীতি ও কারচুপির অভিযোগ সম্পর্কে পূর্ণ তদন্ত সাপেক্ষে প্রাথমিক ব্যবস্থা হিসাবে রামপুরহাট কর্ম বিনিয়োগ কেন্দ্রের সংশ্লিষ্ট অফিসার ও একজন কর্মচারীকে শাস্তিমূলক বদলির ব্যবস্থা করা হয়েছে।

**বাঁকুড়া সম্মিলনী হাসপাতালে মানসিক চিকিৎসা বিভাগ**

২০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৮।) **সর্বশ্রী সুভাষ মাহাত, অবন্তি মিশ্র, কাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতলে মানসিক বিভাগে ২টি ই সি টি মেসিন আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত মেসিনগুলি বর্তমানে চালু আছে কি?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) হ্যাঁ।

### হকার্সদের পুনর্বাসন

২০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩২।) **শ্রীসুভাষ মাহাত ও শ্রীকাশীনাথ মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কলিকাতা সহ শহরাঞ্চলেগ্রামাঞ্চলে হকার্সদের পুনর্বাসনের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(খ) ১৯৮০ সাল হইতে ১৯৮৩ সালের জুলাই পর্যন্ত পশ্চিম বাংলার (জেলাওয়ারী) কত সংখ্যক হকার্স উচ্ছেদ করা হইয়াছে এবং কতজনকে এ পর্যন্ত পুনর্বাসন দেওয়া হইয়াছে; এবং

(গ) শহরাঞ্চলেগ্রামাঞ্চলে হকার্স স্টল ও হকার্স কর্নার আরও ব্যাপকভাবে তৈয়ারী করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) পূর্ত বিভাগের কোন পরিকল্পনা নাই।

(খ) কতজনকে উচ্ছেদ করা হইয়াছে তাহার পরিসংখ্যান নাই। কাহাকেও পুনর্বাসন দেওয়া হয় নাই।

(গ) না।

### স্পীড ব্রেকার

২০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৭।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ব্যারাকপুর ট্রাঙ্ক রোডে শ্যামবাজার থেকে ব্যারাকপুর পর্যন্ত অতি স্বল্প দূরত্বে স্পীড ব্রেকার নির্মিত হয়েছে; এবং

(খ) সত্য হ'লে,

(১) উহার কারণ কি, ও

(২) ঐ অঞ্চলে মোট কতগুলি স্পীড ব্রেকার দেওয়া হয়েছে?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) এই রাস্তায় বার জোড়া স্পীড ব্রেকার আছে। চলাচলকারী যানবাহন ও পদযাত্রীদের নিরাপত্তার খাতিরে ঐগুলি নির্মিত হয়েছে।

### সোদপুরের সরকারী আবাসন

২০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৯।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) সোদপুরে অবস্থিত কলিকাতা পিঞ্জারাপোলের জমিতে আবাসন নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতদিনে উহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষৎ কর্তৃক উক্ত স্থানে গৃহনির্মাণের পরিকল্পনা আছে। তবে জমির দখল এখনও পাওয়া যায় নাই।

(খ) ঐ জমি দখল পাইবার উপর উহা নির্ভর করিতেছে।

নলহাটি-বাউটিয়া রাস্তার কাজ

২১০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪০।) **শ্রীসাত্ত্বিক কুমার রায় ঃ পূর্ত (সড়ক) বিভাগের** মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নলহাটি ও বাউটিয়া বাইপাস রাস্তার জন্য বরাদ্দকৃত অর্থের মঞ্জুরী প্রদান করা সত্ত্বেও ইহার কাজ অগ্রসর হইতেছে না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) বাজেটে রাস্তাটির জন্য যে অর্থ বরাদ্দ আছে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অল্প। মূলতঃ আর্থিক কৃচ্ছতার জন্যই এই রাস্তার পাথরের কাজ বাকী আছে। আশা করা যায় এই আর্থিক বৎসরের শেষভাগে ঐ কাজ শুরু করা যাইবে।

পশ্চিমবঙ্গে সি এ ডি পি প্রকল্প

২১১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৬।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ কৃষি বিভাগের** মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় কোন্ কোন্ অঞ্চলে সি এ ডি পি প্রকল্প এ পর্যন্ত চালু হয়েছে;

(খ) এই প্রকল্পের উদ্দেশ্য কি;

(গ) এই প্রকল্পে কি পরিমাণ অর্থ খরচ হচ্ছে; এবং

(ঘ) প্রকল্পভুক্ত এলাকার কৃষকরা কিভাবে উপকৃত হচ্ছে?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কলিকাতা বাদে পশ্চিমবঙ্গের সবগুলি জেলাতেই এক বা একাধিক সি এ ডি পি-র প্রকল্প আছে। এই প্রকল্পের ২১টির নাম জেলাভিত্তিক নিম্নে দেওয়া হ'ল ঃ

| জেলার নাম | | প্রকল্পের নাম |
|---|---|---|
| দার্জিলিং | .. | শিলিগুড়ি-নকসাল বাড়ি, এবং কালিম্পং |
| জলপাইগুড়ি | .. | ফালাকাটা (জটেশ্বর) |
| কোচবিহার | .. | বলরামপুর |
| পশ্চিম দিনাজপুর | .. | কালিয়াগঞ্জ এবং গোয়ালপোখর |
| মালদহ | .. | রতুয়া |
| মুর্শিদাবাদ | .. | বহরমপুর |
| নদীয়া | .. | রাণাঘাট এবং হরিণঘাটা |
| চব্বিশ পরগণা | .. | গাইঘাটা এবং দেগঙ্গা |
| বর্দ্ধমান | .. | কালনা (বৈদ্যপুর) |
| হুগলী | .. | বৈঁচী |
| হাওড়া | .. | বাগনান |
| মেদিনীপুর | .. | তমলুক এবং ডেবরা |
| বাঁকুড়া | .. | সোনামুখী |
| বীরভূম | .. | নলহাটি |
| পুরুলিয়া | .. | সাহারজোর এবং অযোধ্যা পাহাড় |

(খ) এই প্রকল্পগুলির উদ্দেশ্য হ'ল প্রকল্প এলাকায় সার্বিক উন্নয়ন। কৃষি উন্নয়ন, গবাদি পশু পালন, হাঁস-মুরগি পালন, মৎস্য চাষ, গ্রামীণ শিল্প ইত্যাদি অর্থনৈতিক কর্মসূচী রয়েছে। বয়স্ক শিক্ষাকেন্দ্র, শিশু ও মহিলাদের জন্য স্বাস্থ্য প্রকল্প, মেয়েদের অর্থনৈতিক কাজকর্মও নেওয়া হয়েছে। এই সব বিশেষ উল্লেখযোগ্য। গ্রামের গরীব মানুষের, বিশেষ করে যারা দারিদ্র্য সীমার নীচে বাস করেন তাঁদের দিকে বিশেষ লক্ষ্য রেখে প্রকল্প রচনা ও তার রূপায়ণ সি এ ডি পি-র বিশেষ লক্ষ্য।

(গ) ২১টি প্রকল্প ও কেন্দ্রীয় কার্যালয়ের জন্য উন্নয়ন ও প্রশাসনিক খাতে মোট ৪ (চার) কোটি ২৫ (পঁচিশ) লক্ষ টাকা খরচা হয়েছিল ১৯৮২-৮৩ সালে।

(ঘ) প্রকল্প এলাকায় কৃষি সেচের উন্নতি ও ভূমিহীন ক্ষেত মজুরদের কর্ম সংস্থানের ব্যবস্থা এবং কৃষির উন্নতির পরিকল্পনা করা হয়েছে। প্রকল্প এলাকায় ডিপ-টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, আর এল আই ও অন্যান্য ব্যবস্থার মাধ্যমে চাষের জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। চাষের সুবিধার জন্য প্রকল্পে কৃষি বিপণন কেন্দ্র থেকে ন্যায্য মূল্যে উপযুক্ত মানের সার, বীজ, ঔষধ ইত্যাদি প্রয়োজনমত সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। ইহা ছাড়া বিভিন্ন প্রকল্প এলাকায় ফার্মাস সার্ভিস কো-অপারেটিভ-এর মাধ্যমে ব্যাপক কৃষি ঋণ দেবার ব্যবস্থা আছে। বিভিন্ন প্রকল্পে চাষীদের উপকারের জন্য মার্কেটিং অ্যান্ড স্টোরেজের ব্যবস্থা করা হয়েছে, যাতে কৃষকগণ ন্যায্যমূল্যে শস্য বিক্রয়ের সুযোগ পায়।

বিভিন্ন প্রকল্পে কৃষি ও অন্যান্য বিষয়ে যে সমস্ত প্রযুক্তিবিদ্ আছেন, তাঁরা কৃষির সমস্ত বিষয়ে কারিগরী ও প্রয়োজনীয় নির্দেশাদি দিয়ে কৃষকদের সব সময় সহায়তা করেন। গ্রাম সংগঠক কর্মীরাও কৃষি চাষের ও অন্যান্য বিষয়ে যোগাযোগ রেখে প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সময় ব্যবস্থা নিয়ে থাকেন।

**পশ্চিমবঙ্গে খারিফ ও রবি চাষের মরসুমে বীজের জন্য আর্থিক প্রয়োজন**

**২১২।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৭১।) **শ্রীজয়কেশ মুখার্জী ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩-র খরিফ এবং রবি চাষের মরশুমে এই রাজ্যে মোট কত টাকার বীজের প্রয়োজন হয়েছিল; এবং

(খ) তার মধ্যে রাজ্যের বীজ খামারে উৎপন্ন বীজের মূল্য কত ছিল?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮২-৮৩-র খরিফ এবং রবি চাষের মরশুমে এই রাজ্যে ১৪ কোটি ৭৭ লক্ষ ৪৭ হাজার ৩২০ টাকার বীজ বিতরণ করা হয়েছিল।

(খ) তার মধ্যে রাজ্যের বীজ খামার থেকে বিতরণ করা বীজের মূল্য ছিল ১ কোটি ৩৭ লক্ষ ৯৭ হাজার ৫০০ শত টাকা।

**লক আউট চা বাগান**

**২১৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৮০।) **শ্রীসুশীল কুজুর ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এ রাজ্যে কয়টি চা-বাগানে লক আউট ঘোষণা করা হয়েছে; এবং

(খ) সেই সকল চা বাগানের কর্মহীন শ্রমিকদের জন্য কোন বিকল্প ব্যবস্থার বিষয় ভাবা হচ্ছে কি?

**শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) একটিও নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**বাগুল্যা স্বাস্থ্য কেন্দ্রের শয্যা সংখ্যা বৃদ্ধি**

২১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৫।) **শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বর্তমান বছরে বাগুল্যা গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা বাড়াইবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সহায়ক কমিটি**

২১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৬।) **শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ গুলিতে সহায়ক সমিতি গঠনের পদ্ধতি কিরূপ; এবং

(খ) মেদিনীপুর জেলার দুর্গাচক এক্সচেঞ্জের সহায়ক সমিতিতে নন্দীগ্রাম, নরঘাট ও মহিষাদল কেন্দ্রের বিধানসভার সদস্যদের নেওয়া হয়েছে কি?

**শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে নিম্নলিখিত পদ্ধতিতে সহায়ক সমিতিগুলি পুনর্গঠিত হয়েছে : কর্ম বিনিয়োগ কেন্দ্রের এলাকাভুক্ত মহকুমা শাসক অথবা অতিরিক্ত জেলা শাসক, বিধানসভার সদস্যগণ, সংসদ সদস্য ও জেলা পরিষদের সভাধিপতি অথবা তাঁহাদের প্রতিনিধিগণ উপদেষ্টা পরিষদের সদস্য হইবেন। মহকুমা শাসক অথবা অতিরিক্ত জেলাশাসক ঐ পরিষদের সভাপতি এবং কর্ম বিনিয়োগ কেন্দ্রের মুখ্য আধিকারিক সদস্য সম্পাদক হইবেন।

(খ) না।

**রঘুনাথপুর মহকুমার জন্য জমি অধিগ্রহণ**

২১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪।) : **শ্রীঅমলেন্দ্র রায় :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রঘুনাথপুর মহকুমার নির্মাণ কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ শেষ হয়েছে কি?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় :** না জমি অধিগ্রহণের কাজ এখনও চলছে।

**ত্রাণ ম্যানুয়াল সংক্রান্ত পরামর্শদাতা কমিটির সুপারিশ**

২১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দুর্গতদের ত্রাণ ম্যানুয়াল সংক্রান্ত পরামর্শদাতা কমিটির সুপারিশ কার্যকরী কত দেরী হ'তে পারে?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয়া ঃ** ত্রাণ ম্যানুয়াল সংশোধনী কমিটির সুপারিশগুলি কার্যকর করার বিষয়ে যথাযোগ্য গুরুত্ব আরোপ করা হয়েছে। আর্থিক দায়দায়িত্বের বিষয়টি নিয়ে অর্থ বিভাগের সঙ্গে আলোচনা চলছে।

**১৯৮৩-৮৪ সালে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন**

২১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬০।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবঙ্গে কয়টি নতুন বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হয়েছে?

**কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** ১৯৮৩-৮৪ সালে এপ্রিল মাস হইতে আগস্ট পর্যন্ত পশ্চিম দিনাজপুর, নদীয়া, ২৪-পরগণা, মেদিনীপুর, বর্ধমান ও বীরভূম জেলায় জেলা শিল্প কেন্দ্রের অধীনে মোট ৪৮টি বায়োগ্যাস প্ল্যান্ট তৈয়ারী হইয়াছে; উক্ত সময়ে খাদি ও গ্রামোদ্যোগ কমিশনের তত্বাবধানে বাকী নয়টি জেলায় ২৫টি প্ল্যান্ট তৈয়ারী হইয়াছে।

**হাওড়া রেন্ট কন্ট্রোলারের নিকট অমীমাংসিত মামলা**

২১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯।) **শ্রীঅশোক ঘোষ ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ১৯৮৩ সালের ৩১শে জুলাই পর্যন্ত হাওড়া রেন্ট কন্ট্রোলারের নিকট অমীমাংসিত মামলার সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময় পর্যন্ত বাড়ীওয়ালার প্রাপ্য হিসাবে ভাড়াটিয়া কর্তৃক জমা দেওয়া অর্থের পরিমাণ কত?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ৩১০টি।

(খ) ২৫,৪৮,৯৭০.৪৫ টাকা।

**রোজার সময়ে গ্রামাঞ্চলে রেশন মাধ্যমে অনিয়মিত চিনি সরবরাহ**

২২০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩।) **শ্রীসরল দেব ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য বিগত জুন এবং জুলাই মাসে বিশেষ করিয়া 'রোজার' সময় গ্রামাঞ্চলে রেশন দোকান মারফত নিয়মিত চিনি সরবরাহ করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে উহার কারণ কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) উক্ত সময়ে পশ্চিমবঙ্গের সর্বত্র চিনি

সরবরাহ করা হইয়াছে, ঐ সময়ে বর্ধিত হারে চিনি সরবরাহ করা হয়, তবে এই রাজ্যে এম আর এলাকার (গ্রামাঞ্চল) মধ্যে শুধুমাত্র ২৪ পরগণা, হুগলী, নদীয়া, হাওড়া জেলায় এবং ঝাড়গ্রাম মহকুমায় ঐ সময়ে আংশিকভাবে চিনি সরবরাহ করা হয়।

(খ) বৃহত্তর কলিকাতা অঞ্চলে ১৬-৫-৮৫ তারিখ থেকে এফ সি আই-এর গুদাম শ্রমিকদের নিয়মমাফিক কাজ ও ধীরে চলার আন্দোলনের দরুণ এবং এফ সি আই-এর কোন কোন গুদামে চিনির রেক সময় মতো না পৌঁছানোর মাঝে মাঝে চিনি মজুত না থাকার ফলে এফ সি আই হইতে ঠিক মত চিনি সরবরাহ করা হয় নাই। ফলে উপরোক্ত স্থানগুলিতে অসুবিধা ঘটে।

### জেলাগুলিতে অসম্পূর্ণ রবীন্দ্রভবন

**২২১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, অদ্যাবধি কোন্ কোন্ জেলায় সরকারের পরিকল্পনা অনুযায়ী রবীন্দ্রভবন স্থাপনের কাজ অসম্পূর্ণ আছে?

**তথ্য ও সংস্কৃতির বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** দার্জিলিং জেলার শিলিগুড়িতে রবীন্দ্রভবন স্থাপনের কাজ অসম্পূর্ণ আছে। এ ছাড়া সরকারী উদ্যোগে আসানসোল ও চন্দননগরে রবীন্দ্রভবন নির্মাণের পরিকল্পনা আছে।

### ফ্রেজারগঞ্জ 'ফিসারীতে' মৎস্য উৎপাদন

**২২২।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩১।) **শ্রীসরল দেব ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ এবং ১৯৮২-৮৩ সালে ফ্রেজারগঞ্জ 'ফিসারীতে' কত পরিমাণ মৎস্য উৎপাদন হইয়াছিল; এবং

(খ) উক্ত সময়ে প্রতি বৎসর উৎপাদন কার্যে কত লোক নিয়োজিত ছিল?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮০-৮১ এবং ১৯৮২-৮৩ সালে ফ্রেজারগঞ্জ 'ফিসারীতে' মৎস্য উৎপাদনের পরিমাণ নিম্নরূপ ঃ—

| বৎসর | মৎস্য উৎপাদনের পরিমাণ (কে জি হিসাবে) |
|---|---|
| ১৯৮০-৮১ | ৯,৪২৩ |
| ১৯৮২-৮৩ | ১৩,৫৬৬ |

(খ) উক্ত সময়ে প্রতি বৎসর উৎপাদন কার্যে নিয়োজিত কর্মীসংখ্যা নিম্নরূপ ঃ—

| বৎসর | নিয়োজিত লোকের সংখ্যা |
|---|---|
| ১৯৮০-৮১ | ২২ জন |
| ১৯৮২-৮৩ | ১৬ জন |

### কৃত্রিম মৎস্য প্রজনন বিষয়ে চীনদেশে ডি পি ডি-র লব্ধ শিক্ষা ও অভিজ্ঞতা কার্যকর করণ

**২২৩।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩।) **শ্রীসরল দেব ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে এস এফ ডি সি-র ডি পি ডি-কে কৃত্রিম মৎস্য প্রজনন শিক্ষার জন্য সরকার হইতে চীনদেশে পাঠানো হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, তাঁহার চীনদেশে লব্ধ শিক্ষা ও অভিজ্ঞতাকে সরকার বর্তমানে কি ভাবে কাজে লাগাইতেছেন এবং তাহার ফলাফলই বা কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) অন্তর্দেশীয় মৎস্য চাষে বিশ্ব ব্যাংক প্রকল্পধীন কার্প হ্যাচারী নির্মাণ ও কৃত্রিম উপায়ে মৎস্য প্রজননের কথা বিবেচনা করে এস এফ ডি সি-র ডেপুটি প্রোজেক্ট ডিরেক্টর শ্রীঅরুনাভ মিত্রকে চীনদেশে কৃত্রিম মৎস্য প্রজনন প্রশিক্ষণে পাঠানো হয়েছিল। সে সময় বিশ্ব ব্যাংকের সহায়তার উক্ত প্রকল্প এস এফ ডি সি-র রূপায়ণের কথা ছিল। পরবর্তীকালে উক্ত প্রকল্পের রূপায়ণের দায়িত্ব অন্য একটি সরকারী সংস্থাকে দেওয়া হয়। ফলে শ্রীমিত্রর উপরোক্ত শিক্ষণ প্রাপ্ত শিক্ষা ও অভিজ্ঞতাকে যথার্থ কাজে লাগানো যায় নি। তবে শ্রীমিত্র-র উপরোক্ত শিক্ষা ও অভিজ্ঞতাকে এস এফ ডি সি তার নিজস্ব মিঠাজলের খামার প্রকল্পে কৃত্রিম উপায়ে মৎস্য প্রজননের জন্য প্রয়োজনানুসারে কাজে লাগাবার ব্যবস্থা গ্রহণ করেছে।

## মালদহ, পশ্চিম দিনাজপুর, ও মুর্শিদাবাদে ম্যালেরিয়া ও কালাজ্বর প্রতিরোধকল্পে ব্যয়

২২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ, পশ্চিম দিনাজপুর এবং মুর্শিদাবাদ জেলায় ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে ম্যালেরিয়া এবং কালাজ্বর আক্রান্ত গ্রামগুলির জন্য উক্ত রোগ প্রতিরোধ বাবদ কোন টাকা দিয়েছেন কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, ইহার পরিমাণ কত?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) উপরিউক্ত তিনটি জেলায় ম্যালেরিয়া রোগ প্রতিরোধের জন্য যে টাকা খরচ হয়েছে এবং মালদহ ও মুর্শিদাবাদ জেলায় কালাজ্বর প্রতিরোধের জন্য যে টাকা খরচ হয়েছে, তার হিসাব নীচে দেওয়া হল ঃ—

| | ম্যালেরিয়া | | কালাজ্বর | |
|---|---|---|---|---|
| | ১৯৮১-৮২ | ১৯৮২-৮৩ | ১৯৮১-৮২ | ১৯৮২-৮৩ |
| (১) মালদহ | ২৮,০১,৭২৬.৪৫ | ৩৪,১১,০৮৭.৮৬ | ৬৫,০০০.০০ | ১,৯০,১৯২.০০ |
| (২) পশ্চিম দিনাজপুর | ২৭,৯৮,০৮৯.৭১ | ২৯,৬৬,৮৭৮.৭৮ | .. | .. |
| (৩) মুর্শিদাবাদ | ৪৯,০৯,৪২৬.৪৩ | ৪৪,২৬,৮২১.৬২ | ৭২,৭৫৯.০০ | ৭৭০,৯৬০.০০ |

## টি বি রোগে আক্রান্তের সংখ্যা ও চিকিৎসার ব্যবস্থা

২২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৮২ সালের জানুয়ারী হইতে ১৯৮৩ সালের জুলাই মাস পর্যন্ত টি বি রোগে আক্রান্তের সংখ্যা কত; এবং

(খ) আক্রান্ত রোগীদের মধ্যে কতজন রোগী বিভিন্ন স্যানাটোরিয়ামে ভর্তির সুযোগ পাইয়াছে।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সঠিক বলা সম্ভব নহে। তবে এই রাজ্যে বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্র জেলা স্বাস্থ্য কেন্দ্র হইতে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে ঐ সময়ে যক্ষ্মা রোগে আক্রান্তের মোট সংখ্যা ১,১০,০৭০ জন।

(খ) উক্ত রোগীদের মধ্যে কতজন ভর্তির সুযোগ পাইয়াছে বলা সম্ভব নয়। তবে ঐ সময়ের মধ্যে বিভিন্ন সরকারী যক্ষ্মা হাসপাতাল এবং বিভিন্ন বে-সরকারী যক্ষ্মা হাসপাতালে সংরক্ষিত শয্যায় ভর্তির জন্য মোট ৪,৯২৯ জনকে মনোনীত করা হইয়াছে এবং উহাদের সকলকেই ভর্তির আদেশ দেওয়া হইয়াছে।

## বিভিন্ন জেলা হাসপাতালে জেনারেটর স্থাপন

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্ব ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন জেলার হাসপাতালগুলিতে "জেনারেটর" দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কোন্ কোন্ হাসপাতালে দেওয়ার প্রস্তাব হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) মেদিনীপুর জেলা হাসপাতাল ও হুগলী জেলা হাসপাতালে জেনারেটর চালু আছে। এছাড়া নিম্নলিখিত জেলায় হাসপাতালগুলিতে জেনারেটর দেওয়ার প্রস্তাব হয়েছে—

(১) পুরুলিয়া জেলা হাসপাতাল।

(২) পশ্চিম দিনাজপুর জেলা হাসপাতাল, বালুরঘাট।

(৩) বীরভূম জেলা হাসপাতাল, সিউড়ী।

(৪) মালদহ জেলা হাসপাতাল।

(৫) জলপাইগুড়ি জেলা হাসপাতাল।

## পশ্চিমবঙ্গে ব্যাঙ্ক ডাকাতির সংখ্যা

২২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩ সালে (জুন মাস পর্যন্ত) সমগ্র পশ্চিম বাংলায় ব্যাঙ্ক ডাকাতির কতগুলি ঘটনা ঘটিয়াছে?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় :** উক্ত সময়ের মধ্যে পশ্চিম বাংলায় মোট সাতটি ব্যাঙ্ক ডাকাতির ঘটনা ঘটেছে।

## হিঙ্গলগঞ্জ-যোগেশগঞ্জ পাকা রাস্তা

২২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮।) **শ্রীকুমুদরঞ্জন বিশ্বাস :** পূর্ত (সড়ক) বিভাগের ভারাপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনার হিঙ্গলগঞ্জ থানা হইতে দুলদুলী হয়ে যোগেশগঞ্জ পর্যন্ত পাকা রাস্তা (মেটাল্ড রোড) করবার প্রস্তাব কত বছর আগে গৃহীত হয়েছিল?

(খ) অদ্যাবধি উক্ত রাস্তার কাজ কতদূর এগিয়েছে এবং কত টাকা ব্যয়িত হয়েছে; এবং

(গ) উক্ত রাস্তাটির নির্মাণ কাজ কবে শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক), (খ) ও (গ) রাস্তাটি পিচ ও পাথরের কাজ করার কোন পরিকল্পনা আমাদের ছিল না, পরিকল্পনা অনুসারে ঝামাস্তর পর্যন্ত এর কাজ শেষ করা হয়েছে এবং এ বাবত প্রায় ২৯.০৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

### সন্দেশখালিতে পাকা রাস্তা সংস্কার

২২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯।) **শ্রীকুমুদরঞ্জন বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনার সন্দেশখালিতে বিগত পাঁচ বৎসরে পূর্ত বিভাগের পাকা রাস্তা (১) কোথায় কোথায় ও [২) কত টাকায় সংস্কার করা হয়েছে;

(খ) কালিনগর হইতে ভোলাখালি, সন্দেশখালি খুলনা হয়ে ভান্ডারখালি পর্যন্ত পাকা রাস্তাটিকে স্টোনচীপস ও বিটুমেন সহযোগে সংস্কার করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে, কবে নাগাত ঐসব রাস্তার কাজ শুরু এবং শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কালিনগর থেকে সন্দেশখালি পর্যন্ত অংশে রাস্তার সংস্কারের কাজ হয়েছে এবং এ বাবত প্রায় ১ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(খ) আপাতত নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

### "আচার্য্য সত্যেন্দ্র নাথ বসু" স্মৃতি গবেষণাগার

২৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮।) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) রাজ্য সরকার কি অবগত আছেন যে কেন্দ্রীয় সরকার "আচার্য্য সত্যেন্দ্র নাথ বসুর" স্মৃতি রক্ষার্থে বিজ্ঞানের গবেষণার জন্য একটি প্রতিষ্ঠান গঠন করার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(খ) অনুরূপ কোন প্রতিষ্ঠান গঠনের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

(গ) পশ্চিমবঙ্গে আচার্য্য সত্যেন্দ্র নাথ বসুর নামে কোন শিক্ষা গবেষণা প্রতিষ্ঠান আছে কি?

**শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) হ্যাঁ।

### ইঞ্জিনীয়ারিং শিল্পে ত্রিপাক্ষিক চুক্তি

২৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২০১।) **শ্রীসরল দেব ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইঞ্জিনীয়ারিং শিল্প ত্রিপাক্ষিক চুক্তির মেয়াদ কোন সময়ে উত্তীর্ণ হইয়াছে; এবং

(খ) নূতন কোন চুক্তি গ্রহণ করা হইয়াছে কি?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) গত ইঞ্জিনীয়ারিং শিল্পে ত্রিপাক্ষিক চুক্তির মেয়াদ ৩১-১২-৮১ তারিখে উত্তীর্ণ হইয়াছে।

(খ) হ্যাঁ।

### হুগলী নদী সমবায় জলপথ পরিবহণ সংস্থা

**২৩২।** (অনুমোদিত প্রশ্ন নং ২০৯।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী নদী সমবায় জলপথ পরিবহণ সংস্থায় ১৯৮০-৮১ সালের অডিট রিপোর্টে অনিয়ম এবং গরমিলের উল্লেখ আছে;

(খ) সত্য হইলে সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি না?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) সরকার এই ত্রুটি-বিচ্যুতি বিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বন করছেন।

### অঞ্জনা নদী পুনর্খননের কাজ

**২৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ২২৮।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** গত ২০-৪-৮৩ তারিখের প্রশ্ন নং *৫০৫ (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬২)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নদীয়া জেলার অঞ্জনা নদী পুনর্খননের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** অঞ্জনা খাল ড্রেনেজ প্রকল্পের কাজ এই আর্থিক বছরে (৮৩-৮৪) শুধু করা যাইবে বলিয়া আশা করা যায়।

### কৃষ্ণনগরে সরকারী দপ্তরের জন্য ভাড়া বাড়ী

**২৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে নদীয়া জেলার কৃষ্ণনগর শহরে সরকারী দপ্তরের জন্য কতগুলি বাড়ী অথবা বাড়ীর অংশ (ঘর) সরকার ভাড়া নিয়েছেন; এবং

(খ) উক্ত ভাড়া বাবত বৎসরে কত টাকা সরকারকে খরচ করিতে হয়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৭টি বাড়ী।

(খ) ৮৪,৯২৪ টাকা।

### Objection or suggestion regarding minimum freight rates of Public Carriers

**235.** (Admitted question No. 299.) **Shri LUTFUL HAQUE :** Will

the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to refer to Notification No. 1119-WT., dated 14th February 1983, regarding fixation of minimum freight rates for public carries and to state-

(a) Whether the State Government has received any objection or suggestion in regard thereto;

(b) If so,

(i) The names of individuals and representatives of interest affected who have sent objections or suggestions;

(ii) What are their objections or suggestions;

(iii) What action the State Government is comtemplating in the matter?

**Minister-in-charge of Home (Transport) Department :** (a) Yes.

(b) (i) Calcutta Goods Transport Association, West Bengal Truck Operators' Association Transport Corporation of India Ltd., Book Bond (India) Ltd., Economic Transport Organisation, Road Bird (P.) Ltd., Indian Roadways Corporation, Bharat Chamber of Commerce, Bimal Chandra Basu, Bengal Chamber of Commerce.

(ii) In view of price-hike in petroleum products after issuance of the draft direction No. 1119-WT., dated 14th February 1983 (list placed below), the affected persons have suggested reconsideration of the minimum freight rates of public carriers.

(iii) Objections are being processed and final direction will be issued after completion of necessary formalities.

*Statement referred to the reply of clause (i), (ii) question No. 235 (Admitted question No. 299)*

**GOVERNMENT OF WEST BENGAL**

**Home (Transport) Department**

No. 1119-WT.-14th February 1983.—The following draft of directions which the Governor, in exercise of the power conferred by clause (i) of sub-section (1) of section 43 of the Motor Vehicles Act, 1939 (4 of 1939), proposes to issue to the State Transport Authority, West Bengal, is hereby published as required by the proviso to sub-section (1) of section 43 of the said Act. for the information of persons likely to be affected thereby.

The draft will be taken into consideration on or after the 11th April, 1983 and any objection or suggestion with respect thereto which may be received by the undersigned before the 31st March, 1983 shall, in consultation with the State Transport Authority, West Bengal, be considered after giving te representatives of the interests affected by the proposed directions an apportunity of being heard.

**Draft Directions**

The State Transport Authority, West Bengal, is hereby directed to fix

the minimum freights in respect of publication carriers as specified in the Schedule below :

THE SCHEDULE

| | Distance | Freight for 9 metric ton load | Freight for 10 metric ton load |
|---|---|---|---|
| | (1) | (2) | (3) |
| (i) | 100 kilometres but not exceeding 250 kilometres. | — | Rs 600 plus Rs 2.60 for every additional km. |
| (ii) | Exceeding 250 kilometres but not exceeding 400 kilometres. | — | Rs. 100 beyond 100 k.m. plus Rs. 2.50 for every additional km. beyond 250 km. |
| (iii) | Exceeding 400 kilometres but not exceeding 625 kilometres. | — | Rs 1,375 plus Rs. 2.25 for every additional km beyond 400 km. |
| (iv) | Exceeding 625 kilometres but not exceeding 750 kilometres | Rs 3 per km or 33 paise per tonne km | Rs 3.30 per km Or 33 paise per tonne km. |
| (v) | Exceeding 750 kilometres | Rs 2.25 per km or 25 paise per tonne km | Rs 2.50 per km or 25 paise per tonne km. |
| (vi) | Minimum detention/Waiting charges—Rs. 200 per day. | | |

By order of the Governor.
D. RUDRA, Secy.

## Loss incurred by S. F. D. C.

**236.** (Admitted question No. 319.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state-

(a) Whether it is a fact that some of the State Fisheries Department Corporation's fisheries are incurring losses;

(b) If so-

(i) the amount of loss incurred by these fisheries during the past three years;

(ii) the reasons for such losses; and

(iii) the action the State Government is contemplating in the matter?

**Minister-in-charge for Fisheries Department :** (a) Yes.

(b) (i) The amount of loss incurred by six fisheries during the past three years is shown below :

| Name of the Project | 1980-81 Rs. | 1981-82 Rs. | 1982-83 Rs. |
|---|---|---|---|
| Nalban | — | 1,15,421 | 1,85,859 |
| Krishnabundh | 73,253 | 59,928 | 38,268 |
| Massanjore | — | 3,392 | 44,937 |
| Ranibundh | 43,615 | 39,030 | 49,714 |
| Kangsabati | 75,909 | 72,042 | 1,20,153 |
| Frasergunge | 91,847 | 1,02,942 | 16,873 |

During 1980-81 no production of fish was started in Nalban and Massanjore fisheries.

(ii) Local disturbances and indiscriminate poaching, natural calamities, poor availability of seeds, derelict conditions of certain water areas etc, are mainly responsible for such losses.

(iii) Necessary steps are being taken to tackle the aforesaid problems so as to make these projects economically viable.

### Medical treatment of Shri Ranjan Bhattacharya

**237.** (Admitted question No. 335.) **Shri ABDUL MANNAN :** Will the Minister-in-charge of Health and Family Welfare Department be pleased to state that-

(a) Whether it is a fact that the State Government has enquired about the medical treatment that was given to Shri Ranjan Bhattacharya who was admitted to the Ranaghat Subdivisional Hospital on July 2, 1983 with eye injuries; and

(b) If so, what are the findings?

**Minister-in-charge for Health and Family Welfare Department :** (a) No.

(b) Does not arise.

### Fleet Utilisation in C. S. T. C.

**238.** (Admitted question No. 359.) **Shri ABDUR RAUF ANSARI:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state-

(i) Fleet utilisation (percentage) on 31.7.77 and on 31.7.83 in C.S.T.C.

(ii) Vehicle utilisation (k.m. per bus per day) (average) in the said periods in C.S.T.C.

(iii) Bus staff Ratio in the said periods in C.S.T.C.; and

(iv) Operating cost (paise per k.m. in the said periods in C.S.T.C.?

**Minister-in-charge of Home (Transport) Department :**

| | As on 31.7.77 per cent | As on 31.7.83 per cent |
|---|---|---|
| (i) | 50.15 | 61.36 |
| (ii) | 145.06 | 160.46 |
| (iii) | 16.51 | 14.79 |
| (iv) | 601.08 | Not yet ready. |

### Factors hampering the growth of Powerloom Industry

**239.** (Admitted question No. 377.) **Shri SOMENDRA NATH MITRA :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state-

(a) What are the major factors, if any, hampering the growth of powerloom industry in West Bengal; and

(b) What steps the State Government have taken for growth of powerloom industry in the State?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(a) (i) Dearth of quality yarn at reasonable price.

(ii) Dearth of pre-weaving and post-weaving facilities.

Because of very limited number of spinning mills and processing units in West Bengal, this State has to depend almost completely on other States for yarn and sized yarn beams which are not available at reasonable price.

Besides, sized yarn beams are not easily available.

(iii) Inadequacy of working capital and reluctance on the part of banks to provide necessary finance.

(b) Two new spinning mills in co-operative sector are being set up in Midnapore and Bankura districts and a proposal is being submitted to the Central Government for sanctioning setting up of six more such mills during the 7th Plan period. These measures to a large extent, will bride the gap between demand and supply of hank yarn in the State. The Government next proposes to formulate towards the end of the year, policies for development of powerloom industry in the State.

### ক্ষেমপুর অঞ্চলে নিহত জনৈক ব্যক্তি

২৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৯।) **শ্রীসমর মুখার্জী :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে গত ১-১-৮৩ তারিখে চাঁচোল থানার ক্ষেমপুর অঞ্চলের নির্মল মন্ডল নামে জনৈক ব্যক্তি নিহত হয়েছেন; এবং

(খ) সত্য হলে--

(১) উক্ত ঘটনায় জড়িত কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হয়েছে; ও

(২) উহারা কোন রাজনৈতিক দলভুক্ত কিনা?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) এখন পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা সম্ভব হয় নি।

(২) না।

### স্যাক্সবি ফার্মার-এ লোকসান

২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩১।) **শ্রীসরল দেব :** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালের আর্থিক বৎসরে স্যাক্সবি ফার্মারে কত লাভ ও কত লোকসান হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ে উক্ত কারখানায় সরকার কত টাকা ঋণ/অনুদান দিয়াছেন?

**রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালের আর্থিক বৎসরে স্যাক্সবি ফার্মারে কোন লাভ হয় নাই। লোকসানের পরিমাণ যথাক্রমে ৩.৩৬ কোটি টাকা ও ৪.০৭ কোটি টাকা।

(খ) সরকার কর্তৃক দেয় ঋণের পরিমাণ—

১৯৮১-৮২ সালে ২৮২.৩৬ লক্ষ টাকা।

১৯৮২-৮৩ সালে ২২৭.৫০ লক্ষ টাকা।

### পঞ্চায়েত নির্বাচনের পূর্ববর্তী সময়ে কংগ্রেস(ই) প্রার্থী খুনের সংখ্যা

২৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৫।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালের পঞ্চায়েত নির্বাচনের পূর্ববর্তী সময়ে বীরভূম জেলায় কোন কংগ্রেস(ই) প্রার্থী খুন হয়েছেন কিনা; এবং

(খ) হয়ে থাকলে—

(১) এইরূপ ঘটনার সংখ্যা কত, ও

(২) উক্ত ঘটনাসমূহের সহিত জড়িত কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে এবং কতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** হ্যাঁ, হয়েছেন।

(খ) (১) এক।

(২) কোন গ্রেপ্তার সম্ভব হয় নি। তবে তিন জন অজ্ঞাতনামা দুষ্কৃতকারীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

### The number of transferred District Magistrates and Deputy Commissioners

**243.** (Admitted question No. 464.) **Shri SUBRATA MUKHERJEE:** Will the Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department be pleased to state-

(a) The number of District Magistrates and Deputy Commissioners transferred during the period from 1-1-1980 to 30-6-1983; and

(b) What was the exact tenure of office of the officers concerned in their respective places of posting (the names of the officers and their tenure of offices should be specifically mentioned)?

**Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department :** (a) 32.

(b) The list placed below indicates the exact tenure of the said officers in their respective places of posting :

*Statement referred to in reply to clause (b) of unstarred question No. 243 (Admitted question No. 464)*

List of DM/DC

| Name of the district. | Name of the officers holding the post of DM/DC during the period from 1.1.80 to 30.6.1983. | From | To |
|---|---|---|---|
| 1. 24-Parganas | (a) Shri I. Chaudhuri, IAS | 7.2.79 | 7.5.80 |
| | (b) Shri M. Gupta, IAS | 7.5.80 | 25.11.81 |
| | (c) Smt. R. Ghosh, IAS | 25.11.81 | continuing. |
| 2. Howrah | (a) Smt. L. Chakrabarti, IAS | 23.11.77 | Nov. '80 |
| | (b) Shri R. K. Prasannan, IAS | 29.11.80 | 12.1.83 |
| | (c) Shri K. K. Bagchi, IAS | 12.1.83 | continuing. |
| 3. Murshidabad | (a) Shri A. K. Gupta, IAS | 12.9.77 | 15.2.80 |
| | (b) Smt. K. Gupta Menon, IAS | 10.3 80 | 18.7.81 |
| | (c) Shri P. Ray, IAS | 18.7.81 | 12.8.83 |
| | (d) Shri P. Bhattacharya, IAS | 12.8.83 | continuing. |
| 4. Nadia | (a) Shri H.P. Roy, IAS | March,79 | Sept. '81 |
| | (b) Shri S. Datta, IAS | 19.9.81 | 30.6.82 |
| | (c) Shri L. V. Saptarishi, IAS | 30.6.82 | continuing. |
| 5. Bankura | (a) Shri S. K. Chakrabarti, IAS, | 20.4.79 | 1.4.80 |
| | (b) Shri A. C. Kol, IAS | 2.4.80 | 11.5.81 |
| | (c) Shri R. Bandyopadhyay IAS, | 11.5.81 | 18.10.82 |
| | (d) Shri S. K. Guha, IAS | 18.10.82 | continuing. |
| 6. Birbhum | (a) Shri T. K. Das, IAS | 21.11.77 | 24.3.80 |
| | (b) Shri S. N. Menon, IAS | 24.3.80 | 16.9.81 |
| | (c) Shri S. S. Ahuja, IAS | 16.9.81 | continuing under order of transfer as DM, Burdwan. |
| 7. Burdwan | (a) Shri J.V.R. Prasad Rao, IAS | 1.9.77 | 25.3.80 |
| | (b) Shri T. K. Das, IAS | 25.3.80 | 14.9.81 |
| | (c) Shri V. Subramanian, IAS | 14.9.81 | continuing but expected to leave shortly on Central deputation. |
| 8. Hooghly | (a) Shri N.K.S. Jhala, IAS | 27.7.79 | July'80 |
| | (b) Shri A. K. Patnaik, IAS | 3.7.80 | 22.1.82 |
| | (c) Shri S. Chouduri, IAS | 22.1.82 | continuing. |
| 9. Midnapore | (a) Shri A. Sinha, IAS | 21.4.79 | 22.9.81 |
| | (b) Shri H.P. Roy, IAS | 22.9.81 | 19.1.83 |
| | (c) Shri A.K. Deb, IAS | 19.1.83 | continuing. |

| Name of the district. | Name of the officers holding the post of DM/DC during the period from 1.1.80 to 30.6.1983. | From | To |
|---|---|---|---|
| 10. Purulia .. | (a) Shri R.K.Tripathy, IAS | 21.5.79 | 15.5.81 |
| | (b) Shri A.M.Chakraborti, IAS | 15.5.81 | continuing. |
| 11. Jalpaiguri .. | (a) Shri S.K.Magor, IAS | 1.8.79 | 5.3.81 |
| | (b) Shri G. Balgopal, IAS | 5.3.81 | continuing. |
| 12. Cooch Behar .. | (a) Shri D.M.Kanuwar, IAS | 7.12.77 | 25.7.80 |
| | (b) Shri A.K.Jain, IAS | 8.9.80 | 15.6.83 |
| | (c) Shri S.Sanjeeve, IAS | 15.6.83 | continuing. |
| 13. Darjeeling .. | (a) Shri S.Dutta, IAS | 16.1.78 | 5.4.80 |
| | (b) Shri N. Chaturvedi, IAS | 5.4.80 | Nov.'80 |
| | (c) Shri A.K.Deb, IAS | 3.11.80 | 10.1.83 |
| | (d) Shri C, Chatterjee, IAS | 10.1.83 | continuing. |
| 14. Malda .. | (a) Shri R.K.Prasannan, IAS | 14.2.78 | 28.11.80 |
| | (b) Shri K.K.Bachi, IAS | 28.11.80 | 3.1.83 |
| | (c) Shri B.Chatterjee, IAS | 3.1.83 | continuing. |
| 15. West Dinajpur .. | (a) Shri R.Sivasailam, IAS | 26.12.77 | 9.5.80 |
| | (b) Shri A.Singh, IAS | 9.5.80 | 11.8.80 |
| | (c) Shri S.Barma, IAS | 11.8.80 | 20.1.82 |
| | (d) Shri B. Mahapatra, IAS | 20.1.82 | continuing. |

**হুগলী জেলার গোঘাটের দলকার জলা সংস্কার**

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৮।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) হুগলী জেলার গোঘাটের অন্তর্গত দলকার জলা সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত সংস্কারের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) দলকার জলা সংস্কারের পরিকল্পনা গ্রহণ করা যায় কিনা সে বিষয়ে অনুসন্ধান ও তথ্য সংগ্রহের কাজ চলছে।

(খ) প্রয়োজনীয় তথ্য সংগৃহীত হবার পর উক্ত সংস্কারের বিষয়টি বিবেচনা করা হবে।

**তুলসীদাস জয়স্বোয়াল হাসপাতালের শয্যাসংখ্যা ও এ্যাম্বুলেন্সের সংখ্যা**

২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮০।) **শ্রীঅশোক ঘোষ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়ায় তুলসীদাস জয়সোয়াল হাসপাতালের মোট শয্যাসংখ্যা কত; এবং

(খ) উক্ত হাসপাতালে মোট কয়টি এ্যাম্বুলেন্স আছে এবং তার মধ্যে কয়টি চালু আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ২৬০টি।

(খ) ১টি, সেটি সাময়িকভাবে অচল হয়েও অনতিবিলম্বে সচল করার প্রচেষ্টা করা হচ্ছে।

### বাগনানের পিপুল্যান গ্রামের দীপক দত্তের হত্যা

২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯০।) **শ্রীঅশোক ঘোষ :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৭ই জুলাই ১৯৮৩ তারিখে হাওড়া জেলার বাগনানের পিপুল্যান গ্রামের দীপক দত্তের হত্যার ঘটনার এ পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয়েছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, গ্রেপ্তার করা হয়েছে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

### বিভিন্ন জেলার বিদ্যুৎ পর্ষদ পরামর্শদাতা কমিটি

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৬।) **শ্রীকাশীনাথ মিশ্র :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিভিন্ন জেলার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ স্থানীয় ভিত্তিতে একটি ক'রে পরামর্শদাতা কমিটি (অ্যাডভাইসারী কমিটি) গঠন করেছেন,

(খ) সত্য হ'লে—

(১) কোন্ কোন্ ব্যক্তিকে, পদাধিকারীকে নিয়ে এই কমিটি গঠিত হয়েছে,

(২) কি উদ্দেশ্যে এই কমিটি গঠিত হয়েছে,

(৩) কমিটির নির্বাচনতকার্যপরিচালনবিধি সংক্রান্ত কোন নিয়ম প্রণীত হয়েছে কি না, ও

(৪) এই কমিটির সদস্যরা কি কি সুযোগসুবিধা পাবেন; এবং

(গ) বাঁকুড়া জেলার জন্য কমিটির ক্ষেত্রে—

(১) বাঁকুড়া কেন্দ্রের বিধানসভার সদস্যকে এই কমিটির সদস্যরূপে মনোনীত করা হয়েছে কি, ও

(২) কোন্ কোন্ রাজনৈতিক দলের ট্রেড ইউনিয়ন বা অন্য কোন সংস্থার প্রতিনিধিকে এই সমিতির সদস্যভুক্ত করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) (১) রাজ্য বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান পদাধিকারবলে এই জেলাভিত্তিক কমিটিগুলির সভাপতি।

সদস্যদের মধ্যে সরকার মনোনীত সদস্য হলেন ৩৪ জন বিধানসভা সদস্য এবং গ্রামোন্নয়নমূলক কাজের সঙ্গে সংশ্লিষ্ট দুজন ব্যক্তি।

পদাধিকারবলে সদস্য হিসাবে আছেন জেলার সকল লোকসভা সদস্য, জেলাপরিষদের

সভাধিপতি, সহ-সভাধিপতি, জেলাশাসক, জেলা পুলিস সুপার, জেলা শিল্পকেন্দ্রের জেনারেল ম্যানেজার, জেলার মুখ্য কৃষি আধিকারিক, বিদ্যুৎ পর্ষদের সংশ্লিষ্ট জোনাল ম্যানেজার, সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার গ্রামীণ বৈদ্যুতিকরণ এবং পর্ষদের গ্রামীণ বৈদ্যুতিকরণ ও রক্ষণাবেক্ষণ এই দুই শাখার দুইজন ডিভিশনাল ইঞ্জিনিয়ার, ই এইচ টি-র ডিভিশনাল ইঞ্জিনিয়ার, কৃষিসেচ ও কৃষিযন্ত্র এই দুই বিভাগের দুইজন এক্জিকিউটিভ ইঞ্জিনিয়ার ক্ষুদ্রসেচ প্রকল্পের সংশ্লিষ্ট ম্যানেজার, তফসিলী জাতি ও উপজাতি কল্যাণের সংশ্লিষ্ট আধিকারিক। পর্ষদের রক্ষণাবেক্ষণ শাখার সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার এই কমিটির সদস্য-সচিব।

(২) নিম্নলিখিত বিদ্যুৎ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে পরামর্শদানের উদ্দেশ্যে এই কমিটিগুলি গঠিত হয়েছে ঃ—

[১] বিদ্যুৎ সংযোগের সম্প্রসারণ,

(২) রক্ষণাবেক্ষণ ও মেরামতির তদারকী এবং মিটার বদলানো,

(৩) বকেয়া ও চলতি পাওনা আদায়ের মাধ্যমে রাজস্ব সংগ্রহ,

(৪) বিদ্যুৎ সরবরাহ ও তৎসংশ্লিষ্ট সুযোগসুবিধার ব্যাপারে বিভিন্ন অভিযোগের নিষ্পত্তি,

(৫) রাস্তাঘাট, জলসরবরাহ প্রকল্প, স্বাস্থ্যকেন্দ্র, শিল্প প্রতিষ্ঠান। বাজার, সেচব্যবস্থা, ইত্যাদিতে বিদ্যুৎ সংযোগ,

(৬) গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পগুলি সম্পূর্ণ করা, ঐ প্রকল্পসমূহে যথাসাধ্য সর্বোচ্চ পরিমাণ বিদ্যুৎ সংযোগ করা এবং চালু প্রকল্পগুলির পুনরুজ্জীবন,

(৭) বিদ্যুতের বেআইনী ব্যবহার বন্ধ করা, বৈদ্যুতিক তার ও যন্ত্রপাতি চুরি নিবারণ করা,

(৮) গ্রামীণ বৈদ্যুতিকরণ ও ভবিষ্যতে বিদ্যুতের সুযোগসুবিধা সম্প্রসারণের জন্য প্রকল্প তৈরী করা,

(৯) গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই কমিটিগুলির কাজের তদারকী করা।

(৩) হ্যাঁ, সংশ্লিষ্ট সরকারী বিজ্ঞপ্তিতে কমিটিসমূহের কার্যপরিচালনবিধি দেওয়া হয়েছে।

(৪) এই কমিটির সদস্যগণ কোন বিশেষ সুযোগসুবিধা পাবেন না।

(গ) (১) হ্যাঁ,

(২) কোন রাজনৈতিক দলের ট্রেড ইউনিয়ন বা অন্য কোন সংস্থার প্রতিনিধিকে এই কমিটির সদস্য করা হয় নি।

## মুর্শিদাবাদ সেন্ট্রাল কো-অপরাটেভ ব্যাঙ্ক কর্তৃক সমবায় মারফত কৃষি ঋণদান

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৯।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ বিভিন্ন কৃষি সমবায় সমিতিগুলির মাধ্যমে কৃষকদের ঋণদানের পরিমাণ কত;

(খ) তন্মধ্যে ১লা আগষ্ট, ১৯৮৩ সাল পর্যন্ত শতকরা কত ভাগ ঋণ আদায় হয়েছে;

(গ) উক্ত জেলায় ১৯৮২-৮৩ সালে কোন্ কোন্ অকৃষি সমবায় সমিতিকে ১০ লক্ষ টাকার উপর দাদন দেওয়া হয়েছে;

(ঘ) ঐ ক্ষেত্রে ঋণ আদায়ের সর্বশেষ অবস্থা কিরূপে; এবং

(ঙ) উক্ত ব্যাঙ্কের পরিচালনায় কর্মচারীদের বেতন ও ভাতা এবং অন্যান্য খরচ বাবত ১৯৮২-৮৩ সালে মোট কত টাকা খরচ করা হয়েছে?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া ঃ**

(ক)

| বৎসর | পরিমাণ |
|---|---|
| ১৯৮০-৮১ | ৮০.৪৩ লক্ষ টাকা |
| ১৯৮১-৮২ | ১৩৮.৩০ লক্ষ টাকা |
| ১৯৮২-৮৩ | ৩৮.০২ লক্ষ টাকা |

(খ) ১৯৮২-৮৩ সালে শতকরা ৭.২ ভাগ ঋণ আদায় হয়েছে।

(গ) কেবলমাত্র বরোএগ্রা সমবায় হিমঘর সমিতিকে এইরূপ দাদন দেওয়া হয়েছে।

(ঘ) উক্ত ১০ লক্ষ টাকা ঋণের মধ্যে ১৯৮২-৮৩ সালে ৯,৯১,৭৫০ (নয় লক্ষ একানব্বই হাজার সাত শত পঞ্চাশ) টাকা আদায় হয়েছে।

(ঙ) মোট ১৩,৬১,১০৬ (তের লক্ষ একষট্টি হাজার একশত ছয়) টাকা খরচ করা হয়েছে।

## মুর্শিদাবাদ জেলায় নিবন্ধীকৃত মৎস্য সমবায় সমিতি

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩১।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ১৯৮০-৮১ হইতে ১৯৮২-৮৩ সময়কালে মুর্শিদাবাদ জেলায় কোন মৎস্যজীবী সমবায় সমিতি নিবন্ধীকৃত হইয়াছে কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে--

(১) কতগুলি সমিতি নিবন্ধীকৃত হইয়াছে, ও

(২) কতগুলি সমিতির আবেদনপত্র জেলার সহকারী সমবায় নিয়ামকের দপ্তরে জমা পড়ে আছে, এবং

(গ) শেষোক্ত ক্ষেত্রে–

(১) কতদিন যাবত ঐ আবেদনগুলি পড়ে আছে, ও

(২) এই দেরী হওয়ার কারণ কী?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) ১টি।

(গ) (১) প্রায় ৩ মাস যাবত।

(২) নিবন্ধীকরণের প্রয়োজনীয় অনুমোদনের জন্য আবেদনপত্রটি পশ্চিমবঙ্গের সমবায় সমিতিসমূহের নিবন্ধকের নিকট পাঠানো হয়েছে।

## পশ্চিমবঙ্গের জন্য চাল, গম ইত্যাদির কেন্দ্রীয় বরাদ্দ

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৫।) **শ্রীউপেন্দ্র কিসকু ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ১লা জানুয়ারী, ১৯৮৩ হইতে ৩১শে জুলাই ১৯৮৩ পর্যন্ত কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে প্রতি মাসে কত পরিমাণ চাল, গম, কেরোসিন ও সিমেন্ট বরাদ্দ করেছে ঃ এবং

(খ) উক্ত দ্রব্যগুলির প্রতিটির সরবরাহের পরিমাণ কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) উক্ত সময়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক চাল, গম, কেরোসিন ও সিমেন্টের প্রতি মাসে এই রাজ্যের জন্য বরাদ্দ ও সরবরাহ ছিল এই রকম ঃ—

চাল (মেট্রিক টন হিসাবে)

| | মাস | জানুয়ারী | ফেব্রুয়ারী | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বরাদ্দ | .. | ১,২০,০০০ | ১,১০,০০০ | ১,১০,০০০ | ১,১০,০০০ | ১,১০,০০০ | ১,১০,০০০ | ১,১০,০০০ | ৭,৮০,০০০ |
| সরবরাহ | .. | ১,১৭,৬৩৩ | ১,২৫,৫৩৭ | ১,৫৫,৯৪৪ | ১,২৮,৫৮২ | ১,২৫,৯১২ | ১,১৫,৭৮৩ | ১,২৮,৯৪৫ | ৮,৯৮,৩৩৬ |

গম (মেট্রিক টন হিসাবে)

| | মাস | জানুয়ারী | ফেব্রুয়ারী | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বরাদ্দ | .. | ১,৩০,০০০ | ১,৪০,০০০ | ১,৪০,০০০ | ১,৪০,০০০ | ১,৪০,০০০ | ১,৪০,০০০ | ১,৪০,০০০ | ৯,৭০,০০০ |
| সরবরাহ | .. | ১,২৫,৮১১ | ১,৩৯,৬১০ | ১,২৯,৯৪১ | ১,১৫,৮৫০ | ১,০৪,৩০১ | ১,০৬,৫৬৭ | ১,১৯,০১৬ | ৮,৩৩,০৯৬ |

কেরোসিন (কি. লি. হিসাবে)

| | মাস | জানুয়ারী | ফেব্রুয়ারী | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বরাদ্দ | .. | ৫১,৬৫৭ | ৫১,৬৫৭ | ৪৯,৩৪৪ | ৪৯,২১৬ | ৫৩,৪৪৩ | ৪৯,২১৬ | ৪৭,০৩১ | ৩,৫১,৫৬৪ |
| সরবরাহ | .. | ৫০,২২২ | ৪৩,৭১৫ | ৫৫,৫৫৫ | ৪৯,১৩১ | ৫২,২৫৯ | ৪৬,৬৭৫ | ৪৭,৬৯৭ | ৩,৪৫,২৫৪ |

সিমেন্ট (মেট্রিক টন হিসাবে)

| | | জানুয়ারী-মার্চ'৮৩ | এপ্রিল-জুন'৮৩ | জুলাই-অক্টোবর'৮৩ | মোট |
|---|---|---|---|---|---|
| বরাদ্দ | .. | ১,৪৬,৩৭০.০০ | ১,৫৬,২৭০.০০ | ১,৫৬,২৭০.০০ | ৪,৫৮,৯১০.০০ |
| সরবব | .. | ৯১,৩১২.৪০ | ৮১,৮৯২.৫৫ | ৭৩,৭৩১.০০ | ২,৪৬,৯৩৫.০০ (আগষ্ট '৮৩ পর্যন্ত) |

**বিদেশ থেকে সিমেন্ট আমদানী**

**২৫১।** (অনুমোদিত প্রশ্ন নং ৭০৬।) **শ্রীউপেন্দ্র কিসকু ঃ** খাদ্য সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের ১লা জানুয়ারী থেকে ৩০শে জুন পর্যন্ত রাজ্য সরকার বিদেশ থেকে কোন সিমেন্ট আমদানী করেছেন কি; এবং

(খ) করে থাকলে উক্ত সিমেন্টের টন প্রতি মূল্য কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ। উক্ত সময়ে রাজ্য সরকার পশ্চিমবঙ্গে অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ সংস্থার মাধ্যমে ২৬, ৫৭২ মেঃ টন সিমেন্ট বিদেশ থেকে আমদানী করেছে।

(খ) উক্ত সিমেন্টের টন প্রতি মূল্য এইরূপ ঃ—

| | বাল্ক কনজুমার্স | সরকারী দপ্তর | ক্ষুদ্র শিল্প ইউনিট হিসাবে রেজিষ্ট্রাকৃত ব্যবহারকারী |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| ১-১-৮৩ থেকে ২৮-২-৮৩ পর্যন্ত | ১০৭৫ | ১০৩৫ | ১০১৬ |
| ১-৬-৮৩ থেকে ২৬-৫-৮৩ পর্যন্ত | ১১৭০ | ১১২৭ | ১১০৬ |
| ২৭-৫-৮৩ থেকে | ১২০৫ | ১১৬১ | ১১৩৯ |
| | কলকাতাস্থিত গোডাউন থেকে সরবরাহকৃত সিমেন্ট | | |
| ১-১-৮৩ থেকে ২৮-২-৮৩ পর্যন্ত | ১১২০ | ১০৭৯ | ১০৫৮ |
| ১-৩-৮৩ থেকে ২৬-৫-৮৩ পর্যন্ত | ১২২৯ | ১১৮৪ | ১১৬১ |
| ২৭-৫-৮৩ থেকে | ১২৬৪ | ১২১৮ | ১১৯৪ |

**গ্লুকোনেট লিমিটেড বিনা টেন্ডারে মেসিন ক্রয়**

**২৫২।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৪।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, গ্লুকোনেট লিমিটেডের দমদম কারখানায় ১৯৮৩ সালে প্রায় পাঁচ লক্ষ টাকার জেনারেটর পাম্প প্রভৃতি মেশিন বিনা টেন্ডারে ক্রয় করা হইয়াছে এবং সমস্ত বিলের টাকা ক্যাশ পেমেন্ট করা হইয়াছে?

**শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** গ্লুকোনেট কোম্পানী দমদমে তাহাদের পেথিড়িন প্রকল্পের জন্য আনুমানিক ৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় করেন, প্রকল্পটির ঘরবাড়ী, যন্ত্রপাতি, জেনারেটর, ইত্যাদির জন্য উক্ত ব্যয় হয় এবং এই সকল কাজের জন্য প্রয়োজনীয় কোটেশন আহ্বান করা হয়। সমস্ত বিলের টাকা চেকের মাধ্যমে প্রদান করা হয়।

**পশ্চিমবঙ্গে সমবায় কোল্ড স্টোরেজ স্থাপন**

**২৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৭২।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** ১৮ই মার্চ, ১৯৮৩

তারিখের প্রশ্ন নং ৩৮ (অনুমোদিত প্রশ্ন নং ৯০৪)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সমবায় বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সমবায় কোল্ড স্টোরেজগুলি বিলম্বে স্থাপন/চালু করার জন্য অতিরিক্ত কত টাকা খরচ হয়েছে/হবে; এবং

(খ) কোন্ সংস্থা এই অতিরিক্ত ব্যয়ভার বহন করবে?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বিলম্বে কাজ শুরু হবার দরুন মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ৩,২৭,৮৪,০০০ টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে এবং চালু করার সময় পর্যন্ত আরও ১,২৬,৯৮,০০০ টাকা ব্যয় হবে বলে অনুমান করা হচ্ছে।

(খ) ন্যাশানাল কো-অপারেটিভ ডেভালপমেন্ট কর্পোরেশন থেকে এই বাড়তি ব্যয়ের শতকরা ৭৫ ভাগ থেকে ৮০ ভাগ টাকা ঋণ হিসাবে পাওয়া যাবে। শতকরা সাড়ে ১২ ভাগ থেকে ২০ ভাগ পর্যন্ত টাকা রাজ্য সরকার দেবে এবং শতকরা ৫ ভাগ থেকে সাড়ে সাত ভাগ টাকা সংশ্লিষ্ট সমিতিগুলি বহন করবে।

**কলিকাতা হইতে দীঘা ভায়া মেচেদা রুটে বাস বৃদ্ধি করার পরিকল্পনা**

২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৪।) **শ্রীঅবন্তী মিশ্র :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা হইতে দীঘা ভায়া মেচেদা রুটে বাস বৃদ্ধি করার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**দীঘা, রামনগর ও কাঁথিতে বিদ্যুৎ**

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৬।) **শ্রীঅবন্তী মিশ্র :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দীঘা, রামনগর ও কাঁথিতে বিদ্যুৎ থাকার সময়ও গ্রাহকরা বিদ্যুৎ পান না;

(খ) সত্য হ'লে উহার কারণ কি;

(গ) মেদিনীপুর জেলায় এগরায় ১৩৩ কে ভি সাব-স্টেশনটি কবে নাগাত চালু হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) মেদিনীপুর জেলায় রামনগরে সাব-স্টেশনটির ঘর নির্মাণকার্য বর্তমানে কি পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) এ ধরনের কোনও তথ্য বিদ্যুৎ দপ্তর অথবা রাজ্য বিদ্যুৎ পর্ষদের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) মেদিনীপুর জেলার এগরায় ১৩২ কে ভি সাব-স্টেশনটি ১৯৮৩ সালের মে মাসে চালু হয়েছে।

(ঘ) রামনগর সাব-স্টেশনটির কন্ট্রোল রুমের নির্মাণকার্য লিন্টেল পর্যন্ত শেষ হয়েছে এবং স্থানীয় লোকের বাধাদানের ফলে এই কাজ বর্তমানে বন্ধ রাখা হয়েছে।

**আংশিক রেশন এলাকায় ডাল সরবরাহ ব্যবস্থা**

**২৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৮০৯।) **শ্রীশশাঙ্কশেখর মন্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বিধিবদ্ধ রেশন এলাকায় রেশন ব্যবস্থার মাধ্যমে ডাল সরবরাহের সেরুপ ব্যবস্থা আছে অনুরুপভাবে আংশিক রেশন এলাকায় ডাল সরবরাহের কোন ব্যবস্থা করার কথা রাজ্য সরকার চিন্তা করিতেছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, রামপুরহাট থানা এলাকায় আংশিক রেশনে ডাল সরবরাহ করা কবে নাগাত সম্ভব হইবে বলিয়া আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) স্থায়ীভাবে ডাল সরবরাহের ব্যবস্থা নাই। বর্তমানে স্বল্প মূল্যে কয়েক মাসের জন্য সরবরাহ করা যায় কিনা সেই বিষয়টি বিবেচনাধীন আছে।

(খ) পরবর্তী সময়ে বিবেচনা করা যেতে পারে।

**পরিবহণ দপ্তরের কর্মচারীদের রিওয়ার্ড দেবার প্রথা**

**২৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৮১৭।) **শ্রীসুভাষ মাহাতো** এবং **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ইহা কি সত্য যে, এম ভি ট্যাক্স অ্যাক্ট এবং রুল্‌স অনুযায়ী পরিবহণ দপ্তরের কর্মচারীদের রিওয়ার্ড দেবার প্রথা চালু আছে;

(খ) সত্য হ'লে কি কারণে উক্ত রিওয়ার্ড দেবার প্রথা চালু আছে,

(গ) বাঁকুড়া জেলা হ'তে উক্ত রিওয়ার্ড দেবার জন্য কোন কর্মচারীর নাম সুপারিশ করা হয়েছিল কিনা; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, উক্ত জেলাতে এ পর্যন্ত কতজন কর্মচারীকে রিওয়ার্ড দেওয়া হয়েছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**ছাতনা-কেঞ্জাকড়া রাস্তার নির্মাণকার্য**

**২৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৫।) **শ্রীসুভাষ চন্দ্র রায় ও কাশীনাথ মিশ্র ঃ পূর্ত** বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, ছাতনা-কেঞ্জাকড়া রাস্তাটি অর্দ্ধসমাপ্ত অবস্থায় রয়েছে ঃ

(খ) সত্য হলে, উক্ত রাস্তার কাজ অসম্পূর্ণ থাকার কারণ কি;

(গ) উক্ত রাস্তাটির জন্য গত তিন বৎসরে কত পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছিল এবং তার মধ্যে কি পরিমাণ ব্যয় করা হয়েছে?

(ঘ) ১৯৭৮ সাল হতে ১৯৮৩ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে নবান্দা থেকে জয়কৃষ্ণপুর রাস্তাটির জন্য কত অর্থ ব্যয় করা হয়েছে; এবং

(ঙ) এই রাস্তাটি নির্মাণের কাজ কি অবস্থায় আছে?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না। রাস্তার কাজ চলিতেছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১৯৮০-৮১ থেকে ৮২-৮৩ সাল পর্যন্ত প্রায় ৩.৬৯ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল এবং প্রায় ৪.০৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(ঘ) প্রায় ২১.৪৯ লক্ষ টাকা।

(ঙ) রাস্তাটি ৫.৫ কি. মি. পীচের কাজ হয়েছে, ১৫ কি. মি পাথর ও পীচের কাজ বাকী আছে।

### কংশাবতী নদীর উপর সেতু নির্মাণ

২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬২।) **শ্রীরামপদ মান্ডি :** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান আর্থিক বৎসরে বাঁকুড়া জেলার রানীবাঁধ থানার কেচন্দাঘাটে কংসাবতী নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় :** না।

### পশ্চিমবঙ্গে চুঙ্গিকর বাবত আয়

২৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৭।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পাঁচ বছরে (বাৎসরিক ভিত্তিতে) কত টাকা চুঙ্গিকর আদায় হয়েছে;

(খ) ১৯৮২-৮৩ সালে হুগলী জেলার হোসনাবাদ চুঙ্গিকর আদায় কেন্দ্র থেকে প্রতি মাসে কত টাকা আদায় হয়েছে; এবং

(গ) চুঙ্গি-কর ফাঁকি রোধের জন্য রাজ্য সরকারের কি কি ব্যবস্থা আছে?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) গত পাঁচ বৎসরে পশ্চিমবঙ্গে প্রবেশ কর (চুঙ্গিকর) সংগ্রহের বাৎসরিক হিসাব নিম্নে দেওয়া হলো :

টাকা

| | |
|---|---|
| ১৯৭৮-৭৯ | ২৭,৯৮,০০,০০০ |
| ১৯৭৯-৮০ | ৪১,৮৪,০০,০০০ |
| ১৯৮০-৮১ | ৫০,৬৯,০০,০০০ |
| ১৯৮১-৮২ | ৫৩,৯৭,০০,০০০ |
| ১৯৮২-৮৩ | ৫২,৫৪,০০,০০০ |
| মোট সংগ্রহ— ক | ২২৭,০২,০০,০০০ |

(খ) ১৯৮২-৮৩ সালে হুগলী জেলার হোসনাবাদ চুঙ্গিকর সংগ্রহ কেন্দ্র থেকে মাসওয়ারী আদায়ের হিসাব-এর ফল ঃ

| মাস | | | কর আদায়ের হিসাব |
|---|---|---|---|
| | | | টাকা |
| (১) এপ্রিল '৮২ | .. | .. | ৮৭,৬৫,০৭৫ |
| (২) মে '৮২ | .. | .. | ৮৩,২৪,৭৯৯ |
| (৩) জুন '৮২ | .. | .. | ৮৬,৪৬,১৫৮ |
| (৪) জুলাই '৮২ | .. | .. | ৮৭.৬৯,২১৫ |
| (৫) আগষ্ট '৮২ | .. | .. | ৮৪.১২,০০৮ |
| (৬) সেপ্টেম্বর '৮২ | .. | .. | ৯০,৫৩,৬৭৯ |
| (৭) অক্টোবর '৮২ | .. | .. | ৯৫,৫৭,১০৩ |
| (৮) নভেম্বর '৮২ | .. | .. | ৮৩,৮৭,২২০ |
| (৯) ডিসেম্বর '৮২ | .. | .. | ৯১,৬৫,২৯১ |
| (১০) জানুয়ারী '৮৩ | .. | .. | ৯০,৭৯,৩১০ |
| (১১) ফেব্রুয়ারী '৮৩ | .. | .. | ৬৯,৫২,৩৯১ |
| (১২) মার্চ '৮৩ | .. | .. | ৯৫,০৭,৫৭২ |
| মোট (১৯৮২-৮৩) | .. | .. | ১০,৪৬,১৯,৮২১ |

(গ) প্রবেশ কর ফাঁকি বন্ধ করার বিভিন্ন ব্যাপারে রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করেন। সাধারণতঃ চেক্‌পোষ্ট থেকে যে ধরণের ব্যবস্থা নেওয়া হয় তার উদ্দেশ্য মূলতঃ দুটি—(১) কলিকাতা মেট্রোপলিট্যান অঞ্চলে আনা সামগ্রীর পরিমাণ, ওজন অথবা মূল্য ইচ্ছাকৃতভাবে কম করে দেখিয়ে যে কর ফাঁকি দেওয়া হয় তা রোধ করা এবং (২) কোন গাড়ী যাতে দেয় কর না দিয়ে চেক পোষ্ট অতিক্রম করে চলে যেতে না পারে তার সুব্যবস্থা করা।

প্রথমে উদ্দেশ্যে সন্দেহজনক ক্ষেত্রে গাড়ীর মাল নামিয়ে পরীক্ষা করে দেখা হয় এবং ওজনের যাথার্থ যাচাই করা হয়। তাছাড়া জিনিষের দাম বাজারের প্রকৃত দরের থেকে অন্যায়ভাবে কম করে দেখান হচ্ছে কিনা তা বিচার করে দেখাব জন্য মাঝে মাঝে বাজার দরের সমীক্ষা চালিয়ে গড় ন্যূনতম দর স্থির করা হয় এবং সেই নির্দ্দেশিকার ভিত্তিতে মূল্য নির্দ্ধারণ করে তার উপর কর ধার্য্য করা হয়। কখনও কখনও কোন জিনিষের কর-হার সম্বন্ধে সংশয় উপস্থিত হলে মালের নমুনা নিয়ে বিশেষজ্ঞের মতামত নেওয়া হয়। কলিকাতা মেট্রোপলিটান এরিয়ার বাইরে ট্রান্সপোর্ট পাস-এর ভিত্তিতে যে মাল সরাসরি চলে যাচ্ছে, তা সত্যই গন্তব্যস্থানে যাচ্ছে কিনা অথবা কলিকাতা মেট্রোপলিটান অঞ্চলের ভিতরেই বিক্রী হচ্ছে সে সম্বন্ধেও অনুসন্ধান চালাবার ব্যবস্থা আছে।

দ্বিতীয় উদ্দেশ্যে, গুরুত্বপূর্ণ চেক্‌পোষ্টে অধিক সংখ্যক তদারকী কর্মচারী নিয়োগ করে কর ফাঁকির তদারকী ব্যবস্থাকে আরও জোরদার করা হয়ে থাকে।

প্রসঙ্গতঃ বলা যেতে পারে, প্রবেশ কর ফাঁকি রোধের জন্য সরকারের একটি বিশেষ বিভাগ—বুরো অফ ইনভেস্টিগেশন আছে। প্রয়োজনীয় ক্ষেত্রে এই বিভাগ নানাধরণের ব্যবস্থা নিয়ে থাকে। যথা—(ক) মাল ও খাতাপত্র ধরা ও আটক করা, (খ) সন্দেহজনক গাড়ীকে

থামিয়ে অনুসন্ধান চালানো, (গ) কোন মালের পেটি খুলে সেই মাল কি জাতীয় তা নির্ণয় করা (ঘ) কোন কোন ক্ষেত্রে পরিবহণ অফিস বা গুদাম থেকে মাল আসার প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করা ইত্যাদি।

**সরকারী কাজে বাংলা ভাষার ব্যবহার**

২৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৯।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারী কাজে বাংলা ভাষা ব্যবহারের ক্ষেত্রে কোন অসুবিধা হচ্ছে কি;

(খ) হলে, অসুবিধাগুলি কি কি; এবং

(গ) উক্ত অসুবিধা দূর করার জন্য সরকারী কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) বাংলা মুদ্রলেখন যন্ত্র ও বাংলা মুদ্রলেখকের স্বল্পতা,

(২) বাংলা অনুবাদকের অভাব,

(৩) পরিভাষা পুস্তকের অভাব,

(৪) নির্দশ (ফর্ম) ও অর্থনৈতিক আইনগুলির (ফাইনানসিয়াল রুল) বাংলায় অনুবাদের অসুবিধা।

(গ) (১) বিভিন্ন সরকারী দপ্তরে (কলিকাতাস্থ ও জেলাসমূহের) বাংলা মুদ্রলেখন যন্ত্র সরবরাহ করা হচ্ছে।

(২) কলিকাতাস্থ ও জেলা অফিসগুলিতে কর্মরত ইংরাজী মুদ্রলেখকদের বাংলা মুদ্রলিখন প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

(৩) প্রতিটি জেলা শাসক, কমিশনার ও আধিকারিকের দপ্তরে একটি করে বাংলা অনুবাদকের পদ সৃষ্টি করা হয়েছে।

(৪) পরিভাষা পুস্তকের পুর্নমুদ্রণের ব্যবস্থা নেওয়া হয়েছে।

(৫) বিধিবদ্ধ ফর্ম ছাড়া অন্য সব ফর্ম বা নিদর্শ যেগুলি জনসাধারণ ব্যবহার করেন, সেগুলি বাংলা ভাষায় ছাপার ব্যবস্থা হচ্ছে।

(৬) বাংলা মুদ্রলেখকের সংখ্যাও বৃদ্ধি করা হচেছ।

**কেন্দুপাতা সংগ্রহের ব্যবসা অধিগ্রহণ**

২৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৭।) **শ্রীরমাপদ মান্ডি ঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে কেন্দুপাতা (বিড়ির) সংগ্রহের ব্যবসাকে অধিগ্রহণ করার কোন কার্যকরী পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**বন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** না।

**মুর্শিদাবাদ জেলার রামপাড়া-২ গ্রামপ্রধান ও পঞ্চায়েত সদস্যের অর্থ তছরূপ**

২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৪।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাবেন কি-

(ক) বিগত ২৭-৭-৮৩ তারিখে মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার অন্তর্গত বেলডাঙ্গা ২ নং ব্লকের অধীন রামপাড়া-২ গ্রামপ্রধান ও কতিপয় পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের অর্থ আত্মসাৎ করার অভিযোগে বিভাগীয় কর্তৃপক্ষের নিকট গণ-দরখাস্ত পেশ করা হইয়াছে—এই মর্মে সরকারের নিকট কোন তথ্য আছে কিনা, এবং

(খ) থাকিলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ। গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধানের বিরুদ্ধে অভিযোগ সম্বলিত একটি গণ-দরখাস্ত মুর্শিদাবাদের জেলা শাসকের নিকট পেশ করা হইয়াছে।

(খ) গণ-দরখাস্তে উল্লিখিত অভিযোগসমূহ সম্বন্ধে জেলা কর্তৃপক্ষ তদন্ত করিতেছেন।

**'পশ্চিমবঙ্গ' পত্রিকা**

**২৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৪।) **শ্রীসুশীল কুজুর ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) "পশ্চিমবঙ্গ" পত্রিকাটির বর্তমানে প্রচার সংখ্যা কত; এবং

(খ) "পশ্চিমবঙ্গ" পত্রিকার লেখকগণকে কোন প্রকার পারিশ্রমিক/পারিতোষিক দেওয়া হয় কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) বর্তমানে প্রচার সংখ্যা সপ্তাহে ৫২,০০০ থেকে ৬৫,০০০ কপি।

(খ) আমন্ত্রিত রচনার ক্ষেত্রে লেখকদের সম্মান-দক্ষিণা দেওয়া হয়।

**১৯৮৩-৮৪ সালে কৃষকদের মিনিকিট বিতরণ**

**২৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৮।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ সালে কৃষির উন্নতির জন্য এ পর্যন্ত কৃষকদের কি পরিমাণ মিনিকিট বিতরণ করা হইয়াছে;

(খ) এই মিনিকিট বিলি করিবার পদ্ধতি কিরূপ; এবং

(গ) কৃষকদের মিনিকিট দেওয়ার বিষয়ে বিধান সভার সদস্যদের কি কোন ভূমিকা আছে?

**কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮৩-৮৪ সালে এ পর্যন্ত ১০ লক্ষ ৬৪ হাজার ৮৩৯টি ধান, ৯৯ হাজার ৯৯০টি কলাই, ১২ হাজারটি ভূট্টা এবং ৮ হাজারটি অড়হর মিনিকিট বিলির ব্যবস্থা করা হয়েছে।

(খ) বীজতলা সংগ্রহ করে মিনিকিট প্রস্তুত করা এবং সেগুলি বিভিন্ন ব্লক স্তরে পৌঁছে দেবার দায়িত্ব "পশ্চিমবঙ্গ এ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, পশ্চিমবঙ্গ ষ্টেট্ সীড্‌স্ কর্পোরেশনস, এবং পশ্চিমবঙ্গ ষ্ট্রেট কো-অপারেটিভ্ মার্কেটিং ফেডারেশনকে দেওয়া হয়। ব্লক স্তর থেকে স্থানীয় কৃষি আধিকারিকগণ ঐসকল মিনিকিট বিতরণ কেন্দ্রে নিয়ে যান। কোন্ কোন্ কৃষক মিনিকিট পাবেন তার তালিকা স্থানীয় পঞ্চায়েত সমিতি অনুমোদন করেন। অনুমোদিত তালিকা

অনুসারে স্থানীয় কৃষি আধিকারিকগণ মিনিকিট বিলি করেন। অবশ্য যে সব ক্ষেত্রে স্থানীয় পঞ্চায়েত সমিতি ঠিক সময়ের মধ্যে ঐ তালিকা প্রস্তুত করতে পারেন না, সেখানে স্থানীয় কৃষি দপ্তরের আধিকারিকগণ তাঁদের বিবেচনা অনুসারে কৃষকদের নামের তালিকা প্রস্তুত করে মিনিকিট বিলি করেন ও স্থানীয় পঞ্চায়েত সমিতিকে অবগত রাখেন।

(গ) বিধানসভার সদস্যগণ তাঁদের নির্ব্বাচিত কেন্দ্রসংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিগুলিরও সদস্য। অন্যান্য পঞ্চায়েতের সদস্যদের ন্যায় তাঁরও মিনিকিট বন্টনের ব্যাপারে একই ভূমিকা পালন করার কথা এবং সাধারণতঃ তাই করে থাকেন।

**গ্রামাঞ্চলে রেপসিড তেল সরবরাহ**

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯২।) **শ্রীরাজকুমার মন্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে রেপসিড তেল দেওয়ার কোন ব্যবস্থা হচ্ছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে কবে থেকে ব্যবস্থা কার্যকরী হবে বলে আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) কেন্দ্রীয় সরকার কর্তৃক রেপসীড তেলের বরাদ্দ অনুসারে বর্তমানে সংশোধিত রেশন এলাকায় জেলা সদর, মহকুমা সদর মিউনিসিপালিটি এলাকা, পঞ্চায়েত সমিতির সদর, দার্জিলিং জেলার মিরিক, সুকনা, রিবিক এবং তিস্তা অঞ্চল, বিলাগুড়ি মিলিটারী ক্যান্টনমেন্ট, নিউ জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জংশন রেলওয়ে কলোনী, রাণীগঞ্জ, হলদিয়া, খড়গপুর, অন্ডাল, কল্যাণী--এই সব অঞ্চলে রেপসীড তেল সরবরাহের ব্যবস্থা আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**তফসিলী জাতি ও উপজাতিদের সার্টিফিকেট প্রদান**

২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৯।) **শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তফসিলী জাতি ও উপজাতিদের সার্টিফিকেট পাওয়ার জন্য কি কি প্রমাণপত্রের প্রয়োজন হয়; এবং

(খ) উক্ত সার্টিফিকেট পাওয়ার আবেদনের জন্য সরকার অনুমোদিত কোন ফর্ম আছি কি?

**তফশিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) তফসিলী জাতি ও উপজাতিদের জাতিগত প্রমাণপত্র প্রদানকালে নিম্নলিখিত প্রমাণপত্রগুলি সাধারণভাবে প্রয়োজনীয় বলিয়া বিবেচ্য হয় ঃ—

(১) আবেদনকারীর স্থায়ী বাসস্থানের প্রমাণ স্বরূপ বাসস্থান সম্পর্কিত দলিল ও খাজনা রসিদ (রেভিনিউ রিসিট) বা সংশ্লিষ্ট প্রমাণ পত্রাদি।

(২) আবেদনকারীর জাতি নিরূপনে তাহার নিজের রক্তের সম্পর্কিত আত্মীয়গণের সম্প্রদায়, পূর্বপুরুষের পেশা এবং সংশ্লিষ্ট দলিল ইত্যাদি প্রয়োজন হইতে পারে।

(৩) বহিরাগতদের ক্ষেত্রে ভারতীয় নাগরিকত্বসূচক প্রমাণ পত্র।

(খ) পশ্চিমবঙ্গের জেলা সমূহের জন্য ঐরূপ আবেদনপত্রের কোন নির্দিষ্ট ফর্ম নেই। বিভিন্ন জেলা অফিসের ফর্মের বয়ান ভিন্নরূপ হতে পারে। কোন কোন জায়গায় কোন ফর্মের বদলে প্রার্থীরা প্রয়োজনীয় তথ্য দিয়ে নিজের মত করেও দরখাস্ত দিতে পারেন।

### সি ই এস সি কর্তৃক দামোদর ভ্যালি প্রদত্ত বিদ্যুতের ব্যবহার

**২৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৯০৩।) **শ্রীদেওকী নন্দন পোদ্দার :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সি ই এস সি দামোদর ভ্যালি করপোরেশন হইতে প্রাপ্ত বিদ্যুতের সম্পূর্ণ সদ্ব্যবহার কিংবা গ্রহণ করিতেছি না;

(খ) (১) ১৯৮৩ সালের মে, জুন, জুলাই এবং আগষ্ট মাসে কি অবস্থা ছিল,

(২) কি কি কারণে সি ই এস সি ডি ভি সি-র বিদ্যুতের সম্পূর্ণ সদ্ব্যবহার করতে পারেনি; এবং

(৩) এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় :** (ক) না, ইহা সত্য নহে।

(খ) (১) ১৯৮৩ সালের মে, জুন, জুলাই এবং আগষ্ট মাসগুলিতে প্রকৃত অবস্থা নিম্নরূপ ছিল :

| মাস | সর্বাধিক বিদ্যুৎ গ্রহণ | মোট যে পরিমান বিদ্যুৎ আমদানী করা হইয়াছে তাহার পরিমান |
|---|---|---|
| | (এম.ডি.এ.) | (এম ইউ.) |
| মে ’৮৩ .. .. .. | ১০৫ | ৪১.৫ |
| জুন ’৮৩ .. .. .. | ১০৪.৭ | ৪১.৫ |
| জুলাই ’৮৩ .. .. .. | ১০৯.৮ | ৪১.৫ |
| আগষ্ট ’৮৩ .. .. .. | ১০৮.৬ | ৪৩.৮ |

(২) কলিকাতায় বিদ্যুৎ সরবরাহের উপর ডি ভি সি প্রায়শঃই নিয়ন্ত্রন আরোপ করায় সি ই এস সির পক্ষে চুক্তি মাফিক বিদ্যুৎ গ্রহণ সম্ভব হয় নাই। উক্ত সময় কলিকাতায় সরবরাহের উপর ডি ভি সি মাসে ৪০ থেকে ৬৫ পারসেন্ট পর্যন্ত নিয়ন্ত্রণ আরোপ করেছিল।

(৩) কলিকাতায় সরবরাহের ব্যাপারে নিয়ন্ত্রণ কমানোর জন্য রাজ্য সরকারের তরফ থেকে প্রচেষ্টা চালানো হচ্ছে।

### কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ

**২৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৯০৬।) **শ্রীদেওকীনন্দন পোদ্দার :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজের ব্যাপারে রাজ্য সরকার কি

ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) দ্বিতীয় পর্যায়ের কাজ সপ্তম যোজনা শুরু হইবার পূর্বে আরম্ভ করা হইবে কি?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) কোলাঘাট তাপ বিদ্যুৎ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ যাতে তাড়াতাড়ি শেষ করা যায় সেজন্য টার্নকি পদ্ধতিতে কাজের দায়িত্ব দেবার ব্যাপারটি বর্তমানে পরীক্ষাধীন আছে।

(খ) হ্যাঁ।

### Tax collected by Home (Transport) Department

**270.** (Admitted question No. 912.) **Shri LUTFUL HAQUE :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state 1980-81, 1981-82 and 1982-83 from,

(i) Public Carrier Vehicles registered in West Bengal, and

(ii) The goods booking agencies in the business of collecting, forwarding or distributing goods carried by public carriers?

**Minister-in-charge of the Home (Transport) Department :** (i) Receipts of M. V. taxes for all types of vehicles are credited under the sub-head "II-Receipts under the State Motor Vehicles Taxation Act" of the major head "041-Taxes on vehicles ". As there is no detailed classification of vehicles in the Civil Budget Estimates, tax receipts from all types of vehicles are entirely credited to the Government under the said sub-head. Hence, it is not possible to point out seperately the total amount of tax collected during 1980-81, 1981-82 and 1982-83 in respect of public carrier vehicles registered in the West Bengal.

(ii) No tax is payable under the W. B. M .V. Tax Act, 1979, by goods booking agencies engaged in the business of collecting, forwarding or distributing goods carried by public carriers.

### 'মাভা ইনভেস্টমেন্ট', 'মাভা উদ্যোগ' ও 'সঞ্চয়িতা' কোম্পানী

**২৭১।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৬।) **শ্রীসুনীতি চট্টরাজ :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে 'মাভা ইনভেস্টমেন্ট', 'মাভা উদ্যোগ' ও 'সঞ্চয়িতা' কোম্পানী নামে কোনো প্রতিষ্ঠান আছে কিনা;

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত প্রতিষ্ঠানগুলি থেকে জনসাধারণের গচ্ছিত টাকা ফেরৎ দেবার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) পশ্চিমবঙ্গে 'সঞ্চয়িতা ইনভেস্টমেন্টস' (রেজিঃ অফিসঃ ৫ ও ৬ ফ্যান্সী লেন, কলিকাতা-১) এবং 'মাভা ইনভেস্টমেন্টস্ (৬৬, কলুটোলা স্ট্রীট, কলিকাতা-৭৩) নামে দুইটি প্রতিষ্ঠান আছে। 'মাভা ইনভেস্টমেন্টের' নথিপত্রে সহযোগী প্রতিষ্ঠান হিসাবে 'মাভা উদ্যোগের' নাম উল্লেখ আছে। মাভা উদ্যোগের ঠিকানা দেখানো আছে -৪৫, বাজাজ ভবন, নরিম্যান পয়েন্ট, বম্বে। তদন্তকালে এই ঠিকানার উক্ত প্রতিষ্ঠানের কোনো

অস্তিত্ব পাওয়া যায় নি।

(খ) 'মাভা ইনভেস্টমেন্টস্ ও 'মাভা উদ্যোগের' প্রোপ্রাইটরস্এজেন্টস্সাব এজেন্ট এবং প্রোমোটারস্দের বিরুদ্ধে ভারতীয় দন্ড বিধির ৪২০/৪০৬/১২০বি ধারা অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে। (হেয়ার স্ট্রীট থানার কেস্ নং ৩২৬ তাং ২৮-৪-৮২) উক্ত মামলার তদন্ত চলছে।

সঞ্চয়িতা ইনভেস্টমেন্টের ব্যাপারে সুপ্রীম কোর্টের ৪-৫-৮৩ তারিখে আদেশ অনুযায়ী (সংবিধান আইনের ৩২ ধারামতে রিট পিটিসান নং ৬৩৮, ৭৫৭-৮০০। ১৯৮৩) কলিকাতা নগর দেওয়ানী ও দায়রা আদালতের অবসর প্রাপ্ত প্রধান বিচারপতি শ্রী এন সি দত্ত। কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি কর্তৃক কমিশনার নিযুক্ত হয়েছেন। উক্ত আদেশ অনুযায়ী 'সঞ্চয়িতা ইনভেষ্টমেন্ট' নামক প্রতিষ্ঠানটির সমস্ত সম্পদ এবং নথিপত্রের দায়িত্বভাব তাঁহার উপর ন্যস্ত হয়েছে এবং উক্ত প্রতিষ্ঠানে যে সকল আমানতকারী ২৫,০০০ টাকা পর্যন্ত আমানত রেখেছিলেন তাঁদের আমানত ফেরৎ দেবার ব্যাপারে ব্যবস্তা গ্রহণের দায়িত্বও তাঁকে দেওয়া হয়েছে।

### রাজগ্রাম সেতু পুনর্নির্মাণে তদন্ত

২৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৪।) **শ্রীসমর মুখার্জী ও শ্রীকাশীনাথ মিশ্র ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য বাঁকুড়া জেলার বন্যা বিধ্বস্ত রাজগ্রাম সেতুটি পুনর্নির্মাণের ব্যাপারে গত জুলাই-আগস্ট মাসে ইঞ্জিনিয়ার-ইন-চীফ্ ইঞ্জিনিয়ার, স্থানীয় বিভাগীয় একজিকিউটিভ্ ইঞ্জিনিয়ার সরজমিনে তদন্তে গিয়ে ছিলেন;

(খ) সত্য হইলে উক্ত সেতু সংক্রান্ত ব্যাপারে বিভাগীয় দপ্তর আজ পর্যন্ত কতবার রিপোর্ট পেশ করেছেন; এবং

(গ) রাজগ্রাম সেতুটির কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) (খ) ও (গ) ইঞ্জিনিয়ার-ইন-চীফ্ অন্যান্য বিভাগীয় অফিসার সরজমিনে তদন্তে গিয়েছিলেন এবং তাঁদের প্রতিবেদন পেশ করেছেন। সেতুটি নির্মাণের অন্যতম বাধা সরকারের অর্থ কৃচ্ছতা। তবে এ সেতু নির্মান ব্যাপারে স্থানীয় পৌরসভা যদি মোট খরচের মোটা অংশ ব্যয় করতে রাজি থাকে এবং সরকার বাকি খরচের জন্য অর্থের সংস্থান করতে পারে তবে সেতুটি পুনর্নির্মাণের কথা বিবেচনা করা হবে।

### পে-কমিশনের রিপোর্ট অনুযায়ী পুরাতন প্রধান শিক্ষকদের ইনক্রিমেন্ট

২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৮।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮১ সালের পে-কমিশনের বেতন হার অনুযায়ী অভিজ্ঞ পুরাতন প্রধান শিক্ষক মহাশয়গণকে ৮/৯টি ইনক্রিমেন্ট দেওয়া হইয়াছে;

(খ) ইহা সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) ১৯৮৩ সালের ৫ই সেপ্টেম্বর শিক্ষামন্ত্রী ঘোষিত অন্যান্য শিক্ষকদের ক্ষেত্রে অভিজ্ঞতার মূল্য হিসাবে যে ইনক্রিমেন্ট দেওয়ার কথা ঘোষিত হইয়াছে, তাহা প্রধান শিক্ষকদের

ক্ষেত্রে প্রযোজ্য হইবে কিনা এবং না হইলে কারণ কি?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) অভিজ্ঞতার মূল্য হিসাবে যে ইনক্রিমেন্ট দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে তা প্রধান শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। কারণ সংশোধিত বেতনক্রমের তালিকায় ১৫ এবং ১৬ নং বেতনক্রম ভোগী শিক্ষকদের মূলবেতন নির্ধারনের সময় ১০ বৎসর অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকদের একটি ইনক্রিমেন্ট দেওয়ার কথা ঘোষনা করা হয়েছে। প্রধান শিক্ষকরা ঐ বেতনক্রমের আওতায় পড়ে না, সেইজন্য এই ঘোষনা এদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**Financial Assistance by Cricket Association of Bengal (CAB)**

**274.** (Admitted question No. 910.) **Shri ATISH CHANDRA SINHA :** Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to state-

(a) Whether the State Government has received any offer of financial assistance by the Cricket Association of Bengal (CAB) for the Salt Lake Stadium Project;

(b) If so,

(i) What is the offer of Cricket Association of Bengal; and

(ii) What is the State Government's contemplation in the matter?

Minister-in-charge of the Education (Sports) Department : (a) 'No' (b) (i) and (ii) Does not arise.

**বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে এ্যাম্বুলেন্স**

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৬।) **শ্রীসুভাষচন্দ্র মাহাতো, শ্রীঅবন্তী মিশ্র এবং শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে মোট কতগুলি এ্যাম্বুলেন্স আছে;

(খ) তম্মধ্যে কয়টি চালু আছে; এবং

(গ) উক্ত হাসপাতালে মোট কতজন ড্রাইভার এবং হেল্পার কাজ করেন?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) তিনটি।

(খ) দুটি।

(গ) ড্রাইভারের সংখ্যা ছয় ও হেল্পারের সংখ্যাও ছয়।

**Sub-standard quality of foodgrains in Ration Shops**

**276.** (Admitted question No. 954.) **Shri PRAFULLA KANTI GHOSH :** Will the Minister-in-charge, Food and Supplies Department be pleased to state-

(a) Whether the Government is aware of the fact that the sub-standard quality of foodgrains are sold through the Ration Shops in Calcutta;

(b) If so, the reasons thereof; and

(c) What the Government is thinking to supply quality foodgrains?

**Minister for Food and Supplies Department :** (a) and (b) Normally foodgrains certified to be of fair average quality are distributed through A. R. shops. Occasionally, complaints about supply of foodgrains by F.C.I. of uncertain quality from the ration shops are received. In such cases enquiries are made and such disputed stocks are withheld from distribution. Samples thereof are also drawn for analysis by the Inspection and Quality Control Directorate. On the basis of their reports and recommendations actions are taken.

(c) Government has arranged joint inspection of foodgrains by the quality control staff of F.C.I. and those of this department at the F.C.I. godowns before issue of the stocks to the ration shops. The distribution of only such stocks of cereals which have been certified to be of fair average quality by the joint inspection teams is made to the public distribution system.

### বাঁকুড়ায় বেকার ভাতা প্রদান

২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৮।) **শ্রীসমর মুখার্জী** এবং **শ্রীকাশীনাথ মিশ্র :** শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ১৯৮২-৮৩ সালে বাঁকুড়া জেলায় কতজন বেকার যুবক ও যুবতী বেকারভাতা পাইয়াছেন;

(খ) ১৯৮৩-৮৪ সালে উক্ত জেলায় কতজন বেকার যুবক যুবতীকে বেকারভাতা দেওয়া সম্ভব হইবে; এবং

(গ) ১৯৮০ সালের জানুয়ারি হতে ১৯৮৩ সালের জানুয়ারি পর্যন্ত উক্ত জেলায় কতজন বেকার যুবক যুবতী বেকারভাতা পান নাই?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক)

| | |
|---|---|
| যুবক | ৪০৬১ জন |
| যুবতী | ৯৪ জন |
| মোট | ৪১৫৫ জন |

(খ) বেকারভাতা প্রকল্পের নিয়ম ও এ সম্পর্কে সরকারী আদেশনামা অনুযায়ী যারা বেকারভাতা পাওয়ার যোগ্য হবেন তাঁরা সকলেই বেকারভাতা পাবেন। ঐরূপ ব্যক্তির সঠিক সংখ্যা এখন পর্যন্ত নিরুপিত হয় নাই।

(খ) উক্ত সময়ের মধ্যে বেকারভাতা পাওয়ার শর্ত অনুযায়ী ঐ ভাতা পাওয়ার যোগ্য ছিলেন অথচ বেকারভাতা পান নাই এমন কোন সংবাদ জানা নাই।

[11-00-11-10 p.m.]

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে জিরো আওয়ারটা কখন হবে?

**Mr. Speaker :** আমি যখন বলবো তখন হবে।

### *Adjournment Motion*

**Mr. Speaker :** *I have received two notices of Adjournment Motion today.*

*The first is from* **Shri Deokinandon Poddar**, *which deals the subject of acute scercity of drinking water in Central Calcutta and the second is from* **Shri Kashinath Mishra** *and* **Shri Santiram Mahato** *which deals with the subject of sufferings of the people of Bankura due to withdrawal of private buses in some routes in Bankura District.*

*The subject matters of the motions are not such as can merit the* treatment of Adjournment Motion. Moreover, both the motions relate to matters concerning day to day administration.

I, therefore, withhold my consent on the motions. One Member of the party, may however read out the text of the motion as amended.

### CALLING ATTENTION ON MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received only one Notice of Calling Attention namely :-

1. Dead-lock in Medical Colleges and Hospitals due to cease work of Junior Doctors - Shri Kashinath Misra, Shri Ashok Ghosh, and Shri Shantiram Mahato.

**Mr. Speaker :** আমি জানি না মিনিষ্টার আজকে উত্তর দিতে পারবেন কিনা। ঐ জুনিয়র ডাক্তারের ষ্ট্রাইকের ব্যাপারে।

**Dr. Ambarish Mukhopadhyaya :** আজকে উত্তর দিতে পারবো।

**Mr. Speaker :** Now I will call upon the Minister-in-charge of Home (Transport) Department to make a statement on the subject of alleged attack by police and CPI(M) cadres on SUCI workers and other people involved in bus fare rise resistance movement.

(Attention called by Shri Deba Prasad Sarkar on the 14th September, 1983).

**Shri Rabin Mukherjee :-**

Mr. Speaker Sir,

I wish to make the following statement in connection with the Notice of Calling Attention by Shri Deba Prasad Sarkar, MLA, dated the 14th September, 1983.

From our available records, it appears that in connection with the Bus fare rise resistance movement launched by the SUCI in West Bengal (excluding Calcutta), during the months of July and August, 1983, in about 35 instances the party workers and supporters put up road blockades and resorted to unlawful activities due to which police had to take action. In all, 685 agitators were arrested and on account of suffling with police 28 agitators sustained injuries as against 56 policemen injured. In Purulia District at Raghnathpur P.S. on 19/8/1983, following the arrest of agitators from a Road Blockade, a violant attack was launched on the police the C.P.I.(M) party office and even upon lady Home Guards by a mob when police opened fire, as a result of which 2 persons died.

During these two months, in one incident of Nadia District 15 policemen were injured by the agitators wen 12 arrests were made. In Murshidabad District in 5 incidents, 12 agitators sustained injuries, as against 24 policemen injured, when 75 agitators were arrested. In Purulia District in 2 incidents 60(sixty) agitators were arrested, when 17 policemen were injured as against injury of 6 agitators, and the consequent police firing resulting in the death of 2 perivate persons who participated in the attack upon police.

It is not a fact that the police and the CPI(M) launched savage attacks any where on the SUCI as alleged.

**Shri Deba Prasad Sarkar :** মিঃ স্পীকার স্যার, মিনিষ্টার যে ষ্টেটমেন্ট দিলেন ওটা সার্কুলেট করে দেবেন।

**Mr. Speaker :** ওটা সার্কুলেট করে দেওয়া হবে। আর একটা বিষয় হচ্ছে হোম (পুলিশ) মিনিষ্টারের যে ষ্টেটমেন্ট দেবার কথা সেটা তিনি পরে দেবেন।

## Presentation of the Second, Third, Fourth and Fifth Reports of the Committee on Public Accounts, 1982-83.

The Chairman (**Shri Abdus Sattar**) : Sir, I beg to present the Second, Third, Fourth and Fifth Reports of the Committee on Public Accounts, 1982-83 in respect of --

(1) Action taken on the Report of the Committee on Public Accounts, 1977-78, Part I and on the Report of the Committee on Public Accounts, 1980-81, relating to Sugar Industries (Commerce and Industries Department),

(2) Action taken on the Report of the Committee on Public Accounts, 1979-80, so far as it relates to Primary Education,

(3) Action taken on the Report of the Committee on Public Accounts, 1979-80, so far as it relates to Higher Education, and

(4) Regularisation of Excess Expenditure incurred during the period from 1974-75 to 1977-78.

## Presentation of the Fifth Report of the Committee on Subordinate Legislation

**Shri Hazari Biswas :** Sir, with your permission I beg to present the Fifth Report of the Committee on Subordinate Legislation on the West Bengal Panchayat (Election) Rules, 1974. Copy of the same is laid on the Table.

**Mr. Speaker :** Now, zero hour, Shri Sattar may now speak.

## MENTION CASES

**শ্রীআব্দুস সাত্তার ঃ** স্যার, আমি কালকে মুর্শিদাবাদ জেলা থেকে এসেছি। মুর্শিদাবাদ জেলার সুতী, রঘুনাথগঞ্জ, লালাগোলা, ভগবানগোলা এইসব জায়গায় পদ্মার জল এত বেড়ে গেছে যে এই সমস্ত এলাকা ডুবে গেছে। আমি খোঁজ নিয়ে দেখেছি এখনও পর্যন্ত কোন রিলিফ সেখানে পৌঁছোয়নি। বিশেষ করে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত পদ্মা নদীর ওপারে এক বিরাট এলাকা এমনভাবে জলমগ্ন হয়ে রয়েছে যে সেখানকার অনেক মানুষ এখনও মেরুদন্ড হয়ে রয়েছে। আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি ইমিডিয়েটলি সেখানে রিলিফ পাঠান। তানাহলে সেখান অনেক মানুষ খাদ্যাভাবে মারা যাবে। এমন কি, সেখানে এখনও নৌকা পর্যন্ত পাঠান হয়নি। জলঙ্গী নদীর ধারে, জলঙ্গী, রাণীনগর, ভগবানগোলা, লালগোলা, রঘুনাথগঞ্জ, সুতী, তারপর ফারাক্কা, এই বিরাট বেল্ট পদ্মার জলে ভেসে গেছে। সুতরাং ইমিডিয়েটলি রিলিফ পাঠানোর দরকার আছে, এই টুকু আবেদন করছি।

**Mr. Speaker :** The Minister concerned should take a note of what Shri Abdus Sattar has said and take steps in the matter.

[11.10-11.20 a.m.]

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গভীর দুঃখের সঙ্গে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সঙ্গে আমাদের সমস্ত সচেতন জনপ্রতিনিধিদের কাছেও দৃষ্টি আকর্ষণ করছি। গত পরশুদিন হাওড়া শহরের বুকের উপরে আমাদের এক সহকর্মী, সত্যেন কর, তার আসল পরিচয় হচ্ছে, তিনি কোন পলিটিক্যাল লোক নন, তিনি একজন সমাজসেবী ছিলেন এবং একজন এক্স স্পোর্টসম্যান ছিলেন। সেই মানসিকতা নিয়ে তিনি সমাজের উপকার করার জন্য এগিয়ে এসেছিলেন। তিনি একটা রেসিস্ট্যান্স গ্রুপ করেছিলেন। সেই রেসিস্ট্যান্স গ্রুপ করার ফলে সেখানে ভেষ্টেড ইন্টারেষ্টের এগেনষ্টে কাজ করতে হচ্ছিল। তার বদলে সমাজের কাজ থেকে তিনি কি পেলেন? না, প্রকাশ্য দিবালোকে ১০।। টার সময়ে যখন হাওড়ার পঞ্চানন তলার রাস্তা দিয়ে লোক চলাচল করছে, যখন মিনি বাস চলাচল করছে সেই সময়ে তাকে নৃশংস ভাবে হত্যা করা হয়। ১২ বার তাকে ছুরি মারা হয়েছে এবং নানান জায়গায় ক্ষত বিক্ষত করা হয়েছে এবং রাস্তার উপরে ফেলে রাখা হয়েছে। এর আগেও থানার অফিসারের বিরুদ্ধে রিপোর্ট করেছি এবং বিধান সভায় তার বিরুদ্ধে বলেছি। কিছুদিন আগে আমাদের সহকর্মী শ্রী অশোক ঘোষ থানা ঘেরাও করে প্রতিবাদ জানিয়েছেন কিন্তু কোন এ্যাকশান নেওয়া হয়নি। তাকে অনেকবার খুনের হুমকি দেওয়া হয়েছে, এই কথা জানান সত্বেও কোন এ্যাকশান নেওয়া হয়নি। আজকে তিনি জনসেবা করতে এসে মৃত্যুমুখে পড়লেন। আমি পুলিশ মন্ত্রী কাছে এই আবেদন জানাচ্ছি যে এখনও পর্যন্ত একজনও আসামীকে ধরা হয়নি। কাগজে দেখেছি যে ৬ জনকে ধরা হয়েছে। কিন্তু এদের সংগে ঐ ক্রাইমের কোন সম্পর্ক নেই। সুতরাং আমার দাবী যে

এখানে প্রপার ইনকোয়ারী করে আসামীদের অবিলম্বে ধরা হোক।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাত্তার সাহেব মুর্শিদাবাদের সুতি, রঘুনাথ গঞ্জ ইত্যাদির বন্যা পরিস্থিতি সম্পর্কে যে কথা বলেছেন, আমি তার সঙ্গে আরো কতকগুলি নতুন এলাকার কথা যোগ করতে চাচ্ছি। জলঙ্গীতে পদ্মার পাড়ে ২০ হাজার লোক বাস করে। তারা সকলেই বিপর্যস্ত এবং তাদের সাহায্য এখনও পৌঁছায় নি, তাঁদের যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে। তারা প্রথমে ছিল উদ্বাস্তু। তার পরে চরে এসে বাড়ী করেছিল। সেগুলি পদ্মার তান্ডবে বিপর্যস্ত হয়ে পড়েছে। শুধু তাই নয়, এর সংগে হরিহর পাড়া নওদা ইত্যাদি বিস্তীর্ণ এলাকায় জল ঢুকে গেছে। সব চেয়ে মারাত্মক যেটা সেটা হচ্ছে জঙ্গীপুর সাব ডিভিশনের ঐ এলাকায় খরা, ভাঙ্গন প্রতিরোধের জন্য যে সমস্ত পরিকল্পনা বর্ষার আগে শুরু করার কথা, সেটা শুরু করা হয়নি এবং যার ফলে এবারে এই রকম অবস্থা হয়েছে। এবারে গঙ্গায়, জঙ্গীর সমস্ত নদীগুলিতে যে সমস্ত বাঁধ ছিল সেগুলি ভেঙ্গে যাবার উপক্রম হয়েছে। আমরা প্রতি বছর দেখি যে শুকনোর সময়ে এই ভাঙ্গন প্রতিরোধের কাজ করা হয়। কিন্তু এবারে কি কারণে হল না জানি না। এর আগের বছর দেখেছিলাম যে সদর সাব ডিভিশন, বহরমপুর সাব ডিভিশনের বিস্তীর্ণ এলাকা বন্যার কবলে পড়েছিল এবং মানুষ অবর্ণনীয় অবস্থার মধ্যে পড়েছিল। এবারে ইঞ্জিনিয়ার টেন্ডারে অনেক দেরী করলেন। রঘুনাথপুরে যেমন দেখেছি, তেমনি নওদা, হরিহর পাড়ার এন্টি-ইরোসনের ওয়ার্ক এবং বেলডাঙ্গা, ভাগীরথী সমস্ত এন্টি-ইরোসনের ওয়ার্ক-এর কাজগুলির কোথাও টেন্ডার হয়নি। বাজেটে এই পরিকল্পনা করা আছে কিন্তু তা সত্বেও কাজ আরম্ভ করা হচ্ছে না। এই বাঁধগুলি ভেঙ্গে গেলে আবার মুর্শিদাবাদের মানুষ নতুন করে সর্বনাশের মুখে পড়বে। প্রতি বছর এই বন্যার কবলে পড়তে হয়। এই বছর যদি ভাঙ্গনগুলি প্রতিরোধ করার জন্য অবিলম্বে ব্যবস্থা না করা যায় তাহলে আবার তারা বিপর্যস্ত হয়ে পড়বে। সে জন্য আমি মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন করছি যাতে এই বিষয়ে তৎপর হয়ে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউসে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে মাননীয় মুখ্যমন্ত্রী দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি এবং সেই সঙ্গে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টিও আকর্ষণ করছি। আপনি জানেন যে পশ্চিমবাংলার কলকাতার সমস্ত হাসপাতালে ষ্ট্রাইকের ফলে আজকে একটা প্যারালাইজ অবস্থায় এসেছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে এর জন্য উদ্বেগের কোন কারণ নেই। মন্ত্রীদের সুখ-সুবিধার জন্য তারা নার্সিংহোমে তাদের ছেলে মেয়েদের পাঠাতে পারেন। কিন্তু সাধারণ মানুষের হাসপাতাল ছাড়া গত্যান্তর নেই। এই অবস্থার অবসানের জন্য অবিলম্বে একটা মীমাংসার প্রয়োজন।

**মিঃ স্পীকার ঃ-** Mr. Sarkar Government will make a statement on this subject to-day.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ-** স্যার, অবিলম্বে মীমাংসার দরকার, কারণ হাজার হাজার রোগীর জীবন নিয়ে এই ভাবে ছিনিমিনি খেলা চলতে পারে না। তা ছাড়া আজকে স্টেটস্‌ম্যান কাগজে এনকোয়ারী কমিটির রিপোর্টটিও বেরিয়েছে সরকারের পক্ষ থেকে ডাইরেক্টর, ড্রাগ কন্ট্রোলকে দিয়ে যে, ওখান ম্যান এনকোয়ারী কমিটি করা হয়েছিল, সেই কমিটি তার রিপোর্টে বলেছে মারাত্মক রকমের ড্রাগ সর্টেজ রয়েছে। shortage of drugs because of pavcity of funds এবং লার্জ স্কেল পিলফারেজ্ জড়িত রয়েছে। কমিটি এই সমস্ত কিছু বলছে। অথচ

আজকে ডাক্তারদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হচ্ছে। কমিটি বলছে ড্রাগ সর্টেজ রয়েছে, মরিবান্ড পেসেন্টরা মারা যাচ্ছে। হাসপাতালে লাইফ্ সেভিংস ড্রাগস নেই। এর জন্য কেরেসপনসিবল্? ডাক্তাররা? সুতরাং এটাকে প্রেসটিজ্ ইসু না করে, তাদের সংগে মীমাংসা করার জন্য বসা হোক। এবং এ বিষয়ে একটা অল্ পার্টি কমিটি করা হোক। অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবার জন্য রাজ্য সরকার এগিয়ে আসুন।

**শ্রী বিজয় পাল ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তিন দিন আগে মুখ্যমন্ত্রীর নামে একটা টেলিগ্রাম পাঠিয়েছি এবং তাতে বলেছি যে, আসানসোল দুর্গাপুরে বেল্টে সি. আই. এস. এফ, অর্থাৎ কেন্দ্রীয় সরকারের শিল্প রক্ষা বাহিনী নামে যে বাহিনী আছে, তারা তান্ডব চালাচ্ছে। আমি আজকেও ঐ একই বিষয় আপনার মাধ্যমে এখানে উল্লেখ করছি এবং আবার মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ২৮ তারিখে যে হরতাল বা বাংলা বন্ধ হতে চলেছে সেই বন্ধের সময়ে যাতে কোথাও কোন রকম অশান্তি না হয় তা দেখা হবে, এ কথা মুখ্যমন্ত্রী বলেছেন। যদি কেউ শান্তিপূর্ণভাবে কেউ কাজে যেতে চায়, তাহলে তাকে কাজে যেতে বাধা দেওয়া হবে না। কিন্তু আমার আশঙ্কা হচ্ছে ঐ অঞ্চলে সি. আই. এস. এফ. বাহিনী বাধা এবং উস্কানি দিয়ে অসন্তোষ সৃষ্টি করবে, গন্ডোগোল সৃষ্টি করবে। সেই কারণে আমি ওখানে দৃষ্টি দেওয়ার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী দেব শরণ ঘোষ ঃ-** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার কালীগঞ্জ থানার পুলিশ কয়েকজন ডাকাতের সহযোগিতায় গ্রামের সাধারণ মানুষদের ওপর অত্যাচার করছে। বিশেষ করে রাজনৈতিক কর্মীদের ডাকাতদের সহযোগিতায় ধরে নিয়ে গিয়ে বেদম প্রহার করছে, এমন কি ইনভ্যালিড্ পর্যন্ত করে দিচ্ছে। দেবগ্রাম আরোপি থানার সন্তোষ বিশ্বাস নামে জনৈক পুলিশ কর্মচারী সেখানে নিজের হাতে সমস্ত শাসন ক্ষমতা নিয়ে সাধারণ মানুষের উপর, এমন কি মেয়েদের উপর পর্যন্ত অত্যাচার করছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি যে, ঐ সন্তোষ বিশ্বাসের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই কাগজে দেখেছেন যে, পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর সাব-ডিভিসনে কলেরায় ৪৫ জনের বেশী মানুষ মারা গেছে এবং man than twelve villages have been affected. এর ফলে আজকে আমাদের মনে প্রশ্ন জেগেছে যে, এটা কি সভ্য জগতের মধ্যে আমরা বাস করছি? অনারেবল হেলথ্ মিনিষ্টার আজকে এখানে নেই, কিন্তু ইট ইজ্ এ সিরিয়াস ম্যাটার। টেকনিক্যালি আপনি যদি বলেন যে, স্বাস্থ্যমন্ত্রী নেই এখানে, কে শুনবেন? তাহলে আমি বলব যে, দেয়ার আর আদার মেথড্স। যাই হোক এই অবস্থায় এখানে কোন গভর্ণমেন্ট আছে কিনা, তা আমরা বুঝতে পারছি না। It is a long and protracted report. এবং Government is still silent and indifferent and possibly hostile to the people of West Dinajpur. They are not taking any measures to stop this. These are communicable disease. What the Public Health department is doing? They are practically doing nothing. আমি আপনার মাধ্যমে এটা বলতে বাধ্য হচ্ছি, কারণ কাউনসিল অফ্ মিনিষ্টারে ওয়েষ্ট দিনাজপুরের কোন প্রতিনিধি নাই। That is a prerogative to the Chief Minister. কিন্তু এটা বলতে বাধ্য হচ্ছি, তাই বলে কি এই বিংশ শতাব্দীতে সাইনটিফিক্ এবং

মেডিকেল সাইনটিফিক্ প্রোগ্রেসের সভ্য যুগে ওখানে মানুষ কলেরায় মারা যাবে? Government is sitting idle over the matter. I would request the concerned Minister to take immediate action to stop this communicable disease at West Dinajpur.

[11-20--11-30 a.m.]

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবর্তন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টিটি আকর্ষণ করছি। গত ২০ তারিখ থেকে উলুবেড়িয়া থেকে গরচোমা এই রুটের বাসটি বন্ধ করে দেওয়া হয়েছে, যার ফলে এই তিন দিন ধরে স্থানীয় লোকদের ১২ কিলোমিটার পথ হেঁটে যাতায়াত করতে হচ্ছে। শিবপুর বাস এ্যাসোসিয়েশন এই রুটের পরিচালনা করে। বাস বন্ধের কারণ হচ্ছে যে একজন ছাত্র ঐ বাসের কনডাক্টরকে ২ টাকার নোট দেয় এবং বলে যে ভাড়া ২০ পয়সা কিন্তু ঐ কনডাক্টর জোর করে ৪০ পয়সা ভাড়া নেয় এবং তাকে মারধর করে। তাই শিক্ষক এবং ছাত্ররা ঐ বাসটিকে আটকায়। সেজন্য এই রুটের বাস বন্ধ করে দেওয়া হয়েছে। অবিলম্বে যাতে ঐ শিবপুর বাস এ্যাসোসিয়েশন কে তাগাদা দিয়ে এই বাসটি চালান হয় সেজন্য আমি আপনার মাধ্যমে পরিবহণ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টিটি আকর্ষণ করছি।

**শ্রী শশাঙ্ক শেখর মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চ [illegible] আপনি শুনে থাকবেন বীরভূম জেলার রামপুরহাট থানার অফিসে একটি মহাপীঠস্থান আ[illegible] [illegible]ার নাম তারাপীঠ। সেখানে ভারতবর্ষের বিভিন্ন জায়গা থেকে লক্ষাধিক লোক আসে। বা[illegible] থেকে যাঁরা আসেন তাঁদের থাকার জন্য জায়গা সেখানে নেই। বহুদিন থেকে সরকারের কাছে আবেদন নিবেদন করা সত্ত্বেও কোন ট্যুরিষ্ট লজ--যেটা করার পরিকল্পনা সরকারের তরফ থেকে নেওয়া হয়েছিল--সেটা আজও হয় নি। সেজন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে তিনি যেন এ সম্বন্ধে একটা ব্যবস্তা করেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে আমরা যখন বিধানসভায় আমাদের অধিবেশন চালাচ্ছি সেই সময়ে আমাদের উত্তরবঙ্গে বিশেষ করে পশ্চিমবঙ্গ দিনাজপুরে যে কয়টি নদী আছে সেই নদীগুলির বন্যা প্লাবিত হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় বিবৃতি দিয়েছেন কিন্তু তিনি পুঙ্খানুপুঙ্খরূপে বলতে পারেন নি। আমি বলতে চাই যে গত ১৬ তারিখ থেকে কুশমন্ডি থানার রাধিকাপুরে অঞ্চলে টাঙন নদীর বন্যায় ঐ এলাকায় জলস্ফীতি হয়েছে এবং বহু মানুষ বন্যায় আক্রান্ত হয়েছে, অনেক ঘরবাড়ী ভেঙ্গে পড়েছে। আমি নিজে সেই সমস্ত এলাকায় ঘুরেছি। সেখানে সাধারণ মানুষ ঘরবাড়ী ছেড়ে স্কুল এবং উঁচু জায়গায় আশ্রয় নিয়েছে। স্থানীয় প্রশাসন এ বিষয়ে কর্ণপাত করছেন না। ছোট দামোদর ঘুরে যে ক্যাম্প বসেছিল সেই ক্যাম্পে একটি মেয়ে সর্পদংশনে মারা গেছে। আজকে তাদের আহার্য সামগ্রী বলতে কিছুই নেই। আমি অবিলম্বে এই দুর্গতদের সম্বন্ধে একটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রভঞ্জন কুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দ্বয়ের কাছে একটি আবেদন রাখতে চাই। সেটি হচ্ছে, আপনি জানেন স্যার,

ডায়মন্ডহারবার শহরটি একটি অতি পুরানো মহকুমা শহর। ব্রিটিশ আমল থেকে ঐ শহরটির নাম আছে। সেই শহরটির উপর একটি হোমিওপ্যাথি মেডিকেল কলেজ এবং হাসপাতাল হওয়ার জন্য একটি প্রস্তাব দীর্ঘদিন সরকারের বিবেচনাধীন পড়ে আছে. পরবর্তীকালে ঐ শহর ডেভালাপ হয়ে ওখানে সাবডিভিশানাল হাসপাতাল হয়েছে। ওল্ড হাসপাতালের পুরনো বিল্ডিং যেটা আছে, সেই বিল্ডিং খানি ও তার এ্যাডজেস্যান্ট প্লট সেটা প্রায় ৮/৯ বিঘার মত জমি আছে। ঐ জমিটি মিউনিসিপ্যালিটির। যে প্রস্তাবটি সরকারী বিবেচনাধীন আছে, সেই প্রস্তাবটি যাতে সরকারের তরফ থেকে--বিশেষ করে--স্বাস্থ্য বিভাগের মন্ত্রী দ্বয়ের কাছে আমার অনুরোধ ঐ জায়গায় হোমিওপ্যাথি মেডিকেল কলেজ ও হাসপাতাল যাতে সরকারী অনুমোদন পায় তার জন্য আমি তাঁদের নিকট আবেদন করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ হলেই বিধানসভার অধিবেশন শেষ হয়ে যাবে এবং কয়েক দিনের মধ্যেই.....

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, হাউ ক্যান হি সে দিস্ দ্যাট দি হাউস উইল এন্ড টু-ডে?

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** স্যার, আর কয়েক দিনের মধ্যেই বাঙ্গালীর দুর্গাপূজার প্রস্তুতি সুরু হয়ে যাবে। কিন্তু পূজার ঐ দিনগুলিতে চাল, গম, চিনি সহ অন্যান্য প্রয়োজনী জিনিষপত্র পাওয়া যাবে কিনা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যাতে পূজার সময় প্রয়োজন মত ঐ সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্র সরবরাহ করা হয়। আমি এই সঙ্গে ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে একদিকে যখন পূজার আনন্দ চলবে, সেই সময় অন্য দিকে গরীব মানুষ আহার্য্য, কাজ পাবে না--এ দিকটা ভেবে দেখবেন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধামে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি।

আপনি হয়তো আজকের সংবাদপত্র দেখে থাকবেন যে বামফ্রন্ট সরকারের দলগুলো আগামী ২৮শে সেপ্টেম্বরের বাংলা বন্ধ-এর প্রস্তুতি হিসাবে ইতিমধ্যেই হাঙ্গামা সুরু করে দিয়েছে। মেদিনীপুর জেলার সুতাহাটি থানার অন্তর্গত কুমারগ্রাম পশ্চিম গ্রামসভার রাজনগর গ্রামে গত ২০.৯.১৯৮৩ সালে ৮টা থেকে ১২টা পর্যন্ত কংগ্রেস সমর্থকদের বাড়ীর উপর হামলা চালায়। সেখানে কংগ্রেস সমর্থক সংখ্যালঘু লোকদের ঘরে তালা বন্ধ করে পেট্রোল ঢেলে, লঙ্কার গুঁড়ো ছড়িয়ে আগুন ধরিয়ে দেওয়া হয়। এই অবস্থায় ইয়াসিন করিম সহ অন্যান্যরা দরজা ভেঙ্গে বাইরে বেরিয়ে আসতে চাইলে সেই সমস্ত সংখ্যালঘু লোকজনের উপর প্রচন্ড অত্যাচার চালান হয়। এই ঘটনায় ৬০ বছরের বৃদ্ধা মুসলিম ভদ্রমহিলা মরিয়াম বিবি স্পট ডেড্ হন। আজ পর্যন্ত তাঁর ডেড্ বডি খুঁজে পাওয়া যায়নি, যেমন পাওয়া যায়নি ডায়মন্ডহারবারের উকিল বিনীত চক্রবর্তীর ডেড্ বডি। সেখানে ৮ বছরের একটি বাচ্চাকে ইটের ভাটায় ছুড়ে মারা হয়েছে। সেখানে ১৮ জন লোকের উপর ভয়ঙ্করভাবে অত্যাচার করা হয়। এখন তাঁরা মেদিনীপুর হাসপাতালে ভর্তি আছেন। এইভাবে মেদিনীপুর সহ পশ্চিমবাংলার সর্বত্র অনুন্নত এবং সংখ্যালঘু সম্প্রদায় উপর অত্যাচার এই বাংলা বন্ধ-এর পরিপ্রেক্ষিতে সি. পি. এম. পার্টি সুরু করে দিয়েছে। আমি এই ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**শ্রী নিরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আগামী ২৮শে সেপ্টেম্বরের বাংলা বন্‌ধকে বাঞ্চাল করতে কংগ্রেস (আই) দল বিভিন্ন জায়গায় গুন্ডাদের সংগঠিত করছে, মারনাস্ত্র তৈরী করছে, বোমা তৈরী করছে। এই বোমা তৈরী করতে গিয়ে গত ১৭ই সেপ্টেম্বর হাবড়া অঞ্চলে সুখেন দাস নামে জনৈক কংগ্রেস কর্মী আহত হয়েছে। গত ২০ তারিখে শেয়ালদহ স্টেশন অঞ্চলে সুব্রতবাবু বন্‌ধের বিরুদ্ধে উত্থানীমূলক বর্ক্তৃতা করছিলেন। তিনি সেখানে বলেছেন যে যেকোন মূল্যে এই বন্‌ধকে ব্যর্থ করতে হবে। তিনি সেখানে কংগ্রেস ভাইদের যে কোন উপায়ে এই বন্‌ধকে রুখবার অন্য অনুরোধ করছিলেন। তিনি আরও বলছিলেন যে জ্যোতিবাবুর প্রধানমন্ত্রী হবার ইচ্ছা ছিল। কিন্তু জ্যোতিবাবু প্রধানমন্ত্রী হতে পারেন নি বলেই এই বন্‌ধ করছেন। এইভাবে নানা ন্যাক্কার জনক কথা তিনি সেখানে বলেছেন। কাজেই আগামী বন্‌ধ যাতে শান্তিপূর্ণভাবে পালিত হতে পারে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবার জন্য আপনার মাধ্যমে অনুরোধ রাখছি।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, অন এ পার্সোন্যাল এক্সপ্লানেশন আমি খুবই খুশী উনি আমার বর্ক্তৃতা শুনেছেন বলে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। আমি সি. পি. এম., আর এস পি বা ফরোয়ার্ড ব্লককে গালাগাল করছি না। আমি এখানে হাওড়ার প্রশাসনিক অবস্থার কথাই উল্লেখ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি গতকাল এবং আজকের সংবাদপত্রের শিরোনাম নিশ্চয়ই লক্ষ্য করেছেন। গত ২৪ ঘন্টায় হাওড়ায় তিন জন খুন হয়েছে। এই তিনজনের মধ্যে বিশিষ্ট ক্রিড়াবিদ সত্যেন করকে প্রকাশ্য দিবালোকে কুপিয়ে খুন করা হয়েছে। বাকি দু'জনকে ব্রড ডে লাইটে লিলুয়াতে খুন করা হয়েছে। লিলুয়ার এই খুনের ঘটনায় জনতা প্রচন্ড বিক্ষুব্ধ হয়ে ওঠেন, ফলে আমরা সেখানে যাই, এবং তারপর জনতা শান্ত হয়। সেখানে সবাই চেষ্টা করছে যাতে শান্তি বিঘ্নিত না হয় বামুনগাছি এবং লিলুয়া অঞ্চলে।

হাওড়া স্টেশনে মিছিল করে বামফ্রন্টের সমর্থকরা যখন ফিরছিল তখন এস পি. এবং ডি. এম. তাদের জন্য লঞ্চ ঘাটে যায়। তারা যাতে ভাল ভাবে আসতে পারে তার জন্য তারা চেষ্টা করছিল। কিন্তু হাওড়ার কিছু মস্তান ছেলে তারা পুলিশের উপর বোমা ছোঁড়ে এবং ইট পাথর ছোঁড়ে। এইভাবে তাদের সংগে পুলিশের একটা সংঘর্ষ বাঁধে। হাওড়ার টাউন এলাকা একেবারে বিপর্যস্থ। হাওড়ার পুলিশ সুপার তিনি নাকি একজন অত্যন্ত কর্মঠ লোক। আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি যে পুলিশ কি কাজ করছে সেটা একটু দেখুন এবং সমস্ত থানা যাতে সচল করা যায় তার ব্যবস্থা করুন। ইতিপূর্বে হাওড়ার পুলিশ সুপারকে ট্রান্সফার করা হয়েছিল। কিন্তু জ্যোতিবাবু মস্কো যাবার আগে সেই পুলিশ সুপার যাতে ট্রান্সফার না হয় তার জন্য ট্রান্সফারের ফাইল আটকে রেখে দিয়েছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি তিনি যেন এই ব্যাপারে দৃষ্টি দেন।

[11-30--11-40]

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফারাক্কা ব্যারেজ সৃষ্টি হবার পর সাগরদীঘি কেন্দ্রে

বালিয়া এবং কাবিলপুর অঞ্চলের মুখে অবস্থিত দামস বিলের সৃষ্টি হয়। এর ফলে ১০-হাজার মানুষ ক্ষতিগ্রস্থ হয়েছে। ১৯৮০ সালে বামফ্রন্ট সরকার একটা পরিকল্পনা হাতে ে এখানে ৫টি ব্রীজ এবং ৭টি স্লুইস গেটে তৈরী করার পরিকল্পনা নেওয়া হয়। এটা হলে ' এলাকার লক্ষ লক্ষ মানুষের উপকার হয়। কিন্তু আজ পর্যন্ত পরিকল্পনা রচনা হওয়া সে কার্যকরী হলো না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করবো যা এই পরিকল্পনা রূপায়িত তার জন্য ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী আব্দুর রৌফ আনসারী :** Mr. Speaker, Sir, I want to draw yo attention to the speech made by the Chief Minister on the 20th Septemb 1983 at the Brigade Parade Ground as a result of which a panic has be spread over the whole of West Bengal. There is wide spread apprehensi that there will be a street march on the 28th September, next on the ma thoroughfare of Calcutta. Peaceful citizens apprehend that there might violence and it is apprehended that there might also be loss of hum lives. This may take a violent turn. They have already issued instructio to their party.

I would request you to see that their action as regards street mar on the 28th September, 1983 does not cause any harm.

**শ্রী জগদীশ চন্দ্র দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দ আকর্ষণ করছি। কাঁচড়াপাড়া রেল বিভাগে ১৪০০ থেকে ১৪৫০ জনের মতো লোক নেও হবে। এই সম্পর্কে যে খবরটা আমি পেয়েছি সেটা হলো এখানে যুব কংগ্রেস অর্থাৎ সো মিত্রর গ্রুপের লোক যাতে চাকরী পায় তার জন্য সবুজ ফর্ম ছাপানো হয়েছে। এই গুলি তা দিয়ে সই করানো হয়েছে। রেলমন্ত্রী যাতে এই সবুজ ফর্মধারী লোকেদের দরখাস্তে গ্রহণ ক তার জন্য চেষ্টা করা হচ্ছে। ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেস-এর লোকেরা যাতে এই ১৪ পদে নিয়োগ হতে পারে তার প্রচেষ্টা চালানো হচ্ছে। এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে এ বিশেষ করে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারটা দিল্লীর কাছে তুলে ধরা হয় ব্যবস্থা করেন। সাধারণ লক্ষ লক্ষ মানুষ এই পদ গুলির জন্য দরখাস্ত করেছে। তাদের প্র যাতে সুবিচার করা হয় এবং তাদের দরখাস্ত যেন গ্রহণ করা হয় তার জন্য বিশেষ ব্য অবলম্বন করা দরকার। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় যেন বিশেষ ভাবে নজর দেন তার জন্য অ আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

## LEGISLATION

The Indian Electricity (West Benga· Amendment) Bill, 1983.

**Prabir Sengupta :** Sir, I beg to introduce the Indian Electric (West Bengal Amendment) Bill, 1983. [Secretary then read the title of t Bill]

**Shri Prabir Sengupta :** Sir, I beg to move that the Indi Electricity (West Bengal Amendment) Bill 1983, be taken into consid ation

**Mr. Speaker :** There is a motion by Shri Kashinath Misra for circulation of the Bill. He may now move his motion. As Shri Kashinath Misra is not in the House, so his motion is not moved.

**Shri Prabir Sengupta :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ১৯৭৭ সালে বিদ্যুতের চাহিদা এবং সরবরাহের মধ্যে অবস্থা খারাপ হওয়ার জন্য বিদ্যুৎ বন্টনের ব্যাপারে একটা নিয়ন্ত্রণ বিধি এবং বিদ্যুতের ব্যবহাব সংক্রান্ত একটা নিয়ন্ত্রণ বিধি চালু করা হয়েছিল। তারপরে দেখা যায় নিয়ন্ত্রণ বিধি ভঙ্গ হতে থাকে। পরে ১৯৮২ সালে এই বিধিকে সংশোধন করা হয়েছিল। কিন্তু সেই সংশোধনের মধ্যেও কিছু ত্রুটি থেকে যায়, যার ফলে দেখা যায়, নিয়ন্ত্রণ বিধি ভঙ্গঁকারীদের কোন পুলিশগ্রাহ্য অপরাধ হ'ত না। সেই সমস্ত নিয়ন্ত্রণ বিধি ভঙ্গঁকারীদের যাতে পুলিশগ্রাহ্য অপরাধী হিসাবে সাব্যস্ত করা যায় বা গন্য করা যায়, সেই কারণেই এবারে এটা আনা হয়েছে।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I am sorry to oppose this Bill. I cannot support this Bill, because the government have totally failed to fulfil their commitments. Before coming here, you have taken oath and you are in power for near about seven years. But what have you done? What are your achievements? You just look at your 'Trial Balance and Balance Sheet' of these years. Why it is full of dismal? It is completely because of the failure of the electricity supply to the different sectors, private sectors, industrial sectors and other sectors. Failure in the supply of electricity has caused a serious damage to the economic structure of West Bengal. As a result of that, the common people of West Bengal are suffering severely. I think that this government have no moral right to stay here and they should resign immediately. The citizens here are not getting required electricity and there is heavy load-shedding everyday. Similar is the case in regard to the industrial belts and the new enterpreneurs - even the smallest enterpreneurs, who have started small industries, are going to be liquidated for want of electricity. You are unable to give them electricity and you have failed miserably to supply electricity. You have broken down the backbone of the State. You are not looking after the interest of the common people. Sir, what is happening in the Power Department? Everyday in the newspapers, we are accustomed to see that the consumers are receiving exaggerated bills for which they are even being forced to pay in time. Can you deny this? What are the reasons behind this? It is because corruption is penetrated everywhere in your department. You are only looking after loyalty to your party and not quality. And loyalty is the only basis of appointment, not quality. That is why you have failed miserably. I want to draw the attention of the Minister-in-charge of the Power Department that this process of working has caused a great harm to the economy of West Bengal. Sir, if this is the case, is this is the position, and if this trend continues to go on, I am sure that there will be no future investment in the industrial sectors in this State. You often say that you are trying to encourage the new enterpreneurs, but what are you actually doing? In the small scale industrial sectors, new

energetic educated young, who had, by selling their golden ornaments established some small factories, have been forced to close them down du to power shortage. There are also many loopholes in your departmen because the corrupt people are working in your department. Corruption i increasing day by day. You have to find out the corrupt people. You hav failed to tackle the entire corrupted machinery. So I will request you t look after these matters. It is a very vital department, not only for th people of urban areas but also for the people, who are living in the rura areas.

[11-40-11-50 a.m.]

There were provisions for substantive punishment in the Act, previ ously enforced, but no action was taken for violation of the law. Now you have again come with an amendment. The responsibiliy of supplying electricity lies in the Department but it has failed to do so. There is no progress in this respect. I say, Sir, that there is misrule in the Department The employees do not work properly. The Department has completely failed to take responsibility in this regard. The whole responsibility lies on the Left Front Government. This Government, I would again say, has failed to supply electricity to the needy people of West Bengal, to the new entrepreneurs of West Bengal. Sir, when this amendment will become an act, what purpose will it serve? Your men will go to the people and tel them that, 'you have violated the laws and you will be imprisoned'. Then those people will put something in the pockets of your men then the cases will hush up. In this way bribery will be encouraged. Sir, there are rules and if those rules would have been srictly followed, you could have brough prosperity in West Bengal and improved the condition of West Bengal. You have shattered the economy of West Bengal by failing to supply electricity to the small entrepreneurs, to the needy people. So I oppose this Bill, Sir

**শ্রীজগদীশ দাস ঃ** মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী ইন্ডিয়ান ইলেকট্রিসি ওয়েষ্ট বেঙ্গল এ্যামেন্ডমেন্ট বিল যেটা পেশ করেছেন তাকে সমর্থন করছি। এটাই খুবই সাধার একটা সংযোজন এবং অত্যন্ত প্রয়োজনীয় সংযোজন। হাইটেনশান ইন্ডাষ্ট্রিয়াল কনজিউমা যারা তাদের ক্ষেত্রে যেখানে যেখানে আইনের ব্যাতিক্রম করবেন বা বেআইনীভাবে বিদ্যু নেবেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে। গত বছর থেকেই তাদের শাস্তির ব্যবস্থ করা হয়েছে। তাদের ধরে নিয়ে আসা বা তাদের বিরুদ্ধে অপরাধগুলি ইনভেস্টিগেট করার জন সরকারের কোন অথরিটির উপর দায়িত্ব দেওয়া ছিল না। সেইজন্য এই এ্যামেন্ডমেন্ট কর হয়েছে। এটা পুলিশ গ্রাহ্য অপরাধ এবং এটা অত্যন্ত প্রয়োজনীয় সংযোজন। কংগ্রেস সদস আব্দুর রউফ আনসারি সাহেব যে কথা বললেন তাতে এই বিলের বিরোধীতা করলেন না সমর্থ করলেন বুঝতে পারলাম না। তবে এর বিরোধীতা করার মতো কিছু নেই, ওরা ধান ভাঙতে শিবের গীত গাইতে পারেন কিন্তু একে সমর্থন না করে বিরোধীতা করে বলার কিছু নেই। এ কংগ্রেসীরা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই বিদ্যুতের একটা নড়বড়ে অবস্থা কে ছেড়েছিল এবং বিদ্যুৎ প্রকল্পের টাকা দিয়ে স্টেডিয়াম করেছিল। তার ফলে এই বিদ্যুৎ প্রক

কিভাবে মার খেয়েছে সেটা আপনারা সকলেই জানেন। সেই অবস্থা থেকে উন্নতি করার জন্য যথেষ্ট চেষ্টা চালান হচ্ছে, শুধু আইনের মাধ্যমেই করছি না, কাজের মাধ্যমেও করা হচ্ছে--যেমন কোলাঘাট প্রকল্প যেটা করা হয়েছে, এখানে মেসিনের উপর মাটি জমে গেছিল সেটা ঠিক করা হয়েছে এবং আশা করছি আগামী জুন থেকে জানুয়ারী মাস নাগাদ সেখান থেকে বিদ্যুৎ পাওয়া যাবে।

কিছু কাজ করা হয়েছে। যে ম্যানেজমেন্ট ছিল তাকে পরিবর্তন করে নতুন ম্যানেজমেন্ট এসেছে। তারা কিছু পদক্ষেপ নিয়েছে। কর্মচারীদের মধ্যে যারা ঘুসখোর তাদের বরখাস্ত করেছে, যারা কাজ করতে চায় না তাদের অন্য জায়গায় ট্রান্সফার করেছে। এরকমভাবে বিদ্যুতের তুলনামূলক কিছুটা উন্নতি ঘটেছে। সেটাকে যাতে আরো ভালভাবে সম বন্টন করা যায় তার ব্যবস্থা হচ্ছে। উনি বলেছেন কারখানাগুলি বিদ্যুৎ পাচ্ছে না। সম বন্টনের জন্যই এই আইন করা হয়েছে। বড় বড় কারখানার মালিকরা যাতে বেশি বিদ্যুৎ চুরি করে না নিতে পারে তারই ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ শাস্তিমূলক ব্যবস্থা করা হয়েছে। প্রথম অপরাধের জন্য ৬ মাস জেল, এবং পরবর্তী অপরাধের জন্য ১ বছরের ব্যবস্থা করা হয়েছে। সেজন্য এর বিরোধীতা করার কিছু নেই। কাজেই আমি এই বিলকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমি কিছু বলব না।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, যে সংশোধনী আনা হয়েছে তাকে সমর্থন করছি। এই বিলের পরিবর্তন যদিও সামান্য কিন্তু এর ফল সুদুরপ্রসারী হবে। কারণ এখানে বলা হয়েছে যে যারা উচ্চ ক্ষমতা সম্পন্ন তারা বিদ্যুৎ চুরি করে থাকে নানাভাবে। এজন্য আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহনের ব্যবস্থা আছে। কিন্তু তা সত্বেও দেখা যায় তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হয় না। সেদিক থেকে এই আইনে ব্যবস্থা করা হয়েছে যারা বিদ্যুৎ চুরি করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হলে এই বিলের উদ্দেশ্য সাধন হবে। উচ্চ ক্ষমতা সম্পন্ন যারা তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করুন। কিন্তু আর একটি জিনিয চিন্তা করতে হবে তা হল ক্ষুদ্র শিল্পে বহু বাঙালী ছেলে আছে। হাওড়া, হুগলী, ২৪ পরগণা ইত্যাদি জায়গায় প্রচুর বাঙালী ছেলে আছে। কিন্তু বিদ্যুৎ ঘাটতির ফলে ছোট ছোট শিল্পে নাভিশ্বাস হচ্ছে। সেজন্য তারা যাতে নির্দিষ্ট সময়ে বিদ্যুৎ পায় তার ব্যবস্থা করতে হবে। বড় শিল্পে বাঙালী ছেলে খুব কম আছে। যারা কাজ পাচ্ছে না তারা জীবন সংগ্রামে দাঁড়াবার জন্য নানাভাবে চেষ্টা করছে। তাদের দিকে দৃষ্টি দিতে হবে। বড় শিল্পপতি থেকে আরম্ভ করে যারা সাধারণ গ্রাহক তারাও বিদ্যুৎ চুরি করে থাকে। এ ক্ষেত্রে এই বিলকে কার্যকরী করবেন। কিন্তু শুধু বিধান সভায় আইন গৃহীত হলে হবে না, কার্যকরী করার দিকে দৃষ্টি রাখতে হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

[11-50--12.00 Noon]

**শ্রী প্রবীর সেন গুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য কি বললেন তা ভাল বুঝতে পারলাম না—অন্যান্য সদস্যরা বুঝতে পেরেছেন কিনা জানি না-আমি বুঝতে পারলাম না। উনি কে সমর্থন করলেন, না, বিরোধীতা করলেন তা বুঝলাম না। অবশ্য বিরোধীতা করবার কিছু নাই। প্রথমত ওঁর কথা থেকে এটা বুঝতে পেরেছি যে ক্ষুদ্র শিল্প এবং বৃহত শিল্প বিকাশের যে প্রচেষ্টা চলছে সেটা ব্যাহত হচ্ছে বলে তিনি মনে করছেন।

আমি মাননীয় সদস্যকে জানিয়ে দিতে চাই যে আমাদের বিদ্যুৎ দপ্তর থেকে একটা নির্দেশ দেওয়া হয়েছে যে কুটির শিল্পে বা ছোট শিল্পের জন্য কেউ বিদ্যুৎ চাইলে তাকে অগ্রাধিকার দেওয়া হবে। তার জন্য ডি. এম-এর কাছে যেতে হবে না, বিদ্যুৎ দপ্তরের কাছে আসতে হবে না। ক্ষুদ্র শিল্প বা নূতন শিল্প গড়ার দিক থেকে বিদ্যুতের ব্যাপারে কোন অসুবিধা নাই। এই বিষয়ে কারও বিরোধীতা করার কিছু থাকতে পারে না। কারণ এটা হিসাব করে পাওয়া গেছে যে প্রতি দিন ৬০ থেকে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ বৃহত শিল্পপতিরা আইন লঙ্ঘন করে বিদ্যুৎ চুরি করছে। বর্তমানে যে আইন আছে তাতে বাধা দেওয়া যায়। কিন্তু চুরি বন্ধ করার পক্ষে এই আইন পর্যাপ্ত নয়। ১৯৮২ সালের আইন থাকা সত্বেও এরা বিদ্যুৎ চুরি করেছে এবং ধরাও পড়েছে এবং এই রকম ৩৮টি শিল্পে বিদ্যুৎ কেটে দেওয়া হয়েছে। এবারে ১২টি শিল্পে বিদ্যুৎ কেটে দেওয়া হয়েছে এবং ১৯৮২ সাল থেকে ১৯৮৩ সালের মার্চের মধ্যে ২৬০টি শিল্প সংস্থায় সর্বোচ্চ বিদ্যুৎ ধার্য করা হয়েছে সেটা ভঙ্গ করেছে এবং এই রকমভাবে আইন ভঙ্গ করছে। এখানে যা আইন আছে তাতে লাইন কেটে দেওয়া যায় -- কিন্তু তাকে শাস্তি বা গ্রেপ্তার করা যায় না। আগে যে সংশোধন করা হয়েছিল তাতে প্রথমবার আইন ভঙ্গ করলে ৬ মাস পর্যন্ত সাজা হবে, দ্বিতীয় বার ভঙ্গ করলে ১ বছর পর্যন্ত সাজা হবে। এখন প্রস্তাব করা হয়েছে এটা যাতে পুলিশ বিনা ওয়ারেন্টে গ্রেপ্তা করতে পারে পুলিশ যাতে অনুসন্ধান করতে পারে তার ব্যবস্থা করার জন্য এই সংশোধনী আনা হয়েছে। আমি আশা করি উপস্থিত সদস্যগণ এটাকে সমর্থন করবেন।

The motion that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble, do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prabir Sen Gupta** : Sir, I beg to move that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**শ্রী জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই যে তিনি কুটির শিল্পে অগ্রাধিকারের কথা ঘোষণা করেছেন। কিন্তু বাস্তবে দেখছি তা হয় না। বিদ্যুৎ না থাকলে কি হবে?

( এ ভয়েস ঃ— এটা ঠিক কথা নয়)

Do not their Companion.....ডিসপ্যাসনেটলি কিছু বলবেন না। They are giving a very good gesture. আপনি লোক ভাল। আপনি ওদের সংগে পারবেন না। প্রায়রিটি দেবার কথা বলেছেন। They are always making toll talks unless you translate your promises into action that will be toll talks. এটা আমি জানি বিভিন্ন ইন্ডাষ্ট্রির লোক যেমন চাকী ইত্যাদি তারা বার বার আমাদের কাছে ঘোরা ফেরা করে--বিদ্যুৎ পায় না—বিদ্যুৎ নাই। ফিরে আসে, এমন কি অফিসে গিয়েও পাত্তা পায় না।

আর একটা জিনিস হচ্ছে এদের পয়সা বেশী নেই সুতরাং দে আর বাউন্ড টু বি উইদিন লিমিটস, এক্ষেত্রে যদি ট্রান্সফার করে কিংবা একজন উদ্যোগ সৃষ্টি করেছে সেখানে যদি ৪ জন

আসে তাহলে সেখানে ট্রান্সফারের ব্যাপারটা যাতে সিমপ্লিফিকেশান হয় সেটা দেখবেন। একজন উদ্যোগ সৃষ্টি করেছে সে বড় হয়ে গেল, সেখানে আর ২ জন এসে যোগ দিল, সেখানে আস্ট ফর দেয়ার সিকিউরিটি সেন্স ঐ বিদ্যুৎ কানেকশানটা ৪ জনের নামে হোক। এই যে ট্রান্সফার কিংবা এ্যাডিসান প্রোপ্রাইটরসিপ এটা তারা পাচ্ছে না, আপনারা তাদের বেকার হ্যারাসমেন্ট করছেন। এগুলি যদি দয়া করে দেখেন তাহলে স্যার, দি এ্যাসিওরেন্স হি হ্যাজ গিভেন হেয়ার উইল এনসিওর দেয়ার গ্রোথ, ভাইটালিটি এন্ড সারভাইভ্যাল অব দি স্মল ইনডাষ্ট্রিজ। এটাই আমার অনুরোধ।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলেছি সেটা হচ্ছে ক্ষুদ্র শিল্প পশ্চিমবঙ্গে অনেক আছে এবং এও আমি জানি যে অনেকে দরখাস্ত করে এবং অনেকে টাকা দিয়ে অনেকদিন বসে আছে। এজন্য একটা বিশেষ আদেশ সমস্ত দপ্তরকে দেওয়া হয়েছে যে অগ্রাধিকার দিতে হবে এবং সেদিন থেকে যদি কোন মাননীয় সদস্যদের এই রকম কোন ব্যাপার থাকে যেখানে দেওয়া হচ্ছে না সেটা জানালে নিশ্চয়ই আমি সেটা দেখব। এছাড়া যাঁরা টাকা জমা দিয়েছেন বিদ্যুৎ সংযোগের জন্য সেক্ষেত্রে আমরা একটা উদ্যোগ গ্রহণ করতে বলেছি পর্ষদকে যে পূজার আগে যাঁরা টাকা জমা দিয়েছেন তাদের সকলকে যেন বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়।

The motion of Shri Prabir Sen Gupta that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1982, as settled in the Assembly be passed, was then put and agreed to.

**শ্রী অম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে একটা রিকোয়েস্ট করছি। ওঁনার অবগতির জন্য জানাতে চাই ইন্ডাষ্ট্রির যে প্রবলেম হচ্ছে সেটা উনি জানেন, আমি একটা স্পেসিফিক কেস দিচ্ছি সেটা হচ্ছে হাওড়ায় যে শিশু সদন আছে সেখানে এক্স-রে মেশিনে ডি সি কারেন্টের কানেকশান আছে। আজ এক বছর হল সেখানে সেই ডি সি কারেন্ট থেকে এ সি কারেন্স এটা তাঁরা করছেন না। আপনি বুঝতে পারছেন কি ভয়ংকর প্রবলেম সেখানে চলছে। হাওড়ায় একটা চ্যারিটেবল হাসপাতাল শিশু সদন, সেখানে এ সি লাইন দেবার জন্য আমি নিজে হাওড়া ডিষ্টিক্ট ইঞ্জিনিয়ারকে চিঠি দিয়েছি, বার বার বলেছি কিন্তু এ সি লাইন দিলেন না। আপনার কাছে অনুরোধ আপনি দয়া করে এটা দেখবেন।

### The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1983.

**Shri Benoy Krishna Chowdhury** : Sir I beg to introduce the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1983, be taken into consideraion.**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৪৭ সালের পশ্চিমবঙ্গ বাড়ি অধিগ্রহণ ও নিয়ন্ত্রন (সাময়িক বিধানাবলী) আইন অনুযায়ী রাজ্য সরকার জনস্বার্থে বাসগৃহ অধিগ্রহণ ও সেগুলি নিয়ন্ত্রণ করে থাকেন। সরকারী অফিস, সরকারী কর্মচারীদের বাসস্থান এবং বিদ্যালয় প্রভৃতি বিবিধি প্রতিষ্ঠানের প্রয়োজনে এই অধিগৃহীত বাসগৃহগুলি ব্যবহৃত হয়।

[12.00--12-10 p.m.]

বর্তমানে এ রাজ্যে এইরূপ বেশ কিছু অধিগৃহীত বাসগৃহে রয়েছে। সারা পশ্চিমবঙ্গে বিশেষত শহরাঞ্চলে বাসগৃহে সমস্যা বর্তমানে খুবই তীব্র। সরকারের বা জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের প্রয়োজন ন্যায্য ভাড়ায় বাড়ী সংগ্রহ করা প্রায়শঃই অত্যন্ত কঠিন। এই অবস্থায় এই আইনে প্রদত্ত ক্ষমতার প্রয়োগ বহাল রাখা জনস্বার্থে অপরিহার্য বলে মনে হয়। আইনটির কার্যকাল আগামী বছরের ৩১শে মার্চ তারিখে শেষ হবে। কিন্তু পূর্বে অধিগৃহীত বাসগৃহগুলি দখলে রাখার প্রয়োজন অব্যাহত থাকায় এবং অদূর ভবিষ্যতে জনস্বার্থে নূতন বাসগৃহ যাতে প্রয়োজন হলে অধিগ্রহণ করা যায় তজ্জন্য আইনটি কার্যকাল আরও কিছুদিন বাড়ানো অত্যাবশ্যক। বর্তমানে আইনটিতে যে সব ত্রুটি বিচ্যুতি রয়েছে সেগুলি দূর করার জন্য আইনটির ব্যাপক সংশোধনের বিষয়টি সরকার বিবেচনা করছেন। আশা করা যায়, এক বছরের মধ্যে এই সংশোধনের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে। এই কারণে বর্তমান বিধেয়কটিতে আইনটির কার্যকাল আরও এক বছর বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উপস্থাপিত ১৯৮৩ সালের পশ্চিমবঙ্গ বাড়ি অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ (সাময়িক বিধানাবলী) (সংশোধন) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**Mr. Speaker :** There is an amendment by Shri Kashinath Misra for eliciting opinion. Shri Misra may now move his motion.

**শ্রী কাশীনাথ মিশ্র :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 10th October, 1983.

আমি শুধু দু একটি কথা বলতে চাই। আজকে ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ করার যে বিল উত্থাপন করেছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মাধ্যমে যে কথাগুলি রাখলেন, আমি ঠিক সেই কারণেই সারকুলেশন মোসন দিয়েছিলাম। উনি স্বীকার করেছেন যে এটা তাড়াতাড়ি পাশ করাতে হচ্ছে এবং এর জন্য একটা পূর্ণাঙ্গ আইন আনবেন। এখানে ত্রুটিবিচ্যুতি আছে উনি এটা লক্ষ্য করেছেন। এর জন্য একটা পূর্ণাঙ্গ আইন করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, এটা নিশ্চয় প্রশংসনীয়। সরকার নিশ্চয় সেই পথে যাবেন, জনকল্যাণ হোক, সরকারী কার্যালয় জনস্বার্থে ব্যবহৃত হোক সে সম্পর্কে কিছু বলার নেই। কিন্তু ঠিক এখনও পর্যন্ত তার সুরাহা হয় নি। বাস্তবে যে অসুবিধাগুলি দেখা যায় সরকারের প্রস্তাবে সেগুলি কমপ্লিট করে নেওয়া যায়। তা কিন্তু হয় নি। সরকারের পুরাতন বাড়ীগুলি যেগুলি রেনটেড সেগুলি ঠিকমত এসেসমেন্ট হয় নি. এই এ্যাসেসমেন্টের ক্ষেত্রে বিভিন্নভাবে ত্রুটি বিচ্যুতি থেকে গেছে। আজকে বাড়ীর একটা উত্কট সমস্যা আছে। লোকসংখ্যা অনুপাতে বাড়ী নাই। এবং জনসংখ্যা ক্রমাগত বেড়ে যাচ্ছে। সেখানে সরকার যে এ্যাসেসমেন্ট করছে এ সমস্ত বাড়ী ঘর তার দর অত্যন্ত কম। লোকে সরকারকে বাড়ী দিতে চায়। কিন্তু বাড়ীওয়ালা

বাড়ী দিয়েছে—কিন্তু রেন্ট তারা ঠিকমত পায় না। নানা রকম অসুবিধা গোলমালের মধ্যে ঐ সমস্ত বাড়ীওয়ালাদের পড়তে হয়। সেই জন্য অনেকে বাড়ী দিতে চাইলেও সরকার সেটা ঠিকমত গ্রহণ করতে পারে না। আইনের দ্বারা এগুলি দূর করার চেষ্টা করা উচিত। তার পর ক্ষতিপূরণ দেবার ব্যাপারে অনেক রকম গাফেলতি দেখা যায়। ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে দায়িত্ব দেওয়া আছে। কিন্তু তার দপ্তরে যে ষ্টাফ সংখ্যা আছে তাতে কমপেনসেসন দিতে দেরী হয়। এই জিনিসটা দীর্ঘ দিন ধরে এমনভাবে চলে আসছে ফাইন্যাল রোল হয়ে গেছে কিন্তু পেমেন্ট হচ্ছে না। এই রকম নানা অসুবিধার মধ্যে লোককে পড়তে হয়।

মারা যাবার পর তার অবস্থাটা হচ্ছে কি, সেখানে আইন মাফিক কোর্টের মাধ্যমে এফিডেবিট করে বা যে কোন আইনের মাধ্যমে এটা ব্যবস্থা করে যখন সে যাচ্ছে সেটাও ডিলে হয়ে যাচ্ছে। সেই সব ব্যাপারগুলো অন্ততঃ মন্ত্রী মহাশয় যদি লক্ষ্য করেন তাহলে ভাল হয় এবং বর্ত্তমানে যে সব বাড়ী সরকারের আছে বা আরও অধিগ্রহণ করার চেষ্টা করছেন, সেই সব ত্রুটিগুলোকে অন্ততঃ বাস্তব দৃষ্টিভঙ্গীর ভিত্তিতে বর্ত্তমান চাহিদা অনুযায়ী, মার্কেট প্রাইস অনুযায়ী বাজার দর অনুযায়ী যেন করা হয়, তাহলে সরকারের সেই সব অসুবিধাগুলো কিছুটা সুরাহা হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এইটুকু মনে করি যে এই নিয়ন্ত্রণের ব্যাপারটাও সরকারের পরিষ্কার—যে এমন কতকগুলো ভাগাভাগি দপ্তর আছে সরকারের, যেমন ধরুন পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং—যদি আজকে কেউ কোন বাড়ী ভাড়া নেন তাহলে সেটা কার দপ্তরে যাবে, ৩টে দপ্তরের মধ্যে ভাগ আছে। এই রকম বহু দপ্তর আছে যেমন এগ্রিকালচার, এখানে অনেকগুলো ভাগ আছে, সেই সব ক্ষেত্রে সরকারের কিছু কিছু অসুবিধা আছে এবং সরকারের ক্ষেত্রেও অধিগ্রহণ এবং নিয়ন্ত্রণ করার ব্যাপারে একটা অসুবিধার সম্মুখীন হতে হয়। সেই সব ব্যাপারগুলো স্পেসিফিক ভাবে সরকারী দপ্তরগুলো যেন পরিষ্কার করে দেন। মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করব বর্ত্তমানে যে ত্রুটিগুলো তাঁর নজরে এসেছে, উনি একটি পূর্ণাঙ্গ আইনের কথা বলছেন, আগামী বাজেটের মধ্যে আনতে পরিবেন কিনা জানিনা, কিন্তু আশা করব যে তিনি এই বিধানসভায় শীঘ্রই সেটি পেশ করবেন এবং যে ত্রুটিগুলো রয়েছে তা দূর করবেন। এই কারণেই আমি সার্কুলেসন মোশন এনেছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবরঞ্জন সেন ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী পশ্চিমবঙ্গ বহু গৃহাদি অধিগ্রহণ, নিয়ন্ত্রণ সাময়িক বিধানাবলি সংশোধন বিধেয়ক আজকে যেটা উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। প্রথমে আমি মন্ত্রী মহাশয়ের প্রতি একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, উনি উদ্দেশ্য এবং হেতুর বিবরণ দিতে গিয়ে এক জায়গায় বলেছেন যে সরকারী উদ্দেশ্যে বসবাসের স্থান পাওয়া কঠিন। আপনি যেটা করেন সেটা শুধু বসবাসের জন্য করেন না অফিসের জন্যও করতে হয়। অফিসের জন্য যদি থাকে তাহলে সেটা পরিষ্কার করে দিলে আমাদের পক্ষে ভাল হয়। দু নম্বর হচ্ছে মন্ত্রী মহাশয় আগে আমাদের আশ্বাস দিয়েছেন পরবর্ত্তীকালে ভালভাবে তিনি পরিপূরক ভাবে একটা বিল আনবেন এবং সেই বিলের মধ্যে যে সব ত্রুটি বিচ্যুতিগুলো আছে সেইগুলো সংশোধন করবার চেষ্টা করবেন। আজকে শুধু আগামী ৩১শে মার্চ পর্য্যন্ত সময় চেয়েছেন। কারণ যেহেতু আইনটার সময় শেষ হতে চলেছে, সময় সীমা পেরিয়ে যাচ্ছে, কিন্তু এই সময়ে প্রয়োজন দেখা দিয়েছে, সেই প্রয়োজনটাকে লক্ষ্য রেখে তিনি ৩১শে মার্চ পর্য্যন্ত আইনটা বলবত্‌ রাখার ক্ষমতা চাইছেন।

[12-10--12-20 p.m.]

আমরা যারা বিশেষ করে মফঃস্বলে থাকি, বর্ধমান শহরে থাকি, আমরা দেখেছি যে বর্ধমান শহরে সরকারী অধিগৃহীত যে সমস্ত বাড়ী আছে, সেখানে এখনও বহু অফিস আছে। যদিও পূর্তভবন তৈরী করার পরেও সেখানে স্থান সংকুলান হয়নি। অনেক অফিস আছে যেখানে জনস্বার্থে পাঠান যায় না। যেমন সিভিল সাপ্লাই, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং আরো অনেক অফিস আছে যেগুলি শহরের মধ্যস্থলে হলে সুবিধা হয়। কাজেই জায়গা অধিগ্রহণের সময়ে সরকারের তরফ থেকে এটা যেন বিচার-বিবেচনা করা হয় যে অধিগৃহীত জায়গাটি যাতে জনসাধারণের পক্ষে এ্যাপ্রোচেবল হয়। একেবারে শহর থেকে দুরে বা গ্রাম থেকে দুরে না হয়, সেখানে যাতায়াত করতে গেলে যাতে কোন অসুবিধা না দেখা দেয়। অধিগ্রহণের সময়ে মাননীয় মন্ত্রী মহাশয় যেন এগুলি ভাল করে চিন্তা করে করেন এবং আমাদের যারা সরকারী কর্তৃপক্ষ আছেন তারা যেন এটা চিন্তা ভাবনা করে করেন।

দ্বিতীয়তঃ আমাদের মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় যে কথাগুলি বলেছেন, এই কথাগুলি সঠিক নয়। কারণ আমাদের বামফ্রন্ট সরকারের আমলে অধিগ্রহণের যে বিধি ব্যবস্থা আছে, আইনের যে বিধান আছে, সেই বিধানের মধ্যে দিয়ে সমস্ত কিছু স্থিরিকৃত হয়। আর ভাড়া বা মূল্য সম্বন্ধে যদি কোন বক্তব্য থাকে, বা অসংগতি থাকে তাহলে তার প্রতিকারের জন্য আদালত আছে, সেখানে তার প্রতিকার চাওয়া যায়। আমাদের অভিজ্ঞতায় যা দেখেছি সেই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কিছু বলার আছে। অধিগ্রহণের পরে বাড়ীগুলি মেরামতের ব্যাপারে দায়িত্ব কার? বাড়ীওয়ালা না, কর্তৃপক্ষ না, আবাসনের যারা দখল করলেন, বা যারা পরবর্ত্তীকালে ভাড়া দেবেন তাদের? এই জিনিসটা মীমাংসা না হবার জন্য অধিগৃহীত যে বাড়ীগুলি সরকারী কাজে ব্যবহার করা হয় সেগুলির অত্যন্ত জরাজীর্ণ অবস্থা হয়ে পড়ে। আমরা বর্ধমান শহরে দেখেছি যে অধিগ্রহণ করা বহু বাড়ী আছে, যে বাড়ীগুলিতে সরকারী কর্মচারীদের বাস করা বা অফিসের কাজকর্ম করা স্বাস্থ্যকর নয়। এই কথাগুলি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনছি এই জন্য যে আপনি যখন আইন রচনা করবেন তখন যদি এই বিষয়গুলির প্রতি দৃষ্টি দেন তাহলে সুবিধা হবে এবং অধিগ্রহণের স্বার্থকতা সেখানে প্রকাশ পাবে। এই কথা বলে এই সংশোধনী বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি সার্কুলেশান মোশানের বিরোধিতা করছি। কারণ আমি নিজেই প্রারম্ভিক ভাষণে বলেছি এবং আমি যে এর কি ত্রুটি আছে। প্রকৃত ঘটনা হচ্ছে যে ত্রুটিটা সংশোধন করে বিল আনবার চেষ্টা করেছিলাম। কিন্তু এটা একটা সংক্ষিপ্ত অধিবেশন, বিল ছাপিয়ে টাইমিং বিল করার ব্যাপার আছে। সে জন্য আমি বাধ্য হলাম পরের সেসানে অর্থাৎ কামিং বাজেট সেসানে এটা আনবো, এটা ফেলে রাখছি না। কিন্তু আপনাদের যেটা বিবেচনা করার জন্য বলছি কেন আমি সার্কুলেশানের বিরোধিতা করছি। ৩১শে মার্চ ১৯৮৪তে ওটার মেয়াদ শেষ হয়ে যাবে। বাজেট সেসান হলে আপনারা জানেন যে প্রথমে বাজেট হবে এবং বাজেট শেষ হয়ে আর সময় থাকবে না। কাজেই এপ্রিলের দিকে চলে গেলে হবে না। আমি দীর্ঘদিন ধরে এই এ্যাসেম্বলীতে আছি, আমি অভিজ্ঞতায় দেখেছি যে বাজেট শেষ হতে ২৮/২৯ তারিখ হয়ে যায়। সে জন্য শুধু সময় না বাড়ালে অসুবিধা হবে এবং প্রায় ৬০২টি বাড়ী এই আইনের দ্বারা অধিগৃহীত আছে। তার মধ্যে কলকাতায় আছে ৪৫২টি, আর ১৫০টি আছে জেলায়। এখানে মাননীয় সদস্য দেব রঞ্জন সেন যা বলেছেন এবং

উদ্দেশ্য এবং হেতুতে যা লেখা আছে সেটা হচ্ছে এ্যাকোমোডেশান ফর পাবলিক পারপাস। এখানে এ্যাকোমোডেশান মানে বাড়ী নয়। আমার প্রারম্ভিক ভাষণে বলেছিলাম যে এতে অফিস, বিভিন্ন এডুকেশন্যাল প্রতিষ্ঠান, পাবলিক ইনস্টিটিউশান, জনহীতকর প্রতিষ্ঠান এবং সরকারী কর্মচারীদের দেওয়ার ব্যাপারে আছে। সে জন্য এ্যাকোমোডেশান ফর পাবলিক পারপাস শব্দটা আছে। কাজেই এটা যদিনা করি তাহলে ৩১শে মার্চের শেষের দিকে করা অসুবিধা হবে। সে জন্য অন্য কিছুর অবতারণা না করে আরো একটা বছর সময়টা বাড়িয়ে নিলাম। আর অন্য দিক থেকে যেটা সব চেয়ে বড় কথা সেটা হচ্ছে, বাড়ির মালিক যারা, যাদের কাছ থেকে নেওয়া হয়, তাদের মাঝামাঝি একটা পিরিয়ডিক্যাল রিভিউ ফর--কারণ যে সময়ে রিকুইজিশান করা হয় সে সব ব্যাপারে অনেক অসুবিধা আছে। সে জন্য এগুলি খুটিয়ে দেখার প্রয়োজন আছে। সেই জন্য আমি এগুলি খুব খুঁটিয়ে দেখেছি এবং এ দিকে আমি দৃষ্টি দিচ্ছি। আগামী বাজেট সেসনে যখন এ বিষয়ে পূর্ণাঙ্গ বিল আনব তখন আপনারা এগুলি দেখতে পাবেন। মাননীয় সদস্য দেব রঞ্জন সেন বলেছেন রিকুইজিসন প্রিরিয়ডে বাড়িগুলির সংস্কার কে করবে? আমি তাঁকে বলছি, এ বিষয়েও আমরা ভাবনা চিন্তা করছি। কাশীনাথ মিশ্র মহাশয় কোর্ট কেস সম্বন্ধে উল্লেখ করেছেন। আমি তাঁকে বলছি, ঐ সমস্ত ওভারকাম করে সব কিছু করতে হবে, তা না হলে সব ডেড্লক্ হয়ে যাবে। আমি এখানে শুধু সময়টা একটু বাড়িয়ে নিচ্ছি। মাননীয় সদস্যদের এ বিষয়ে যা যা সাজেশন আছে তা তাঁরা আমাকে লিখিতভাবে জানাবেন, আমি নিশ্চয়ই তা বিবেচনা করে দেখব। আপনারা নিশ্চয়ই এটা বিশ্বাস করেন যে, যুক্তিপূর্ণ বিষয়গুলি আমি মর্যাদা দিয়েই বিবেচনা করি। সুতরাং আপনাদের সাজেশনগুলি বিবেচনা করেই আমি বিল আনব।

The motion that the West Bengal Premises Requisition and Control (Temporary Provision) (Amendment) Bill, 1983 be circulated for eliciting opinion thereon was then put and lost.

The motion that the West Bengal Premises Requisition and Control (Temporary Provision) (Amendment) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2 and Preamble**

The question that clauses 1, 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** Sir, I beg to move that the West Bengal Premises Requisition and control (Temporary Provision) (Amendment) Bill, 1983 as settled in the Assembly be passed.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের বিলটি এখানে সংখ্যাধিক্যের জোরে পাশ হয়ে গেলেও তিনি নিশ্চয়ই উপলব্ধি করেছেন যে, এ বিষয়ে একটা পূর্ণ বিল আনার প্রয়োজন আছে। আমি শুধু এখানে তাকে বলছি যে, আমাদের বাঁকুড়া টাউন হাইস্কুল, বাঁকুড়ার সব চেয়ে পুরাতন স্কুল, ৫০/৬০ বছরের পুরাতন। কিন্তু তার নিজস্ব কোন বাড়ি নেই। এই রকম একটা বাড়িতে স্কুলটি চলছে। সেই বাড়িটি নিয়ে কোর্টে কেস চলছে। এটা সাব জুডিস ম্যাটার, বিচারধীন আছে, সুতরাং এ বিষয়ে আমি কিছু বলছি না। কিন্তু এরকম

বহু ক্ষেত্র আছে যেখানে কেস পেন্ডিং আছে। অবশ্য কতগুলি ক্ষেত্রে কোর্টের মাধ্যমেই মীমাংসা হচ্ছে। কিন্তু এই জাতীয় বেশীর ভাগ বাড়ি গুলি জরাজীর্ণ অবস্থা। এই বাড়ি গুলিকে কিভাবে রক্ষা করা হবে, সে বিষয়ে মন্ত্রী মহাশয় কিছুই বলতে পারলেন না। এই সব বাড়ি গুলি ধসে পড়লে সরকারের কর্মচারীরাই বিপদে পড়বে। যদিও মন্ত্রী মহাশয় বলেছেন আগামী অধিবেশনে এ বিষয়ে একটা বিল আনবেন। তবুও আমি তাঁকে অনুরোধ করছি যে, তিনি এই বিষয়টির দিকে একটু নজর দিন।

[12-20--12-30 p.m.]

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** নতুন করে বিশেষ কিছু বলার নেই। অসুবিধা অনেকগুলি আছে। একটা জিনিষ হচ্ছে আমাদের যা কাজকর্ম তা আমরা করব, কিন্তু কোর্ট ইনজাংসান ইত্যাদির উপর অনেক কিছু নির্ভর করে। কোর্ট বলল সেখানে কনষ্ট্রাকশান বা রিপেয়ার কিছু করতে পারব না এটাই যদি ইনজাংসান থাকে সেটা ভেকেট না হওয়া পর্য্যন্ত একজিকিউটিভ অর্ডারে কিছু করা সম্ভব নয়। এগুলি দেখতে হবে। সেজন্য সমস্ত দিক থেকে দেখে যখন আমরা সংশোধনীটা আনব তখন সেগুলি দেখে সে সম্বন্ধে ব্যবস্থা করব। এই সব অসুবিধা গুলি আছে। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে যতই চিন্তা ভাবনা করে আইন তৈরী করা হোক সেখানে আইনের ফাঁক খোঁজবার জন্য চেষ্টা অনেকে করবেন। আইনের ফাঁক বেরুবে, আবার সেটা পূরণ করার ব্যবস্থা করতে হবে। স্পেশিফিকেলি এই কেসগুলি দেখতে হবে। কনষ্টান্ট প্রসেসে এটা চলে। লাষ্ট ওয়ার্ড ইন দি ল, বলে কিছু নেই।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Mr. Speaker's Ruling**

**Mr. Speaker :** Shri Nani Kar, M.L.A. raised yesterday, the 21st September, 1983, a question of privilege on the floor of the House and also gave due notice of the same under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. He alleges that the Anandabazar Patrika has published in its issue dated the 17th September, 1983 a news-item on the gas-turbine containing the version of Shri Subrata Mukherjee, M.L.A. given on the floor of the House on the subject. In the opinion of Shri Kar the said Patrika has committed a breach of privilege of the House by publishing the said version of Shri Mukherjee which was not to be recorded in the debates as per my order on 16.9.1983. Publication of expunged proceedings of the House is regarded as a breach of privilege and contempt of the House. I, therefore, refer the matter to the Committee of Privileges for examination and report under rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, I draw your attention to Bulletin Part-II dated 21st September, 1983. You will find in the revised

programme of business that The West Bengal State Premises (Regulation of Occupancy) Bill, 1983 (Introduction, Consideration and Passing - 1 hour) comes in item No. (iii). This is a black Bill, a Kala Kanun, I should say. Sir, you have circulated in your Bulletin Part-II in item No. 476 this Government Bill. The bulletin runs as follows :-"Members are informed that the Minister-in-Charge of Housing Department has signified - I repeat the word 'signified' - his intention by a notice that he will not introduce the West Bengal State Premises (Regulation of Occupancy) Bill, 1983, during the current session of the Assembly". Sir, you have already circulated copies of the Bill amongst the members. Under Rule 66 of the Assembly Procedure Rules, as soon as the Bill is circulated it is presumed that it has been published in the Official Gazette and, as such, it is presumed that it is the property of the House now. Sir, I repeat that this is a property of the House now. The Business Advisory Committee has considered the legislative business and naturally the date and time have been fixed which was also published in the bulletin and circulated to us only yesterday. May I know, Sir, what happened behind the back that without consulting the House, without informing us in the floor of the House, and without raising the matter in the House - the Bill is not coming up. It is a behind the back resolution, I must say. Sir, I appreciate the wisdom of some of the senior membes of the Left Front as they prevailed upon the Government and the Chief Minister and persuaded the Minister concerned to withdraw the Bill. Good senses prevailed in them and I appreciate their gesture. It has been published in almost all the leading dailies that the constituents of the Left Front have opposed this legislation.

Sir, they may oppose. Sir, I draw your attention to Rule 66 of the Rules of Procedure and Conduct of Business. Sir, if this is presumed that the Bill has been the property of the House then under which provision the Minister signifies his intention not to move the Bill. Do you consider that the Bill has been formally introduced by publication in the official gazette? In that case it attracted the provision of Rules 110 and 111 of the Rules of Procedure and Conduct of Business. Sir, I must say that this is a black act. Sir, as I have no given the earlier notice so I cannot ask the member to be present. But I doubt his sincerity. I doubt his motivation. I doubt the ulterior motives of the Member-in-Charge of this Bill. Sir, I doubt that there was some ulterior motive. If you go through the legislation which was circulated by your office amongst us, there were certain exceptions and on those the left front constituents are quarrelling amongst themselves - under what basis, we do not know. It is their business. One constituent is ideologically, in principle and in all other matters different from the others. They will collide and they will quarrel and they will fight amongst themselves. It is not our business. But we are concerned with the procedure, norms and forms of the House. Under what rule and behind the bar, it has been allowed to be withdrawn - that should be discussed. Next point, Sir, through you I wan to draw the attention of the Hon'ble Chief Minister and hope that the Parliamentary Affairs Minister will please

communicate our anxiety to the Leader of the House, Shri Jyoti Basu. We are afraid, some more black Act may be brought on the floor of the House or some black ordinance may be promulgated by the same Member in Charge with the same ulterior motive. So many tenants are occupying the government estiates. They will be affected if this type of black legislation is enacted.

(Noise)

(At this stage some members rose to speak)

(Noise)

Sir, it is a serious matter, you cannot go behind the curtain. We bow down to your intention. But once it has been allowed under rule 66 - we want to know under what rule, under what indication, without the leave of the House, it has been allowed to be withdran.

**Mr. Speaker :** Dr. Abedin, Rule 66 relates to the publication in the Gazete. If it is published in the gazette then it would be deemed to be introduced in the House. Obviously, it is not published in the gazette. A draft copy of the Bill has been circulated for the information of the Members. That means, the Bill is intended to be introduced. Now, suppos-ing, if the Minister does not introduce the Bill, then what would happen?

**Dr. Zainal Abedin :** The Minister should inform the House the reasons for it.

**Mr. Speaker :** The House has accordingly been informed by the Bulletin. Bulletin is a part of the House.

**Dr. Zainal Abedin :** Sir, I have given a circulation motion as soon as the Bill was circulated to us. We are entitled to submit amendments. I have submitted my amendments.

**Mr. Speaker :** Unless the Bill is introduced in the House how can the amendments be considered?

**Dr. Zainal Abedin :** Sir, if the notice has been given, it has become the property of the House.

**Mr. Speaker :** The notice is not the introduction.

**Dr. Zainal Abedin :** It tantamounts to introduction. Do you con-sider that it is not the property of the House?

**Mr. Speaker :** No, unless it is introduced, how can you debate on it. If it is introduced then you can debate on it. Dr. Abedin, please sit down. Not Shri Bhakti Bhusan Mondal to speak.

[12-30--12-40 p.m.]

**শ্রী ভক্তি ভূষণ মন্ডল ঃ** জয়নাল আবেদিন যে ব্যাপারটা বললেন সেটা সঠিক নয়। এই জন্য বলছি যে এটাতে কমোসন সৃষ্টি হতে পারে, কিন্তু বিলটার মধ্যে কোন অসুবিধা নেই। কারণ যে একটু মাইনিউটলী না পড়বে সে বিলটা দেখে অবাক হয়ে যাবে। কিন্তু বিলের চারটি ডেফিনেশান দেওয়া আছে। সেটা হলো করপোরেট প্রেমিসেস, স্টেট প্রেমিসেস আর পাবলিক প্রেমিসেস আর স্টেট প্রেমিসেস।

(গোলমাল)

আগে আমার কথা শুনুন, তারপর বলবেন। প্রসিডিয়োরটা একটু দেখুন, জিনিষটা বুঝুন তারপর বলবেন। সাবসটেন্সটা যদি না বোঝেন তাহলে কি হবে? এই ৪ টির মধ্যে যে জিনিষটা আছে এই জিনিষটা আইনের ভিতর দিয়ে কোন অসুবিধা নেই। কিন্তু যেহেতু একটা কমোসান ক্রিয়েট করবে, আমরা সবাই মিলে যারা আমাদের মধ্যে ছিল গভর্ণমেন্ট সাইডে—অযথা কমোসান ক্রিয়েট যাতে না হয় সেটা দেখা হচ্ছে। আর যেটা বলেছেন প্রপার্টি অফ দি হাউস, এটা যতক্ষন না মুভ করা হচ্ছে ততক্ষন প্রপার্টি অফ দি হাউস হচ্ছে না। এই ব্যাপারে রুল ৬৬টা পড়ে দেখবেন। আপনারা জানেন না এটা আমি বলছি না, আপনারা এটা ভাল করে পড়ে দেখুন কি লেখা আছে। সেই জন্য আমি বলছি এটা যদি গভর্নমেন্ট সাইড ড্রপ করে তাহলে এটা কোন ক্ষতিকর ব্যাপারে হবে না। অযথা কমোসান আনার মানে হয় না। কারণ সিডিউইল ২ যদি এক্সপ্লিসিটলী বলে দেয়, এক্সকলুডেড দিস এ্যক্ট, তাহলে সমস্ত জিনিষ ঢুকে যাবে। সেই জন্য বলছি যতক্ষন মুভ না হচ্ছে ততক্ষন প্রপার্টি অফ দি হাউস হবে না।

**Mr. Speaker :** Under rule 73 every member has the right to oppose the introduction of the bill in the House. Now supposing the motion is carried will the Bill be introduced even if the Bill has not been circulated? Unless it is introduced in the House where is scope of its discussion? Before introduction you won't get that scope. I am very specific. Before introduction of the Bill you will not get that scope because before circulation of the Bill you cannot put it into vote.

**Dr. Zainal Abedin :** Sir, it was behind the bar.

**Mr. Speaker :** I am not on the question of behind or front of the bar. I am concerned with the rules of procedure of the House. You have raised on the point of procedure. Do you want to say that as soon as the Bill is circulated it is deemed to be introduced? I do not agree with you. Rule 66 says, unless it is published in the Calcutta Gazette....

**Dr. Zainal Abedin :** Whether it has been morally right on the part of the Minister in charge to withdraw the Bill.

**Mr. Speaker :** I am not concerned with the morality. I am concerned with the type and propriety of procedure. Now the question is, the Minister intended to introduce the Bill. The Legislative Department has sent a draft bill to the House which is intended to be introduced in the House by the Minister concerned. The B.A. Committee discussed it and fixed up a date

and alloted the time. The Bill was then circulated. Since that point of time the Bill is the property of the Legislative Department. It cannot become the property of the Assembly.

**Dr. Zainal Abedin :** It has been shown in the programme.

**Mr. Speaker :** Under rule 73 every member as the right to oppose the introduction of the Bill. Unless the introduction is opposed and in voting if it is defeated, if the opposition motion is lost the bill is deemed to be introduced by the Minister. That question does not arise. The Minister, in his wisdom, thought it fit not to proceed with it and he withdraws the bill. He has every right to, under rule 111, even if the bill is introduced in the House, withdraw the Bill.

Now the question is, supposing the Minister never gives notice that he wants to withdraw the Bill, and I call upon the Minister to introduce the Bill, and he does not introduce the Bill, then what would happen? If he does introduce the Bill - what happens?

**Dr. Zainal Abedin :** What are the reasons compelling the Minister not to introduce the Bill?

**Mr. Speaker :** Many times members are called upon to debate. They are absent. They do not debate. Supposing I call upon the Minister to introduce the Bill. But he is absent. The Bill is not introduced. What would happen? There is no debate.

**Dr. Zainal Abedin :** No Sir, we have every right to debate.

**Mr. Speaker :** Even when the Bill is not introduced? I do not agree with you over this point. So, the Bill has been withdrawn. No further question arises. The point of order is not valid.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই বিষয়টির উপর বক্তব্য হচ্ছে - আপনি এখানে বলেছেন যে, মিনিষ্টার যদি ইনট্রোডিউস্ না করতেন, তাহলে কি হত - আপনি যে কথা বলেছেন, তা অন্য প্রশ্ন। এটা কিন্তু বিজনেস্ এ্যাডভাইজরী কমিটিতে আলোচনা করে হাউসের বিজ্‌নেস ইনকর্পোরেট করা হয়েছে। আপনি হাউসের কাছে বি.এ. কমিটির রিপোর্ট প্লেস করে হাউসের স্যাংশন নিয়েছিলেন। সেই হেতু এটা যদি ইনট্রোডিউস্ না হয়, তাহলে কিন্তু আপনার পূর্ব নিদ্ধারিত বিজ্‌নেস্ বাদ পড়ে যায়। এটা না হলে, এই ধরণের একটা কমপ্লিকেশন দেখা দিত না।

**Mr. Speaker :** Mr. Sarker, where is the rule that the Minister has to take the consent of the House to withdraw a Bill?

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আমি সেই জন্য বলছি, এই যে কমপ্লিকেশন বা প্রশ্নগুলি দেখা দিয়েছে, তার সমাধান হতে পারতো। বিহাইন্ড দি ব্যাক্ এটি নিয়ে আমি আপনার সঙ্গে এবং পতিত পাবন বাবুর সঙ্গে কথা বলেছি। আমি তখন বলেছিলাম যে, এটি নিয়ে অনেক সদস্য'র অনেক কিছু বক্তব্য থাকতে পারে। সেজন্য আমি আপনাকে বলছি, আপনি এটা রি-কনসিডার

করুন। এটা শুধু মাত্র লেফট্ ফন্ট কর্তৃক আনীত বিল বলেই নয়, এটা নিয়ে অনেকেই কিছু বলার আছে। ইট উড্ বি বেটার টু ইনট্রোডিউস্। এটা যদি ইনট্রোডিউস্ হত, তাহলে কিন্তু কোন কমপ্লিকেশন দেখা দিত না। আমি আরও বলছি যে, এটা সিলেক্ট কমিটির কাছে পাঠানো হোক কম্প্রাইজিং দি মেম্বারস্ অফ অল পার্টিস্, তাহলে কমপ্লিকেশন দূর হবে।

**Mr. Speaker :** Mr. Sarker, is there any rule which compels the Minister to introduce the Bill? Supposing I call upon the Minister to introduce the Bill, if the Minister is absent - what would happen?

## MOTION UNDER RULE 185

**Shri Joykesh Mukherjee :** Sir, I beg to move that -

যেহেতু ১লা জানুয়ারী, ১৯৭১ সালে হাওড়া শিয়াখালা রেলপথটি বন্ধ হইয়া গিয়াছে;

যেহেতু উক্ত বন্ধ রেলপথটিকে ব্রডগেজে রূপান্তরিত করিয়া চালু করার সিদ্ধান্ত রেল দপ্তর গ্রহণ করে;

যেহেতু রেল দপ্তরের এই সিদ্ধান্তকে কার্যকরী করার জন্য প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৬ই জুলাই, ১৯৭৪ সালে উক্ত প্রকল্পে শিলান্যাস করেন ঃ

যেহেতু ডানকুনি-শিয়াখালা রেল লাইন চালু করার জন্য রেলওয়ে বোর্ড কর্তৃক অর্থ অনুমোদিত হয়, কিন্তু আর্থিক অজুহাতে উক্ত রেল পথটির কাজ শুরু হয় নাই।

যেহেতু রাজ্য সরকার উক্ত রেলপথটি চালু করার জন্য সমস্ত অধিকৃত জমির মূল্য ফেরত্ দিতে ইচ্ছুক;

সেইহেতু জেলার অর্থনৈতিক কাঠামোকে উজ্জীবিত করার ও জনসাধারণের অপরিহার্য প্রয়োজনীয়তার কথা বিবেচনা করিয়া উক্ত রেলপথটি অবিলম্বে চালু করার ব্যবস্থা গ্রহণের জন্য এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে।

স্যার, আমার মোশানটি সার্কুলেট করা হয়েছে। আমি এখন কিছু বলছি না। আলোচনায় আমার বক্তব্য রাখব।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিধানসভা সদস্য শ্রী জয়কেশ মুখার্জী এবং শ্রী মলিন ঘোষ ডানকুনি--শিয়াখালা রেল সম্বন্ধে যে মোশান এখানে এনেছেন, তাকে সমর্থন করছি। আমি সমর্থন করছি এই কারণে যে, এখানে যে সমস্যার কথা বলা হয়েছে, তা হচ্ছে হাওড়া জেলার মানুষের দীর্ঘদিনের সমস্যা, এই মোশানের মাধ্যমে সেই সমস্যার প্রতিকার কল্পে ব্যবস্থা গ্রহণের দাবী জানানো হয়েছে। হাওড়া জেলার গ্রামাঞ্চলের মানুষ এই সমস্যা সম্বন্ধে বিশেষ ভাবে ভুক্তভোগী। আমি এই প্রসঙ্গে দু-একটি কথা আপনার মাধ্যমে এই সভার দৃষ্টিগোচরে আনতে চাই।

[12.40-12.50 p.m.]

এটা খুবই সত্যিকথা যেটা উনি বললেন যে ডানকুনি-শিয়াখালা রেলওয়ে লাইন যেটা চালু হচ্ছে সেটা রেলওয়ে বোর্ডের অনুমোদন হয়ে গেছিল কিন্তু নানা রকম অজুহাতে কাজ কিছুটা ব্যহত ছিল। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে মার্টিন রেল ওঠে যাবার পর থেকেই ওইখানে যাত্রী সাধারণের এক অসহনীয় অবস্থা চলছে, এই যে বাসগুলি, প্রাইভেট বাসগুলি চলছে তাদের মাথায় চড়ে লোক নিত্য নৈমিত্তিক যাতায়াত করছে। সেখানে জনসাধারণের চাপে

স্টেটবাস দেওয়া হয়েছে কিন্তু তাতেও সমস্যার সমাধান হবে না যতক্ষণ না পর্যন্ত এই ডানকুনি শিয়াখালা লাইন বর্ডগেজ সেকসানে চালু না হচ্ছে। ততদিন এই সমস্যার সমাধান হবে বলে মনে করিনা। আমাদের পক্ষ থেকে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে দরবার করেছিলাম, তিনি এসে দেখে গেছেন এবং কাজ নিয়মিত চালুও হয়েছিল কিন্তু মাঝপথে বন্ধ হয়ে গেল। আমি এই মোশানটি পড়ে শোনাচ্ছি--যেহেতু রাজ্য সরকার উক্ত রেলপথটি চালু করার জন্য সমস্ত অধিকৃত জমির মূল্য দিতে ইচ্ছুক--আমি এই ব্যাপারে জয়কেশ বাবুর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি দলের কথা চিন্তা করে সত্যি কথা বলবেন কিনা জানিনা এবং মনে হয় সত্যি কথা বলবেন না। এই জমি পেতে বা অধিগ্রহণ করতে প্রচন্ড পরিশ্রম করতে হয়েছে। রাজ্যের নজরে আনার জন্য প্রচন্ড চেষ্টা করার পরে তবেই হয়েছে। সেইজন্য ওই কাজ বহুদিন ব্যাহত ছিল। পরবর্তী ক্ষেত্রে আমি হলফ করে বলতে পারি না যে এই ব্যাপারে রাজ্য সরকারের সিগন্যাল পাওয়া যাবে পুরোপুরি। সেই সঙ্গে আরেকটি কথা বলছি--আমাদের ভারতবর্ষের রেলমন্ত্রী পশ্চিমবঙ্গের যাত্রী সাধারণের সুবিধার জন্য রেলওয়ের ক্ষেত্রে চক্ররেল, মেট্রোরেলের মাধ্যমে যেভাবে কাজ করছেন এবং এই কাজ তরান্বিত করার জন্য যে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন তাতে তিনি ডাঃ বিধান চন্দ্র রায়ের পরেই স্থান পাবেন। তিনি যেন পশ্চিমবঙ্গে একটা কর্মযোগ্য শুরু করেছেন। হাওড়া বাসী মানুষ হিসাবে আমি আশা করছি এই ডানকুনি-শিয়াখালা লাইনটিও খুব তাড়াতাড়ি চালু করবেন। রেলমন্ত্রীর পশ্চিমবঙ্গের প্রতি যেভাবে নজর দিয়েছেন তাতে পশ্চিমবঙ্গের মানুষ দু'হাত ভরে তাঁকে আশীবাদ করছেন। অবশ্যি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি থেকে তাঁর ইমেজ নষ্ট করার জন্য নানা রকম পোস্টারিং করেছিলেন, কিন্তু তাতে পশ্চিমবঙ্গের মানুষকে ভোলানো যাবে না। তিনি যেভাবে পশ্চিমবঙ্গে কাজ শুরু করেছেন তাতে বামফ্রন্ট সরকারের চিৎকারে তিনি ভুলবেন না। হাওড়াবাসী হিসাবে আমার বিশ্বাস আছে এই কাজ তিনি তরান্বিত করবেন। আমার এই ব্যাপারে একটা প্রস্তাব আছে যে পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে এই ব্যাপারে একটা রেজুলিউশান তাঁর কাছে পাঠান হোক। হাওড়ায় যতো প্রাইভেট বাস, স্টেট বাস দেওয়া হোক না কেন ডান-কুনি-শেয়াখালা লাইন না খোলা পর্যন্ত কোন সমস্যার সমাধান হবে না কারণ হাওড়া থেকে ডোমজুড়, হাওড়া থেকে শিয়াখালা মুন্সিরহাট বাস চলতে চলতে পারে না।

তাই এই মোশানকে আমাদের দলের পক্ষ থেকে আমরা সমর্থন করছি এবং এরজন্য রাজ্য সরকারের যা করণীয় রেল দপ্তরের সংগে যোগাযোগ করে তা তাঁরা করবেন এ আশা করি।

**শ্রী মলিন ঘোষ ঃ** স্যার, অশোকবাবুর বক্তৃতা আমি শুনলাম। গনিখান খনি ,শেষ করে দিয়ে এবার রেলে এসেছেন। এশিয়ার মুক্তি সূর্য শ্রীমতী গান্ধী ১৯৭১।৭২ সালে এর শিলান্যাস করেন এবং ১৯৭২ সালে মানুষকে ধাপ্পা দিয়ে বললেন আমাদের ভোট দাও রেল চালু করে দেবো। ওদের লজ্জা নেই ওরা আবার পদযাত্রার পোষ্টার লাগিয়েছে। ১লা আগষ্ট শ্রীমতীর ইন্দিরা গান্ধীর সংগে দেখা করে বললাম। West Bengal Government has taken the responsibilities regarding Lands. ১০ লক্ষ টাকা এবারও তুলে নেন। কিন্তু মানুষকে বেশিদিন ভুল বোঝান যায় না। যেখানে শিলান্যাস করেছেন সেখানে কুকুরে পেচ্ছাপ করছে। কতকগুলি শিলান্যাস ইন্দিরাকে দিয়ে ওরা করিয়েছিল। আবার চক্ররেল করবো বলে লোককে ধাপ্পা দিচ্ছেন। কর্পোরেশানের ভোট আসছে বলে চক্ররেলের টুপি পরিয়ে লোককে ভোলান যাবে না। প্রণবকে পঞ্চায়েত ইলেকশানের সময় তো এনেছিলে। কিন্তু কি হল? ১১ লক্ষ টাকার যে প্রতিশ্রুতি দেয়া হয়েছিল তার কি হল? বাজেটে ১০ লক্ষ টাকা দেয়া হল তাও

আবার নিয়ে নেওয়া হল। এখন বলা হচ্ছে বড়গাছিয়া পর্যন্ত হবে। লোকের কি অবর্ণনীয় দুর্দশা যারা মার্টিন রেলে করে আসতো চাপাডাংগা, আমতা ইত্যাদি জায়গা থেকে। দিদিমনি তো সারা পৃথিবী ঘুরে বেড়াচ্ছেন। এটা লজ্জার কথা যে ৩৭ বছর কংগ্রেসে রাজত্বের পরও আরামবাগ মহকুমায় এক ইঞ্চি রেল পথ নেই। অথচ তাঁরা সমাজতন্ত্র আনবেন, চক্ররেল করবেন? কোটি কোটি মানুষ কিভাবে আসবে? আমেরিকার কাছে তো আপনারা বাঁধা দিয়ে দিয়েছেন। কোটি কোটি টাকা আই. এম. এফ থেকে নিচ্ছেন পাতাল রেল করার জন্য। দিদিমনিকে একবার ৬৩ বা ২৫ নম্বরে করে ঘুরিয়ে আননা। রেল ও অর্থ দপ্তরের মন্ত্রী দুজনেই তো পশ্চিম বাংলার। পশ্চিম বাংলার মানুষের জন্য কিছু করুন না। ইন্দিরা গান্ধী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন দীর্ঘ ১১ বছর পরেও অবস্থা যে তিমিরে সেই তিমিরে। কোন টাকা দেয়া হচ্ছে না, অথচ বড় বড় কথা বলছেন। আমাদের সরকারের তরফ থেকে যে ব্যবস্থা করার কথা, জমি অধিগ্রহণ করে দেওয়ার যে দায়িত্ব, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বলে দেওয়া হয়েছে আমাদের সরকার সেই দায়িত্ব পালন করবেন। কিন্তু অন্যান্য যে সব আনুসাঙ্গিক কাজের জন্য বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটা আমাদের দেওয়া হচ্ছে না এবং দিয়েও তা তুলে নেওয়া হোল। আপনারা আবার মুখে বড় বড় কথা বলেন। সেই জন্য আমরা এই মোসন এনেছি। এই মোসন কেন্দ্রীয় সরকারকে পাঠিয়ে দেওয়া হোক যাতে অবিলম্বে তারা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেন। এই হাওড়া--আমতা, হাওড়া চাঁপাডাঙ্গা, হাওড়া--শিয়াখালা রেলের কাজ যাতে অবিলম্বে সুরু করা হয় তার দাবী রেখে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[12.50-1.00 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জী ঃ** মিঃ স্পীকার স্যার, মলিনবাবু এবং জয়কেশবাবু যে মোসন এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি ঠিক মলিনবাবুর রুচি অনুযায়ী আমি জবাব দিতে পারছি না। আমি হাওড়ার লোক। যখন এর শিলান্যাস শ্রীমতী ইন্দিরা গান্ধী করেন সেদিন সেখানে আমার থাকার সৌভাগ্য হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যবশত শ্রীমতী গান্ধীর শিলান্যাস করা ব্যাপারটি এখনও কাজে লাগে নি। এই প্রোজেক্ট এখনও রূপায়িত হয় নি। এর জন্য আমি খুবই দুঃখীত। এই সব জায়গা দিয়ে হাজার হাজার লোক যাতায়াত করে এবং আমাদেরও যেতে হয় এবং তার জন্য খুবই অসুবিধা ভোগ করতে হয়। মলিনবাবু ও জয়কেশবাবুরই শুধু অসুবিধা হয় না। হাওড়ার এই রেলওয়ে প্রোজেক্টে বহু অর্থ ব্যয় হয়ে গেছে এবং সেটা কেন্দ্রীয় সরকারই করেছে। আবার টাকা দিচ্ছে--কাজ সুরু হয়েছে। এই প্রোজেক্টের জন্য সেন্টারের বহু টাকা ব্যয় হয়ে গেছে এবং এটা বড়গেছে পর্যন্ত চলে গেছে। আমি নিজে কেন্দ্রীয় মন্ত্রীর সংগে কথা বলি। তিনি বলেছেন এখনই এর তিনি টাকা দেবেন। অর্থের অভাবেই হোক আর যে কোন কারণেই হোক টাকা দিতে পারে নি। তবে কাজ সুরু হয়েছে এবং আশা করি শীঘ্র শেষ হয়ে যাবে। সেই সংগে সংগে মলিনবাবুর যে প্রশ্ন তুলেছেন হাওড়ার কংগ্রেস সম্বন্ধে ইররেসপেকটিভ অব পার্টি তার উত্তরে বলি হাওড়ার কংগ্রেস কর্মীরা এর জন্য পদযাত্রা করেছিল যে এটা করা হোক। কিন্তু দুঃখের বিষয় ব্রাবন রোডে সেই পত্রযাত্রাকে প্রতিহত করা হয়েছিল। জানি না কার স্বার্থ রক্ষা করবার জন্য এটা করা হয়েছিল। সমস্ত কংগ্রেস কর্মীরা ধ্বনী তুলেছিল যে এই প্রোজেক্টটা করা হোক। এখানে ক্রিটিসিজম করার কোন স্কোপ নেই। যতটুকু হয়েছে সেটা কেন্দ্রীয় সরকারের টাকাতেই হয়েছে এবং যতটুকু করবে সেটা কেন্দ্রীয় সরকারই করবে। আমি এই মোসনকে পূর্ণ সমর্থন জানাই। আমি আপনাদের কাছে এই সাজেসান রাখছি যে এই

দুই পার্টির অর্থাৎ আপনাদের কিছু লোক এবং আমাদের কিছু লোক নিয়ে রেল ওয়ে বোর্ডের কাছে রিপ্রেজেনটেসন দেওয়া হোক। আমি আবার এই মোসনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র নাথ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী জয়কেশ মুখার্জী হাওড়া হুগলীর জনসাধারণের উপকারের জন্য ডানকুনি-শিয়াখালা লাইনের যে প্রস্তাব এনেদেন আমি সেই প্রস্তাবকে সমর্থন জানিয়ে দু'চারটি কথা বলতে চাই। বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রী অশোক ঘোষ বলছিলেন যে তাঁদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৯৭২ সালে নির্বাচনের সময় বাগনানের ময়দানে দাঁড়িয়ে হাওড়া হুগলীর জনসাধারণের কাছে তাঁদের দুঃখ দুর্দশা দেখে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে হাওড়া হুগলীর জনসাধারণের জন্য ব্রড গেজ লাইন তৈরী করে দেবেন। ১৯৭১ সালে এই লাইনটি বন্ধ হয়ে যায়। স্যার, ওদের অর্থমন্ত্রী শ্রী প্রণব মুখার্জী, আজকে ওদেরই রেল মন্ত্রী বরকত গনি খান চৌধুরী, আর ওদেরই প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রতিশ্রুতি দিয়েছিলেন, ১৯৭৪ সালে তিনি উদ্বোধন করেছিলেন, সেই উদ্বোধনের জায়গায় আজকে কুকুরে মুতছে, শিয়ালে মুতছে, এর চেয়ে লজ্জার কথা আর কি হতে পারে? আজকে হাওড়া হুগলীর জনসাধারণের জন্য যদি সত্যই বিরোধী পক্ষের সদস্যদের প্রাণ উদ্বেল হয়ে উঠে তাহলে তাঁদের অর্থমন্ত্রী রেলমন্ত্রী এবং প্রধানমন্ত্রী কোটি কোটি টাকা অন্যান্য খাতে ব্যয় করছেন হাওড়া হুগলীর জনসাধারণের স্বার্থে যে প্রতিশ্রুতি তাঁদের নেত্রী দিয়েছিলেন আশা করব সেই প্রতিশ্রুতি তাঁরা পালন করবার চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যসরকার প্রতিশ্রুতি দিয়েছেন যে যেসব জমি আছে সেই জমি তাঁরা অধিগ্রহণ করে দেবেন তাঁদের নিজের দায়িত্বে। ইন্দিরা গান্ধীর প্রতিশ্রুতি মত আমরা গরীব মানুষের সেই সব জমি নিয়েছি, কিন্তু আজকে সেই গরীব মানুষরা বঞ্চিত হচ্ছে। সাধারণ মানুষের কাছে কংগ্রেসের নেত্রী যে প্রতিশ্রুতি দিলেন আজ পর্যন্ত সেই লাইন তৈরী হল না, বরং পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার হাওড়া হুগলীর জনসাধারণের সুবিধার জন্য আজকে বাসের ব্যবস্থা করে দিয়েছেন। বিরোধী পক্ষের নেত্রী হাওড়া হুগলীর জনসাধারণের সুবিধার জন্য ব্রড গেজ লাইনের যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি পালন করবার দায়-দায়িত্ব বিরোধী পক্ষের সদস্যদের আছে। তাই বামফ্রন্ট সরকার যে দায়িত্ব নিয়েছেন সেই দায়িত্ব নিশ্চয়ই তাঁরা পালন করবেন, আমি আশা করব বিরোধী সদস্যরা আমাদের সাথে সুর মিলিয়ে জনসাধারণের সুবিধার জন্য ইন্দিরা গান্ধী যে প্রতিশ্রুতি দিয়েছেন সেই প্রতিশ্রুতি যাতে তিনি পালন করেন তার জন্য তাঁরা চেষ্টা করবেন। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.00-1.10 p.m.]

**শ্রী মহম্মদ আনসারুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়কেশ মুখার্জি এবং মলিন ঘোষ যে প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করছি। এতক্ষণ ধরে যা বক্তব্য এখানে রাখা হয়েছে তাতে এটা বুঝতে পারলাম হাওড়া জেলার অর্ধেক মানুষ হুগলী জেলার একটা বিস্তীর্ণ এলাকার মানুষ এই জটিল সমস্যার সম্মুখীন হয়েছে এবং সেই সমস্যা উপলব্ধি করে আমাদের জেলা থেকে নির্বাচিত বিরোধী দলের দুজন সদস্য শ্রী অশোক ঘোষ এবং অম্বিকা ব্যানার্জি মোটামুটিভাবে প্রস্তাবকে সমর্থন করেছেন। মোটামুটিভাবে সমর্থন করেছেন, এই কথাটা এইজন্যই বলছি যে তাঁরা সমর্থন করেছেন বটে কিন্তু এ ব্যাপারে তাঁদেরও যে দায়িত্ব আছে সেকথাটি কিন্তু বলেন নি। আজকে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব রয়েছে

সেই দায়িত্বের ব্যাপারে তাঁদেরও অংশীদার হওয়া উচিত ছিল। যা হোক যেভাবে সমর্থন করুন না কেন তার জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। ১৯৭১ সালে ঐ ছোট মার্টিন রেল লাইন উঠে যাবার ফলে হাওড়া-আমতা, হাওড়া-শিয়াখালা এবং হাওড়া-চাঁপাডাঙ্গার মানুষদের দারুন দুঃখ দুর্দশার মধ্যে জীবন যাপন করতে হচ্ছে। ওখানে যে প্রাইভেট বাসরুটটি রয়েছে সেই রুটে বাসের সংখ্যা অত্যন্ত কম। অবশ্য ১৯৭৭ সালের পর থেকে সরকারী বাসের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু প্রয়োজনের তুলনায় সেটা অত্যন্ত কম। আমি মনে করি মার্টিন রেল লাইন যেটা ছিল তার বিকল্প হিসাবে বাসের ব্যবস্থা করলেই হবে না। হাজার হাজার মানুষ প্রতিদিন ওখান থেকে বিভিন্ন মালপত্র নিয়ে শহরে আসে এবং এটা তাদের জীবন যাপনের একমাত্র উপায়। এই জন্য হাওড়া ও হুগলীর মানুষের দাবী ছিল যে ওখানে ব্রডগেজ লাইন চালু করতে হবে। ১৯৭১ সালে বাগনানে একটা মিটিংয়ে ইন্দিরা গান্ধী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে লোকসভার নির্বাচনে তাদের প্রার্থীকে জয়ী করালে তিনি ওখানে ব্রডগেজ লাইন চালু করে দেবেন। ১৯৭৪ সালে ১৬ই জুলাই হাওড়া ময়দানে ইন্দিরা গান্ধী শিলান্যাস করলেন। কিন্তু এখন দেখছি হাওড়া জেলায় বড়গাছিয়া পর্যন্ত একটা লাইন চালু করার চেষ্টা চলছে। সেইজন্য বলছিলাম যে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব রয়েছে সেকথা অশোকবাবু একবারও বললেন না। ১৯৭৪ সালের ১৬ই জুলাই ইন্দিরা গান্ধী হাওড়া ময়দানে শিলান্যাস করলেন। কাজেই জমির ব্যবস্থা করা উচিত ছিল তখনকার কংগ্রেস সরকারের। দুঃখের বিষয় তারা সেটা করেন নি। ১৯৭৭ সালের পর বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেই জমির ব্যবস্থা করেছেন এবং এখনও পর্যন্ত হাওড়া জেলায় ৪৬৭ একর জমি দখল করে রেলওয়ে কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়েছে। কিন্তু দুঃখের সংগে জানাচ্ছি যে আজও পর্যন্ত টাকার বরাদ্দ করে এ ব্যাপারে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয় নি। বামফ্রন্ট সরকার সেই এলাকায় রেল লাইন চালু করবার জন্য জমি দিতে ইচ্ছুক—কিন্তু এখন শুনছি শুধু হাওডা থেকে বড়গেছিয়া পর্যন্ত একটি লাইন চালু করার চেষ্টা করা হচ্ছে। অশোকবাবু রেলমন্ত্রীর কথা বললেন। আমি অশোকবাবুকে বলছি হাওড়া জেলার মানুষ হিসাবে তাঁদেরও এ ব্যাপারে দায়িত্ব নিতে হবে।

আমরা চাই যত তাড়াতাড়ি সম্ভব এই রেল লাইন চালু হোক, মানুষের দুঃখ দুর্দশার অবসান হোক এবং এই ব্যাপারে বিরোধী তরফ থেকে রেলমন্ত্রীকে অনুরোধ জানান। আবার একটা খবর শুনলাম ১৯৮৪ সালে হাওড়া থেকে ডোমজুড় পর্যন্ত চালু করা হবে। কিন্তু প্রস্তাবে আমরা আপত্তি করেছি। আমরা চাই হাওড়া-আমতা হাওড়া-শিয়াখালা এবং হাওড়া চাঁপাডাঙ্গা এই রেল লাইন অবিলম্বে চালু করা হোক।

এটাতে আমাদের আপত্তি। অন্ততঃ হাওড়া থেকে বড়গাছিয়া পর্যন্ত চালু করতে হবে এবং সঙ্গে সঙ্গে হাওড়া-শিয়াখালা, হাওড়া-আমতার কাজ ত্বরান্বিত করতে হবে। সেইজন্য কেন্দ্রীয় সরকারের এটা দায়িত্ব, রেলমন্ত্রী শ্রী গনিখান চৌধুরী কিছু দিন আগে এসেছিলেন। কিন্তু আমরা কেউ জানিনা, আমরা ঐ এলাকার বিধান সভার সদস্য, আমাদের কোন সংবাদ দেবার সৌজন্য তিনি বোধ করেন নি। তিনি এসেছিলেন এবং অশোকবাবুদের মত কাউকে কাউকে নিয়ে এলাকা ঘুরে এসেছিলেন ঠিক পঞ্চায়েত নির্বাচনের আগে। আমরা মনে করি পঞ্চায়েত নির্বাচনকে কাজে লাগাবার জন্য এই ধরণের একটা ধাপ্পা মানুষকে দেবার চেষ্টা করা হয়েছে। সেদিন অশোকবাবু, অম্বিকাবাবুরা ছিলেন কিনা জানিনা, কিন্তু আমরা কেউ জানিনা, রেলমন্ত্রী এলেন এবং সেখানে গেলেন, বড়গাছিয়া পর্যন্ত ঘুরে গিয়েছিলেন এবং তিনি বলে গিয়েছিলেন যে আমি সমস্ত ব্যবস্থা করে দিচ্ছি। তারপরই পদযাত্রার কথা শুনলেন। এই সবের মধ্যে দুরভিসন্ধী আছে

বলে আমরা মনে করি। তবুও আমি অম্বিকাবাবু, অশোকবাবুদের বলছি, যদি কো আন্তরিকতা আপনাদের থাকে তাহলে আসুন সবাই মিলে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করি, এটা হাওড়া, হুগলী জেলার একটা সমস্যা, সর্বস্তরের মানুষের একটা সমস্যা, দলমতনির্বিশেষে সমস্ত মানুষের এটা করা উচিত এবং সেইভাবে আপনারা আপনাদের সহযোগিতার হাত প্রসারিত করবেন এটা আমরা আশা করি। এই আশা রেখে মাননীয় সদস্য জয়কেশ মুখার্জী এবং মলিন ঘোষ মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়কেশ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশোকবাবু এবং অম্বিকাবাবু—এই দু'জন বিরোধী সদস্য আমাদের এই প্রস্তাব সমর্থন করেছেন। অশোকবাবু দু'একটি কথা বলেছেন, সেগুলো ভাবার দরকার আছে। যেমন, রেলমন্ত্রী, তিনি খুব কাজ করছেন এবং প্রতিশ্রুতি দিয়েছেন যে চক্ররেল ইত্যাদি সবকিছুই কয়েক দিনের মধ্যে করে দেবেন। করে দেন তো খুবই ভাল কথা, খুবই আনন্দের কথা। কিন্তু মার্টিন রেল উঠে যাবার পর এই ব্রড গেজ নিয়ে যে সব ব্যাপার ঘটছে সেটা একদিনের ব্যাপার নয়, তের বছর হয়ে গেল এবং এই তের বছর হয়ে গেল এবং এই তের বছরের মধ্যে অনেক আন্দোলন হয়েছে, অনেক প্রচেষ্টা হয়েছে। আমরা ডেপুটেশনে গিয়েছিলাম যখন এল. এন. মিশ্র রেলমন্ত্রী ছিলেন। তিনি বলেছিলেন দুই বছরের মধ্যে সমস্ত রেল চালু করে দেবেন ব্রডগেজের। আমি বলেছিলাম যে কি করে তা সম্ভব? একটা রাস্তা করতে গেলে তো দু'বছর মাটি বসাতে সময় লাগে। আপনি বলছেন দু'বছরের মধ্যে রেল করে দেবেন! তখন তিনি বললেন যে তাহলে তিন বছরের মধ্যে করে দেবো। সেই তিন বছর এখন ত্রিশ বছরে দাঁড়াবে কিনা জানি না। উনি বলেছিলেন জমির ব্যাপারে সিদ্ধার্থ শঙ্কর রায় দায়িত্ব নিচ্ছেন এবং জমি তাঁরা দিয়ে দেবেন, পশ্চিমবঙ্গ সরকার জমির দাম দেবে, জমির দখল দেবে, সব ঠিক। কিন্তু আমরা ১৯৭৭ সালে আসার পর দেখলাম সেই জমির দখল পাওয়া যাচ্ছে না। আমাদের তখন ঘুরে ঘুরে জমির দখল দিতে হয়েছে রেলকে। সমস্ত জায়গায় আমরা ঘুরেছি, বাড়ী ঘর দোর দখল নিয়েছি, কেউ হয়তো অনেক পুরুষ ধরে বাস করছে, সেই সব উচ্ছেদ করেছি। কৃষকদের জমি থেকে উচ্ছেদ করে দিয়েছি, এইভাবে রেলকে আমরা জমি দিয়েছি।

[1.10-3.00 p.m.]

**Including adjournment**

কিন্তু আজ পর্যন্ত সেখানে রেল হল না, বলতে পারেন কিছু বাঁধ হয়েছে। আর এখানে কথা হয়েছে যে ডোমজুড় পর্যন্ত নাকি রেল চলবে। অথচ শিয়াখোলা সম্বন্ধে কোন কথা হয়নি। শিয়াখোলা সম্বন্ধে কি হল? আজকে এটাই বড় প্রশ্ন। মার্টিন কম্পানী চলে যাবার পরে আমতা পর্যন্ত রেল কবে হবে সেটা বলতে পারছেন না, চাপাডাঙ্গায় হবে কি না সেটা বলতে পারছেন না, কোন ভরসা পাওয়া যাচ্ছে না। বড়গাছিয়া পর্যন্ত মাটি ফেলা হয়েছে কিন্তু ভরসা পাওয়া যাচ্ছে না। ডোমজুড় পর্যন্ত হয়ত হতে পারে। কিন্তু চাপাডাঙ্গার ব্যাপারে কি হবে, শিয়াখোলার ব্যাপারে কি হবে, সেটা সম্পর্কে কিছু নেই। সে জন্য আজকে এই প্রস্তাব আনা হয়েছে এবং বিরোধী পক্ষ থেকে যখন সমর্থন করেছেন তখন স্বভাবতঃ আর কিছু বলার দরকার নেই। এটার গুরুত্ব সকলেই বুঝেছেন এবং সেই মত যদি চেষ্টা করা যায়, কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশান দিয়ে যদি তুলে ধরা যায় তাহলে আমাদের বিশ্বাস যে তাড়াতাড়ি কাজ হবে। আর একটা কথা বলি, আপনারা জানেন যে সাহাদরা, সাহরামপুর বলে একটা রেল ছিল মার্টিন কম্পানীর। সেই রেল উঠে গেল এবং সেই জায়গায় অনেক দিন আগে কেন্দ্রীয় সরকার

ব্রডগেজ রেল তৈরী করে দিয়েছেন। সেখানে ব্রডগেজ হয়ে গেল, আর এখানে পত্তন পর্যন্ত আজকে হচ্ছে না। সুতরাং আমরা যখন বলি যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি বৈমাতৃসুলভ ব্যবহার করছেন তখন ওরা চিৎকার করেন। কিন্তু আজকে এটা প্রমানিত হয়ে গেল। তারা যখন এটাকে সমর্থন করেছেন তখন এটা প্রমাণিত হয়ে গেল যে আমরা কতখানি সত্যি কথা বলি। এখানে আর কিছু বলার নেই, আমি মনে করি আপনারা সকলেই এই প্রস্তাব সমর্থন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Joykesh Mukherjee that -

যেহেতু ১লা জানুয়ারি, ১৯৭১ সালে হাওড়া শিয়াখালা রেলপথটি বন্ধ হইয়া গিয়েছে;

যেহেতু উক্ত বন্ধ রেলপথটিকে ব্রডগেজে রূপান্তরিত করিয়া চালু করার সিদ্ধান্ত রেলদপ্তর গ্রহণ করে;

যেহেতু রেলদপ্তরের এই সিদ্ধান্তকে কার্যকরী করার জন্য প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৬ই জুলাই, ১৯৭৪ সালে উক্ত প্রকল্পের শিলান্যাস করেন;

যেহেতু ডানকুনি-শিয়াখালা রেল লাইন চালু করার জন্য রেলওয়ে বোর্ড কর্তৃক অর্থ অনুমোদিত হয় কিন্তু আর্থিক অজুহাতে উক্ত রেলপথটির কাজ শুরু হয় নাই;

যেহেতু রাজ্য সরকার উক্ত রেলপথটি চালু করার জন্য সমস্ত অধিকৃত জমির মূল্য ফেরত দিতে ইচ্ছুক;

সেইহেতু জেলার অর্থনৈতিক কাঠামোকে উজ্জীবিত করার ও জনসাধারণের অপরিহার্য প্রয়োজনীয়তার কথা বিবেচনা করিয়া উক্ত রেলপথটি অবিলম্বে চালু করার ব্যবস্থা গ্রহণের জন্য এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে।

was then put and agreed to.

The motion is carried.

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে আমাদের নেতা ডাঃ জয়নাল আবেদিন একটা পয়েন্ট তুলেছিলেন এবং আপনি তার পরিপ্রেক্ষিতে একটা রুলিং দিয়েছেন। স্বভাবতঃই আমরা এই রুলিং মেনে নিয়েছি এবং এ ছাড়া কোন উপায়ও নেই, যদিও ব্যাপারটি বিতর্কিত। আমি শুধু একটা ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার রুলিং থাকা সত্ত্বেও এটা কি শোভনীয় হত না ফর দি ডিগনিটি এবং এথিক্স এ্যান্ড নর্মস-এর জন্য যে মাননীয় মন্ত্রী মহাশয় নিজে এসে যে বিলটা দিয়েছেন সেটা উইথড্র করবেন? আমি আপনাকে রিকোয়েষ্ট করছি, এ্যাপার্ট ফ্রম ইওর রুলিং আমি এই কথা বলতে চাই যে ডিগনিটি এবং পার্লামেন্টারী প্রাক্‌টিসের নর্ম সকে মেনটেন করার জন্য মন্ত্রী মহাশয় নিজে এসে যদি এটা উইথড্র করেন তাহলে ইটস লুক্স নাইস।

**মিঃ স্পীকার ঃ** If the rules do not require him to come here why should he come here?

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, আমি এই কথা বলতে চাই যে ডেকোরাম এবং ডিগনিটি এবং পার্লামেন্টারী প্রাকটিসের নর্মসটাকে যদি মেনটেন করা হয় তাহলে এটা শোভনীয় হয়।

**মিঃ স্পীকার ঃ** Decorum is a very elongated ward, I must abide by the rules. If the rule do not require why should he come here?

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, রুলিং ছাড়াও আমি আর একটি পয়েন্ট তুলছি। আমি রুলিংয়ের পরিপ্রেক্ষিতে কোন কথা বলছি না। আমি বলতে চাচ্ছি যে ডিগনিটি এবং পার্লামেন্টারী প্রাকটিসের নর্মটাকে যদি মেনটেন করা যায় তাহলে সেটা সুন্দর হয়।

**মিঃ স্পীকার ঃ** এটা ছেড়ে দিন। That is not the practice.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় লেবারদের জন্য কি করছেন, সে কথা আপনার কাছে অনেকবার জানিয়েছি। পশ্চিমবঙ্গের লেবার ডিপার্টমেন্ট, গভর্ণমেন্টের মুখ্যমন্ত্রী এবং লেবার দপ্তরে বারবার জানানো সত্বেও হাজার হাজার শ্রমিক আজকে অনাহারে, অর্ধাহারে মৃত্যু মুখে আছে। বেঙ্গল এনামেল ওয়ার্কস লিমিটেড যেটা পলতায় ২৪ পরগণায় সেটা কি কারণে লক আউট হয়ে আছে আমি বলতে চাচ্ছি না। কিন্তু আমি গভর্ণমেন্টকে তথা মাননীয় মুখ্যমন্ত্রী এবং লেবার দপ্তরকে আপনার মাধ্যমে ভাবতে অনুরোধ করছি ঐ হাজার হাজার শ্রমিক যারা অনাহারে আছে ঐ কারখানা বন্ধ হবার জন্য। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি যে এটা ম্যানেজমেন্টের জন্য, না সিটু'র লীডারশীপের জন্য, কার গাফিলতির জন্য বন্ধ হয়েছে?

**শ্রী তারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি পয়েন্ট অফ ইনফরমেশনের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে হুগলী জেলার বোড়াই গ্রামের প্রায় ১০০ মহিলা সিঙ্গুর থানা ঘেরাও করে রেখেছে। কারণ ঐ গ্রামের গৃহবধূ শিপ্রা সাঁতরাকে গত ২০.৯.৮৩ তারিখে তাঁর শ্বশুর নিতাই সাঁতরার প্ররোচনায় কেরোসিন তেল দিয়ে পুড়িয়ে মারা হয়েছে। বধুটির বাপের বাড়ি মাননীয় সদস্য মলিন ঘোষের এলাকার জঙ্গল পাড়ায়। শ্বশুর নিতাই সাঁতরা চরিত্রহীন এবং ইতি পূর্বে সে তার প্রথম পুত্রের বধুকে বাড়ি থেকে তাড়িয়ে দিয়েছি। এ বারে দ্বিতীয়টিকে গায়ে কেরোসিন তেল ঢেলে পুড়িয়ে মেরেছে। এই পরিপ্রেক্ষিতে গত পরশু দিন তার বাড়ির সামনে গ্রামবাসীরা বিক্ষোভ দেখায়। সেখানে প্রায় ৪০০/৫০০ মানুষ বিক্ষোভ দেখাচ্ছিল। কিন্তু সেখানে পুলিশ গিয়ে জনসাধারণকে মারধোর করে। হয়ত সেই বিরাট জনতার মধ্যে থেকে পুলিশের দিকে এক-আধটা ইঁট পড়ে থাকতে পারে। কিন্তু পুলিশ সেখানে গ্রামবাসীদের উপর অকথ্য অত্যাচার চালায়। এই ঘটনার সংগে কোন রাজনীতির সম্পর্ক নেই, কিন্তু যেহেতু নিতাই সাঁতরা সি. পি. এম. সমর্থক সেহেতু সি. পি. এম. থেকে পুলিশকে তার পক্ষ অবলম্বন করার জন্য নির্দেশ দেওয়া হয়। এটা অত্যন্ত দুঃখের ব্যাপার এবং এই ঘটনার পরিপ্রেক্ষিতে আজকে ওখানে মহিলারা থানা ঘেরাও করেছে। আমি শুনতে পেলাম যে, আজকে নাকি সিঙ্গুর থানার ও. সি'কে বদলি করা হয়েছে। তবুও আমি সমস্ত ঘটনাটি তদন্ত করে দোষী ব্যক্তিদের শাস্তি দেওয়ার জন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসকে জানাচ্ছি। কালকে বিভিন্ন হাসপাতালের জুনিয়র ডাক্তারদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে মাননীয় মুখ্যমন্ত্রী তাদের প্রতি কটুবাক্য ব্যবহার করছেন। স্যার, আজকে আমার এলাকা থেকে হাসপাতালে ভর্তি হবার জন্য কয়েকজন রোগী এসেছিল আমার কাছে, আমি তাদের হাসপাতালে পাঠিয়েছিলাম, কিন্তু তারা হাসপাতাল থেকে ফিরে এসেছে। বিভিন্ন হাসপাতালে আজকে বহু রোগীর অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। রোগীরা কেউ

সি. পি. এম. বা কংগ্রেস নয়, তারা পশ্চিম বাংলার সাধারণ মানুষ।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যদের আমি জানাচ্ছি যে, তাঁরা বিরতির সময়ে লবিতে যাবেন, সেখানে তাঁদের জন্য কিছু খাওয়া দাওয়ার ব্যবস্থা করা হয়েছে। এখন বিরতি, আমরা আবার ঠিক তিনটের সময়ে মিলিত হব।

(এই সময়ে সভার কাজ বিকাল তিনটে পর্যন্ত মূলতবী ঘোষিত হয়।)

[3.00-3.10 p.m.]

## AFTER ADJOURNMENT
## OBITUARY

**Mr. Speaker :** Hon'ble Members, I have a melancholy duty to perform. Just now, I have received an intimation that Shri Jyotish Joarder, an ex-Member of the West Bengal Legislative Assembly from 1957 being elected from Tollygunge Constituency as a candidate o Socialist Republic Party expired at about six this morning at the age of 78

He was born in Mymonsingh district now in Bangladesh and was a bachelor.

When Netaji Subhas Chandra Bose formed Forward Block Party, Shri Joarder because and eminent leader of that party

He was a great freedom fighter and courted imprisonment for about fifteen years - from 1932 to 1938 and from 1940 to 1946.

He was associated with many social organisations The country has lost a freedom fighter and a senior political leader in his death.

Now I request Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased

(At this stage the Hon'ble Members stood in silence for two minutes)

(Thank you)

Ladies and Gentlemen, Secretary will do the needful.

**Shri Subrata Mukherjee :** স্যার, শোক প্রস্তাব দেবার পর কি হাউস হয়?

**Mr. Speaker :** সিটিং মেম্বার হলে হয় না, এক্স মেম্বার হলে হয়। Calling Attention To Matters of urgent Public Importance

**Mr. Speaker :** I will now call upon the Minister-in-charge of the Home (Police) Department to make a statement on the subject of alleged death of two persons by police firing on the 18th September, 1983 at Joypur under Amdanga Police station following a quorbani.

(Attention called by Shri Nani Kar and Shri Saral Deb on the 21st September, 1983).

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, with reference to the Calling Attention Notice by Shri Nani Kar and Shri Saral Deb regarding distrubances in Amdanga Police Station resulting in police firing and

death of two persons, I rise to make the following statement :-

Every year Government while granting permission for slaughter of cows on the occasion of the holy festival of ID-UZ-ZOHA also directs that to prevent any untoward incident, Korbani should take place generally at customary sites only. Tension was prevailing in Joypur village, P. S. Amdanga, over the issue of sacrifice of a cow on the ID-UZ-ZOHA day. The Muslims claimed that during the preceding years on the ID festival, they had sacrificed a cow in the village. Others maintained that the entire mouza being a "Debattar" property, there should be no slaughter. As per police record, no licence had been granted in the village for holding cow sacrifice. On local enquiry, it had transpired that in the past two years the Muslims of Joypur had sacrificed cows without authorisation. This year, therefore, there was strong resistance to slaugter of cow in the Joypur village.

In line with Government instructions, permission for sacrificing a cow in the village was not granted by the police. Meetings with influential members of both the communities of the area and local leaders were held. It was suggested by the police that the Muslims of the village could hold the sacrifice at Kaipukur which was about 150 metres away from the disputed venue. This was not acceptable.

As the tension was mounting, SDO, Barasat promulgated prohibitory orders under Section 144 Cr. P. C. on the 17th September, 1983, banning cow slaughter in the mouza. Strong police arrangements were made. Additional SP, Barasat and SDO. Barasat camped in the village on the ID Day. During midday, a group of villagers agitatedly approached the officials and stated that attempts were being made to slaughter a cow. On verification a cow was actually spotted which was to be slaughtered. The cow was seized and sent to Barasat in the zimma of a Kazi. Police officers present with the help of Savapati, Anchal Samiti, Prodhan, Adhata Anchal made further attempts for an amicable settlement by bringing the representative of the two committies from Joypur. They left for Joypur in two jeeps.

At about 14.45 hrs. on 18.9.83, an intimation was received at the Thana that a big crowd was proceeding towards Amdanga P. S. from Abalsiddhi More on 34-National Highway. On receipt of the information, SDO, and Additional SP, Barasat along with a strong composite force rushed towards Abalsiddhi More. On the way, they found that the jeeps of the C.I. Habra and O.C., Habra were damaged reportedly by brickbatting by a violent crowd which had also assaulted one ASI and a police driver. As they proceeded towards the place of occurrence, they found a crowd of about 400/500 blocking their movement. The crowd was chased away. Meanwhile, information reached that a car carrying the Excise Minister had also been held up by a crowd a little ahead. SDO and the Addl. SP proceeded in that direction and come to know that the Minister could proceed towards Nadia. When they returned to Joypur village, they were informed that a big crowd had assembled at the National Highway again.

They rushed to the place. A violent crowd of several hundred of people was found to be trying to enter into the adjoining Joypur village and started throwing brickbats and bombs towards the police party. Twenty-four round of tear-gas shells were fired which did not prove effective. In order to bring the situation under control, the police under the orders of S.D.O. fired six rounds from service rifles and three rounds from revolvers to disperse the violent crowd. The crowd hurled bombs and brickbats as a result of which, fifteen police personnel and the SDO, Barasat received injuries. The firing resulted in injuries to three persons who were taken to Barasat Hospitals. There was another incident when the re-inforcement which was rushed from Barasat Headquarters got confronted with a crowd near Abalsiddhi More again. The policy party was attacked resulting in injuries to four persons including I.C., Barasat P.S. Six round of firing was done here also. But there were no injuries. This incident took place at about 16.15 hrs. There was yet another incident when about 400/500 persons assembled in front of Amdanga Police Station with brickbats and bombs and attempted to enter into the thana premises. To disperse this crowd which had become violent, four rounds were fired from service revolvers. Shri Omar Ali Biswas got injured and was immediately shifted to Amdanga Health Centre.

As a result of firing two persons including Shri Omal Ali Biswas who had received injuries succumbed.

Immediately after the series of incidents, D. M. and S. P. rushed to the places of occurrence and brought the situation under control. Cases were started and arrests were made. On 19.9.1983 Hon'ble Speaker, West Bengal Legislative Assembly, and M.I.C., Food and Supplies Department, visited Amdanga and appealed to the people in general to restore peace in the area. On the evening of the same day, a meeting was held in the office of the S.D.O., Barasat, where responsible leaders were present along with the Hon'ble Speaker and the M.I.C., Food and Supplies, Shri Nani Kar, M.L.A., Ashokenagar, Shri Gopal Bose, District Committee Secretary, CPI(M), Shri Jagadish Das, M.L.A., Bijpur, Shri Saral Deb, M.L.A., Barasat. A Peace Committee has since been set up with leading members of all political parties, leaders of different communities and respectable people of the area. The situation is now normal.

[3.10-3.20 p.m.]

**Mr. Speaker :** Now Dr. Ambarish Mukherjee, Minister of State-in-charge, Health and Family Welfare Department, please make your Calling Attention statement.

**Dr. Ambarish Mukherjee :** Mr. Speaker Sir, With your kind permission and in response to Calling Attention Motion tabled by Shri Kashinath Misra, M.L.A., Shri Ashok Ghosh, M.L.A. and Shri S. Mahao, M.L.A., I had the privilege to make a statement in the House on 16.9.83 in response to a Calling Attention Motion in regard to the circumstances

leading to the disturbances in the N.R.S. Medical College Hospital. I took the opportunity to congratulate the doctors and all categories of the employees of the hospitals who were working with dedication to maintain the hospital services and also to request the house staff and interns who had stopped work to go back to their own duties and restore normalcy in the hospitals in the interest of the suffering people.

2. In the meantime the All Bengal Junior Doctors' Federation widened their spectrum of demand from stoppage of hooliganism, gave a call of cease work for one week with effect from 21st September, 1983. On 19.9.83, a section of interns and house staff with others ghearoed the Dy. Supdt., N.R.S. Medical College Hospital for a number of hours, as a result of which the Dy. Supdt. was taken ill and had to be admitted in the Intensive Cardiac Care Unit. On the same day, and time and again, the Chief Minister made earnest appeal to the Junior Doctors to desist from the socially-harmful step of cease-work and to maintain normal hospital services in the interest of the ailing patients.

3. In this context, I would also like to recount the various round of discussions we hold with the Junior Doctors during the last few months. Their stipends have been raised with effect from 1st July, 1983. Various measures have been adopted for streamlining as well rationalising the supply of drugs and other materials in the hospitals. Security arrangements have been tightened. Persons allegedly involved in anti-social activities within the hospital compound have been arrested by police even though the names of the assailants were not mentioned by the alleged victims. It was also amply made clear that the doors of dialogue with the Junior Doctors were always open.

4. I may be permitted to state with all humbleness that the clamour for improvement of Institutionalised care in hospitals with better investigation and treatment facilities as sought to be made out by the charter of demands of the agitating doctors loses its credence when the services available are jeopardised and adversely affected by wild-cat strike on different pretexts.

We can improve upon the existing facilities if the doctors, nurses, technicians and other categories of employees in the hospital work with close co-operation of the Government and I request all concerned to cultivate that congenial atmosphere.

5. I am glad to place on record that a section of trainee nurses who announced their intention to join the junior doctors in the cease-work have withdrawn. It is however infortunate that good sense has not prevailed over a section of Junior Doctors who have taken up agitional approach and resorted to cease-work with effect from 21.9.83. We are extremely keen that the normal hospital services should not be denied to the common poor people only because a handful of Junior Doctors are out to hold the

community to ransom. We have therefore taken all possible measures to maintain the normal services in the hospitals. The following figures of the attendance in the out-patient departments will show that inspite of the cessation of work by some Junior Doctors, the attendance in the out-patient departments is almost normal.

| | | On 21.9.1983 | On 22.9.1983 |
|---|---|---|---|
| 1) | Medical College, Calcutta | 2,754 | 2140 |
| 2) | N. R. S. M. C. H. | 3,500 | 2958 |
| 3) | National Medical College Hosp., Calcutta | 1,779 | 2070 |
| 4) | R. G. Kar M. C. H, Calcutta | 2,386 | 2,384 |
| 5) | S. S. K. M. H., Calcutta | 1,490 | Out-patient Deptt. of S. S. K. M. was partially disturbed mostly by picketing. Cardiology, E N. T., Chest, G & O, Eye and Neuromedicine Deptts. ran outpatient services as usual. |

Emergency operations are also being performed in various hospitals.

6. In this connection I should add that some junior doctors made some attempts to set up the so-called "Parallel Out Door" and to lure away innocent patients. By displaying costly tonic etc. in some of the hospitals. Such a display is indicative of the real character of those elements who have been hard-hit by the Governments' drug supply policy and are operating from behind the screen to create chaos. It is also clear as sunshine by now that there is a political motivation in the whole episode

7. It is however very much painful for me to add that the agitation of some junior doctors have already exhibited some unhealthy symtoms On 21.9.83 a section of house staff was engaged in picketing and interferring with the Gynaecology out door and medical outdoor in the N. R. S Medical College Hospital. This was however resented by the staff of the hospital as a result of which the picketers had to withdraw. On the same day a section of house staff threatened the medical officers, Eden Hospital in the Medical College, Calcutta and also hurled abusive language for carrying out hospital works. We have definite information that a sizeable section of interns and house staff have either withdrawn or are thinking of withdrawing from the socially harmful cease-work. That public opinion building up against the agitating junior doctors is also evident, I am not sure if such developments have led a section of agitators to take resort to desperate step of bullying and threatening. If hooliganisam inside the hospitals by outside elements is to be condemned unequivocally, hooliganism by a section of junior doctors inside the hospital is no less condemnable.

(Noise & interruption)
(Voice from Congress (I) Banches - Question)

8. To add to the cup of misery of the ailing people, the Health Service Association Unit of S. S. K. M. Hospital has urged closure of outdoor in the premier Institution. This synchonises with the action of a section of 'Junior Doctors'. While we have taken H.S.A. into confidence in axecution of the policy of the Department of Health and Family Welfare and their demands have either been conceded to by now or being considered with seriousness and speed, such action on the part of an unit of HSA. is unfortunate to say the least. While we appreciate very much the stress and strain of the Health Service Doctors in running the hospitals in absence of a section of house staff, nevertheless we believe that in the present circumstances the Doctors are to bear with it and better advice us to arrange for reinforcement than to go in for closure of S. S. K. M.-outdoor. I would request the Service Doctors to continue the servicasin S. S. K. M. Hospital as usual. It is heartening to note that the visiting physician/Surgeon of Ex-management term and W.B.H.S. and all categories of Doctors in National Medical College passed a resolution dedicating themselves for normal duties even stretching of usual hours of work and with strain. The other categories of employees are making all out efforts for running hospital services. This is to be congratulated.

9. Sir, I take the opportunity to put on record that we are extremely keen to ensure hospital services and appropriate and necessary steps will be taken in maintaining such services.

10. Sir, I congratulate the Doctors and all section of the staff of the Hospitals who are straining themselves to the utmost to continue their services. I should also appeal the public to bear with the inconvenience which might be caused because of the agitation and also keep patience, with the hope that good sense will be restored to those who are staying away from the basic code and ethic of the noble medical profession.

**(Noise)**

[3.20-3.30 p.m.]

**Dr. Zainal Abedin :** Sir, kindly see rule 328 sub-section 7 of the Rules of Procedure and Conduct of Business. 'A member while speaking shall not utter treasonable, seditious, or defamatory words'. The Hon'ble Minister of State for Health has definitely used such words which are definitely unparliamentary.

**Mr. Speaker :** I will see the records.

**গোলমাল**

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব বিনয়ের সঙ্গে আবেদন করছি এই

সরকার এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয় বারে বারে বলেছেন, অতীতেও বলেছেন, বর্তমানেও বলেছেন যে আন্দোলন করা মানুষের গণতান্ত্রিক অধিকার। যে আন্দোলনই হোক না কেন, কারুর পক্ষেও হতে পারে বিরুদ্ধেও হতে পারে। সরকারের পক্ষেও হতে পারে, সরকারের বিরুদ্ধেও হতে পারে। সুতরাং সেই আন্দোলনকে কেন্দ্র করে কোন উক্তি করা যায় না। যে আন্দোলন আজকে ডাক্তাররা করছেন সেটা গণতান্ত্রিক আন্দোলন, হয়তো সেই আন্দোলন সরকারের পক্ষেও হতে পারে বা বিপক্ষেও হতে পারে। তাতে হয়তো আপনার পছন্দ নাও হতে পারে তারজন্য আপনি তাদের একজন ডাক্তার হয়ে হোলিগ্যান্স এই কথা বলতে পারেন না। তারই পরিপ্রেক্ষিতে আমি বলছি........... I do demand that this portion of the statement be expunged the record. সুতরাং এই স্টেটমেন্টটা রেকর্ড থেকে এক্সপ্যাঞ্জ করা হোক। যদি না হয় তাহলে একটা খারাপ নজির এখানে থেকে যাবে। সুতরাং আমি বলছি মন্ত্রীমহাশয় এটা ওয়থড্র করুন অথবা .......Expunge this portion from the proceedings of the House.

**মিঃ স্পীকার ঃ** আমি রেকর্ড দেখে ব্যবস্থা নেব।

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সকালে আমাদের পার্টির একজন সদস্যের গতকাল স্ট্রোক হয়েছিল তাকে চিত্তরঞ্জন ন্যাশানাল মেডিক্যাল কলেজ হসপিট্যালে নিয়ে যাই ডাঃ শৈবাল গুপ্তের কাছে। আমরা ৪ জন ছিলাম এবং সেখানে গিয়ে দেখি সেখানকার ডাক্তাররা তাঁবু খাটিয়ে বিভিন্ন রকম ব্যবস্থা নিয়ে, বিভিন্ন কায়দায় বসে আছে। আমরা পেশেন্টকে নিয়ে গেলাম এবং তাদের বললাম শৈবাল গুপ্তের সঙ্গে কথা হয়ে রোগী ভর্তি করতে এসেছি। তখন তারা আমাকে বললেন এইভাবে ভর্তি হবে না এবং তারা আমার হাত ধরে টানাটানি করতে লাগলো, আমি তাদের বললাম আপনারা আমার গায়ে হাত দেবেন না, এইকাজ করবেন না। আমি বললাম সিরিয়াস পেশেন্ট ভর্তি করে নিন। তার উত্তরে তারা ধমক দিয়ে বললো এখন ভর্তি হবে না। চলে যান এখান থেকে, পেশেন্ট নিয়ে চলে যান, না হলে পার্টি অফিসে খবর দেব। তার মধ্যে কেউ কেউ আবার বললো এই সুব্রতদাকে খবর দে তো, সুব্রতদাকে খবর দে তো। সুতরাং এর থেকে বোঝা যাচ্ছে এটা সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত এবং এতে ওরা জড়িত আছে।

(গোলমাল)

**শ্রী রাম চ্যাটার্জী ঃ** স্যার, আমার এলাকা তেলেপাড়া গ্রাম থেকে অনেক লোক একজন রুগীকে নিয়ে আসার পর ডাক্তাররা তাদের তাড়িয়ে দেয়। (গোলমাল) জনসাধারণ যদি একসান নেয় তাহলে অবস্থা কি হবে? সরকার একটা মিটমাটের চেষ্টা করছেন।

**(গোলমাল)**

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ**- স্যার, গতকাল থেকে এই রকম একটা গুরুত্বপূর্ণ অবস্থার কথা আমরা মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে স্বাস্থ্যমন্ত্রীকে বলে আসছি। হাসপাতালের আন্দোলনকে কেন্দ্র করে একটা অনারেবল সেটেলমেন্টের কথা যখন বলছি তখন স্বাস্থ্যমন্ত্রীর এই রকম একটা প্রোভোকেটিভ ষ্টেটমেন্ট করা ঠিক নয়। (গোলমাল) গণতান্ত্রিক আন্দোলনকে তিনি হুলিগ্যাঅনিজম বলেছেন। এটা আনডেমোক্রেটিভ। (গোলমাল)

**শ্রী শেখ নিজামুদ্দিন** ঃ- স্যার, গতকাল রাত সাড়ে দশটার সময়ে চিত্তরঞ্জন হাসপাতালে আমি একজন রুগী নিয়ে গিয়েছিলাম। তার বাস এক্সিডেন্ট হয়েছিল কেবিনে ভর্তি করার জন্য টাকা পয়সা নেওয়া সত্বেও সেখানে ডাক্তাররা টাকা পয়সা ফেরত দিয়ে তাকে চলে যেতে বলে। আমি সেই হাসপাতালের ম্যানেজিং কমিটির একজন সভ্য এবং ঐ এলাকার প্রতিনিধি।

( গোলমাল )

**শ্রী রেনুলীনা সুব্বা** ঃ- স্যার, স্বাস্থ্যমন্ত্রী যে ডাক্তারদের হুলিগান বলেছেন সেটা তিনি উইথড্র করুন। (গোলমাল) সি. পি. এমের সবাই গুন্ডা, নট দি ডাক্তাররা। স্বাস্থ্যমন্ত্রী প্লীজ উইথড্র। (গোলমাল)

[3.30-4.05 p.m.]

**[Including Adjournment]**

**শ্রী সত্যরঞ্জন বাপুলী** ঃ- মাননীয় স্পীকার মহাশয়, এই হাসপাতালের জুনিয়ার ডাক্তারদের ব্যাপারটা আমি সকালবেলায় বলেছিলাম। কিন্তু মন্ত্রী মহাশয় এ ব্যাপারে যে ষ্টেটমেন্ট দিলেন এবং যে সমস্ত কথা বলেছেন সেটা অত্যন্ত ইরেসপনসবল টক। ....... This is nonsense statement I should say and the Minister should withdraw this statement.

**Mr. Speaker :** Mr. Kashinath Misra, please move your motion.

**(Nose and Interruption)**

[ Several members rose to speak and several members ran to Speaker's dais]

(At this stage the House was adjourned for half-an-hour)

**(After Adjournment)**

[4.05-4.15 p.m.]

**Shri Abdus Sattar :** স্যার, স্বাস্থ্যমন্ত্রী ডাঃ অম্ব. শ মুখার্জী তিনি নিজে একজন ডাক্তার, তিনি যেটা পড়েছেন সেটা নিয়ে গন্ডগোল হয়েছে। তিনি বলেছেন হুলিগানিজম বাই এ সেকসান অফ ডক্টরস, হুলিগানিজম বাই এ সেকসান অব ডক্টরস এই কথায় আমরা আপত্তি করেছিলাম। আমি বলছি এই স্টেটমেন্ট করার সময় একজন ডাক্তার হয়ে কিছু ডাক্তারের বিরুদ্ধে তিনি হুলিগানিজম কথাটা না বললেও পারতেন। তিনি মন্ত্রী হয়ে ডাক্তার হয়ে দিস ইজ ভেরি আনফরচুনেট দ্যাট দিস ওয়ার্ড হুলিগানিজম হ্যাজ কাম আউট ফ্রম হিজ মাউথ। স্যার, আমি জানি বর্তমানে যাঁরা ক্ষমতায় আছেন তাঁরা সব সময় গণতান্ত্রিক আন্দোলনকে সমর্থন করে এসেছেন। এঁরা অতীতে অনেক আন্দোলন করেছেন, কিন্তু আজকে যখন অন্য কেউ আন্দোলন করছেন তখন তাকে কন্ডেম করার জন্য উঠে পড়ে লেগেছেন। একজন মন্ত্রী হয়ে ডাক্তারদের সংগে বসে কি করে এটার মীমাংসা হতে পারে তার চেষ্টা তিনি করতে পারতেন, কিন্তু তিনি তা না করে ডাক্তারদের হুলিগান্স বলার ফলে আজকে যে আন্দোলন চলছে সেটাকে আরো এ্যাগ্রাভেট করার পথে সহায়তা করছেন। কারণ, তাকে প্রোভোক করা হচ্ছে। স্যার, আপনি রুল ৩২৮, ক্লজ ৫টা দেখুন -এখানে বলছে "A member while speaking shall not reflect upon the conduct of any person whose conduct can only be

discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution".

এখানে কোন মোশান নেই, নাথিং অব দি সর্ট। তারপর রুল ৩২৮(৭) টা দেখুন এখানে বলছে--"A member while speaking shall not utter treasonable, seditious,or defamatory words". So what he uttered in his statement was very unfortunate on the part of Dr. Ambarish Mukherjee. He is a doctor. I don't know whether he resorted to hooliganism at any time in the past, or he may be otherwise. I think they have supported movements always. They have launched movements. This movement-whether legitimate or illegitimate-you will consider, you will sit with them. You can't say 'hooligans'. You have no right to say this. This is very unfortunate. আমি আপনাকে বলছি ৩২৮ ধারা অনুসারে আপনি এটার ফয়সলা করতে পারেন। আপনি ভদ্রলোককে বলুন এই শব্দটা উইথড্র করতে। হি ইজ এ জেন্টলম্যান হি ইজ এ ডক্টর, হি ইজ এ মিনিষ্টার, হি ইজ এ রেসপন্‌সিবল ম্যান, রেসপন্‌সিবল ম্যান হয়ে তিনি ইররেসপন্‌সিবল কথা আটার করেছেন, এই ইর্‌রেসপন্‌সিবল আটারেন্স আমি মনে করছি রুল ৩২৮, সেকসান ৫ এবং ৭ অনুসারে আপনি তাঁকে বলে উইথড্র করাতে পারেন, কিংবা আপনি সুও মটো এই শব্দটা এক্সপাঞ্জ করে দিতে পারেন। ইউ ক্যান টেল হিম টু উইথড্র ইট, আর ইফ হি ডাজ নট উইথড্র, ইট সুড বি এক্সপাঞ্জড্‌। আপনি এক্সপাঞ্জড করে দিতে পারেন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। সাত্তার সাহেব এখানে মন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তার উপর আলোচনা করলেন। আমি মন্ত্রী মহাশয়ের বিবৃতির ভাল মন্দের মধ্যে যাচ্ছি না, সাত্তার সাহেবের যদি মন্ত্রী মহাশয়ের বিবৃতির এখানে ব্যাখ্যা করার অধিকার থাকে তাহলে সেই ব্যাখ্যার জবাব দেওয়ার অধিকারও মন্ত্রী মহাশয়ের রয়েছে এবং আমরা যারা এই সভার সদস্য তাঁদেরও ওঁর এই বক্তব্যের উপর বলার অধিকার থাকে। মন্ত্রীর বিবৃতি মন্ত্রী মহাশয় এখানে দেবেন তাঁর ভাষা অনুযায়ী, তাঁর বিদ্যা অনুযায়ী এবং তাঁর বিবেচনা অনুযায়ী দেবেন, কেউ সেটাকে মনে করতে পারেন গালাগাল, কেউ মনে করতে পারেন সেটা প্রশংসা। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানতে চাই কোন নিয়মে সাত্তার সাহেব এর উপর আলোচনা এখানে উত্থাপন করতে পারেন? সেখানে আলোচনার কোন স্কোপ নেই। মন্ত্রী মহাশয় হাউসে বিবৃতি দিয়েছেন, সেটা এ্যাক্‌সেপ্‌টেড হয়েছে কি হয় নি এখানেই ম্যাটারটা ফুরিয়ে যাবে। গালাগালি অন্য সদস্যের মনে হতে পারে। তাঁর মতটাই তো আর মত নয় বা সাত্তার সাহেব সত্য বাপুলীর মতামতটা মত নয়। স্পীকার মহাশয় তাহলে এর উপর আপনি কি ভোট দেবেন? তাহলে কি করে ঠিক হবে বিবৃতিটা ঠিক হয়েছে কিনা। স্যার আমি আমার বক্তব্য বাড়াতে চাই না, শুধু এইটুকু বলতে চাই যে এই আলোচনা অপ্রাসঙ্গিক। এই ব্যাপার নিয়ে আলোচনা হলে তাঁর জবাব দেওয়াটাও প্রাসঙ্গিক হয়ে পড়বে সে কথাটাও মনে রাখতে হবে। অন্যায় করা হয়েছে কি ন্যায় করা হয়েছে, বিবৃতি খারাপ কি খারাপ নয় এ ব্যাপারে নিয়ে তাঁরা জনসাধারণের কাছে যাক খবরের কাগজের মাধ্যমে বলুক। কিন্তু যেভাবে এখানে তাঁরা আলোচনা করছেন, তাতে কি তাঁরা বলতে চান তাঁদের কথাই আমাদের মেনে নিতে হবে?

**Mr. Speaker :** There is only a question which you have raised is that whether certain words are parliamentary or unparliamentary. That is the main crux of the matter. Now the question is whether the word is

parliamentary or unparliamentary, I have to decide that. But I am not in a position to decide it immediately because from my records I remember that the word 'Goonda' has been expressed innumerable times by both sides. So I am not in a position to decide it immediately whether the word 'hooligans' is parliamentary or unparliamentary. I shall have to take some time. I will have to go through parliamentary practices and conventions. If I find that it is parliamentary it will remain in the proceedings, if I find that it is unparliamentary it will be expunged. There will be no further debate on this.

**Dr. Zainal Abedin :** That is all right. But with regard to what Shri Amalendra Roy has said that we have no right to raise this question I do not agree with him and I think what Shri Amalendra Roy has said is not correct. That question will be decided by you and you have already given permission to it.

**Mr. Speaker :** I have not yet said whether the word is parliamentary or unparliamentary. I will take some time. You cannot force me to my decision here and now.

**Dr. Zainal Abedin :** But, Sir, the House is going to be adjourned sine die.

**Mr. Speaker :** We can very well decide it after the House is over.

**Shri Abdus Sattar :** Sir, I like to draw your attention to one thing. The rule says that those who are not in the House the Minister cannot make any aspersion on them.

**Mr. Speaker :** He has not mentioned any body's name.

**Shri Abdus Sattar :** But has made aspersions on a class.

**Mr. Speaker :** He can do it. There is no bar.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I rise on a point of order.

**Mr. Speaker :** Mr. Sarkar, I will not allow any further discussion on this. I have already told the House that I will go into it and if I am satisfied that this is unparliamentary it will be expunged and if I find that this is parliamentary it will remain in the proceedings.

Now Shri Kashinath Misra may move his motion.

[4.15-4.25 p.m.]

**Mr. Speaker :** Shri Kashinath Misra may now move his resolution.

**(Noise)**

**(Shri Kashinath Misra rose to speak)**
**(Noise)**

Shri Kashinath Misra : (স্যার, আমি আমার মোশান মুভ করছি)।

(Noise)

I beg to move-

যেহেতু মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম প্রভৃতি জেলা ও দুর্গাপুর, রাণীগঞ্জ প্রভৃতি শহরগুলিতে রেল যোগাযোগ ব্যবস্থা অপ্রতুল;

যেহেতু স্বাধীনোত্তর যুগের রেল যোগাযোগ ব্যবস্থা জনসংখ্যা বৃদ্ধির তুলনায় অপর্যাপ্ত;

যেহেতু উক্ত জেলার অধিবাসীদের বর্তমান রেলব্যবস্থার অপ্রতুলতায় কর্মোদ্যোগ ক্রমশঃ সঙ্কুচিত ও বিঘ্নিত হইতেছে;

যেহেতু এর অবশ্যম্ভাবী ফলস্বরূপ উক্ত জেলাগুলিতে নূতন বিনিয়োগ না হওয়ায় অর্থনৈতিক উন্নয়ন হইতেছে না;

যেহেতু উক্ত জেলাগুলিতে রেল যোগাযোগ ব্যবস্থার সমন্বয় ও সংযোগসাধন বৃদ্ধির হইলে বিভিন্ন শিল্পোন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক পুনরুজ্জীবন ও উক্ত জেলার অধিবাসীদের যাতায়াতের সুযোগ বৃদ্ধি ঘটিবে;

সেই হেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে হাওড়া-পুরুলিয়া, হাওড়া-বীরভূমে দ্রুতগামী ট্রেন চালু করার সঙ্গে সঙ্গে বর্ধমান লোকালগুলিকে দুর্গাপুর, রাণীগঞ্জ পর্যন্ত ও মেদিনীপুর লোকালগুলিকে বাঁকুড়া পর্যন্ত বর্ধিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাইতেছে।

(Several Members rose in their seats and some of them went o the Speaker's dais)

(Noise)

**Mr. Speaker :** শ্রীকাশীনাথ মিশ্র, আপনি আপনার বক্তব্য রাখুন।

(Noise)

(Shri Kashinath Misra rose to speak)

(Noise)

**Mr. Speaker :** শ্রীগুনধর চৌধুরী, আপনি আপনার বক্তব্য রাখুন।

**Shri Gunadhar Chowdhury :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কাশীবাবু যে মোশান আজকে এখানে এনেছেন, সেই মোশান আমি সমর্থন করছি।

(নয়েজ)

বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর—এই তিনটি জেলার যোগাযোগের জন্য যে মোশান এসেছে, এই দাবী নিয়ে আমরা দীর্ঘদিন ধরে আন্দোলন করে এসেছি। আপনারা জানেন বিগত ১৯৮২ সালের প্রথম দিকে আমাদের ১৬ দফা দাবীর মধ্যে অন্যতম দাবী ছিল পুরুলিয়া থেকে হাওড়া পর্যন্ত দ্রুতগামী ট্রেন চলাচল করা। এবং এই দাবী নিয়ে পুরুলিয়া জেলার হুড়া থেকে কলকাতা পর্যন্ত পদযাত্রা হয়েছিল। পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের হাজার হাজার মানুষ এই

রেল যোগাযোগের জন্য এবং আরও অন্যান্য দাবী নিয়ে তাঁরা পদযাত্রা করে ছিলেন। এর আগে পুরুলিয়া থেকে কলকাতা পর্যন্ত দ্রুতগামী ট্রেন চলাচল-এর জন্য এবং খরগপুর থেকে বৈদ্যুতিকরণের জন্য এই বিধানসভা থেকে একটা প্রস্তাব নেওয়া হয়েছিল। আপনারা জানেন বাঁকুড়া পুরুলিয়ার মানুষদের কলকাতায় আসতে হলে কি দুর্ভোগ ভোগ করতে হয়।

(গোলমাল)

আজকে যে প্রস্তাব বিধানসভায় আনা হয়েছে, সেই প্রস্তাব আগেও বিধানসভায় আনা হয়েছে কিন্তু এই প্রস্তাবে রেলমন্ত্রী আমল দিচ্ছেন না, কোন কথা শুনবেন না, আমি কাশীবাবুকে অনুরোধ করবো, ঐ দলকে অনুরোধ করবো, আপনারা ইন্দিরা গান্ধীকে বলুন, রেলমন্ত্রীকে বলুন যাতে রেলের যোগাযোগ ব্যবস্থা করা হয়। এখানে শুধু বিধানসভায় বললে হবে না। আমাদের মুখ্যমন্ত্রী বারে বারে রেলমন্ত্রীকে চিঠি দিয়েছেন যে পুরুলিয়া থেকে হাওড়া পর্যন্ত দ্রুতগামী ট্রেনে চলাচলের ব্যবস্থা করুন। গত ১০ তারিখে আমাদের মুখ্যমন্ত্রী দিল্লীতে গিয়ে রেল মন্ত্রীকে বলেছেন যে পুরুলিয়া থেকে কলকাতা পর্যন্ত দ্রুতগামী ট্রেনে চলাচলের ব্যবস্থা করুন। তিনি রেল বোর্ডের চেয়ারম্যানকে ডেকে বলেছেন যে এই ব্যাপারে কি ব্যবস্থা করা যায়, কোথায় কি অসুবিধা আছে সেটা দেখুন। দীর্ঘদিন ধরে এই আলোচনা হচ্ছে। আমরা এই নিয়ে পদযাত্রা করেছি। পুরুলিয়া হুড়া থেকে কলকাতা পর্যন্ত হাজার হাজার মানুষ ১৬ দফার দাবীতে ১৯৮২ সালে প্রথম পদযাত্রা করেছে এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য স্মারকলিপি পেশ করেছে। পুরুলিয়ার হুড়া থেকে কলকাতা পর্যন্ত বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর-এর মানুষ, তারা এই নির্যাতন সহ্য পদযাত্রা করে এসে রেল মন্ত্রীর ঘুম ভাঙাতে পারে নি। আমরা বিধানসভায় প্রস্তাব নিয়েও রেলমন্ত্রীর ঘুম ভাঙাতে পারি নি। আমাদের মুখ্যমন্ত্রী বারে বারে চিঠি লিখেছেন সেখানে গিয়ে বলেছেন তাতেও কোন কাজ হয়নি। আজকে কাশিবাবু যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাব ভাল। কিন্তু আমি শুধু এই কথা বলবো যে শুধু প্রস্তাব আনলেই হবে না, কারণ এর আগেও প্রস্তাব নেওয়া হয়েছে। সে জন্য আমি বলবো যে রাণীগঞ্জ থেকে বাঁকুড়া দ্বারকেশ্বর নদীর উপরে ব্রীজ করে যাতে যোগাযোগ ব্যবস্থা করা হয় এবং হাওড়া খড়গপুর লাইনে যাতে ইলেকট্রিফিকেশান করা হয় তার ব্যবস্থা করা এবং বীরভূম বলুন, বর্ধমান বলুন, পুরুলিয়া বলুন যে সব জেলা পিছিয়ে আছে তাদের সংগে যাতে যোগাযোগ ব্যবস্থা হয় তার ব্যবস্থা করতে আজকে সভ্যযুগে যোগাযোগের বিহীন অবস্থায় থাকার জন্য ব্যবস্থা, চাকুরীর ক্ষেত্রে তারা কোন সুবিধা পাচ্ছে না। সে জন্য কাশীবাবুকে আমি অনুরোধ করবো যে শুধু এখানে প্রস্তাব আনলেই হবে না, আপনাদের নেত্রীকে বলুন, রেলমন্ত্রীকে বলুন যাতে এটা করা যায় তার ব্যবস্থা করতে আজকে যোগাযোগের ব্যবস্থা যাতে অবিলম্বে করা হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সংগে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি

**শ্রীশান্তি রাম মাহাতো ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কাশীনাথ মিশ্র মহাশয় যে পুরুলিয়া হাওড়া এবং বীরভূম হাওড়ার দ্রুতগামী ট্রেন যাতায়াতের জন্য প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করে আমি ২/৪টি কথা বলতে চাই। আমি সরকার পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। তিনি বলেছেন যে আমরা হুড়া থেকে কলকাতা পর্যন্ত পদযাত্রা করেছি কিন্তু তবুও রেলমন্ত্রীর ঘুম ভাঙাতে পারি নি।

[4.25-4.35 p.m.]

কিন্তু আমি অত্যন্ত দুঃখের সংগে বলতে চাই যে, দলমত নির্বিশেষে পুরুলিয়ার মানুষ যে দিন পুরুলিয়া থেকে হাওড়া পর্যন্ত দ্রুতগামী ট্রেন চালু করার দাবীতে পুরুলিয়ার রেল অবরোধ করেছিল, সে দিন সি পি এম সেই আন্দোলনের চরম বিরোধিতা করেছিল। তার পর যখন তারা দেখল যে, রেলমন্ত্রী পুরুলিয়ার মানুষের দাবীতে সাড়া দিয়ে রেলওয়ে বোর্ডের সংগে নেগোসিয়েসনের ব্যবস্থা করেছেন, তখন তারা একটা পদ-যাত্রার খেলা ওখানে খেলেছিলেন। এই তো অবস্থা। আজকে আমাদের পক্ষ থেকে এখানে মোশান আনা হয়েছে ঠিকই, কিন্তু আমাদের রেলমন্ত্রী আমাদের ইতিমধ্যেই আশ্বাস দিয়েছেন যে, তিনি সহানুভূতির সংগে বিষয়টি দেখছেন এবং আমাদের কাছে খবর আছে, ওখানে দ্রুতগামী ট্রেনে চালাবার ট্রায়াল হয়ে গেছে। এই বিষয়ে কিছু কিছু কাজ বাকি আছে, সেগুলি দ্রুত সম্পন্ন হয়ে গেলেই পুরুলিয়া-হাওড়া দ্রুতগামী ট্রেন চলাচল শুরু হয়ে যাবে। আজকে বিধানসভায় কংগ্রেসের পক্ষ থেকে এই জন্যই এই প্রস্তাব আনা হয়েছে যে, যে সমস্ত কাজ গুলি এখনো বাকি আছে সে সমস্ত কাজগুলি যাতে দ্রুত সম্পন্ন করা হয়। দিল্লীতে আমাদের দলের সরকার আছে, তবুও আমরা চাই পুরুলিয়া বাঁকুড়া প্রভৃতির অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার দিকে তারা দ্রুত দৃষ্টি দিন। কারণ যোগাযোগ ব্যবস্থার উন্নতির মাধ্যমে ঐ সমস্ত অঞ্চলের অর্থনৈতিক উন্নতি ঘটবে, বেকার যুবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং সব ক্ষেত্রেই সুযোগ সৃষ্টি হবে। তাই আমরা এই কাজ দ্রুত যাতে হয় তার জন্যই আজকে মোশান এনেছি। দু'মাসের কাজ যাতে এক মাসের মধ্যে হয় তার জন্যই আমরা প্রস্তাব এনেছি। আজকে বামফ্রন্ট সরকার দিল্লীর উপর দোষারোপ করছেন। কিন্তু আমরা জানি বরকত্ সাহেব রেলমন্ত্রী হয়েই পুরুলিয়ায় ছুটে গিয়েছিলেন এবং প্রকাশ্য সভায় তিনি ঘোষণা করে এসেছিলেন, পুরুলিয়া থেকে হাওড়া পর্যন্ত দ্রুতগামী ট্রেন শীঘ্রই চালু করা হবে এবং সেই অনুযায়ী তিনি ব্যবস্থাও করছেন। আমাদের কাছে খবর আছে, কয়েক দিন আগে ওখানে ট্রায়াল হয়ে গেছে। অথচ আমরা দেখছি এই রাজ্য সরকার কোন বিষয়েই কেন্দ্রীয় সরকারের সংগে যোগাযোগ রাখেন না। আমরা দেখছি এ সব ব্যাপারে রাজ্য সরকারের কোন মাথা ব্যথা নেই। তাই আমরা এই হাউস থেকে কেন্দ্রীয় সরকারকে যত তাড়া তাড়ি সম্ভব পুরুলিয়া হাওড়া দ্রুতগামী ট্রেন চালু করতে অনুরোধ করছি। কাজ কোথায় আটকে আছে, সেটা দেখবার জন্যই এই প্রস্তাব আনা হয়েছে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী** ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় বন্ধু যে বক্তব্য রাখলেন তা আমি শুনলাম। ওঁর বয়স খুবই কম, তবুও আমি ওঁকে সম্মান দেখিয়েই বলছি যে, ৩৫ বছর ওঁরা কেন্দ্রে ক্ষমতায় আছেন এবং এই রাজ্যে ৩০ বছর ক্ষমতায় ছিলেন। তথাপি আমি আজকে ওঁদের তরফ্ থেকে কাশী বাবুকে এই রেজলিউসন আনতে হচ্ছে এবং বামফ্রন্টের যুগেই সেটা আনতে হচ্ছে। ওঁদের প্রস্তাবটি কি, না, পুরুলিয়া, বাঁকুড়া থেকে হাওড়া পর্যন্ত ট্রেনের সংখ্যা বাড়ান হোক। এটা ওঁদের পক্ষে সত্যিই লজ্জার ব্যাপার। সভ্য জগতের পক্ষেও লজ্জার ব্যাপার হচ্ছে, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যখন দ্রুতগামী ট্রেন প্রচুর রয়েছে তখন এই দু'টি জেলাতে একটিও নেই। মালদহ আজকে ভারতবর্ষের দ্বিতীয় রাজধানী হতে চলেছে। একটার পর একটা করে সেখানে অনেকগুলি দ্রুতগামী ট্রেন চালু হয়েছে। অথচ বাঁকুড়া পুরুলিয়া অবহেলিত রয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার বোধ হয় মনে আছে, এই

হাউসে আমি মাননীয় রেলমন্ত্রী গণিখান চৌধুরীকে ধন্যবাদ জানিয়েছিলাম, কারণ তিনি দিল্লীতে আমাকে বলেছিলেন, শীঘ্র বাঁকুড়া-পুরুলিয়া-মেদিনীপুর-হাওড়া এক্সপ্রেস ট্রেন চালু হচ্ছে। সুকুমার বাবু এবং সুব্রতবাবু এখানে আছেন, তাঁরা সেদিন দিল্লীতে উপস্থিত ছিলেন, তাঁদের সামনেই গণিখান চৌধুরী ঐ কথা আমাকে বলেছিলেন। আমি সেদিন সুব্রতবাবুকে বলেছিলাম যে, আপনাকে কোট্ করে আমি বিধানসভায় এ-কথা উল্লেখ করব। তিনি আমাকে বলেছিলেন, নিশ্চয়ই করবেন। গণিখান চৌধুরী বলেছিলেন, এক সপ্তাহের মধ্যে ওখানে আমি দ্রুতগামী ট্রেন চালু করে দেব। অথচ মাননীয় অধ্যক্ষ মহাশয় তার পরে প্রায় এক বছর হয়ে গেল, এখনো কোন কিছুই করা হয়নি।

**শ্রীসুব্রত মুখার্জী** ঃ- এক সপ্তাহের মধ্যে করবেন বলেননি, বলেছিলেন, চালু করবেন।

**শ্রী অনিল মুখার্জী** ঃ- তিনি চালু করবেন বলেছিলেন এবং তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিয়েছিলাম। তা তিনি চালু করেছেন কি?

এটা আজ পর্য্যন্ত হল না। যে ট্রেনের কথা উনি বললেন তার টাইম টেবিলটা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া এবং ঐ মেদিনীপুরের ওখানে একটা ট্রেন তুলে দেওয়া হয়েছে বিগত ১৯৭৮ সালের ফ্লাডের সময়। দ্বিতীয়তঃ সেখানে ৪৬৩ এবং ৪৬৪ আপ, হাতিয়া ফাস্ট প্যাসেঞ্জার, দূরগামী নূতন ট্রেন চালু করা হয়নি। যে এক্সপ্রেস ট্রেনের দাবী বাঁকুড়ার মানুষের ছিল রেলমন্ত্রী যখন বাঁকুড়া গিয়েছিলেন--কাশীবাবু সেখানে ছিলেন, আমরাও বামফ্রন্টের সবাই ছিলাম--তিনি বলেছিলেন ৭ দিনের মধ্যে বুঝতে পারবেন। আজও কিছু হল না। আমি জানি না, কবে এটা হবে। কাশীবাবুর এবং বিরোধীদলের মনে আছে এই হাউসে আমরা একটা সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করেছিলাম যে আদরা খড়গপুর লাইন বৈদ্যুতিকরণ করা হোক। এই রেজলিউসন দীর্ঘদিন ধরে দিল্লীতে পড়ে আছে, সেই রেজলিউসনের প্রস্তাব আজও কার্য্যকরী হয় নি। এই রাজ্য সরকার মেজিয়া বাঁকুড়া রেল লাইন করার জন্য ৭ লক্ষ টাকা দিয়েছেন, তাদের এনকোয়ারী পর্য্যন্ত হয়ে গেছে, তারা ফেভারেব্‌ল রিপোর্ট দিচ্ছে, তা সত্ত্বেও সেখানে কোন কাজ হচ্ছে না। বাঁকুড়ার মেজিয়ায় কয়লাখনি আজকে বন্ধ করে দেওয়া হয়েছে। তাপ বিদ্যুত্ কেন্দ্র করার যে প্রস্তাব ছিল সেটা এখন বন্ধ হয়ে আছে। বাঁকুড়া খরা প্রপীড়িত অঞ্চল, সে জায়গায় দিনের পর দিন, বছরের পর বছর ইন্দিরা কংগ্রেসের লোকেরা আছেন, কিন্তু আজও কিছুই ওখানে করা হয়নি। আজ বলতে লজ্জা করছে না, নির্লজ্জভাবে কথা বলেছেন। বিগত ৩৫ বছর ধরে ওঁরা কিছুই করেন নি। যে কথা বলছি, যে কয়লাখনি চালু ছিল ৯ কোটি টাকা খরচ করে করা হয়েছিল তা আজকে বন্ধ করে দেওয়া হয়েছে। বাঁকুড়ার খরা প্রপীড়িত অঞ্চলের মানুষের প্রতি কেন্দ্রের কেন এই বিরূপ মনোভাব তা আমি জানিনা। লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষ পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর এই সব খরা প্রপীড়িত অঞ্চলে রয়েছে তাদের প্রতি এ মনোভাব কেন? যার জন্য আজকে ইন্দিরা কংগ্রেসের লোককেও বলতে হচ্ছে যে ট্রেনের সংখ্যা বাড়ান. আজ দীর্ঘদিন ধরে একটা ট্রেনও বাড়ে নি বরং ১৯৭৮ সালে যে একটা ট্রেন ছিল তা বন্ধ করে দেওয়া হয়েছে। রেলমন্ত্রী আজ পর্য্যন্ত ঐ সব অঞ্চলে কোন দৃষ্টি দেন নি। স্বয়ং ইন্দিরা গান্ধী ১৯৭১ সালে বাঁকুড়ায় হেলিকপ্টার নিয়ে গিয়ে নেমেছিলেন, সেখানে খরা প্রপীড়িত অঞ্চল, সেখানে যে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা দরকার কেন্দ্রীয় সরকার তা করে নি। আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করেছি যে বাঁকুড়ায় সেচ প্রকল্পের জন্য এবং ভূগর্ভস্থ জলকে ব্যবহার করার জন্য, তিনি আশ্বাস দিয়েছেন, জানি না কতদূর কার্য্যকরী হবে। কাশীবাবুর

শুভ বুদ্ধির উদয় হয়েছে, আমরা সর্বদলীয়ভাবে তাঁর সেই শুভ প্রস্তাব গ্রহণ করছি। ক্ষুদ্র আকারে প্রস্তাব এসেছে, আমরা বৃহৎ আকারে বি. ডি. আর. রেল ইলেকট্রিফিকেসন বামফ্রন্টের তরফ থেকে প্রস্তাব দিয়েছিলাম, সে প্রস্তাব কার্যাকর হয় নি, কাশীবাবুর ক্ষুদ্র প্রস্তাব যদি কার্য্যকরী হয় অন্ততঃ বাঁকুড়া পুরুলিয়া, মেদিনীপুরের মানুষের উপকার হবে। আমরা নিশ্চয়ই সেই প্রস্তাবকে সমর্থন জানাব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-35-4-45 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসের শেষ দিন। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় যে বিষয় এনেছেন তার উপর আলোচনা করতে গিয়ে বন্ধুবর শ্রী অনিল মুখার্জী মহাশয় একটা কটাক্ষ হেনেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে লোকাল ইন্টারেস্ট এইভাবে আলোচিত হবার বিষয় লোলে কন্ট্রাডিকশন উঠতে বাধ্য। আমি এখানে এ সম্বন্ধে কাউল এ্যান্ড সাকধরের বই থেকে একটি উদ্ধৃতি দিচ্ছি.........which essentially happens to be a Central subject, Sir, I draw your attention to the Volume (II) of that book. At page 553 you will find, Sir, that it is a form of eliciting opinion or recommendations of the House similar to resolution, Sir, in Parliament we find that the Speaker did allow the discussion of conversion of metre gauge into broad gauge line and it was discussed to have an improved railway communication which was of primary local interests. Here I have got my additional arguements before you that Shri Anil Mukherjee from Onda has contradicted, and he has flouted the interests of the North Bengal people. We are innocent people. We have been deprived of many benefits and developments, although our hon'ble Chief Minister assured that regional imbalance would be cured, but the Government have not been able to look into the matter. So if you allow, Sir, my point of order is whether a matter of local interest which is not within the jurisdiction of the State Government can be discussed on the floor of the Assembly. In that case possibly, my friend, Shri Anil Mukherjee will again contradict and hit up the interests of other zone where he does not belong to. As such, Sir, I draw your wise attention whether this subject can be allowed to be discussed. আপনি বলবেন there are precedents for such matters which have been discussed. But now you are imposing some new system and possibly an enlightened system. So element like my hon'ble friend, Shri Anil Mukherjee always contradicted and looked down upon the rest of Bengal-other than Onda and Bankura. In such cases, Sir, local interests should not be allowed to be discussed here.

**মিঃ স্পীকার** ঃ মিঃ আবেদিন, you an experienced parliamentarian and wise man. You had been a Minister also for several years. Now don't you remember that during the regime while you were a Minister this kind of motion has been passed by the House.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** I don't deny that precedent. It was not unwise.

**মিঃ স্পীকার ঃ** মিঃ আবেদিন, if you say wise at that time then it is wise today also. Assembly never follows any political party's precedent, it follows its own precedent.

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় কাশীবাবু এই সভায় যে মোশান এনেছেন, সেটা কোন নতুন প্রস্তাব নয়। এর আগেও এই সভায় আমরা অনুরূপ প্রস্তাব গ্রহণ করেছি। কিন্তু প্রস্তাবের যে কি পরিণতি হয় এবং আজকে এই যে প্রস্তাব আমরা দিতে চলেছি--আরও যে কি পরিণতি হবে তাও আমরা জানি। কিন্তু আমরা যাঁরা ভুক্তভোগী, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর থেকে যাতায়াত করি--তাঁরা প্রতিনিয়ত এমন সব অসুবিধার সম্মুখীন হই, যার জন্য শুধু এই বিধানসভার মধ্যেই নয়, বিধানসভার বাইরেও একই কথা বলি। এর জন্য আন্দোলন করি, চিঠিপত্র লেখালেখি করি, কিন্তু কাজের কাজ এখনও পর্যন্ত কিছুই দেখতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই সমস্ত স্থান থেকে কলকাতায় যাতায়াতের ক্ষেত্রে রেল যোগাযোগের ব্যবস্থা খুবই অপ্রতুল। যেটুকুও আছে তাও অনিয়মিত পর্যায়ে পৌছেছে। একটিমাত্র ট্রেন--হাওড়া চক্রধরপুর ফাষ্ট প্যাসেঞ্জার। কিছুদিন পূর্বে স্থানীয় প্যাসেঞ্জাররা এর নাম দিয়েছেন চক্রধরপুর-আন্দুল প্যাসেঞ্জার, কারণ এই ট্রেনটি বেশীরভাগ দিনই আন্দুল পর্যন্ত এসেই থেমে যেতো। প্যাসেনজারদের উদ্দেশ্যে বলা হতো চক্রধরপুর প্যাসেনজার ছাড়তে দেরী হবে, যারা হাওড়া যেতে চান তাঁরা অন্য লোকালে চলে যান। শতকরা ৯০ দিন এই ঘটনা ঘটে চলেছে। ফলে আমাদের সেই আন্দুল ষ্টেশান থেকে অন্য ট্রেন ধরে হাওড়ায় আসতে হয়। টাইম টেবিল বলে কোন কিছু নেই। কটার ট্রেন কটায় ছাড়বে তা কেউ বলতে পারে না। ট্রেন তার আপন খেয়ালে চলে, কারো কিছু অভিযোগ করার থাকে না, কিছু বলাও যায় না। একটা টাইম টেবিল আছে--সেটা নিয়ে সকলেই রসিকতা করে। প্যাসেনজার যদি কোন দিন ক্ষুদ্ধ হয়ে এই বিষয়ে ষ্টেশান মাষ্টারকে চার্জ করে যে টাইম টেবিলে লেখা আছে, ট্রেন ঠিক ভাবে চলে না কেন? তখন ষ্টেশান মাষ্টার পরিহাসের ছলে উত্তর দেয় যে টাইম টেবিল আছে ঠিকই, এর মানেটা একটু অন্য রকম। টাইম টেবিলে যে ট্রেন ৮-২৫শে ছাড়বার কথা আছে তার অর্থ হলো সেই ট্রেনটি ৮-২৫শের আগে ছাড়বে না, পরে যখন খুসি ছাড়তে পারে। এই হলো টাইম টেবিলের অবস্থা। আর অন্য যে সমস্ত ট্রেন আছে যে গুলি খড়গপুর হয়ে যায়--গুমো প্যাসেনজার এই সব ট্রেনের টাইমের কোন ঠিক থাকে না। আবার এদের বলা হয় দ্রুতগামী ট্রেন! এই সমস্ত ট্রেন আধ ঘন্টা, একঘন্টা লেট অতি সহজেই মেক আপ করতে পারে। এখানে একটা ষ্টেশান থেকে আর একটা ষ্টেশানের দূরত্ব ১৪ কিলোমিটার। তার জন্য টাইম ধরা আছে ২২ মিনিট। সেই ট্রেন যদি তার স্বাভাবিক গতিতে যায় তাহলে সময় লাগে ১৮ মিনিট। সেখানে করা আছে ২২ মিনিট। অর্থাৎ ট্রেনটা যদি ঠিক সময় মত চলে তাহলে অপর ষ্টেশানে ৩ মিনিট আগে পৌছাতে পারে। এই ভাবে সময় অপচয় হচ্ছে এবং যাত্রীদের অনেক মূল্যবান সময় নষ্ট হচ্ছে। তার জন্য খেসারত দিতে হয় আমাদের যারা নিত্যনৈমিত্তিক কলিকাতায় আসে। এর জন্য অনেক অসুবিধারও সৃষ্টি হয়। তাই এই পরিবহন ব্যবস্থা সঠিক সমাধান দরকার। ইদানিং কালে যে জিনিষটা নিয়ে খুব হৈ চৈ হচ্ছে, মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী মহাশয় বারে বারে যে আশ্বাস আমাদের দিয়েছেন, তার পরিনতি কি দাঁড়ায় সেটা না হওয়া পর্যন্ত কিছু বলা যাবে না। কিছু দিন আগে শুনলাম আমাদের মাননীয় সদস্য শান্তিবাবু বললেন যে এটা নুতন কোন ট্রেন নয়, পুরুলিয়া থেকে কয়েকটি বগি এনে এই হাতিয়া হাওড়া

যে ফাষ্ট প্যাসেনজার আছে তার সংগে আদ্রা এনে জুড়ে দেওয়া হবে। এর দ্বারাই তার নাম হয়ে গেল দ্রুতগামী ট্রেন এবং এই ভাবেই চলবে। এর পরিনতি শেষ পর্যন্ত কি দাঁড়াবে সেটা বলা যাবে না। এই হচ্ছে এই যানবাহনের অবস্থা। সেই জন্য এই প্রস্তাবটা নিতে আপত্তি নেই, এই প্রস্তাব সমর্থনযোগ্য এবং এটাকে সমর্থন করছি। তার থেকে বড় কথা হলো তাঁরা যদি মনে করে থাকেন যে এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার এবং তাদের দলের লোকই মন্ত্রী আছে তাহলে সেখানে গিয়ে তাঁদের যদি বোঝাতে পারেন তাহলে কাজটা আরো সহজে হবে। বিধানসভায় এই ভাবে প্রস্তাব নিয়ে খুব একটা কাজের কাজ আগেও হয় নি এখনও হবে বলে মনে হয় না। এই সমস্ত প্রস্তাব হিম ঘরে পড়ে থাকবে। এই ব্যাপাবে তাঁরা যে কতটা গুরুত্ব দেবে সেটা জানি না। তবে যে প্রস্তাব এখানে আনা হয়েছে তার জন্য আমি সাধু বাদ জানাচ্ছি এবং এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাক্ষা চরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কাশিনাথ মিশ্র মহাশয় আজকে যে মোশান এনেছেন যে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করে যাতে হাওড়া পুরুলিয়া, হাওড়া, বীরভূম এবং হাওড়া মেদিনীপুর প্রভৃতি জায়গায় দ্রুতগামী ট্রেন চালু হয় সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। ৬০ বছর আগে যে ট্রেন চড়েছিলাম--মেদিনীপুর থেকে পুরুলিয়া আদ্রা--এখনও সেই ট্রেন চড়ছি।

[4.45-4.55 p.m.]

খড়গপুর থেকে আসানসোল পর্যন্ত যে ট্রেনগুলি যায়, তার কোন জানালা নেই, কোন আলোও নেই। গোমো পর্যন্ত যে ট্রেন যায়, তার অবস্থা সম্পর্কে একটু আগে মাননীয় সুভাষবাবু বলেছেন, সময়ের কোন ঠিক নেই আদ্রা ও পুরুলিয়ার মধ্যে যে ট্রেন চলাচল করে, তারও একই অবস্থা, সময়ের কোন ঠিক নেই। খুবই দুঃখের কথা, বছর খানেক আগে এখান থেকে সর্বদলীয় এক প্রতিনিধি মাননীয় কেন্দ্রীয় রেলমন্ত্রী গণিখান মহাশয়ের সঙ্গে যখন দেখা করেছিলেন, তখন তিনি আশ্বাস দিয়েছিলেন, কোন চিন্তা নেই, খুব শীঘ্রই ব্যবস্থা হয়ে যাবে। খড়গপুরে আমরা তাঁর সঙ্গে দেখা করেছিলাম। তখন তিনি আমাদের জানিয়েছিলেন যে, খুব শীঘ্রই মেদিনীপুর-খড়গপুর লাইনের ইলেকট্রিফিকেশন হয়ে যাবে। মেদিনীপুরে উনি এক জনসভায় যোগদানের জন্য গিয়েছিলেন। তখন তিনি কয়েক হাজার পাবলিকের সামনে এ্যাসিওরেন্স দিয়েছিলেন যে, 'তিন মাস সময় আমাকে আপনারা দিন, সব কিছুই হয়ে যাবে।' মাননীয় কাশীবাবু এখানে এই প্রস্তাব নিয়ে এসেছেন, তাঁকে বলব, কেন্দ্রীয় সরকার এ বিষয়ে চূড়ান্ত অবহেলা দেখিয়েছেন এবং ভবিষ্যতে আরও করবেন বলে মনে হয়। কারণ, তাঁদের কথার কোন ঠিক নেই। কাশীবাবু আজকে বাধ্য হয়েই রাজ্য সরকারের মাধ্যমে এই প্রস্তাব রেখেছেন বলে মনে হয়। কেন্দ্রীয় সরকারের কাছে বহু পিটিশন, আবেদন-নিবেদন বহু আগেই রাখা হয়েছে, আজ পর্যন্ত তার কোন সুরাহা হয় নি। কেন্দ্রীয় রেলমন্ত্রী মাননীয় গণিখান সাহেবের কাছেও বহুবার এ ব্যাপারে আবেদন জানানো হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তাঁর কাছ থেকে কার্যকরী সাড়া পাওয়া যায় নি। বর্তমানে হাওড়া এবং পুরুলিয়ার মধ্যে যে সমস্ত স্টেশন আছে, সেগুলির মধ্যে যে ট্রেনগুলি চলাচল করে, তারও কোন টাইম আছে বলে মনে হয় না। গাড়িগুলি চলছে, এই পর্যন্তই বলা চলে। স্বাধীনতার ৩৬ বছর পরেও আজ পর্যন্ত কোন পরিবর্তন সেখানে আসলে হয় নি। কোন নতুন ট্রেন যুক্ত হয় নি। ট্রেন সংখ্যা বৃদ্ধির জন্য বহুবার পিটিশন, বহু দরখাস্ত করা হয়েছে, কিন্তু কোন পরিবর্তন হয় নি। সেজন্য আমার মনে

হয়, এই হাউস থেকে সর্বদলীয় একটি প্রতিনিধি কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো উচিত। ওঁরা সেই প্রতিনিধি দলের কাছে বলুন, কবে নাগাদ দ্রুতগামী ট্রেন দিতে পারবেন এবং কতদিনের মধ্যে লাইনকে ইলেকট্রিফিকেশনের ব্যবস্থা করতে পারবেন? প্রতিনিধিদলের কাছে ওঁরা যে বক্তব্য রাখবেন, তা যেন ওঁরা রফা করেন। এই টুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্র নাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় এখানে যে প্রস্তাব এনেছেন, আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। প্রস্তাবের মধ্যে উনি বলেছেন, দ্রুতগামী ট্রেন চলাচলের ব্যবস্থা করা হোক। এর সঙ্গে আমি যোগ করতে চাই, 'এই প্রস্তাবও সঙ্গে রাখা হোক যে, যে ট্রেনগুলি আছে, সেগুলিকে ঠিকমত চলার ব্যবস্থা করা হোক।' আমি বীরভূম জেলার একজন প্রতিনিধি। আমার ওখানে যে ট্রেনগুলি চলাচল করে, সেগুলি কোনদিন সময়মত আসা-যাওয়া করে না। কখন আসে বা কখন যায়--সুভাষবাবু যে কথা বলেছেন, ট্রেনের টাইম টেবিল অনুসারে কখনই যাতায়াত করে না--তা বোঝা মুশকিল। ঐ ট্রেনে চড়ে কখন যে গন্তব্যস্থলে আসব, তা নিশ্চিত করে বলা যায় না। মাননীয় কাশীবাবু প্রস্তাব এনেছেন যে, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া এবং মেদিনীপুর অঞ্চলে শিল্প স্থাপন ও বিকাশের জন্য রেল লাইনের দরকার। বিধানসভার বুকে এই ধরণের প্রস্তাব বহু আগে নেওয়া হয়েছিল। আমাদের বীরভূম জেলাতে পাথর পাওয়া যায়, এখানে রেল ব্যবস্থার সম্প্রসারণ করতে পারলে এই পাথরের ব্যবসাকে আরও বড় করা সম্ভব হবে, এই ব্যবসার আরও উন্নতি বিধান করা সম্ভব হবে। গতবারে এই বিধানসভাতে এই ব্যাপারে একটা প্রস্তাব নেওয়া হয়েছিল আজ পর্যন্ত তারও কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয় নি। এখান থেকে কোন প্রতিনিধিদল কেন্দ্রীয় মন্ত্রীদের কাছে দেখা করলে আশ্বাস দেওয়া হয়--এ আমরা দেখেছি। আমরা এও দেখছি যে, সেই আশ্বাস ক্রমশঃ প্রহসনে পরিণতঃ হয়। আর একটি ঘটনার কথা এখানে উল্লেখ করে বলি যে, আমাদের জেলার মানুষ বর্তমানে কেন্দ্রীয় মন্ত্রী, গতবারে পশ্চিমবাংলায় বিধানসভা ইলেকশন কালে কলকাতার সঙ্গে সিউড়ী সদর শহরের প্রত্যক্ষ যোগাযোগ নেই, এ কথা তাঁকে বলা হয়। তখন তিনি আমাদের কাছে বলেছিলেন যে, 'আমাকে দু'দিন সময় দিন, আমি সব যোগাযোগ করে দেব। সেই সময়ে হঠাৎ দেখেছিলাম, '১৫ই মে তারিখে' যে ট্রেন রামগড় থেকে বর্ধমান পর্যন্ত চলাচল করে, তাকে কলকাতা পর্যন্ত নিয়ে আসা হয়েছিল। ২৮ তারিখে দেখলাম ট্রেন বন্ধ হয়ে গেল। আমরা কয়েকজন বিধানসভার সদস্য মিলে জেনারেল ম্যানেজারের কাছে গিয়েছিলাম, তাঁকে জিজ্ঞাসা করলাম কি ব্যাপার যে ট্রেন চলাচল করবে কথা হল হঠাৎ বন্ধ হয়ে গেল? তিনি তার উত্তরে বললেন আমি সে সব জানিনা, আমাকে রেলওয়ে বোর্ড ফোনে বললেন সামার স্পেশাল চালু করে দিন, এই ট্রেনটাকে আগিয়ে দিন কলকাতা পর্যন্ত আর আন্ডাল লোক্যালকে আগিয়ে দিয়ে বর্দ্ধমান হয়ে কলকাতা পর্যন্ত করে দিন। অর্থাৎ আপনার কেন্দ্রীয় মন্ত্রীরা আশ্বাস দিচ্ছেন এক কথা যে ট্রেন চলাচল করবে কিন্তু কার্য্যক্ষেত্রে দেখা যাচ্ছে ট্রেন চলাচল বন্ধ হয়ে যাচ্ছে। এই অবস্থা হলে আপনাদের প্রতি আমাদের বিশ্বাস থাকবে কি করে? গণিখান চৌধুরী মহাশয় কংগ্রেসী দলের লোক্, আপনারা গিয়ে বলুন এই ব্যাপার তাহলে আমাদের খুব উপকার হবে। আমি তাই প্রস্তাব রাখছি যে লুপ লাইনের সবটাই ডবল লাইন হয়ে গেলে হাওড়া থেকে সাঁইথিয়া পর্য্যন্ত ৯০ কিলোমিটার রাস্তাটা ডবল লাইন করা হলে ট্রেন চলাচল খুব সুবিধা হবে এবং গরীব লোকেদের অনেক উপকার হবে। বর্দ্ধমান-বাঁকুড়া লাইনের কথাও নিশ্চয় চিন্তা করছেন। আর আমাদের আমুরপুর--কাটোয়া লাইনটাকেও নিয়ে নেওয়া হয়েছে, গভর্ণমেন্ট নিজে নেয়নি, প্রাইভেট কোম্পানিকে কত লক্ষ টাকা যেন খেসারৎ দিচ্ছেন। সেটা যদি নিয়ে

নেওয়া হয় এবং উন্নতি সাধন করা হয় তাহলে খুব উপকার হবে। বর্ডগেজ লাইনে ডিজেল ইঞ্জিন দিয়ে যাতে ট্রেন চালান হয় সেটা একটু দেখবেন এবং এই ব্যাপারে একটু বিচার করতে বলি। আপনাদের মন্ত্রী, আপনার দেশের লোক, দলের লোক আপনি যদি খুশী করিয়ে মন্ত্রীকে এই কাজটা করাতে পারেন তাহলে খুব উপকার হবে। শুধু এই প্রস্তাবটি বিধানসভায় পাশ করিয়ে দিলেই হবে না কারণ অনেক প্রস্তাব বিধানসভায় পাশ হয়েছে কিন্তু কার্য্যকরী হয় নি, এটার ব্যাপারে আপনি যদি গিয়ে কিছু করতে পারেন তাহলে কিছু হবে। আপনি যে এই ব্যাপারে চেষ্টা করছেন সেটা বুঝতে পেরে আমি এই প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এখানে উৎথাপন করেছি তাতে মাননীয় সদস্যারা যে সমর্থন করেছেন তার জন্য তাদের আপনার মাধ্যমে ধন্যবাদ জানাচ্ছি। আপনি জানেন পশ্চিমবাংলার বিশেষ করে বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া যোগাযোগ ব্যবস্থা বিগত দিনের ইতিহাস দেখলে দেখা যায় এবং রেল দপ্তরের কিছু হিসাব দেওয়া আছে তার থেকে দেখলে দেখা যায় যে সেখানে রেলের যোগাযোগের কোন ব্যবস্থা ছিল না। সেই কারণে রেলমন্ত্রক দীর্ঘ ৩০ বছর ধরে তদানীন্তন বেঙ্গল নাগপুর রেলওয়ে আজকে যেটা সাউথ ইষ্টার্ণ রেলওয়ের প্রতি যেভাবে বিমাতৃ সুলভ মন দিয়ে দেখেছেন, আজকে আমাদের বিশ্বাস পশ্চিমবঙ্গের রেলমন্ত্রক পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গাতে নর্থ বেঙ্গল পর্যন্ত যেভাবে উন্নতি সাধন করেছেন তাতে আশা করছি বীরভূম পর্যন্ত, আসানসোল পর্যন্ত এবং আগেকার সুন্দরবন পর্যন্ত বিভিন্ন প্রান্তরে যেভাবে রেলওয়ে যোগাযোগের চেষ্টা চলছে তাতে আশা করছি একটা প্রতিকার হবে। আজকে মেট্রো রেল থেকে মার্টিন রেলওয়ে পর্যন্ত যেভাবে অগ্রসর হচ্ছে তাতে অন্ততঃ এইটুকু মনে করতে পারি অন্যান্য জায়গাতেও উন্নতি হবে। আজকে লোকসংখ্যা অনুযায়ী মেদিনীপুর প্রায় ১ কোটির কাছাকাছি, বাঁকুড়াতে প্রায় ৩০ লক্ষের মত এবং পুরুলিয়ার লোকসংখ্যা প্রায় ২২ থেকে ২৪ লক্ষের মত, এই অবস্থাতে আমাদের যানবাহন এবং পরিবহন ছাড়া কোন গত্যান্তর নেই। বেসরকারী বা সরকারী হোক কাউকে কোন অবজ্ঞা করে এখানে প্রস্তাব আনা হচ্ছে না। মাননীয় সদস্য অনিলবাবু এবং সুভায গোস্বামী মহাশয় বললেন যে রেলমন্ত্রক থেকে পশ্চিমবঙ্গের এই অঞ্চলের প্রতি অবজ্ঞা করা হয়েছে। কিন্তু ১৯৭২-৭৭ সালে যে তদানীন্তন রেলমন্ত্রক ছিলেন তার আমলেই হাওড়া হাতিয়া ফাস্ট প্যাসেঞ্জার ট্রেন চালু হয়েছিল এবং সেটা কংগ্রেসী আমলেই চালু হয়েছিল।

[4.55-5.05 p.m.]

দুঃখের বিষয় ১৯৭৮ সালে বন্যার ফলে সে সময়ে হাওড়া গোমো যেটা ছিল তার গতি খড়গপুর করা হল। তার আর পরিবর্তন করা হল না। বিধানসভায় এ বিষয়ে একটা প্রস্তাব আনার পর বন্ধ ট্রেন যেটা ছিল তার একটা আপ, তার একটা ডাউন চালু করেছেন। এখনও একটা বন্ধ আছে যেটা সবচেয়ে বড় প্রশ্ন সেটা হল পশ্চিম বাংলার অর্থনৈতিক কাঠামো বাঁকুড়া, পুরুলিয়া ও বীরভূম জেলা রক্ষা করবে। এখানে যে প্রাকৃতিক সম্পদ মজুত আছে তাকে যদি কেন্দ্রীয় বা রাজ্য সরকার ঠিক মত ভাবে পরিচালনা করেন তাহলে শুধু পশ্চিমবাংলা কেন ভারতবর্ষের আর্থিক বিপর্যয় হতে পারে। বাঁকুড়া, পুরুলিয়া ও বীরভূম জেলার সর্বত্রও কয়লা উত্তোলন নিয়ে অসুবিধার সৃষ্টি হচ্ছে। ৯ কোটি টাকার পরিকল্পনা বন্ধ হয়ে যাচ্ছে। বাঁকুড়া থেকে মেজিয়া, মেজিয়া থেকে রাণীগঞ্জ পর্যন্ত যোগাযোগ ব্যবস্থা ঠিক নেই। সম্প্রতি

পূর্বাঞ্চলের যে মুখ্যমন্ত্রীদের যে সম্মেলন হয়ে গেল তাতে আমাদের মুখ্যমন্ত্রী মেজিয়ার রেল লাইনের কথা বলেছিলেন তাকে বিহারের মুখ্যমন্ত্রী সমর্থন জানান। বাঁকুড়া, পুরুলিয়ার মত অনগ্রসর জেলার কথা বলায় আমাদের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। এটা একটা ক্ষুদ্র জিনিষ নয়। আগামীদিনে বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম জেলা অর্থনৈতিক কাঠামো পুর্ণ করবে। বিধানসভায় আমার এক প্রশ্নের উত্তরে বিদ্যুৎমন্ত্রী জানান যে গঙ্গাজলঘাঁটিতে ৬৩০ মেগাওয়াট বিদ্যুৎ পরিকল্পনা কেন্দ্র অনুমোদন করেছে এবং এরজন্য ৪৬০ কোটি টাকার মতন খরচ হবে। এতে শুধু বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম জেলার উন্নতি হবে না। অর্থাৎ এর ফলে শুধু পশ্চিমবাংলা কেন ভারতবর্ষের কাঠামো চাংগা হবে। এর ফলে পশ্চিমবঙ্গের ৩৬ লক্ষ বেকারের সমস্যার সমাধান হবে। কিন্তু সোর্স যেটা তার দিকে যদি কেন্দ্রীয়ও রাজ্য মন্ত্রীসভা নজর না রাখেন তাহলে কিছু হবে না। সুভাষবাবু বললেন আমরা যে প্রস্তাব আনছি সেটা হিমঘরেই পড়ে থাকবে। সত্যিই যদি হিমঘরে পড়ে থাকে তাহলে দেশের প্রাকৃতিক উন্নতির অন্তরায় হবে।

দেশের প্রগতি সেখানে ব্যাহত হবে। পদযাত্রাই বলুন বা যাই বলুন না কেন, বিভিন্নভাবে যদি কোন দল দেশের সার্বিক কল্যাণের জন্য চিন্তা করে তাহলে আমরা সেখানে কোন রকম বাধা সৃষ্টি করি না। আজকে ট্রেড ইউনিয়ন গুলির বিভিন্ন রকম কাজ কর্ম দেখে আমার তো দুঃখ লাগে। কালিদাসপুর প্রোজেক্ট যেখানে ৯ কোটি টাকা খরচ হয়েছে সেখানে দেখলাম জেনারেল ম্যানেজার থেকে আরম্ভ করে পদস্থ অফিসারদের ঘেরাও করা হচ্ছে। ট্রেড ইউনিয়নগুলি অনেক জায়গায় যেভাবে কাজকর্ম করে তাতে দেখি অনেক সময় উন্নতির অন্তরায় হয়ে দাঁড়ায়। আমরা চাই ট্রেড ইউনিয়নগুলো শ্রমিকদের স্বার্থের জন্য কাজ করুক। কিন্তু অনেক সময় দেখা যায় অবস্থা এমন হয় যে রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার খুব বিপাকেই পড়েন। স্যার, আমি আপনাকে অসংখ্য ধন্যবাদ দিচ্ছি, কারণ আপনি আমাদের অনগ্রসর জেলা সম্বন্ধে এখানে বলবার সুযোগ দিয়েছেন। আমি দুঃখিত কারণ অনেক সময় আমরা নিয়মভঙ্গ করে বলার চেষ্টা করি। তবে এসব ক্ষেত্রেও দেখেছি আপনি প্রচুর সহযোগিতা করেন। যে প্রসঙ্গ বলছিলাম সে সম্বন্ধে আবার বলছি হাওড়া থেকে পুরুলিয়া ৩৩৫ কিলোমিটার পথ, কিন্তু বর্তমানে যে ট্রেনের ব্যবস্থা রয়েছে তাতে দেখছি দ্রুতগামী ট্রেন আমাদের ওখানে নেই। মেদিনীপুরে যেগুলো হল্ট করে সেগুলো যদি বাঁকুড়া পর্য্যন্ত নিয়ে যাওয়া হয় তাহলে খুব সুবিধা হয় এবং সেই প্রস্তাব আমি রেখেছি। হাজার হাজার মানুষ দুর্গাপুর, রাণীগঞ্জ, অন্ডাল আসানসোল এবং বর্ধমানের নিত্যযাত্রী থেকে আরম্ভ করে সরকারী কর্মচারী ব্যবসায়ী এবং আরও যে সমস্ত মানুষ আছে তাদের আজকে প্রচুর অসুবিধা হচ্ছে। কাজেই লোকাল ট্রেনগুলো বর্ধমান পর্য্যন্ত যা রয়েছে সেটা যদি আসানসোল পর্য্যন্ত নিয়ে যাওয়া হয় তাহলে খুব সুবিধা হয়। ইছামতী, কাঞ্চনজংঘা চালু হয়েছে এবং ময়ূরাক্ষী এক্সপ্রেস ও কংসাবতী এক্সপ্রেস চালু হবার কথা। আমি প্রস্তাব করছি এই একপ্রেসগুলো সহ বিগত দিনে যে গাড়ীগুলো ছিল বা আছে সেগুলো যাতে বজায় থাকে তার ব্যবস্থা করুন। জনসংখ্যা অনুযায়ী গাড়ী দেওয়া হোক সেই প্রস্তাব আমি রাখছি। দ্বিতীয় প্রস্তাব হচ্ছে অন্যান্য ট্রেনের গতি যদি বাড়িয়ে দেওয়া হয় তাহলে মানুষের এই যানবাহনের দিক থেকে খুব সুবিধা হবে। পরিবহন ব্যবস্থা যা চলছে তাতে আমরা দেখছি সরকারী গাড়ীগুলো বিভিন্ন সময় অকেজো অবস্থায় থাকে এবং তার পরে বেসরকারী গাড়ীর মাধ্যমে আমাদের সুযোগ সুবিধা নিতে হয়। মাননীয় সদস্যগণ এই প্রসঙ্গ যাঁরা বক্তব্য রাখলেন এবং যাঁরা সমর্থন করলেন তাঁদের কাছে আমি আবেদন করছি এটা বিধানসভা থেকে পাশ হয়ে যেন হিমঘরে পড়ে না থাকে, কাজ যত ত্বরান্বিত হয় সেদিকে

আপনারা সকলে দৃষ্টি দিন। আমি সমস্ত সদস্যদের ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

5.05-5.15 p.m.]

The motion of Shri Kashinath Misra that -

যেহেতু মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম প্রভৃতি জেলা ও দুর্গাপুর, রাণীগঞ্জ প্রভৃতি শহরগুলিতে রেল যোগাযোগ ব্যবস্থা অপ্রতুল,

যেহেতু স্বাধীনোত্তর যুগের রেল যোগাযোগ ব্যবস্থা জনসংখ্যা বৃদ্ধির তুলনায় অপর্যাপ্ত,

যেহেতু উক্ত জেলার অধিবাসীদের বর্তমান রেল ব্যবস্থার অপ্রতুলতার কর্মোদ্যোগ ক্রমশঃ সঙ্কুচিত ও বিঘ্নিত হইতেছে;

যেহেতু এর অবশ্যম্ভাবী ফল স্বরূপ উক্ত জেলাগুলিতে নূতন বিনিয়োগ না হওয়ায় অর্থনৈতিক উন্নয়ন হইতেছে না;

যেহেতু উক্ত জেলাগুলিতে রেল যোগাযোগ ব্যবস্থার সমন্বয় ও সংযোগ সাধন বৃদ্ধি হইলে বিভিন্ন শিল্পোন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক পুনরুজ্জীবন ও উক্ত জেলার অধিবাসীদের যাতায়াতের সুযোগ বৃদ্ধি ঘটিবে;

সেই হেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে হাওড়া-পুরুলিয়া, হাওড়া-বীরভূম দ্রুতগামী ট্রেন চালু করার সংগে সংগে বর্ধমান লোকালগুলিকে দুর্গাপুর রাণীগঞ্জ পর্যান্ত ও মেদিনীপুর লোকালগুলিকে বাঁকুড়া পর্যন্ত বর্ধিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাইতেছে।

was then put and agreed to.

The motion was carried.

Shri Sachin Sen : Sir, I be go move -

Whereas this Assembly is deeply concerned over the gradual deterioration of many industries in West Bengal resulting in closure, lock-out of falling sick of as many as 18 jute mills, 12 tea-gardens and many other industrial units involving over a lakh of workmen;

And whereas this Assembly is also concerned over the gradual deterioration of the situation whereby West Bengal which was once one of the topmost industrial States in the whole of India has been reduced to an industrial backward position;

And whereas this Assembly is further concerned over the variety of discriminating and anti-labour policies being pursued by the Union Government towards the entire Eastern and North-Eastern region in general and towards West Bengal in particular as a result of which -

(a) the deficiencies of functioning of the management of some units taken over by the Union Government e.g., Burn Braithwaite, Jessop, Cycle Corporation of India, Units run by National Jute Mills Corporation etc. are not being probed into and no meanlingful dialouge with the workers' unions and the State Government to overcome the difficulties and revitalise

the units are being undertaken;

(b) in spite of the fact that the anti-national and anti-labour policie of a section of unscrupulous owners have been creating sickness for man industries, no steps for systematic monitoring of the functioning an activities of the management are being undertaken by the Union Goverr ment to arrest the trend of the industries falling sick;

(c) the activity of the Industrial Reconstruction Corporation has bee virtually restricted to supplying cash for payment of wages and there ha been a visible unwillingness on their part to provide working capital fc production of goods by the units taken over by the Government an thereby to nurse back the sick units to viability;

(d) no proposal to nationalise the units already taken over by th Union Government, e.g., National Rubber, Inchek Tyres etc., has yet bee finalised;

(e) in respect of one unit, the Union Ministry is reported to hav proposed closing down of one department and retrenchment of about 50' of the workers as a pre-condition for its nationalisation;

(f) some of the sick industrial units taken over by the Unio Government under popular pressure are being considered for denotificatio and thereby placing the industries together with the Government invesı ments therein back to the fold of the owners whose anti-labour and ant national policy had caused the sickness;

(g) in respect of some of the sick units taken over e.g., Carter Poolei applications for liquidation have been filed by the Company Law Boar before the High Court for liquidation which, when materialised, woul throw a good many workers out of employment;

And whereas this Assembly apprehends that all these are results c policies of the Union Government which has been strengthened by th conditionalities of the loans granted by the International Monetary Func

This Assembly, therefore, urges upon the Government of Indiε through the Government of West Bengal, that all proposals for denotificatio of industries already taken over, e.g. Bengal Potteries, Containers an Clossure, National Tannery, Port Engineering, Motor Machinery, Alumir ium Manufacturing Company, India Rubber, Shri Durga Spinning Mill: Bengal Laxmi Cotton Mills, Rampuria Cotton Mills, Central Cotton Mill: Bengal Fine Cotton Mills etc., employing about 30 thousands workers, b withdrawn and immediate steps be taken to nationalise all the units whos managements have been taken over by the Government of India;

This Assembly also urges upon the Government of India to take a possible steps to nurse the sick units to viability including reorientation ( the activity of Industrial Reconstruction Corporation of India and mon

toring of the functioning of the managements;

This Assembly further urges upon the Union Government to take steps without any further delay to re-open all the factories in West Bengal which are now closed and run them through the agencies for the Union Government.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন পরিপ্রেক্ষিতে আজকে এই বিধানসভার শেষ দিনে এই প্রস্তাবটা উত্থাপন করতে হয়েছে সেটা একটু বলে রাখা ভাল। কিছুদিন আগে এই বিধানসভার ইনচেক টায়ার, ন্যাশান্যাল রাবার এবং বেঙ্গল পটারিজের শ্রমিকদের একটা ব্যাপক অংশ এসেছিল, বিধানসভায় তাঁরা দাবি জানিয়েছিলেন, তাঁদের বক্তব্য শোনার জন্য আমরা তাঁদের কাছে গিয়েছিলাম। জমায়েতটা ছিল সর্ব দলীয়। এটার একটা তাৎপর্য্য হচ্ছে সমস্ত রাজনৈতিক দলের প্রতিষ্ঠান, সমস্ত ট্রেড ইউনিয়নের কেন্দ্রীয় সংগঠনের প্রতিনিধিরা সবাই এসেছিলেন এমনকি যাঁরা কোন দলভুক্ত নন কর্মচারী তাঁরাও সবাই এখানে এসেছিলেন এবং কয়েক সহস্র মানুষ এসেছিলেন। আমরা বামফ্রন্ট সরকারের তরফ থেকে যেমন তাঁদের কাছে গেছি তেমনি কংগ্রেস এবং বিরোধী দলের জন্য অংশও তাঁদের কাছে গিয়েছিলেন। আমাদের ভূপাল পান্ডা, ডাঃ শিশির বোস, দেবপ্রসাদ সরকার সেখানে গিয়ে তাঁদের কাছে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আপনাদের দাবি ন্যায্য, বিধানসভায় যাতে সর্বদলীয় একটা প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আমরা আকর্ষণ করতে পারি তার চেষ্টা নিশ্চয়ই করব। এক বাক্যে সেই কথা আমরা সেখানে বলে আসি এবং সেই হিসাবে এই প্রস্তাবটা এসেছে। এই প্রস্তাবের আলোচনা হোক, আলোচনার পরে আমি জবাবী ভাষণে কোন বক্তব্য থাকলে নিশ্চয়ই বলব। তবে এই প্রস্তাবটা যাতে সর্বদলীয় প্রস্তাব হয় এবং সমস্ত সদস্য যাতে একযোগে এই প্রস্তাবকে সমর্থন করে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারেন সেই আবেদন রেখে আপাততঃ এখানেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** There are 3 amendments, All the amendments are in order.

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** Sir, I beg to move that in Para 3 (a), the words beginning with the deficiencies and ending with are under taken" be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরই পরিপ্রেক্ষিতে আমি দু'চারটি কথা আপনার মাধ্যমে এই সভায় উপস্থাপিত করতে চাই। এটা ঠিক যে শচীনবাবু শ্রমিক আন্দোলনের সাথে যুক্ত এবং যে মোশান এনেছেন সেটাতে ভাবাগত দিক থেকে এবং কিছু কিছু রাজনৈতিক কটাক্ষ করা আছে সেগুলি বাদ দিলে আমাদের সকলেরই সমর্থন থাকার কথা। কিন্তু এর একটু গভীরে যাওয়ার দরকার আছে। উদ্বিগ্ন শুধুমাত্র আমরা যারা ট্রেড ইউনিয়নের সাথে যুক্ত তারা এই বাংলাদেশের ৪।। কোটি মানুষের একথা জানার দরকার আছে যে পশ্চিমবঙ্গের স্থান এক সময় ভারতবর্ষের মধ্যে শিল্পের দিক থেকে ২ নম্বরে এবং এক সময় ১ নম্বরে ছিল, আজকে বিভিন্ন কারণে এবং পরিস্থিতির মধ্য দিয়ে আমাদের স্থান সপ্তম অষ্টমে নেমে গেছে। বিভিন্ন জায়গায় দেখছি আমাদের প্রোকাডসান কমছে, ম্যান পাওয়ার কমছে এবং নূতন ইন্ডাষ্ট্রিতে বিনিয়োগ দূরের কথা, ছোট বড় মাঝারি এই ৩ রকম শিল্প সরকারী তথ্য থেকে দেখতে পাচ্ছি ৪০০ থেকে ৪৫০টি

কারখানায় ক্লোজার বা লকআউট বা লে-অফ হয়েছে এবং কোথাও কোথাও ষ্ট্রাইক হয়েছে। আমার মনে হয় উনি কিছু কিছু ভুল তথ্য ও দিয়েছেন যেগুলি শুধরে নেওয়া দরকার। কথাটা প্রাসংগিক না হলেও বলছি, এখন ১৮টি জুট মিল বন্ধ নেই, ৩টি বন্ধ আছে। তবে একথা সত্য শুধু রাজনৈতিক স্বার্থে কিছু কিছু জায়গায় এখনও ক্লোজার এবং লকআউট চলছে। যেটা শ্রমিক এবং কর্মচারীদের দ্বারা বন্ধ হয় তার পরিমাণ কমেছে এবং পরিবর্তে দেখেছি মালিকের হাতে যেটা রয়েছে সেটা বেশী বন্ধ হচ্ছে। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের উপর দোষ দিয়ে কোন লাভ হবে না। এ ব্যাপারে আইন যা আছে সেটা যদি রাজ্য সরকার বলবত করতেন তাহলে বহু জায়গায় লক আউট আমরা ঠেকাতে পারতাম। ১৭টি জুটমিল বন্ধ ছিল বলে আপনারা কেন্দ্রীয় সরকারের উপর দোষ দিয়েছেন। কেন্দ্রীয় সরকার ৬টি জুটমিল জাতীয় করণ করেছেন, ২০০ কোটি টাকা মিলগুলোকে বাঁচাবার জন্য এবং যারা পাট উৎপাদন করে তাদের জন্য রিজার্ভ ব্যাংক থেকে একস্ট্রা অনুদান দিয়েছিল এবং ৭৫ পারসেন্ট একসপোর্ট ডিউটি ফ্রি করেছিল। একটা ইনডাসট্রিকে বাঁচাবার জন্য এর চেয়ে বেশী ইমিডিয়েটলি আর কি করা যায়। ৬২টি জুটমিলকে জাতীয় করণ করতে হবে দাবী উঠেছে, আমি মনে করি ইট মে বি লং টার্ম রেজলিউসন এ্যান্ড ডিমান্ড--এটা অসম্ভব। ইমিডিয়েটলি এটা করা সম্ভব নয় এবং এটা ইমিডিয়েট সল্যুসনও নয়। রাজ্য সরকার যেটা করেনি সেটা রেজলিউসনের মধ্যে কেন বলা হল না এ প্রশনও আমি রাখছি। আমি জিঞ্জেস করছি বাজোরিয়া, কানোরিয়া এবং গোয়েংকারা যে লকআউট ঘোষণা করেছে তাকে বে-আইনী বলে কেন ঘোষণা করা হল না? তবে অনেক চাপ দেবার পরে দেখলাম ৩টি কারখানার লকআউট বে-আইনী ঘোষণা করা হয়েছে। তখন এরা একসপার্টি ইনজাংসান পেয়ে গেল ইট ইজ কম্পলিটলি ম্যানুপুলেস। আমার কাছে খবর আছে লেবার ডিপার্টমেনটের ব্যুরোক্র্যাটসরা সেই অর্ডারকে ম্যানুপুলেটা করে মালিকের কাছে নিজেদের ভবিষ্যত গুছিয়ে নেবার জন্য এই কাজ করেছেন। ২টি কারখানা বে-আইনী ঘোষণা করা সত্ত্বেও তাকে বে-আইণী বলে ঘোষণা করা যায় নি। তারপর ট্রাইপ্রাটাইট মিটিং হয়, তাতে কোন ফল হয়নি। ১৯৭২ সালের উত্তর যুগে যতগুলো ষ্ট্রাইক, লকআউট ক্লোজার হয়েছে তার অভিঞ্জতা আমার আছে। স্যার, মেটাল বক্সের মত একটা বড় কোম্পাণী, একটা বহু জাতিক ব্যবসা আজ ৬৭ দিন হয়ে গেল কিন্তু মেটাল বক্সের ক্ষেত্রে ত্রিপাক্ষিক চুক্তিতে বসা হল না। তাহলে কোথায় কেন্দ্রীয় সরকারের দোষ? মেটাল বক্সে ৩৮৮ জন কর্মীকে ছাঁটাই করেছে কাজেই তারা বাধ্য হয়ে ষ্ট্রাইক নোটিশ দিয়েছে। স্যার, খড়গপুর ইউনিটকে টাটার কাছে বিক্রি করেছে আবার অন্যদিকে বলছে ন্যাসনালাইজ করা হোক এবং রেজলিউসনের মাধ্যমে বলছে কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়া হোক। এ এক অদ্ভুত অবস্থা। মেটাল বক্স - এর মত একটা কোম্পণী যেটা লাভে চলে না তার এই অবস্থা এবং আমার কাছে খবর আছে ১৬ লক্ষ টাকার বেয়ারিং বিক্রি করে দিয়েছে খড়গপুর দু নম্বর ইউনিট থেকে।

[5.15-5.25 p.m.]

সেই দু নম্বর খড়গপুরের ইউনিট থেকে। এই জিনিষ চলছে। যার ফলে এই রেজালিউসনের মূল সুরটা নষ্ট করে দিয়েছেন। আমি শচীন বাবুর কাছে অনুরোধ করতে চাই, আমরা কয়েকটি জায়গায় একমত ওনাদের সংগে, বহু জায়গায় আমরা জানি ট্রেড ইউনিয়ন করতে গেলে--কমল বাবু জানেন, আমরা বহু জায়গায় লাল পতাকার সংগে তেরংগা ঝাণ্ডা মিলিয়ে দাবী আদায় করেছি শ্রমিকদের স্বার্থে। অপরদিকে এ সত্বেও ন্যাসনালাইজ করার পর

কেন্দ্রীয় সরকারকে ভাবতে হবে। নেতিবাচক রাজনীতি কিন্তু আপনারা ভেতর থেকে করছেন, সেটা বন্ধ করা দরকার। আমাদের কি একটা দায়িত্ব থাকে না, একটা মানসিকতা গ্রো করে না, যে একটা শিল্প জাতীয় করণ করার পর তার উৎপাদন যেন ঠিক থাকে, তার প্রতিটি ডিসিপ্লিন যেন ঠিক থাকে, লসের পরিমাণ যেন কম হয়, এটা আমরা কোন জায়গায় দেখি না। বরঞ্চ আমাদের গভীর উদ্বেগের কথা, যেখানে জাতীয়করণ হয় সেখানে জাতীয়করণের পর লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা লসের দিকে চলে যাচ্ছে, কি রাজ্য সরকারের কি কেন্দ্রীয় সরকারের। আজকে রাজ্য সরকারের ম্যাকিনটস বার্ণে যান, এবং আরও যেসব রাজ্য সরকারের কোম্পানী আছে পাবলিক আন্ডার টেকিংয়ের আওতায়, যে কোন জায়গায় গিয়ে দেখবেন--যেমন কৃষ্ণা গ্লাস ফ্যাকটরী, সেখানে লক আউট হয়ে গেছে, সেখানে তো কেউ ষ্ট্রাইক করে নি? কেন এখানে কৃষ্ণা গ্লাসের কথা লেখা হয়নি, যেটা ৬ মাস এক বছর হয়ে গেল লক আউট হয়ে রয়েছে। অথচ ভারত সরকারকে দোষ দেওয়া হচ্ছে। আপনি আই. আর. সি. আইয়ের কথা বলেছেন। আপনি কি জানেন আই. আর. সি. আই., শুধু আই. আর. সি. আই নয়, আর্থিক অনুদান দেবার সংস্থা যেসব ভারত সরকারের আছে তার মধ্যে আই. আর. সি. আই. ইনডাস্ট্রিয়াল অনুদান দেবার প্রধান সংস্থা। ৬২.১৩ পারসেন্ট অনুদান পেয়েছে শুধু পশ্চিমবঙ্গ আই. আর. সি. আইয়ের কাছ থেকে। এবং এর হেড কোয়ার্টার হচ্ছে পশ্চিমবঙ্গে। ভারত সরকার এর হেড কোয়ার্টার তো বোম্বেতে করে নি, গুজারাটে করে নি, বিহারে করে নি, ভারতসরকার করেছে পশ্চিমবঙ্গে ইনডাস্ট্রিকে বাঁচাবার জন্য। এবং পারসেনটেজ অনেক বেশী দিয়েছে। এইসব ব্ল্যাক এ্যান্ড হোয়াইটে আছে। হোয়ার এ্যাজ আপনারা চেষ্টা করছেন বিভিন্ন জায়গায় ফিরিয়ে দেবার জন্য। আজকে ১২টা চা বাগান সিক ইনডাস্ট্রিতে পরিণত হয়েছে। পরিমল বাবু এখানে থাকলে বলতাম সিক ইনডাস্ট্রিগুলোকে পরিকল্পনা মাফিক ব্ল্যাক এ্যান্ড হোয়াইটে ডিমান্ড করেছে পরিমলবাবু কিন্তু বর্ত্তমানে সেই ইনডাস্ট্রিগুলোকে বহু জায়গায় তার অরিজিন্যাল মালিকের হাতে ফিরিয়ে দেবার জন্য চেষ্টা হচ্ছে। কেন এ জিনিষ হবে? দমদমের এ্যালুমিনিয়্যাম কে ফিরিয়ে দেবার চেষ্টা হচ্ছে, কেন হচ্ছে? জায়গা দেবার চেষ্টা হচ্ছে টাটাকে, কলকাতার বুকের ওপর ন্যূনতম টাকার বিনিময়ে। অপরদিকে রিজকন্টিনেন্ট্যাল হোটেল বন্ধ হয়ে গেল, সেটা খোলার ব্যবস্থা করা হচ্ছে না, নেগোসিয়েসন করে। যেখানে আজকে গ্রেট ইষ্টাণ হোটেল মার খাচ্ছে, পাবলিক আন্ডার টেকিং করে সেটা থেকে যদি লাভ হোতো তাহলে বুঝতাম, কিন্তু সেটাও মার খাচ্ছে। সুতরাং রেজলিউসনটার মধ্যে অনেক ব্রড আউটলুক থাকা দরকার। যদি উদার মানসিকতা না থাকে তাহলে কোন বড় কাজ করা, মহত্ কাজ করা সম্ভব হতে পারে বলে আমি বিশ্বাস করিনা। যদি মন থেকে চান, যে সত্যিকারের একটা ভাল কাজ, ক্লোজার, লক-আউট যে রকম ভয়াবহ দিকে যাচ্ছে -- বিনিয়োগ তো দূরের কথা, আজকে একটা প্যানিক ক্রিয়েট হয়ে গেছে ইনডাস্ট্রিয়ালিষ্টদের মধ্যে, যে এখানে ইনডাস্ট্রি হবে না। মুখ্যমন্ত্রীর কাছে যখন শিল্পপতিরা যান, সমস্ত শিল্পপতি তাঁরা কথা দিয়ে আসেন যে আমরা বিনিয়োগ করব। তারপর ফিরে এসে দেখাগেল কোন রকম ছোট বড় ইনডাস্ট্রির জন্য কোন নূতন বিনিয়োগ হয় নি। তার জন্য আজকে কেন্দ্রকে দোষ দিচ্ছেন। জ্যোতিবাবু চিৎকার করে প্রত্যেক দিন বলছেন It is a part of the Cynic

বলেন যে হলদিয়ায় অনুমতি দিচ্ছে না, লাইসেন্স দিচ্ছে না। আপনারা কি জানেন, যেখানে জুট কোম্পানীর ৩০ হাজার লোক ছাঁটাই হয়ে পড়ে রয়েছে, তাদের জন্য কাঁদছেন না, আর হলদিয়ায় একটা বহু জাতিক ব্যবসা, মালটি ন্যাশান্যাল তার হেড হবে ৭২, তার একটা

কারখানার অনুমতি পাওয়ার জন্য সারা ভারতবর্ষব্যাপী ছড়িয়ে বেড়াচ্ছেন যে কেন্দ্রীয় সরকার অনুমতি দিচ্ছেন না বলে পশ্চিমবঙ্গ ইনডাস্ট্রিতে পিছিয়ে যাচ্ছে।

সুতরাং এই জিনিষগুলি বিচার করে প্রস্তাবটি প্ররিবর্তন করে, মার্জিত করে আরও ইউন্যানিমাস করে আনা হলে সকলের পক্ষে মঙ্গল হবে বলে আমার ধারণা। স্যার, উনি একটি জায়গায় কয়েকটি টেক্সটাইল মিলের কথা বলেছেন। মোহিনী মিলের কথা আমরা জানি। মোহিনী মিল ৬/৭ মাস বন্ধ হয়ে ছিল। সেই সময় ঐ মিলের শ্রমিকরা অভাবের তাড়নায় আত্মহত্যা করতে সুরু করেছিল। তখন কেন্দ্রের দি দেন কমার্স মিনিষ্টার প্রণব মুখার্জী পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে বলেছিলেন যে আপনি দায়িত্ব নেবেন বলুন, আমি এটা পুরোপুরি ন্যাশনালাইজ্ করে দিচ্ছি। এ সম্পর্কে চিফ মিনিষ্টারকে ৭টি চিঠি দেওয়া হয়েছিল কিন্তু তিনি কোন উত্তর দেননি এবং বলেননি যে আমি এর দায়িত্ব নেবো, আপনি ন্যাশনালাইজ্ করুন। আজকে ন্যাশনাল রাবার ইনক্লুডিং ইন্ডিয়া রাবার এ্যান্ড ইনচেকের প্রায় অর্ধেক জাতিয়করণ করা হয়েছে। কিন্তু এর ফলে কি হচ্ছে? সেখানে জ্যোতিবাবু কোথা থেকে একজন মিলিটারী ম্যানকে এনে বসিয়ে দিয়েছেন। সেই মিলিটারী ম্যান খালি ফুলের বাগান করেছেন আর চুরি করছেন। এ ছাড়া আর কিছুই তিনি করছেন না। কাজেই এইসব জিনিষ বিচার না করে যদি শুধু "ন্যাশনালাইজ করুন, ন্যাশনালাইজ করুন, কেন্দ্রীয় সরকার কিছু করছে না" ইত্যাদি বলে শুধু চিৎকার করেন, তাহলে মূল সমস্যার কোন সমাধানই হবে না। আজকে এর গভীরে যেতে হবে। এ ব্যাপারে কি কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকার -- সবারই দায়িত্ব রয়েছে। একথা কেউ বলেনা যে কেন্দ্রীয় সরকারের কোন দায়িত্ব নেই। নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের দায়িত্ব এ ক্ষেত্রে রয়েছে। আজকে যেখানে যেখানে লিকুইডিশানে যাচ্ছে -- সেই লিকুইডিশানগুলি বন্ধ করবার জন্য এই বিধানসভা থেকেই হোক বা সরকারের পক্ষ থেকেই হোক যদি কোন ব্যবস্থা নেওয়া সম্ভব হয় তাহলে আমরা তা নিশ্চয়ই সমর্থন করবো। কিন্তু সংঘর্ষের মধ্যে দিয়ে নয়, সমালোচনার মানসিকতার মধ্যে দিয়ে নয় -- যদি সমস্যা মোকাবিলার ক্ষেত্রে সত্যিকারের মানসিকতা নিয়ে এগিয়ে আসা হয় তাহলে নিশ্চয়ই আমরাও তাঁদের সঙ্গে একমত হবো। এর ফলে বাংলা শ্রমিক বাঁচবে, কৃষক বাঁচবে। এখানে কংগ্রেস বা কম্যুনিষ্ট বিচার করলে হবে না। আজকে এই জিনিষগুলো বিচার করে ব্যবস্থা নেবার ক্ষেত্রে যে বিরাট দায়িত্ব রয়েছে, সেই দায়িত্ব যদি তাঁরা সঠিকভাবে পালন করেন তা পশ্চিমবাংলার ইন্ডাষ্ট্রী বাঁচবে। স্যার, ইন্ডাষ্ট্রী থাকে কি করে? ইন্ডাষ্ট্রী থাকে ইনসেনটিভের লোভে। ইন্ডাষ্ট্রী বাঁচে কি করে? ইন্ডাষ্ট্রী বাঁচে যদি প্রডাকশন এবং কনজামশনের মধ্যে সমতা থাকে। যদি এই সমতা হারিয়ে ফেলে তাহলে ইন্ডাষ্ট্রী বাঁচতে পারে না। রেজোলিউশন এনে, বক্তৃতা করে ইন্ডাষ্ট্রী বাঁচান যায় না, ইকোনমিও ধ্বংসের দিকে এগোয়।

মিঃ স্পীকার স্যার, কেন্দ্রীয় সরকার সিকসথ্ প্ল্যানে আরও ৯।। শত কোটি টাকা নুতন ইনভেষ্ট করেছেন। কিন্তু এঁরা গত তিন মাসে সমস্ত পাবলিক আন্ডারটেকিংয়ে ষ্ট্রাইক করিয়েছেন, ব্যাঙ্কেও ষ্ট্রাইক করিয়েছেন। একদিকে যেখানে পাবলিক আন্ডারটেকিংগুলোতে ষ্ট্রাইক করাচ্ছেন, অন্য দিকে বিড়লার টেকসমাকো যান বা হিন্দমোটর যান - সেখানে মালিক পক্ষ এবং সি. আই. টি. ইউ জোর করে প্রডাকশন বাড়াবার জন্য শ্রমিকদের পেছনে পাইপগান ধরে এগ্রিমেন্টে সই করিয়ে নিচ্ছে। এগুলো আজকে ভাববার দরকার আছে। আজকে একট ইরেসপনসিবল রেজোলিউশন এনে এটাকে বড় করে দেখাবার কোন কারণ আছে বলে আমি মনে করি না। এখানে শ্রমমন্ত্রী নেই, থাকলে ভাল হোত। রাষ্ট্রমন্ত্রী আছেন কিন্তু এ ব্যাপারে

দুঃখ প্রকাশ করা ছাড়া ওনার আর কিছুই করার উপায় নেই। আজকে একটা ব্যাঙ্কে গিয়ে লেবার মিনিষ্টার বলে এলেন যে আইনকানুন মেনে ট্রেড ইউনিয়ন করার দরকার নেই। এঁরা আবার ন্যাশানালাইজ করার কথা বলছেন! ট্রেড ইউনিয়ন করাব ক্ষেত্রে যেখানে একজন রেসপনসিবল ম্যান এই রকম কথা বলছেন, সেখানে তাঁরা আবার রেজলিউশন এনে বাংলাদেশের এক কোটি শ্রমজীবী মানুষের ভাল করবার কথা চিন্তা করছেন! অদ্ভুৎ সব কথাবার্তা। এই ধরণের কথাবার্তার ফলে ইরেসপনসিবল মানসিকতা তীব্র হচ্ছে এবং ফলে বহু জায়গায় ষ্ট্রাইক হচ্ছে। আপনারা জানেন যে আজকে বহু জায়গায় 'সিটু' বিনা কারণে মালিকের সাথে হাত মিলিয়ে ষ্ট্রাইক করিয়ে রেখেছে। আমি এমন বহু ঘটনা জানি যেখানে মালিকের সঙ্গে হাত মিলিয়ে তথাকথিত শ্মশানের শান্তি প্রতিষ্ঠা করার জন্য ষ্ট্রাইক করানো হয়েছে। এমন নজিরও আমি জানি, যেখানে কমার্শিয়াল অর্থাৎ বানিজ্যিক ফাটকা করার জন্য আজকে 'সিটু' এবং মনোপোলি হাউসগুলি গাঁটছড়া বেঁধেছে। দে জয়েন হ্যান্ডস্ উইথ্ ইচ্ আদার। আজকে মনোপলি হাউস-বাজোরিয়া, কানোরিয়া, বিড়লা-এরা বলছে যে সি. পি এম গভর্ণমেন্ট ভাল চালাচ্ছে, এখানে শান্তি আছে, আমরা ব্যবসা-বাণিজ্য করে খাচ্ছি। আজকে বিড়লারা কাকে সার্টিফিকেট দিচ্ছে? বিড়লার সার্টিফিকেট আজকে কারা পাচ্ছে? আজকে জিৎপাল-এর সার্টিফিকেট যারা পায় শ্রমিকদের ভালমন্দ ভাববার নৈতিক অধিকার তাদের আছে বলে আমি মনে করি না। আজকে প্রভিডেন্ট ফান্ডের ১৫ কোটি টাকা নয়-ছয় হয়ে গেল। বাই ভার্চু দি লেবার মিনিষ্টার ইজ দি চেয়ারম্যান অব দি প্রভিডেন্ট ফান্ড কমিটি, আজ পর্যন্ত শ্রমিকদের ঐ টাকা পাইয়ে দেবার কোন ব্যবস্থা করা হয় নি। ই. এস. আই. স্কীমের ৪।। কোটি টাকা যেটা মনোপলি হাউসের হাতে রয়েছে--সেটা তাদের কাছ থেকে আদায় করার কোন ব্যবস্থা করা হয়নি। ২৬টি যে ফান্ড কমিটি আছে, সেগুলোকে আজকে ডিফাংকট্ করে দেওয়া হয়েছে। এমন কি, যে এক্সচেঞ্জের কথা বলা হয়, সেই এক্সচেঞ্জে যে সমস্ত সিটুর প্রতিনিধি নিয়ে কমিটি করা হয়েছে--সেই কমিটির কোন মিটিংয়েতেও আলোচনা পর্যন্ত হয়নি। সম্পূর্ণভাবে একটা জোচ্চুরীর মধ্যে দিয়ে কাজ চলছে।

[5.25-5.35 p.m.]

সম্পূর্ণভাবে জোচ্চুরি ও জুয়াচুরির মধ্যে দিয়ে এ সব গুলি চলছে। এ ছাড়াও আমি যদি দুটো ট্রাইপার্টিইট্ নেগোসিয়েসনের উদাহরণ দিই তাহলে আপনি স্যার, চমকে উঠবেন। স্যার, ঔদাসীন্যতা, অপদার্থতা এবং দীনতা থাকলে, তার দ্বারা ইনসেনটিভ থেকে সরিয়ে নিয়ে এসে সিকিউরিটিকে ইন স্টক্ করে কোন দিন ক্লোজার, লক আউট, লে-অফ্ এ্যান্ড স্ট্রাইক্ থেকে মুক্তি পাওয়া যায় না। সুতরাং আমি সরকার পক্ষকে বলব যে, এইভাবে আপনারা পশ্চিমবাংলার মানুষকে বাঁচাতে পারবেন না।

স্যার, আমি এখানে দুটি উদাহরণ দিয়ে আমার বক্তব্য শেষ করব। দুটি খুবই মারাত্মক উদাহরণ আমি রাখছি। যখন আমরা এখানে ক্ষমতায় ছিলাম, অর্থাৎ কংগ্রেস সরকার যখন ছিল তখন একটা ট্রাইপার্টইট্ এগ্রিমেন্ট হয়েছিল জুট, টেক্সটাইল এ্যান্ড ইঞ্জিনিয়ারিংকে নিয়ে। সেই চুক্তিতে মোট ৮ লক্ষ শ্রমিকের জন্য একটা এ্যাওয়ার্ড ঘোষিত হয়েছিল। প্রতিটি শ্রমিকের জন্য ৫০ টাকা কয়েক পয়সা এ্যাওয়ার্ড নির্দিষ্ট হয়েছিল। কিন্তু এই সরকার ক্ষমতায় এসে সেটাকে ১৯ মাস পেন্ডিং রেখেছিল। স্যার, আপনি জানেন একটা এগ্রিমেন্টের টার্ম শেষ হয়ে গেলে পরে মন্ত্রীর ঘরে সংশ্লিষ্ট সকল পক্ষ এক সংগে বসে এক কাপ চা খেয়েই সেটা আবার ঠিক

করে ফেলা যায়। সকলে আবার এগ্রিমেন্টে সই করলেই হয়ে যায়। কিন্তু এ ক্ষেত্রে তা হয় নি, ১৯ মাস সেটা পড়েছিল। ১৯ মাস পরে হুমকি দেবার পরে সেটা দেওয়া হয়েছিল। ১৯ মাস ধরে ৮ লক্ষ শ্রমিক ৫০ টাকা করে পেল না। ১৯ মাসের এরিয়ার প্রায় ৭৫/৭৬ কোটি টাকা করে দেওয়া হলো না। সেই টাকা সরকারী টাকা নয়, শ্রমিকদের মাথার ঘাম পায় ফেলা উপার্জিত টাকা, সেই টাকা মালিকদের ঘরে চলে গেল। আমি কি বিশ্বাস করব যে এই সরকার বিনা সেয়ারে অত টাকা মালিকদের ঘরে উঠিয়ে দিল!

তারপরে ইঞ্জিনিয়ারিং শিল্পের শ্রমিকদের জন্য যে ওয়েজ নেগোসিয়েশন হয়েছিল, তাতে যে এগ্রিমেন্ট হয়েছিল সেই এগ্রিমেন্ট অনুযায়ী শ্রমিকদের প্রায় ২ বছরের কাছাকাছি, এরিয়ার পাওনা হয়েছিল, কিন্তু তাদের মাত্র ৫ মাসের এরিয়ার দেওয়া হয়েছিল, আর বাকি ১৮ মাসের এরিয়ার দেওয়া হয়নি। এরিয়ারের টাকা কার টাকা? কার পকেটে চলে যাচ্ছে? সুতরাং আজকে এসব গুলি ঠিক না করে শুধু কেন্দ্রীয় সরকারকে গালাগালি দিয়ে কোন লাভ আছে বলে আমি মনে করি না।

স্যার, যদিও আমি এই প্রস্তাবের মূল বক্তব্যের সংগে এক মত, তবুও আমি বলব যে, সংকীর্ণ রাজনৈতিক কটাক্ষের ফল্গু ধারা প্রবাহিত হয়ে গোটা রাজনৈতিক কটাক্ষের ফল্গু ধারা প্রবাহিত হয়ে গোট রাজনৈতিক এ্যাটমোসফিয়ারকে কলুষিত করছে। ফলে আজকের এই প্রস্তাবও সংকীর্ণ রাজনৈতিক গোঁড়ামির দোষে দুষ্ট। সেই জন্য আমি একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি সকল মাননীয় সদস্যকে আমার এ্যামেন্ডমেন্টটি সমর্থন করতে অনুরোধ করছি। আসুন আমরা সবাই মিলে ক্লোজার, লক্-আউট, লে-অফ্ থেকে শ্রমিক শ্রেণীকে, মানুষকে বাঁচাবার চেষ্টা করি।

**Shri Amalendra Roy :** Mr. Speaker, Sir, I beg to move that in Para 5, Lines 6 and 7 the words beginning with "Bengal Laxmi Cotton Mills", and ending with Bengal Fine Cotton Mills," be omitted.

Sir, I also beg to move that in Para 6, Line 3 after the words "Industrial Reconstruction Corporation of India", the words "and National Textile Corporation of India WBABO" be added.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শচীনবাবু যে প্রস্তাব এখানে পেশ করেছেন তার অপারেটিভ পার্টে আমি দুটো এ্যামেন্ডমেন্ট মুভ করতে চাই। প্রথম হচ্ছে, ফিফ্থ প্যারাগ্রাফের যেখানে বেংগল লক্ষী কটন মিলস, রামপুরিয়া কটন মিলস, সেন্ট্রাল কটন মিলস, বেংগল ফাইন কটন মিলস ইত্যাদি নাম গুলি আছে সেখানে আমি এই নামগুলি তুলে দিতে চাই। দ্বিতীয় হচ্ছে, ৬ নং প্যারার যেখানে সেন্ট্রাল রি-কনস্ট্রাকশন কর্পোরেশন অফ্ ইন্ডিয়ার নাম আছে সেখানে আমি তার সাথে আর একটি নাম করে দিতে চাই, ঐ নামের পরে এ্যান্ড ন্যাসানাল টেক্সটাইল কর্পোরেশন অফ্ ইন্ডিয়া ডব্লু.বি.এ.বি.ও. - নামটি যোগ করতে চাইছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংশোধনী দুটির সম্বন্ধে আমার খুব বেশী বক্তৃতা রাখবার দরকার নেই। আমি শুধু এটুকু বলতে চাই যে, এই প্রস্তাবটির অপারেটিভ পার্টে তিনটি প্যারাগ্রাফ আছে। প্রিমাইস্'এর মধ্যে আমি যাচ্ছি না, প্রিমাইস্ নিয়ে হয়ত আপত্তি থাকতে পারে। কিন্তু আমি সুব্রতবাবুকে এই প্রস্তাবের অপারেটিভ্ পার্টটা একটু দেখবার জন্য অনুরোধ করছি। সেখানে তিনটি প্যারাগ্রাফ্ আছে, তার একটার সম্বন্ধেও বিন্দু মাত্র আপত্তি করার কোন কারণ আছে বলে আমি মনে করি না।

আমি সেজন্য অনুরোধ করব তাঁকে যে প্রেমিসেস যা থাকুক না কেন অপারেটিভ পার্টটা দেখুন, যেটা আমরা করতে চাইছি সেখানে কোন আপত্তি আছে কিনা? আমরা প্রথম প্যারাগ্রাফে যে এ্যামেন্ডমেন্ট টা এনেছি সেটার কারণ হচ্ছে এই যে আমরা বলছি কি? যে সমস্ত ডি নোটিফিকেশনের প্রোপোজাল করা হয়েছে সেগুলি উইথড্র করা হোক এবং এই সমস্ত সংগঠনগুলিকে ন্যাশানালাইজ করার ব্যবস্থা করা হোক। কিন্তু এর মধ্যে যে বিলগুলির নাম করছি, যে কটি বিল পার্ট ন্যাশানালাইজ হয়ে গেছে এটা ডি-নোটিফিকেশন করার কথা ছেড়ে দেওয়ার কোন কথা উঠছে না। এটা ডি-ন্যাশানালাইজ করতে হবে, যা করতে হবে তার জন্য পার্মানেন্টলি আইন দরকার। সুতরাং এই নামগুলি এখন অপ্রাসঙ্গিক। এখানে এই প্রথম আমরা অপারেটিভ পার্টে বক্তব্য রাখছি যে সমস্ত ডিনোটিফিকেশনের প্রোপোজাল উইথড্র করে নেওয়া হোক এবং যত গুলি ম্যানেজমেন্ট টেক ওভার করা হয়েছে, আমরা জানি সরকারের প্রথম মিসম্যানেজমেন্ট যে প্রমাণিত সে সমস্ত কারখানাগুলিকে ১১ দফায় তাদের ম্যানেজমেন্ট টেক ওভার করে, ম্যানেজমেন্ট টেক ওভার করার পর যদি সে রকম কিছু প্রকাশ থাকে তাহলে কোথাও সেগুলি ন্যাশানালাইজ হয়, কোথাও ন্যাশানালাইজ হয় না এবং অনেক অনেক ক্ষেত্রে হয়ত পুরণো মালিকদের হাতে তুলে দেবার কথা উঠতে পারে। এখানে কতকগুলি কারখানা, সেগুলির ম্যানেজমেন্ট টেক ওভার করা হয়েছে, প্রপার্টি টেক ওভার করা হয়নি। ইন্ডাষ্ট্রিয়াল ডেভালাপমেন্ট রেগুলেসন এ্যাক্ট এর দুটি বিধান আছে, ম্যানেজমেন্ট টেক ওভার করা প্রপার্টি টেক ওভার করা নয়। ম্যানেজমেন্ট যেখানে টেক ওভার করা হচ্ছে সেখানে ম্যানেজমেন্ট ফিরিয়ে দেবার প্রশ্ন উঠছে বা উঠতে পারে। প্রশ্নটা এই ম্যানেজমেন্ট টা একবার টেক ওভার করলে এবং টেক ওভার করার পর ইন্ডাষ্ট্রিয়াল ডেভালাপমেন্ট করে না, অন্যান্য জায়গা থেকে। তারপর আবার তাদের ম্যানেজমেন্ট পুরণো মালিকদের হাতে ফিরিয়ে দিয়ে কোন লাভ হবে না। পুরণো মালিকদের হাতে ফিরিয়ে দিলে পর এই ম্যানেজমেন্ট টেক ওভার করা নিয়ে হাজার হাজার শ্রমিক কর্মচারীদের কাজ দিতে পারছে তাদের কাজটা চলে যাবে কিনা? এটা হচ্ছে খুবই জরুরী প্রশ্ন। সেজন্য আজকে ঐ ডেভালাপ করার প্রশ্ন যেখানে যেখানে উঠছে সেখানে আমরা বলছি নো, কোন ডিনোটিফিকেশন নয়। কাকে তুলে দেবেন? তুলে দেওয়ার অর্থ হচ্ছে কারখানা বন্ধ করে দেওয়া। সরাসরি একথা না বলে বলা হয় আমরা ডিনোটিফিকেশন করে দেব। এই সব কারখানা আমরা চালাব না। বন্ধ করে দেব, আর কোন উপায় নেই। বরং মালিকদের কোন কারখানা ডিনোটিফাই করে তুলে এবং কোন কারখানা আছে সেই কারখানা টা পুরনো মালিকরা চালাতে পারে। সেগুলি ইন্ডাষ্ট্রিয়াল ডেভালাপমেন্ট এ্যান্ড রেগুলেসন এ্যাক্ট অনুযায়ী ম্যানেজমেন্ট টেক ওভার করা হয়েছে সেই সব মালিকদের মধ্যে এক জনের পক্ষেও আর এই প্রথম ষ্ট্যাটাসে চালান সম্ভব পর নয়। আমি জানি না ভারতবর্ষের ডিনোটিফিকেশন করার সময়ে এই কথা মনে রেখেছেন কিনা? করতে হলে এই কারখানাগুলিকে চালানোর জন্য টাকা যাই দরকার হোক না কেন আমরা সব দেব এই রকম কোন শর্ত যদি থাকে তাহলে বলার কিছু নেই। নতুবা ডিনোটিফিকেসনের অর্থ হচ্ছে পুরোপুরি বন্ধ করে দেওয়া, যে লোকগুলিকে এইভাবে ম্যানেজমেন্ট টেক ওভার করে কাজ দেওয়া হয়েছে সেই শ্রমিক কর্মচারীগুলিকে কারখানার গেটের বাইরে বার করে দেওয়া ছাড়া আর কোন উপায় নেই। অতএব সেজন্য আমি বলছি না, ডিনোটিফিকেশনের যতগুলি প্রবলেম আছে উইথড্র করুন এবং আপনার সামনে আর কোন রাস্তা নাই। পিছনে হটবার বা ফিরবার কথা বলতে পারছি না।. সামনের দিকে এগোতে হবে। ম্যানেজমেন্ট টেক ওভার করার পর প্রবলেমগুলি এখানে ট্যাকল করা সম্ভবপর না হয়ে

থাকে তাহলে পার্টিয়ারী ম্যানেজমেন্ট টেড ওভার হবে না। ফুললি এই কারখানাগুলিকে ন্যাশানালাইজড্ করে সমস্ত দায় দায়িত্ব গ্রহণ করে হাজার হাজার শ্রমিক এবং কর্মচারী যাতে কাজ করতে পারে তার বন্দোবস্ত করতে হবে। কাজেই এক নম্বরে আপত্তির কিছু নেই নিশ্চয়ই!

[5.35-5.45 p.m.]

দ্বিতীয়তঃ, অপারেটিভ পার্ট যেটা রেজোলিউশনে আছে—এখানে আমি ন্যাশানাল টেক্সটাইল কর্পোরেশন নামটা জুড়ে দিতে চাই। এখানে ডায়াবিলিটির দিকটা দেখা হয়েছে। যে কারখানাগুলো টেক ওভার করা হয়েছে সেই কারখানাগুলিকে যদি আজকে লাভে চালাতে পারা যায় নিশ্চয়ই আপত্তির কিছু নেই! এখানে এই কথা বলতে চাই যে পশ্চিমবাংলার ১৪টি মিল এবং মাননীয় সুব্রতবাবুর কাছে শুনলেন যে মোহিনী মিলকেও এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। কাজেই মোট ১৫টি মিল এখন ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের হাতে এসেছে। কিন্তু এই মিলগুলোর ডায়াবিলিটি এস্টাব্লিস্ করা হয়নি। অল্ দি ফিফ্টিন মিলস্ আর সিক্ মিলস্। কিন্তু এখানে প্রশ্ন উঠতে পারে-হোয়াই? হোয়াইর জবাব নিশ্চয়ই আছে। আর এই হোয়াই-এর জবাবটাই আমাদের খুঁজে বের করতে হবে। আজকে এই সিকমিলগুলি সিক্ টেকস্টাইল আন্ডারটেকিংস্ হিসাবে নানা রকম সুযোগ সুবিধা পেয়ে যাচ্ছে। অবশ্য এগুলো যে সিক্ এ বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই এই সমস্ত ইউনিট যেগুলোর ভায়াবিলিটি এষ্টাব্লিস হয়নি কিন্তু ন্যাশনালাইজ করা হয়েছে, আজকে সেই সমস্ত ইউনিটস্ ভায়াবিলিটি এষ্টাব্লিস্ করাটা ইকুয়ালি আর্জেন্ট। এ বিষয়ে আপত্তির কি থাকতে পারে? তৃতীয় প্রস্তাবে অপারেটিভ পার্ট সম্বন্ধে যা বলা হয়েছে তাতেও আপত্তির কিছু থাকতে পারে না। এতে বলা হয়েছে টু টেক ষ্টেপস্ উইদাউট এনি ফার্দার ডিলে টু রিওপন্ অল্ দি ফ্যাকটরিস্ ইন ওয়েষ্ট বেঙ্গল হুইচ্ আর নাউ ক্লোজড্-এতে আপত্তিকর কিছু বলা নেই! কাজেই অপারেটিভ পার্টে যে তিনটি প্যারাগ্রাফ দেখছি তাতে সুব্রতবাবু নিশ্চয়ই একমত হবেন যে এখানে আপত্তি করবার কিছু নেই। অতএব, অপারেটিভ পার্ট সম্পর্কে এখানে যে প্রস্তাব রাখা হয়েছে, আসুন, সেটা আমরা সর্বসম্মতিক্রমে গ্রহণ করি। এখানে দোষারোপ করে লাভ নেই বা অন্য কোন আলোচনার মধ্যে গিয়েও লাভ নেই। ইট ইজ দি অপারেটিভ পার্ট দ্যাট ম্যাটার্স, আমি মনে করি এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়া উচিত। এই কথা বলে এবং মাননীয় শচীনবাবুর প্রস্তাবসহ আমার সংশোধনী যা এখানে উত্থাপন করেছি তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী শচীন সেন যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। এটা খুবই খুশীর বিষয়, শুধু বিধানসভার অভ্যন্তরে নয়—পশ্চিমবঙ্গে যে হাজার হাজার শ্রমিক-কর্মচারী আছেন, যাঁরা তাঁদের অনিশ্চিৎ ভবিষ্যত নিয়ে চিন্তিত, যাঁরা ন্যায় সঙ্গত অধিকারের দাবীতে ঐক্যবদ্ধ শ্রমিক আন্দোলন করে আসছেন--তাঁদের মনে আত্মবিশ্বাস জাগিয়ে তুলবার জন্য আজকে এই প্রস্তাব এখানে এসেছে। এই প্রস্তাবকে যদি সর্বসম্মতিক্রমে এখানে গ্রহণ করতে পারি, তাহলে পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণীর ন্যায় সঙ্গত দাবীকে কেন্দ্রের কাছে তুলে ধরতে পারবো। এবং সেদিক থেকেই এই প্রস্তাবের গুরুত্ব বিবেচনা করতে হবে। আমরা যাঁরা প্রস্তাব সম্পর্কে এখানে আলোচনা করছি, এটা কোন গোপন কথা নয়—যাঁরা আই.এন.টি.ইউ.সি করেন, তাঁদের শ্রমিক আন্দোলন [illegible] একটা দৃষ্টিভঙ্গী আছে। আবার যাঁরা সি.আই.টি.ইউ. করেন তাঁদেরও একটা

দৃষ্টিভঙ্গী আছে। সেই দৃষ্টিভঙ্গীর মধ্যে কোনটা সঠিক আর কোনটা বেঠিক, তা ইতিহাসের কষ্টিপাথরে যাচাই হয়ে গেছে। কাজেই বিধানসভার এই আলোচনার মধ্যে ঐ প্রশ্ন আর তুলতে চাই না। কিন্তু এখানে কংগ্রেস(আই) দলের মুখ্য সচেতক সুব্রত মুখার্জী মহাশয় বলেছেন যে ইন্ডিয়ান রিকনষ্ট্রাকশন কর্পোরেশন অফ্ ইন্ডিয়া পশ্চিমবঙ্গে ম্যাকসিমাম বিনিয়োগ করেছে। কিন্তু উনি কি বলতে পারেন যে ওয়ার্কার্সদের স্বার্থে এই সংস্থা মূলধনী খাতে যথার্থ বিনিয়োগ করেছে? কিন্তু আজকে সেখানে আমরা শ্রমিকদের সাথে সাধ্যমত সহযোগিতা করছি। যেখানে যা দরকার, যা করণীয় তা এখানে করা হচ্ছে।

কিন্তু অপদার্থ পরিচালন ব্যবস্থা, আই.আর.সি.আই-এর মাথা ভারি প্রশাসন ব্যবস্থা এমন জায়গায় নিয়ে যাচ্ছে সেখানে শ্রমিকরা ভাল ভাবে কাজ করতে পারছে না। সেই জন্য আমি বলতে চাই শ্রমিকদের নিয়ে তাদের অনুভূতির কথা জানাবার জন্য দলমত নির্বিশেষে এক সংগে দাঁড়িয়ে পশ্চিমবাংলার দাবিকে দিল্লির দরবারে উপস্থিত করতে হবে। বিরোধী পক্ষের মাননীয় মুখ্য সচেতক এই কথা তো একবারও বললেন না? আজকে ইস্টয়র্ন রিজিয়ানে বিশেষ করে পশ্চিমবাংলায় ইন্সটিটিউসান্যাল ফাইনান্স বা অন্যান্য যে সমস্ত সংস্থা গুলি আছে পশ্চিমবাংলায়-আমার সময় নেই, বেশী বলতে পারছি না-ইসটার্ন রিজায়নে সেই স্বাধীনতার পর থেকে কি বিনিয়োগ হচ্ছে? এখানে বিনিয়োগ কম হচ্ছে। আর সেই জায়গায় মহারাষ্ট্রে বাড়ছে। এর জন্য আমি হিংসা করছি না। পূর্বাঞ্চলকে ধ্বংস করে দিয়ে, এখানকার উৎপাদনকে ব্যহত করে যে অবস্থায় এনেছেন তাতে এখানে শিল্প উন্নয়ন হতে পারে না। আমরা এই ব্যাপারে একটা বই বার করেছি অনুগ্রহ করে সেই বইটা একটু পড়ে দেখবেন। তাতে তথ্য দিয়ে লেখা আছে কোথায় কি ভাবে কেন্দ্রীয় সরকার দেখছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই আবেদন করবো আজকে পশ্চিমবাংলায় শ্রমিক শ্রেণীর কাছে যেন আত্মবিশ্বাস ও ভরসা ফিরিয়ে আনতে পারি। পশ্চিমবাংলায় এই গভীর সংকটের মধ্যে আমরা ঐক্যবদ্ধ আন্দোলন করে পশ্চিমবাংলার ন্যায্য দাবিকে যেন কেন্দ্রীয় সরকারের দরবার পৌঁছে দিতে পরি। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব** ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শচীন সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন এবং মাননীয় সদস্য অমলেন্দ্র রায় মহাশয় যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। অপারেটিভ পার্ট টার দিকে দেখবার জন্য আমি বিরোধী দলের সদস্য সুব্রত বাবুকে বলবো। আমরা যেমন বাইরে আন্দোলন করি তার প্রতিধ্বনি বিধানসভার অভ্যন্তরে হোক। সুব্রতবাবু যে কথা বলেছেন তার দুটি কথার জবাব আমি দেব। মেটাল বক্স সম্বন্ধে উনি বলেছেন। উনি হয়ত জানেন যে প্রাইভেট সেকটরে মেটাল বক্সের এ্যানুয়াল ট্রানওভার হচ্ছে ৯৫ কোটি টাকা এবং মেটাল বক্সে ৪ হাজার শ্রমিক কাজ করে। সেই মেটাল বক্স এখন বন্ধ আছে, ১৮ই জুলাই বন্ধ হয়েছে। তার একটা পার্ট খড়গপুর, টাটা নিয়েছে। আমরা বলি যে আরো নেওয়া হোক। তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু এটা মালটিন্যাশানাল কিছু ছিল। দ্বিতীয় নাম্বার কথা হলো, সুব্রতবাবু বলেছেন যে প্রণব বাবু ২০০ কোটি টাকা চটকল মালিকদের দিয়েছিলেন। তাঁর কাছে আমাদের জানবার আছে যে টাকা কি শ্রমিকদের স্বার্থে দেওয়া হয়ে ছিল? তাহলে এই টাকাটা যে রিজার্ভ ব্যাংক ডাইভারসিফাই করলে মালিকদের বিরুদ্ধে কি ব্যবস্থা সুব্রতবাবুরা রিজার্ভ ব্যাংকের মাধ্যমে করাতে পেরেছেন? সেই ২০০ কোটি টাকা আপনারা জানেন মনোপলি হাউস, পাঁচটি পরিবার চট কলের মালিক, তারা অধিকার করে আছে। আর ৭-৮টি মিল বন্ধ আছে। সুব্রতবাবু নিজে জানেন, আমরা এই

নিয়ে আন্দোলন করেছি। বন্ধ থাকা সত্ত্বেও ওয়ার্ক ডান কমেনি, কাজের বোঝা শ্রমিকদের উপর চাপিয়ে দিয়েছে। আমার বক্তব্য হচ্ছে যে কেন্দ্রীয় সরকার ডিনোটিফিকেশানের জন্য যে প্রস্তাব নিয়েছেন তাতে এই শচীন সেন আনিত প্রস্তাবে আপত্তি থাকার কথা নহে। পশ্চিমবাংলার স্বার্থে উনি এই গুলি প্রত্যাহার করুন। এই মিল গুলি ভায়েবেল এতো দিন হয় নি। এর পিছনে অনেকগুলি কারণ আছে। যে গুলি ন্যাশান্যালাইজ হয়েছে তার প্রপার মডানাইজেশান হয় নি। সেই গুলির হ্যাপাজাড আন প্লান্ড মডানাইজেশান হয়েছে। যারা টপ হেভী এডমিনিসট্রেসানে আছে, অপর দিকে এই প্রাইভেট সেকটারের ব্যাপারে আপনারা জানেন এই যে টপ ম্যানেজমেন্ট যারা আছে তাদের দায় দায়িত্ব কিছু থাকে না টু এ্যাপ্রোচ দি রেসপেকটিভ মিনিষ্টার। তার ফলে কি হচ্ছেয় কেন্দ্রীয় সরকারের যে সমস্ত সংস্থা এখানে আছে--বার্ড, বেথোয়েড-এই জায়গায় টপ হেভী এ্যাডমিনিসট্রেশানে প্রপার প্ল্যানে মডানাইজেশন হয় নি। যার ফলে এখানে শিল্প গুলির উন্নতি যে ভাবে ঘটা উচিৎ ছিল সেই ভাবে ঘটে নি। সেই কারণে যদি বলে যে ডিনোটিফিকেশান করে পুরোনো মালিকদের ফিরিয়ে দেওয়া হবে, এটা ঠিক নয়। মালিকদের কাছ থেকে নেবার ফলে নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের কিছু খরচা হয়েছিল। তার পরে এটা প্রপার প্ল্যান মেনারে হয় নি। সেটা যাতে প্রপার ওয়েতে হয়, প্ল্যান্ড ম্যানারে যাতে মডানাইজেশান হয় সেটা দেখতে হবে। পুরোনো মালিকদের ফিরিয়ে দেবার কোন যুক্তি থাকতে পারে না। এই পুরোনো মালিক কারা? যারা এই কারখানাগুলি ন্যাশানালাইজেসানের আগে বিভিন্ন ফাইনানসিয়াল ইন্সষ্টিটিউশন থেকে কোটি কোটি টাকা নিয়েছে এবং সেই সমস্ত টাকা তারা ড্রেনেজ করেছে।

[5.45-5.55 p.m.]

এই সমস্ত টাকা পশ্চিমবাংলা থেকে নিয়ে গিয়ে পশ্চিম উপকূলে বিভিন্ন স্থানে শিল্প স্থাপন করছেন। অনেক কথা আমার বলার আছে, কিন্তু সময় খুবই সংক্ষিপ্ত। এই হাউসের মধ্যে যেমন ভাবে আমরা যুক্ত প্রস্তাব গ্রহণ করি, বিধানসভার বাইরেও তেমনি আমরা চটকল শ্রমিকদের নিয়ে আন্দোলন করি যুক্তভাবে। কিছুদিন আগে, এই বিধানসভার বাঁদিক এবং ডানদিকের সকল সদস্য যুক্তভাবে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলাম পশ্চিমবাংলার স্বার্থ রক্ষার জন্য। আমরা বিভিন্ন শ্রমিক সভাগুলিতে প্রতিনিধিত্ব করি, শ্রমিকদের স্বার্থ রক্ষার জন্য কথা বলি। আজ বিধানসভার চত্বরে মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন, সেগুলি নিয়ে আপনারা বাইরে বলে থাকেন। বেঙ্গল পটারী কনটেনার্স ক্লোজার নিয়ে, ন্যাশানাল টেক্সটাইল, ইনজিনিয়ারিং শিল্প ইত্যাদি সম্বন্ধে বলেছেন যে, এদের কোন ভবিষ্যৎ নেই। কিন্তু কখনই ঠিক নয়। পশ্চিমবাংলা কিন্তু একদা গোটা ভারতবর্ষের ইনজিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে পথ প্রদর্শক ছিল। একথা আমরা সকলেই ভালভাবে জানি। সুতরাং এই সকল শিল্পের ভবিষ্যৎ কিছু নেই, একথা কখনই বলা চলে না। পশ্চিমবাংলার বুকে এই সকল শিল্পের ম্যানেজমেন্টের পক্ষে প্রপার প্ল্যানিং হাওয়া সম্ভব কিনা--আমাদের ন্যাশানাল টেক্সটাইলের ট্রেড ইউনিয়নে কেন্দ্রীয়মন্ত্রী বসেছিলেন--তা দেখার জন্য এখানে স্টাডি করতে এসেছিলেন। তাঁরা সেদিন স্টাডি করে ১৪টির মধ্যে ১১-১২টির অবস্থা ভাল বলে স্বীকার করেছিলেন। তবুও অবস্থা বর্তমানে খারাপের দিকে কেন, একথা আমাদের একবার ভেবে দেখতে হবে। সেন্ট্রাল কটন্ মিল ন্যাশানালাইজেশন হওয়ার পরে ওঁরা একটি নয়া পয়সা দিয়েও সাহায্য করেন নি। এখানে মোহিনী মিলকে হাতে নেওয়া হয়েছে। কিন্তু ন্যাশানালাইজেশনের পরে একটি নয়া পয়সা

দেওয়া হয় নি। কোন হোলডিং কোম্পানী বলুন বা অন্য কোন শিল্পসংস্থা বলুন, সেখানে পুরানো যন্ত্রপাতি সরিয়ে ফেলে মডার্নাইজেশন যদি না হয়, তাহলে জাতীয়করণ করে লাভ কি? মডার্ণাইজেশনের কোন ব্যবস্থা না করে কেবলই ভায়াব্যল্ ভায়াবাল্ বলে চিৎকার করলে সমস্যার সমাধান হয়ে যাবে? আসল কাজ হচ্ছে, যেসব সংস্থা জাতীয়করণ করা হয়েছে, সেগুলোকে মডার্ণাইজ করা। তা না করে, পশ্চিমবাংলাতে শিল্প উপযোগী পরিবেশ নেই, এটা বলা কিন্তু ঠিক নয়। মহারাষ্ট্রে তো ১।। বছরের উপরে শ্রমিক আন্দোলন চলছে. সেখানে কি শিল্পোপযোগী পরিবেশ নেই? সেজন্য বলতে হয়, শ্রমিক আন্দোলন হলে উৎপাদনের পরিবেশ থাকে না, এখানকার কটন্ টেক্সটাইল সব উঠে যাবেই, এটা কখনই ঠিক নয়। মাননীয় সদস্য শচীন সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন এবং মাননীয় অমলেন্দ্র রায় মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Bhupal Panda :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্য শ্রী শচীন সেন যে প্রস্তাব এনেছেন এবং মাননীয় সদস্য অমলবাবু যে সংশোধনী প্রস্তাব রেখেছেন, তাঁদের উভয়কেই সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমাদের পশ্চিমবঙ্গ এককালে ভারতবর্ষের ক্ষেত্রে পথ প্রদর্শকের ভূমিকা নিয়েছিল। একথা ঠিক যে, পশ্চিমবঙ্গে যে সমস্ত শিল্প গড়ে উঠেছে, সেগুলির অধিকাংশই পুরানো আমলের যন্ত্রপাতি নিয়ে চলে। সেই সমস্ত যন্ত্রপাতিকে সরিয়ে আধুনিক যন্ত্রপাতি বসাবার যথেষ্ট প্রয়োজন আছে। ঐ সমস্ত শিল্পগুলিকে পশ্চিমবাংলার স্বার্থে তথা উৎপাদনে বৃদ্ধি ও শ্রমিকের স্বার্থে মডার্ণাইজেশন করে তোলার প্রয়োজনীয়তা আছে। কিন্তু এখানে যে সমস্ত শিল্প মালিক আছেন, তাঁরা সেদিকে দৃষ্টি না দিয়ে, পুরানো আমলের যন্ত্রপাতির সাহায্যে একেবারে শেষ বিন্দু পর্যন্ত নিংড়ে উৎপাদন কার্য্য চালিয়ে যাচ্ছেন এবং অধিক মাত্রায় মুনাফা লুটে নিচ্ছেন। একেবারে নিংড়ে মুনাফা লুটে নিয়ে, তা দিয়ে অন্যদিকে ইন্ডাষ্ট্রি গড়ে তুলছেন। এর ফলে দেখা যাচ্ছে, পশ্চিমবাংলার শিল্পগুলি ক্রমান্বয়ে সিক্ হয়ে পড়ছে। এটাই হচ্ছে গোটা ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতিদের লক্ষ্য। এই অবস্থা থেকে আমাদের পশ্চিমবাংলাকে যদি সত্যিই বাঁচাতে হয়, তাহলে আমাদের উচিত হবে এসেম্বিলি থেকে দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধ হওয়া। পশ্চিমবাংলার শিল্পকে মডার্ণাইজ করে তোলার জন্য আমাদের ঐক্যবদ্ধ ভাবে এই রাস্তাতেই অগ্রসর হতে হবে, এছাড়া বিকল্প আর কোন পথ খোলা নেই। সেজন্য আমাদের বিরোধীদলের মুখ্য সচেতক, সুব্রতবাবুকে অনুরোধ করব, যাতে আমাদের এখান থেকে একটা মিলিত প্রতিনিধিদল দিল্লীর কাছে গিয়ে দরবার করতে পারে, সে ব্যাপারে তিনি যেন উদ্যোগী হন। আমাদের সামনে বর্তমানে আর কোন প্রশ্ন থাকতে পারে না - এখানকার শিল্প সংস্থাকে ন্যাশালাইজেশন করা ছাড়া বিকল্প কোন পথ নেই। ন্যাশানালাইজ করে, শিল্প সংস্থাগুলিকে ফিরিয়ে দেওয়ার অর্থ হচ্ছে, লক্ষ লক্ষ, হাজার হাজার শ্রমিক কর্মচারীদের ভবিষ্যৎ জলাঞ্জলি দিয়ে তাদের পথে বসানো। সেজন্য ঐক্যবদ্ধ হয়ে আমাদের লড়াই করা ছাড়া আর কোন পথ আছে বলে আমার মনে হয় না। আমি মন্ত্রীমহাশয়ের প্রস্তাবকে সমর্থন করে বিরোধীপক্ষের কাছে অনুরোধ রাখছি তারা যেন ঐক্যবদ্ধ হয়ে এই এ্যাসেম্বলী থেকে একটি প্রতিনিধিদল নিয়ে গিয়ে সেখানে আবেদন রাখেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Kanai Lal Bhattacharya :** মাননীয় স্পীকার স্যার, যে প্রস্তাব এখানে এসেছে সেটাকে সমর্থন করতে উঠে ২৫৭টি কথা বলতে হচ্ছে এইজন্য যে ইন্ডাষ্ট্রিয়াল

রিকনষ্ট্রাকশানের মন্ত্রী হিসাবে সুব্রতবাবু সে কথাগুলি রাখলেন সেই সম্পর্কে দু'একটি কথা বলা প্রয়োজন অনুভব করেছি। সেইজন্য আপনার কাছ থেকে ২।৪ মিনিট সময় বলার জন্য অনুমতি নিচ্ছি। প্রথম কথা হচ্ছে আমাদের ষ্টেটে সিক ইন্ডাষ্ট্রি সরচেয়ে বেশী। এই সিক ইন্ডাষ্ট্রিগুলি যেভাবে মর্ডানাইজ করা উচিত ছিল সেইভাবে মর্ডানাইজ করা নেই। অন দি কন্ট্রারি তারা এখানে থেকে লাভের টাকা অন্য প্রদেশে নিয়ে চলে যাচ্ছে। এই কথা সুব্রতবাবুও জানেন এবং ভূপাল পান্ডা মহাশয় এই কথা বললেন এইমাত্র। সুতরাং এই ব্যাপারে বিতর্কের কোন প্রয়োজন নেই। এখানে যতগুলি ইন্ডাষ্ট্রি সিক হয়ে যাচ্ছে সেই সব ইন্ডাষ্ট্রিগুলিতে তদন্ত করে দেখা গেছে মালিকদের দোষে, ম্যানেজমেন্টের গাফিলতির জন্য অথবা এই ইন্ডাষ্ট্রির টাকা বার করে নিয়ে যাওয়ার দরুণ ইন্ডাষ্ট্রি সিক হয়ে যাচ্ছে। আজ পর্যন্ত এ্যানালিসিস্ করে দেখা গেছে ৩ পার্শেন্টের বেশী ইন্ডাষ্ট্রিজ সিক হচ্ছে না লেবার ট্রাবেলের জন্য। আমরা এনকোয়ারী করে দেখেছি লেবার ট্রাবেলের জন্য সিক হয় নি। আমাদের পশ্চিমবঙ্গের সীমিত অর্থনৈতিক ক্ষমতার মধ্যে আমরা ইন্ডাষ্ট্রির ১৩টি ইউনিট টেক-ওভার করেছি। তার মধ্যে ১০টি ভায়োবেল স্টেজে নিয়ে এসেছি এবং আরো ৩টি প্রচেষ্টা করছি ভায়োবেল স্টেজে নিয়ে আসার। আমরা নিয়মিত ভাবে ঠিক করেছি এই ১৩টি ইউনিটকে রাষ্ট্রীয়করণ করবো। কেন্দ্রীয় সরকার এখন ১২টি টেক ওভার ইউনিট পরিচালনা করছেন। ১২টি সিক ইউনিট নিয়েছেন সেগুলি ম্যানেজমেন্ট রান আরো ভালো এই রকম খবর পেয়েছি। এই ১২টি ইউনিটের মধ্যে আবার ৫টি ইউনিটকে ডিনোটিফাই করা হয়েছে। সেখানে ৫টি ইউনিটে ৮ হাজার কর্মি কাজ করেন। শুধু আমাদের পক্ষ থেকে নয় কংগ্রেস পক্ষ থেকেও এই ইউনিটগুলি ডিনোটিফাই করার জন্য বহু বার দরবার করা হয়েছে। এই ১২টি ইউনিট যাতে কেন্দ্রীয় সরকার ন্যাশানালাইজ করে তারজন্য কংগ্রেস তরফ থেকে এবং আমাদের পক্ষ থেকে প্রচন্ডভাবে প্রচেষ্টা চালান হচ্ছে। এই প্রস্তাবের মধ্যে এমন কিছু এলিমেন্টস্ ছিল না যার জন্য সুব্রতবাবু এত কথা বললেন, তার পরে হঠাৎ বলে উঠলেন ইনচেক টায়ারে একজন আর্মি অফিসারকে বসিয়ে রেখে দিয়েছেন, যিনি শুধু ফুলের বাগান করে যাচ্ছেন। এই ইনচেক টায়ার আই.আর.সি.আই. টেক ওভার করেছে, তাদের ম্যানেজমেন্টে রয়েছে। তাদের আমরা বহুবার বলেছিলাম ওইখানে ডাঃ ব্যানার্জীকে বসান কিন্তু রমন্ তখন ছিলেন, তিনি আমাদের কথা এগ্রি করলেন না। শেষ পর্যন্ত বাইরের ভদ্রলোক, গুজরাটি ভদ্রলোক আর্মি অফিসারকে বসিয়ে দিলেন, যিনি কিছুই করেন না কেবল ফুলের বাগান করে যাচ্ছেন। আই.আর.সি.আই. পর্যন্ত চুপ করে রইল কিছু বললো না। এই আই.আর.সি.আই. কেন্দ্রীয় সরকারের সংস্থা, সুতরাং আমাদের এখানে কিছু করার নেই। তারপর দ্বিতীয় কথা হচ্ছে হোটেল করা নিয়ে-টাটাকে হোটেল কেন করতে দেওয়া হয়েছে? আমি এই কথা পরিষ্কার ভাবে বলেছি যে যদি কেউ এখানে ইন্ডাষ্ট্রি করতে চায় তাহলে আমরা করতে দেব না কেন? আমরা করতে দেব। রিজ হোটেলের ব্যাপারে সরকারের কিছু করার নেই। রিজ হোটেল মরিটোরিয়াম দিয়েছি এবং এখনো পর্যন্ত এটা খোলার জন্য আমরা চেষ্টা করছি। এল.আই.সি. কেন্দ্রীয় সরকারের একটি সংগঠন, এরা রিজ হোটেলের বিরুদ্ধে কেস করেছে এবং তারা এখন পজিশান চাইছে, তার বিরুদ্ধে এনকোয়ারি আমরা করছি। সুতরাং এইসব তথ্যগুলি পড়ে আপনার বলা উচিত ছিল, না জেনে শুধু শুধু চিৎকার করলেই হয় না। আমরা রিজ হোটেল নেওয়ার চেষ্টা করছি। এরপরে সুব্রতবাবু বললেন গ্রেট ইষ্টার্ণ হোটেলে নাকি সরকার নেওয়ার পর থেকে লোকসান হচ্ছে। আমি তাকে জানিয়ে দিচ্ছি এই গ্রেট ইষ্টার্ণ হোটেল নেওয়ার পরে ইট ইজ রানিং অন প্রফিট। কাজেই এই সমস্ত কথা ঠিক নয়। টাটা মেটাল বক্সের খড়গপুর ইউনিটটি নিয়ে নিয়েছে।

[5.55-6.05 p.m.]

কোন শেয়ার হস্তান্তরের দায়িত্ব আমাদের নয়, কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার এলাও করেছেন তাকে শেয়ার ট্রান্সফার করার এবং তাঁরা সেটা করে চলেছেন। এর সংগে কেন্দ্রীয় সরকারের কোন যোগাযোগ নেই। কাজেই আমার বক্তব্য হচ্ছে সুব্রতবাবুর ধান ভাঙতে শিবের গীত করার কোন প্রয়োজন নেই। এখানে কেন এতগুলি সিক ইউনিট তা সকলেই জানেন। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে প্রচেষ্টা করা হচ্ছে যাতে সিক ইউনিটগুলি দাঁড়াতে পারে। কেন্দ্রে যেগুলি গ্রহণ করছেন সেগুলি যাতে তাঁরা রাষ্ট্রীয়করণ করেন সেজন্য চলুন আমরা সকলে মিলে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে বলি। আমরা লক্ষ করেছি কংগ্রেসের তরফ থেকে, এবং আমাদের তরফ থেকে দিল্লীতে বলেছি যাতে ১২টি ইউনিট জাতীয়করণ করা যায়। হিন্দুস্থান লিভার এখানে যে কারখানা করতে চাচ্ছেন সেটাকে করতে দেয়া উচিত। রথ বলেছেন এটা করবো। কেন্দ্রীয় সরকারের একটা সংগঠন পি এন্ড ডিকে আমরা বলেছি তারা যদি করে আমাদের আপত্তি নেই। আমরা তাদের ইনভাইট করছি হলদিয়ায়। সেখানে আমরা বলিনি পি এন্ড ডিকে বাদ দিয়ে হিন্দুস্থান লিভারকে দিন তাহলে আপনারা বলতে পারতেন। আমরা বলেছি এই রাজ্যে কারখানা হোক। সেখানে এই ইন্ডাষ্ট্রি হলে তার একটা অর্থনৈতিক ইম্প্যাক্ট আমাদের ষ্টেটের উপর পড়ে। সেজন্য বলছি আমাদের ষ্টেটের যে অবস্থা তাতে কেন্দ্রীয় সরকার যাতে ১২টি কারখানাকে জাতীয়করণ করে তার জন্য আমরা সকলে মিলে চেষ্টা করি।

**শ্রী শচীন সেন ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রস্তাবটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সে বিষয়ে সন্দেহ নেই। আমি প্রস্তাব উত্থাপন করার সময় দৃষ্টিভঙ্গীর কথা বলেছিলাম। অবশ্য শিল্পমন্ত্রী বলার পর আমার বক্তব্য খুব সংক্ষেপ হয়ে যাচ্ছে। সুব্রতবাবু অনেক কথা বলেছেন। দৃষ্টিভঙ্গীর তফাৎ আছে বলে জিনিষটা উপস্থিত করার দিক থেকে তফাৎ নিশ্চয় হবে। তিনি যে সব তথ্য দিয়েছেন তা যে সঠিক নয় শিল্পমন্ত্রী তথ্য দিয়ে তা বলেছেন। তাঁর দলের সংগে দৃষ্টিভঙ্গীর মীমাংসা আমরা করতে চাই বাইরের ময়দানে।

আমি এর উদ্দেশ্য সম্বন্ধে প্রথমেই বলেছি। যে অবস্থার সৃষ্টি হয়েছে সে সম্বন্ধে শিল্প মন্ত্রী মহাশয় বলেছেন কেন্দ্রীয় সরকার যেভাবেই হোক না কেন নানা চাপে পড়ে পশ্চিমবাংলার কিছু কিছু শিল্প অধিগ্রহণ করেছেন কিন্তু সেগুলো আজ মরতে বসেছে। ডিনোটিফিকেশনের প্রস্তাব তাদের আছে। আমার বক্তব্য হচ্ছে, আসুন আমরা সকলে মিলে বলি এগুলোকে জাতীয়করণ করতে হবে। সুব্রতবাবু এই প্রসঙ্গে নানা কথা বলেছেন, কিন্তু কেন এই অবস্থা হল সেই বিচারটা কেউ করছে না। আপনারা মাঠে, ময়দানে গিয়ে জিজ্ঞেস করুন কেন এরকম অবস্থা হল? আজকে শ্রমিকরা দিন গুনছে কবে তারা কর্মচ্যুত হয়ে যাবে। কাজেই আমি মনে করি এর একটা সুরাহা অবিলম্বে হওয়া দরকার। আমরা এই ব্যাপারে সকলে মিলে যাতে চেষ্টা করি, কেন্দ্রীয় সরকারকে অবস্থাটা বোঝাই সেকথাই আমি বলেছি। মাননীয় সদস্য শান্তশ্রীবাবু বলেছেন কেন্দ্রীয় মন্ত্রী প্রণববাবুর কথা। শিল্পমন্ত্রী বলেছেন আসুন, আমরা সকলে মিলে একটা প্রস্তাব করি এবং তার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করি, তাঁদের উপর চাপ সৃষ্টি করি এবং বলি, পশ্চিমবাংলার যে কয়টি শিল্প একেবারে মরতে বসেছে তাদের জাতীয়করণ করুন। আমি সুব্রতবাবুর এ্যামেন্ডমেন্ট গ্রহণ করছি কিছুটা ভাষা বদল করে। মাননীয় সদস্য অমলবাবু টেকনিক্যাল করেকসন যেগুলো করেছেন সেই সংশোধনীও আমি গ্রহণ করছি। এবারে আমি সুব্রতবাবুর প্রস্তাব পড়ে শোনাচ্ছি।

**মিঃ স্পীকার** ঃ- মিঃ সেন, এ্যামেন্ডমেন্ট--এর এ্যামেন্ডমেন্ট হয় না। আইদার ইউ এ্যাকসেপ্ট ইট অর রিজেক্ট ইট।

**শ্রী শচীন সেন** ঃ- আমি সুব্রতবাবুর সংশোধনী খানিকটা গ্রহণ করছি এবং খানিকটা ভাষার অদল বদল করছি।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ- স্যার, আই অ পোজ ইট টেকনিক্যালি। ইট ক্যান্ট বি পসেবল।

**মিঃ স্পীকার** ঃ- আপনাকে হয় পুরোটা অ্যাজ ইট ইজ নিতে হবে অথবা বিরোধীতা করতে হবে।

[6.05-6.15 p.m.]

**মিঃ স্পীকার** ঃ এই মোশানটা ৬-৫মিঃ এ শেষ হবার কথা, কিন্তু শেষ না হওয়ার জন্য আমি আরো আধ ঘন্টা সময় বাড়ালাম, আশা করি আপনাদের কারোর আপত্তি নেই।

**শ্রীশান্তিরঞ্জন ঘটক** ঃ মাননীয় স্পীকার, স্যার, আমি একটা অনুরোধ করব যে এখানে যে বিষয়টার আলোচনা হয়েছে সেটা খুব গুরুত্বপূর্ণ বিষয় এবং সকলেই চান যে কারখানাগুলি উঠে যাচ্ছে সেগুলি যাতে উঠে না যায় এবং যেগুলি কেন্দ্রীয় সরকারের হাতে আছে সেগুলি যাতে ভালভাবে চলে। আমি সুব্রতবাবুর এ্যামেন্ডমেন্ট দেখেছি, সেই এ্যামেন্ডমেন্টেরও স্পিরিট হচ্ছে তাই। আমি সেদিক থেকে সংগতি রেখে নতুন করে একটা সংশোধনী প্রস্তাব সংয়োজন করার জন্য রাখছি। প্রস্তাবটি হচ্ছে --The Assembly also urges upon the Government of India for taking effective measures.

(নয়েজ)

**মিঃ স্পীকার** ঃ মিঃ ঘটক, এজন্য আপনাকে আমার অনুমতি নিতে হবে।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক** ঃ Sir, with your permission I beg to move that before the para 7, the following new para be inserted namely :-

"The Assembly also urges upon the Government of India for taking effective measures for improvement of the managements of industrial units which have been taken over or nationalised or under the Union Government such as Burn Braithwaite, Jessop Cycle Corporation of India units run by National Jute Mills Corporation, National Textile Corporation of India etc. etc."

যেহেতু বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ সেজন্য আমি সকলের কাছে আবেদন করব আমরা যেন সকলে মিলে এটা গ্রহণ করি।

**শ্রী সুব্রত মুখার্জী** ঃ স্যার, আমরাও এ্যামেন্ডমেন্ট দিই মূল মোশানের সাথে কিছু সংযোজন বা অমিশান করার কথা বলে। সেটা ফর্ম্যালি সেক্রেটারীর কাছে দিতে হয়, সেক্রেটারী সেটা সার্কুলেট করেন, তারপর আপনার এ্যাপ্রুভ্যালের দরকার হয় পরবর্তীকালে। উইদাউট দ্যাট এই সংযৌজন এটা এ্যামেন্ডমেন্ট হিসাবে আনা যায় না।

**মিঃ স্পীকার** ঃ মিঃ মুখার্জী, রুল ৩২২ সেটা লেখে না। রুল ৩২২ বলছে...... Speaker has the power to move such amendment without notice. It is admissible under the rodes.

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী শান্তি ঘটকের সংশোধনী প্রস্তাবটি গ্রহণ করছি এবং সাথে সাথে কেন্দ্রীয় সরকারের কাছে একটা সর্বদলীয় প্রতিনিধি দল পাঠান হোক সেই প্রস্তাব রাখছি। আমি নামগুলি পড়ে শোনাচ্ছি--শ্রীকৃপা সিন্ধু সাহা, শ্রীঅনিল মুখার্জী, শ্রীঅমলেন্দ্র রায়, শ্রী সুব্রত মুখার্জী.....

**মিঃ স্পীকার ঃ** মিঃ সেন, আপনি ওটা কি পড়ছেন?

**শ্রী শচীন সেন ঃ** কেন্দ্রীয় সরকারের কাছে যে ডেলিগেসন যাবে আমি সে নাম গুলো পড়ছি এবং এতে সব দলের তরফ থেকেই লোক নেওয়া হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** এতে কমার্স এ্যান্ড ইন্ডাষ্ট্রি মিনিষ্টার ডঃ ভট্টাচার্যা মহাশয় কি রাজী আছেন? ডঃ ভট্টাচার্য্য, ....are you agreeable to accompany the All party delegation from the Assembly to meet the Central Minister;

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** I have no dejection.

**শ্রী শচীন সেন ঃ** স্যার, যে ডেলিগেসন যাবে আমি সেই নামগুলো পড়ছি।

১। ডঃ কানাইলাল ভট্টাচার্য্য,
২। শ্রী শান্তিরঞ্জন ঘটক,
৩। শ্রী সুমন্ত কুমার হীরা,
৪। শ্রী যামিনীভূষণ সাহা,
৫। শ্রী ক্ষিতিভূষণ রায় বর্মণ,
৬। শ্রী শান্তশ্রী চ্যাটার্জী,
৭। শ্রী অশোক ঘোষ,
৮। শ্রী তরুণ চ্যাটার্জী,
৯। শ্রী সুব্রত মুখার্জী,
১০। শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস,
১১। শ্রী কামাখ্যা ঘোষ,
১২। শ্রী ত্রিলোচন মাল,
১৩। শ্রী সুনীল সাঁতরা,
১৪। শ্রী স্বদেশ রঞ্জন মাঝি,
১৫। শ্রী সরল দেব,
১৬। শ্রী দেব প্রসাদ সরকার,
১৭। শ্রী কৃপাসিন্ধু সাহা,
১৮। শ্রী অনিল মুখার্জী,
১৯। শ্রী মতীশ রায় এবং
২০। শ্রী শচীন সেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে ডেলিগেসন যাবে তার উদ্দেশ্য হল, টেকন ওভার ইউনিটস্ বাই দি সেন্ট্রাল গভর্ণমেন্ট যেগুলো পশ্চিমবাংলায় রয়েছে তার সবগুলোকে যাতে রাষ্ট্রীয়করণ করা হয়। কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে আবেদন জানাবার জন্য আমরা যাচ্ছি তবে বিরোধীপক্ষের সদস্যরা যদি আপত্তি করেন তাহলে হবে না।

**শ্রী আবদুস সাত্তার ঃ** Unless you take two to us we won't go. We won't go alone.

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আমাদের পক্ষ থেকে এবং আপনাদের পক্ষ থেকে আলাদা আলাদা ভাবে বহুবার যাওয়া হয়েছে। এ্যাসেম্বলীর ডেলিগেসনে একটা বিশেষ গুরুত্ব আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ডঃ ভট্টাচার্য্য, আপনি আচরি ধর্ম, অপরে শিখাও এটা মনে রাখবেন।

**মিঃ স্পীকার ঃ** পার্লামেন্টারী কমিটির ব্যাপারে আমি এখন অনুমতি দিচ্ছি না কারণ ঠিকভাবে এটা নিয়ে আলোচনা করা হয় নি এবং আজকেই অধিবেশন শেষ। নেকস্ট সেশনে আমরা বিবেচনা করে দেখব ......whether Parliamentary Committee will go on not But in regard to voting on this motion I will take it after the next motion has been deboted and voted because the amendments of this motion are to be Circulated.

আমি এ্যামেনমেন্ট সার্কুলেসনের ব্যবস্থা করছি এবং তারপর এর উপর ভোটিং হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, এর কোন প্রিসিডেনস নেই।

**মিঃ স্পীকার ঃ** No question of precedence.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Hon'ble speaker is acting for the ruling party. It has got no precedence.

**মিঃ স্পীকার ঃ** ....... No precedence, no ruling party. I am Circulating the amendments for the Conveniences of the members because before noting the members should be mades known about the amendments.

**শ্রী বীরেণ বোস ঃ** স্যার, আমি শ্রীমতী রেণুলীনা সুববা এবং দার্জিলিংয়ের আর একজন সদস্য মিঃ এইচ.বি.রাই, যে প্রস্তাব এনেছি সেটা আমি পড়ছি, "কালিমপঙ সারে এবং ক্যান্টনমেন্ট এরিয়ায় যে সমস্ত সিভিলিয়ান এবং ডিফেন্স পার্সোনেল বাস করছেন তাদের পানীয় জল সরবরাহ করার জন্য রাজ্য সরকার নেওড়াখোলা প্রোজেক্ট যেটা প্রপোজ করেছে সেই স্কীম যেন তৈরী করা হয়। "আমি আমার প্রস্তাব মুভ করলাম, এ সম্বন্ধে বক্তব্য পরে বলব।

[6.15-6.25 p.m.]

